

तालीकि ताम्यार्ग आवान्याप्त राज्याभ्य राष्ट्र

ব্ৰমা সহাস্যে বালমীকিকে বললেন, তোমার ওই ছুণ্ণোৰণ্ধ বাক্য শ্লোক নামেই খ্যাত হবে।... এখন তুমি সমগ্ৰ রামচরিত রচনা কর।... যা অবিদিত আছে সে সমগ্তও তোমার বিদিত হবে, তোমার এই কাব্যে কোনও বাক্য মিথ্যা হবে না। যত কাল ভূতলে গিরি নদী সকল অবস্থান করবে তত কাল রামায়ণকথা লোকসমাজে প্রচারিত থাকবে।...

राष्ट्रीहि राभग्न

॥ नात्रान्वान ॥

बाक्षरमध्य वन्

এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাঃ লিমিটেড ১৪, বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলিকাতা-৭৩

প্রকাশক ঃ শমিত সরকার এম. সি. সরকার আতি সন্স প্রাইডেট লিঃ ১৪ বছিম চাটুপ্রে স্থীট, কলিকাতা ৭৩

সব্যত্ত সংরক্ষিত

প্রথম মুদ্রব ঃ ১৩৫৩

দ্বিতীয় মুদ্রণ : ১৩৫৭

তুতীয় মুদ্রণ : ১৩৬৩

চতুর্থ মূচণ : ১৩৬৬

পঞ্চম মুদ্রপ : ১৩৬৯

ষ্ঠ মুদ্রণ ঃ ১৩৭৮

স্বাম মূলৰ ঃ ১৩৮৩

অভ্টম মুদ্রণ : ১৩৮৭

নৰম মুদ্ৰণ ঃ ১৩১০

মুল্য ঃ পঁয়ত্রিশ টাকা

মুদ্রক: শোডন বন্দ্যোপাধ্যায় অফসেট প্রসেপ ১৭এ, ব্রিটিশ ইন্থিয়ান স্থ্রীট কলিকাতা ৬৯

বাল্মীকি-রামায়ণ দারাত্বাদ—রাজদেশর বসু

The classical purity, clearness and simplicity of its style, the exquisite touches of true poetical feeling with which it abounds, . . . all entitle it to rank among the most beautiful compositions that have appeared at any period and in any country.

-Monier Williams, 'Indian Epic Poetry.'

সাধিন্ নিদ্রার বৃধা স্কর সিংহলে।—
সম্তি, পিতা বালমীকির বৃদ্ধ রুপ ধরি,
বিসলা লিররে মোর; হাতে বীলা করি
গাইলা সে মহাগীত, যাহে হিরা জরলে,
যাহে আজাে আজি হ'তে অল্ল-বিস্ফু গলে!
কৈ সে মৃত্ ভূভারতে, বৈদেহি স্ক্রির,
নাহি আর্রে মনঃ বার তব কথা সমরি,
নিত্যকান্তি কর্মালনী তুমি ভারজলে!
দিবাচক্ষ্য দিলা গ্রু; দেখিন্ স্কুদে
লিলা জলে; কুল্তকর্ণ পালল সমরে,
চালল অচল যেন ভীষণ ঘোষণে,
কাপারে ধরার ঘন ভীমপদভরে।
বিনালিলা রামান্ক মেঘনাদে রণে;
বিনালিলা রামান্ক মেঘনাদে রণে;

— बाहेरकन वह्न्यूनन, 'बाबाबन।'

জানি আমি জানি তারে, শ্রেছ তাহার কীতিকথা, কহিলা বালমীকি, তেব্ নাহি জানি সমগ্র বারতা, সকল ঘটনা তার — ইতিব্যু রচিব কেমনে! পাছে সত্যদ্রণ্ট হই, এই ভর জাগে মোর মনে। নারদ কহিলা হাসি, সেই সত্য বা রচিবে তুমি, ঘটে বা তা সব সতা নহে। কবি, তব মনোভূমি, বামের জনমন্থান অবোধাার চেরে সত্য জেনো।

-- बरीम्प्रनाम, 'कामा ७ इन्म।'

ভূমিকা

বাল্যীকৈ আদিকবি এবং তাঁর রামারণ আদি মহাকাব্য, এই প্রসিম্পি আছে।
বিশেষক পশ্ডিতগণ সিম্পাশ্ত করেছেন, প্রচলিত গ্রন্থের সবটা একজনের বা এক
সমরের রচনা নর। সম্ভবত খ্রীন্টপ্র্ব চতুর্থ শতাব্দে মলে গ্রন্থ রচিত হরেছিল,
তার সম্পো অনেক অংল পরে জ্বড়ে দেওয়া হরেছে, বেমন উত্তরকান্ড। প্রক্ষিত
বতই থাকুক তাও বহুকাল প্রে মলের অন্তভুক্ত হরে গেছে এবং সমগ্র
রচনাই এখন বাল্যীকির নামে চলে।

ভারতীর কবিগাণনার প্রথমেই বাল্মীকির স্থান, কিন্তু তাঁর রামারণ এত বড় বে মুল বা অনুবাদ সমগ্র পড়বার উৎসাহ অতি অলপ লোকেরই হয়। এই প্রতক বাল্মীকি-রামায়ণের বাংলা সারসংকলন, কিন্তু সংক্ষেপের প্রয়োজনে এতে কোনও মুখা বিষর বাদ দেওরা হয় নি। বাল্মীকির রচনার কাবারসের অভাব নেই, প্রাচীন সমাজচিত্র, নিস্পবির্ণনা এবং কোতুকাবহ প্রস্পাও অনেক আছে বা কৃত্তিবাসাদির প্রশেষ পাওয়া বায় না। এই সংকলনে বাল্মীকির বৈশিষ্টা ব্যাসম্পত্র বজার রাখবার চেন্টা করা হয়েছে এবং তাঁর রচনার সপ্রে পাঠকের বিশিষ্টা করা স্বান্ধ স্বান্ধ স্বান্ধ সাক্ষার স্থানে স্থানে নম্না স্বর্পে মুল ক্লোক স্বান্ধ্য বাংলা অনুবাদ সহ দেওয়া হয়েছে। পাঠকের বাদ রুচি না হয় তবে পড়বার সমর উন্ধৃত দেলাকগ্রিল অগ্রাহ্য করতে পারেন।

বামারণে সভা ঘটনা কডট্কু আছে, রুপক বা nature myth কডট্কু আছে, রামারণকার বালমীকি বাল্ডবিকই রামের সমকালীন কিনা — এইসব আলোচনা এই ভূমিকার অধিকারবহিভূতি। কেবল একটি বিষয় লক্ষণীয় — ভারতীর সাহিত্যে রামবিবরক কথা অনেক পাওয়া বার, কিন্তু সেম্লির আখ্যানভাগ সর্বাংশে সমান নর। মহাভারতের আদিপর্বে একটি জ্যোক্ আছে —

> আচৰত্বে কবরঃ কেচিৎ সম্প্রত্যাচক্ষতে পরে। আখ্যাস্যান্তি তথৈবানো ইতিহাস্যিমং ভূবি॥

অর্থাৎ, করেকজন কবি এই ইতিহাস প্রে ব'লে গেছেন, এখন অপর কবিরা বলছেন, আবার ভবিষ্যতে অনা কবিরাও বলবেন। এই উদ্ভিটি রামায়ণ সম্বন্ধেও খাটে। রামবিষয়ক গাথা ও জনপ্রতি অতি প্রাচীন যুগ থেকে প্রচলিত ছিল, তাই অবলম্বন করে বিভিন্ন কালে বিভিন্ন কবি নিজের রুচি অনুসারে আখ্যান রচনা করেছেন এবং প্র্বিতী রচয়িতার সাহাষ্যও নিয়েছেন। এই কারণে মহাভারত-প্রাণাদিতে বর্ণিত আখ্যান বাল্মীকি-রামায়ণের সঞ্গে সর্বত মেলেনা। কৃত্তিবাস তুলসীদাস প্রভৃতি কবিরা বাল্মীকির ষ্থাষ্থ অনুসয়ণ করেন নি, আখ্যানের অনেক অংশ প্রাণাদি থেকে নিয়েছেন। বাল্মীকি রামকে বিক্রে ক্রিতার বললেও তাঁকে স্খদ্ঃখাধীন মানুষ রুপেই চিতিত করেছেন, কিন্তু কৃত্তিবাসাদি রামচরিত্রে প্রচ্ব ঐশ লক্ষণ জ্বড়ে দিয়েছেন।

প্রাণকথার একটি মোহিনী শক্তি আছে। বাদ নিপ্র রচরিতার মুখ বা লেখনী থেকে নিগতি হয় তবে বিশ্বাসী অবিশ্বাসী সকলকেই মুগ্ধ করতে পারে। প্রাচীন সাহিত্যের প্রতি আমাদের একটা স্বাভাবিক আকর্ষণ আছে, তার কুটি আমরা সহজেই মার্জনা করি। শিশু যেমন রূপকথার অবিশ্বাস্য ব্যাপার মেনে নিয়ে গল্প শোনে, আমরাও সেইর্প পৌরাণিক অতিশয়োত্তি ও অসংগতি মেনে নিয়ে প্রাচীন সাহিত্য উপভোগ করতে পারি। এর জনা ধর্মবিশ্বাস বা প্রসংস্কার একান্ত আবশ্যক নয়, উদার পাঠক সর্ব দেশের প্রাণই সমদ্দিতে পাঠ করতে পারেন। বাল্মীকির গ্রন্থে রূপকথা ও আরব্য উপন্যাসের তুলা বিচিত্র অতিপ্রাকৃত বর্ণনা অনেক আছে, কাব্যরসও প্রচুর আছে, কিন্তু এর আখ্যানভাগই সাধারণ পাঠকের সর্বাপেক্ষা চিন্তাকর্ষক। বাল্মীকিকথিত এই অতি প্রাচীন আখ্যান কোনও আধ্যুনিক উপন্যাসের চেয়ে কম মনোহর নয়।

তথাপি মনে রাখা আবশ্যক, আমরা যে সংস্কার নিয়ে আধ্বনিক ঘটনা বা উপনাাস বিচার করি তা নিয়ে রামায়ণবিচার চলবে না। বালমীকি তংকাল-প্রচালত কথারচনার রীতি ও নৈতিক আদর্শ অনুসারে নায়কনায়িকাদির চরিত্র বিবৃত করেছেন। রামের পদ্মীত্যাগ ও রাজ্যরক্ষা, এবং অল্টম এডোআর্ডের রাজ্যত্যাগ ও পদ্মীবরণ—এই দৃই ব্যাপারের ন্যায়-অন্যায় একই সামাজিক অবস্থা ও ধর্মনীতি অনুসারে বিচার করলে প্রচন্ড মুঢ়তা হবে। যাঁর পিতার তিন ল পণ্যাল পদ্মী (৯৪ প্) সেই রাম চিরকাল এক ভার্যায় অনুরক্ত রইলেন—প্রবৃষের একনিল্টতার এই আদর্শ সেকালের পক্ষে কত বড় তা আমাদের

আধ্নিক ব্লিতে ধারণা করা অতি কঠিন। দ্রাতৃত্ত লক্ষ্যণ দলরথকে মারতে চেরেছেন, কৌলল্যারও তাতে বিশেষ আপত্তি নেই; হীন সন্দেহের বশে সীতা লক্ষ্যণকে নির্মায় ভংগনা করেছেন, ultimatum না দিরেই রাম বালীকে আড়াল থেকে বধ করেছেন; রাবণবধের পর রাম অতাশ্ত কট্ ভাষার সীতাকে প্রত্যাখ্যান করেছেন, শ্বিক্সাতির অধিকার রক্ষার জনা শ্দ্রতপদ্বী লম্ব্রককে হত্যা করেছেন — অতাত কালের অতি প্রচান সমাজের এইসব ঘটনার বা কবিককপনার নিরপেক্ষ বিচার করতে পারি এমন দেশকালজ্ঞ আমরা নই। আমাদের সৌভাগ্যা, আধ্নিক সংস্কারের পীড়াকর কথা রামারণে বেশী নেই. এমন কথাই বেশী আছে যা সর্বকালে উপাদের অনবদ্য ত হিতকর। দশরথের তাত্ত প্রত্যানহ, রামের প্রতি অবোধ্যাবাসীর গভার অন্রাগ্র, নিষাদরাজ গ্রের সহ্দরতা, অরণ্যভূমির মনোহর বর্ণনা, বানরবীরগণের নিংস্বার্থ কর্মচেদ্যা, বাল্মীকির কার্ণা, সীতার অপরিসীম মাধ্র্য সারলা ও মহত্ব, রামের গাল্ডীর্ব সত্যানন্তা উদারতা ও দার্ণ কর্তব্যব্দ্থি — এই সমস্ত মিলে পাঠকের মনকে ল্ব্রু রসাবিষ্ট করে না, প্রসারিত এবং উত্তোলিতও করে।

বাল্মীকির গ্রন্থে কৌত্হলজনক বিষয় অনেক আছে, ষেমন, অষোধ্যায় প্রনারীদের জন্য নাটাশালা ছিল (৮ প্); কৌশল্যা নিজে অন্বমেষের ঘোড়া কেটেছিলেন (১৫ প্); দশরথ মোটা বেডন দিয়ে চিকিংসক প্রতেন (৭৫ প্); বনবাসী রাম-লক্ষাণ ইওরোপীয় শিকারীদের মতই প্রচুর মাংস থেতেন (১০৯ প্); রামের আমলেও রাজ্যলোভে পিতৃহত্যা দ্রাতৃহত্যা হ'ত (১৩৫ প্); মহর্ষি জাবালি অবন্থা ব্রে নাম্তিক বা আম্তিক হতেন (১৪০ প্); হন্মান খাঁটী সংস্কৃত বল্তে পারতেন (২০৬ প্); হ্যামলেটের সপ্যে অজ্যদের অবন্থাগত ইষং মিল দেখা বার, দ্রেনেরই পিতৃব্যের উপর আন্তরিক বিশ্বেষ ছিল, দ্র ক্রেইে বিনি পিতৃব্য তিনিই বিপিতা, দ্রেনেরই আত্মতার ইছা হয়েছিল (২৪৬ প্); লক্ষার বহারাক্ষস অর্থাৎ রাহারণ রাক্ষস ছিল (২৬৭ প্); বিভাবণ বিপক্ষে গেলেও তার পত্নী সরমা রাবণের আদ্রমে স্বছ্দ্রে বাস করতেন (৩২৫ প্))

সংস্কৃত সাহিত্যে হাসারস ও কৌতুকচিত্র বিরল, কিন্তু রামারণে নিতান্ত অভাব নেই, বেমন, ভরন্বান্ত-আশ্রমে ভরত-সৈন্যদের ফ্রতি (১০২ প্); ক্রম লক্ষ্যবের সপো স্বাধানে মন্তা তারার আলাপ (২০৬ প্); রাববের অন্তঃপ্রে নিদ্যমণনা মন্দোদরীকে দেখে সীতা মনে কুরে হন্মানের আনন্দ (২৬১ প্); মধ্বনে হন্মানের প্রশ্রমে অধ্যদ ও বানরসেনার উপদ্রব (২৯৭ প্); কুলপতি বা মঠম্বামীদের প্রতি বিদ্রুপ (৪৩৮ প্)।

রামায়ণপাঠে কয়েক প্রবেল আমাদের জিল্লাসা অতৃণ্ড রয়ে বায়। রবীন্দ্রনাথ
'কাব্যে উপেক্ষিতা' প্রবন্ধে উমিলার কথা বলেছেন। ভরতের সপ্যে কৌনল্যা
সন্মিত্রা কৈকেয়ী চিত্রক্টে গিয়েছিলেন, তাঁরা কি উমিলাকে নিয়ে বান নি?
কৈকেয়ী কি করতে গিয়েছিলেন? তিনি তো অন্তাপস্চক একটা কথাও
রামকে বলেন নি। বনপর্যটনের সময় অন্তাশন্ত, পেটিকা আর সাঁতার চোন্দ বংসরের কাপড়চোপড় কি লক্ষ্মণ একাই বইতেন? হন্মানের পয়ী ছিল?
সাঁতানির্বাসনের পর দার্ঘকাল ধৈর্য ধারে অন্বমেধ যজ্জের সভায় রাম সাঁতাকে
পাবার জনা ব্যাকুল হলেন; কুল-লবকে দেখেই কি তাঁর এই মানসিক বিশ্লব
হয়েছিল? প্রজক্ষের সংবাদ কি তিনি প্রেণ পান নি?

রাবণ কেন সীতাকে হরণ করেছিলেন? এর সোজা উত্তর — বলবান লম্পট চিরকাল যা ক'রে থাকে রাবণও তাই করেছেন। কিন্তু অনেকে গ্রে কারণ না পেলে তুল্ট হন না। উত্তরকাশ্ডে কতকগ্রিল সর্গ আছে যা প্রক্রিশত ব'লে গণ্য হয়। তার এক স্থানে (ব্রেরাদশ পরিছেদে) অগস্তা রামকে বলেছেন যে. মহাসমরে হরিকে লাভ করবার জন্যই রাবণ সীতাহরণ করেছিলেন। কৃত্তিবাসের রাবণও প্রচ্ছল রামভক্ত।

রবীন্দ্রনাথ রামায়েণপ্রসপ্যে লিখেছেন — রামায়ণ-মহাভারতের বে সমালোচনা তাহা অন্য সমালোচনার আদর্শ হইতে দ্বতদ্য। রামের চরিত্র উচ্চ কি নীচ, লক্ষ্মণের চরিত্র আমার ভাল লাগে কি মন্দ লাগে, এই আলোচনাই বথেন্ট নয়। শুন্ধ হইয়া প্রন্থার সহিত বিচার করিতে হইবে সমন্ত ভারতবর্ষ অনেক সহপ্র বংসর ইহাদিগকে কির্প ভাবে গ্রহণ করিয়াছে।

সমস্ত ভারতবর্ধ রামচারিত্রকে লোকোন্তর রুপেই গ্রহণ করেছে তাতে সন্দেহ নেই, নতুবা রাম প্রজান্রঞ্জক ধর্মানিন্ঠ নরপতি, করুণাময়, পতিতপাবন প্রভৃতি আখা পেতেন না, আদর্শ রাজ্যের নাম রামরাজ্য হ'ত না। রামায়ণের লক্ষ্ণ পাঠক ও গ্রোতা রামচারত্রের কুটি বা অসংগতি গ্রাহ্য করে নি, আখ্যানকার রামের যে প্রশাহত করেছেন তাই ভাত্তিতেরে মেনে নিয়েছে। কিন্তু বাল্মীকির রামায়ণ মুখ্যত কাব্যগ্রন্থ, প্রোণ বা ভাত্তিশান্ত নর, সেজন্য আমরা তার রস- গ্রহলের সময় বিচারবৃদ্ধি একবারে দমন করতে পারি না। একটা প্রদ্ধ আমাদের মনে ঠেলে ওঠে— বাল্মীকি রামকে দার্ণ কর্তব্যনিন্ট রূপে দেখাতে চান ভাল কথা, কিল্টু দ্-দ্ বার সীতাকে নিগ্হীত করবার কি দরকার ছিল? দ্যু রাবলবধের পর বা অধ্যোধ্যার ফিরে যাবার পর একবার সীতার পরীকাদেশালেই কি যথেন্ট হ'ত না? এই আপত্তির একটা উত্তর দেওয়া যেতে পারে। বর্তমান বাল্মীকি-রামায়ণের কতক অংশ পরে জ্বড়ে দেওয়া হয়েছে, বেমন উত্তরকাল্ড। বৃদ্ধকাল্ডের শেষে রামায়ণমাহাদ্যা আছে, তাতেই প্রমাণ হয় বে মলে গ্রন্থ সেইখানেই সমাশত। মহাভারতের অন্তর্গত রামোপাধ্যানে রাবণবধের পর রামের সীতা-প্রত্যাধ্যান ও সীতার শপ্রের বৃত্তান্ত আছে কিন্টু নির্বাসন আর পাতালপ্রবেশ নেই। অতএব বাল্মীকি দ্ বার নিন্ট্রেরতা করেন নি, কঠোর রাজধর্মের আদর্শ দেখাবার জন্য শ্রু একবার সীতার অন্নিপরীকার বর্ণনা দিরেছেন। তার মূল কাব্য মিলনান্ত, অবোধ্যার ফিরে যাবার পর রাম-সীতার আবার বিজ্ঞেদ হয়েছিল এমন কথা বাল্মীকি লেখেন নি। সীতার বনবাস আর পাতালপ্রবেশের জন্য তিনি দায়ী নন।

A. Berriedale Keith তাঁর সংস্কৃত সাহিত্যের ইতিহাসে লিখেছেন —
—'Valmiki and those who improved on him, probably in the period 400—200 B.C., are clearly the legitimate ancestors of the court epic' । বাল্মীকির কাল বাই হ'ক, এ কথা নিশ্চিত বে মূল গ্রশ্থে বিনি সীতার নির্বাসন প্রভৃতি জ্ডে দিয়েছেন তিনিও অতি প্রাচীন এবং তাঁর কবিশ্বও সামানা নয়। তিনি মূল রামায়ণ 'improve' করবারই চেন্টা করেছেন, নিজের স্বাতন্তা রাখেন নি, তাঁর রচনা বাল্মীকির বচনার সন্পো এমন ভাবে জড়িয়ে গেছে বে সমস্তই এখন বাল্মীকির নামে চলে। এই প্রকেশকার্বে বত জনেরই হাত থাকুক আলোচনার স্থিবার জন্য মুন্দকান্ড-রচরিতাকে 'প্রকিব' এবং উত্তরকান্ড-রচরিতাকে 'উত্তরকবি' বলব।

প্রকিব অণিনপরীক্ষা ক'রেই সীতাকে নিজাতি দিয়েছেন, কিল্ডু উত্তর-কবি তাঁকে নির্বাসিত এবং পরিলেষে চিরবিচ্ছিল করেছেন। এ কি নিন্তর্বতা না উংকট আদর্শপ্রীতি? আমার মনে হয়, উত্তরকবির উল্পেল্য মহং, তিনি আপাতনিন্তর উপায়ে রাম ও সীতার মর্যাদা বৃদ্ধি করেছেন। প্রকিবি অন্নপরীক্ষার বে বর্ণনা দিয়েছেন তা উত্তরকবির মনঃপ্ত হয় নি, তিনি নিজের আদর্শ অন্সারে প্নর্বার সীতার পরীক্ষা বিবৃত করেছেন। সীতার অন্দিপরীক্ষার ব্তান্ত বোধ হর কালিদাসেরও ভাল লাগে নি, তিনি রঘ্বংশে শৃধ্ এক লাইনে একট্ উল্লেখ করেছেন, কিন্তু নির্বাসন আর পাতালপ্রবেশের বিবরণ সবিস্তারে দিয়েছেন। বিধবা রাক্ষসীদের লাপের ফলেই রাম সীতাকে অন্ভনয়নে দেখেছিলেন—এই কথা লিখে কৃত্তিবাস রামের দোষ খণ্ডন করেছেন। তুলসীদাস অন্নিপরীক্ষার বিবরণ অতি সংক্ষেপে সেরেছেন এবং সীতার নির্বাসন ও পাতালপ্রবেশ একবারে বাদ দিয়েছেন।

প্র্কবির রচনা মিলনাস্ত, কিল্ডু তিনি অশ্নিপরীক্ষার যে বর্ণনা দিরেছেন তা আমাদের র্চিকে পর্টিড়ত করে। রাবণবধের পর রাম স্টাতাকে ডাকিরে এনে অহংকৃত অভদ্র বাক্যে প্রত্যাখ্যান করলেন। ইক্ষাকু বংশের মর্যাদারক্ষা এবং নিজের অপবাদের প্রতিষেধই তাঁর লক্ষ্যা, স্টাতার দলা কি হবে তা তিনি ভাবলেন না। এপর্যন্ত স্টাতার কোনও নিন্দা তাঁর কর্ণগোচর হয় নি, তথাপি তিনি আগে থাকতেই স্টাতাকে ত্যাগ করতে চান। তিনি নিজেও সম্দেহ করেন যে স্টাতার চরিত্র নন্ট হরেছে। রামের এই বিকার আমাদের কাছে নিতাল্ডই অরামোচিত বাধে হয়। তাঁর তুলনায় স্টাতা মহায়স্টা রুপে বর্ণিত হয়েছেন, কিল্ডু মনে হয় তিনিও লেবকালে একট্ অন্যাভাবিকতা দেখিয়েছেন। আন্সক্ষার পর স্টাতা তাঁর লাঞ্চনা ভূলে গিয়ে লক্ষ্যা মেয়ের মতন রামের কোলে ব'সে অযোধ্যাযাত্রা করলেন। তাঁর পতিভান্ত অপরিস্টাম, তাঁর সহিষ্কৃতা আর ক্ষমার পরিচয়ও রামায়ণে অনেক পাওয়া যায়। কিল্ডু এতটা অপমানের পর তাঁর মনে কি একট্ও ক্যানি ছিল না? প্র্কিবি তার কিছ্মাত্র আভাস দেন নি।

মহাভারতে আছে, দ্রোণবধের পর অর্জনে যাধিন্ঠিরকে বলেছেন, 'বালিবধের জন্য রামের বেমন অকীতি হয়েছে সেইরপে দ্রোণবধের জন্য আপনার চিরস্থারী অকীতি হবে।' আশ্চর্যের বিষয় এই যে, সীতাকে রাম যে কট্বাকা বলেছেন তার কোনও নিশ্যা প্রাচীন সাহিতো পাওয়া যায় না।

উত্তরকবির বিবরণ লোকাবহ কিন্তু তাতে আমাদের মন রামের প্রতি বিম্ধ হয় না। তিনি রাম-সীতার মহত্ব অক্ষ্ম রেখেই দেখাতে চেয়েছেন —

> সংগদে কে থাকে ভরে, বিপদে কে একান্ত নিভাঁকি, কে পেয়েছে সব চেরে, কে দিয়েছে তাহার অধিক,

কে লরেছে নিজ লিয়ে রাজভালে ম্কুটের সম, সবিনরে সংগারবে ধরামাকে দৃঃখ মহন্তম।

উত্তরকবির রাম লোকনিন্দার তাড়নার এবং তংকালীন আদর্শ অনুসারে প্রজানুরঞ্জক রাজার কর্তবাবোধে অতি দৃঃখে সীতাকে ত্যাগ করেছেন। ন্বামীর অপফল নিবারণের জন্য সীতা তাঁর নির্বাসন মেনে নিলেন, কোনও ভং সনা করলেন না। বহু বংসর পরে অন্বমেধ বজ্ঞের সভার রামের অনুরোধে তিনি সকলের সমক্ষে লপথও করলেন। কিন্তু এবারে তিনি ন্বাতন্য্য আর আদ্মন্দ্র্যান বিসর্জন দিলেন না, একান্ত পতিব্রতা হয়েও পর্নার্যালন কামনা করলেন না। হয়তো তাঁর অন্তরে গড়ে অভিমান ছিল, অফোধ্যার যে প্রজাবর্গ তাঁর দৃঃখের মূল তাদের রাজমহিষী হাভেও তাঁর ঘৃণা ছিল। হয়তো তিনি ভেবেছিলেন — আমি নিজের অপবাদ খণ্ডন ক'রে ন্বামার যদ প্রানিম্ভ করছি, তাঁর বংলধর দৃই পরেকে কিলোর বয়স পর্যন্ত পালেন ক'রে দিয়ে যাচ্ছি; ভার্যার কাছে যা প্রাপ্যা তা তিনি পেয়েছেন, আর আমার থাকবার প্রয়োজন কি? উত্তরকবি এসব কিছুই বলেন নি, তথাপি আমরা এই সর্বংসহা ধরণীতনরার মনোভাব কল্পনা করতে পারি।

এই প্রতক সম্পাদনে অধ্যাপক শ্রীষ্ট্র অমরেন্দ্রযোহন তর্ক তীর্থ মহাশরের নিকট অনেক উপদেশ পেয়েছি। ন্বিতীর সংস্করণের শোধনে ও ম্টুণে অধ্যাপক শ্রীষ্ট্র দ্র্গামোহন ভট্টাচার্য কাবাসাংখ্যপ্রোগতীর্থ মহালর নানাপ্রকারে সাহাষ্য করেছেন। এ'দের ঋণ কৃতজ্ঞচিত্তে স্বীকার করছি।

উম্পৃত অংশগর্নির শেষে যে সর্গা- ও শেলাক-সংখ্যা দেওয়া আছে তা বোশ্বাই নির্ণয়সাগর প্রেস থেকে প্রকাশিত বাল্মীকি-রামায়ণের অনুবায়ী।

রাজ্ঞলেখর বস্

বিষয়সূচী

	ৰালকাশ্ভ		501	বিশালা — ক্লীয়োদমন্থন —	
	নারদ্-বালমীকি-সংবাদ প	. 5		মার্তগদের উৎপত্তি প্.	9.6
-		6 N	241	মিথিলার প্রবেশ —	
<u>३</u> ।	ক্লোণ্ডবধ — বাল্মীকির প্রতি	_		অহল্যার লাপযোচন	05
	বৃহ্যার আদেশ	•	591	ব্যশিষ্ঠ-বিশ্বামিত্র-বিরোধের	
01	রামায়ণ-রচনা — কুশ ও			ইতিহাস	83
	লবের রামায়ণগনে	Œ	281	চিশ•কুর উপাখ্যান	80
ВІ	अत्याका — त्राका पंचत्रथं	9		ল্নঃলেফের উপাখান	60
41				বিশ্বামিতের ভাহনুশক্তাভ	65
	ক্ষাশ্ধ্যের উপাধ্যান	2		হরখন্ত শা	48
9 I	ধ্যাশ্পোর অধোধ্যার আগমন			রামাধির বিবাহ	6.6
	— जन्दरभ्रथ वरस्र			পরশ্রাথের তেন্ধোহরণ	90
	आ द्धा व न	>5	281		64
91	অংকমেধ বস্তা —্বিক্র		401	addiding Splidad	94
	নব্ৰজন্ম শ্বীকার	>8			
¥١	রামাণির ঋশ্ম —			অযোধ্যাকাণ্ড	
	বিশ্বামিচের আগমন	29	51	দশরখের অভিলাব	86
۵1	বিশ্বামিয়ের সংখ্য রাম-		21	রামের অভিবেকের	
	লক্ষাণের গমন	20		आद्याकन	9 8
201	তাড়কাবধ — রামের		31	মন্ধরার মন্ত্রণা	90
	সিংধাস্তলাভ — সিংধার্ম		81	কৈকেয়ীর নির্বন্ধ	48
	—মারীচের নিত্রহ	20	G I	দশরখের সতাপাশ	96
221	মিবিলাবালা — গিরির্জ —	•		বামের পিতৃসতাগ্রহণ	Ho
	বিশ্বামিত্রের বংশব্রাণ্ড	26		কোলশ্যার খেদ —	
251	গণ্গার উপাখ্যান—			লক্ষ্যণের ক্রোধ	46
•	কাতিকৈয়র জন্ম	२ ४	M I	সীতার সংকল্প	V
201	সগর রাজার উপাখ্যান	00		লক্ষ্যদের কর্তবানিণার—	
				ব্যাহ্যর প্রতিক্রম	

বাল্মীকি-রামারণ

201	বনবাতার উপক্রম পূ.	78	91	অগদেতার আপ্রম — জটার,	>69
721	বনবাত্রা	77	61	পঞ্চবটী	740
251	দলরথ-কোলল্যার		91	ল্প'পথার প্রেমপরিণাম	56 2
	প্তবিরহ	202	91	ৰর-দ্যণের সহিত	
201	বনবাসের প্রথম রাত্তি	700		রামের যুখ্য	299
281	শ্ধ্যবেরপ্র — নিষাদরাজ		Βı	তিশিরা ও খরের নিধন	264
	ग्र	204	16	অকম্পন ও শ্পণিধার	
201	প্ররাগ — ভর্ম্বাঞ্জাশ্রম —			বার্তা	262
	हिराक्ठं	202	201	রাবণ-যারীচ-সংবাদ	592
561	স্মশ্যের বার্তা	225	221	মারাম্ব — মারীচবধ	296
591	ম্নিকুমারবধের ইতিহাস	228	251	সীতার মতিক্রম	298
281	দশরথের মৃত্যু	22A	201	সীতাহরণ	282
221	ভরতের অবোধ্যার		281	ন্ধটার্র পরাত্ব	2A8
	আগমন	250	201	রাবণের হল্তে সীতা	2 A.Q
₹01	ভবতের কোভ	250	201	সীত্য-অন্বেষণ —	
521	ভরতের রাজাপ্রত্যাখ্যান	546		রামের বিলাপ	288
22 1	গ্ৰহ-সকাৰে ভরত	258	591	রামের ক্রোধ	222
२०।	ভরস্বাক্তর আতিখ্য	200	SEL	क्रोत्र युष्	278
₹81	চিত্রক্টে ভরত	>08	221	अरवाम् भौ — कवन्ध	270
261	রাম-ভরত-মিলন	500	₹01	প্ৰরীর ইন্টলাভ	২ 00
२७।	রাম-ভরত-জাবালি-				
	বিশশ্ত-সংবাদ	209			
291	ভরতের প্রত্যাবর্তন	583		কি ক্ষিক্ষ্য্যকাল্ড	
281	বামের চিত্রকটে-ভ্যাগ —			erred	501
	অতি-অনস্রা	280	91	अंदर्श	२० ६
			ર ા	जकान-इन्यान-नश्याप	২ 0৫
			01	রাম-স্ত্রীবের মৈত্রী	209
	অৰুশ্যকাণ্ড		8 I	বালী-স্ত্রীব-বিরোধের	
_	_			ইতিহাস	3 50
_	দ-ডকারশ্য — বিবাধ-বধ			সম্ভনালভেদ	₹ 58
	শরতপদ ও স্তীকঃ কবি	240		ব্যলী-স্তাবৈর বৃদ্ধ	524
01	সীতার অহিংসা — ইন্বল-		9 1	বালীর ভংসনা —	
	বাতাপির কখা	240		ব্রহেমর উত্তর	522
				-	

বিষয়স্চী

R.I	ভারার লোক —		ৰ্-বকা-ভ
	বালীর মৃত্যু প্.	444	১। বুশ্ববারা প. ০০৪
21	স্ত্রীবের রাজ্যলাভ —		३। द्रावरत्व भन्तवा ००५
	প্রস্লবৰ গিরি	२२७	o। বিভীবদৈর রামপক্ষে
	বৰা ৰতু		গমন ০১১
221	শরং ঝতু	502	🖯 । শুকের দৌত্য — সম্দ্র-
156	লক্ষ্যদের স্ত্রীবকে		শাসন — সেতৃৰন্ধন ৩১৭
		200	
	স্তীবের সৈন্যসংগ্রহ		ও। রাবপের রামসেনাদর্শন ৩২১
184	সীতা-অন্বেষ্ধের উদ্বোগ	480	৬। রামের মারাম ্ ড ৩২৩
201	তাপদী স্বর্শ্রতা —		৭। সরমা ৩২৫
	অশ্যদের বিবাদ	₹68	৮। মাল্যবানের উপদে শ ৩২৭
291	সম্পাতি	484	১। স্ত্রীব-রাবদের বৃদ্ধ ৩২৮
291	সাগরলন্দ্রনের উপক্রম	<05	১०। ब्राय-ब्रावन-स्मिनात्र स्न्य ७००
			১১। নাগপালে রাম-লক্ষ্মণ ০৩২
	স্পরকাণ্ড		১২। ধ্য়াক্স-বন্ধ্রদংশ্ব-অকম্পন-
		544	প্রহুম্ত-ব্ধ ৩৩৭
	হন্মানের সাগরকথ্যন	200	১०। রাবণের বৃশ্ধ 😬 ৩৪০
21			১৪। কুম্ভকর্ণের নিমাভধ্য ০৪০
	রাবণের ভবন	592	১৫। কুন্ডকপৰিষ ৩৪৪
81	अत्भाकवन	368	১৬। নরাশ্তক-দেবাশ্তক-মহোদর-
1 &	সীতা-সকালে রাবণ চিন্তটার স্বশ্ন	२७१	হিশিরা-মহাপা≖ব'-বধ ৩৪৯
-	_	২ 90	১৭। অতিকায়বধ ৩৫১
	সীতা-হন্মান-সংবাদ	২৭৪	১৮। ইন্দ্রজিতের যুখ্য ৩৫২
Βı	হন্মানের রাক্স-		১৯। হন্মানের ওষধি আনরন ৩৫৪
	সংহার	२४२	২০। কম্পন-প্রজ্ঞগ্ব-লোগিতাক্স-
21		444	য্পাক-কৃত-নিকৃত-
201		२४१	-বধ ৩৫৬
	বিভীষণের উপদেশ		
251		422	২১। মকবা ক বধ ৩৫৮
	হন্মানের প্রত্যাবতন	₹28	২২। মা রাসীতা ৩ ৫১
	বানবসেনার মধ্পান		২০। নিকৃ ষ্টিলায় লক্ষ্য ণ ও
201	হন্মানের বাতা	- 202	বিভী বণ ৩৬২

२ 8।	रेन्स्कर-वर नू	060	q ı	ৰ্বাল — সূৰ্বলোক —	
२७।	রাবণের কোও	660		মাশ্বাতা — চ ন্দ্রলোক —	
२७।	রাক্সীবিলাপ — বিরুপাক	-		কপিল প্.	80A
	মহোদর-মহাপাশ্র-বধ	066	A I	म् र्भाषा — रेम्हाबर —	
२१ ।	লক্ষ্যুদের পরিবেল	662		কুম্ভীনসী	825
281	ব্রাবণব্ধ	०१२	۱ ۵	রম্ভা — নলক বৰ — ইন্দের	
२५ ।	রাবণপত্নীদের লোক		-	পরাজয় — অহলা	858
	রাবণের অন্ত্যেশ্টি	996	201	কার্ডবীর্বার্জন ও রাবণ	
001	বিভীষদের অভিবেক —			বালী ও বাবশ	
	সীতার ক্যা	099			
921	রামের সীতা-প্রত্যাখান	042		হন্মানের প্র্বন্তাস্ত বালী-স্ত্রীবের উৎপত্তি —	943
150	সীতার অণ্নিপরীকা	ORS	201		
991	দশরথের আবিভাব —		201	রাবদের মৃত্যুক্যমন্য জনক স্মীব বিভাবন	
	टेटम्पन वन	o 48	28 1	প্রকৃতির প্রশান	
081	রামের প্রত্যাবর্তন	049		•	944
061	ভরত-হন্মান-সংবাদ	OFA		প্ৰদক বধ — সীতার	
061	রামের অভিবেক — রামারণ			গড়লিক্দ অবোধ্যার জনরব	847
	यादाशा	01.7			
			241	সীত্যবিস্থান	800
			281	ন্গ—নিম ি উব'ল ী-	
	<u> छेत्रकान्छ</u>			ণ্ ৰেরবা — ব াশ্ ণ —	
	ব্রাথ-সকাব্দে অগস্ত্যাদি —			বৰাতি	809
9 1	বৈভাবদের কথা	450	221	কুক্র ও সবাঘীসম্ব	
• 1	রাকসগদের সহিত বিকুর	024		—ग्रंथ ७ छन्क	983
Ψ,	•	014	201	লবলাস্বের উপদ্রব	986
~ 1	বৃন্ধ রাবণাদির প্রবিক্তান্ত			বাচ্মীকি-আল্লমে শনুৰ	
		020		—কুশ-লবের জন্ম	BBV
9 1	রাবদের কুবেরজ্জর —	005	221	जरनवर्ष	
A 1	মহাদেবের বর বেদবতী — মরুস্ত —	B04		মধ্প্রী — শত্বেয়র	
U 1	**************************************	DAG	₹01	द्वाभाद्यस्य	DWS
14. 1	অনরুশ্য ক্ম-ব্রাক্পের বৃদ্ধ — নিবাভ		SO 1	भागासम्बद्धाः — मन्द्रकृतः मित्रश्चमः —	202
91	•		401	•	945
	কবচ — বর্পপ্রী	RUG		(A) (C)	904

বাল্মীকি-রামায়ণ

5/0

	স্দেবপতে শেবত			021	রামের লোক —	
261	দ-ভকারণ্যের ইতিহাস	***	844		कोननाभित्र युष्ट्रा भः	847
291	व्यवस्थत्रं कथा	•••	BGA	001	ভরত ও লক্ষালের প্রদের	
241	हेन ७ व्य —				রাজ্যসাভ	842
	প্র্রবার জন্ম		860	481	द्राय-जकार्य कान —	
321	द्वारमञ्ज जन्यस्य वस्र	***	864		नक्राम्यक् न	893
100	কুশ-লবের রামারশগনে		840	061	রামের মহাপ্রম্থান	896
051	সীতার রসাতলে প্রবেদ		844	941	द्रायाद्रपयादाचा	Bar

বাল্মীকি-রামান্ত্রণ

বালকাণ্ড

। भावत-नाम्बीक-नश्नाव

[नर्ग 5]

বেদয় তপশ্বী পশ্ডিতপ্রেণ্ঠ নারদকে মন্নিবর বালমীকি জিল্লাসা করলেন, সম্প্রতি প্রিবীতে কে আছেন যিনি গণেবান, বীর্ষবান, ধর্মজে, কৃতজ্ঞ, সভ্যবাদী ও দৃঢ়ব্রত; যিনি সচ্চরিত্র, সর্বাভূতের হিতকারী, বিশ্বান, কর্তবাপালনে সমর্থ এবং অন্বিতীর প্রিয়দর্শন; যিনি আস্বসংযমী, কান্ডিমান, জিতকোধ ও অস্যাশ্না? কাকে রণস্থলে র্ণ্ট দেখলে দেবতারাও ভর পান?

বালমীকির প্রশ্ন শানে তিলোকঞ্জ নারদ হৃষ্ট হরে উত্তর দিলেন, তুমি বে বহু গ্লের কথা বললে একাধারে তার মিলন দ্র্লভ। বা হ'ক, আমি মনে ক'রে বলছি শোন। ইক্ষরাকুবংশজাত রাম নামে বিখ্যাত এক রাজা আছেন। তিনি সংবতচিত্ত, মহাবীর, কান্তিমান দ' দেবভাল জিতেনিয়ের, ব্যাখ্যান, রাজনীতিক্ত, বাংমী ও শানুনালক। তাঁর স্কন্ধদেশ স্থান, গ্রীবা কন্ব্রুল্য রেখান্বিত, হন্ স্কুপণ্ট, বক্ষ বিলাল। তিনি অরিমণের দমরিতা। তাঁর বাহ্ আজান্তান্বিত, মস্তক ও ললাট স্কোঠিত, বীরোচিত। তাঁর অস্মপ্রতাণ্য স্বয়ম ও স্বিনাস্ত, বর্ণ স্মিশ্ব। তিনি আরতনেত্র, প্রতাপদালী, লক্ষ্মীবান ও দ্ভলক্ষণব্র । তিনি ধর্মক্ত, সত্যসন্ধ, প্রজাগণের হিতে রত, বল্মবী, জ্ঞানী, ল্ম্খাচার, বিনীতস্বভাব এবং স্বিরচিত। তিনি সর্বগ্লান্বিত, কৌশল্যার আনন্দবর্ধন, গাড্ডীর্ষে সম্প্রভুলা, ধৈর্ষে হিমালয়ত্লা।

তার পর নারদ রামের যৌবরাজ্যে অভিষেকের আয়োজন, দশরথের মৃত্যু, রামের দশ্ভকারণ্যে বাস, জনস্থানে শ্পণিথার নাসাকর্ণছেদন, রাবণ কর্তৃক সীতাহরণ, রামের সঙ্গে হন্মান ও স্ত্রীবের মিলন, বালিবধ, সাতার অবেষণে বানরগণের চতুর্দিকে যাত্রা, সীতার সহিত হন্মানের সাফাং, সম্দ্রের উপর সেতৃবন্ধন, রামের সসৈন্যে লজ্কায় প্রবেশ ও রাবণবধ, সীতার অন্নিপরীক্ষা, রামের অযোধ্যায় প্রত্যাগমন এবং রাজ্যা-গ্রহণ পর্যাক্ত ঘটনা সংক্ষেপে বর্ণনা করে পরিশেষে ভবিষ্যদ্তি করলেন,

প্রত্তিম্নিতের লোকস্তৃত্তঃ পর্তঃ সর্ধামিকিঃ।
নিরাময়ো হারোগশ্চ দর্ভিক্ষিভয়বজিতিঃ॥
ন প্রথবণং কোচদ্ দ্রক্ষান্ত প্রের্ষাঃ ক্ষাচিং।
নার্যনার্যান নিতাং ভবিষ্যান্ত পতিব্রতাঃ॥ (১।৯০-৯১)
রাজবংশান্ শতগ্রান্ স্থাপায়্রয়তি রাষ্বঃ।
চাতুর্বর্গাং চ লোকেংস্মিন্ দ্বে দ্বে ধর্মে নিযোক্ষ্যতি॥
দশ্বর্ষসহস্ত্রাণি দশ্বর্যভানি চ।
রামো রাজ্যম্পাসিষা বহ্মলোকং প্রযাস্যতি॥
ইদং পবিত্রং পাপঘাং প্রোং বেদেন্চ সন্মিত্র্যা।
যঃ পঠেদ্ রাম্চরিতং সর্বপাপেঃ প্রম্নচাতে॥
এতদাখ্যান্যায়্র্যং পঠন্ রাম্যরণং নরঃ।
সপ্রপোত্রঃ সগণঃ প্রেত্য স্বর্গে মহীয়তে॥ (১।৯৭-৯৯)

— রামরাজ্যে লোকে আনন্দিত, সন্তুন্ত, পন্তে, ধর্ম পরায়ণ, নিরামর, (১)
নীরোগ, এবং দ্বিভিক্ষভয়ন্তা হবে। কোনও প্রের কখনও প্রের
মরণ দেখবে না, নারীগণ নিত্য অবিধবা থাকবে এবং পতিব্রতা হবে।
বামচন্দ্র অনেক রাজবংশ প্রাপিত করবেন এবং এই প্রথিবীতে চতুর্বর্ণের
েজাকে নিজ নিজ ধর্মে নিয়ন্ত রাখবেন। এগার হাজার বংসর রাজস্ব
কাল রাম বহালোকে প্রস্থান করবেন (২)। এই পবিত্র পাপনাশক প্র্যোভনক বেদতুল্য রামচরিত যে পাঠ করে সে সর্বপাপ থেকে মৃত্র হয়।

⁽১) মনঃপাড়াশ্না। (২) নারদের এই বিবরণে সীতার বনবাস প্রভৃতির উল্লেখনেই।

এই আর্ব্ন্থিকর রামারণ-আখ্যান পাঠ করলে লোকে মৃত্যুর পর পরে পোষ্ঠ ও স্বজনবর্গের সংখ্য স্বর্গে স্বডোগ করে।

২। ক্লোক্তবন — বান্দীকির প্রতি ব্রহ্মার আদেশ [সর্গ ২]

নারণ দেবলোকে চলৈ যাবার পর বাল্মীকি জাহবীর নিকটপ্র তমসা নদীর তীরে এলেন এবং পার্শ্ববিত্তী শিষ্য ভরদ্বাজকে বললেন,

অকর্ণমিদং তীর্ঘাং ভরন্থাজ নিশাময়।
রমণীরং প্রসন্নান্ধ্য সন্মন্ধ্যমনো যথা।
নাস্যতাং কলসস্তাত দীয়তাং বন্ধলং মমঃ
ইদমেবাবগাহিবো তমসাতীর্থমন্ত্রমন্। (২ 1৫-৬)

— ভরবান্ত, দেখ এই তার্থ (১) কেমন কর্দমশ্না রমণীয়, এর কল সভারিত মনবাের মনের তুলা স্বচ্ছ। বংস, তুমি কলস রেখে আমার ক্ষেত্র দাও, আমি এই উত্তম তমসা-তার্থে অবগাহন করব।

বাদ্দীকি শিষ্যের হাত থেকে বল্কল নিয়ে চারিদিকের নিনিক্ বন শৈশতে দেখতে বিচরণ করতে লাগলেন। সেই বনের নিকটে এক কলক ঠ শৌশ(২)মিখনে বিহার করছিল, এমন সময় এক ব্যাধ একে ক্রেভিকে বিদ্যাল

তং শোণিতপরীতাশ্যং চেন্টমানং মহীতলে।
ভাষা তু নিহতং দুন্টা রুরাব কর্ণাং গিরম্।
বিষ্টা পতিনা তেন ন্থিজন সহচারিণা।
ভাষাবৈদ্য মন্তেন পতিশা সহিতেন বৈ॥ (২:১১-১২)

— ক্রেণ্ড নিহত হরে শোণিতার দেহে ভূতলে ছটফট করছে দেখে তার ভার্বা(ক্রেণ্ডা) সেই সহচর তামলীর্ব (৩) কামোন্যত বিস্তৃতপক্ষ সংগমরত পক্ষীর বিক্রেদে কর্বন্বরে রোদন করতে লাগল।

⁽১) তীৰ্ষে এক অৰ' বাট। (২) কোঁচ বক। (৩) বার মাধার লাল ক;ি।

ক্রোণ্ডকে নিহত দেখে এবং ক্রোণ্ডীর কর্প রোদন শ্নে ধর্মান্ডা বাল্মীকির মনে দয়ার সন্ধার হ'ল। ব্যাধের এই কার্য নিতাশ্ত অধর্ম-জনক জ্ঞান ক'রে তিনি বললেন,

> মা নিষাদ প্রতিষ্ঠাং ত্মগামঃ শাশ্বতীঃ সমাঃ। বং ক্রোঞ্চমিথনোদেকমব্ধীঃ কামমোহিতম্যা (২০১৫)

— নিষাদ, তুই চিরকাল প্রতিষ্ঠা লাভ কর্রাব না(১), কারণ তুই ক্রোঞ্চ-মিম্বনের একটিকে কণ্মমোহিত অবস্থার বধ করেছিস।

বাল্মীকি এই অভিনাপ দিয়ে বার বার ভাবতে লাগলেন, আমি এই ক্রোন্থের শোকে আকুল হয়ে কি বললাম! তিনি শিষা ভরস্বাঞ্জকৈ বললেন,

> পাদবন্ধোইক্ষরসমস্ভক্ষীলয়সমন্দিবতঃ। শোকার্ভাস্য প্রব্যয়ো মে শেলাকো ভবতু নান্যথা॥ (২।১৮)

— এই যে চরণবন্ধ সমান অক্ষর বিশিষ্ট তদাীলয়ে (২) গানের যোগ্য বাক্য আমার গোকাবেগে উৎপক্ষ হয়েছে তা নিশ্চর শ্লোক(৩) নামে খ্যাত হবে।

ভরশ্বাঞ্জ গরেদেবের এই কথা শর্নে প্রতিমনে অন্মোদন করলেন এবং বাল্মীকিও তাতে সম্ভূষ্ট হলেন। তার পর তমসার স্নান ক'রে সেই স্লোকোংপত্তির বিষয় ভাষতে ভাষতে আশ্রমে ফিরে গেলেন। শিষা ভরশ্বাঞ্জ জলপূর্ণ কলস নিয়ে তাঁর অনুসমন করলেন।

বাল্মীকি আশ্রমে এসে আসনে উপবিষ্ট হরে লিখ্যের সংগ্য নানা কথা বলছেন এবং মাঝে মাঝে সেই শ্লোকের কথা ভাবছেন, এমন সমর শ্বং প্রজাপতি ব্রহ্মা সেখানে আগমন কর্লেন। বাল্মীকি গাত্রোখান ক'বে বিশ্মরে হতবাক হরে কৃতাঞ্চলিপটে দাঁড়িরে রইলেন, তার পর পাদ্য অর্থা আসন প্রভৃতি দিয়ে প্রজা ক'রে সান্টাশ্যে প্রণিপাত করলেন।

⁽১) অর্থাৎ চিরকাল পতিত ব্যক্তি। (২) বীপাদি বন্দের সহবোগে। (০) শ্লোকের এক অর্থ কীতি; মে শ্লোকো ভবতু—আমার বলকর হ'ক, এই অর্থ ও স্চিত হচ্ছে।

ভাষান বহা আসনে উপবিষ্ট হরে কুশলপ্রশন করে বাল্মীকিকে সমতে বললেন। বাল্মীকি তখনও ভাবছিলেন, পাপান্ধা নিষ্ঠ্রে ব্যাধ সেই কলকণ্ঠ ক্রোণ্ডকে বধ করে কি কুকার্য করেছে! তিনি ক্রোণ্ডীর দ্বেষে লোকার্ত হয়ে মনে মনে প্রেন্ড শ্লোকটি আবৃত্তি করতে লাগলেন।

তথন বহা সহাস্যে বাল্মীকিকে বলালেন, তোমার ওই ছন্দোবন্ধ বাক্য শেলাক নামেই খ্যাত হবে তাতে সংশ্বর নেই, আমার ইচ্ছাবশেই তোমার মুখ দিয়ে এই বাণী নিগতি হয়েছে। এখন তুমি সমগ্র রামচরিত রচনা কর। তুমি নারদের কাছে বেমন শ্নেছ তদন্সারে রাম লক্ষ্মণ সীতা ও রাক্ষসদের জ্ঞাত ও অজ্ঞাত সমস্ত ব্তান্ত কীর্তন কর।—

তক্তাপ্যবিদিতং সর্বং বিদিতং তে ভবিষ্যতি।
ন তে বাগন্তা কাব্যে কাচিদ্র ভবিষ্যতি॥ (২ 10৫)
বাবং স্থাস্যান্ত গিরুরঃ সরিত্ত মহীতলে।
তাবদ্ রামারণকথা লোকেন্দ্র প্রচরিষ্যতি॥
বাবদ্ রামস্য চ কথা সংকৃতা প্রচরিষ্যতি।
তাবদ্ধর্মধণ্চ সং মধ্যেকেন্দ্র নিবংস্যাস্য (২ 1 ৩৬-৩৮)

— যা অবিদিত আছে সে সমস্তও তোমার বিদিত হবে, তোমার এই কাবো কোনও বাক্য মিখ্যা হবে না। যত কাল ভূতলে গিরি নদী সকল অবন্ধান করবে তত কাল রামারণকথা লোকসমাজে প্রচারিত থাকবে। যত কাল তোমার রচিত রামের আখ্যান প্রচারিত থাকবে তত কাল তুমিও আমার জগতের উধর্ব ও অধ্যেলোকে বাস করবে(১)।

ব্রহ্মা এই বলে অন্তর্ধান করলেন।

। রালারবরচনা — কুশ ও লবের রামারবগান শিগ ৩—৪]

রামের ইতিব্র বধার্যরূপে জানবার জন্য বাল্মীকি যোগাসনে উপবিষ্ট হলেন এবং সমুস্ত ঘটনা করতলম্প আমলকের ন্যায় দেখতে

⁽১) অৰ্থাং তোমার কীতি জগতের সর্বন্ন প্রতিষ্ঠিত থাকবে।

পেলেন। তারপর তিনি বিচি<mark>য় পদ ও অর্থ ব্যক্ত সমগ্র রামচরিত রচনা</mark> করলেন।

> চতুর্বিংশং সহস্রাণি শেলাকানাম্ভবান্ শ্বরিঃ। তথা সর্গশতান্ পশ্ব ষট্কাম্ডানি তথোত্তরম্য (৪।২)

— বালমীকি ঋষি চন্দ্রিশ হাজার শেলকে, পাঁচ শ সর্গ (১) এবং ছ কাশ্ড, তথা উত্তরকাশ্ড রচনা করেছিলেন।

রামায়ণরচনা সম্পূর্ণে ক'রে বাল্মীকি ভাবছিলেন এর প্রচার কি উপারে হবে, এমন সময় ম্নিবেশধারী রাজকুমার কুল ও লব এসে তাঁকে প্রণাম করলেন। এই দ্বই দ্রাতাকে স্কুঠ ও মেধাবী দেখে মহর্ষি স্বকৃত সমগ্র রামায়ণ তাঁদের শেখাতে লাগলেন।

পাঠ্যে গেয়ে চ মধ্রং প্রমাণৈদিয়ভিরন্বিতম্।
জাতিভিঃ সংতভির্বারং তল্তীলয়সমন্দিত্তম্॥
রসৈঃ ল্গারকর্ণহাস্যরৌদ্রভয়ানকৈঃ।
বীরাদিভীরসৈর্ঘরং কাব্যমেতদগায়তাম্॥
তৌ তু গান্ধর্বতত্ত্ত্ত্বী প্রানম্প্রনিকাবিদা।
দ্রাতরৌ স্বরসন্পলো গন্ধর্বাবিক র্পিণো॥
র্পলক্ষণসন্পলো মধ্রন্বরভাবিদো।
বিশ্বাদিবোখিতো বিশ্বো রামদেহাৎ তথাপরো॥ (৪।৮-১১)

— পাঠে ও গানে মধ্র, দ্রুত মধ্য ও বিলাদ্বত এই তিন মানে এবং

ষড়্জ ঋষভ প্রভৃতি সম্ত দ্বরে বীলাদি তল্মীবাদ্যের সমলরে গানের

যোগ্য এবং শৃংগার কর্ন হাস্য রোদ্র ভয়ানক বীর প্রভৃতি রস সমন্বিত

এই কাবা তারা গাইতে লাগলেন। সেই দুই দ্রাতা গান্ধর্ববিদ্যা এবং

দ্বরের উচ্চারণস্থান ও মৃত্রনায় অভিন্তা, তাদের কণ্ঠদ্বর স্মধ্র, তারা

গন্ধর্বের তুল্যই স্কর এবং র্পলক্ষণসম্পন্ন। বিদ্ব (২) থেকে
উৎপন্ন বিদ্বর ন্যায় তারাও রামদেহ থেকে উৎপন্ন অপর দুই রাম।

⁽১) প্রচারিত বাল্যাকি-রামায়ে**ণের প্রথম ছ কাণ্ডে শেলাক ও সর্গোর সংখা** আরও বেলী। উত্তরকাশ্ভের পৃথক উল্লেখ বাক্ষীর।

⁽২) জলাদিতে বেমন স্বাবিশের অন্র্ণ বিশ্ব উৎপদ্ম হয়।

কুল ও লবের রামায়ণগান শনে মনিগণের পরম বিশ্ময় উপস্থিত হ'ল, তাঁরা বাম্পাকুলনেত্রে প্রতিমনে সাধ্য সাধ্য বলতে লাগলেন। কুশ ও লব ভাবসমন্বিত হয়ে অতি মধ্র কঠে গাইতে লাগলেন। উপস্থিত কাষদের মধ্যে কেউ দ্ই ভাতাকে কলস প্রস্কার দিলেন। কোনও মনি প্রসন্ন হয়ে বল্কল দিলেন, অন্য মনি কৃষ্ণসার-ম্গচর্ম, আর একজন বজ্বস্তু দিলেন। কেউ কমশ্ডলা দিলেন, কেউ মাঞ্জ ত্পের মেখলা, আর একজন আসন, এবং অন্য একজন কৌপীন দিলেন।

কুশ ও লব রামায়ণ গান ক'রে সর্বাত প্রশংসা পেতে লাগলেন। একদা তারা অবোধ্যার রাজপথে গান করছেন এমন সময় রাজা রামচন্দ্র তাঁদের দেখে সাদরে স্বভবনে নিয়ে গেলেন।

ততস্তু তো রামবচঃপ্রচোদিতা-বগায়তাং মার্গবিধানসংপদা। স চাপি রামঃ পরিষদ্গতঃ শনৈ-ব্ভেষয়াসক্তমনা বভূব হ॥ (৪।৩৬)

— তার পর তাঁরা রামের আজ্ঞায় মার্গবিধান (১) অন্সারে গাইতে লাগলেন। সভার(২) আসীন রামচন্দ্রও আনন্দ উপভোগের ইচ্ছায় গাঁত প্রবণে উত্তরোত্তর আসন্ত হলেন।

८। कटपाश्या — द्वाका पणद्रथ

[**मर्ग** d-9]

কুশ ও লব এইর্পে রামায়ণগান আরুল্ভ করলেন।—
বাদের বংশে সগর রাজা জন্মেছিলেন, যাঁর গমনকালে ধাট হাজার
প্র অনুগমন করতেন, ধিনি সাগর খনন করিয়েছিলেন, সেই
ইক্যাকুগণের বংশ এই রামায়ণে কীতিতি হয়েছে। আমরা ধর্ম-কাম-

⁽১) সংগীতের পশ্বতিবিশেষ যাতে সংস্কৃত ভাষা ও ছন্দ অবলম্বিত হয়। (২) উত্তরকাশ্তের বিংশ পরিচ্ছেদে আছে রাম অন্বমেধ যজের সভায় রামায়ণগান শ্বনিছিলেন।

অর্থ (ত্রিবর্গ) সাধক এই আখ্যান আদ্যন্ত গান করব, আপনারা অস্য়োশ্না হয়ে শ্ন্ন।

সরষ্তীরে কোশল নামে এক আনন্দময় সমৃন্ধিশালী প্রচুর ধনধানা-সম্পন্ন বৃহৎ জনপদ আছে। তার নগরী লোকবিশ্রতা অবোধ্যা, স্বয়ং यानरक्त यन, এই भूजी निर्माण कर्र्जाष्ट्राक्त। এই भूम् मा यशनगत्री দ্বাদশ যোজন দীর্ঘ, তিন ষোজন বিস্তৃত এবং প্রশস্ত মহাপথ (১) ও রাজমার্গে (২) সূবিভক্ত। এই সকল পথ বিকলিত প্রেপ্ অলংকুত এবং নিত্য জলসিক। রাজা দশর্ম অমরাবতীতে ইন্দের ন্যায় অযোধ্যায় বাস করতেন। এই নগরীতে কপাট ও তোরণ এবং বিপাণসমূহ উপবৃক্ত ব্যবধানে স্থাপিত আছে। সর্বপ্রকার মৃন্থ্যস্ত এবং আরুং . সংগ্হীত আছে এবং বহুজাতীয় শিল্পী সূত (৩) ও মাগধ (৪) সেখানে বাস করে। এই শ্রীসম্পন্ন অতুলপ্রভান্বিত পরেী উচ্চ অট্রালকা ও ধৰজসম্হে শোভিত এবং শত শতঘ্ৰী স্বারা সংরক্ষিত। বহু স্থানে পর্রনারীদের জন্য নাট্যশালা, উদ্যান ও আম্রবণ আছে এবং চতুদিক শালবনে বেণ্টিত। দুর্গম গভীর পরিধা থাকায় সেখানে অন্যের প্রবেশ দ্বঃসাধ্য। অশ্ব হস্তী গো উদ্ম ও গর্দ ভ প্রচুর আছে। বহু সামন্তরাজ কর দেবার জন্য সেখানে আসেন এবং নানা দেশের অধিবাসী বণিগ্র্ন্দ অযোধ্যার শোভা বর্ধন করে।

সেই অযোধ্যার বেদজ্ঞ দ্রদশী মহাতেজা প্রজাগণের প্রিয় রাজা
দশরথ রাজর করতেন। সেখানকার লোকেরা আনন্দিত, ধর্মপরায়ণ,
শাস্তজ্ঞ, নিজ নিজ সম্পত্তিতে তুল্ট, নির্লোভ ও সত্যবাদী ছিল। অযোধ্যায়
কামাসক, নীচপ্রকৃতি বা নৃশসে পর্ব্ব, অথবা অবিশ্বান বা নাস্তিক দেখা
যেত না। এমন লোক ছিল না বে কুডল ম্কুট ও মাল্য ধারণ করে
না, যার দেহ অপরিষ্কৃত, যে চন্দনাদি লেপন করে না, যার অধ্য স্বাসিত নয় এবং যার ভোগের অভাব আছে। সেখানে নাস্তিক,
মিধ্যাবাদী, অল্পশাস্তজ্ঞ, অবিশ্বান, অস্ত্রাপরবশ বা অসমর্থ কেউ ছিল

⁽১) নগরের বহির্দেশের পথ, trunk road । (২) নগরের ভিতরের পথ। (৩) স্তুতিপাঠক। (৪) বংশবেলীকথক, ভাট।

না। পর্যাতকন্দরে ধেমন সিংহ থাকে সেইর্প অধোধ্যায় অন্নিতৃদ্য তেজনী চতুর অসহিষ্
(১) ধন্বিদ্যায় শিক্ষিত ধোন্ধ্যণ বাস করতেন।

রাজ্য দশরধের স্মশ্য প্রভৃতি আট জন অমাতা (২) ছিলেন। তাঁর
মশ্যী (৩) দের মধ্যে দ্জন প্রধান ক্ষিক — বশ্দিত ও বামদেব, তা ছাড়া
স্ম্বন্ধ জাবালি কাশাপ গোড়ম প্রভৃতি রহর্মির্য ছিলেন। এ রা বিদ্যাবিনরসম্পার, নিপন্ন, জিতেশ্রির, শস্তক্ত, পরাক্রান্ড, সাবধান, রাজার
আক্রাবহ, নির্দোভ ও ব্যবহারকুশল ছিলেন, অপরাধ করলে প্রেকেও
অব্যাহতি দিতেন না। দেশবিদেশের সমস্ত ঘটনা এ রা জানতেন। '
দশর্ষ এই সমস্ত অন্রক্ত দক্ষ ও সমর্থ মন্তিম-ডলে পরিবেষ্টিত হরে দ্

क्ष्मद्रवा भूतकस्थना — क्ष्यान्यक्षत्र छेणाचान [সগ ৮—১০]

দশরৰ অনেক তপোন্তান করেছিলেন কিন্তু তার প্রেলাভ হয়

নি। অবশেষে তিনি প্রেকামনার অন্বমেধ বন্ধ করা দিথর করলেন।
তার আদেশে প্রধান মন্দ্রী স্মন্ত বিশিষ্ঠ জাবালি বামদেব প্রভৃতি এবং

অন্যানা রাহ্মণদের ডেকে আনলেন। দশরপ্রের অভিলাধ শ্নেন তারা
বললেন, মহারাজ, আপনার ধখন এই ধর্মবিশিষ হয়েছে তখন আপনি
প্রেলাভে বিশ্বত হবেন না। আপনি যজের উপকরণসম্ভার আহরণ,

অন্ব মোচন এবং সর্য্তীরে যজভূমি নির্মাণ কর্ন। দশর্পও
মন্তিবর্গকে সকল আয়োজনের জন্য আজ্ঞা দিলেন।

স্মশ্য দশরথকে নির্জনে বললেন, মহারাজ, আমি সনংকুমারোজ এই প্রোণকথা শ্নেছি। কশ্যপতনর বিভান্ডক ম্নির এক প্রে
আছেন, তিনি ঝধাল্কা নামে খ্যাত। একদা অগ্যদেশে ভয়ংকর অনাব্ কি

⁽১) বে অপমান সর না। (২) কর্মসচিব। (৩) ধ্রী-সচিব বা উপদেশ্টা সচিব। সাধারণত অমাতঃ ও মন্ত্রী সমার্থক।

হ'লে সেখানকার রাজা লোমপাদ তাঁর মন্ত্রীদের সাহায্যে কৌশলে ঋষ্য-শৃংগকে অধ্বরক্ষাে এনে নিজ কন্যা শাংতাব সংখ্য তাঁর বিবাহ দেন। এই ঋষাশৃংগই অপেনার সম্ভান্তবানা পূর্ণ করবেন।

দশরথ জিস্তাসা করলেন, লোমপান কোন্ উপায়ে ঝযাশ্লাকে এনে-ছিলেন? সমুস্থ তখন এই ইতিহাস(১)বললেন।—

লোমপান ঝবাশ্বাকে আনাবার আদেশ দিলে তাঁর প্রোহিত ও আমাতাগণ বললেন, ঝবাশ্বা সর্বদা বনে বাস করে তপস্যা ও বেদাধারন করেন, তিনি নারী সন্বশ্যে অনভিজ্ঞ, ভোগস্থও জানেন না। মান্বে যা চায় এমন চিত্তোমাদক ইন্দ্রিয়ভোগ্য পদার্থে প্রলোভিত করে তাঁকে আমরা এই নগরে নিয়ে আসব, তার জন্য শীঘ্র আয়োজন কর্ন। র্পবতী গণিকারা উত্তম অলংকারে স্কৃষ্পিত হয়ে সেখানে যাক, তারা বিবিধ উপারে প্রলোভিত করে তাঁকে এখানে নিয়ে আসবে।

লোমপাদ তাঁর প্রেরাহিতকে এই কাঞ্চের ভার নিতে বললেন, প্রোহিত আবার মন্তিগণকে অন্রোধ করলেন। অবশেষে মন্ত্রীরাই সব ব্যবস্থা করলেন।

শ্বাস্থা পিতার দেনহেই সম্ভূণ্ট ছিলেন। তিনি আশ্রমের বাইরে কোথাও যান নি, এবং জন্মাবধি নগর বা গ্রামের স্থা-পর্মের কিছ্ই দেখেন নি। মন্থাদের প্রেরিত বেশ্যারা আশ্রমের নিকট অবস্থান করিছল। একদিন অধ্যশ্ধা বেড়াতে বেড়াতে সেথানে এসে পড়লেন।

> তালিচতবেষাঃ প্রমদা গায়লেত্যা মধ্রলবরম্। থাষপ্রেমপোগম্য সর্বা বচনমন্ত্রবন্।। কম্বং কিং বর্তাসে প্রহান্ জ্যাত্মিজ্যমহে বয়ম্। একস্বং বিজনে দ্বে বনে চরসি শংস নঃ।। (১০।১১-১২)

— সেই বিচিত্রবেশা নারীরা মধ্যে স্বরে গান করতে করতে ক্ষিপ্তের কাছে এসে বললে, ব্যাহান, আপনি কে, কি করেন, তা আমরা জানতে ইচ্ছা করি। আপনি এককৌ এই দ্যে বিজন বনে কেন বেড়াচ্ছেন?

⁽১) মহাভারতে বনগরে ধহাশ্পের উপাধান আরও সবিস্তারে আছে।

সেই অদৃষ্পূৰ্ব রূপবতীদের দেখে মুস্ধ হয়ে ঋষাশৃংগ বললেন,

পিতা বিভাশ্ডকোহস্মাকং তস্যাহং সতে ঔরসঃ। ঝ্যাশৃশ্য ইতি খ্যাতং নাম কর্ম চ মে ভূবি॥ ইহাশ্রমপদোহস্মাকং সমীপে শত্তদর্শনাঃ। করিব্যে বোহর প্রাং বৈ সর্বেষাং বিধিপ্রেকম্॥

(20128-24)

— আমার পিতা বিভাশ্তক, আমি তাঁর ঔরস প্রে। আমার নাম ঋষ্যশৃংগ, আমার কর্ম (তপঃসাধন) সকলেই জানে। হে শৃভদর্শনিগণ, ওই নিকটে আমাদের আশ্রম, সেখানে তোমাদের সকলের (১) যথাবিধি সংকার করব।

শ্ববিকুমারের কথা শন্নে সকলে আশ্রম দেখতে গেল।

গতানাং তু ততঃ শ্জাম্বিপ্রশ্চকার হ। ইদমঘ্যিদং পাদ্যমিদং ম্লেং ফলং চ নঃ॥ প্রতিগ্হ্য তু তাং প্জাং সর্বা এব সম্ংস্কাঃ। শবেভাতিশ্চ শীঘ্রং তু গমনায় মতিং দধ্ঃ॥ (১০।১৭-১৮)

— তারা আশ্রমে এলে শ্ববিকুমার তাদের সমাদর করে বললেন, এই আর্যা, এই পাদা, এই আমাদের ফলম্লে। বারাগ্যনারা অতি উৎসক্ত হয়ে ক্ষাল্ডেগর প্জা নিলে, কিন্তু পাছে বিভাত্তক শ্বিষ এসে পড়েন এই ভারে যাবার জন্য বাসত হ'ল। তারা বললে,

> অক্ষাক্ষণি ম্খ্যানি ফলানীমানি হৈ শ্বিজ। গ্হাণ বিপ্র ভদ্রং তে ভক্ষকে চ মা চিরম্॥ তত্ততাত্তং সমালিক্যা সর্বা হর্ষসমন্বিতাঃ। মোদকান্ প্রদদ্ধতাসম ভক্ষাংশ্চ বিবিধান্ শ্ভান্॥

(50155-20)

⁽১) ঝবাশ্লা স্থাপুর্যভেদ জানতেন না, সেজনা স্থালিশে 'স্থাসাং' না বাসে প্রিলিশ্যে সর্বেষাং' বলেছেন।

— হে ন্বিজ, আমাদেরও এই সব উত্তম ফল গ্রহণ কর্ন, আপনার ভাল হবে, শীপ্র খেরে ফেল্নে। তার পর তারা হৃষ্ট হয়ে ঋষাশৃশাকে আলিশান ক'রে মোদক এবং বিবিধ উত্তম খাদা দিলে।

বারাশ্যনারা চ'লে গেলে ঝয়াশ্শ্য তাদের বিরহে অত্যন্ত কাতর হলেন এবং যেখানে তাদের সন্দো দেখা হয়েছিল পর্যাদন আবার সেখানে গেলেন। তারা আনন্দিত হয়ে তাঁকে সংবর্ধনা করে বললে, সৌমা, আমাদের আশ্রমে চল্ন, সেখানে অনেক আশ্চর্ম ফল মূল পাবৈন। ক্ষাশ্শ্য প্রতি হয়ে তথনই সন্মত হলেন, তারাও তাঁকে সপ্যে নিয়ে নগরের অভিমন্থে বালা করলে।

ব্যান্থ্য অধ্যরাজ্যে আসার সধ্যে সংখ্যা সহসা প্রচুর বর্ষণ আরম্ভ হ'ল। রাজা লোমপাদ প্রভাগ্যমন ক'রে ভূমিতে মন্তকদ্পর্ন ক'রে ব্যান্থ্যকে প্রণাম করলেন এবং অর্ঘ্যাদি দিয়ে যথোচিত সংকার করলেন। তার পর তাঁকে অন্তঃপ্রে এনে নিজ কন্যা শান্তাকে সন্প্রদান করলেন। এইর্পে মহাতেজা ব্যান্থ্য সর্বকামসন্প্র হয়ে অধ্যাদেশে বাস করতে

अवाष्ट्रका व्यवस्थात व्याप्तम—अवदेशय वटकत व्यवस्थात । (अर्थ ५५ - ५०)

অধ্যরাজ লোমপাদের সধ্যে দশরথের বন্ধর ছিল। তিনি স্মশ্র-কথিত ক্ষাল্পের ইতিহাস মহবি বিশিষ্ঠকে জানালেন এবং তার অনুমতি নিরে অস্তঃপর্রিকা ও অমাতাগণের সধ্যে অধ্যরাজ্যে গেলেন। লোমপাদ তাঁকে পরম সমাদরে যথাবিধি সংকার করলেন।

সাত আট দিন সেখানে বাস করার পর দশরথ লোমপাদকে বললেন, আমি প্রকামনার ষজ্ঞান্তানের উপক্রম করছি, তা নির্বাহের জন্য আপনার কন্যাকে ভর্তার সহিত অযোধ্যায় যেতে হবে। লোমপাদ তথনই সম্মত হয়ে জামাতাকে অন্রোধ করলেন, এবং ঝয়শ্পাও সম্গ্রীক বাতার জনা প্রস্তুত হলেন। দশরথ শীন্ত্রগামী দ্ত ন্বারা অধ্যেধ্যার আদেশ পাঠালেন ধেন ধ্বাশ্পের সংবর্ধনার জন্য সমস্ত নগর ধ্পবাসিত জলসিত্ত মার্জিত ও পতাকার অলংকৃত করা হয়। বঘাকালে ধ্বাশ্পাকে অন্তবর্তী ক'রে দক্ষদ্বদ্বভিনিনাদে সংবধিত হয়ে দশর্থ স্সাম্প্রত নগরে প্রবেশ করলেন। ধ্বাশ্পের আগমনে অধ্যেধ্যাবাসীরা অত্যন্ত প্রতি হল। রাজ্যান্তঃপ্রেবাসিনীরাও বিশালাক্ষী শান্তাকে দেখে আনন্দলাভ

বসন্তকাল উপস্থিত হ'লে দশরথ থক্যশৃশ্যকে প্রণাম ক'রে বজ্ঞের প্রধান বাজকর্পে বরণ করলেন এবং বশিষ্ঠ বামদেব প্রভৃতি ক্ষিক ব্রাহারশগণকে বজ্ঞের সংকলপ জানালেন। তাঁরা সকলে দশরথকে বহন্ সাধ্বাদ দিলেন এবং বজ্ঞসামন্ত্রীর আহরণ, সরব্র উত্তর তীরে বজ্ঞভূমি নির্মাণ এবং বজ্ঞের অব্ব মোচন করতে বজ্ঞান। দশর্থ অমাত্যগণকে ব্যাবিধি সমস্ত আয়োজন করবার ভার দিলেন।

বংসরাকে (১) আবার বসক্তকাল এলে দশর্প মহর্ষি বলিষ্ঠকে বললেন, মননিপ্রংগব, আপনি যথাবিধি আমার বজ্ঞ সম্পাদন কর্ন, বাতে যজের কোনও অপো বিঘা না হয় তার বিধান কর্ন। আপনি আমার সূত্র ও পরম গ্রেন। এই আরশ্ধ যজের ভার আপনাকেই নিতে হবে।

রাজাকে আশ্বন্ত করে বশিষ্ঠ স্থপতি, শিলপকার, স্তধর, খনক, গণক, নট, নর্তক এবং শৃশ্বন্দবভাব শাদ্যজ্ঞ পশ্ডিতগণকে ডেকে আনিরে বললেন, তোমরা রাজার আজ্ঞান্সারে যজ্ঞকর্ম নির্বাহ কর। বহু, সহস্র ইন্টক আনিরে রাজা, ব্রাহাণ, পৌরজন, বিদেশী প্রভৃতি অতিথি-গণের জন্য উপষ্টের বাসগৃহ অশ্বশ্যলা প্রভৃতি নির্মাণ কর।—

> দাতব্যময়ং বিধিবং সংকৃতা ন তু লীলয়া। সবে বৰ্ণা যথা প্জাং প্ৰান্দ্ৰবিদ্ত স্সংকৃতাঃ॥ ন চাবজ্ঞা প্ৰয়োত্তব্যা কামক্ৰোধবশাদিপ। যজকৰ্মসন্থে ব্যগ্ৰাঃ প্ৰেয়াঃ শিলিপনস্তথা॥ তেল্মপি বিশেষেণ প্জা কাৰ্যা যথাক্ৰমন্। (১০।১৪-১৬)

⁽১) অশ্বনেধের ঘোড়া ছাড়বার এক বংসর, গরে থস্তার হান্য দীক্ষা নিতে হয়।

— যথাবিধি যত্ন করে অন্ন দিতে হবে, অবহেলায় নয়, যাতে সকল বর্ণের লোক উপযুক্ত সমাদর পায়। কামক্রোধের বলে যেন অবজ্ঞা করা না হয়। যে সব প্রেষ বা শিল্পী যজ্ঞকর্মে ব্যগ্র থাকবে তাদেরও বিশেষ-ভাবে সংকার করতে হবে।

বশিন্টের আদেশ শ্নে সকলে তাঁকে জানালে যে আজ্ঞাপালনে তাদের কোনও চুটি হবে না। তথন বশিষ্ঠ স্মৃদ্যকে ডেকে বললেন, প্রথিবীতে যত ধার্মিক রাজা আছেন তাঁদের নিমন্ত্রণ কর, যথা—মিথিলাধিপতি জনক, কাশীপতি, সপত্রে রাজ্ঞবশ্যুর কেকয়রাজ, রাজার বয়স্য অন্সেশ্বর লোমপাদ, কোশল(১)রাজ, মগধরাজ প্রভৃতি। বহু সহস্র ব্রাহ্মণ ক্ষরিয় বৈশ্য শ্রেকেও নিমন্ত্রণ কর। স্মৃদ্র বশিষ্ঠের উপদেশ অন্সারে নিমন্ত্রণের ব্যবস্থা করলেন। কয়েক দিন পরে নৃপতিগণ বহু ধনরম্ব নিম্নে অযোধ্যায় উপান্থত হলেন এবং বশিষ্ঠ তাঁদের যথোচিত সংবর্ধনা করলেন।

অনন্তর শ্ভনক্ষয়ের দিবসে রাজা দশরথ যজ্জ্মিতে গোলেন এবং পত্নীগণসহ যজ্ঞে দীক্ষিত হলেন।

व चन्द्रभव वस्त — विकृत नवस्त्रकातः

[সর্গ ১৪-১৭]

যে যজ্ঞান্ব এক বংসর পূর্বে ছাড়া হয়েছিল তা এখন ফিরে এল। বিশিষ্ঠাদি ন্বিজগণ ঋষাশৃণ্গকে প্রোবতী ক'রে শাস্থান্সারে যজ্ঞের সকল কর্ম আরম্ভ করলেন। হোড়গণ মন্দ্রারা দেবগণকে আহনে ক'রে যথাযোগ্য হবির্ভাগ দিলেন। যজ্ঞস্বলে ব্রাহাণ, দাস, তপস্বী ও শ্রমণগণ এবং বৃষ্ধ, ব্যাধিগ্রস্ত, স্থা ও বালকেরা অনবরত আহার করতে লাগল। প্রতিদিন পর্বতাকার বহু অলক্টে সন্দ্রিত হ'ল। স্বস্তা বিপ্রগণ পরস্পরকে হারাবার ইচ্ছার শাস্থাীর বিচারে প্রবৃত্ত হলেন।

⁽১) দৰিশ কোশল।

ষ্ট্রাপনে বিভিন্ন কাষ্টানিমিত বন্দ্র ও ন্বর্ণালংকারে ভূষিত একুশটি যুগ ছিল। লিলপক্ম কুশল ব্রাহানগণ ইন্টক ন্বারা কুণ্ড নির্মাণ ক'রে তাতে দ্বর্ণপক্ষ গর্ভাকার অন্দি স্থাপন করলেন। দেবতাদের উদ্দেশে যে-সকল পদ্ম উরগ পক্ষী অন্ব ও জলচর সংগৃহীত ছিল সে সমস্তই ক্ষিগণ ষ্থাশাস্ত্র ব্য করলেন। যুগকান্তে তিন শত পদ্ম এবং রাজা দশর্থের একটি উৎকৃষ্ট অন্ব বন্ধ ছিল,

কোশল্যা তং হয়ং তর পরিচর্ষ সমন্ততঃ।
কুপানৈবিশশাসৈনং গ্রিভিঃ পরময়া মন্দা॥
পতিরিণা তদা সাধং সন্স্থিতেন চ চেতসা।
অবসদ্ রজনীমেকাং কোশল্যা ধর্মকামায়া॥
হোতাধন্যন্তথাদ্পাতা হয়েন সমযোজয়ন্।
মহিষ্যা পরিব্রাধ বাবাতামপরাং তথা॥ (১৪।০০-০৫)

— কৌশল্যা সেই অন্বের সম্যক পরিচর্ষা করে পরম আনন্দে তিন পড়্সাঘাতে তাকে বধ করলেন। তার পর তিনি ধর্মকামনার স্কিথর-চিন্তে সেই অন্বের সংগ্য এক রজনী যাপন করলেন। হোতা, অধ্বর্ম, এবং উদ্গাতা রাজার মহিষী ও পরিব্য়িসহ বাবাতা ও অপরা পরীকে(১) অন্বের সংগ্য সংযুক্ত করলেন।

শ্রোতকর্মে নিপ্রে ক্ষিক সেই অপেরর বসা নিয়ে যথাশালা হোম করলেন এবং রাজ্য দশরেখ সেই বসার ধ্ম আদ্রাণ করলেন। যোল জন ক্ষিক অন্বের সমস্ত অধ্য অন্যিতে আহ্বিত দিলেন। যজ্ঞ সমাশ্ত ইলৈ দশর্ম যাজক ও অন্যান্য ব্রাহ্যাণগণকে প্রচুর দশ্কিণা দিলেন। সকলেই হুন্ট হয়ে রাজাকে আশীর্বাদ করতে লাগদোন।

অন্শতর ঝয়াশ্রুণ্য অথবোদ্ত মন্দ্রে যথাবিধি প্রারীয়েণ্টি(২) আরুদ্ত করকেন।

এই সময়ে দেবতারা বহারে কাছে গিয়ে বললেন ভগবান, বাকস সাবদ আপনার প্রসংদে বলদৃশ্ত হয়ে আমাদের প্রীড়ন করছে, সে বাতে

⁽১) শোদি ব্য অনুসারে রাজার প্রথানা পছনি মহিষী, এবেশিকার পরী। পরিবৃত্তি, শিরকানা পদ্দী বাবাতা, এবং অধনা পরী অপরা বা পাঞ্চালনী।

⁽२) %,६क/मनात क्याः

বিনন্দ হয় তার উপায় স্থির কর্ন। ব্রহ্মা উত্তর দিলেন, রাবণ আমার কাছে এই চেয়েছিল যে গণ্ধর্ব ফক্ষ ও রাক্ষসের হাতে তার মরণ হবে না, আমিও তাকে সেই বর দিয়েছি। সে অবজ্ঞাবলৈ মান্বের নাম করে নি, সেই মান্বেই তাকে বধ করবে।

এমন সময় শুর্থচক্রগদাপাণি গর্ভবাহন বিষণ্ সেখানে এলেন।
দেবগণ দতব করে তাঁকে বললেন, বিষণ্, লোকের হিতকামনার আমরা
তোমাকে একটি কার্যের ভার দেব। অযোধ্যাপতি দশরখের হুনী শ্রী ও
কীতি তুলা তিন মহিষী আছেন, তুমি চার অংশে বিভক্ত হয়ে সেই
তিন মহিষীর গভে জন্মগ্রহণ কর এবং মন্যা রুপে অবতার্ণ হয়ে
দেবতার অবধ্য রাবণকে বধ কর। সেই রাক্ষ্ম সকলের উপর অত্যাচার
করছে, তার নিধনের জন্য আমরা তোমার শরণাপন্ন হয়েছি। বিষণ্
বললেন, তোমরা ভাঁত হয়ে না, আমি রাবণকে সবংশে সংহার করব।

ঋষাশ্রেগর উপদেশে দশরথ যন্ত্র করছিলেন,

ততো বৈ যজমানস্য পাবকাদতুলপ্রভম্।
প্রাদ্ভূতং মহদ্ভূতং মহাবীর্যং মহাবলম্।
কৃষ্ণং রক্তান্ত্রধরং রক্তান্ত্রধর্ম দ্বাদ্ভিন্ননম্।
নিল্পহর্ষক্ষতন্ত্রমগ্রেরম্প্রম্।
শ্রুলক্ষণসম্পর্য়ং দিব্যাভরণভূষিত্য্।
লৈলশ্পাসম্ংলেধং দ্বতশাদ্ভিবিক্সম্।
দিবাকরসমাকারং দীক্তানলশিখোপমম্।
তক্তজান্নদ্ময়ীং রাজতান্তপরিচ্ছদাম্।
দিব্যপায়সসংপ্রাং পাতীং পদ্বীমিব প্রিরাম্।
প্রাহ্য বিপ্রাং দোভ্যাং ক্রয়ং মায়াময়ীমিব॥ (১৬।১১-১৫)

— এমন সময় যজ্ঞাশন থেকে এক অতুলনীয় প্রভাদ্বিত মহাবীর্ষ মহাবল
মহাপ্রাণী আবিভূতি হলেন। তিনি কৃষ্ণকায়, রক্তাদ্বরধারী, তার মৃথ
রক্তবর্ণ, কণ্ঠদ্বর দৃদ্দৃভিতৃল্য। তার দেহের রোম দ্মগ্র্ ও কেল সিংহের
ন্যায় দ্নিশ্ববর্ণ। তিনি শৃভলক্ষণসম্পন্ন, দিব্য আভরণে ভূষিত, শৈলশৃশ্বের ভূদ্য উল্লভকায়। তার পাদক্ষেপ দৃশ্ত লাদ্র্লের ন্যায়। তার

আকার দিবাকর ও দীস্ত অনলস্থার তুলা। তাঁর হস্তে তস্তকান্তন-পঠিত রজতাবরণযুৱে দিবা পায়সে পরিপ্র্ণ এক বৃহৎ পান্নী(১), যেন তিনি মায়াময়ী প্রিয়া পত্নীকে ধ'রে আছেন।

ষ্প্রাণিন থেকে উবিত ব্যক্তি দশরথকে বললেন, আমি প্রজাপতি-প্রেরিত প্রের। মহারাজ, এই দেবনিমিত সম্তানদারক পারস আপনার পদ্মীদের থেতে দিন। দশর্থ সেই দেবদত্ত হিরণার পাত্র মস্তকে গ্রহণ করলেন এবং অস্তঃপ্রের এসে পারসের অর্ধাংশ কৌশল্যাকে দিলেন। অবশিষ্ট অর্ধেকের অর্ধাংশ স্ক্রমিতাকে দিলেন। অর্বাশন্টের অর্ধ কৈকেরীকে দিয়ে মনে মনে বিবেচনার পর শেষ অংশ আবার স্ক্রমিতাকেই দিলেন।(২) তিন মহিষী সেই পারস খেরে অচিরে গর্ভধারণ করলেন।

৮১ রামাদির জন্ম—বিশ্বামিত্রের আসমন [সগ ১৮—২১]

অশ্বমেধ যজ্ঞ সমাশ্ত হ'লে নিমন্তিত রাজারা, অন্যান্য অতিথি, এবং সপত্নীক ঝহ্যশৃংগ নিজ নিজ দেশে ফিরে গেলেন। শ্বাদশ মাস

⁽১) আধার। (২) অর্থাৎ ১৬ ভাগের ৮ ভাগ কৌশল্যা, ৬ ভাগ স্মিতা, এবং ২ ভাগ কৈকেয়ী পেলেন।

প্র হ'লে কৌশল্যা চৈত্রের নবমী তিথিতে প্নর্বস্থ নক্ষত্রে রামকে প্রসব করলেন। তার পর কৈকেয়ী প্র্যা নক্ষত্রে ভরতকে এবং স্থামিতা অশেলবা নক্ষত্রে লক্ষ্মণ-শত্র্ব্যকে প্রসব করলেন। গন্ধর্বগণ মধ্রে সংগীত এবং অস্পরাসকল নৃত্য করতে লাগল। দেবলোকে দৃশ্যুভিধ্যনি এবং আকাশ থেকে প্রপর্বিত হ'তে লাগল। অবোধ্যায় নানাপ্রকার উৎসব আরম্ভ হ'ল। জন্মের এগার দিন পরে বিশ্বত রাজকুমারদের নামকরণ করলেন।

রাজকুমারগণ সকলেই শ্রে, লোকহিতে রড, জ্ঞানবান ও গ্রেবান হলেন। তেজস্বী পরাক্তমশালী রাম নির্মাল শশান্তের ন্যায় সকলের প্রীতি লাভ করলেন। তিনি হস্তী অশ্ব ও রথ চালনায় পট্ন এবং ধন্বেদৈ ও পিতার শ্বশ্রষায় অনুরক্ত হলেন।

লক্ষ্মণ থাল্যকাল থেকেই সর্বদা রামের প্রিয়কার্য অনুষ্ঠান করতেন এবং তিনি রামের ন্বিতীর-প্রাণতুল্য ছিলেন। ভরত-শত্ত্বাের মধ্যেও সেইর্প স্নেহসম্বন্ধ হ'ল।

একদিন দশরথ প্রেরাহিত ও মন্ত্রীদের সংশ্য প্রেসদের বিবাহ বিষয়ে কথা বলছিলেন এমন সময় মহামন্ত্রি বিশ্বামির রাজদর্শনে এলেন। দশরথ সসম্প্রমে প্রত্যুদ্গমন ক'রে বিশ্বামিরকে অর্ঘা নিবেদন করলেন। কুশলজিজ্ঞাসা এবং যথাবিধি শিষ্টাচারের পর দশরথ বললেন,

ষ্থামাত্স্য সংপ্রাশ্তর্থ। বর্ষমন্দকে(১)।
যথা সদাশারেষ্ণ প্রজন্মাপ্রজন্য বৈ।
প্রনাত্স্য ব্যা লাভো ব্যা হর্ষো মহোদয়ঃ॥
তথ্যেলামনং মন্যে স্বাগতং তে মহামানে।
কং চ তে পরনং কামং করেছিম কিমা হর্ষিতঃ॥ (২০।৫০-৫২)

— হে মহামানি, অমাত লাভ হ'লে, অনাব্দিউতে বর্ষণ হ'লে, যোগ্যা ভাষার গভে নিঃসম্তানের প্র জন্মালে এবং প্রনন্থ বস্তুর প্নের্থার হ'লে যেমন মহা হর্ষ হয়, আপনার শাভাগমনে আমার সেইর্প হর্ষ হয়েছে। আপনার অভীষ্ট কি? আমি হ্স্টিচিত্তে তা সাধন করব।

⁽১) 'वन्परक'---वार्षद्वरहारा भीवं न्।

দশরখের বাক্যে বিশ্বামিত সম্ভূত হয়ে বললেন, মহারাজ, আমি এক যক্ত আরম্ভ করেছি, কিন্তু মারীচ আর সন্বাহন নামে দ্ই কামর্পী শরিশালী রাক্ষস নামাপ্রকার বিষয় করছে, যজ্ঞবেদীর উপর মাংস ও রক্ত বর্ষণ করছে। যজ্ঞকালে শাপ দেওয়া অকর্তব্য সেজন্য আমি ক্রোধ সংবরণ করেছি। আপনি আপনার জ্যোষ্ঠপত্র কাকপক্ষধর(১) মহাবীর রামকে যজ্ঞের দশ রাত্রির জন্য দিন, তিনি সেই রাক্ষসদের বিনাশ করবেন।

বিশ্বামিতের প্রার্থনা শ্লে দশরথ মৃহত্রিকাল যেন সংজ্ঞাহীন হয়ে রইলেন। তার পর বললেন, আমার প্র রামের বয়স বোলর কম, রাক্ষমদের সন্ধো বৃদ্ধ করবার বোগ্যতা তার নেই। আমি অক্টেহিণী সেনা নিরে যাব, স্বরং ধন্ধারণ করে প্রাণপণে রাক্ষসদের সপ্যে বৃদ্ধ করব। রাম নিতান্ত বালক, এখনও বৃদ্ধবিদ্যা আয়ত্ত করে নি। রাক্ষসরা ক্টেবোন্ধা, রাম তাদের সমকক নয়। রামের বিচ্ছেদে আমি এক মৃহত্তিও বাচতে পারব না। যদি নিতান্তই তাকে নিয়ে যেতে চান তবে চতুরগগ্রেনার সহিত আমাকেও নিন। হে কৌশিক, আমার বাট হাজার বংসর বয়স হয়েছে, কুছেন্সাধনার ফলে রাম জন্মেছে, তাকে নাল্যা আপনার উচিত নয়। আমার চার প্রের মধ্যে রামের প্রতিই আমার সম্ধিক স্নেহ।

বিশ্বামিত বললেন, শানেছি পোলস্তাবংশজাত রাবণ নামে এক রাক্ষ্য আছে, সে ব্রহ্মার বরে পরাক্তান্ত হয়ে অন্চর বহু রাক্ষ্যের সহিত তিলোক পীড়ন করছে। মারীচ আর সন্বাহ্ন তারই আজ্ঞায় আমার যজে বিদ্যা করছে।

দশরথ উত্তর দিলেন, দেব দানব গলধর্ব যক্ষ বিহুজ্গ বৃং সর্প কৈউ বৃশ্বে রাবণের বিক্রম সইতে পারে না, মান্ত্রের কথা দ্রে থাক। রাবণ বৃশ্বকালে বীর্যবানদের বার্য হরণ করে। অতএব, ম্নিলেড্ড, আমি সসৈনো বা আমার প্রেকে নিয়ে রাবণের স্থেগ বা তার সৈনোর স্থেগ বৃশ্ব করতে পারব না।

⁽১) কাকপক্ষ-দুই কানের পাশে কোলা চুকার গোছা: ক্ষণিয়া^ত নামর জন

দশরথের এই দেনহগদ্গদ বাক্য শন্নে বিশ্বামিত্ত কুম্প হয়ে বললেন,

প্র্মথং প্রতিল্রত্য প্রতিজ্ঞাং হাত্মিচ্ছসি। রাঘবাণামযুক্তোহয়ং কুলস্যাস্য বিপর্ষঃ॥ যদীদং তে ক্ষমং রাজন্ গমিষ্যামি ষ্থাগতম্। মিথ্যাপ্রতিজ্ঞঃ কাকুংপথ স্থী তব সূহ্দ্ব্তঃ॥ (২১।২-৩)

— তুমি প্রে আমার প্রার্থনা প্রেণের প্রতিপ্রতি দিয়েছিলে, এখন সেই প্রতিজ্ঞা ভণ্গ করতে চাও। এই আচরণ রন্ধ্বংশীয়দের যোগ্য নয় এবং কুলের বিনাশকর। রাজা, এই যদি তোমার উচিত বোধ হয় তবে আমি যেমন এসেছি তেমনি ফিরে যাই, তুমি প্রতিজ্ঞা ভণ্গ করে স্বহ্দ্গণে বেন্টিত থেকে স্থী হও।

বিশ্বামিতের ক্রোধে বস্ধা চণ্ডল হয়ে উঠল, দেবগণও ভাত হলেন।
তথন বশিষ্ঠ দশরথকে বললেন, মহারাজ, তিলোকে আপনি ধর্মান্ধা বলে
বিখ্যাত, এখন অধ্যাকার ভধ্য করবেন না। রাম অদ্যবিদ্যা জাননে বা না
জাননে, বিশ্বামিত্র রক্ষক হ'লে রাক্ষসরা তাঁর বিক্রম সইতে পারবে না।
রাম ম্তিমান ধর্মা, বলে ও বিদ্যায় সকলের শ্রেষ্ঠ, তপস্যার আশ্রয় এবং
ধর্মস্কা। তাঁর মহিমা কোনও ব্যক্তির জ্ঞানগম্য নয়। আর এই মহাতেজা
বিশ্বামিত বহু আশ্রম্ অধ্যার অধিকারী এবং ভূত বা ভবিষাৎ কিছুই
এশ্র অবিদিত নেই। ইনি নিজেই রাক্ষসদের দমন করতে পারেন, কেবল
আপনার প্রের হিতের জন্যই প্রার্থী হয়ে এসেছেন। আপনি নির্ভয়ে
রামকে ষেতে দিন।

বশিষ্ঠের কথায় আশ্বস্ত হয়ে দশরথ প্রসন্নচিত্তে রামকে পাঠাতে সম্যত হলেন।

১। বিশ্বামিরের সংখ্যে রাম-লক্ষ্মণের গমন

[সর্গ ২২--২৫]

দশরথ রাম লক্ষ্মণকে ডেকে আনালেন এবং স্বস্তায়নের পর তাঁদের মসতক আদ্রাণ করে বিশ্বামিতের হাতে সমপ্রণ করলেন। বিশ্বামিত আগে আগে চললেন, এরে পর রাম, এর পিছনে লক্ষ্মণ। দুই দ্রাতার হাতে ধনু, অপন্নিয়াণ ও খন। অর্ধ যোজনের অধিক পথ অতিক্রম ক'রে সরষ্বের দক্ষিণ তটে এসে বিশ্বামিত 'রমে' এই মধ্রে সম্বোধন ক'রে বললেন, বংস, জল নিয়ে আচমন কর, কালবিলন্বে প্রয়োজন নেই, তুমি বলা-অতিবলা এই দ্বই মন্ত গ্রহণ কর। এই মন্তপ্রভাবে তোমার শ্রম, জরে বা রুপের হানি হবে না। স্তুত বা অনবহিত থাকলেও রাক্ষসরা তোমাকে ধর্ষণ করতে পারবে না। সৌভাগ্যে, দক্ষতায়, জ্ঞানে বা তথ্যনির্গরে, অথবা উত্তর-প্রভাবে দিতে তোমার সমকক্ষ কেউ হবে না। বলা-অতিবলা মন্ত পাঠ করলে তোমার ক্ষ্থিপিশাসাও নিব্রু হবে।

রাম জল গ্রহণ করে ল্ডি হয়ে হাস্যান্থে এই দূই বিদ্যা গ্রহণ করলেন। সেই রাত্রি সরষ্তীরে দূখে অতিবাহিত হ'ল। রাম-লক্ষ্মণ অনভাস্ত তৃণশব্যার ল্রেছিলেন, কিন্তু বিশ্বামিত্রের মিণ্ট আলাপে তার কোনও ক্রেশ অন্ভব করলেন না।

রাত্রি প্রভাত হ'লে প্রাতঃকৃতা সমাপন ক'রে তাঁরা আবার যাত্রা করলেন। কিছু দ্রে গিয়ে তাঁরা জাহুবী-সরষ্র সংগমস্থলে এক রমণীয় আশ্রমে উপস্থিত হলেন। রামের প্রশেনর উত্তরে বিশ্বামিত্র জানালেন যে প্রের্থ এখানে কন্দর্পের আশ্রম ছিল। একদা মহাদেব যখন এখান দিয়ে যাজিলেন তখন কন্দর্প তাঁর চিত্তবিকার উৎপাদন করেন। র্দ্রের ক্রোধ-দ্ভিত্তৈ কন্দর্পের সর্বাধ্য ভঙ্গাভূত হয়ে যায়, তদবিধ তাঁর নাম অনধ্য এবং এই স্থানের নাম অধ্যদেশ। তাঁরই শিষাগণ প্রেষান্ত্রম এই স্থানে বাস করেন।

আশ্রমবাসী মর্নিগণ বিশ্বামিতের আগমনে অত্যন্ত প্রতি হয়ে তাঁদের বর্থাচিত সংকার এবং রাগ্রিযাপনের ব্যবস্থা করলেন। বিশ্বামিত এবং তাপসগণ মনোহর কথায় রাম-লক্ষ্মণের চিত্তবিনোদন করতে লাগলেন।

প্রদিন তিন জনে গণ্গাতীরে এসে নোকাযোগে পার হলেন। নদীর মধ্যে এসে রাম কোত্হলবলে জিল্লাসা করলেন,

বারিণো ভিদমানস্য বিষয়ং তুম্বলো ধর্নিঃ (২৪।৭)

— আমরা যে জল ভেন কংবে যাছি গ্রারই কৈ এই তুম্বল শব্দ ?

বিশ্বামিত বললেন,

কৈলাসপর্বতে রাম মনসা নিমিতিং পরম্।।
রহাণা নরশাদ্লৈ তেনেদং মানসং সর:।
তম্মাং স্মার সরসঃ সাযোধ্যাম্পগ্রতে॥
সরঃপ্রব্যা সরষ্ঃ প্রায়া রহাসরস্কাতা।
তস্যার্মতুলঃ শব্দো জাহ্বীমভিবত্তি॥
বারিসংক্ষোভজো রাম প্রণামং নিয়তঃ কুর্। (২৪।৮-১১)

— ব্রহা কৈলাস পর্বতে তার মন শ্বারা এক সরোবর রচনা করেছিলেন, শের নাম মানস সরোবর। অযোধ্যার দিকে যে পর্ণাতোরা নদী গেছে তা ব্রহার সরোবর থেকে নিঃস্ত, সেজনা তার নাম সর্য্(১)। সেই নদী এখানে জাহ্বীর সংগ্য মিলিত হরেছে, তারই বারিসংক্ষোভের জনা এই অতুলনীর শব্দ হচ্ছে। রাম, তুমি মনঃসংব্যম করে প্রণাম কর।

রাম-লক্ষাণ ওই দুই নদীকে প্রণাম করে দক্ষিণ তাঁরে এসে দ্রত চলতে লাগলেন। এক শ্বাপদসংকুল ঘার অরণাে এসে রাম তার সম্বন্ধে শিশ্বামিতকে জিল্লাসা করলেন। বিশ্বামিত বললেন, ব্রাস্রেকে বধ কারের সময় ইন্দু মললিশ্ত ক্ষ্মিত ও রহাহত্যার পালে আক্রান্ত হযেছিলেন। দেবতা ও ঋষিগণ এই ম্থানে তাঁকে ম্নান করিয়ে মলহাীন করেন। ইন্দের মল ও কার্ষ (ক্ষ্মা) দুর হওয়ায় তাঁর বরে এখানে মলদ ও কর্ষ নামে দুই সমুদ্ধ জনপদ স্বাশিত হয়। কিছ্কাল পরে তাড়কা নামে এক যক্ষী এই দুই জনপদ নন্ট করে। এই তাড়কার ইতিহাস দেনে।

সংকেতৃ নামক এক যক্ষ ব্রহ্মার আরাধনা করে তাড়কাকে কন্যার্পে পায় : ব্রহ্মার বরে তাড়কা সহস্র হস্তীর বল ধারণ করে। জস্ভপ্রে স্পের সংগ্য তার বিবাহ হয় এবং সে মারীট নামে এক প্রে লাভ করে। স্পে কোনও অপরাধের ফলে অগস্তা মনুনি কর্তৃক বিনন্দ হয়। তার প্রতি-

⁽১) অপর নাম গোলরা বা ঘর্ষরা। ছাপরার দক্ষিণে গুল্গার পড়েছ।

শোধের জন্য তাড়কা ও মারীচ অগস্তাকে ভক্ষণ করতে যায়। থাষির শাপে তাড়কা বিকৃতবদনা রাক্ষসীর রূপ পেলে, মারীচও রাক্ষস হয়ে গোল। রাম, তুমি গো-ব্রাহমণের হিতের জন্য এই দ্বর্তা তাড়কাকে বধ কর, দ্বীহত্যাজনিত পাপের ভয় করে। না।—

> ন্শংসমন্শংসং বা প্রজারক্ষণকারণাং। পাতকং বা সদোষং বা কর্তব্যং রক্ষতা সদা।। রাজ্যভারনিযুক্তানামেষ ধর্মঃ সনাতনঃ। (২৫ ১১৮-১৯)

— প্রজারক্ষার নিমিন্ত নৃশংস বা অনৃশংস, পাপজনক বা দোষযা্ত সকল কমহি করতে হবে। যাদের উপর রাজ্যচালনার ভার আছে তাদের এই সনাতন ধর্ম।

১০। তাড়কাৰধ—রাহের সিংধান্ডলাড— সিন্ধান্তম—মারীচের নিগ্রহ [সর্গ ২৬—৩০]

রাম বিশ্বামিশ্রকে বললেন, বাতার সময় পিতা আমাকে আদেশ দিয়েছিলেন বে আমি আপনার সমনত আজ্ঞা পালন করব। এই বলে রাম ধনতে তার জ্যানির্দোষ করলেন। সেই শব্দে তাড়কা ক্রোধে আকুল হয়ে আজমণ করতে এল। রাম বললেন, লক্ষ্মণ, দেখ এই ফফ্রীর আকার কি ভীবদ, দেখলে ভীর্দের হৃদয় কম্পিত হয়। এই দ্ধ্র্মা মায়াবিনীর কর্ম ও নাসিকা ছেদন করেই তাকে নিব্ত করব, স্ত্রীজ্ঞাতিকে বধ করতে আমার প্রবৃত্তি হচ্ছে না, এর শক্তি আর গতি আমি নন্ট করব।

তাড়কা তখন মহাক্রোধে বাহ্ন তুলে সগর্জনে রামের অভিম্থে ধাবমান হ'ল। বিশ্বামিত হ্ংকার দিয়ে তাকে ভং সনা ক'রে বললেন, দ্ই রাধবের জয় হ'ক। তাড়কা আকাশে ধ্লি উড়িয়ে শিলাবর্ধণ করতে লাগল। রাম তার দ্ই বাহ্ন এবং লক্ষ্মণ নাসাকর্ণ ছেদন করলেন। কামর্পিণী রাক্ষমী নানাপ্রকার রূপ ধারণ ক'রে, কখনও বা অদ্শা হয়ে রাম-লক্ষাণকে বিমোহিত ক'রে প্রচ-ড শিলাবর্ষণ করতে লাগল। তা দেখে বিশ্বামিত্র বললেন,

> অলং তে ঘ্ণয়া রাম পাপেষা দৃষ্টারিণী। ষজ্ঞবিদ্যকরী যক্ষী প্রো বর্ধেত মার্য়া॥ বধ্যতাং তাবদেবৈষা প্রো সন্ধ্যা প্রবর্ততে। রক্ষাংসি সন্ধ্যাকালে তুদ্ধর্যাণ ভবন্তি হি। (২৬।২১-২০)

-- রাম, তুমি এই পাপীরসী দ্বটারিদী বচ্চনাশিনী বন্ধীকে দয়া করে। না, এর মায়াবল বাডবার আগেই সন্ধ্যার পূর্বে একে বধ কর। রাক্ষসজাতি সন্ধ্যাকালেই দুর্ধর্য হয়।

রাম তথন শরাঘাতে তাড়কার বক্ষপন বিদীর্ণ করে তাকে বধ করলেন। ইন্দ্রাদি দেবগণ আকাশ থেকে এই ষ্পু দেখছিলেন। তাঁরা তাড়কাকে বিনন্ট দেখে প্রতি হয়ে বিশ্বামিত্রকে বললেন, কৌশিক, তোমার মণ্গল হ'ক। তুমি এখন তোমার দ্নেহের নিদর্শন স্বর্প রামের হস্তে প্রজাপতি কৃশাশ্বের তপোবলসম্পল্ল প্রগণকে সমর্পণ কর। রাম তোমার একান্ত অন্গত সেজন্য এই দানের যোগ্য। এই ব'লে দেবতারা চলে গেলেন।

বিশ্বামিত ও রাম-লক্ষ্মণ সেই স্থানেই রাতিযাপন করলেন। পরিদন প্রভাতে বিশ্বামিত সহাস্যে মধ্রস্বরে বললেন, রাম, আমি পরিতৃষ্ট হয়েছি, তোমাকে অভ্যুত শক্তিশালী দিব্যাস্ত্রসমূহ দেব। এইসকল অস্ত্রের প্রভাবে তুমি দেব অস্ত্রে গণ্ধবা উরগ সকলকেই পরাস্ত করতে পারবে।

বিশ্বামিত প্রাসং হয়ে ধান করতে লাগলেন। তথন দাওচক, বিশ্বচক্ত, বজু, শৈব শ্ল, বার্ণ পাশ, বায়ব্যান্ত, বর্ষ গান্ত, শোষণান্ত প্রভৃতি নানা
দিব্যান্ত রামের সন্মান্থে আবিভূতি হয়ে কৃতাঞ্জলিপ্টে বললে, রাঘব,
আমরা তোমার কিংকর, তুমি যা ইচ্ছা করবে আমরা তাই কবব। রাম
প্রসন্নমনে দিব্যান্তগণের করম্পর্শ কারে বললেন, আমি সমরণ করলেই
তোমরা উপস্থিত হয়ো।

এই সমস্ত অসা প্রজাপতি কুশাশ্বের তনর। বিশ্বামিত তখন রামকে সংহারমন্ত শিবিয়ে দিলেন যার শ্বারা বিমৃত্ত অস্ত ফিরিয়ে আনা যায়। তার পর তারা প্নর্বরে যাত্রা করলেন।

রাম জিজ্ঞাসা করলেন, ওই পর্বতের অদ্রে যে মেঘতুলা বন দেখা যাছে ওখানে কার আশ্রম? যেখানে রাক্ষসগণ আপনার যজ্ঞের বিঘা করে সেই স্থান কতদ্র?

বিশ্বামিত বললেন, এই স্থানে বামনর্পী বিষয় তপস্যার সিম্পিলাত করেছিলেন, সেজনা এর নাম সিম্পাশ্রম। এককালে বিরোচনপত্র বলি ইন্দাদি দেবগণকে পরভ্তে করে রাজত্ব করেতন। তিনি একটি যজের আরোজন করেন। তখন দেবগণ এই তপোবনে এসে বিষয়কে বললেন, দানবরাজ বালর যজে যাচকগণ যা প্রার্থনা করছে তাই পাছে; তুমি দেবগণের হিতার্থে সেখানে যাও। বিষয় কলাপপরী আদিতির গতে বামনর্পে জন্মগ্রহণ করলেন এবং বালর কাছে গিয়ে তিপাদ ভূমি ভিক্ষা চাইলেন। বাল সম্মত হ'লে বামন পাদত্যান্বারা তিলোক অধিকার করে ইন্দাকে প্নোগ্রতিষ্ঠিত করলেন। আমি এই সিন্ধাশ্রমেই বাস করি, রাক্ষমগণ এখানেই উপদ্রব করে।

তারা আশ্রমে প্রবেশ করলে সেখানকার মন্নিগণ তাঁদের যথোচিত সংকার করলেন। মুহাত্কাল বিশ্রাম করে রাম-লক্ষ্মণ বিশ্বামিত্রকৈ বললেন, আপনি আজই যজের লক্ষ্মি নিন, আপনার সংকলপ সিম্ধ এবং এই সিম্ধাশ্রমের নাম সাথকি হ'ে। এই কথা শ্রম বিশ্বামিত যজে দীক্ষিত হলেন।

পর্যদিন প্রভিত্ত গ্রেন্সকারণ বিশ্বনিষ্ঠাকে স্বার্তির ভারতির, যে সময়ে মারীর ও সন্নাল্যক সকল স্বারত হরে সেই সময় যেন জাতীত না হয়, আমানের জানিনে লোকে। নিশ্বনিষ্ঠা উত্তর হিলে সামানের আনিষ্ঠানে লোকে। নিশ্বনিষ্ঠা উত্তর হিলে সামানের আনিষ্ঠানি, বিশ্বর্যায়ত দক্ষিণ কর্ম করেছেন সম্ভান আজ থেকে ই রাজি লোকি। থাকারেন, তিন্নালা কটাত ব্যক্তি আল্পান ক্ষেত্র সামানিকার সামানিকার প্রকার প্রকার ক্ষিত্রতা।

ষষ্ঠ দিবসে সহস্য যজকো প্রজ্বলিত হয়ে উঠল। আকাশে ভরংকর
শব্দ শোনা গোল এবং মার্লাচ, স্বাহ্ব ও তাদের অন্চরগণ ভীম মার্তি
ধারণ ক'রে বেদীর উপত্র র্ধির বর্ষণ করতে লাগল। রাম শরাসনে
মানবাদ্য সন্ধান ক'রে মার্লাচের বক্ষে আঘাত করলেন। মার্লীচ বিচেতন
হয়ে ঘ্রতে ঘ্রতে শত লোজন ল্রে মহাসাগরে নিজিকত হ'ল। তার পর
রাম আপেরান্তে স্বাহ্বক এবং বায়ব্যক্তে অপর রাক্ষসদের নধ
করলেন।

বিশ্বামিত নিবিয়ে যজ্ঞ সমাপন ক'রে রামকে বললেন, মহাবাহ, আমি কৃতার্থ হয়েছি, তুমি গ্রেবাকা রক্ষা করেছ, এই সিংধাশ্রমের নাম সার্থক হ'ল।

১১। মিথিলাবাত্রা — গিরিরজ — বিশ্বামিত্রের বংশব্স্তান্ড

[সগ ৩১ - ৩৪]

সিন্ধাশ্রমে সেই রজনী যাপন করে পরদিন প্রভাতে রাম-লক্ষ্মণ বিশ্বামিশ্রকে অভিবাদন করে বললেন, ম্নিশ্রেণ্ঠ, দ্ই কিংকর উপস্পিত, আজ্ঞা কর্ন কি ২বতে হবে। বিশ্বামিশ্র ও অন্যান্য ঋষিগণ বললেন, মিথিলার রাজা জনক এক যজ্ঞ করবেন, আমরা সকলেই সেখানে যাব. তোমরাও চল। সেখানে এক অভ্তুত ধন্ দেখবে। দেব গণধর্ব অস্ত্র বা রাক্ষস তাতে জ্যারোপণ করতে পারে না, মান্য তো দ্বের কথা। অনেক রাজা ও রাজপত্ত চেন্টা করে বিফল হয়েছেন। দেবগণ যজ্ঞের ফলন্বর্প এই ধন্ জনকের প্রপ্রেষকে দিয়েছিলেন, জনক তাকে ন্বগ্রে রেখে গন্ধপ্রাদিন্বারা অচনি। করেন।

বিশ্বামিত বনদেবতাগণকে অভিবাদন এবং আশ্রম প্রদক্ষিণ করে রমে-লক্ষ্মণকে নিয়ে উত্তর দিকে বাত্রা করলেন। ক্ষিণণ একশত শকট নিয়ে তাদের সংগ্য গেলেন। সিম্পাশ্রমবাসী মৃগ এবং পক্ষিণণও বিশ্বামিতের অন্সরণ করলে। তারা অনেক দ্র গিয়ে স্বাদত হ'লে ফিবে গেলে।

ম্নিগণ শোণ নদের তাঁরে উপস্থিত হলেন। সারংকালীন স্নান ও অপিহোতের পর তাঁরা উপবিষ্ট হ'লে রাম জিল্লাসা করলেন, ভগবান, এ কোন্ দেশ? বিশ্বামিত এই ইতিহাস বললেন।—

কুশ নামে এক ধর্মান্ধা রাজা ছিলেন, তাঁর পদ্মী বৈদভনির গর্ভে চার প্র উৎপন্ন হয় — কুশাশ্ব, কুশনাড, অম্তর্রজা ও বস্। পিতার আদেশে তাঁরা বঘারমে এই চার নগর প্রাণিত করেন — কোশাশ্বী, মহোদয়, ধর্মারণা ও গিরিব্রজ। এই প্রানই গিরিব্রজ(১), ওই পদ্ম শৈল এবং মাগধী(২) নদী বস্বে অধিকৃত।

কুশনাভের পদ্মী ঘ্তাচীর গভে একশত কন্যা উৎপন্ন হয়। এইসকল র্পবোবনবতী কন্যা একদিন উদ্যানে নৃত্যগাঁত কর্মছল এমন সমন্ন বায়, এসে তাদের বললেন, তোমরা আমার ভার্যা হও। কন্যারা অবজ্ঞারশহেসে উত্তর দিলে,

> অন্তশ্চরসি ভূতানাং সর্বেষাং ভূতসম্ভম। প্রভাবজ্ঞান্য তে সর্বাঃ কিমর্থমব্যন্যসে॥ (৩২।১৯) মা ভূং স কালো দ্রেধিঃ পিতরং সত্যবাদিনম্। অব্যন্য ন্বধ্যেণ ন্বয়ংবর্ম্পান্যহে॥ (৩২।২১)

— ভূতপ্রেণ্ঠ, তুমি সর্বভূতের অন্তরে বিচরণ কর (৩), আমরাও সকলে তোমার প্রভাব জানি, তবে কেন আমাদের অপমান করছ? দ্ব্িশ্ব, এমন দিন বেন না আসে যে সত্যবাদী পিতাকে অবমাননা ক'রে আমরা নিজের মতে স্বয়ংবরা হব।

এই উত্তর শনে বার ক্রাধ হয়ে তাদের সর্বাধ্য ভগন করে দিলেন।
কুশনাভ কনাাগণের এই দ্র্দশা দেখে কারণ জিল্ঞাসা করলে তারা সমস্ত
ব্রোশ্ত জানালে। কুশনাভ বললেন, তোমরা বার্কে ক্ষমা করে আমার
কুশোচিত কার্য করেছ। ক্ষমা স্থা ও প্রেষ্ উভয়েরই অলংকার, ক্ষমাই
দান, সত্য, যজ, যল এবং ধর্ম। কন্যাদের অন্তঃপন্রে পাঠিয়ে কুশনাভ
মন্দ্রীদের সন্ধ্যে পরাম্প করতে লাগালেন।

^{🗘)} রাজগিরির নিকট। (২) শেশে। (৩) অর্থাং মনের কথা জান।

চুলী নামক এক উধর্বরেতা তপস্বীকে সেবার তৃষ্ট করে গন্ধর্বকন্যা সোমদা এক প্রেলাভ করেছিলেন। এই প্রের নাম রহাদন্ত, ইনি কাম্পিল্যা নগরীতে রাজ্যস্থাপন করেন। কুশনাভ তাঁর সম্পে নিজের শতকন্যার বিবাহ দিলেন। রহাদ্ত কন্যাগণের পাণি স্পর্শ করতেই তাদের কুজ্বতা দ্র হয়ে পূর্ব রূপ ফিরে এল।

কুশনাভ তখন প্রকামনার প্রেণি বাগ করলেন এবং তার পিতা কুশের আশীবাদে গাধি নামে প্র লাভ করলেন। এই গাধিই আমার পিতা। আমি কুশবংশজাত, সেজনা আমার নাম কৌশিক। আমার জ্যেষ্ঠা ভাগনা সত্যবতী। তার স্বামী খচীক সমরীরে স্বর্গে বাবার পর থেকে সত্যবতী লোকহিতকামনার কৌশিকী(১) নদী হয়ে হিমালয়ে থেকে প্রবাহিত হজেন। আমি ভাগনীর প্রতি স্নেহবংশ হিমালয়ের পার্শ্বেনিয়ত স্থেশ বাস করি, কেবল বজের নিমিন্ত ভাকে ছেড়ে সিম্পাশ্রমে এসেছিলাম, এখন তোমার পরাজমে আমার কামনা সিম্প হয়েছে। আমার বংশব্রানত, এবং এই স্থানের বিবরণ বা তুমি জানতে চেরেছিলে তা বলা হ'ল। অর্ধরাত্র অতীত হয়েছে, এখন নিমিন্ত হও।

১২। গণ্যার উপাধ্যান — কার্ডিকেয়র জন্ম

[मर्ग ७६-७५]

পর্যদিন তাঁরা শোণ নদের তটদেল অতিক্রম ক'রে মধ্যাহকালে জাহবাতাঁরে উপস্থিত হলেন। সেখানে স্নান এবং বর্থাবিধি তপণ ও হোম
ক'রে তাঁরা অমৃতবং হবি (২) ভোজন করলেন, এবং বিশ্বামিত্রকে বেন্টন
ক'রে সকলে বসলেন। রাম জিল্ঞাসা করলেন, এই চিপথগা গণ্গা কির্পে
তিলোক আক্রমণ ক'রে সমৃত্রে পড়েছেন?

বিশ্বামিত বললেন, হিমালয়ের পদ্ধী সংমের্দ্বহিতা মেনার গর্ভে দুই কন্যা জন্মগ্রহণ করেন, জ্যোষ্ঠা গুণ্গা, কনিষ্ঠা উমা। দেবগণের কোনও

⁽১) কুলী নদী, হিহুতের প্রাধেল। (২) হারর অর্থ ল্ধ্যু ঘৃত নর, যে খাদ্য অণিনতে উত্তর্গ করা হয় তাই হবি।

কার্য সাধনের নিমিন্ত হিমালর গণ্গাকে স্বরলোকে পাঠিরেছিলেন। উমা কঠোর তপস্যা ক'রে র্দ্রকে পতির্পে লাভ করেন।

মহাদেব শতবর্ষ উমার সহবাস করলেন তথাপি তাঁর পত্র হ'ল না।
দেবতারা উৎকি ঠিত হয়ে মহাদেবের কাছে নিবেদন করলেন, হে মহাদেব,
তিলোক আপনার তেক্র ধারণ করতে পারবে না, আপনি নিজেই তা ধারণ
কর্ন। মহাদেব সম্মত হয়ে বললেন, আমি উমার সহিত তেক্র ধারণ
করব, কিন্তু আমার যে তেক্র বিচলিত হয়েছে, তা কে ধারণ করবে?
দেবতারা বললেন, ধরা তা ধারণ করবেন। মহাদেব তখন তেক্র মোচন
করলেন, তাতে প্থিবী ব্যাশ্ত হ'ল। তার পর দেবগণের অন্রোধে
বার্ত্তর সহিত আন সেই তেক্লে প্রবেশ করলেন, তার ফলে শ্বত পর্বত
ও দিবা শরবণ উৎপন্ন হ'ল। সেই শরবণে কার্তিকের জন্মগ্রহণ করেন।

শৈলস্তা উমা হৃন্ধ হয়ে দেবগণকে অভিশাপ দিলেন, আমি প্রকামনার স্বামীর সহবাসে ছিলাম, তোমরা এসে তার ব্যাঘাত করেছ;
এখন থেকে তোমাদের পদ্মীরা বন্ধ্যা হবে। তিনি প্রথিবীকে বললেন,
তুমিও বহর্রপা ও বহর্ভোগ্যা হবে; তুমি চাও না বে আমার প্র হর,
তাতএব তুমিও প্রবতীর আনন্দ পাবে না। তার পর হরপার্বতী
হিমালয়ের এক উত্তর্বতী শুন্গে তপস্যা করতে লাগলেন।

দেবতারা ব্রহ্মার কাছে গিরে বললেন, আমাদের সেনাপতিকে ধারা জন্ম দেবেন সেই লিব ও উমা এখন তপস্যা করছেন। এখন ষা কর্তব্য লোকহিতের জন্য তা কর্ন। ব্রহ্মা এই আশ্বাস দিলেন—অণিন থেকে আকাশগণ্যা মন্দাকিনীতে যে পরে জন্মাবেন তিনিই তোমাদের সেনাপতি হবেন। তখন দেবগণ কৈলাসে গিয়ে অণিনকে অন্বরোধ করলেন, তুমি শিবভেজ গণ্যায় নিক্ষেপ কর। তাঁরা গণ্যাকেও বললেন, দেবী, তুমি গর্ভধারণ করে দেবতাদের প্রিয়কার্য সাধন কর। শিবভেজ নিক্ষিণত হ'লে গণ্যা-বললেন, আমি দেখ হচ্ছি, এই তেজ আমার অসহা। তখন অণিনর উপদেশে গণ্যা হিমালয়ের পাশের্ব ভেজ পরিত্যাগ করলেন। সেই তেজঃ-প্রতিব স্বর্ণ রজত তাম লোহ সীসক প্রভৃতি ধাতু এবং একটি কুমার উৎপন্ন হ'ল।

দেবতাদের অন্রেথে কৃত্তিকা নক্ষরগণ সেই কুমারকে পালন করলেন সেজন্য তার নাম কার্তিকেয় হ'ল। তিনি ছ মুখ দিয়ে ষট্কৃত্তিকার স্তন্যপান করতে লাগলেন। গণ্যার গর্ভ থেকে স্কন্ন অর্থাং চ্যুত হয়েছিলেন ব'লে তার আর এক নাম স্কন্দ। এই কার্তিকেয় দেবসেনাপতি হয়ে দৈত্যসেনা জয় করেছিলেন।

১০। সগর রাজার উপাদ্যান

[সগ' ০৮-৪১]

গণ্গা ও কাতিকৈয়র কথা শেষ করে বিশ্বামিত রামের প্রেপ্রেষ সগর রাজার ইতিহাস বলতে লাগলেন।—

প্রাকালে অবোধার সগর নামে এক ধর্মান্বা রাজা ছিলেন। তাঁর জ্যোষ্ঠা মহিষী বিদর্ভরাজকন্যা কেশিনী, কনিষ্ঠা মহিষী কশাপের কন্যা ও গর্জের ভাগনী স্মাতি। প্রকামনার সগর দুই পত্নীর সংগা হিমালয়ে কঠোর তপস্যা করেন। শতবর্ষ পরে মহার্ষ ভৃগ্ন প্রীত হয়ে বর দিলেন, তোমার এক পত্নীর গর্ভে একটি বংশধর পত্র হবে, অপর পত্নীর ষাট হাজার কীতিমান উৎসহেশীল পত্র হবে। কেশিনী এক পত্রের এবং স্মতি বহু প্রের বর নিলেন।

যথাকালে কেশিনীর অসমগ্র নামক প্র হ'ল। স্মতি একটি তুম্বাকার পিণ্ড প্রসব করলেন, তা থেকে ষাট হাজার প্র নির্গত হ'ল। ধারীরা তাদের ঘ্তপ্র কলসে রেখে বিধিত করতে লাগল। তারা যথন বালক ছিল তখন জ্যেষ্ঠ অসমগ্র প্রতিদিন তাদের সরম্ব জলে ফেলে দিয়ে হাসত। কালজমে অসমগ্র দ্বর্তি ও অত্যাচারী হয়ে উঠল, সেজনা সগর তাকে নির্বাসিত করলেন। তার অংশ্মান নামে একটি প্রিয়ভাষী বীর্ষবান জনপ্রিয় প্র ছিল।

বহুকাল গত হ'লে সগর অশ্বমেধ যজ্ঞের আয়োজন করলেন। হিমানায় ও বিশ্বা পর্বতের মধ্যবতী দেশে এই যজ্ঞ অন্থিত হয়। ম্তি ধারণ করে সেই অংব অপহরণ করলেন। সগর তখন তার বাট হাজার প্রেকে আজা দিলেন, প্রসাদ, তোমরা প্রিবীর সর্বত্র গিরে এক এক বোজন পরিমিত স্থান অন্সম্থান কর। বতক্ষণ বজ্ঞান এবং তার চোরকে না পাও ততক্ষণ আমার আজ্ঞার প্রিবী খনন করে অন্সম্থান কর। আমি বজ্ঞে দীক্ষিত হরে পৌত এবং উপাধ্যায়গণের সংশ্য এইখানে বজ্ঞান্বের প্রতীক্ষার থাকব।

রাজপ্রেগণ সর্বাঃ অন্সম্পান ক'রেও অন্ব পেলেন না। তখন তারা প্রত্যেকে এক বর্গবোজন ভূমি শলে ও হল ন্বারা ভেদ করতে লাগলেন। বস্মতী আর্তনাদ ক'রে উঠলেন, নাগ রাক্ষ্য ও অস্বর্গণ প্রাণভরে চিংকার করতে লাগল। তখন দেবতা গন্ধর্ব প্রভৃতি ব্রহ্মার শরণাপান হয়ে বললেন, সগরসন্তানগণ সমগ্র প্রিবী খনন করছে, তাতে বহু প্রাণী বিনন্ট হছে। বজ্ঞান্বের অপহারক সন্দেহ ক'রে তারা সকলকেই বধ করছে। বহুমা বললেন, বাস্থেব এই বস্থার ন্বামী, তিনি এখন কপিল-রূপ গ্রহণ করেছেন। তার কোপাশিনতে সগরপ্রগণ ভঙ্গা হবে।

সগরপ্রগণ ফিরে গিয়ে সগরকে জানালে বে বজাশ্ব ও তার চোরকে কাথাও পাওয়া গেল না। সগর সরোধে বললেন, আবার তোমরা ধরাতল খনন কর, তোমাদের কৃতকার্য হাতেই হরে। এজপ্রগণ আবর খনন আরক্ষ করে এক স্থানে বিরপ্তাক্ষ নামক পর্ব ওকার নিগাগজ দেখতে পেলেন। এই হসতী পর্ব ও বন সামের ক্ষাস্ত প্রথিবী মক্তকে ধারে আছে, যথম সে গিরশ্চালনা এলে তথ্য ভূমিকাশ হয়। ওগরপ্রগণ তাকে সস্পায়রে প্রদিক্ষ করে র্যাভল ক্ষা চলতে লাগলেন এবং একে এটা মন্তাক্ষ করি র্যাভল ক্ষা করি চলতে লাগলেন এবং একে এটা মন্তাক্ষ ভারমার হলতে লাগলেন এবং একে এটা মন্তাক্ষ হারা ক্ষাত্র হারা ক্ষাত্র হারা বির্বাহ্য করিলাক্ষ্ নিশিক্ষ হারা মানুদ্দিবের বির্বাহ্য হারা ক্ষাত্র হারা বির্বাহ্য করিলাক্ষ্ নিশিক্ষ হারা স্থানিকার ক্ষাত্র হারা বাস্ত্রাহ্য হারা ক্ষাত্র হারা হারাহার হার

टिक छर सङ्ग्रहार रहाका तहानुष्य (क्षुत न्यू प्रम्) धरिनद्वसावमस्यक्षा स्टान्यका क्ष्मान्यका । धरिनद्वसावनक मरक्ष्मायका कर्क (क्ष्मका क्ष्मायका सम्बादार प्रश्तिक कृत्यन स्टान्यक स्टान्यका দ্মেশিকং হি সংপ্রাণতান্ বিন্ধি নঃ সগরাক্ষলান্। প্রায়ে তদ্ বচনং তেষাং কপিলো রন্দদন্য রোষেণ মহতাবিদ্যে হ্বোরমকরোত্তদা। ততদ্তনাপ্রমেরেণ কপিলেন মহান্দনা। ভদ্মরাশীকৃতাঃ সর্বে কাকুদ্রে সগরাক্ষলাঃ॥ (৪০।২৭-৩০)

— তাঁকে যজ্ঞানে বিশ্বর ক'রে সগরপ্রগণ ক্রোধব্যাকুলনয়নে ধনিত লাখ্যল এবং অনেক বৃক্ষ ও শিলা নিয়ে তাঁর প্রতি এই ব'লে ধাবমান হ'ল — তিন্ঠ তিন্ঠ, ওরে দ্বটব্যাম্থ, তুমি আমাদের যজ্ঞের তুরুণ্য হরণ করেছ; জেনো, আমরা সগরসন্তান। এই কথা লানে অমিতপ্রভাব মহাম্মা কপিল অতি ক্রোধাবিন্ট হয়ে হাংকার করলেন, তাতে সমস্ত সগরসন্তান ভদ্মরাশিতে পরিণত হ'ল।

প্রেদের ফিরতে বিশম্ব হচ্ছে দেখে সগর তাঁর পোর অংশ্যানকে বললেন, তুমি বাঁর এবং কৃতবিদা হয়েছ, এখন ধন, ও খড়া নিয়ে পিতৃব্যদের এবং অশ্বাপহারকের সম্থানে বাও। কৃতকার্য হয়ে ফিরে এসে আমার যক্ত সাধিত কর।

অংশ্যান যেতে যেতে পিতৃব্যগণের প্রশ্তুত ভূনিদ্দেশ একটি পদ্ধ দেখতে পেলেন। সেই পথে গিয়ে প্রথম দিগ্গজের সন্ধো তার সাক্ষাং হ'ল। সে বললে, অসমঞ্জপ্তে, তুমি কৃতকার্য হবে, শীঘ্রই যজ্ঞান্ব নিয়ে ফিরতে পারবে। অপর তিন দিগ্গজেও ওই কথা বললে। অবলেষে তিনি পিতৃব্যগণের ভঙ্মরাশির নিকট উপন্থিত হলেন এবং অন্বও দেখতে পেলেন। তখন তার পিতৃব্যগণের মাতৃল গর্ভ এসে তাঁকে বললেন, বার, শোক ক'রো না, তোমার পিতৃব্যগণ কপিলশাপে ভঙ্মীভূত হয়েছেন, তাঁদের মাতৃর ফলে জগতের মন্গল হবে। এ'দের লোকিক সলিলদান উচিত নয়, তুমি হিমালয়ের জ্যোন্টা কন্যা গণ্গার জলে এ'দের প্রেতকৃত্য সন্পাদন কর, তিনি এই ভঙ্মারাশি ক্ষাবিত করলে সগরতনয়গণ স্বর্গ-লোকে যাবেন।

অংশ্যান যজ্ঞাত নিয়ে ফিরে এসে পিতামহকে শোকসংবাদ এবং গরহের বকো জানালেন। সগর যথাবিধি যক্ত সমাপন ক'রে নিরস্তর

গুগ্গাকে আনবার কথা ভাষতে লাগলেন কিন্তু কোনও উপটে ক্রিব বর্ত ও পারলেন না। অবশেষে হিন্স হাজার বংসর রাজত্ব করবার পর বিশ্বি স্থতে গোলেন।

১৪। ভগীরখের গণ্যানয়ন

[সর্গ ৪২-৪৪]

সগরের মৃত্যু হ'লে প্রজারা অংশ্মানকে রাজপদে অধিতি তেন কিছ্কোল পরে অংশ্মান তাঁর প্রে দিলীপকে রাজ্যভার বি কর্মান গেলেন এবং সেখানে বিশ্বিশ হাজার বংসর তপস্যা ক'রে স্বর্গনিত ভারতে দিলীপ কেবলই ভারতেন, কি উপায়ে গণ্যার অবতর্গ তবং পিতামহদের উম্থার হবে। অবশেষে তিনি মনের দ্বেথে বার্নিত বিক্ত এবং প্রে ভগীরথকে রাজ্য দিয়ে ইম্মলোকে গেলেন।

ধর্মশীল রাজ্যর্ষ ভগারিথের সদতান ছিল না। তিনি মন্ত বিদ্যানি ভিলার রাজ্যচালনার ভার দিয়ে গোকর্ণ প্রদেশে গিয়ে গণ্যার ভারত করেন। সহস্র বংসর গত হ'লে রুপুর স্থানির তিনি সালার ভারত হলেন। সহস্র বংসর গত হ'লে রুপুর স্থানির তিনি সালার ভারতি বললেন, মহারাজ ভগারিথ, তোমার ভারতি প্রায়ে তিনি করিছে তিনি করিছে ভগারিথ বললেন, ভগবান, যদি প্রতি প্রায়ে তাবে এই বর দিন যেন আমি পিতামহগণের স্বর্গলাভেল ভিলি ভারতি ভারতি ভারতি ভারতি তার বললেন, তাবান আর এক বর ভারতি আমার সদতান হয়, ইক্ষরাকুকুল যেন লোপ না পায়। এইছা বললেন, তোমার মনোরখ পর্শে হবে। কিন্তু গণগার পতন প্রথিবী মান বলার পারবে না, তুমি তাঁকে ধারণ করবার জন্য মহাদেবকে নিয়ন্ত ভারতি

বহা চলৈ গেলে ভগারথ অধ্যক্তাগ্রে ধরতেলে ভর দিয়ে এক কে কঠোর তপদ্যা করলেন, তাতে পশ্মণিতি প্রতি হয়ে গ্রুগ্রে এই ক্রিড করতে সম্মত হলেন। তথন গণ্যা বিশাল আকার ধারণ বিশ্ব হিছিল থেকে দ্বংসহ বেগে শিবের মহন্তকৈ পড়তে লাগলেন বিশ্ব বিশ্ব বিশ্ব বিশ্ব হরেছে জেনে মহাদেব ক্রুন্থ হরে জ্টাম-ডলমধ্যে তাঁকে অবর্থে করলেন।
তখন ভগাঁরথ আবার তপস্যা করলেন, তাতে তুল্ট হয়ে মহাদেব গণগাকে
বিন্দ্রসরোবরের দিকে পরিত্যাগ করলেন। গণগা সম্ভ শ্রোতে বইতে
লাগলেন — পশ্চিমে হ্যাদিনী, পাবনী ও নলিনী, প্রে স্চক্ষ্র, সীতা
ও সিন্ধ্য, এবং সম্ভম শ্রোভ ভগাঁরথের পশ্চাতে। রাজ্যি ভগাঁরথ দিব্য
রথে আর্চ হয়ে আগে আগে যেতে লাগলেন। দেব্যি গন্ধর্ব বক্ষ ও
সিন্ধ্যণ দেখতে এলেন, বৃহৎ বিমান ও অন্বগজাদি আরোহণ করে
দেবগণও উপন্থিত হলেন।

जन्म्कृता एवननाः जयौत्र्रायाज्ञास्यः।

निम्कृता एवननाः जयौत्र्रायाज्ञास्यः।

नम्भावन् जिः मृत्रगरेनरम्वसः ठावत्राक्षमा ॥

माजामिकायियाकावि नामस्य ठ ठक्षास्यः॥

निम्न्यादात्रात्रगर्भारेनित्रीम ठ ठक्षास्यः॥

निम्न्यादात्रगर्भारेनित्रीम ठ ठक्षास्यः॥

निम्न्यादात्रगर्भारेनित्रीम ठ ठक्षास्यः॥

नामकादेवित्र विकर्ण्याकाम्यस्यः छम।

भावनादेवित्रवाकौर्यः गमस्य इरमम्भार्यः।

किन् प्रक्रित्र वाणि कृष्यिः किमाग्रव्यः॥

विनवः किम्न्व्वः किम् वाणि भरेनः भरेनः।

मानामित्र नामसः किम्न्यः।

भावनादेवित्रवाकौर्यः किम्न्याः।

स्रात्राद्धित्रवाकौर्यः गम्भाव वम्याः भ्रातः॥

सर्व्यस्थित्रभः गम्भाव वम्याः॥

— প্রিবীতে গণ্যার সেই আচর্ষ অবতরণ দেখবার জন্য যে দেবগণ এসেছিলেন তাদের উচ্জনে কান্তি এবং আভরণের প্রভায় মেঘশনো আক্রান নতস্বপ্রিকালের ন্যার শোভিত হ'ল। চন্তল নিশন্মার (১), সপ্র ও মংসা সকল উৎক্ষিত হওয়ার আকাশ যেন বিদাংখিচিত হ'ল। পান্তুনর্গ ফেনপ্রে সহস্রখন্ডে বিকীর্ণ হওয়ার বোধ হ'ল যেন হংস-ন্মাকীর্ণ শারদীয় মেরে আকাশ পরিব্যাশ্ত হয়েছে। গণ্যার প্রবাহ কোথাও দ্রতবেগে, কোখাও কুটিল গতিতে, কোখাও প্রসারিত বা সংকৃচিত

⁽১) च्च्का

হয়ে, কোথাও ধীরে ধীরে বইতে লাগল। কোনও স্থানে জলের সন্সে জলের সংঘর্ষ হ'ল, জলপ্রবাহ উধর্মপর্যে গিয়ে আবার ধরাতলে পড়ল।

মহাদেবের মাস্তকনিঃস্ত সেই পবিত্র জলধারার স্নান ক'রে ধরাতল-বাসী সকলেই তৃত্ত ও পাপম্ব হ'ল। গাধ্যার গমনপথের একস্থানে জার্মনি বজা করছিলেন। বজ্ঞস্থান জাবিত হওয়ায় তিনি জুন্ধ হয়ে গাধ্যার সমাস্ত জল পান ক'রে ফেলজেন। তথন দেবতা গাধ্বর্ণ ও থাবিগণ স্তব ক'রে জাহ্মকে বললেন বে গাধ্যা তার দ্বহিতা। জাহ্ম তার কর্ণরাধ্য দিরে গাধ্যাকে ম্বে করলেন। সেই অবধি গাধ্যার এক নাম জাহ্মবী হয়েছে।

গশ্যা পনের্বার ভগারিথের অন্যমন করতে লাগলেন এবং সাগরে উপস্থিত হরে রসাতলে প্রবেশ করলেন। ভগারিথ তাঁকে ভদ্মরাশির কাছে নিরে গেলেন। সেই ভদ্ম পবিত্র গণ্যাসলিলে স্পাবিত হওয়ার সসরস্তানগণ গতপাপ হরে স্বর্গে গেলেন।

তার পর ব্রহ্মা ভগাঁরখকে বললেন, তুমি যাট হাজার সগরপ্রকে গ্রাণ করলে, যত কাল সাগরে জল থাকবে তত কাল তাঁরা স্বর্গে বাস করবেন। এই গল্গা তোমার জ্যেন্টা দ্হিতা হবেন এবং তোমার নাম অন্সারে ভাগাঁরখাঁ নামে বিখ্যাত হবেন। ইনি তিন পথে(১) গোছেন এজন্য তাঁর আর এক নাম গ্রিপথগা হবে। তোমার প্রপ্রেষ্ব সগর অংশ্মান ও দিলীপের মনোরখ সিম্ম হয় নি, কিন্তু তুমি তোমার প্রতিজ্ঞা পালন ক'রে ম্মানী হায়েছ। এখন তুমি অবগাহন ক'রে শ্রিচ ও প্রণাবান হও এবং শিত্মণের সলিলক্রিয়া সম্পন্ন কর।

রহয় চ'লে গেলে ভগীরথ যথাবিধি পিতৃতপণ শেষ ক'রে স্বরাজ্যে ফিরে গেলেন।

३६। विश्वाला — कौरहालमन्थन — माङ्कणसङ छेश्लीख [मर्ग 86—89]

গশ্যাবতরণের বে আশ্চর্য কথা বিশ্বামিত্র বললেন তার বিষয় ভাবতে ভাবতেই রাম-লক্ষ্মণের রাত্তি কেটে গেল। প্রভাতে রাম বিশ্বামিতকে

⁽১) ন্দৰ্শ মতা পাতাল।

বললেন, আপনার আগমন শুনে উত্তম আশ্তরণযুক্ত একটি নৌকা নিয়ে খিষরা এসেছেন, আসনে আমরা গণ্যা পার হই। বিশ্বামিত নৌকাষোগে সকলের সংগ্য গণ্যার উত্তর তীরে এলেন। সেখান থেকে স্বর্গলোকতুলা রমণীয় বিশালা(১) প্রী নয়নগোচর হ'ল। সেই দিকে যেতে যেতে রাম জিল্ডাসা করলেন, এই বিশালায় কোন্ রাজবংশ থাকেন? বিশ্বামিত বললেন, আমি ইন্দের কাছে বিশালার কথা যা শ্নেছি তা বলছি।—

প্রাকালে সত্যথ্গে স্রগণ ও অস্বরগণ স্থির করলেন, আমরা বাদি
সম্ত পান করি তবে অজর অমর নিরাময় হ'তে পারব। অম্তলাভের
নিমিন্ত তারা মন্দর পর্বতকে মন্ধনদন্ড এবং বাস্বাককে রক্জ্ব ক'রে
ক্রিন্তি তারা মন্দর পর্বতকে মন্ধনদন্ড এবং বাস্বাককে রক্জ্ব ক'রে
ক্রিন্তি সম্পূর্ম মন্ধন করতে আরুভ করলেন। সহস্র বংসর মন্ধন হ'ল,
বাস্বাকি হলাহল বমন এবং দন্ত ন্বারা নিলা দংশন করতে লাগলেন।
তখন দেবাতারা তাহি তাহি রবে মহাদেবের শ্রণাপল্ল হলেন। সেই সময়ে
শৃংখতক্রধর হরি সেখানে এসে হাস্যমুখে শ্লেপাণিকে বললেন, প্রভু,
কাপনি স্বরগণের অগ্রগণ্য, মন্ধনের ফলে যে বিষ উঠেছে সেই অগ্রপ্রেলা
আপনিই গ্রহণ কর্ন। মহাদেব হলাহল পান করলেন। দেবাস্বরগণ
আবার মন্ধন আরুভ করলে মন্দর পর্বত পাতালে প্রবিষ্ট হ'ল। তখন
দেবতা ও গাধর্বদের প্রার্থনায় হ্বীকেশ বিষ্ট্ ক্র্মর্প ধারণ ক'রে মন্দর
পর্বত প্রেঠ নিয়ে সাগরতলে শয়ন করলেন।

আরও সহস্র বংসর মন্থনের পর দশ্ত-কমশ্তল্ম ধারণ ক'রে ধন্বন্তরি উত্থিত হলেন। তার পর অসংখ্য পরিচারিকার সন্ধ্যে অস্সরা সকল বহিগতি হ'ল। অপ্থেকে উদ্ভূত সেজন্য তাদের নাম অস্সরা।—

> ন তাঃ স্ম প্রতিগৃহঃন্তি সর্বে তে দেবদানবাঃ। অপ্রতিগ্রহণাদেব তা বৈ সাধারণাঃ স্মৃতাঃ॥ (৪৫।৩৫)

— বের দানব কেউ তাদের নিলে না, সেজন্য তারা সাধারণ স্থাীর্পে গণ্য হ'ল।

১১। বর্তমান বিশারা পরগনা, হাজিপার ও মঞ্জাছবপারের মধাবতা।

1

বর্ণস্য ততঃ কন্যা বার্ণী রঘ্নদ্দ।
উৎপপতে মহাভাগ্য মার্গমাণা পরিগ্রহম্যা
দিতেঃ প্রা ন তাং রাম জগ্যুব্রিণাআজাম্।
আদিতেস্তু স্তা বীর জগ্যুস্তামনিদ্দিতাম্যা
অস্বাস্তেন দৈতেয়ঃ স্রাস্তেন দিতেঃ স্তাঃ।
হ্ন্তাঃ প্রম্দিতাশ্চাসন্ বার্ণীগ্রহণাৎ স্রাঃয় (৪৫ ৩৬-৩৮)

— রঘ্নন্দন, তার পর বর্ণের কন্যা মহাভাগ্য বার্ণী(১) উঠে বাচনা করতে লাগলেন কে তাঁকে নেবে। দিতির প্রগণ তাঁকে নিলেন না, কিন্তু অদিতির প্রগণ সেই অনিন্দিভাকে নিলেন। সেজন্য দিতিপ্রেরা অস্বর এবং অদিতিপ্রেরা স্ব। বার্ণীকে গ্রহণ ক'রে স্বগণ হৃষ্ট ও প্রফ্লের হলেন।

তার পর উজৈ: শ্রবা অশ্ব, কোস্তৃত মাণ এবং অমৃত উত্থিত হ'ল।
সেই অমৃত অধিকারের নিমিন্ত এক পক্ষে দেবগণ এবং অপর পক্ষে অস্বর
ও রাক্ষসগণ ঘোর যুন্ধ করতে লাগলেন। তথন বিষ্ণু মায়াবলে মোহিনীমৃতি ধারণ করে অমৃত হরণ করলেন। যারা তাকে আক্রমণ করলে
তাদের তিনি নিম্পেষ্ডিক হ'র দিলেন। দেবগণ কর্তৃক বহু অস্ব নিহত
হ'ল। যুন্ধে জয়ী হয়ে ইন্দু তিলোক শাসন করতে লাগলেন।

দৈতামাতা দিতি নিহত প্রগণের শোকে কাতর হয়ে তাঁর ভূতা কশাপকে বললেন, আমি এমন এক প্র চাই যে ইন্দ্রকে বধ করতে পারবে। কশাপ বললেন, তাই হবে, তুমি যদি সহন্র বংসর শ্রিচ হয়ে থাকতে পার তবে তোমার এমন প্র হবে যে ইন্দ্রকে বধ করবে। এই কথা ব'লে হস্ত বারা দিতির দেহ স্পর্ণ ও মার্জনা ক'রে(২) স্বদিত ব'লে কশাপ তপসায় করতে গোলেন।

দিতি কুশালার নামক স্থানে দার্ণ তপস্যা আরম্ভ করলেন। ইন্দ্র নানা প্রকারে তাঁর পরিচর্যা করতে লাগলেন। অশিন কুশ কাঠি ভল ফলমলে, যা কিছু দিতি ইচ্ছা করতেন সমস্তই ইন্দ্র এনে দিত্তন এবং শুম

⁽১) স্রো। (২) গারে হতে ব্লিয়ে।

অপনয়নের জন্য তাঁর গাত্র সংবাহন (১) করতেন। ন-শ-নব্দই বংসর গত হ'লে দিতি হ্ন্ট হয়ে ইন্দ্রকে বললেন, আর দশ বংসর পরে তুমি তোমার দ্রাতাকে দেখবে। আমি তোমার বিনাশের নিমিত্ত বে পরে চেরেছিলাম তার সম্পেই তুমি নিবিবাদে নিশ্চিন্ত হয়ে তিলোকের আধিপত্য ভোগ করবে।

মধ্যাহকালে দিতি শয়ন ক'রে নিদ্রাগত হলেন। তিনি শব্যার মাধার দিকে পা এবং পায়ের দিকে মাধা রেখেছেন দেখে ইন্দ্র তাঁকে অনুচি বাধে ক'রে আনন্দে হাসলেন এবং তাঁর শরীরবিবরে প্রবেশ ক'রে বল্প ন্বারা গর্ভ সম্ত খড় করলেন। তখন গর্ভান্থ শিশ্র রোদন ক'রে উঠল, সেই শব্দে দিতি জাগরিত হলেন, ইন্দ্র 'মা রুদ মা রুদ'— কে'দো না কে'দো না ব'লে শিশ্রকে কাটতে লাগলেন। দিতি মেরো না মেরো না বলার ইন্দ্র বেরিয়ে এসে কৃতাক্ষলিপুটে বললেন, দেবী, আপনি মাধার দিকে পা রেখে অনুচি হ'রে শুরেছিলেন, সেই অবন্ধার আমার ভাবী হন্তাকে সম্ত খণ্ডে ছেদন করেছি, আমাকে ক্ষমা করুন।

দিতি অতানত দৃঃখিত হয়ে বললেন, আমার অপরাথেই গর্ভ সম্তথা খন্ডিত হয়েছে, তোমার দোষ নেই। এখন আমার এই সম্ভ প্রে দিবা রূপ ধারণ করে মার্ত নামে সম্ভ লোকে বিচরণ কর্ক। তুমি মা রুদ' বলেছিলে এজন্য এদের নাম মার্ত হ'ল। এই স্থির হওয়ার পর ইন্দ্র ও তার বিমাতা দিতি স্বর্গে প্রস্থান করলেন।

রাম, এই স্থানেই ইন্দ্র দিতির পরিচর্বা করেছিলেন। অলন্ব্যার গর্ভে ইন্দ্রাকুর বিশাল নামে এক প্রে হয়, সেই প্রে এখানে বিশালা প্রৌ নির্মাণ করেন। তাঁর বংশে ষথাক্তমে হেমচন্দ্র স্কুদ্র ধ্য়ান্ব স্ক্রয় সহদেব কুশান্ব সোমদন্ত কাকুন্দ্র ও স্মৃতি জন্মগ্রহণ করেন। এখন স্মৃতি এখানে রাজত্ব করছেন। আজ্ব আমরা এখানেই স্থে রাতিবাপন করব। কাল তুমি রাজা জনকের দর্শনলাভ করবে।

⁽১) হাত পা টেপা।

বিশ্বামিটের আগমন শ্লে মহারাজ স্মতি তাঁর উপাধ্যার ও বান্ধবগণের সপ্যে এসে সংবর্ধনা ক'রে বললেন, ম্নিবর, আপনার দর্শন পেরে ধন্য হয়েছি।

১৬। मिथिनाम अर्वन - अर्जात नानद्यान

[**अग** 84-82]

কুললপ্রদেনর পর স্মতি বিশ্বামিতকে জিল্লাসা করলেন, এই খল-ত্ল-কার্ম্ক-ধারী পশ্মপলাশলোচন নবয়বক দ্ই বীর কার প্রে? এ'রা র্পে অশ্বিনীকুমারতুলা, আকার-প্রকারে পরস্পরের সদৃশ, যেন দেবলোক যেকে দ্ই দেবতা ধরার এসে পড়েছেন। এ'রা কিজনা পদত্তজে এই দ্র্গম পথে এসেছেন?

বিশ্বামিত রাম-লক্ষ্যণের পরিচর দিলেন। রাজা স্মতি অতিশর বিশ্বিত হলেন এবং দশরতের দুই প্রেকে অতিথির্পে পেরে পরম সমাদরে তাদের যথোচিত সংকার করকেন।

সেই রাত্রি বিশালার বাপন ক'রে পর্যাদন বিশ্বামিত্র ও তাঁর সন্গিগগণ মিঘিলার উপস্থিত হলেন। রাম সেখানকার উপবনে এক প্রাতন নিজনি আশ্রম দেখে বিশ্বামিত্রকে প্রশন করলেন, এই ম্নিবজিত আশ্রমটি কার ছিল?

বিশ্বামির বললেন, পূর্বে এখানে গোতমের আশ্রম ছিল, তিনি এখানে অহল্যার সহিত বহু বর্ষ বাস করেছিলেন। একদা তিনি অন্যর গৈলে শচীপতি ইন্দ্র গোতমের বেশ ধারণ করে অহল্যার কাছে এসে সংগম প্রার্থনা করলেন। গোতমবেশধারী ইন্দ্রকে চিনতে পেরেও অহল্যা প্রমতিবশে সম্মত হলেন। তার পর তিনি ইন্দ্রকে বললেন,

> কৃতার্থান্যি স্বৈত্রেষ্ঠ গচ্ছ শীঘ্রমিতঃ প্রভো॥ আত্মানং মাং চ দেবেশ সর্বথা রক্ষ গোড়মাং। (৪৮।২০-২১)

— স্বেশ্রেষ্ঠ, আমি কৃতার্থ হয়েছি, শীঘ্র এথান থেকে চ'লে ধান, নিজেকে এবং আমাকে গোতমের ক্রোধ থেকে সর্বপ্রকারে রক্ষা করবেন। ইন্দ একট্ হেসে বললেন, আমি পরিতৃষ্টু ইরেছি, এখন স্বন্ধানে ফিরে বাছি। এই বলে তিনি গৌতমের ভরে শীন্ত কুটীর থেকে বেরিয়ে গেলেন। এমন সময় অনলতৃল্য তেজস্বী গৌতম স্নান করে সমিধ আর কুশ নিয়ে ফিরে এলেন। তাঁকে দেখে ইন্দের মুখ বিষাদগ্রন্থত হল। গৌতখ বললেন, ওরে দুর্মাতি, আমার রুপ ধারণ করে যে অকর্তব্য কর্ম করেছ তার জন্য তুমি নপ্তেসক হবে। গৌতম সরোবে এই কথা বলবামার ইন্দের অন্ড খসে পড়ল। তার পর গৌতম অহল্যাকে অভিশাপ দিলেন, দুফ্টারিগা, তুমি এই আশ্রমে অন্যের অদুশা হরে বায়ুমার ভক্ষণ করে অনাহারে ভস্মশ্বারে বহু সহস্র বংসর অনুতাপ করবে। বখন এই ঘার গলে দশরথপ্রে রাম আসবেন, তখন লোভ-মোহ বর্জন করে তাঁর আতিখা করবে। তাতে তুমি পবিত্র হয়ে প্রের্মণ পাবে এবং আমার সপ্তো মিলিড হরে। গৌতম এই বলৈ হিমালরে তপস্যা করতে চলে গেলেন।

অফলস্তু ততঃ শলে দেবান নিপ্রেগমান্॥
অন্তবাং ক্রন্তনয়নঃ সিম্পান্ধর্ব চারণান্॥
কুর্বতা তপসো বিঘাং গোতমস্য মহাম্বনঃ।
ভোষমংপাদা হি ময়া স্রকাষ্মিদং কৃতম্॥
অফলোহস্মি কৃতস্তেন কোধাং সা চ নিরাক্তা।
শাপ্মোকেণ মহতা তপোহস্যাপহ্তং ময়া॥
তথ্যং স্রবরাঃ সর্বে স্ফিলং ক্তুমহ্থা। (৪১।১-৪)

— প্রেয়েছহান ইন্দ্র চস্তনরনে অগ্নিপ্রম্থ দেবগণ ও সিন্ধ-গন্ধর্ব-চারণ (১) গণকে বললেন, আমি মহাত্মা গোতমের তপস্যার বিদ্যা এবং ক্রেধে উৎপাদন ক'রে দেবতাদের উপকার করেছি। তাঁর ক্রোধে আমি অফল (২) হয়েছি, অহল্যাও শাপগ্রন্ত হরেছেন। প্রবল অভিশাপ নিগতি করিয়ে আমি গোতমের তপ্স্যা নন্ট করেছি (৩)। আমি স্বেকার্য করেছি,

⁽১) পেবলেনি বিশেষ। (২) পর্বেষ-বা অণ্ড-হীন। (৩) নতুবা গোডয ৩োপ্রভাবে স্মলোক অধিকার করতেন।

অতএব, হে দেবতা ঋষি ও চারণগণ, আপনাদের সকলের উচিত আমাকে স্ফল(১) করা।

দেবতারা ইন্দের প্রার্থনা শন্নে অণ্নিকে প্রেরবর্তী করে পিতৃদেবগণের (২) নিকট গোলেন। অণ্নি বললেন, আপনাদের এই মেষের অণ্ড
আছে, কিন্তু ইন্দ্র অন্ডহনি হয়েছেন। আপনারা মেষের অণ্ড ইন্দ্রকে
দিন। মেষ ছিল্লান্ড হয়েও আপনাদের তুন্টিসাধন করবে। যারা আপনাদের
উন্দেশে ওইর্প মেষ উৎসর্গ করবে তারা অক্ষয় ফল পাবে। পিতৃগণ
সম্মত ইরে মেষান্ড উৎপাটিত করে ইন্দ্রের দেহে সংলান করলেন। সেই
অবধি শিতৃগণ ছিল্লান্ড মেষ ভোগ করে থাকেন। রাম, এখন তুমি
গোতমাশ্রমে এসে দেবর্গিণী অহল্যাকে তাণ কর।

রাম-লক্ষ্মণ বিশ্বামিতকে অগ্রবতী ক'রে আশ্রুমে প্রবেশ করলেন,

দদর্শ চ মহাভাগাং তপসা দ্যোতিতপ্রভাম্।
লোকৈরপি সমাগম্য দ্নিরীক্ষ্যাং স্বাস্বরৈঃ॥
প্রমারিমিতাং ধাতা দিব্যাং মায়াময়ীমিব।
ধ্যেনাভিপরীতাংগীং দীপ্তামাংশিলিখামিব॥
সত্যারাব্তাং সাদ্রাং প্রচন্দ্রপ্রভামিব।
মধ্যেংভসো দ্রাধর্ষাং দীপ্তাং স্থিভামিব॥
সা হি গৌতমবাক্যেন দ্নিরীক্ষ্যা বভূব হ।
তরাণামপি লোকানাং যাবন্ রামসা দর্শনম্।
শাপস্যাশ্তম্পাগম্য তেষাং দর্শনমাগতা ॥ (৪৯।১৩-১৬)

— এবং দেখলেন, তপস্যার প্রভাবে মহাভাগা অহল্যা দীশ্তপ্রভামরী হয়েছেন, মান্য এবং স্রাস্র সকলেরই তিনি দ্বিরীক্ষা। বিধাতা বেন অতি যক্সহকারে মায়ময়ী দিবা প্রতিমার্পে তাঁকে নির্মাণ করেছেন। তিনি ধ্মবেণিত দীশ্ত অণিনিশ্বার তুলা, তুষারপরিব্ত মেঘাব্ত প্রতিশ্বভার তুলা, জলমধ্যে প্রতিবিদ্বিত দ্ধর্ষ দীশ্ত স্থানপর তুলা। গোতম্বাপে তিনি রামের দর্শন পর্যন্ত তিলাকের

⁽১) **অভ্যক্ত।** (২) অভিনশ্যন্ত প্রভৃতি সাডেজন।

দ্নিরীক্ষা হয়েছিলেন, এখন শাপের অন্তে বিশ্বামিলাদির দ্ভিগৈচের হলেন।

রাম-লক্ষাণ সানন্দে অহল্যার পাদবন্দনা করলেন, অহল্যাও গোডম-বাকা অনুসারে সমাহিতচিত্তে তাঁদের সংবর্ধনা ক'রে পাদ্য অর্ঘা দিরে আতিথা করলেন। তখন প্রুপবৃদ্ধি এবং দেবলোকে দৃন্দ্রভিধনন হ'তে লাগল, গন্ধর্ব এবং অপসরারা উৎসবে রত হ'ল, দেবগণ সাধ্য সাধ্য ব'লে তপঃশৃন্দা অহল্যাকে সম্মান্ করলেন। গোডমও অহল্যার সহিত প্রনিমিলিত হয়ে সুখী হলেন।(১) রাম তাঁদের আতিথা গ্রহণ ক'রে সেখান থেকে জনকের রাজ্যে বাত্রা করলেন।

५९। बन्धि-दिन्दामित-दिरहारवह देखिहान

[मर्ग ६०--६५]

রাম-লক্ষ্মণ বিশ্বামিত্রের সন্ধ্যে উত্তরপূর্ব মুখে চলতে চলতে জনকের বজকেত্রে উপন্থিত হলেন। তারা দেখলেন, নানা দেশ থেকে বহু সহস্ত্র ব্যহমণ এসেছেন, খ্যিদের জন্য নির্দিষ্ট আবাসগৃহলি শৃত শৃত শকটে সমাকীর্ণ। রামের অনুরোধে বিশ্বামিত্র একটি নির্জন জলসমন্থিত স্থানে তাদের আবাসের ব্যবস্থা করলেন।

বিশ্বামিতের আগমনসংবাদ পেয়ে রাজা জনক তাঁর প্রোহিত শতানন্দ ও অত্বিকদের সন্দো এগিয়ে এসে সবিনয়ে সংবর্ধনা করলেন। কুশলপ্রনাদির পর জনক রাম-লক্ষ্মণের পরিচয় জানতে চাইলেন। বিশ্বামিত্র পরিচয় দিয়ে তাঁদের ভ্রমণব্তাম্ত আন্প্রিক বর্ণনা কর্মদেন।

া গোতমের জ্যেষ্ঠপ্তে শতানন্দ তার জননী অহল্যার শাপমোচন-সংবাদে অত্যন্ত আনন্দিত হলেন এবং রামের সপ্যে অহল্যা ও গোতমের সাক্ষাংকারের সমস্ত ব্রান্ত সাগ্রহে শ্নেলেন। অবশেষে তিনি রামকে

⁽১) এই ব্যান্ডে অহল্যার পারাগম্তিধারণ এবং রামের পাদস্পর্শে লাপম্ভিত কথা নেই। উত্তরকাণ্ডে নবম পরিচেছদে অহল্যার উপাধ্যান কিছু অন্যপ্রকার।

বললেন, নরশ্রেষ্ঠ, তোমার চেয়ে ধন্যতর কেউ নেই, কারণ অমিততেজা বিশ্বামিত তোমার রক্ষক। আমি এ'র ইতিহাস বলছি শোন।—

কুশ নামে এক রাজা ছিলেন, তিনি প্রজাপতির প্র । কুশের প্র কুশনাভ, তাঁর পরে গাণি, গাণির পরে এই মহামর্না। ইনি বহু সহস্র বর্ষ রাজাচালন করেছিলেন। একদা তিনি চতুরশ্গসেনা নিয়ে দেশ পর্যটন করে বশিশ্ঠের আশ্রমে উপস্থিত হন। সেই মনোরম স্থান দেখে বিশ্বামির অতিশর প্রীত হলেন এবং বশিশ্ঠের কাছে গিয়ে সবিনরে প্রণাম করলেন। বশিশ্ঠ তাঁকে স্বাগত জানিয়ে আসন ও ফলম্লা উপহার দিলেন। পরস্পর কুশলজিজ্ঞাসা ও বহুক্ষণ আলাপের পর বশিশ্ঠ সহাস্যে বললেন, আমি সৈন্যদলসহ আপনার আতিথ্য করতে চাই, কারণ আপনি রাজা, অতিথিশ্রেন্ঠ, এবং স্থান্ত প্রকার। বিশ্বামিত উত্তর দিলেন,

ফলম্লেন ভগবন্ বিদ্যতে ষত্তবাশ্রমে।
পাদ্যেনাচমনীয়েন ভগবন্দর্শনেন চঃ।
সর্বাধা চ মহাপ্রাক্ত প্রাহেণি স্প্রিকতঃ।
নমন্তেহস্তু গমিষ্যামি মৈতেণেক্ষণ্ড চক্ষ্যা। (৫২।১৬-১৭)
— ভগবান, এই আ্শুমের ফলম্ল পাদ্য ও আচমনীয় পেয়ে এবং

— ভগবান, এই আশ্রমের ফলম্পে পাদ্য ও আচমনায় পেয়ে এবং প্রেনীর আপনার দর্শনলাভ ক'রে আমি সর্বত্যেভাবে সংকৃত হয়েছি। আপনাকে নমস্কার, আমি এখন খাব, আমাকে স্নেহের চক্ষে দেখবেন।

বিশ্বমিত সম্বত হলেন। তখন বিশিষ্ঠ তাঁর বিচিত্রবর্ণা কামধেনকৈ আহনেন ক'রে বললেন, শবলা(১), আমি সদৈন্য রাজা বিশ্বমিতের সংকার করতে চাই, তুমি উত্তম ভোজনের আয়োজন কর। ষড়্রসের বে বা চার, এবং অন্ন পানীর লেহা চ্যা প্রভৃতি সর্বপ্রকার ভোজ্য তুমি স্থিকর।

কামপ্রদায়িনী শবলা ইক্ষ্য, মধ্য, লাজ(২), উৎকৃষ্ট মদ্য, মহার্মা পানীয়, বহুপ্রকার ভক্ষ্য, পর্বতপ্রমাণ উষ্ণ অল্লরালি, পায়স, স্পু(৩)

⁽১) অনা নাম স্বভি। (২) খই মুড়ি ইত্যাদি। (০) দাল।

দধিকুল্যা (১), এবং খণ্ডেব (২) পর্ণ অসংখ্য রজতময় ভোজনপার সৃষ্টি করলে। বিশ্বামির তাঁর মন্ত্রী, ভূতা এবং সৈন্যদলসহ সেই আহার্য উপভোগ ক'রে অতিশয় তুপ্ট হয়ে বাল্প্টকে বললেন,

> প্জিতোহহং ধরা ব্রহান্ প্জাহেণি স্মংকৃতঃ। শ্রহামতিধাস্যামি বাকাং বাকাবিশারদ॥ গবাং শতসহস্রেণ দরিতাং শবলা মম। রহং হি ভগব্যেতদ্ রহহারী চ পাথিবিঃ॥ তদমাশ্যে শবলাং দেহি মুনেষা ধর্মতো শ্বিজ। (৫৩।৮-১০)

— হে বাক্পট্ বিপ্র, সম্চিত উপচারে আপনি আমার সংকার করেছেন, এখন একটি কথা বলব শ্নন্ন। শতসহস্র ধেন্রে বিনিময়ে আমাকে শবলা দিন। এই ধেন্ব একটি রক্স, আর রাজারাও রক্সহারী। শবলা ধর্মত আমারই, অতএব আমাকে দিন।

বশিষ্ঠ উত্তর দিলেন, শতসহস্র বা শতকোটি ধেন, বা রাশি রাশি রজত পেলেও আমি শবলাকে দেব না। এই শবলা থেকেই আমার হবা, কবা (৩), প্রাণবাত্রা, অণিনহোত্রাদি নির্বাহ হয়। বিশ্বামিত বললেন, স্বর্ণময় ক'ঠাভরণযুক্ত বহু, গজ, শেবতবর্ণ-চতুরশ্বযোজিত বহু, স্বর্ণরথ, বহু, উত্তমজাতীয় অশব, নানা বর্ণের কোটি ধেন, এবং স্বর্ণ বা রক্ত ষত চান সব দেব, আমাকে শবলা দিন।

বিশিষ্ঠ তাতেও সম্মত হলেন না, তখন বিশ্বামিত শ্বলাকে সবলে টেনে নিয়ে চললেন। রাজ্যভ্তাদের হাত থেকে সবেগে বিচ্ছিল্ল হয়ে শ্বলা বিশিষ্ঠের পাদম্লে পাড়ে সরোদনে বললে, প্রভু, আপনি কি আমাকে পরিতাগে করলেন তাই রাজভ্তোরা আমাকে নিয়ে যাচছে? বিশিষ্ঠ বললেন, আমি তোমাকে ত্যাগ করি নি, তুমিও কোনও অপরাধ কর নি। এই বলোন্মন্ত রাজা তোমাকে জোর করে নিয়ে যাচ্ছেন, ইনি প্রথবিপিতি, অক্ষেহিণী সেনা এর সপ্যে রয়েছে। আমার বল এর ত্লা নয়।

⁽১) দইএর নদ? অর্থাৎ দাধপ্ত পার। (২) মিছবি অথবা খাঁড় গড়ে।

⁽c) পিতৃ**লো**হকে দেখ অম।

শ্বলা বললে, আপনিই অধিক বলশালী, কারণ ক্ষরবল অপেকা শ্বহাবল শ্রেষ্ঠ। আপনি অনুমতি দিন, আমি গ্রহাবলে এই দ্রাথার দর্প, বল, চেন্টা নন্ট করব। বশিষ্ঠ বললেন, তবে তুমি দৈনা সৃষ্ট কর। শবলা হুম্ভা রব করবামাত্র শত শত পহাব দৈনা উৎপন্ন হয়ে বিম্বামিতের দৈনা বধ করতে লাগল। বিশ্বামিত অতান্ত জুম্ধ হয়ে বিবিধ অন্তে পহাবসৈনা বিনন্ট করলেন। শবলা শক ও যবন দৈনা সৃষ্ট করলে কিন্তু তারা বিশ্বমিতের অস্টাঘাতে আকুল হ'ল। তথন শবলার হুকোর থেকে কন্বোজ, স্তন থেকে বর্বর, যোনি থেকে যবন, মলম্বার থেকে শক এবং রোমক্প থেকে কিরাত ও হারীত দৈনা উৎপন্ন হয়ে বিশ্বামিত্রের অন্ব গজ রথ পদাতি সমন্ত বিনন্ট করলে। এই দৈনানিধন দেখে বিশ্বামিত্রের শত পত্র নানাবিধ আয়ুধ নিয়ে বশিষ্ঠের প্রতি ধাবমান হলেন, বশিষ্ঠ এক হুংকারে তাঁদের ভঙ্গ্ম করে ফেললেন।

সমনত সৈন্য সহ নিজ প্রেদের বিনাশ দেখে বিশ্বামির নিশ্বরণা সম্দ্র, ভানদণ্ড সর্প এবং রাহ্মসত আদিত্যের ন্যায় নিজ্পত নির্ংসাহ ও চিন্তাবিল্ট হলেন, এবং অবশিল্ট একমার প্রেকে রাজ্য দিয়ে হিমালয়ে সিরে মহাদেবের আরাধনা করতে লাগলেন। কিছুকাল পরে মহাদেব প্রসাম হয়ে বললেন, রাজা, কি বর চাও বল। বিশ্বামির বললেন, মহাদেব, বাদ তৃষ্ট হয়ে থাকেন তবে সাজ্যোপাণ্য মন্তেব সহিত সরহস্য ধন্বেদ আমাকে দার কর্ন; দেব, দানব, মহার্দি, গাধ্ব, যক্ষ, রাজ প্রভৃতির বত অস্ত্র আছে সমন্ত যেন আমার আর্ত্ত হয়। নহাদেব তাই হ'ক ব'লে চলে গেলেন।

বরলাভ করে বিশ্বনিত মহাদর্শে জাহবে ব্রিশ্যের আহমে এসে অন্তর তেজে তপোবন দাধ করতে লাগলেন। সাগ্রমবাসী সকলেই ভয়ে পলায়ন করলেন। ব্রিশ্য বার বার হলপেন, বা পেরের না, ভাস্কর বৈমন নীধার ধর্মে করেন আমি তেমনই গাধিপ্রকে বিনন্ধ করব। এই ব'লে বিশ্বম কলোশিন নারে হাম্প্র দিবভীয় ব্যাহত পুলা বহামণ্ড উদাত ব্যাহন।



বিশ্বামির বশিষ্ঠকে তিন্ট তিন্ট ব'লে আন্দেরাস্য নিক্ষেপ করলেন।
বশিষ্ট বললেন, ওরে ক্ষরিয়কুলকলন্দ, তোমার কত বল আছে দেখাও,
রহাবলের কাছে তোমার ক্ষরিয়বল কিছুই নর। এই ব'লে তিনি
রহাদণ্ড শ্বারা আন্দেরাস্য নিবারিত করলেন। তখন বিশ্বামির বার্ণ,
রৌদ্র, ঐন্দ্র, পাশ্পত প্রভৃতি বিবিধ অস্য নিক্ষেপ করতে লাগলেন কিন্তু
বশিষ্টের রহাদণ্ডের প্রভাবে সমস্ত নিরস্ত হ'ল। অবশেষে বিশ্বামির
রহাদ্য নিক্ষেপ করলেন, তা দেখে দেবতা মহর্ষি গন্ধর্ব প্রভৃতি সকলে
সন্দ্রত হলেন। বশিষ্ট রহাতেজামের রহাদণ্ড শ্বারা বিশ্বামিরের
রহাদ্য নিরাকৃত করলেন।

ম্নিগণ তখন বশিষ্ঠকে বসলেন, মহাবল বিশ্বামিত নিগ্হীত হয়েছেন, আপনি ব্রহাদণ্ড সংবরণ কর্ন। বশিষ্ঠ তখন ক্ষান্ত হলেন।

विश्वािमव मीयीनःश्वाम त्यत्न वलत्नन,

ধিগ্ বলং ক্ষতিরবলং বহাতেজাবলং বলম্। একেন বহাদেশতন সর্বাস্তাণি হতানি মে॥ তদেতং প্রসমীক্ষ্যাহং প্রসঙ্গেক্তিরমানসঃ। তপো মহং সমাস্থাস্যে বদ্ বৈ বহাত্বকারণম্॥ (৫৬।২৩-২৪)

— ক্ষাত্রিয়বলকে ধিক, ব্রহ্মতেজামের বলই বল। এক ব্রহ্মদণ্ড স্বারাই আমার সকল অস্ত্র নন্ট হ'ল। অতএব এই অবধারণ ক'রে প্রসম্নমনে ইন্দ্রিয়সংযম ক'রে আমি মহৎ তপস্যা করব, যাতে ব্রহ্মণ্ড লাভ হয়।

১৮। तिनम्बूत উপाधान

[সর্গ ৫৮—৬০]

বিশ্বামিত আপনার নিগ্রহের বিষয় ভেবে অত্যন্ত সন্তপ্ত ও বৈরভাবাপন্ন হয়ে মহিষীর সন্ধো দক্ষিণ দিকে গোলেন এবং কঠোর তপস্যা আরম্ভ করলেন। এই সময় তাঁর চারটি প্ত জন্মেছিল— হবিষ্পন্দ, মধ্যুপন্দ, দ্যুনেত ও মহারখ। সহস্র বংসর পরে ব্রহ্মা এসে বললেন, তুমি তপোবলে রাজবিলাক জন্ম করেছ, আমরা তোমাকে রাজবিহি বলব। ব্রহ্মা চ'লে গেলে বিশ্বামির অতাশ্ত দ্বংখিত হয়ে ভাবলেন, আমি কঠোর তপস্যা করেছি তব্ দেবতা ও ক্ষিণণ আমাকে শ্বধ্ রাজবি জ্ঞান করলেন; মনে হছে তপস্যার ফল কিছ্ নেই। তার পর আবার তিনি তপস্যায় রত হলেন।

এই সময়ে বিশক্ত্ নামে ইক্ষাকুবংশীর এক রাজা ছিলেন। তাঁর এই আকাক্ষা হ'ল — আমি যজের প্রভাবে সশরীরে দেবলোকে বাব। তিনি বশিষ্ঠ (১')কে ভেকে তাঁর ইচ্ছা জানালেন, কিন্তু বশিষ্ঠ বললেন, তা অসাধা। বিশক্ত্ তথন দক্ষিণ দিকে গেলেন বেখানে বশিষ্ঠের শত-পরে তপাস্যা কর্রছিলেন। তাঁরা বিশক্ত্র প্রার্থনা শানে বললেন, দাবাদিধ, আমাদের ,পিতা তোমাকে প্রভ্যাখ্যান করেছেন, এখন আবার অন্যের কাছে এসেছ কেন? ইক্ষাকুগণের গার্রই পরম গতি। সত্যবাদী বশিষ্ঠ বা অসাধ্য বলেছেন তা আমরা কখনও করতে পারব না, তুমি স্বাস্থানে ফিরে বাও।

বিশন্ত ক্রন্থ হয়ে বললেন, গ্রের্ এবং গ্রের্প্র সকলেই আমাকে প্রত্যাখ্যান করলেন, এখন আমি অন্যর চেষ্টা করব। তপোধন, আপনাদের ভাল হ'ক। ঋষিপ্রগণ বিশষ্ক্র এই মতিগতি ব্বে ক্রন্থ হয়ে শাপ দিলেন—তুমি চণ্ডাল হও।

রাবি অতীত হ'লে বিশস্কু চণ্ডালের রূপ পেলেন — নীন(২)
কর্কশ দেহ, নীল বৃদ্ধ, থব কেশ, গলায় শ্মশানমালা, অগে লোহের
আভরণ। তাঁর মন্তিগণ এবং পোরজন তাঁকে তাল ক্ষেণ চলে গেল।
বিশস্কু তথন বিশ্বমিত্রের শরণাপন্ন হয়ে বললেন,

প্রত্যাখ্যাতোহ্যি গ্রহণা গ্রহণ কৈদতখের দঃ অন্তর্গার তং কামং ময়া প্রশেতা বিপায়রঃ ! সমবীরো দিবং বারামিতি মে সৌমাদ্র্যায়

⁽১) रेक्टा-्दरनीय अक्स डाकार्ट- कुलग्नाजु राध विश्वकः

⁽২) নীকার অর্থ কৃষ্ণ হ'তে প্রা

ময়া চেন্টং ক্রত্শতং তচ্চ নাবাপ্যতে ফলম্।
অন্তং নোন্তপ্রেং মে ন চ বক্ষ্যে কদাচন॥
কৃচ্ছে ভ্রমিপ গতঃ সৌমা ক্ষরধর্মেণ তে শপে।
যক্তৈর্ব্রিধৈরিন্টং প্রজন ধর্মেণ পালিতাঃ॥
গ্রবন্চ মহাম্মানঃ শীলব্তেন তোষিতাঃ।
ধর্মে প্রযতমানস্য যক্তং চাহতুমিচ্ছতঃ॥
পরিতোষং ন গচ্ছান্ত গ্রেবো ম্নিপ্ংগব।
দৈব্যেব পরং মন্যে পোর্ষং তু নির্থক্ষ্য্ম। (৫৮।১৭-২২)

— হে সৌম্যদর্শন, গ্রের্ ও গ্রের্প্তেরা আমাকে প্রত্যাখ্যান করেছেন।
সশরীরে স্বর্গে যাব এই আমার কামনা, কিন্তু তা সিম্প না হয়ে আমার
বিপরিণাম ঘটেছে। আমি শত যক্ত করেছি কিন্তু তার ফল পাই নি।
প্রে কখনও অসত্য বলি নি, ক্ষাত্রধর্মের শপথ করে বলছি — কন্টে
পড়লেও অসত্য বলব না। বহুবিধ যক্ত করেছি, ধর্মান্ত্রসারে প্রজাপালন
করেছি, গ্রেক্তনকেও সদাচারে তুল্ট করেছি। আমি ধর্মসাধন এবং
যক্তরসম্পাদন করতে ইচ্ছা করি, কিন্তু গ্রের্রা তাতে অসন্তুল্ট। এখন
মনে হচ্ছে দৈবই প্রবল্, প্রের্ষকার নিরপ্তি।

বিশ্বামিত্র ত্রিশঙ্কুকে আশ্বাস দিয়ে বললেন, আমি তোমার যন্ত্র সম্পাদন করব, তুমি সশরীরে স্বর্গে যেতে পারবে। বিশ্বামিত্রের আদেশে তার পর্তাগণ যন্ত্রের আয়োজন করতে লাগলেন এবং শিষ্যাগণ চতুদিকৈ ঋষি এবং ঋষিকদের আহ্বান করতে গেলেন।

শিষ্যেরা ফিরে এসে জানালেন, সর্ব দেশের ব্রাহমণরা আসবেন, কেবল মহোদয় নামক খবি এবং বশিষ্ঠের শতপত্ত আসবেন না। তারা মহাক্রোধে এই কথা বলেছেন,

ক্ষতিয়ো যাজকো যস্য চ ভালস্য বিশেষতঃ॥ কথং সদসি ভোক্তারো হবিস্তস্য স্বর্ধয়ঃ। (৫৯।১৩-১৪)

— যার যাজক ক্ষতিয়, বিশেষত যে চণ্ডাল, তার যজ্ঞসভায় দেবতা ও ক্ষিগণ কি করে হবি ভোজন করবেন? বিশ্বামিত রুণ্ট হয়ে অভিশাপ দিলেন, বে দ্রাত্মারা এ কথা বলেছে তারা নিশ্চয় ভঙ্গীভূত হবে। তারা সাত জ্বন্ম কদাচারী কুরুরমাংসভোজী চন্ডাল হয়ে দুর্গতি ভোগ করবে।

বিশ্বামিত শ্বয়ং যাজক হয়ে যথাবিধি বজ্ঞ আরন্ড করলেন, কিন্তু বহুকাল গত হ'লেও কোনও দেবতা যজ্ঞভাগ নিতে এলেন না। তখন বিশ্বামিত সরোধে সূত্র (১) উত্তোলন ক'রে তিশুকুকে বললেন, তুমি আমার তপস্যার শক্তি দেখ। সশরীরে শ্বর্গপ্রাণিত দ্লাভ, কিন্তু আমি তপস্যার শ্বারা যা কিছু ফল অর্জন করেছি তার প্রভাবে তুমি শ্বর্গে যাও।

বিশ্বামিষ্ট এইর্পে বললে ম্নিগণের সমক্ষে চিশুকু সশরীরে স্বর্গারোহণ করলেন। তখন দেবগণসহ ইন্দ্র তাঁকে বললেন,

> ত্রিশক্ষে গচ্ছ ভূয়দ্বং নাসি দ্বগ্রুতালয়ঃ॥ গ্রুশাপহতো মড়ে পত ভূমিমবাক্শিয়াঃ। (৫৯।১৩-১৪)

— বিশম্কু, ফিরে যাও, তুমি স্বর্গবাসের অধিকার পাও নি । মড়ে, তুমি স্বেশাপে আক্রান্ত, মাথা নীচু-ক'রে ভূমিতে পড়।

বিশব্দ তাহি তাহি রবে পড়তে লাগলেন। বিশ্বমিত ক্রোধাবিত হারে
বললেন, তিত তিতা। তথন তিনি দক্ষিণ আকাশে অপর এক সংতার্থমাডল ও নক্ষরসমূহ সৃত্তি কারে বললেন, আমি অনা ইন্দ হারিটা ক্ষরত
অথবা জগং ইন্দ্রহীন হবে। তিনি দেবতাও সৃত্তি করতে নার্থেলর পর
বেবল্যে স্বাস্ত্র ও অধিগণের সংগে বিশ্বমিত্রের বাদান্বাদের পর
দেবগণ বললেন, মানিশ্রেণ্ঠ, আপনি যা চান তাই হবে, আকাশে
জ্যোতিশ্চক্রের বহির্দেশে আপনার সৃত্ত নক্ষরসমূহ থাকবে, তার মধ্যে
অথঃশিরা(২) তিশ্রু দেবতুলা হয়ে জ্যোতির্মায় রুপ ধারে অবস্থান
করবেন, নক্ষরগণ তাঁকেই অনুসরণ করবে।

তখন বিশ্বামিত্র দেবগণের বাকো সম্মতি দিলেন।

⁽১) **যজ্ঞা**ণনতে ঘৃতনিক্ষেপের **জন্য একরক**ম হাতা।

⁽২) যাব মাথা নীচের দিকে।

১১। শ্নঃলেপের উপাধ্যান

[সর্গ ৬১--৬২]

দেবগণ ও থাষিগণ চ'লে গেলে বিশ্বামিত্ব তাঁর তপোবনবাসী ম্নিদের বললেন, ত্রিশঙ্কু দক্ষিণ দিকে অবস্থান করাতে এখানে আমাদের তপস্যার বিদ্যা হবে। চল, আমরা পশ্চিম দিকে প্রক্ষরতীর্থে যাই। এই ব'লে বিশ্বামিত্ব প্রক্ষরতীর্থে গিয়ে কঠোর তপস্যা আরুভ করলেন।

তংকালে অযোধ্যার রাজা অন্বরীষ এক যন্ত্র করছিলেন। ইন্দ্র তাঁর যন্ত্রের পদা হরণ করলেন। অন্বরীষের পার্রাহত বললেন, মহারাজ, আপনার দোষে পদা অপহাত হরেছে, যে রাজা রক্ষা করতে পারেন না তিনি দোষগ্রুস্ত হয়ে বিনন্দ্র হন। এখন যন্ত্রারুস্তের প্রেই সেই পদা অন্বেষণ করে নিয়ে আদান, নতুবা প্রায়াশ্চন্তস্বর্প একটি মান্য এনে দিন। অন্বরীষ পদার সম্পানে বহু দেশে গিয়ে অবশেষে ভ্গাত্তুপো উপাস্থিত হলেন। সেখানে ভার্যা ও পারগণসহ মহর্ষি ঋচীক(১)ছিলেন। কুশল জিজ্ঞাসার পর অন্বরীষ বললেন, আমার যজ্ঞীয় পদা অপহাত হয়েছে, কোথাও পাওয়া গেল না। আপনি যদি লক্ষ ধেনা নিয়ে আপনার এক পারকে বিক্রয় করেন তবে কৃতার্থ হব। ঋচীক উত্তর দিলেন, আমার ফোণ্ঠপারকে বিক্রয় করতে পারি না। তাঁর পদ্বী বললেন, আমার স্বামী জ্যোন্ঠপারকে দেবেন না, কিন্তু কনিন্ঠ পাত্র আমার প্রিয়, তাকেও আমি দিতে পারি না—

প্রায়েণ হি নরপ্রেষ্ঠ জ্যেষ্ঠাঃ পিতৃষ্ বল্লভাঃ। মাতৃণাং চ কনীয়াংসম্তস্মাদ্ রক্ষ্যে কনীয়সম্॥ (৬১।১৯)

— নরশ্রেষ্ঠ, জ্যোষ্ঠপত্রে প্রায়ই পিতার প্রিয় হয় এবং কনিষ্ঠ মাতার প্রিয় হয়, সেজন্য আমি কনিষ্ঠকে রক্ষা করতে চাই।

তথন মধ্যমপ্র শ্নঃশেপ অম্বরীষকে বললেন, মহারাজ, পিতা জ্যোষ্ঠকে এবং মাতা কনিষ্ঠকে অবিক্রেয় বললেন। আমি মধ্যম, আমাকেই

⁽১) ইনি বিশ্বামিতের ভগিনীপতি, একাদশ পরিচ্ছেদের শেষে যার উত্তের আছে। পরশ্রম এ'র পোঁচ।

নৈয়ে যান। অন্বরীষ বহু স্বর্ণ রক্ন ও ধেন্র পরিবতে শ্নঃশেপকে নিয়ে চ'লে গেলেন।

মধাহকালে তারা প্রকরতীর্থে বিভাম করছিলেন। এমন সমর
দ্নালেপ তার মাতৃল বিশ্বামিতকে দেখতে পেলেন। শ্নাংশেপ তৃষ্ণার
এবং পদ্মান কাতর হরে বিশ্বামিতের ক্রোড়ে পতিত হয়ে বললেন, আমার
মাতা পিতা জাতি বাশ্বর কেউ নেই, আপনি আমাকে রক্ষা কর্ন। যাতে
রাজা অন্বরীষ কৃতকার্য হন এবং অ্যামিও দীর্ঘায় হয়ে তপস্যা করে
নিবে পারি তার উপায় কর্ন। দ্নাংশেপকে সাশ্বনা দিয়ে
বিশ্বামিত তার প্রদের বললেন, এই বালক ম্নিপ্ত আমার শরণাগত,
তামরা যজের পশ্ব হয়ে এর প্রাণ রক্ষা কর।

বিশ্বামিত্রের প্রেরা উপহাস ক'রে বললেন, নিজ প্রদের ত্যাগ ক'রে আপনি অন্যের প্রেকে ত্রাণ করতে চান, এই কার্য ক্র্রেয়াংসভোজন তুল্য গহিত। বিশ্বামিত্র সক্রেধে অভিশাপ দিলেন, তোমরা বাণতের প্রেগণের ন্যার পতিত হয়ে কুরুরমাংস খেয়ে সহস্র বংসর যাপন কর। তার পর তিনি শ্নংশেপকে দ্টি নিব্য গাখা শিখিয়ে দিলেন।

অশ্বরীষ বস্তান্থানে এসে শ্নাংশেপকে রম্ভবন্দ পরিয়ে যুপকাধ করে দিলেন। শ্নাংশেপ বিশ্বামিটের শিক্ষা অনুসারে অভিনয় দত্র করে ইন্দ্র ও বিকরে উদ্দেশে গাখা গান করলেন। তথন ইন্দ্র কুল্ট করে শ্নাংশেপকে দীর্ঘ আরে দিলেন এবং অন্বরীষ্ঠ যক্ত সমাণ্ড করে ইন্দ্র ও লাভে এনাং বিদ্যান্থ বিজ্ঞান প্রেন। (১)

২০। বিশ্বামিতের রাহ্যবছলাড

[সগ ৬৩—৬৫]

প্রকরতীর্থে বিশ্বামির সহস্র বংসর তথ্যা করার পর রহনা প্রিসদের সংখ্য এসে তাঁকে বললেন, তুমি তোমান কর্মের প্রভাবে ক্ষি

⁽১) ঐতক্ষে ও কোঁবীতকি রহোগে শ্নংশেগ (বা শ্নংশেফ এর উপাধান বিনক্ষ।

হলে, তোমার মধ্যল হ'ক। দেবতারা চ'লে গেলে বিশ্বামিত পনেব'রি তপস্যায় রত হলেন। এইর্পে বহুকাল গত হ'ল।

একদা মেনকা প্ৰেকর সরোবরে স্নান করতে এপেন। বিশ্বামিট মোহিত হয়ে তাঁকে বললেন, অস্পরা, তুমি আমার আশ্রমে বাস কর; আমি কামবিমোহিত, আমার প্রতি অন্ত্রহ কর। মেনকা সম্মত হলেন।

বিশ্বামিত্রের তপস্যায় বিদ্যা হ'তে লাগল। দশ বংসর পরে তিনি
লাজায় ও অন্শোচনয়ে কাতর হয়ে ভাবলেন, দেবতারাই আমার এই
তপোহানি করেছেন। তিনি অন্তগত হয়ে দীর্ঘনিঃশ্বাস ফেলতে
লাগলেন। মেনকা ভয়ে কম্পিত হয়ে কৃতাঞ্চলিপ্টে তার কাছে দাঁড়িয়ে
রয়েছেন দেখে তিনি তাঁকে মিন্টবাকো বিদায় দিলেন এবং উত্তর পর্বতে
গিয়ে কৌশিকীতীরে কঠোর তপস্যা করতে লাগলেন। দেবগণ ভয় পেয়ে
রহ্মাকে বললেন, বিশ্বামিত্র মহর্ষি হ'তে চান, আপনি তাঁর ইচ্ছা প্র্
কর্মন। ব্রহ্মা বিশ্বামিত্রের কাছে এসে বললেন, মহর্ষি, তোমার তপস্যায়
তুল্ট হয়েছি, তোমাকে মহত্ত্ব ও মুখ্য ক্ষির পদ দিলাম।

বিশ্বামিত প্রণত হয়ে বললেন, ভগবান, আপনি আমাকে সর্বপ্রেণ্ঠ ব্রহমধি নামে সম্বোধন করলেন না। তাতে ব্রেছে আপনি এখনও আমাকে জিতেনিয়ে জ্ঞান করেন না।

রহাা উত্তর দিলেন, যতক্ষণ জিতেন্দ্রিয় না হচ্ছ ততক্ষণ করি না।
মানিশ্রেণ্ঠ, তুমি চেণ্টা করতে থাক। এই বলে ব্রহাা দেবগণের সপে চলে
গেলেন, বিশ্বামিত্র আবার ঘোরতর তপদ্যায় নিমণ্ন হলেন। এইর্পে
সহস্র বংসর কেটে গেল।

ইন্দ্র ভীত হয়ে অপ্সরা রুভাকে বললেন, তুমি বিশ্বামিত্রকৈ প্রলোভিত কর। রুভা বিশ্বামিত্রের ডয়ে সম্মত হলেন না। ইন্দ্র বললেন,

মা ভৈষী রন্তে ভদুং তে কুর্ব্ব মম শাসনম্॥
কাকিলো হ্দয়গ্রহী মাধ্বে র্চিরদুমে।
অহং কন্দপসিহিতঃ ন্থাস্যামি তব পান্বতঃ॥
দং হি র্পং বহ্সনেং কৃদ্ধা পরমভান্বরম্।
তম্বিং কৌনিকং ভদ্রে ভেদয়ন্ব তপন্বিন্ম্॥ (৬৪।৫-৭)

— রশ্ভা, ভর পেরো না, তোমার ভাল হবে, আমার আজ্ঞা পালন কর।
বসন্তকালে রমণীর বৃক্ষে হ্দরগ্রাহী (১) কোকিল রূপে কন্দর্পের সংগ আমি তোমার পাশ্বে থাকব। তোমার অত্যুক্তরল রূপ বহুগণে ব্যাড়িরে সেই তপন্থী কৌশিককে ভপস্যা হ'তে বিচালিত কর।

রুদ্ধা মনোহর রূপে বিশ্বামিতের কাছে গিয়ে হাবভাব সহ মধ্র সংগীত করতে লাগলেন। বিশ্বামিত্র তাঁকে হৃষ্ণচিত্তে দেখলেন, কিন্তু তাঁর সন্দেহ হ'ল বে এ সমস্তই ইন্দের কাজ। তখন তিনি ক্রুম্ব হয়ে রুদ্ধাকে লাপ দিলেন — আমি কাম-ক্রোধ জয় করতে চাই, তুমি আমাকে প্রলোভন দেখাছে। হতভাগিনী, তুমি শিলাম্তি ধারণ কর, দশ সহস্র বর্ষ পরে এক মহাতেজা ব্যাহ্যণ তোমাকে উন্ধার করবেন।

রুশ্তার পরিণাম দেখে কন্দর্প আর ইন্দ্র পালিয়ে গেলেন ! বিশ্বামিতও অন্তব্য হয়ে ভাবলেন, আমি আর তপোহানিকর জোধের বশীভূত হব না, অভিশাপও দেব না; যত কাল ব্রাহারণত্ব না পাই তত কাল জিতেনিয়ের হয়ে নিঃশ্বাস রোধ ক'রে অনাহারে তপস্যা করব। তার পর তিনি হিমালরপ্রদেশ ত্যাগ ক'রে প্রেদিকে গিয়ে তপঃসাধনা করতে লাগলেন।

সহস্রবংসরব্যাপী তপস্যায় তাঁর ব্রত পূর্ণ হ'লে বিশ্বামিত অল্ল-ভোজনের উপক্রম করছিলেন এমন সময় ইন্দ্র ন্বিজবেশে এসে আল্ল চাইলেন। বিশ্বামিত সমস্ত আল্ল দিলেন এবং অনাহারে মৌনী হয়ে আরও সহস্র বংসর তপ্যা করলেন। তাঁর মস্তক থেকে ধ্ম নির্গত হ'ডে লাগল, তিলোক তাপিত ও ব্যাকুল হ'ল। দেবর্ষি গন্ধর্ব প্রভৃতি ব্রহ্মার কাছে গিল্লে বললেন, নানা উপারে বিশ্বামিতকে লোভিত ও ক্লোধিত করবার চেন্টা হয়েছে কিন্তু তাঁর কিছ্মাত পাপ আর দেখা যায় না। এখন বিদ তাঁর মনোবাছা পূর্ণ না করেন তবে তিনি তপোবলৈ তিলোক বিনন্ট করবেন। তখন বহা বিশ্বামিতের কাছে গিয়ে বললেন, বহার্ষি, আমরা তোমার তপস্যায় সন্তুন্ট হয়েছি, তুমি ব্যাহাণ্য পেয়েছ।

⁽b) बात भव्य वय श्पत श्रम करत।

বিশ্বামিত আনন্দিত হয়ে বললেন, তবে ওঁকার, ববট্কার(১) এবং সমস্ত বেদ আমার আয়ন্ত হ'ক, এবং সর্ববেদবিশারদ বশিশ্ঠও আমাকে ব্যাহারণ বলনে।

বিশ্বামিত্রের মনোবাছা প্র হ'ল, দেবসণের অন্রোধে বিশিষ্ঠ বিশ্বামিত্রের ব্রাহমুণ্ড স্বীকার এবং তাঁর সংগ্রামতী স্থাপন করলেন।

গতানন্দ এই ইতিহাস শেষ করলে রাজবি জনক বিশ্বামিতকে
ক্রেণ্টালপটে বললেন, আপনাদের আগমনে আমি বন্য ও অন্সূহীত
হিছে ছা এখন সূর্য অসত বাচ্ছেন, কাল প্রভাতে আবার আপনার সপ্যে
ক্রেণ্টা করব। মিথিলপিতি জনক এবং তাঁর উপাধ্যার ও বাশ্ববস্থ বিশ্বামিতকে প্রদৃক্ষিণ ক'রে চলে গেলেন, বিশ্বামিতও রাম-লক্ষ্মণের সপ্যে
নিজ আবাসে প্রবেশ করলেন।

२५। इत्रथन्दर्भग

[সগ্ ৬৬-৬৭]

পর্যাদন প্রভাতকালে জনক বিশ্বামিতকে বললেন, ভগবান, আজা কংকে আমাকে কি করতে হবে। বিশ্বামিত উত্তর দিলেন, আপনার কাছে যে ধন্তশ্রেষ্ঠ আছে তা দশরপের এই দুই প্রেকে দেখান।

জনক বললেন, এই ধন্ কেন আমার কাছে আছে শ্ন্ন। মহাদেব
দক্ষযন্ত নদ্ট করবার কালে এই ধন্র জ্যাকর্ষণ করে দেবগণকে বলেভিশ্লন, আমি যন্তভাগ চাচ্ছি কিন্তু তোমরা তা দিছ্ না, সেজনা এই
কি পারা তোমাদের শিরশেষদন করব। দেবতারা ভয় পেরে স্তৃতি
কি ও লাগলেন, তথন মহাদেব প্রসন্ন হয়ে তাদের এই ধন্ দিলেন।
দেবতারা তা আমার প্রশ্রেষ দেবরাতের কাছে গাছিত রাখলেন।—

সথ মে কৃষতঃ ক্ষেত্রং লাশ্সল্যদর্শ্বিতা ততঃ॥ ক্ষেত্রং শোধয়তা লম্বা নাম্না সীতেতি বিশ্রতা।

[ে] আহ্তিনান মন্ত।

ভূতলাদ্বিতা সা তু ব্যবর্ধত মমাত্মজা। বীর্ষস্কৈতি মে কন্যা স্থাপিতেয়মধ্যোনিজা। (৬৬।১৩-১৫)

— অনন্তর একদিন ক্ষেত্রকর্ষণ করতে করতে লাণালের রেখা থেকে একটি কন্যাকে পাই। ক্ষেত্রশোধনকালে হলরেখা থেকে উন্থিত এজন্য লোকে তাকে সীতা(১) বলে। ভূতল থেকে উঠে সে আমার আত্মজা রূপে বড় হরেছে। আমার এই অযোনিজা কন্যা বীর্ষ স্ক্রেছ। করেছি।

তার পর জনক বললেন, এই কন্যাকে বিবাহ করবার জন্য অনৈক রাজা এসেছিলেন। তাঁদের আমি হরধন্ দেখিয়োছলাম, কিন্তু তাঁরা কেউ ধরতে বা তুলতে না পারায় সকলকেই আমি প্রত্যাখ্যান করেছি। তাঁরা সবলে কন্যাকে হরণ করবার উদ্দেশ্যে মিথিলা অবরোধ করলেন। এক বংসরে আমার সমস্ত উপকরণ কয় হয়ে ফেল। অবশেষে দেবগণ আমার তপস্যার প্রতি হয়ে আমাকে চতুরুপা বল দিলেন, তখন ন্পতিগণ পরাজিত হয়ে পলায়ন কয়লেন। সেই ধন্ আমি দেখাছি, বদি রাম তাতে জারোপণ কয়তে পারেন তবে তাঁকে আমি সীতা দান কয়ব।

জনক তার সচিবদের আদেশ দিলেন—সেই গশ্যমাল্যান্লেপিত দিবা ধন্ আনাও। পাঁচ হাজার দীর্ঘাকার লোক কোনও প্রকারে একটি অপ্টচ্চ পকট টেনে নিয়ে এল, তার উপরে লোহনির্মিত মঞ্জ্যা(৩) মধ্যে সেই ধন্ ক্লকত ছিল। জনক বিশ্বামিশ্রকে কৃতাঞ্জালিপ্টে বললেন, মান্ব দ্রের কথা, স্বাস্ব রাক্ষস যক্ষ প্রভৃতি কেউ এই ধন্তে স্পারোপণ করতে পারে না, তুলতে, শরসংযোগ করতে বা জ্যাকর্ষণ ক্রতেও পারে না। আপনি রাজপ্রদের ধন্ দেখান।

তথন বিশ্বামিত্রের আজ্ঞায় রাম সেই ধন্র মাঝখানে ধরে মন্ত্র্বা থেকে ভূলে নিলেন এবং তাতে অবলীলায় জ্ঞারোপণ করে আকর্ষণ করলেন। বন্ধনিনাদের তুল্য শব্দে ধন্ ভেঙে গেল। মহাপর্বত বিদীর্ণ

⁽১) সীতার এক অর্থ হলকর্ষণত্রেখা। (২) বীরম্বারকালর্গী পল দিয়ে হাকে নিতে হবে। (৩) সিন্দুক।

হ'লে ষেমন হয় সেইর্প ভূমিকম্প হল, বিশ্বামিত জ্ঞানক এবং রাম-লক্ষ্যণ ভিন্ন সকলেই ম্ছিতি হয়ে পড়ে গেল।

সকলে প্রকৃতিস্থ হ'লে জনক বিশ্বামিন্নকে বললেন, রামের বিক্রম দেখলাম, এই ব্যাপার অত্যাশ্চর্ষ অচিন্তনীয়। রামকে পতির্পে পেয়ে আমার কন্যা জনকবংশে কীতিস্থাপন করবে। আপনি অন্মতি দিন, আমার দ্তেরা অবিলন্থে রথারোহণে অযোধ্যায় যাবে এবং সকল সংবাদ জানিরে রাজা দশরথকে এখানে নিয়ে আসবে।

२२। त्रामापित विवाह

[সগ্ ৬৮-৭৪]

জনকের দ্তগণ পথে তিরাত কাটিয়ে ক্লান্ত বাহন সহ অযোধ্যার উপস্থিত হলেন। দশরথ তাঁদের মুখে সকল সমাচার শুনে অতিশর আনন্দিত হলেন। বশিষ্ঠাদি থাষি ও মন্তিগণও প্রস্তাবিত বিবাহে সম্মতি দিলেন। পরাদিন প্রভাতে দশরখের আজ্ঞার ধনাধাক্ষগণ প্রচুর ধনরর নিয়ে স্বাক্ষিত হয়ে মিখিলার যাত্রা করলেন। বশিষ্ঠ বামদেব জাবালি প্রভৃতি বিপ্রগণ বিবিধ যানে অগ্রসর হলেন। রাজ্ঞা দশরথ রখে চললেন, পশ্চাতে চতুর্বিগণী সেনা গেল। চার দিন পরে সকলে বিদেহ (১) দেশে উপস্থিত হলেন।

বৃশ্ধ রাজা দশরথকে পেয়ে জনক অতিশয় হৃষ্ট হয়ে স্বাগত সম্ভাষণ করে বললেন, আমার কি সৌডাগ্য যে আপনি, ভগবান বলিষ্ঠ এবং অনাান্য বিপ্রগণ এখানে এসেছেন। ভাগাগ্রেণ আমার কন্যাদানের সকল বিঘা দরে হ'ল এবং মহাবল রঘ্বংশীয়গণের সন্গে সম্বশ্ধের ফলে আমার কুল সম্মানিত হ'ল। মহারাজ, কাল প্রভাতে আপনি ক্ষিগণের সন্গে যজ্ঞ সমাপন ক'রে বিবাহ নির্বাহ করবেন।

দশরথ উত্তর দিলেন, ধর্ম জ্ঞা, আমি শানেছি যে দাতার বশেই দান গ্রহণ করতে হয়, অতএব আপনি যা বলবেন আমি তাই করব।

⁽১) मिथिना।

ম্নিগণ পরস্পরের সমাগমে অতি আনন্দে রালিবাপন করলেন।
দলর্থ প্রদের দশনে এবং জনকের সমাদরে তৃশ্ত হয়ে নিদ্রিত হলেন।
জনকও দুই কন্যার(১) বিবাহের প্র্কৃত্য শেষ ক'রে লয়ন করলেন।

পর্যাদন জনক তাঁর প্রোহিত শতানন্দকে বললেন, ইক্মতী নদীর তীরে সাংকাশ্যা নামে এক প্রী আছে, তার প্রাকারের উপর যন্তফলক-সম্হ নিবেশিত, সেখানে আমার প্রতা কুশধ্য বাস করেন। তিনি আমার যজ্ঞের রক্ষক, তাঁকে দেখতে ইচ্ছা করি। শতানন্দের নির্দেশে দ্তরা সাংকাশ্যায় গিয়ে কুশধ্যজ্ঞকে নিয়ে এল।

অনশ্তর দুই দ্রাতা উৎকৃষ্ট আসনে উপবিষ্ট হয়ে মন্ত্রী সন্দামনকে আজ্ঞা দিলেন, রাজা দশরপ এবং তার পতে ও মন্ত্রীদের এখানে নিরে এস। জনকের আনন্ত্রণে দশরপ সদলে উপস্থিত হরে বললেন, মহারাজ, ভগবান বলিষ্ঠ ইক্ষাকুগণের কুলদৈবত (২), আমার সকল কার্যে ইনিই বস্তা। এখন ইনি বিশ্বামিষ্ট এবং অন্যান্য অধিগণের অনুমতি নিরে আমার কুলপরিচয় দেবেন।

বিশিষ্ঠ বলতে লাগলেন — অব্যক্ত থেকে ব্রহান, ব্রহান থেকে যথাক্তমে
মরীচি কলাপ বিকলনে মন্ ও ইক্ষাকু। আরও চার প্রেষ পরে প্রে
চিলম্কু ধ্বধ্মার যুবনাশ্ব মান্ধাতা। আরও চার প্রেষ পরে সগর
অসমতা অংশ্মান দিলালৈ ভগারিথ ককুশ্বে রঘ্ (বা কল্মাবপাদ)। আরও
ছিল্প্রেষ পরে অন্বরীষ নহ্ম য্যাতি নাভাগ অজ ও দলর্ঘ।(৩)
দলর্থের দ্বে পরে রাম-লক্ষ্যণের জন্য আপনার দ্বে কন্যাকে প্রার্থনা
কর্ছি, আপনি এই যোগ্য পার্যন্বরকে কন্যাদান কর্ন।

জনকও নিজের কুলপরিচর দিলেন — ধর্মান্তা রাজা নিমির পরে মিধি, তাঁর পরে জনক। তিনিই প্রথম জনক(৪)। তাঁর তিন প্রেষ পরে

⁽১) সীতা ও উমিলা। (২) কুলস্ক্রেহিড, লোক্তবে দৈবত (দেবতা)। (৩) স্রাণে এবং কালিদাসের রত্বংশে অন্যপ্রকার বংশক্তম দেখা বার।

⁽৪) স্থানক মিথিলারাজগণের কৌলিক উপাধি। সীভার পিতা জনকের প্রকৃত শাম সীরধন্ত।

দেবরাত। আরও চোল্ল পরেষ পরে দ্রুলরোমা। দ্রুলরোমার দ্র প্র, জ্যেন্ঠ আমি, কনিন্ঠ কুশ্বজে। আমার বৃদ্ধ পিতা আমাকে রাজ্যে অভিষয় করে কুশ্বজেকে রাজ্যরক্ষার ভার দিয়ে বনে বান। কিছুকাল পরে সাংকাল্যার রাজ্য সন্ধন্বা ব'লে পাঠালেন, তাঁকে হরধন্ আর সীতা দিতে হবে। আমি অস্বীকার করায় ধন্ধ হর, অবলেষে সন্ধন্বা নিহত হ'লে তাঁর রাজ্যে আমার দ্রাতাকে অধিন্ঠিত করি। আমি পরম প্রীতিসহ রামকে আমার জ্যেন্ঠা কন্যা সন্বক্নাার ন্যার রূপ্বতী বীর্ষল্কো সীতা, এবং লক্ষ্যাকে কনিন্ঠা কন্যা উমিল্যি দান করব। এখন রাম-লক্ষ্যা বিবাহের প্রেক্তা গোদান ও পিতৃকার্য সম্পাদন কর্ন। আজু থেকে তৃতীয় দিবসে উত্তর্ফল্গ্নী নক্ষতে বিবাহ হবে।

বিশ্বামিত বললেন, ইক্ষাকু ও বিদেহ এই দুইএর তুলা কুল নেই। রাম-লক্ষাণের সংশ্য সীতা-উমিলার সন্বন্ধও অতি বোগ্য। এখন আমার একটি বন্তবা শন্দন। আপনার প্রাতা কুশ্বনজের দুই অনুপমা স্ক্রমী কন্যা আছেন, তাদের আমি রাজকুমার ভরত-শত্বোর জনা চাচ্ছি। জনক সানন্দে সম্বতি দিলেন। এক দিনেই চার প্রাতার বিবাহ হবে এই শিবর হ'ল।

দশরথ নিজের আবাসে গিয়ে যথাবিধি প্রাম্থ করলেন এবং পরদিন
চার প্রের উদ্দেশে চার লক স্বর্ণমন্ডিতল্লাব্র সবংসা ধেন্ ও
কাংসা দোহনপার দান করলেন। এই দিনে ভরতের মাতৃল কেকররাজপরে
যাধাজিং মিধিলায় এসে দশরথকে বললেন, মহারাজ, আমার পিতা
ভরতকে দেখতে চান, আমি অযোধায় গিয়েছিলাম, সেখানে আপনারা না
থাকায় এখানে এসেছি। দশরথ যাধাজিতের যথোচিত সংকার করলেন।

বিবাহের দিন আগত হ'লে দশরথ থবিগণকৈ অগ্রবর্তী ক'রে বজ্ঞা-প্যানে চললেন। রাম ও তার তিন দ্রাতাও কোতৃকমন্সল(১) শেষ ক'রে সর্ব আভরণে ভূষিত হয়ে বশিষ্ঠাদির পশ্চাতে গেলেন। বশিষ্ঠ জনকের

⁽১) বিবাহের প্রে কৃতা মঞ্জানার বিলেব। কৌতুক—মঞ্চালস্র।

কাছে গিরে বললেন, মহারাজ, সপ্রে দশরথ সম্প্রদাতার আদেশের অপেকা করছেন। দাতা আর গ্রহীতা এক্য হ'লেই সকল কার্য সম্পন্ন হবে। জনক উত্তর দিলেন,

> কঃ স্থিতঃ প্রতিহারো মে কস্যাজ্ঞাং সংপ্রতীক্ষতে। স্বগ্রেহ কো বিচারোহস্তি যথা রাজ্যমিদং তব॥ (৭০।১৪)

— আমার কোন্ স্বারপাল এখানে আছে, কার আজ্ঞা সে প্রতীকা করছে(১)? স্বগ্হে প্রবেশ করবেন তাতে কিসের সংকোচ? এই রাজ্য তো আপনারই।

জনক তার পর বললেন, আমার কন্যারা মঞ্চলাচরণের পর বেদীম্লে সমবেত হরেছে, আমিও আপনাদের জন্য অপেকা করছি, এখন বিলম্বের প্রয়োজন কি?

একাহং দর্শনোগি সাধ্য তাবছরামাহম্। (৩৪।০১-০০)

— বংস, প্রেয়েজনত ও শ্রীব্রন্থির নিমিন্ত ভূমি অন্যাক্তচিন্তে অকুতোভয়ে লভে পথে গমন কর, আবার ফিরে একে। ভূমি সভালিন্ত ধর্মপ্রারণ, ভোমাকে নিব্রু করা অফারে সাধ্য নত। কিন্তু পত্রে, আতে রাত্রে ভূমি বেরো না, এক দিন ভোমাকে প্রভ্রিত অগ্নি ভাল বালব।

রাম বলাকে। আন্ত জাপনার কাছে আমি যে বাচা লাগ লাব কাল তা কে জানাত লেবে? অতএব আমি এখান খেলে সাচা গেতেই চাই। আর্থনি এ, প্রাক্ত আবন্ধ, সাক্ষেত্র ভিত্ততাকী কারে আমি রাজ্য বা কোনও কামী বিষয় বা মৈঘিল ডিক্ত চাই না, জাপনার সত্য প্রিক্ত হ'ব। দশরথ প্রকে আলিশ্যন ক'রে ম্ছিত হলেন। কৈকেয়ী ভিন্ন সকলেই হাহাকার ক'রে কাঁদতে লাগলেন।

স্মন্ত ক্রোধে অভিভূত হয়ে হাতে হাত ঘষে দতি কটকট শব্দ করে ঘন ঘন নিঃ•বাস ফেলতে লাগলেন। তিনি কম্পিতমুস্তকে রম্ভনয়নে কৈকেয়ীকে বললেন, দেবী, তুমি বখন রাজা দশরথকে ত্যাগ করতে পেরেছ তথন তোমার অকার্য কিছুই নেই, তুমি পতিঘাতিনী কুলনাশিনী। তোমার পরে ভরত রাজা হ'ক, রাম বেখানে যাবেন আমরা সেখানেই যাব। বান্ধব, সাধ্ব ও ৱাহত্বণগণ যা ত্যাগ করবেন সেই রাজ্যে তোমার কি সূথ হবে? আশ্চর্য হচ্ছি তোমার এই আচরণে মেদিনী কেন বিদীর্ণ হ'ল না, ব্রহ্মধিগণের অভিশাপ কেন তোমাকে নিহত করলে না। তোমার মাতার ষেমন আভিজাত্য তোমারও সেইর্প। আমি পূর্বে শুনেছি, তোমার পিতা কেক্য়রাজ এক বর পেয়েছিলেন যার প্রভাবে তিনি ইতর প্রাণীদের ভাষা ব্রঝতে পারতেন। একদিন শয়নকালে তিনি একটি স্বর্ণাভ জুম্ভপক্ষীর ডাক শনে হের্মেছিলেন। তোমার মাতা বললেন, হাস্যের কারণ কি, না বললে আমি আত্মহত্যা করব। তোমার পিতা উত্তর দিলেন, যদি আমি কারণ প্রকাশ করি তবে আমার নিশ্চর মৃত্যু হবে। তোমার মাতা বললেন, তুমি বাঁচ বা মর, বলতেই হবে, আমাকে লক্ষ্য ক'রে তুমি হাসতে পাবে না। যিনি বর দির্মেছিলেন, রাজা তাঁকে সব কথা জানালেন। সেই সাধ্পত্রের বললেন, তোমার মহিষী মর্ন বা ধ্বংস পান কিছ্তেই তুমি বলবে না। তথন কেকয়রাজ তোমার মাতাকে ত্যাগ করলেন। কৈকেরী, তুমি তোমার মাতার ন্যায় ব্লাক্রাকে অসং পথে নিয়ে থেতে চাচ্ছ। তুমি এর্প পাপাচরণ ক'রো না, রাম বনে গেলে তোমার মহা অপযশ হবে। তিনি নিজ রাজ্য লাভ কর্ন, তুমি নিশ্চিশ্ত হও, এই রাজপ্রীতে রাম ভিন্ন তোমার অন্য সহায় নেই।

স্মন্তের তীক্ষা বাকো কৈকেয়ীর কোনও উত্তেজনা বা ম্থবর্গের বিকার দেখা গেল না। দশরত অপ্রত্য বাষ্ট্র স্থানির স্থানির স্থানির স্থানির স্থানির জন্য তুমি চতুরপা বল সন্জিত কর। বচনচতুরা বেশ্যা, ধনবান বণিক, মল এবং অরণ্যতত্ত্ব ব্যাধ্যাণ সন্ধ্যে যাক। উত্তম আর্শ, শকট, ধনকোষ ও ধান্যকোষ রামের স্থানি পাঠাও, বাতে তিনি প্রণাস্থানে যজ্ঞ করে ও দক্ষিণা দিরে অষিদের কাছে স্থে বাস করতে পারেন। মহাবাহ্য ভরত অবোধ্যা পালন করবেন, এখন রামের স্থেগ সর্বপ্রকার ভোগ্যবস্তু দাও।

রাজার কথা শ্নে কৈকেয়ী ভীত হয়ে শ্বন্ফ মর্থে বললেন,

রাজ্যং গতধনং সাধো পীত্রমণ্ডাং স্রামিব। নিরাম্বাদাভমং শ্ন্যং ভরতো নাভিপংস্যতে॥ (৩৬।১২)

— মহারাজ, যদি সব ধন চ'লে যায় তবে পীতসার আস্বাদহীন স্বার তুল্য শ্না রাজ্য ভরত নেবে না।

নির্লাভ্যা কৈকেয়ীকে দশরথ বললেন,

বহস্তং কিং তুদসি মাং নিয্জা ধ্রি মাহিতে। অনার্যে কৃতমারস্থং কিং ন প্র্ম্পার্যঃ॥ (৩৬।১৫)

— অহিতকারিণী অনার্যা, আমাকে যাতে নিযুক্ত করেছ সেই ভার আমি বইছি, তবে কেন ব্যথা দাও? এখন যা বলছ পূর্বে তা বল নি কেন?

কৈকেরী ন্বিগনে জন্ধ হয়ে বললেন, তোমারই বংশে সগর রাজার জ্যেষ্ঠ পরে অসমশ্র বের্পে নির্বাসিত হয়েছিলেন, রামেরও সেইর্পে ২ওরা উচিত।

সিম্বার্ষ নামে এক বৃন্ধ মহামাত্র(১) সেখানে ছিলেন। তিনি বললেন, অসমশ্র অতি দ্মতি ছিল, সে ক্রীড়ারত বালকদের সরষ্র জলে ফেলে আমোদ করত। প্রজাদের অভিযোগে সগর তাকে রাজভোগে বিশ্বত ক'রে ভার্যার সভেগ বাবন্ধীবন নির্বাসিত করেছিলেন। রাম কি পাপ করেছেন যে তাঁকেও অনুর্প দণ্ড ভোগ করতে হবে?

⁽১) ম্ৰা সভাসন্ বা অয়ভো।

রাম বললেন, আমি সর্ব প্রকার ভোগ ত্যাগ করে বনে বাচ্ছি, অনুবারে আমার কি প্রয়োজন? গজপ্রেণ্ঠ দান করে বন্ধনরন্ধ্রের মমতা করা বৃথা। সমস্তই আমি ভরতকে দিচ্ছি। এখন কেউ আমাকে বনবাসের উপযুক্ত চীর (২); খনিত্র ও পেটক এনে দিক।

নির্লেক্ষা কৈকেরী স্বারং চীর নিয়ে এসে রামকে পরতে বললেন।
রাম-লক্ষ্মণ তাদের সক্ষ্মা বসন ত্যাগ ক'রে চীর পরিষ্টান করলেন।
কৈকেরীর হাত থেকে চীর নিয়ে সীতা সজলনয়নে রামকে জিল্ঞাসা
করলেন, বনবাসী মন্নিরা কেমন ক'রে চীর পরেন? এই ব'লে তিনি
এক খড় গলায় এবং আরে এক খড় হাতে নিয়ে লাল্জিত হয়ে দাঁড়িয়ে
রইলেন। রাম তখন সীতার কোষেয় বল্লের উপরেই চীর বে'ঝে দিলেন।
অল্ডঃপ্রের নারীগণ সাশ্রনয়নে বল্লেনে, বংস, সীতার তো বনে
বাবার কথা নয়, উনি এখানে থাকুন।

বশিষ্ঠ বললেন, দৃঃশীলা কৈকেয়ী, রাজাকে বন্ধনা করে তোমার আম্পর্যা বেড়ে গেছে। সীতা বনে যাবেন না, তিনি রামের সিংহাসনে অধিষ্ঠিত হয়ে থাকবেন। যদি ইনি রামের সণ্যে যান তবে আমরা সকলেই যাব। ভরত ধদি দশরথের পত্রে হন তবে তিনি কখনই এই অনিচ্ছাদন্ত রাজ্য গ্রহণ করবেন না, তোমার প্রতিও পত্রবং ব্যবহার করবেন না। তুমি পত্তের ভাল করতে গিয়ে তার অনিষ্টই করেছ। এখন বধ্ব সীতার চীর খলে নিয়ে তাঁকে উত্তম আভরণ দাও। এই রাজপ্ত্রী উৎকৃষ্ট বন্দ্র, যান এবং পরিচারকবর্গ সংগে নিয়ে গমন কর্নেন।

জানকী তথাপি চীর পরে রইলেন। সকলে র্ঘ্ট হয়ে দশরথকে থিক্কার দিতে লাগল। দশরথ কৈকেয়ীকে বললেন, এই স্কুমারী জনককন্যা চীরধারণ ক'রে বনে যাবেন এমন নিষ্ঠ্র প্রতিজ্ঞা আমি করি নি। ইনি সর্বরম্ভূষিতা হয়েই যাবেন। পাপিনী, রাম হয়তো তোমার কাছে কোনও অপরাধ করেছে, কিন্তু বৈদেহী তোমার কি করেছেন?

⁽২) কর্কাল ক্রেখণ্ড হাতে বনবাসীদের অধ্যোবাস ও উত্তরীর হ'ত।

আমি ধে প্রতিশ্রতি দিয়েছিলাম তা অতিক্রম করলে তোমাকে নরকে যেতে হবে।

বনগমনোদ্যত রাম নতমস্তকে দশরথকে বললেন, আমার বৃন্ধা মাতা উদারহ্দয়া কোললা কখনও আপনার নিন্দা করেন নি। ইনি প্রে কখনও দৃঃথ পান নি, এখন আমার বিরহে শোকসাগরে পড়বেন। এক আপনি সসম্বানে রাখবেন, যেন শোকার্তা হয়ে প্রাণত্যাগ না করেন।

১১। वनवादा

[সগ ৩১—৪১]

কিঞিং শোক সংবরণ ক'রে দশরথ স্মশ্রকে বললেন, তুমি উত্তম অন্বৰোজিত রখে রামকে এই জনপদের বাইরে রেখে এস। একজন সাধ্যকভাব বীরকে তাঁর পিতামাতা নির্বাসনে পাঠাছেন—গ্রেণবানদের গ্রের এই প্রেক্ষার।

দশরথের আদেশে সীতার জন্য চতুর্দশ বংসরের উপযুক্ত উংকৃষ্ট বসনভূষণ রাজকোষ থেকে আনা হ'ল। সীতা বিচিত্র আভরণে ভূষিত হলেন। কৌশল্যা তাঁকে আলিগ্যান ও মদতক আল্লাণ ক'রে বললেন, বেসকল নারী সদ্ব্যবহার পেয়েও দুর্দশাগ্রদত পতিকে অবমাননা করে, লোকে তাদের অসতী বলে। যাঁরা সাধনী তাঁরা সংপথে থেকে পতিকেই পরম প্রাসাধন জ্ঞান করেন। আমার বনবাসী প্র নির্ধন বা সধন যাই হ'ক, ভূমি তাকে দেবভূলা জ্ঞান করবে। সীতা কৃতাঞ্জলিপ্রেট উত্তর দিলেন, আর্ষা, আপনার সকল আদেশ আমি পালন করব, ভর্তার প্রতি আমার কি কর্তব্য তা আমি জানি, শ্রেনিছিও। চন্দের প্রভা যেমন চন্দ্র থেকে বিচ্ছিল হ'তে পারে না, আমিও সেইর্প ধর্ম থেকে ক্থলিত হব না।—

মিতং দদাতি হি পিতা মিতং দ্রাতা মিতং স্তঃ। অমিতস্য তু দাতারং ভর্তারং কা ন প্রেয়েং॥ (৩৯ ১৩০) — পিতা দ্রাতা ও প্রে যা দেন তা পরিমিত, কিন্তু ভর্তার দান অপরিমিত, তাঁকে কে প্জা করবে না? সীতার কথা শনে কৌশল্যা শোকে ও হর্ষে অন্ত্র্পাত করতে লাগলেন। রাম বললেন, মাতা, আপনি দৃঃখ সংবরণ করে আমার পিতাকে দেখবেন। চতুর্দশ বর্ষ যেন নিদ্রাবলে কেটে যাবে, তখন আবার আমাদের দেখতে পাবেন। তার পর রাম তার তিন শত পঞ্চাশ বিমাতার দিকে চেয়ে কৃতাঞ্চলি হয়ে বললেন, একর বাসকালে অজ্ঞানতার জন্য বাদ কোনও পর্ষ আচরণ করে থাকি তবে আপনারা ক্ষমা করবেন। রামের কথা শনে রাজপরীগণ শোকাকুল হয়ে কাদতে লাগলেন।

রাম সীতা ও লক্ষাণ দলর্থ ও কৌশল্যাকে প্রণাম করলেন। লক্ষাণ স্মিতাকে প্রণাম করলে তিনি বললেন, তুমি সর্বদা অপ্রমন্ত হয়ে রামের সেবা করবে। বিপদগ্রহত বা সমৃত্য যেমনই হ'ন, তিনিই তোমার গতি, জ্যান্টের বশবতী হওয়াই সদ্ধর্ম।—

> রামং দশরথং বিশ্বি মাং বিশ্বি জনকাজ্ঞাম্। অযোধ্যামটবীং বিশ্বি গচ্ছ তাত ষ্থাস্থ্য্॥ (৪০।৯)

— রামই দশরথ, জনকাত্মজা সীতাই, আমি, অরণ্যই অবোধ্যা — এইর্প জ্ঞান করবে। বংস, সুখে যাত্রা কর।

স্মশ্য রামকে বললেন, রাজপত্তা, রথে আরোহণ কর, বেখানে বলবে শীঘ্রই সেখানে নিয়ে যাব। আজু থেকেই তোমার বনবাসের চতুর্দশ বর্ষ আরুল্ড।

সীতা হৃষ্টমনে সেই স্থাতৃলা প্রভান্বিত রথে উঠলেন। তাঁর বসনভ্ষণ এবং বিবিধ অন্থা, বর্মা, চর্মাবৃত পেটক ও ধনির রথের মধ্যে রেখে রাম-লক্ষ্মণও উপবিষ্ট হলেন। সমুদ্র বার্বেগে রখনালনা করলেন। রাম প্রশ্যান করলে নগরবাসী সকলেই মোহপ্রাণত হ'ল, হনতারা মত্ত ও কুণিত হয়ে উদ্দ্রান্ত হ'ল, অন্থ সকল চণ্ডল হয়ে হেখা রব করতে লাগল। গ্রীক্ষে তৃষাত জন ষেমন জলের দিকে ছোটে সেইর্প আবালবৃদ্ধ সকলেই রামের পন্চাতে ধাবমান হ'ল। রথের পানের ও পন্চাতে ধ্লতে অ্লতে লাকে উধ্যম্পে সঞ্জনরনে সমুন্তকে বললে, খারে রও চালাও, আমরা রামের মুন্ধ দেশব, এর পরে

আর দেখতে পাব না। রামজননীর হ্দর নিশ্চর লোহনিমিত, নতুবা বিদীর্ণ হ'ল না কেন। ধন্য বৈদেহী, বিনি ছারার ন্যার প্রতির অন্গমন করছেন। ধন্য লক্ষ্মণ, যিনি দেবতুল্য স্রাতার পরিচর্যা করবেন।

রোর্দামানা পদ্মীগণের সংশ্য রাজা দশরথ তার প্রেকে দেখবার জন্য গৃহ থেকে বেরিয়ে এলেন। রাম স্মশ্রকে বললেন, রথ দ্রতবেগে চালাও। লোকার্ত দশরথকে দেখে জনতা ব্যাকুল হয়ে কোলাহল করতে লাগল। পৌরজনের অল্ল্রজলে পথের ধ্লি বিদ্রিত হ'ল। রাম দেখলেন, দশরথ ও কৌশলা উদ্ভাশ্ত হয়ে পদরজে আসছেন; বংধ বংসের অভিমাণে ধেন্ যেমন ধাবিত হয় সেইয়্প কৌশলা। রাসের শশ্চাতে 'হা রাম, হা সীতা, হা লক্ষ্যণ' ব'লে ছাটছেন।

> তিক্টেতি রাজা চুজেল যাহি ধাহীতি রাঘবঃ। স্মশ্রসা বভ্বাতা চক্রয়োরিব চান্তরা॥ (৪০।৪৬)

— রাজা দশরথ বলছেন থাম, রাম বলছেন চল চল, যুস্থার্থী দুই সৈন্যের মধ্যে অবস্থিত ব্যক্তির ন্যায় সমুসল্ল বিব্রত হলেন।

তখন রাম তাঁকে বললেন, না থামবার জন্য রাজা বদি পরে তোমাকে তিরুদ্ধার করেন তো বলবে যে তাঁর আজ্ঞা শ্নতে পাও নি। বিলাব আমার পক্ষে অতি কন্টকর হবে, অতএন বেগে রথ চালাও। রাজপ্রীর বেসকল লোক রামের অন্গ্রমন কর্বছিল তারা স্মল্যের অন্রোধে নিরুদ্ধ হ'ল এবং মনে মনে রামকে প্রদক্ষিণ করে ফিরে গোল। অমাতারা দশর্মকে বোঝালেন, বাঁর প্নবাগমনের জন্য অপেক্ষা করতে হয় তাঁর স্থেগ অধিকদ্র বাওয়া অন্চিত।

১१। रणतथ-उकोलनाइ ल्हान्द्रश्

[সর্গ ৪২--৪৪]

বিশের ধ্রি যতক্ষণ দেখা গেল ততক্ষণ দশরথ সেদিকে চেয়ে বিশৈন, তার পর মাছিতি হয়ে প'ড়ে গেলেন। কৌশল্যা তাঁকে উঠিয়ে

তাঁর দক্ষিণ বাহ্ ধ'রে নিরে চললেন, কৈকেয়ী বাম দিকে রইলেন। দশরথ কৈকেয়ীকে দেখে বললেন, পাপীয়সী, আমার অপা ছায়ো না, তোমাকে দেখতে চাই না, তুমি ভার্যা নও, আছায় নও, তোমার অনুজীবীয়াও আমার কেউ নয়, তোমাকে আমি ত্যাগ করলাম। ভরত যদি এই রাজা পেরে স্থী হয় তবে সে আমার প্রেতান্থার উদ্দেশে যা দান করবে তা ধেন আমার কাছে না পেছিয়।

দশরথ বেতে বেতে পথের দিকে বার বার চেয়ে এইর্পু বিলাপ করতে লাগলেন।— বেসকল অশ্ব রামকে নিয়ে গেছে তাদের পদচিহ্ন দেখছি কিন্তু রামকে দেখছি না। আমার বে পরে চন্দনে চর্চিত হয়ে উপধানে সংখে শয়ন করত, বরনারীয়ণ য়াকে বীজন করত, সে আজ ব্লুম্বলে বা পাষাণে য়াথা রাখবে। জনকের প্রিয়কন্যা আজ কণ্টকে বিক্ষত ক্লান্ত দেহে বনপ্রবেশ করবেন। তিনি বনের কিছ্ই জানেন না, শ্বাপদের রোমহর্ষণ গর্জন শানে নিন্চয় ভয় পাবেন। কৈকেয়ী, তোমার কামনা সিন্ধ হ'ক, তুমি বিধবা হয়ে রাজ্যভোগ কয়, আমি প্রশ্বশ্রুষ্ঠে রামের বিরহে বাঁচতে চাই না।

রাম-সীতা-লক্ষাণ-বিরহিত ভবনে প্রবেশ করে দশর্থ গদ্গদশ্বরে বললেন, আমাকে রামমাতা কৌশল্যার গ্রে শীঘ্র নিয়ে চল, অন্যত্র আমার হ্দের শাশ্ত হবে না। দশর্থকে সেখানে নিয়ে যাওয়া হ'ল। সেই কালরাত্রির মধ্যভাগে দশর্থ বললেন, কৌশল্যা, তোমাকে দেখতে পাছি না, আমাকে হাত দিয়ে স্পর্শ কর, আমার দ্ভিশক্তি রামের সম্পেই গেছে, এখনও ফ্রে এল না।

কৌশল্যা দশরথের কাছে যসে এইর্পে বিলাপ করতে লাগলেন।—
রামের উপর বিষ উদ্গীর্ণ করে কৈকেয়ী এখন নির্মোকমন্ত সপর্টির
ন্যায় বিচরণ করবে। রাম এখন সীতা ও লক্ষ্যণের সপ্তেগ বনে প্রবেশ
করেছে, তারা বনের কন্ট কিছ্ই জানে না। তুমি কৈকেয়ীর কথায়
যাদের ত্যাগ করেছ তাদের এখন কি অবস্থা হবে? কবে সেই দিন
আসবে যখন রাম-সীতা-লক্ষ্যণকে আবার এখানে দেখে আমার শোকের
অবসান হবে?

স্মিয়া কোশস্যাকে প্রবাধ দিয়ে বললেন, আর্বা, তোমার প্র সন্প্রালালী নরপ্রেণ্ড, তিনি পিতার সত্যরক্ষার জন্য রাজ্যতাাগ ক'রে সেকেন, তার জন্য শোক করছ কেন? সর্বস্থিত দ্রাল্য নিস্পাপ লক্ষ্মণ তোমার প্রের সেবা করবে, বৈদেহী তার সপ্যে আছেন। রামের শৃন্ধ ম্বভাব ও মাহাদ্য জেনে স্বর্ব তাঁকে সম্ভন্ত করবেন না, কাননের ন্যাতিলীতোক স্থম্পর্শ বার্ম তাঁর সেবা করবে, রাঘিতে শ্রনকালে চন্দুমা তাঁকে লীতল করজালে পিতার ন্যায় আলিশ্যন করবেন। বিনি তিমিধ্যক্ষত্র স্বাহ্রেক বধ ক'রে দিব্যাস্য লাভ করেছেন, তিনি অর্পোও গ্রের ন্যায় বাস করবেন। রাম শীয়ই ফিরে এসে তোমার

५०। बनवादमस छच्च साहि

[मर्ग 84-84]

রামের অন্রক্ত বহু অধ্যোধ্যাবাসী তাঁর রথের পিছনে বাচ্ছিল। রাম সন্দেহে তাদের বললেন, তোমরা আমাকে বে প্রতি ও সম্মান ক'রে থাক, ভরতকৈ তার অধিক করবে। তিনি বরসে বালক হ'লেও স্থানে বৃশ্ব, তোমাদের প্রিয় ও হিতকর কর্ম নিশ্চয় করবেন। আমার চেরে তাঁর রাজোচিত গণোবলী অধিক আছে।

বৈসকল জ্ঞানবৃন্ধ বয়োবৃন্ধ তেজন্বী ব্যাহান রামের অনুসমন কর্মিলেন তারা বার্ধক্যের জন্য ক্লিডমন্তকে দ্র থেকে বলতে লাসলেন,

বহতে জবনা রামং ছো ছো জাত্যাস্ত্রগামাঃ।
নিবর্তার্থন ন গাস্তব্যং হিতা ভবত ভতরিয়া
কর্ণবিদ্য হি ভূতানি বিশেষেণ তুরশামাঃ।
ব্রেং তামালিবর্তাধ্বং বাচনাং প্রতিবেদিতাঃ॥ (৪৫।১৪-১৫)

— হৈ দ্রেগামী শ্রেষ্ঠ তুর্দামগণ ধারা রামকে বহন করছ, প্রভূর হিতার্ঘ তোমরা নিব্রু হও, বেরো না। প্রাণীদের কর্ণ আছে, অন্বের বিলেষ করেই আছে, অতএব তোমরা আমাদের প্রার্থনা শানে নিব্রু হও। বৃশ্ব রাহ্মণদের এই আর্ত বাক্য শুনে রাম লক্ষ্মণ সীতা রথ থেকে নেমে পদরকে বনের দিকে বেতে লাগলেন। ব্রাহ্মণাণ অতিশয় দৃঃথিত হয়ে সসম্প্রমে রামকে বললেন, তুমি ব্রাহ্মণের হিতকারী সেজনা আমরা তোমার অনুগমন করছি। যজ্ঞান্দা শ্বিজস্কথ্যে আর্ড হয়ে তোমার পশ্চাতে যাছেন। তুমি রাজছের পাও নি, দেখ, শারদীয় মেঘের তুলা আমাদের বাজপেয়-যজ্ঞ-লখ্য ছত্তসকল তোমাকে ছায়া দেবে। বংস, আমাদের বেদমন্তান্সারিণী বৃশ্বি এখন তোমার নিমিত্ত বনাভিম্খী হয়েছে। আমাদের হংসশ্ভ পঞ্ককেশ মন্তক ধ্লিল্ম্ণিত করে প্রার্থনা করছি, তুমি বনে যেয়ো না।

ব্রাহারণরা এইর্প বিলাপে করছেন এমন সময় রাম দেখলেন, অদ্রের তমসা নদী তার গমন রোধ ক'রে আছে। সমুমন্ত তথন রথের যোড়া খুলে দিয়ে তাদের জল খাইয়ে স্নান করিয়ে তমসার তীরে চরতে দিলেন।

রমণীর তমসাতীরে ব'লে রাম সীতার দিকে চেয়ে লক্ষ্মণকে বললেন, সৌমিতি, আজ আমাদের বনবালের প্রথম রাহি। এই বিজন অরণ্যে মৃগ ও পক্ষীরা আবালে ফিরে এসে কলরব করছে, যেন আমাদের দেখে কাঁদছে। অযোধ্যার স্ত্রীপরেষ আজ আমাদের জন্য নিশ্চয় বিলাপ করছে। পিতা ও মাতার জন্য আমার শোক হচ্ছে, তাঁরা কোঁদে কোঁদে হয়তো অন্ধ হয়ে যাবেন। ধর্মাত্মা ভরত এলে তাঁদের আন্বাস দেবেন, এই আমার সাম্থনা। তুমি আমার সঞ্গে এসে ভালই করেছ, নয়তো বৈদেহীর রক্ষণাবেক্ষণের জন্য আমাকে অনোর সাহাযা নিতে হ'ত। বনে বিবিধ ফলমলে মিললেও আজ রাহিতে কেবল জলপান ক'রে থাকব এই আমার ইচ্ছা।

সান্ধ্য উপাসনার পর সমৃনত ও লক্ষ্যণ রামের পর্ণ শ্যা প্রস্তৃত করে দিলেন। বাম-সীতা নিদ্ধিত হ'লে লক্ষ্যণ জাগুত থেকে স্মন্তকে রামের বিবিধ গ্রের কথা বলতে লাগুলেন। গোষ্ঠবহুল তমসাতীরে রাম সেই রাতি অযোধ্যার প্রজাব্দের সন্ধো বাপন করলেন। প্রভাতকালে তিনি লক্ষ্যণকে বললেন, দেশ, এরা গৃহত্যাগ ক'রে এসে আমাদের উপর

নির্ভার ক'রে বৃক্ষম্কে নিম্নিত রয়েছে। এরা প্রাণত্যাগ করবে তব্ আমাদের ফিরিয়ে নিয়ে যাবার চেন্টা ছাড়বে না। এস, এদের নিদ্রাভশ্যের প্রেই আমরা শীঘ্রথারোহণে প্রস্থান করি।

সন্মন্ত সম্বর রথ প্রস্তৃত করলেন, সকলে রথারোহনে আবর্তবহ্ন তমসা পার হলেন। প্রেবাসীদের বিদ্রান্ত করবার জন্য রাম স্মন্তকে বললেন, আমরা পদর্জে যাচ্ছি, তুমি রথ নিয়ে উত্তর্গিকে কিছুদ্রে গিয়ে ফিরে এস, যেন ওরা জানতে না পারে। স্মন্ত ফিরে এলে সীতা ও লক্ষ্যানের সন্ধো রাম প্রবর্গার রথে উঠলেন এবং শাভ্যাতার জন্য একবার উত্তর মুখ হয়ে তার পর বনের দিকে রথচালনা করলেন।

প্রভাতকালে নিদ্রভিশ্বের পর পরেবাসিগণ রামকে কোথাও দেখতে না পেরে শাকে অভিভূত হল। তারা বলতে লাগল, নিদ্রাকে ধিক যার জন্য আমরা রামকে হারিয়েছি। আমাদের জীবনে প্রয়োজন কি, এখানে প্রচুর শাক্ষ কাণ্ঠ রয়েছে, তাতেই চিতা প্রস্তুত করে আশ্নপ্রবেশ করব। এইর্পে বহু বিলাপ করে অবশেষে তারা শোকাছেল অযোধাার ফিরে গেল। তাদের পরীরা ভর্ণসনা করে বললে, যারা রাঘবকে দেখতে পাবে না তাদের পরীরা ভর্গসনা করে বললে, যারা রাঘবকে দেখতে পাবে না তাদের পরী পরে গহু বা ধনে কি প্রয়োজন? লক্ষ্মণই একমাত্র সংশ্বের্ম দিনি সীতার সংগা রামের অনুগমন করেছেন। রাম যে পথে যাবেন তার নদী সরোবর কানন বৃক্ষ সমস্তই ধনা হবে। আমরা পর্রের নামে শপথ করছি, কৈকেয়ী বে'চে থাকতে এ রাজো বাস করব না। ঘাতকের কাছে পশ্বর তুলা আমরা এখানে ভরতের কাছে বন্ধ হয়েছি।

১৪। भागादवन्नभान - निवासनाक गाह

[সর্গ ৪৯—৫২]

রামের রথ বহুদ্র অতিক্রম ক'রে অনাদেশে উপস্থিত হ'ল। যামপ্রান্তের ক্ষিতি ক্ষেত্র এবং পর্নিপত বনসকল দেখতে দেখতে তাঁরা বেসে চললেন। গ্রামের লোকেরা বলতে লাগল, কাম্ক স্নেহহীন দলরথকে থিক, যিনি নৃশংসা কৈকেরীর প্ররোচনায় এমন ধার্মিক প্রকে বনবাসে পাঠিয়েছেন। এইর্প কথা শ্নতে শ্নতে রাম কোশলরাজ্যের সীমা ছাড়িয়ে বেদপ্রতি গোমতী ও স্যান্দকা নদী অতিরম করলেন। তিনি স্মন্দকে বললেন, আবার কবে আমি মাতা-পিতার সন্দো মিলিত হয়ে সরষ্ততির প্রিপত বনে ম্গরা করব? ম্গরার আমার অধিক আকাশ্যা নেই, কিন্তু তা রাজবিশ্যগের অন্মোদিত।

তার পর রাম অবোধারে অভিমন্থে কৃতাঞ্চলি হরে বললেন, হে কাকুংস্থ-কূল-প্রতিপালিত প্রীপ্রেণ্ঠ, তোমার ও তোমার অধিন্ঠিত দেবতাগণের কাছে আমি প্রার্থনা করাছ, বেন বনবাস থেকে ঝণমন্ত হরে ফিরে গিরে মাতা-পিতার সপো মিলিত হরে আবার তোমাকে দেখতে পাই। বেসকল জনপদবাসী রামের কাছে এসেছিল তাদের দিকে তিনি দক্ষিণ হস্ত তুলে অপ্রপ্রশ্নেবে বললেন, তোমরা আমাকে বথেন্ট আদর ও অন্ত্রাহ করেছ, আর কন্ট করো না। তখন তারা রামকে প্রশাম ও প্রদক্ষিণ করে সংখদে চলে গেল।

রামের রথ গণগার তীরবর্তী প্রদেশে উপস্থিত হ'ল। সেই স্থানে ক্ষিমেবিত বহু আপ্রম, দেবোদ্যান ও হ্রদ আছে, এবং সেখানে দেব দানব গণ্ধর্ব কিল্লর প্রভৃতি জীড়া করে। রাম সারস-জৌগু-নিনাদিত গণগার তীরস্থিত শৃংগাবেরপরের (১) এসে স্মস্থাকে বলালেন, নদীর অদ্রে ওই বে বহুপত্রপর্শক্ষিত ইন্স্যুদী বৃক্ষ রয়েছে তারই কাছে আজ্ব আম্ব্রা বাস করব। স্মুদ্র সেখানে রখ নিরে গিরে ঘোড়া খ্লে দিলেন।

এই দেশে গ্রে নামে নিবাদজাতীর এক বলবান রাজা ছিলেন, তিনি রামের প্রাণসম প্রিরস্থা। রাম এসেছেন শ্নে গ্রহ বৃষ্ধ অমাত্য ও জাতিবর্গের সঞ্জে তাঁর কাছে গোলেন এবং দ্যুখিতমনে তাঁকে আলিখান ক'রে বললেন, রাম, তোমার জন্য কি করব বল, বেমন অবোধ্যা তেমন এই দেশও তোমার। এমন প্রির অতিথি কে শার? মহাবাহা, তোমাকে স্বাগত জানাছি, এই বিশাল দেশ তোমারই। আমরা আক্ষাবহ, তুমিই

⁽**১) মির্জাপ্যরের নিকট গল্গার উত্তর তীরে**।

প্রস্থু, আমাদের রাজ্য তুমি শাসন কর। তোমার জন্য এইসব ভক্ষ্য ভোজ্য শেষ লেহা, উত্তম শধ্যা, এবং অন্বের খাদ্য আনা হয়েছে।

স্থালে বাহ্দ্বারা গৃহকে গাঢ় আলিপান ক'রে রাম বললেন, গৃহ, তুমি বে পদরক্তে এসে দ্নেহ দেখালে তাতেই আমরা সংকৃত ও তৃত্ত হয়েছি। তোমার সমস্ত কুলল তো? তুমি প্রীতিবলে যেসব উপহার এনেছ তা নিতে আমি অক্ষম, আমাকে কুল-চীর-অজিনধারী ফলম্লভোজী তাপস ব'লে জেনো। অশ্বের খাদ্য ভিন্ন আর কিছ্তে আমার প্রয়োজন নেই—এই অন্বর্গনি আমার পিতার প্রিয়, তারা তৃত্ত হ'লেই আমি তৃত্ত হব।

বোড়ার খাদ্য-পানীর দেবার জন্য গৃহ তাঁর লোকদের আদেশ দিলেন। রাম সম্থাকৃত্য দেব করে লক্ষ্মণের আনীত জল পান করলেন। তিনি সীতার সহিত ভূমিতে শরন করলে লক্ষ্মণ তাঁর পা ধ্রেয় দিলেন এবং ব্ক্তলে আশ্রয় নিলেন। গৃহ লক্ষ্মণকে বললেন, রাজপ্রত, তোমার জন্য এই শব্যা প্রস্তৃত হয়েছে, তাতে তূমি স্বেখ শরন কর, আমি অন্তর্মের সংগ্য ধন্ধারণ করে জাগ্রত থেকে প্রিয়সখা রাম ও সীতাকে ক্ষা করব। তোমাকে সত্য বলছি রামের চেরে প্রিয় আমার কেউ নেই, তাঁর প্রসাদে আমার বিপলে যশ ধর্ম অর্থ ও কাম লাভ হবে এই আশা করি। লক্ষ্মণ বললেন, রাম-সীতা ভূমিতে শ্রান রয়েছেন, আমার নিদ্রা বা স্থভোগে প্রয়োজন কি? প্রিয়প্রকে বনবাস দিয়ে রাজা দশরখ অধিককাল বাঁচবেন না। শর্ঘেরের মুখ চেয়ে আমার মাতা বাঁচতে পারেন, কিছ্ম বাঁরপ্রস্বিনী কোশল্যা প্রাণত্যাগ করবেন এই আমার দ্বেখ। আমাদের বনবাসকালে দশরথ কি জীবিত থাকবেন? লক্ষ্মণ এইর্পে বহু বিলাপ করতে লাগলেন, তাঁর কথা শ্বনে গ্রহও অতিশয় ব্যথিত হলেন।

পর্রাদন প্রভাতকালে রাম লক্ষ্মণকে বললেন, আমরা গণগা পার হব। গহে একটি উত্তম নোকা আনিয়ে দিলে রাম-লক্ষ্মণ বর্মধারণ ক'রে ত্ণীর থকা ও ধন্ম নিয়ে সীতার সংশ্য গণগাতীরে গোলেন। সম্মন্ত কৃতাঞ্জলি হয়ে রামকে জিল্ঞাসা করলেন, এখন আমাকে কি করতে হবে? রাম তাঁকে দক্ষিণ হলেত স্পর্ল ক'রে বললেন, স্মশ্য, তুমি শীন্ত রাজার কাছে ফিরে বাও, আমার প্রয়োজন এখানেই শেষ হ'ল, এখন আমরা পদরজে বনে যাব। তোমার তুল্য ইক্ষ্মাকৃবংশের স্বৃহ্দ কেউ নেই, আমার জন্য রাজ্য দশরপ বাতে শোকগ্রন্থত না হন তা কর। তাঁকে ব'লো, অযোধ্যা থেকে নির্বাসিত হয়ে বনে এসেছি সেজন্য আমি বা লক্ষ্মণ দ্বংখিত নই, চতুর্দশ বংসর শেষ হ'লেই তিনি আমাদের দেখতে পাবেন। তুমি এই কথা আমার মাতা, কৈকেয়ী এবং অন্য মাতৃগণকেও জানাবে। কৌশল্যাকে কুশল জানিয়ে আমার প্রণাম দেবে। রাজাকে বলবে তিনি বেন শীন্ত ভরতকে আনিয়ে রাজপদে স্থাপিত ক্রেন। ভরতকে বলবে তিনি নিজ মাতাকে যেমন দেখবেন সেইর্পে যেন স্ক্রিয়া ও কৌশল্যাকেও দেখেন।

স্মশ্য বললেন, বংস, তোমাকে ত্যাগ ক'রে সেই প্রে শোকাত্রার তুল্য অযোধ্যাপ্রীতে কি ক'রে বাব? আমি কি তোমার জননীকে এই বলব যে, দেবী, তোমার প্রেকে মাতুলালয়ে রেখে এসেছি, তেবো না? এই রথ ও অন্ব সমেত তোমার কাছেই আমি থাকতে চাই, বনবাসের অন্তে এই রথেই তোমাকে ফিরে নিয়ে বাব। রাম তাঁকে প্রবাধ দিয়ে বললেন, তুমি ফিরে গ্রেছ দেখলে ববীয়সী (কনিন্ঠা) জননী কৈকেমীর বিশ্বাস হবে যে রাম সতাই বনে গ্রেছ, নতুবা তিনি রাজাকে মিধ্যাবাদী মনে করবেন। আমার প্রধান অভিপ্রায়ই এই যে তিনি ভরতশাসিত রাজ্য ভোগ করবেন।

এইর্পে স্মশ্রকে বার বার সাম্থনা দিয়ে রাম গৃহকে বললেন, আমার এই সজন বনে থাকা আর উচিত নয়, এখন আমি তপস্বীর বেশে আশ্রমে বাস করব। তুমি জটা করবাব জন্য বটের আঠা আনিয়ে দাও। গৃহ আঠা আনকে রাম-লক্ষ্মণ তা মাথায় মেখে জটা প্রস্তৃত করলেন। তার পর তারা সাতার সম্পো গংগা পার হ'তে লাগলেন।

নদীর মধাদেশে এসে সীতা কৃতান্ধলি হয়ে বললেন, গণ্গা, মহারার দশরথের এই পত্ত তোমার প্রসাদে কর্তব্য পালন করে চতুর্দশ বংসর পর্বে আমাদের সপের নিরাপ্দে ফিবে যাবেন। সর্বকামপ্রদায়িনী দেবী, আমি

আবার এসে প্র**ফ্রেমনে** তোমার প্জা করব। এই নরপ্রেষ্ঠ ফিরে এসে বুজোলাভ করলে আমি তোমার প্রীতিকামনার ব্রাহারণগণকে শত সহস্র ধেন, ও অত্ব দান করব, তোমাকে সহস্র ঘট স্রা এবং মাংসহ,ভ অগ্রের ভোগ দেব, তোমার তীরঙ্গ সকল দেবালয়ে ও তীর্থে প্জো দেব।

্ গ্রুগার অপর তীরে এদে রাম বললেন, লক্ষ্মণ, তুমি সর্বত সীতাকে রক্ষা করো। তুমি দর্বাহো চল, সীতা তোমার অনুগমন কর্ন, আমি পশ্চাতে থেকে তোমাদের উভয়কে দেখব, এইর্পে আমাদের পরস্পরকে বুক্ষা করতে হবে। স্মৃদ্য এতক্ষণ দেখাছলেন, এখন আর দেখতে না . পেরে অশ্রমোচন করতে লাগলেন।

কিছ্কেণ পরে তারা সমৃন্ধ শসাসম্পন্ন বংসদেশে(১) উপস্থিত **হলেন। সেথানে রাম-লক্ষাণ** বরাহ ঝ্যা প্ষত ও মহার্র্(২) এই চার প্রকার পশ্র বধ ক'রে তাদের পবিত্র মাংস নিয়ে কর্মিত হয়ে **সামংকালে বাসের নিমিত্ত** বলে প্রবেশ কর**লে**ন।

১৫। প্রয়াগ — ভরম্বাজ-আশ্রম — ভিক্ট

[সগ ৫৩—৫৬]

সম্ব্যাবন্দনার পর রাম লক্ষাণকে বলধেন, জনপদের বাইরে আজ **আমাদের এই প্রথম** রাচি। আজ মহারাজ নিশ্চর দর্যখার্ত হয়ে শুয়ে আছেন। কৈকেরীর কামনা সিন্ধ হয়েছে, তিনি তুষ্টিলাভ করেছেন। আমি চলৈ আসায় আমার বৃদ্ধ পিতা অনাথ হয়েছেন, কৈকেয়ীর বশ্বতাঁ **ইয়ে সেই কাষাত্মা এখন** কি করবেন? রাজার এই ব্যসন ও মতিভ্রম **দেখে আমার মনে হচ্ছে যে ধর্ম** ও অর্থ অপেক্ষা কামই প্রবল। কোন্ও ম্ব লোকও কি নারীর প্ররোচনায় আজ্ঞান্বতাঁ প্রকে ত্যাগ করতে পারে—যেমন আমার পিতা করেছেন : সম্চীক ভরতই স্থী, তিনি **একাকীই অধিরাজের ন্যায় সমগ্র কোশলরাজ্য ভোগ করবেন। কৈকেয়ী**

⁽১) **হারাগের নিকট কম**ুনার উত্তর তাঁতর। (২) কব্য ও প্রত—বিভিগেজাতার কুকসার। মহারত্ত্র-বোধহর শশ্বর।

অতি ক্ষুদ্রতি, তিনি বিশ্বেষবদে আমার মাতাকে বিষ দিতেও পারেন।
লক্ষ্মণ, আমি জ্বন্ধ হ'লে একাকীই শরবর্ষণে অষোধ্যা, এমন কি
প্থিকীও শত্র্নন্য করতে পারি, কিন্তু অকারণে বলপ্রয়োগ উচিত নয়।
অধর্ম ও পরলোকের ভয়েই আমি রাজ্য পরিহার করেছি। রাম
অগ্র্প্র্মিন্থে এইপ্রকারে বহু বিলাপ করলেন।

পর্রাদন স্থের্গাদের হ'লে তাঁরা গণগাষমন্নাসংগমের অভিমন্থে যাত্রা করলেন। যেতে যেতে দিবাবসান হ'ল। রাম বললেন, সৌমিতি, দেখ, প্রয়াগের কাছে ধ্ম উন্থিত হচ্ছে, বােধ হয় ওথানে কোনও মর্নি বাস করেন। আমরা নিশ্চর গণগাষমনার সংগমস্থলে পেশছেছি, কারণ জলের ঘর্ষণের শব্দ শোনা যাচ্ছে।

ি কছুদ্রে বাবার পর তাঁরা ভরম্বাজ মুনির আশ্রমে উপস্থিত হলেন।
শিষ্যপরিবৃত ভরম্বাজকে প্রণাম ক'রে রাম নিজের পরিচয় দিলেন।
ভরম্বাজ তাঁদের স্বাগত জানিয়ে অর্ঘা, বৃষ, জল ও বন্য ফলমলে প্রভৃতি
নানাবিধ আহার্য দিয়ে বললেন, কারুংপ্প, বহুদিন পরে তোমাকে এখানে
দেখছি। তোমার নির্বাসনের কারণ আমি শুনেছি। দুই মহানদীর
এই সংগমস্থান অতি নিজন, পবিত্র ও রমণীয়, তুমি এখানে স্থে বাস
কর। রাম উত্তর দিলেন, ভগবান, পৌর ও জানপদগণ এই আশ্রমের
নিকটেই বাস করে, তারা বৈদেহী আর আমাকে দেখতে আসবে, সে
কারণে এখানে থাকতে ইচ্ছা করি না। কোনও নিজন স্থান ব'লে দিন
যেখানে সীতা সুখে বাস করতে পারেন।

মহামন্নি ভরশ্বাজ বললেন, বংস, এখান থেকে দশ জোশ দ্রে চিত্রক্ট নামে গশ্ধমাদনসদৃশ এক পর্বত আছে, সেথানে অনেক গোলালগ্রল (১), বানর ও ভল্লক বাস করে। সেই পর্বতের শৃত্গ দেখলে কল্যাণ ও মোহমন্তি হয়। সেখানে বহু ক্ষি শতবর্ষ তপস্যা করে শ্রেণ গৈছেন। আমার মনে হয় চিত্রক্টে তৃমি স্থে বাস করতে পারবে। অথবা তৃমি আমার সভেগই এখানে বাস কর।

⁽১) কৃষ্ণমুখ বানর বিলেব।

ভরত্বাক্তর আশ্রমে রাতিযাপন করে পর্যদন রাম চিত্রক্ত (১)

যাবার ইচ্ছা জানালেন। প্রের যাতাকালে পিতা যেমন করেন সেইর্প

মাত্যারন করে ভরত্বাক্ত রামকে বললেন, তুমি সংগ্যমস্থান থেকে যম্নার
পশ্চিমে প্রোতের বিপরীত দিকে যাত্রা করে এক তীর্থে উপস্থিত হবে,
সেখানে ভেলার আরা নদী পার হবে। পরপারে শ্যাম নামক এক হরিংপত্র বটব্ক্ষ দেখতে পাবে, সীতা যেন তাকে প্রণাম করেন। সেখান
থেকে এক ক্রোশ গিয়ে এক নীলবর্ণ কানন দেখবে। চিত্রক্টের এই
সন্গম পথে আমি বহ্বার গেছি।

ভরন্বাজকে অভিবাদন ক'রে তাঁর নির্দিষ্ট পথে রাম সীতা গ্র লক্ষ্মণ বাত্রা করলেন এবং যথাস্থানে এসে শহুক কাষ্ঠ ও উশীর শ্বারা ভেলা প্রস্তুত করলেন। রাম ঈষং লাল্জিতা সীতাকে ভেলায় উঠিয়ে তাঁর পার্টেব বসনভূষণ খনিত্র ও ছাগ্ডমাব্ত পেটক রাখলেন এবং লক্ষ্মণের সংগ্রানিজে উঠলেন। যম্নার মধ্যদেশে এসে সীতা নদীকে প্রণাম ও স্তুতি করলেন। পরপারে উপস্থিত হয়ে তাঁরা শ্যাম-বট দেখতে পেলেন, সীতা সেই বৃক্ষকে প্রণাম ও প্রদক্ষিণ করলেন।

যেতে যেতে সীতা অদ্প্রপ্র পাদপ গ্রুম ও প্রিপত লতা সম্বেশে রামকে প্রশন করতে গেলেন, এবং লক্ষ্মণ সীতার ইচ্ছান্সারে নানাপ্রকার প্রপাদি এনে দিলেন। এক ক্রোশ গিয়ে দ্ই দ্রাতা বহ্-প্রকার পবিত্র মৃগ বধ করে এনে ধম্নাতীরম্প বনে ভোজন করলেন। তার পর তারা ময়্রনাদিত হস্তিবানরসংক্ল স্কের সমতল নদীতটে রাতিবাপনের জন্য আশ্রয় নিলেন।

প্রভাতকালে সকলে ধ্যানা নদীর পবিত্র জল স্পর্গ করে চিত্রকটে বিভিন্ন থৈ থেতে লগেলেন। রাম বললেন, দেখ, শীত ঋতুর অবসানে প্রিপত কিংশাক (২) বৃক্ষ সকল থেন প্রদীশ্ত হয়েছে। ভল্লাতক (৩) ও বিলব ফলপ্রদেশ অবনত হয়ে আছে, গাছে গাছে কলসের ন্যায় মধ্যেক ক্লেছে। দাত্যহ (৪) ও মর্র ভাকছে, বনভূমি প্রদেশ আকীপ

⁽১) ব্রপ্রদেশে বান্দা রেলার। (২) পলাশ। (৩) ডেলা। (৪) ডাক-পাশি।

হয়েছে। ওই দেখ চিত্রক্ট পর্ব ড, তার সমস্থামর রমণীর কাননে আমরা স্থে বাস করব। মনে হচ্ছে এখানে প্রচুর ফলম্ল পাওয়া যাবে। থাষরাও এথানে বাস করেন।

তাঁরা বাল্মীকির আশ্রমে এসে কৃতাঞ্চলি হয়ে প্রণাম ক'রে নিজ পরিচয় দিলেন। মহর্ষি আনন্দিত হয়ে তাঁদের অভ্যর্থনা ও সংকার করলেন।

তার পর রাম লক্ষ্মণকে বললেন, আমাদের বাসগৃহ নির্মাণের জন্য তুমি উত্তম দৃঢ় কাণ্ঠ সংগ্রহ কর। লক্ষ্মণ অনেক গাছ কেটে এনে এক পর্ণশালা নির্মাণ করলেন। রাম বললেন, আমাদের বহুকাল এখানে বাস করতে হবে সেজনা যথাশাল বাসতৃশালিত করা আবশ্যক, অতএব তুমি মৃগ বধ ক'রে নিয়ে এস। লক্ষ্মণ পবিত্র কৃষ্মাণ বধ ক'রে এনে তার মাংস অন্নিপক ও শোণিতশ্ন্য ক'রে রামকে দিলেন। রাম ন্নান ক'রে মন্দ্রপাঠ ও জপ ক'রে বথাবিধি হোম দেবার্চনা ও বাস্তৃশালিতর পর গৃহ প্রবেশ করলেন। রমণীয় চিত্রক্টে পর্বত, মালাবতী নদী, মৃগণ্যক্ষমন্বিত কানন, এবং বায়ন্প্রবাহ থেকে স্ক্রক্ষিত পর্ণকৃটীর—এইসকল লাভ ক'রে তারা নির্বাসনের দৃঃখ ভূলে গিয়ে আনন্দে কাল্যাপন করতে লাগলেন।

১৬। স্মন্তের বার্তা

[সর্গ ৫৭-৬০]

নিষাদরাজ গৃহর কাছ থেকে বিদার নিয়ে স্মন্ত দ্ব দিন পরে সায়াহকালে নিরানন্দ নিঃশব্দ অযোধ্যায় ফিরে এলেন। শত সহস্র লোক তার রথের পিছনে ধাবমান হয়ে জিজ্ঞাসা করতে লাগল—রাম কোধার? স্মন্ত উত্তর দিলেন, আমি গণগাতীর পর্যন্ত রামের সংগা গিয়ে তার আজ্ঞায় ফিরে এসেছি। রাম গণগা পার হয়ে গেছেন জেনে নগরবাসারা শোকাকুল হ'ল, নারীরা বাতায়নে দাঁড়িয়ে বিলাপ করতে লাগল। স্মন্ত তার মূখ ডেকে রাজপ্রাসামের দিকে গেলেন।

প্রাসাদে উপস্থিত হয়ে নারীগণের হাহাকার শ্নতে শ্নতে সাতটি
কক্ষ্যা(১) অতিক্রম করে অভ্যম কক্ষ্যায় এসে স্মন্ত দেখলেন, দশরথ
অলপালোকিত গ্রে দনৈ ও আতুর হয়ে ব'সে আছেন। রাজাকে
অভিবাদন করে স্মন্ত রামের বার্তা জানালেন। দশরথ ম্ছিতি হয়ে
পড়ে গেলেন। ভূপতিত স্বামীকে স্মিতার সাহাষ্যে উঠিয়ে কৌশলা।
বললেন,

ইমং তস্য মহাভাগ দ্তং দ্বক্রকারিণঃ।
বনবাসাদন্প্রাণ্ডং কন্মান্ন প্রতিভাষসে॥
অদ্যেমন্যং কৃষা ব্যপত্রপাস রাঘব।
উত্তিষ্ঠ স্কৃতং তে২স্তু শোকে ন স্যাং সহায়তা॥
দেব যস্যা ভয়াদ্ রামং নান্প্ছিসি সার্থম্।
নেহ তিষ্ঠতি কৈকেয়ী বিশ্রবং প্রতিভাষ্যতাম্॥ (৫৭।২৯-৩১)

— মহারাজ, দ্ব্রুরকর্মকারী রামের এই দ্তে বনবাস থেকে ফিরে এসেছেন, এ'র সংগ্য কথা বলছ না কেন? অন্যায় কর্ম ক'রে তুমি কি আজ লজ্জিত হয়েছ? ওঠ, তোমার প্রা(২) হ'ক, তুমি শোক করলে তোমার সহায়ক পরিজনবর্গ ও বিনষ্ট হবে। যার ভয়ে তুমি সার্রাধ স্মেশ্রকে রামের সংবাদ জিল্ঞাসা করছ না সেই কৈকেয়ী এখানে নেই, তুমি নিঃশুঙ্ক হয়ে কথা বল।

দশরথ কাতর হয়ে সম্মন্তকে নানা প্রশন করতে লাগলেন, সম্মন্তও সবিস্তরে উত্তর দিলেন। দশরথ বললেন, আমি পাপকুলজাতা কৈকেয়ীর কথায় অধ্যাকারবন্ধ হয়েছিলাম, মন্তকুশল বৃদ্ধ অমাত্য বা স্হ্দ বা নাগরিকগণের সধ্যে পরামর্শ করি নি। কৌশল্যা, রামের বিরহে আমি বৈ শোকসাগরে নিমণন হয়েছি জীবন্দশায় তা থেকে উন্থার পাব না।

কৌশল্যা ভূতাবিষ্টার ন্যায় কম্পিতদেহে বললেন, ষেখানে রাম সীতা আর লক্ষ্মণ আছে সেখনে আমাকে রথে ক'রে নিয়ে চল, তাদের বিচ্ছেদে আমি ক্ষণমাত্রও বাঁচতে চাই না। স্মন্ত্র কৃতাঞ্জলি হয়ে বললেন, আপনি

⁽১) মহল। (২) সত্যপালনের জনা।

শোক ত্যাগ কর্ন, রাম অসন্তণত হয়ে বনে বাস করছেন, লক্ষ্মণ তাঁর পরিচর্যা করছেন। পাঁতগতপ্রাণা সীতা বিজ্ঞন বনে গৃহের তুলাই আনন্দে আছেন। যেমন অযোধ্যার উপবনে সেইর্প নির্জন অরণ্যেও তিনি বালিকার ন্যায় আনন্দে বিহার করছেন। তিনি রাম-লক্ষ্মণকে প্রণন ক'রে গ্রাম নগর নদী বৃক্ষ প্রভৃতি সম্বন্ধে নানা বিষয় জেনে নিচ্ছেন। সাঁতার সংবাদ এই পর্যন্ত আমার মনে পড়ছে, কৈকেয়ী সম্বন্ধে তিনি কি বলেছিলেন তা আমার এখন ক্ষ্মরণ হচ্ছে না।

প্রমাদবশে কৈকেয়নির নাম উচ্চার্ণ ক'রে স্মৃন্য তা চাপা দেবার জন্য বললেন, পথশ্রমে বা বাতাতপে বৈদেহীর মুখকান্তি মালন হয় নি, তাঁর চরণয্গল অলভকরসের অভাবেও পদ্মকোষতুলা। তিনি অলংকার প'রে আছেন, ন্প্র পারে লীলাসহকারে চলেন, রামের বাহ্ম আশ্রয় করে হলতী বা সিংহ দেখেও ভয় পান না। সীতা ও লক্ষ্মণের সন্ধো রাম আনন্দিত মনে বনে বাস ক'রে পিত্সতা পালন করছেন। তাঁদের জন্য আপনারা শোক করবেন না।

১৭। মানিকুমার-বধের ইতিহাস

[সর্গ ৬১-৬৪]

সমেশ্যের সাশ্বনাবাক্যে কৌশল্যা প্রবাধিত হলেন না, সরোদনে দশরথকে বললেন, তোমার যশ তিলোকবিখ্যাত, তুমি দয়াল্ম ও বদানা, তথাপি তুমি কেন দ্রই পত্র আর সীতাকে নির্বাসিত করলে? সীতা তর্ণী, সাকুমারী, সাথে অভ্যমত, তিনি এখন কেমন করে শীতাতপ সইছেন, নীবার ধান্যের অল্ল আহার করছেন? কবে আমি পশ্মবর্ণ পশ্মলোচন রামকে আবার দেখব? রাম ফিরে এলে ভরত তাকে রাজ্য ছেড়ে দেবে এমন মনে হয় না, জ্যোত ভাতিত কনিতের উপভূত্ত রাজ্য নিতে চাইবে না। বলবান শাদ্লি যেমন লাশ্যালম্বন সইতে পারে না, রামও সেইর্প এই অপ্যান সইবে না। তুমি এই রাজ্য, মন্তিশণ,

পৌরজন, সমস্তই নন্ট করলে, পরুচ সহ আমাকেও নন্ট করলে, কেবল তোমার ভার্যা কৈকেয়ী আর ভার পরেই হুন্ট হবে।

দশরথ কম্পিতদেহে অধোবদনে কৃতাঞ্জালপাটে বললেন, কৌশল্যা, প্রসম হও। তুমি শত্রকেও দেনহ ক'রে থাক, অপ্রিয় বাক্যে আমার দাংথবান্ধি করো না। দশরথের অঞ্জালবন্ধ পশ্মহস্ত নিজের মস্তব্দে রেখে কৌশল্যা বললেন, মহারাজ, তোমার অনানয় আমার পক্ষে মাত্যতুলা, আমি তোমার ক্ষমার অযোগ্য। আমি পাত্রশাকে আর্ত হয়েই তোমাকে অনাচিত কথা বলোছ।—

শোকো নাশয়তে ধৈর্যং শোকো নাশয়তে প্রত্যা। শোকো নাশয়তে সর্বং নাশ্তি শোকসমো রিপরঃ। শক্যমাপতিতঃ সোড়রং প্রহারো রিপরহস্ততঃ। সোড়্যাপতিতঃ শোকঃ স্কৃত্যাহিপ ন শক্তো। (৬২।১৫-১৬)

— লোকে ধৈর্য শাদ্যজ্ঞান সমস্তই নন্ট হয়, লোকের তুল্য শন্ত্র নেই। রিপ্রেস্কের প্রহার সওয়া যায় কিন্তু অত্যান্ধ শোকও সওয়া যায় না।

রামের বনযাত্রার পর ষণ্ঠ রাত্রির মধাভাগে দশরখের শমরণ হ'ল যে তিনি প্রের্ব এক দ্বুক্ত করেছিলেন। তিনি কোগল্যাকে বললেন, কল্যাণী, মান্র শ্ভ বা অশ্ভ ষেমন কর্ম করে তার ফলও সেইর্প পার। আমি কোমার অবস্থার শব্দ শ্নে লক্ষ্যবেধ করতে পারতাম. সেজনা লোকে আমাকে শব্দবেধী বলত। দেবী, তোমার যথন বিবাহ হর নি, আমি যুবরাজ, সেই সময়ে এক রমণীয় বর্ষাকালো আমার ম্সারার ইচ্ছা হ'ল। গাতিতে মহিষ হস্তী বা শ্বাপদ যে কোনও পশ্র কলপান করতে আসবে তাকে মারবার জন্য ধন্বাণ নিয়ে রথে চ'ড়ে সর্যুত্তীরে গেল্যম। অন্ধকারে যথন সরয়্র জল অদ্শ্য হ'ল তথন কলেনে জলপ্রণের শব্দ শ্লেম মনে করলাম হস্তী জলপান করছে। সেই শব্দ লক্ষ্য ক'রে আমি তীক্ষ্য শ্র নিক্ষেপ করলাম এবং তথনই মান্বের কন্টোখিত 'হা হা' এই আর্ত্যবেনি শ্লনতে পেলাম। শ্রাহত বাজি বললেন, আমি তপস্বী, রাত্তিত নদীর জল নিতে এসেছিলাম,

কেন আমাকে শরাঘাত করা হ'ল, কার অপকার আমি করেছি? আমি জটাধারী, অজিন-বল্কল আমার পরিধের, আমাকে বধ করতে কার প্রবৃত্তি হ'ল? নিজের প্রাণনালের জনা দঃখ করি না, যে বৃন্ধ পিতা-মাতাকে আমি ভরণপোষণ করি তাঁদের কি অবস্থা হবে?

সেই কর্ণ বিলাপে শ্নে আমি সম্প্রত হয়ে সর্ব্র তীরে গিয়ে দেখলাম, একজন তাপস শর্রিন্থ হয়ে শোণিতলিশ্তদেহে শ্রে আছেন, তাঁর জটাভার বিক্ষিণ্ড, কলসটি পাশে পড়ে রয়েছে। তিনি আমার দিকে চেয়ে যেন তেজে দাধ ক'রে বললেন, রাজা, তুমি এক বাণে আমাকে এবং আমার বৃষ্ধ অব্ধ পিতা-মাতাকে হত্যা করেছ। তাঁরা নিশ্চর পিপাসিত হয়ে আমার প্রতীক্ষা করছেন। তুমি এখন শীঘ্র তাঁদের কাছে গিয়ে সংবাদ দাও। আমার পিতাকে প্রসল্ল ক'রো, যেন তোমাকে অভিলাপে দাধ না করেন। তোমার তীক্ষা শরে আমার যন্ত্রণা হচ্ছে, তুমি এই শল্য উন্ধার কর।

শর বিশ্ব থাকলে যন্ত্রণা হবে, তুলে নিলে মৃত্যু হবে—এইর্প সংশয়ে আমি শোকাকুল হলাম। ম্নিকুমার অবসম হয়ে পড়ছিলেন, তথাপি আমাকে চিন্তিত দেখে অতি কন্টে বললেন, তুমি রহাহত্যা পাপের ভয় করো না, আমি ন্বিজ্ব নই, বৈশ্যের ঔরসে শ্রার গর্ভে আমার জন্ম। এই কথা শ্রনে আমি শর উঠিয়ে ফেললাম। তিনি যন্ত্রণায় বিঘ্ণিতি ও আক্ষিণ্ড হয়ে আমার দিকে চেয়ে প্রাণত্যাগ করলেন।

তথন আমি মন্নিকুমারের কলস জলপ্ত করে নিয়ে তাঁর পিতা-মাতার আশ্রমে গেলাম। দেখলাম, সেই বৃন্ধ অন্ধ দন্পতি ছিল্লপক্ষ বিহন্ধের ন্যায় অসহায় হয়ে বসে আছেন। আমার পদশন্দ শন্নে বৃন্ধ মন্নি অসপত স্বরে বললেন, প্রে, এত বিলন্দ্র করলে কেন, শীঘ্র এসে জল দাও। তুমি এই অগতিদের গতি, চক্ষ্যীনের চক্ষ্য, আমাদের জীবনের অবলন্দ্রন, কথা বলছ না কেন? আমি উত্তর দিলাম, তপোধন, আমি ক্ষান্তিয় দশর্প, আপনার প্রে নই। আমি অত্যন্ত গাহিত কর্মের ফলে পরিত্রত হয়েছি। আমার মুখে প্রের মৃত্যুসংবাদ শ্নে তিনি সাপ্র্নয়নে শোকাকুল হরে বললেন, রাজা, তোমার এই পাপকর্মের সংবাদ যদি স্বয়ং এসে না জানাতে তবে তোমার মুস্তক শতসহস্র খণ্ডে বিদীর্ণ হ'ত। এখন আমাদের সেখানে নিয়ে চল। তখন আমি তাদের সর্য্তীরে নিয়ে গোলাম। প্রের দেহ স্পর্শ ক'রে তার উপর নিপতিত হয়ে অন্ধ ম্নি এইর্প বিলাপ করতে লাগলেন—

নাভিবদেয়দে মাদ্য ন চ মামভিভাষ্দে।
কিং চ শেষে তু ভূমো হং বংস কিং কুপিতো হ্যাসা। (৬৪।৩০)
কস্য বা পররাত্রেহং শ্রোষ্যামি হৃদয়ংগমম্।
অধীয়ানস্য মধ্বং শাল্ডং বান্যন্বিশেষতঃ॥ (৬৪।৩২)
অপাপোহসি যথা প্র নিহতঃ পাপকর্মণা।
তেন সত্যেন গচ্ছাশ্ব যে লোকাস্ফল্যযোধিনাম্॥ (৬৪।৪০)
যা গতিঃ সর্বভূতানাং স্বাধ্যায়াত্রপস্চ যা।
ভূমিদস্যাহিতাশেন্চ একপঙ্গীরতসা চ॥
গোসহস্তপ্রাত্রণাং গ্রন্সেবাভূতামপি।
দেহন্যাসকৃতাং যা চ তাং গতিং গচ্ছ প্রক॥ (৬৪।৪০-৪৪)

— আজ তুমি আমাদের অভিবাদন করছ না, কথাও বলছ না, বংস, কেন
ছমিতে শ্রের আছ, তুমি কি কুপিত হয়েছ? আমি রাত্রিশেযে কার
হাদরতাহী মধ্র শাদ্যাদি-পাঠ শ্নব? প্র, তুমি অপাপ, পাপকর্মা
তামাকে নিহত করেছে, অতএব তুমি সত্তার প্রভাবে অদ্যযোদ্যাদের
লোকে ধাও। সর্বভূতের যে গতি, বেদাধ্যায়ী, তপদ্বী, ভূমিদাতা,
আহিতান্নি, একপদ্মীনিষ্ঠ, সহস্ত-গো-দানকারী, গ্রেসেবাকারী, এবং
পরলোকার্থ দেহত্যাগীদের যে গতি, তুমি সেই গতি লাভ কর।

অন্ধ মন্নি ও তাঁর পত্নী জল নিয়ে তপণ করলেন। তথন মন্নিপ্র দিব্যর্থ ধারণ ক'রে ইন্দের সংগ্য স্বর্গে আরোহণ করলেন, এবং পিতা-মাতাকে ব'লে গেলেন, আপনারাও শাঁঘ আমার কাছে আসন্ন। মন্নি আমাকে বললেন, তুমি আমার একমান বালকপ্রকে অজ্ঞানে বধ করেছ, সেজন্য অভিশাপ দিচ্ছি— আমার ন্যায় তোমাকেও প্রশোকে মরতে হবে। তার পর তিনি বহু বিলাপ ক'রে চিতায় আরোহণ ক'রে স্বর্গে গেলেন।

এই ইতিহাসে শেষ ক'রে দশরথ কোশল্যাকে সরোদনে বললেন, দেবা, অনপ বয়সে শৃন্ধবেধ করতে গিয়ে যে পাপ করোছ তার ফল এখন উপস্থিত হয়েছে। কোশল্যা, তোমাকে আমি দেখতে পাচ্ছি না, আমাকে হাত দিয়ে স্পর্শ করে। বদি রাম আর্মাকে একবারও স্পর্শ করে এবং ধন ও যৌবরাজ্য নেয় তবে আমি বাচতে পারি। আমার চিত্ত মোহগ্রস্ত ও হদের অবসম হচ্ছে, শন্দ স্পর্শ কিছাই আমার অন্তব হচ্ছে না।—

হা রাঘব মহাবাহো হা মমায়াসনাশন। হা পিতৃপ্রিয় মে নাম হা মমাসি গতঃ সতুও॥ হা কৌশল্যে ন পশ্যামি হা স্ক্রিতে তপশ্বিন। হা নৃশংসে মমামিতে কৈকোর কুলপাংসনি॥ (৬৪।৭৫-৭৬)

—হা মহাবাহর রাঘব, আমারে দরংখনাশন, হা আমার রক্ষক বনগত প্রির পরা! হা কৌশল্যা, দরংখিনী সর্মিয়া, তোমাদের দেখতে পাছি না! হা নৃশংসা আমার অমিয়া কুলপাংসনী(১) কৈকোরী!

১४। नगरपत मृहा

[मर्ग ७৫-७४]

শোকাতুর দশরথ এইর্পে বিলাপ করতে করতে অর্ধরাগ্রের পর প্রাণত্যাগ করলেন।

প্রভাতকালে বন্দী স্ত মাগধ গারক প্রভৃতি ষথারীতি রাজার বন্দনা আরদ্ভ করলে। পাণিবাদকদের করতালির শব্দে পাখিরা জেগে উঠে কলরব করতে লাগল। যারা বাজাকে স্নান করায় তারা কাঞ্চনঘটে হরিচন্দনবাসিত জল নিয়ে এল। যেসকল মাঞ্চালিক উপকরণ স্পর্ণা

⁽১) কুলকে বে দ্বিত করে।

ও আহার করতে হয় তা নিয়ে বহু নারী উপস্থিত হ'ল, তাদের মধ্যে অনেক কুমারী ছিল। স্থোদয় পর্যক্ত অপেক্ষা ক'রেও যখন রাজার দর্শন পাওয়া গেল না তখন সকলে শাশ্কত হয়ে উঠল।

দশরথের ষেদকল পদ্মী নিকটে ছিলেন তাঁরা শযাা স্পর্শ করে বিনীত বচনে রাজ্ঞাকে জাগাবার চেন্টা করলেন, কিন্দু নাড়ীর স্পন্দন পেলেন না। তাঁরা স্রোতের বিপরীত মুখে তৃণাগ্রের নাায় কন্পিত হয়ে রাজ্ঞার মরণাশন্দায় আর্তনাদ করে উঠলেন। কৌশল্যা ও স্ক্রিয়া প্রশোকে অবসম হয়ে রাজ্ঞার পাশের্ব নিদ্রিত ছিলেন। ক্রন্দনের শব্দে তাঁরা জেগে উঠলেন এবং রাজ্ঞাকে মৃত দেখে হা ভর্তা বলে ভূল্বিঠত হলেন। কৈকেয়ী প্রভৃতি অন্যান্য মহিষীরা কাঁদতে কাঁদতে জ্ঞানশ্বের হলেন।

পরলোকগত রাজাকে নির্বাপিত অণ্নের ন্যায়, জলহীন সাগরের নায়ে, নিশ্প্রভ স্বের ন্যায় দেখে তার মতক ক্রাড়ে নিয়ে কোলল্যা সাল্রনেরনে বললেন, নৃশংসা দৃষ্টচারিলী কৈকেয়ী, তোমার কামনা প্র্বাহ লৈ, এখন নিষ্কৃতক রাজ্য ভোগ কর। দেবতাত্বর্প ত্বামীর মৃত্যুর পর কৈকেয়ী ভিন্ন কোন্ ত্নী বাচতে ইচ্ছা করে? আমি পতিরতা, আজ পতিদেহ আলিশ্যন করে অণ্নিতে প্রবেশ করব। কোলল্যাকে এইরপে শোকবিহনের দেখে অমাত্যগণ তাকে অন্যত্র নিয়ে গেলেন। মাজপ্রেদের কেউ উপস্থিত না থাকায় মন্ত্রীরা দশরথের অল্ত্যেভিত্তিয়ায় মত দিলেন না, বাশ্ন্তাদির আদেশে মৃতদেহ তৈলপ্র্বা আধারে রাখা হল।

মার্ক প্রের্মাহত বাশ্চিকে বললেন, যে রাত্র শতবর্ষের ন্যায় বাধ হচ্ছিল তা এখন অতি কন্টে অতীত হয়েছে। মহারাজ ন্বর্গস্থ, রাম-লক্ষ্মণ বনে গেছেন, ভরত-শত্র্ঘ্য মাতামহের কাছে আছেন। অরাজক দেশে বহু অশ্ভ ঘটে, লোকে মংস্যের ন্যায় প্রস্পরকে খায়। রাজার অভাবৈ এই রাজ্য অরণ্য হয়ে যাবে, অতএব আপনি বিচার করে ইক্রাকৃকৃলের কোনও ক্যারকে অভিষিক্ত কর্ন।

বিশিষ্ঠ উত্তর দিলেন, বিচার করবার কিছু নেই, রাজা ভরতকে রাজ্য দান করেছেন। এখন দ্রতগামী দ্তগণ অন্বারোহণে শীঘ্র গিয়ে ভরত-শত্র্ঘাকে নিয়ে আস্ক। মিল্ফগণ এই ব্যবস্থা অন্মোদন করলে বিশিষ্ঠ চারজন দ্তকে ডাকিয়ে এনে বললেন, তোমরা উপহার স্বর্প কোষের বসন ও উত্তম ভূষণ নিয়ে শীঘ্র রাজগৃহে কেকয়রাজের কাছে যাও। ভরতকে কুশল জিজ্ঞাসা করে বলবে, আমরা তাঁকে অভাস্ত প্রয়োজনে সম্বর এখানে আসতে বলোছ। রামের নির্বাসন ও দশরথের মৃত্যু এই দুই অশ্বভ সংবাদ তাঁকে জানিও না।

দ্তরা পাথের প্রভৃতি নিয়ে বেগবান অশ্বে কেকররাজ্যে যাত্রা করলে।
তারা পাণ্ডালদেশ হয়ে হদিতনাপুরে গণ্গা পার হয়ে পশ্চিমম্থে
কুর্জাণ্গালের মধ্য দিয়ে গেল। আরও বহুদ্রে গিয়ে ইক্ষ্মতী নদী
পার হয়ে বাহুদ্রীক দেশের মধ্য দিয়ে স্দামা পর্বতে উপশ্বিত হ'ল।
তার পর বিপাশা ও শান্মলী নামক দ্ই নদী অভিন্য ক'রে অভিশর ক্রান্ত হয়ে গিরিরজ (১) নগরে উপশ্বিত হ'ল।

১১। ভরতের অবোধ্যার আগমন

[সগ ৬১--৭২]

অযোধ্যার দ্তগণ যে রাত্রে কেকয়রাজপ্রে উপন্থিত হ'ল সেই রাত্রে ভরত এক দ্বংস্বান দেখে বিষাদগ্রস্ত হলেন। তাঁর বয়সারা ন্তা ও নাটক-প্রহসন-অভিনয়ের আয়োজন করেও তাঁকে প্রফল্লে করতে পারলেন না। অবশেষে তাঁদের প্রশেনর উত্তরে ভরত বললেন, আমি স্বান্দে পিতাকে দেখেছি। তিনি পর্বতিশিশ্বর থেকে ম্রেকেশে গোময়হুদে নিপতিত হয়ে ভাসছেন এবং হাসতে হাসতে অঞ্চলি করে তৈলপান করছেন। তার পর তিনি তিলমিগ্রিত অল্ল থেয়ে অধােমস্তকে তৈলমধ্যে প্রবেশ করছেন। স্বান্দে দেখলাম, সাগর শুক্তা, চন্দ্র ভূপতিত, জগং

⁽১) এই গিরিব্রন্ধ বা রাজগৃহ পদ্ধারের উত্তরপশ্চিমে (মতাশ্তরে কাশ্মীরে) অবস্থিত কেক্যুরাজ্যের প্রধান নগর।

ভমসাচ্ছম, রাজবাহন হস্তীর দক্ত খণ্ড খণ্ড হয়ে গেছে, জনালিত অণিন নির্বাপিত হয়েছে, প্রথিবী বিদার্থ, বৃক্ষসকল স্কুক, পর্বত বিধন্ত। আমার পিতা কৃষ্ণ বসন পরে কৃষ্ণ লোহপীঠে বসে আছেন, কৃষ্ণপিতালবর্থ প্রমদাগণ তাঁকে প্রহার করছে। তার পর তিনি রক্তমালা ধারণ করে খর(১)যোজিত রখে দক্ষিণদিকে যাচ্ছেন, রক্তবসনা প্রমদা তাঁকে দেখে খেন হাসছে, বিকৃতাননা রাক্ষসী তাঁকে টানছে। এই ভীষণ স্বান্ন আমার, রামের, পিতার বা লক্ষ্মণের মৃত্যু স্চনা করছে। স্বণেন যে লোক খরযোজিত রখে চলে তার চিতার ধ্ম অচিরে দেখা যায়। আমার মহা ভয় হচ্ছে যে পিতাকে আর দেখতে পাব না।

এই সময়ে অযোধ্যার দ্তগণ রাজগৃহে এসে কেকররাজকে প্রণাম ক'রে বন্দ্র ও আভরণ উপহার দিলে এবং ভরতকে বিশস্তের বার্তা জ্ঞানালে। ভরত জিল্ঞাসা করলেন, আমার পিতা দলর্থ, রাম-লক্ষ্মণ, আমাদের জননীগণ, সকলের কুশল তো? আত্মকামা(২) কোপনস্বভাবা প্রাক্তমানিনী(৩) আমার মাতা কৈকেরী কি বলেছেন? দ্তরা উত্তর দিলে, নরপ্রেণ্ঠ, বাঁদের কুশল ইচ্ছা করেন তাঁরা কুশলে আছেন। পশ্মালরা লক্ষ্মী আপনাকে বরণ করেছেন, আপনি রথ প্রস্তুত করতে আজ্ঞা দিন।

মাতামহের অনুমতি নিয়ে এবং তাঁকে প্রণাম ক'রে ভরত শাত্র্যার সন্দোর বিশেষ রাজে আরোহণ করলেন। কেক্য়রাজ অন্বপতি এবং তাঁর প্রে ব্রেগাজিং বহু উপহার দিলেন, যথা—উত্তম হৃদ্তী, চিত্রকন্বল ও ম্গাচর্ম, বাাপ্রতুলা বলবান ভীষণদন্ত মহাকায় কুরুর, ন্বিসহস্ত নিল্ক ন্বর্ণ, বহুর অন্ব এবং দ্রতগামী গর্শভ। ক্রেকজন বিশ্বাস্য গ্রেণবান অমাত্যও সন্দো চললেন। ভরত যাবার জন্য উৎকণ্ঠ হয়েছিলেন সেজন্য উপহার শেরে তাঁর আনন্দ হ'ল না।

বহু নদী পর্বত অরণ্য ও জনপদ অতিক্রম করে সাত রাগ্রি পরে ভরত শ্রীহীন নিরানন্দ অযোধ্যার উপস্থিত হলেন। তিনি উদ্বিশ্নচিত্তে

⁽১) অন্বতর, mule, অথবা গর্পভ। (২) স্বার্থপরা।

⁽০) বে নিজেকে অতি ব্নিখমতী মনে করে।

বৈজয়নত-ত্বার দিয়ে রাজভবনে প্রবেশ করলেন। পিতার গৃহে পিতাকে দেখতে না পেয়ে ভরত কৈকেয়ীর কাছে গিয়ে চরণবন্দনা করলেন। কৈকেয়ী তার ত্বাপেন থেকে উঠে হৃষ্টাচত্তে প্রকে আলিখ্যন করে জাড়ে নিয়ে কৃষলপ্রত্ন করলেন। মাতুলালয়ের কৃষলসংবাদ জানিয়ে ভরত বললেন, মাতা, মহারাজের দ্তরা এত ছরাল্বিত হয়ে আমাকে নিয়ে এল কেন? তোমার ল্বর্ণময় পর্যত্ক শ্না কেন? পিতাকে এখানে দেখছি না, তিনি কি জাত্যা মাতা কোশলার গৃহে আছেন?

সন্সংবাদ দিচ্ছি মনে ক'রে কৈকেয়ী এই ঘারে অপ্রিয় বাকা বললেন—
সর্বভূতের বে গতি, তেজুন্বী বজ্ঞপরায়ণ সম্জনপালক তোমার পিতাও
সেই গতি পেয়েছেন। ভরত এই সংবাদে শোকাতুর হয়ে ভূতলে প'ড়ে
বিলাপ করতে লাগলেন। তার পর বললেন, মহারাজ রামের অভিষেক
করবেন অথবা বজ্ঞ করবেন এই ভেবে আমি সানন্দে বাত্রা করেছিলাম,
কিন্তু তার বিপরীত দেখে আমার অন্তর বিদীর্ণ হচ্ছে। কোন্
ব্যাধিতে পিতার মৃত্যু হ'ল? রামকে শীল্প আমার আগমন সংবাদ দাও,
জ্যেষ্ঠ ভ্রাত্য পিতার তুল্য, আমি তাঁর পাদবন্দ্রনা করব।

কৈকেয়া বললেন, রাম চীর ধারণ করে বৈদেহী আর লক্ষ্মণের সংগ্
মহাবনে গেছেন। প্রাভার চরিপ্রদোধের আলক্ষায় গ্রন্থ হয়ে ভরও
বললেন, রাম কি রাহ্মণের ধন হরণ করেছেন? কোনও ধনী বা দরিদ্র
নির্দোধ ব্যক্তির হিংসা করেছেন? কোনও পরস্থীতে তাঁর লোভ হয়
নি তো? চঞ্চলম্বভাবা কৈকেয়ী হৃষ্টাচিত্তে নিজের কৃকর্ম জানিয়ে
বললেন, রাম কোনও অপরাধ করেন নি। তাঁর অভিষেক হবে শ্নের
আমি রাজার কাছে দুই বর চেরেছিলাম—তোমার জন্য রাজ্য এবং রামের
বনবাস। তোমার সত্যনিষ্ঠ পিতা তাঁর অংগাঁকার পালন করেছেন,
সীতা আর লক্ষ্মণের সংগ্য রাম নির্বাসিত হয়েছেন। প্রিয়প্তের
অদর্শন জনিত শোকে মহারাজের মৃত্যু হয়েছে। তোমার জন্যই আমি
এইসব ঘটিয়েছি, এখন তুমি শোক ত্যাগ কর, পিতার অন্ত্যেন্টিরিয়া
করে রাজ্যে অভিষিক্ত হও।

২০। ভরতের ক্লোভ

[मर्ग ५७--५४]

কৈকেরার কথা শ্নে ভরত দ্বংখে সম্ভণ্ত হয়ে বললেন, পিতা আর পিতৃসম ভ্রাতাকে হারিয়ে এই হতভাগ্যের রাজ্যে কি প্রয়োজন? আমার পিতাকে বিনন্ট ক'রে আর রামকে বনে পাঠিয়ে তুমি ক্ষতের উপর কার, দ্বংশের উপর দ্বংখ দিয়েছ।—

অহং হি প্রুষ্ব্যান্তাবপশ্যন্ রামলক্ষ্যণো।
কেন শক্তিপ্রভাবেণ রাজাং রক্ষিতৃম্ংসহে॥ (৭০।১৪)
ন মে বিকাশ্কা জায়েত ত্যক্তং দাং পাপনিশ্চয়াম্।
বিদ রামস্য নাবেকা দ্বির স্যান্মাতৃবং সদা॥ (৭০।১৮)
ন তু কামং করিষ্যামি তবাহং পাপনিশ্চয়ে।
ব্রা ব্যসনমারকাং জীবিতান্তকরং মম॥ (৭০।২৫)
নিবর্তারিদা রামং চ তস্যাহং দীন্ততেজসঃ।
দাসভূতো ভবিষ্যামি স্নুন্ধিতেনান্তরাজনা॥ (৭০।২৭)
রাজাদ্ ভ্রংশন্ব কৈকেয়ি ন্শংসে দ্বভীচারিণ।
পরিত্যকাসি ধর্মেণ মা মৃতং রুদতী ভব॥ (৭৪।২)
ন স্মন্বপতেঃ কন্যা ধর্মরাজসা ধীমতঃ।
রাক্ষসী তত্ত জাতাসি কুলপ্রধ্বংসিনী পিতৃঃ॥ (৭৪।১)

শামি প্র্যুব্বাদ্র রাম-লক্ষ্মণকে না দেখে কোন্ শব্বির প্রভাবে রাজ্য রক্ষা করতে পারব? পাপীরসী, রাম যদি তোমাকে সর্বদা মাত্বং না দেখতেন তবে তোমাকে ত্যাগ করতে আমার অনিচ্ছা হ'ত না। তুমি পাপব্দিয়র বলে আমার প্রাণান্তকর বিপদ ঘটিয়েছ, আমি তোমার কামনা কথনই সিন্ধ করব না। রামকে ফিরিয়ে এনে অন্তরে শান্তিলাভ ক'রে সেই ভেজস্বীর দাস হয়ে থাকব। নৃশংসা দ্পটারিণী কৈকেয়ী, এই রাজ্য থেকে দ্র হও, ধর্ম তোমাকে ত্যাগ করেছেন, মৃত রাজার জন্য তোমার রোদনের অধিকার নেই। তুমি ধীমান ধর্মরাজ অন্বপতির কন্যা নও, আমার পিত্কুল ধর্মে করবার জন্য তুমি রাক্ষ্মী হয়ে জন্মছ।

ভরত আরম্ভনেত্রে স্থালিতবসনে অন্কুশাহত হস্তী ও ক্র্ম্থ ভূজণেগর তুল্য প্রবল নিঃশ্বাস ফেলতে লাগ্রন্থেন। তিনি তাঁর সমস্ত আভরণ ফেলে দিয়ে উৎসবাস্তে ইন্দ্রধন্ত্রের ন্যায় ভূমিতে পতিত হলেন। অনেক ক্ষণ পরে সংজ্ঞালাভ ক'রে তিনি অমাত্যগণকে বললেন, আমি রাজ্য কামনা করি নি, মাতাকেও প্ররোচিত করি নি। রামের অভিষেক বা নির্বাসনের কিছুই আমি জানতাম না।

ভরতের ক'ঠম্বর শ্নে কৌশল্যা তাঁর কাছে আসছিলেন, সেই সময়ে শান্যার সংগা ভরতও কৌশল্যার গ্রে যাচ্ছিলেন। দেখা হওয়ায় দ্ই ভাতা সরোদনে কৌশল্যাকে আলিশ্যন করলেন। কৌশল্যা বললেন, ভরত, তুমি যা চেয়েছিলে সেই নিষ্কণ্টক রাজ্য এখন পেলে। আমার প্রকে জ্র উপায়ে বনে পাঠিয়ে কৈকেয়ীর কি লাভ হ'ল? এখন আমাকে আর স্মিরাকেও সেখানে নিয়ে চল।

ক্ষতপথানে স্চী বিন্ধ হ'লে যেমন হয় সেইর্প যন্ত্রণা পেয়ে ভরত কৌশল্যার চরণে পতিত হয়ে বললেন, আর্যা, আমি কিছুই জানি না, কেন আমাকে ভর্পনা করছেন? আর্পান তো জানেন, রামের প্রতি আমার বিপ্রেল প্রীতি আছে। তাঁর নির্বাসনের যে অনুমোদন করবে তার ব্যন্ধি যেন কদাপি শাস্ত্রান্গ্রামিনী না হয়। স্থের অভিমুখে যে মৃত্রত্যাগ করে, স্কুত গাভীর দেহে যে পদাঘাত করে, কর্ম শেষ হ'লে যে ভ্তাকে বেতন না দেয়, যুন্ধে যে পরাঙ্যুখ হয়, পায়স কলর(১) ও ছাগমাংস যে ব্যা(২) খায়, লাক্ষা মধ্য মাংস লোহ ও বিষ যে বিক্রা করে—তাদের যে পাপ হয়, রামের নির্বাসন যে চায় তার সেই পাপ হ'ক। অভিনদাতা, গ্রুপেন্নীগ্রমী ও মিচদ্রোহীর যে পাপ তাই তার হ'ক।

ভরতের শপথ শনে কোশল্যা বললেন, পতে, তোমার কথায় আমার দ্বংথ অধিকতর হ'ল। ভাগ্যবশে তুমি ধর্ম থেকে বিচলিত হও নি। এই ব'লে তিনি ভরতকে কোলে ক'রে কাদতে লাগলেন।

⁽১) তিল-ম্গ-মিপ্রিত অল, একরকম থিচুড়ি।

⁽২) গ্রাম্বাদি ডিল্ল উপলক্ষে।

মহারাজের অন্তেশিটালরার সমর উপস্থিত। তখন ভরত দশরখের তৈলার দেহ আধার খেকে তুললেন, পরিচারকগণ তা শিবিকার বহন করে সরযুতীরে নিরে গেল। গমনপথে স্বর্ণ রক্ত ও বিবিধ রঙ্গ বিতরণ করা হ'ল। খাছগ্লাণ দশরখের দেহ চিতার স্থাপিত করে অন্নিতে আহ্তি দিলেন, সামগারকগণ সামগান করতে লাগলেন। মহিষীরা সরোদনে চিতা প্রদক্ষিণ করলেন। তপ্ণ শেষ হলে সকলে রাজপ্রীতে ফিরে এলেন।

দশ দিনের পর অলোচমন্ত হয়ে ভরত স্বাদশাহে প্রাম্বকর্ম করে বাহনুগগণকে প্রচুর ধনরত্ব অল ছাগ ধেন্ব দাসদাসী বান এবং বাসভবন দান করলেন। ত্রমোদশ দিনে তিনি চিতাম্থানে এসে ভূপতিত হয়ে বিলাপ করতে লাগলেন। বিশ্বত তাঁকে উঠিয়ে বললেন, তোমাকে এখন অম্বিস্থান করতে হবে, শোকগ্রমত হয়ে বিলাপ করছ কেন? তখন ভরত ও শর্ঘা অপ্র্যার্জনা করে সকল ত্রিয়া শেষ করলেন।

শান্তা ভরতকে বললেন, যিনি বিশৃংকালে সকলের আশ্রয় সেই রাম শানিকাকের প্ররোচনায় নির্বাসিত হয়েছেন। বীর্ষবান লক্ষ্মণ নারীর বশীভূত রাজাকে নিগ্হীত ক'রে কেন রামকে রক্ষা করলেন না?

এমন সময় রাজবদ্য পরে গায়ে চন্দন মেখে সর্ব আভরণে ভূষিত ইরে কুব্জা বারদেশে উপস্থিত হ'ল। মেখলা প্রভৃতি বহুবিধ অলংকারে তাকে রন্দ্রেশ বানরীর মতন দেখাচ্ছিল তাকে নির্দয়ভাবে শহুঘোর কাছে ধ'রে এনে ভরত বললেন, যার জন্য রাম বনে গেছেন, পিতা মরেছেন, এই সে। তোমার যা ইচ্ছা হয় কর।

শার্ষা মন্থরাকে সবলে ধরলে সে চিংকার করে উঠল, টানাটানিতে তার অলংকার খনে পড়ল। মন্থরার সখীরা প্রাণভরে পালিয়ে গিয়ে কৌনল্যার শরণাপত্র হ'ল। শত্রা কৈকেরীকে উদ্দেশ ক'রে কঠোর ভংসিনা করতে লাগলেন। ভরত বললেন, স্থালোক অবধ্য, অতএব ভূমি ক্রমা কর। রাম হদি মাত্যাতক ব'লে আমার উপর ক্রম্থ না হতেন ভবে আমি কৈকেরীকে বধ করতাম। এই কুব্জাকেও যদি বধ করি তবে রাম আমাদের সংগ্যে কথা কইবেন না। তখন শত্থা ম্ছিতা মন্থরাকে ত্যাগ করলেন, সে কৈকেয়ীর পায়ে পড়ে কাঁদতে লাগল।

২১। ভরতের রাজা-প্রত্যাখ্যান

[সর্গ ৭৯—৮২]

দশরথের অন্তেজির পর চতুর্দশ দিবসে রাজপ্র্যুষগণ ভরতকে বলবেন, রাজপ্র, এই রাজ্যের নায়ক কেউ নেই, আপনিই আমাদের রাজা হ'ন। আপনার স্বজনবর্গ অভিষেকের উপকরণ নিয়ে প্রতীক্ষা করছেন, আপনি পৈতৃক রাজ্য নিয়ে আমাদের ক্ষা কর্ন।

ভরত অভিষেকসামগ্রী প্রদক্ষিণ করে বললেন, জ্যেষ্ঠ রাজা হবেন এই আমাদের কুলের নিয়ম, অতএব আপনারা আমাকে অনুরোধ করবেন না। অভিষেকের এই সমস্ত উপকরণ নিয়ে আমি বনে যাব, সেখানে রামকে অভিষিপ্ত করে অযোধ্যায় ফিরিয়ে আনব। তাঁর স্থানে আমিই চতুর্নশ বর্ষ বনবাসে থাকব, যিনি নামে মাত্র আমার মাতা তাঁর কামনা প্র্ণ হতে দেব না। এখন বনষাতার জন্য মহতী চতুর্রিগাণী সেনা সঞ্চিত কর্ন।

বনযাত্রার পথ প্রস্তৃত করবার জনা ভূমিতত্ত্ব, স্তকর্ম ক্র, (১) খনক, যদ্যবিং, স্থপতি, বর্ধক, (২) বৃক্ষক্ষেদক, স্পকার, পথপ্রদর্শক প্রভৃতি নিয়ন্ত হ'ল। তারা বৃক্ষ লতা প্রস্তর কেটে পথরচনা, বৃক্ষহীন স্থানে বৃক্ষরোপণ, গর্তপ্রেণ, সেতৃনির্মাণ, জলহীন স্থানে ক্পে-তড়াগখনন, রমণীয় প্রদেশে শিবিরস্থাপন এবং প্রাসাদনির্মাণ করলে। এইর্পে জাহুবী পর্যন্ত উত্তম রাজ্মার্গ প্রস্তৃত হ'ল।

অনন্তর একদিন রাত্রিশেষে ভরত শ্নতে পেলেন, স্ত্যাগধগণ তাঁর দ্যুতিপাঠ করছে, স্বর্গদেশ্ডের আঘাতে দ্ব্দ্যুভি বাজছে, শুণ্থ ও ত্রের প্রবল ধর্নি হচ্ছে। আমি রাজা নই—এই কথা ব'লে ভরত

⁽১) হে জরিপ করে। (২) ছতের।

বাদকদের থামিয়ে দিলেন এবং শত্র্ঘাকে বললেন, দেখ, কৈকেয়ীর আদেশে এরা এই অন্যায় কার্য করছে।

বলিন্ট রাজসভায় প্রবেশ করে কাগুনময় আসনে উপবিষ্ট হয়ে আজা দিলেন, রাহাল, ক্ষরিয়, অমাতা, সেনাপতি, তরত-শহালা, সম্মশ্য প্রভৃতিকে শীল্প নিয়ে এস, বিলম্বে আমাদের বিপদ হ'তে পারে। সকলে উপন্থিত হ'লে রাজসভায় তুম্ল কোলাহল হ'ল, প্রজারা ভরতকে দদরথের তুলা সংবর্ধনা করলে। সেই বিম্বন্জনপূর্ণ সভায় সমাগত প্রজাবর্গের দিকে দ্ভিটপাত ক'রে রাজপ্রেরাহিত বিশিষ্ট ভরতকে বললেন, বংস, স্বর্গত রাজা দদরথ ধর্মবাম্থিতে তোমাকে এই ধনধান্যবতী সম্মা প্রিবী দিয়ে গেছেন, সত্যানিষ্ট রামও পিতার নির্দেশ পালন করেছেন। তুমি দীল্প অভিষিত্ত হয়ে পিতার ও প্রাতার প্রদন্ত এই রাজ্য নিক্ষণ্টকে ভোগ কর।

রামকে সমরণ ক'রে ভরত বাষ্পগদ্গদস্বরে বললেন,

কথং দশরথান্জাতো ভবেদ্ রাজ্যাপহারকঃ।
রাজ্যং চাহং চ রামস্য ধর্মং বন্ধনিহাহিনি॥ (৮২।১২)
অনার্যজ্বেমন্বর্গ্যং কুর্যাং পাপমহং যদি।
ইক্ষাক্ণামহং লোকে ভবেয়ং কুলপাংসনঃ॥
যদ্ধি মালা কৃতং পাপং নাহং তদিপ রোচয়ে।
ইহস্যো বনদর্গস্থং নমস্যামি কৃতাঞ্চলিঃ॥
রামষেবান্গচ্ছামি স রাজা ন্বিপদাং বয়ঃ।
গ্রাথানিপ লোকানাং রাঘবো রাজ্যমহাতি॥ (৮২।১৪-১৬)

— দশরখের পরে কি করে রাজ্যের অপহারক হবে? এই রাজ্য আর আমি রামেরই। আপনি ধর্মান্সারে কথা বল্ন। যদি এই অনার্বোচিত নরকপ্রদ পাপকার্য করি তবে আমি ইক্ষরাকৃবংশের কুলান্যার হব। আমার মাতা যে পাপ করেছেন তা আমার অভিলয়িত নয়, বনদর্শবাসী রামকে আমি এখান থেকেই কৃতাঞ্জলি হয়ে প্রণাম করছি। নরজেন্ট রামই রাজা, তারই অন্সরণ করব, তিনি বিলোকেরও রাজা হবার বোল্য। রামের অনুবন্ধ সভাসদ্গণ ভরতের কথার আনন্দিত হরে অশ্রুমোচন করতে লাগলেন। ভরত আরও বললেন, যদি রামকে বন থেকে আনতে না পারি তবে আমিও সেখানে বাস করব। তাঁকে ফেরাবার জন্য সকল উপায় অবলন্দন করতে হবে। এখন আমাদের যাত্রা করা উচিত। স্মন্ত, তুমি আমার আদেশে শীঘ্র যাত্রার আজ্ঞা দাও এবং সৈন্য সমাবেশ কর।

ভরতের আজ্ঞা সম্মন্ত কর্তৃক ঘোষিত হ'লে সকলেই হ'ল হ'ল, গ্রে গ্রে সৈনিকপত্নীরা স্বামীকে বরা দিতে লাগল। অশ্ব গোশকট রথ ও সৈন্যগণকে নিয়ে সস্ত্রীক সেনাপতিগণ ভরতের কাছে উপস্থিত হ'লেন। তখন ভরত বললেন, স্মন্ত, শীঘ্র আমার রথ প্রস্তুত কর।

২২। গ্রহ-সকালে ভরত

প্রভাতকালে ভরত রথারোহণে যাত্রা করলেন। তার অগ্রে মন্দ্রী ও প্রোহিতগণ চললেন এবং পশ্চাতে অস্ত্রধারী বহু সৈন্য অশ্ব গজ ও রথে গেল। কোশল্যা কৈকেয়ী ও স্থামিত্রা আনন্দিতমনে উম্জ্বল যানে যাত্রা করলেন। অযোধ্যার নাগরিকগণ রামকে দেখবার জন্য উৎস্কৃ হয়ে চলল। মণিকার কুম্ভকার ভন্ত্বায় অস্ত্রনির্মাতা প্রভৃতি অনেক-প্রকার শিল্পী নট-নটী এবং কৈবর্ত (১)গণ গোশকটে গেল। বেদবিৎ বহু ব্রাহ্মণও ভরতের অনুগ্রমন করলেন।

বহুদ্রে গিয়ে ভরত গণগাতীরে শৃণগবেরপ্রে উপস্থিত হয়ে সেনাসন্মিবেশ করলেন। নিষাদরাজ গৃহ তা দেখে তাঁর জ্ঞাতিবগর্কে বললেন, এই সৈন্যসমাবেশ সাগরের তুলা, এর অন্ত পাচ্ছি না। যথন ওই রম্বের উপর প্রকাশ্ড কোবিদার (২)ধ্রজ দেখা যাচ্ছে, তথন দ্ব্রিদ্ধ ভরত স্বয়ং এসেছে, সে আমাদের বন্ধন বা বধ করে রামকে হত্যা করনে। তামরা বর্ম ধারণ করে গণগাতীরে থাক। বলবান দাস (৩) গণ নদ্বি রক্ষা কর্ক। পঞ্গত নোকায় বহু কৈবর্তযাবক সতর্ক হয়ে থাকুক।

⁽১) মংস্যজীবী। (২) কাশ্বন গাছ। (৩) ধীবর জাতি বিশেষ।

ভারতকে যদি রামের অন্রের দেখি তবেই তার সেনাকে নিবিছাে পার হতে দেব। এই কথা ব'লে গ্রে মংস্য-মাংস-মধ্য উপহার নিয়ে ভরতের কাছে গেলেন।

স্মশ্য ভরতকে বললেন, দেখ, রামের সখা নিষাদপতি গৃহ আসছেন, এই বৃষ্ধ দশ্ডকারণ্যের সমস্ত সংবাদ রাখেন, রাম-লক্ষ্মণ কোখার আছেন ইনি নিশ্চয় জানেন। ভরতের আহ্মানে গৃহ তার জাতিগণের সংশ্য এসে বললেন, এই দেশ তোমারই গৃহোদ্যান। আসবার আগে সংবাদ না দিয়ে আমাকে বন্ধনা করেছ। আমার সমস্তই তোমাকে নিবেদন করিছ, ভূমি তোমার দাসের গৃহে বাস কর। ফল-ম্ল আর্দ্র ও শৃক্ত মাসে এবং বনজাত অন্য খাদ্য সংগৃহীত আছে, তোময়া আজ এখানে রাতিয়াপন করে কাল প্রভাতে যেয়ো।

ভরত উত্তর দিলেন, সখা, তুমি যে আমার সেনার আতিথ্য করতে চাছ তাতেই আমি সংকৃত হয়েছি। এখন আমাকে ভরন্বাজ-আশ্রমের পথ বলে দাও। গহে কৃতাঞ্চলি হয়ে বললেন, রাজপত্ত, আমার অন্চর-দের সপো আমি স্বরং তোমাদের পথ দেখিরে নিয়ে বাব, কিন্তু জিল্পান। করি,

কজিল দ্বেণী ব্রজনি রামস্যাক্রিন্টকর্মণঃ। ইয়ং তে মহতী সেনা শুকাং জনয়তীব মে॥ (৮৫।৭)

— অক্লিউকর্মা (১) রামের প্রতি কোনও দুখ্ট অভিসন্ধিতে যাচ্ছ না তো ? তোমার এই বিপলৈ সেনা দেখে আমার শব্দা হচ্ছে।

ভরত বললেন, তোমার শঞ্চিত হওয়া অনুচিত, রাম আমার জ্যোষ্ঠ ইাতা, পিতৃত্বা, তাঁকে আমি ফিরিয়ে আনতে যাচ্ছি। ভরতের কথায় অভিনয় আনন্দিত হয়ে গৃহ বন্ধনেন,

> ধনাস্থাং ন ছরা তুল্যং পশ্যামি জগতীতলে। অবস্থাদাগতং রাজ্যং যস্থাং ত্যক্তমিহেচ্ছসি॥ (৮৫।১২)

⁽১) বার কর্ম মালিন্যরহিত।

তুমি ধনা, ভূতলে তোমার তুলা কাকেও দেখি না। বিনা চেন্টায় য়ে
রাজ্য হস্তগত হয়েছে তা তুমি ত্যাগ করতে চাচ্ছ।

সসৈন্য ভরত নিষাদরাজের অতিথি হয়ে সেই রাতি যাপন করলেন। রামের চিন্তায় তাঁকে বিষ**ন্ন দেখে গহে তাঁকে আন্বাস দিলে**ন এবং শৃংগবেরপূরে রাম-সীতা-লক্ষ্মণের অবস্থানের বৃত্তাম্ত বললেন।

প্রভাতকালে গ্রের আজ্ঞার নিষাদরা বহু নৌকা নিরে এল। তার
মধ্যে কতকর্গনি স্বস্তিকা নামক অলংকৃত নৌকা ছিল, সেগ্রলি মহাঘণ্টা
ও পতাকার শোভিত এবং অনেক ক্ষেপণীয়ন্ত। একটি স্বস্তিকার
মণ্যলবাদ্য বাজছিল এবং পাশ্ভবর্ণ ক্ষরলের আস্তর্গ ছিল। বাল্টাদি,
ভরত-শত্রা এবং রাজমহিষীগণ তাতে আরোহণ করলেন। অন্যান্য
নৌকার লকট অন্ব পণ্যসামগ্রী প্রভৃতি তোলা হ'ল। ষাত্রার পূর্বে সৈন্যগণ তাদের বাসগ্র জন্তালিয়ে দিলে। ষাত্রীদের পরপারে নামিয়ে দাসনাবিকরা নৌকাচালনার বিচিত্র কৌশল দেখাতে লাগল। ধ্রজপতাকা
নিয়ে হস্তীরা সন্তর্গ ক'রে পার হ'ল। সৈনারা নৌকার, ভেলার, কলস
অবলম্বনে বা কেবল বাহ্ন্বারা সাতার দিয়ে পরপারে গেল। স্ব্রোদয়ের পর তৃতীয় মৃহ্তে (১) ভরতের বাহিনী প্ররাণে উপস্থিত হ'ল।

২৩। ভরস্মের আভিখ্য

[সগ ১০-১২]

সৈন্যদের বিশ্রামের ব্যবস্থা ক'রে ভরত নিরস্ত হরে ক্ষৌমবাস প'রে মন্ত্রীদের সংগ্য পদরজে চলজেন। এক ক্রোল গিরে তিনি ভরত্বাজ-আশ্রমে উপস্থিত হলেন এবং মন্ত্রিগণকে পন্চাতে রেখে বলিষ্ঠকে প্রেবিতী ক'রে আশ্রমে প্রবেশ করলেন। ভরত্বাজ পাদ্য অর্থ্য ও ফল দিয়ে তাদের সংবর্ধনা করলেন। কুললপ্রত্ন বিনিমরের পর ভরত্বাজ ভরতকে বললেন, তুমি তো রাজ্যশাসন করছিলে, এখন এখানে আসবার

⁽১) यूर्ज = २ १ फ = ८४ मिनि।

কারণ কি? আমার ভাল মনে হচ্ছে না। পদ্দীর কথায় দশরথ যাঁকে বনে পাঠিয়েছেন সেই নিম্পাপ রামের রাজ্য নিম্কণ্টকে ভোগ করবার অভিপ্রায়ে তুমি কি কোনও পাপকার্য করতে এসেছে?

ভরত অতিশম ব্যথিত হয়ে বললেন, ভগবান, আপিনও যদি আমাকে এমন মনে করেন তবে আমার মরণই ভাল। আমার মাতা যা করেছেন তা আমার অভিপ্রেত নয়, আমি রামকে প্রসন্ন করে ফিরিয়ে নিয়ে যেতে এসেছি, তিনি এখন কোথায় আছেন আমাকে বলনে।

ভরশ্বাক্ত প্রতি হয়ে বললেন, তোমার চরিত্র রম্বংশীয়গণের যোগা তা আমি জানি, কেবল তোমার সংকলপ দৃঢ় করবার জন্য প্রণন করেছিলাম। রাম-সীতা-লক্ষাণ চিত্রক্টে বাস করছেন। তোমরা কাল সেখানে যেরো, আজু আমার অতিথি হও। ভরত বললেন, বনে যা পাওয়া বার তা দিয়ে তো আপনি আভিথ্য করেছেন। ভরশ্বাক্ত সহাস্যে উত্তর দিলেন, তুমি বংকিঞ্চিং পেয়ে তুন্ট হও তা জানি, তোমার সৈন্যাদগকে আমি খাওয়াতে ইচ্ছা করি। তালের দ্রের রেখে এসেছ কেন? ভরত বললেন, রাজাই হ'ন রাজপত্তই হ'ন, তপদ্বীদের আশ্রম স্বত্রে পরিহার করা কর্তবা। আমার সন্ধো অশ্ব-গঙ্গ সহ যে বিপ্লে সেনা এসেছে তারা পাছে আশ্রমের বৃক্ত জল ও ভূমি নন্ট করে সেই ভরে তাদের পশ্চাতে রেখে এসেছি। ভরশ্বাক্ত বললেন, তুমি তোমার সেনা এখানে আনাও।

ভরস্বাজ অন্দিশালার প্রবেশ করলেন এবং আচমন ও ওওঁমার্জন ক'রে বিশ্বকর্মাকে আহ্বান করলেন —

> আহ্বরে বিশ্বকর্মাণমহং স্বন্ধারমেবচ। আতিখাং কতুমিক্যমি তত্ত্ মে সংবিধীয়তাম্॥ (১১।১৩)

— इन्हों (১) বিশ্বকর্ষাকে আহ্বান করছি, আমি আতিথ্য করতে চাই. তিনি তার আয়োজন কর্মন।

বন্দ্রপ মদের ভরন্বাজ ইন্দ্রাদি তিন লোকপাল, নদীসম্দায়, গণধর্ব, বিশ্বারা, উত্তরকুর্ন্থিত দিব্য বন প্রভৃতিকে আহ্বান করলেন। তথন

⁽১) जन्मकार्य विनातमः। विश्वकर्मात এक नामः।

দেবতারা উপস্থিত হলেন, মৃদ্ধ সমীরণ বইতে লাগল, প্রশেব্দি হ'ল, অপ্সরা ও গন্ধর্বদের নৃত্যগীত হ'তে লাগল। সকলে আশ্চর্যান্বিত হয়ে বিশ্বকর্মার কার্য দেখলেন— দৈর্ব্বো প্রশেষ পঞ্চ বোজন সভাভূমি নির্মিত হয়েছে, তা ফলযুত্ত নানা বৃক্ষে স্ক্রোভিত। নদঃ প্রবাহিত হচ্ছে, বহু প্রাসাদ এবং গজবাভিশালা প্রস্তুত হয়েছে। উত্তম শ্রাা, আসন, বন্দ্র, নানাপ্রকার ভোজ্য এবং খোত নির্মাল ভোজনপার সন্দ্রিত হয়েছে। ভর্মনাপ্রকার ভোজ্য এবং খোত নির্মাল ভোজনপার সন্দ্রিত হয়েছে। ভর্মনাভের অনুমতি নিয়ে প্ররোহিত ও মন্দ্রীদের সপ্রে ভরত সেই সভায় প্রবেশ করলেন এবং স্বেখনে যে রাজসিংহাসন ছিল, রামের উন্দেশে তার প্রাক্র করে চামরহন্তে সচিবের আসনে বসলেন।

এমন সময় ব্রহ্মা ও কুবের কর্তৃক প্রেরিত বহু সহস্র দ্বী দিবা আভরণে ভূষিত হয়ে উপদ্থিত হ'ল। তারা যে প্রেরকে গ্রহণ করে সে উন্মাদের তুলা হয়। কাননের ব্কসকল প্রমদার রূপ ধারণ করে বলতে লাগল,

> স্রাং স্রাপাঃ পিবত পারসং চ বৃত্তিভাগ। মাংসানি চ স্থেধ্যানি ভক্ষাস্তাং বো বণিচ্ছািস॥ (১১।৫২)

— স্রাপায়িগণ স্রা পান কর, বৃভূক্তিগণ পায়স ও স্সক্তে মাসে যা ইচ্ছা হয় থাও।

এক এক জন প্রেষকে সাত আট জন স্করী স্থা নদীতীরে নিয়ে গিয়ে স্নান করিয়ে অস্পদংবাহন করে মদাপান করাতে লাগল। পান-ভোজনে এবং অস্বরাদের সহবাসে পরিতৃত সৈনাগণ রস্কচন্দনে চচিতি হয়ে বললে,

> নৈবাযোধ্যাং গমিষ্যামো ন গমিষ্যাম দ'ডকান্। কুশলং ভরতস্যাস্তু রামস্যাস্তু তথা সংখ্যা (১১।৫১)

- আমরা অযোধ্যায় যাব না, দণ্ডকারণ্যেও যাব না, ভরতের ম**ণ্যল হ'ক,** রাম স_{ন্}থে থাকুন।

যারা একবার থেয়েছে, উৎকৃষ্ট খাদ্য দেখে আবার তাদের খেতে ইচ্ছা হ'ল। সকলে বিস্মিত হয়ে আতিখ্যের উপকরণসম্ভার দেখতে লাগল— লবর্ণ ও রৌপোর পাগ্রে ল্ডে অল, ফলরসের সহিত পরু স্কান্ধ স্প, উত্তম ব্যক্তন এবং ছাগ ও বরাহের মাসে, স্থালীতে পরু উত্তাত মৃগ মর্র ও কুরুটের মাসে, দিখ-দৃশ্ধ-পূর্ণ অসংখ্য কলস, স্নান ও দন্তমার্জনের উপকরণ, দর্পণ, বস্তা, পাদ্কা, শব্যা প্রভৃতি। ভরতের সৈনারা মদাপানে মন্ত হলে নন্দনকাননে দেবগণের ন্যার রাতি হাপন করলে। গন্ধর্ব অপসরা প্রভৃতি নিজ নিজ স্থানে ফিরে সেল।

প্রভাতকালে ভরশ্বজেকে অভিবাদন ক'রে ভরত বললেন, ভগবান, আমি সমগ্র সৈনাদল ও বাহনগণ সহ আপনার আশ্রমে সংখে বাস করেছি, আমাদের ক্লান্তি দ্র হয়েছে। এখন রামের কাছে যেতে চাই, আপনি পথ বলে দিন। ভরশ্বজ বললেন, এখান থেকে আড়াই যোজন দ্রে অরণামধ্যে চিত্তক্ট গিরি আছে, তার উত্তর পাশ্বে মন্দাকিনী (১) নদী। তারই নিকটে তোমার দুই ল্লাভা পর্ণকৃতীরে বাস করছেন। তুমি সসৈনে দক্ষিণ দিকের মার্গে কিছ্দ্র গিয়ে বামপান্বন্ধ দক্ষিণাভিম্থ পথে বাও।

বাঢ়ার পর্বে রাজমহিষীগণ প্রথাম করতে এলে ভরশ্বাজ তাঁদের পরিষয় জিল্লাসা করলেন। ভরত বললেন, ভগবান, যাঁকে শােকে ও অনশনে ভাণা দেখাছেন তিনি পিতার প্রধানা মহিষী রামজননী কোলা। এর বাম হতত অবলম্বন করে দ্বাধাতা হয়ে যিনি গালিত-সুস্ম কলিকার-শাখার নাায় রয়েছেন, তিনি মধ্যা মহিষী লক্ষ্মণ শত্বা-জননী স্মিলা। আর ইনি আমার মাতা, আর্যার্পিণী অনার্যা গািবতা নিক্ষ্রা ঐশ্বর্যকামা কৈকেয়া, যাঁর জনা রাজা দশর্থ প্রবির্থ শােকে স্বর্গে গেছেন। ভরদ্বাক্ত বললেন, ভরত, তােমার মাতার দােষ দিও না, রামের নিবাসনের ফলো দেব দানব ও ক্ষিগ্রের মুগল হবে।

ভরশ্বভাবে প্রণাম ও প্রদক্ষিণ ক'রে ভরত সদলবলে আশুম থেকে। প্রশ্বান করলেন।

⁽३) अदे अन्याकिनी क्रमा नवः।

२८। क्रिक्ट के ब्रक

[সগ ১৩--১১]

বহুদ্রে গিয়ে ভরত বললেন, চিত্রক্টের যে বর্ণনা শ্রনছি তাতে মনে হছে আমরা এখন সেথানেই উপস্থিত হয়েছি। ওই চিত্রক্ট পর্বত ও মন্দাকিনী নদী, দ্রে নীল মেহের ন্যায় বন। এখানে কিমরগণ বাস করে, তাদের অশ্ব চারিদিকে দেখা যাছে, ম্গসকল তাড়িত হয়ে য়ত-বেগে ধাবমান হছে। ওইসকল ফলক(১)ধারী বনচর দক্ষিণাপথবাসীর ন্যায় কুস্মের শিরোভূষণ পরেছে।

ভরতের আদেশে শদ্যপাণি সৈনিকগণ চতুর্দিকে অন্সাধান করে জানালে যে এক স্থানে ধ্য দেখা যাছে। ওখানে রামের আবাস এই অন্মান করে স্মান্ত ও ধ্তি নামক অমাত্যের সংশ্যে ভরত ধ্যা লক্ষ্য করে অগ্রসর হলেন।

আশ্রম থেকে নিজ্ঞাত হয়ে রাম সীতাকে চিত্রক্ট প্রদেশের নানা নিসর্গশোভা দেখাচ্ছিলেন। সহসা দরে থেকে সৈনাগণের কোলাহল শ্নে এবং ধ্লি দেখে তিনি লক্ষ্যণকে কারণ অনুসন্ধান করতে বললেন। লক্ষ্যণ এক শালবৃক্ষে চ'ড়ে বিশাল সৈনাদল দেখতে পেয়ে বললেন, আর্য, আমাদের আশ্রম অণিন নির্বাপিত কর্ন, সীতা গ্রে যান, আপনি বর্ম ও ধন্বাণ ধারণ কর্ন। কৈকেয়ীপ্ত ভরত নিজ্কণ্টক হবার জন্য আমাদের হত্যা করতে এসেছে। প্রে যে অপকার করেছে তাকে বর্ধ করলে অধর্ম হবে না, আজ আমি ধ্রুণ্ধে ভরতকে সসৈনো বধ করব, মন্থরার সভেগ কৈকেয়ীকেও বধ করব, আজ মেদিনী মহাকল্য থেকে মৃত্ত হবেন।

লক্ষ্মণকে সান্ধনা দিয়ে রাম বললেন, ভরত যদি স্বয়ং এসে থাকে তবে আমাদের অস্তে প্রয়োজন কি। দ্রাত্বংসল ভরত নিশ্চয় অযোধ্যায় ফিরে এসে নির্বাসনসংবাদে আকুল হয়ে আমাদের দেখতে এসেছে। তৃমি ভরতকৈ নিষ্ঠার কথা ব'লো না, সে কথা আমাকেই বলা হবে।

কথং ন্ প্রেঃ পিতরং হন্য কস্যাণিদাপদি।

দ্রাতা বা দ্রাতরং হন্যাং সৌমিত্রে প্রাণমাথনঃ॥

বিদ রাজ্যস্য হেতোস্থামিমাং বাচং প্রভাষসে।

বক্ষ্যামি ভরতং দৃষ্ট্রা রাজ্যমক্ষৈ প্রদীয়তাম্॥

উচামানো হি ভরতো ময়া লক্ষ্যণ তদ্ বচঃ।

রাজ্যমক্ষৈ প্রবচ্ছতি বাঢ়মিতোব মংস্যতে॥ (১৭।১৬-১৮)

— সৌমিত্রি, আপংকালে প্রেরা পিতাকে এবং দ্রাতা প্রাণসম দ্রাতাকে কি
ক'রে হত্যা করে? যদি রাজ্যের নিমিত্ত এইর্পে ব'লে থাক তবে দেখা
হ'লে আমিই ভরতকে বলব — লক্ষ্মণকে রাজ্য দাও। আমি এই কথা
বললে সে অবশ্যই শ্নেবে।

লক্ষাণ অত্যন্ত লন্জিত হয়ে যেন নিজ গাত্রের মধ্যেই প্রবিষ্ট হলেন।
তিনি বললেন, মনে হয় পিতা স্বয়ং আপনাকে দেখতে এসেছেন। রাম
উত্তর দিলৈন, আমারও তাই মনে হচ্ছে, কিন্তু সৈন্যদলের সম্মুখে
শত্রুজয় নামে পিতার যে বৃহৎ বৃষ্ধ হস্তী রয়েছে তাতে তাঁর বিখ্যাত
ত্বেতবর্ণ রাজজ্বে দেখছি না, সেজন্য সংশয় হচ্ছে। তুমি এখন বৃক্ষ
থেকে নিমে এস।

ভরত শর্বাকে বললেন, তুমি তোমার অন্চর ও নিষাদগণকে নিয়ে সর্বত্র অন্বেষণ কর। গৃহ তার ধন্ধারী জ্ঞাতিদের সংগ্য রাম-লক্ষ্মণের অন্সন্ধান কর্ন। বিশিষ্ঠ, অমাতা, ব্রাহ্মণগণ ও পৌরজনের সংগ্য আমি পদব্রজ্বে থাচ্ছি। আমার মাতৃগণও সংগ্য আস্ন। ষতক্ষণ রাম-লক্ষ্মণ ও বৈদেহীকে না দেখছি ততক্ষণ আমার দান্তি হবে না।

কিইনের গিয়ে ভরত এক মনোরম বৃহৎ পর্ণপালার নিকটে এলেন।
দেখলেন, তার ভিতরে স্বর্ণপৃষ্ঠ ইন্দ্রধন্তুলা বিশাল কাম্কি, দীণ্ডম্থলয়-প্র্ণ ত্ণীর, স্বর্ণময় কোষে অসি, স্বর্ণবিন্দ্রতে চিত্রিত চর্ম (১)
শেষ্টিত রয়েছে। আবাসমধ্যে এক বৃহৎ বেদী আছে, তার উত্তরপূর্ব ভাগ
কর্মনিন্দা, তাতে অন্দির রয়েছে। সেই কুটীরে তৃণাচ্ছাদিত পীঠে জটাবিক্তলধারী চীর-বিক্তল-কৃষ্ণাজিন-পরিহিত প্রভারীকাক্ষ মহাবাহ্ব রাম

⁽১) ঢাল।

সীতা ও লক্ষ্যণের সংশা উপবিষ্ট রয়েছেন। ভরত ব্যাকুল হয়ে ধাবমান হলেন এবং বান্পগদ্গদ কশ্টে বললেন, প্রজ্ঞারা যাকে রাজসভার উপাসনা করতে চায় আমার সেই অগ্রজ এখন বন্য ম্গের সংশা বাস করছেন। মহার্ঘ চন্দনে যে অপ্য চচিত হ'ত এখন তা মালন হয়েছে। আমার জন্যই রাম দ্বংশ পেয়েছেন, আমার এই লােকানিন্দিত জীবনে ধিক। এইর্প বিলাপ ক'রে ভরত অস্ফুট স্বরে 'আর্ম' ব'লে রামের চরণে পতিত হলেন। ভরত-শ্রুঘাকে আলিঙ্গন করে রাম অপ্রশাত করতে লাগলেন।

২৫। রাম-ভরত-মিলন

[সর্গ ১০০-১০৪]

জ্ঞটাচীরধারী বিবর্ণ কৃষ্ণকায় ভরতকে তুলে নিয়ে ক্রোড়ে বসিরে রাম বললেন, বংস, তুমি বনে এলে কেন, পিতার কি হয়েছে? তিনি জীবিত থাকতে তোমার এখানে আসা উচিত নয়।

রাম অযোধ্যার সমস্ত সংবাদ জানতে চাইলেন। ভরত কৃতাঞ্চলি হয়ে বললেন, আর্য, আমার জননীর প্ররোচনায় পিতা দ্বুকর কর্ম কর্মের প্রত-শোকে পীড়িত হয়ে স্বর্গে গেছেন। কৈকেরী রাজ্যফল পেলেন না, এখন পতিহীনা শোকার্তা হয়ে ঘোর নরকে পতিত হবেন। এইসকল প্রজা ও বিধবা মাতৃগণ আপনার কাছে এসেছেন, আপনি প্রসন্ন হয়ে রাজপদে অভিষিক্ত হ'ন।

রাম বললেন, আমি সদ্বংশজাত এবং তেজদ্বী, রাজ্যের নিমিন্ত পাপাচরণ করতে পারি না। তোমার কিছুমাত্র দোষ নেই, তোমার জননী অজ্ঞানবশে যা করেছেন তার জন্য তাঁর নিন্দা করে। । পিতা তোমাকে যা দিয়ে গেছেন তা তুমি ভোগ কর।

দশরথের মৃত্যুব্তাশ্ত শনে রাম সীতা লক্ষ্মণ কাতর হয়ে অশ্রন্থতে করতে লাগলেন। স্মশ্র রামকে মন্দাকিনীর তীরে নিয়ে গৈলেন। রাম জলে অবতরণ ক'রে দক্ষিণাসা হয়ে অন্ধালিপ্র জল নিয়ে সরোদনে বললেন, পিত্লোকগত হে রাজশাদ্লি, আমার প্রদন্ত এই নির্মাল জলে ভূদিতলাভ কর্ন। তার পর তিনি দ্রাত্গণের সংগ্য তীরে উঠে এসে কুলের উপরে বদরীমিশ্রিত ইণ্যুদীপিশ্ত রেখে বললেন, মহারাজ, প্রতি হয়ে এই পিশ্ত ভোজন কর্ন। এই বস্তুই এখন আমাদের আহার্য, সেজন্য আপনাকেও নিবেদন করছি। তপ্য ও পিশ্ডদান শেষ করে সীতা ও দ্রাত্গণের সংগ্যে রাম তার কুটীরে ফিরে এলেন।

রাজমহিষীগণ বশিষ্ঠের সংশ্য রামের আগ্রমে আসছিলেন।

মন্দাকিনীতীরে জলে নামবার ঘাট দেখে কৌশল্যা বললেন, সন্মিরা,
তোমার পরে এখান থেকেই রামের জন্য নিতা জল নিয়ে যান। এই দেখ,

এখানে রাম পিতার উদ্দেশে পিশ্ড দিয়েছেন। যিনি চতুঃসম্মুর্বেন্টিত
মহী ভোগ ক'রে গেছেন তিনি কি ক'রে ইণ্গ্নেণীপিশ্ড ডোজন করবেন?

মহিষীরা কুটীরে এসে রামকে দেখে কাদতে লাগলেন। রাম সীতা

৪ লক্ষ্মণ তাদের প্রণাম করলেন। সাশ্র্নয়না সীতাকে দ্হিতার ন্যায়

আলিশ্যন করে কৌশল্যা বললেন, হার, বিদেহরাজকন্যা দশরপের প্রত
কর্ম, রামের পদ্দী এই বিজন বনে কি করে দ্বঃখভোগ করছেন! বৈদেহী,

তোমার মুখ আতপশ্বক পদ্মের ন্যায়, ধ্লিমলিন কাণ্ডনের ন্যায়,

মেষাব্ত চল্টের ন্যায়, তা দেখে আমি শেকে দশ্ধ হচছ।

বিশিষ্ঠকে প্রণাম করে রাম তাঁর সংগ্য উপবিষ্ট হলেন। মন্দ্রী, সেনাপতি, এবং মুখ্য পোরগণের সংগ্য ভরতাদি তিন দ্রাতা রামের পশ্চাতে বসলেন। ভরত এখন রামকে কি বলবেন তা শোনবার জন্য সকলেই উৎসক্ত হলেন।

২৬। রাম-ভরত-জাব্যাল-বাশ্ঠ-সংবাদ

[커카 506-555]

ভরত রামকে বললেন, আমার মাতাকে তুল্ট করবার জন্য পিতা যে রাজ্য আমাকে দিয়েছিলেন তা আপনাকে দিচ্ছি, অপ্রদি নিল্কণ্টকে ভোগ কর্ম। বর্ষাকালে জলপ্রবাহে ভণ্ন সেতুর ন্যায় এই রাজ্য আপনি ভিন্ন কে রক্ষা করবে? গর্দভের গতি অন্বের তুলা নয়, পক্ষীর গতি গর্ডের তুলা নয়; সেইর্প আমারও শক্তি নেই যে আপনার অন্করণ করি। কেউ যদি একটি বৃক্ষ রোপণ ক'রে তাকে সয়স্তে বার্ধতি করে, এবং কাল-ক্রমে সেই বৃক্ষ অত্যুক্ত মহাদ্রমে পরিণত ও পর্কিপত হয়েও ফলপ্রসব না করে, তবে যার জন্য বৃক্ষরোপণ হয়েছিল তার প্রীতি হয় না। মহাবাহ্ন, এই উপমা আপনার বোঝা উচিত। আপনি আমাদের ভর্তা, আমরা ভ্তা, আমাদের শাসন কর্ন, তাতে রাজ্যের সকলেই আনন্দিত হবে।

ভরতের কথা শ্নে সকলে সাধ্বাদ করলেন। রাম বললেন, তুমি শোক ত্যাগ করে অযোধ্যায়ে যাও, পিতা তোমাকে যাতে নিষ্ক করেছেন সেই কর্ম কর, আমিও পিতৃনিদিশ্ট কর্তব্য পালন করব। পিতার আদেশ লঙ্ঘন করা আমাদের উচিত নয়।

ভরত বললেন, পৃথিবীতে আপনার তুলা কে আছে, দৃঃখ আপনাকে ব্যথিত করে না, সৃথ হৃষ্ট করে না। জীবন ও মৃত্যু, সং ও অসং, আপনার কাছে সমান। রাজা দশরথ আমাদের গৃরু, পিতা, বৃদ্ধ এবং দেবতা, সেজন্য এই সভায় তাঁর নিন্দা করব না। প্রবাদ আছে, অন্তিম কালে লোকে মোইগ্রুস্ট হয়। রাজা যা করেছেন তাতে এই প্রবাদ সত্য হয়েছে। মোহবণে পিতা যে অন্যায় করেছেন আপনি তার প্রতিকার করেন। আমি হানবৃদ্ধি, বয়সে কনিষ্ঠা, আপনি থাকতে আমি কি করে রাজাপালন করব? আপনি রাজা গ্রহণ করে সকলকে তৃষ্ট কর্ন।—

আজোশং মম মাতৃশ্চ প্রমূজা প্র্যুষর্শভ।
অদ্য তইতবশ্তং চ পিতরং রক্ষ কিল্বিষাং॥
শিরসা ভাতিযাচেহহং কুর্দ্ব কর্ণাং ময়ি।
বান্ধ্বেষ্ চ সর্বেষ্ঠ ভূতেদ্বিব মহেশ্বরঃ॥ (১০৬।৩০-৩১)

-- প্র্যংশ্রণ্ঠ অভ আমার মাতার অপবাদ ক্ষালন কর্ন, প্রনীয় পিতাকে পাপ থেকে রক্ষা কর্ন। আমি নতমস্তকে প্রার্থনা করিছ, মহেশ্বর যেমন সর্বভূতকে কর্ণা করেন সের্প আপনি আমার এবং বান্ধবগণের প্রতি কর্ণা কর্ন। রাম বললেন, তোমার কথা নৃপত্রেন্ট দশরথের প্রের উপযুক্ত। কিন্তু তোমার মাতাকে মহারাজ দুই বর দিরে গেছেন, তাঁর সত্যরক্ষার নিমিত্ত আমি সীতা আর লক্ষ্মণের সপ্ণে বনে বাস কর্রাছ, তোমারও রাজ্য গ্রহণ করা উচিত। আমার প্রীতির নিমিত্ত তুমি পিতাকে ঋণমুক্ত কর, মাতাকেও অভিনন্দন কর।—

ষং রাজা ভরত ভব স্বয়ং নরাণাং বন্যানামহমপি রাজরাণ্ ম্গাণাম্। গচ্ছ ষং পরেবরমদা সংপ্রহ্মঃ সংহ্মসম্হমপি দ-ডকান্ প্রবেক্ষা॥ (১০৭।১৭)

— **ভরত, তুমি প্রায়ং মান্**ষের রাজা হও, আর আমি বন্য ম্গদের রাজা-থিরাজ হই। তুমি আজ প্রফ্রেমনে প্রেপ্রেষ্ঠ অবোধ্যায় বাও, আমিও **্মতিতে** দ'ডকারণ্যে প্রবেশ করি।

অনশ্তর ব্রাহমুণোত্তম জাবালি রামকে এই ধর্মবিরুম্ধ উপদেশ শি**লেন**— রাঘব, অশিক্ষিত জনের ন্যায় তোমার বৃণিধ যেন নির্থক না হয়। কে কার বন্ধ্য কে কার কাছ থেকে কিছ্ব পায়? জীব একাকী জন্মায়, একাকী মরে, অতএব মাতা-পিতার প্রতি যে আসন্ত হয় সে উন্মন্ত। পিতৃ-রাজ্য ত্যাগ ক'রে দ্বঃখ্যয় অরণ্যে বাস করা তোমার উচিত নয়। তুমি <mark>অযোধ্যার ফিরে গিয়ে রাজভোগ উপভোগ কর। দশরথ তোমার কে</mark>উ নন, তুমিও তাঁর কেউ নও। দশরথ যেখানে যাবার সেখানে গেছেন, তুমি কিন্তু ব্যা বিনদ্ট হচ্ছ। প্রয়োজনীয় বিষয়ে যারা ধর্মপরায়ণ হ'তে যায় তাদের জন্য আমার দুঃখ হয়, তারা ইহলোকে কণ্ট পায়, মরণাদেতও বিনাশ পায়। পিতৃল্লাশে কেবল অমের নাশ হয়, মৃত ব্যক্তি কখনও আহার করতে পারে? চতুর লোকের রচিত শাদ্যগ্রন্থে আছে— যজ্ঞ কর, **দান কর, তপস্যা কর, ত্যাগ কর, ই**ত্যাদি। এর উদ্দেশ্য কেবল জন-সাধারণকে বশীভূত করা। অতএব রাম, তোমার এই বৃণিধ হ'ক ষে পরলোক নেই। যা প্রত্যক্ষ তার জন্যই উদ্যোগী হও, যা পরোক্ষ তা পরিহার কর। ভূমি সর্বসম্মত সদ্যান্তি অন্সারে ভরতের সমপিত রাজ্য গ্রহণ কর।

রাম বললেন, আপনি আমার প্রিয়কামনায় যা বলেন তা কর্তবাবং বোধ হ'লেও অকর্তব্য। আমি যদি এই অধর্মা কার্য করি তবে আমি লোকনিন্দিত ও স্বর্গদ্রুট হব। সভাই সকল ধর্মের মূল, সভাই ঈশ্বর, দান-যক্স-তপস্যার প্রতিপাদক বেদশাস্ত সভোই প্রতিষ্ঠিত। আমি পিতার নিকট যে সভাপ্রতিজ্ঞা করেছি তা ভূপ্য করতে পারি না। আপনার তুল্য বেদবিরোধী নাশ্তিককৈ যাজকুষে নিয়োগ করা পিতার অন্যায় হয়েছিল। বৌদধ ও চোর যেমন, নাশ্তিকও তেমন।

রামের ভর্ণসনা শানে জাবালি সবিনয়ে বললেন,

ন নাগ্তিকানাং বচনং ব্ৰীমাহং
ন নাগ্তিকাহং ন চ নাগ্তি কিন্তন।
সমীক্ষা কালং পনেরাগ্তিকোহভবং
ভবের কালে পনেরেব নাগ্তিকঃ॥
স চাপি কালোহ্যমন্পাগতঃ শনৈবাধা ময়া নাগ্তিকবাগন্দীরিতা।
নিবর্তনার্থং তব রাম কারণাং
প্রসাদনার্থং চ ময়ৈতদীরিতম্॥ (১০৯।০৮-৩১)

— আমি নাশ্তিকের বাকা বলন্ধি না, আমি নাশ্তিক নই; পরলোকাদি কিছ্, নেই এমনও নর। আমি সমর ব্যে আশ্তিক বা নাশ্তিক হই। তোমাকে বনবাস থেকে নিব্তু করবার সময় উপন্থিত হরেছে সেজনং আমি নাশ্তিক বাকা বলেছি। আবার এখন তোমাকে প্রসন্ন করবার জন্য অন্যর্শ বলন্ধি।

রামকে ত্রুম দেখে বশিষ্ঠ বলেন, লোকের পরলোকগতি এবং প্রকশ্যের বিষয় স্থাবালি ভালই জানেন, কেবল তোমাকে প্রতিনিব্ত করবার জন্য ওই সকল কথা বলেছেন। এখন আমি লোকোংপত্তির কথা বলছি লোন। বশিষ্ঠ সলিলময় পৃথিবীর সৃষ্টি থেকে আরম্ভ কবৈ রহ্মা-মরীচি-কশ্যপ-বিকশ্বান্-মন্ প্রভৃতি ক্রমে সমস্ট ইক্ষ্মাকৃবংশ কীর্তন করলেন এবং পরিশেষে বললেন, ইক্ষ্মাকৃবংশে জ্যোষ্ঠই রাজা হয়ে থাকেন, জ্যোষ্ঠ সত্ত্ব কনিষ্ঠের অভিষেক হয় না, তৃমি এই কুলধর্ম নাট করো না। আমি তোমার শিতার এবং তোমার আচার্য, আমার কথা রাখলে তোমার সদ্গতি হবে।

রাম বললেন, প্রের লালনপালনের জনা মাতা-পিতা যা করেন তার প্রতিদান অতি দ্রহে। আমার পিতা দশরথ যা আজ্ঞা করেছেন তা আমি মিখ্যা হ'তে দেব না।

ভরত তথন ভূমিতে কুশ বিছিয়ে য'সে পড়লেন। রাম বললেন, বংস, অলম এমন কি করেছি যার জন্য তুমি প্রত্যুপবেশন(১) করছ? এই কার্যরাহালের পক্ষেই বিহিড, ক্ষরিয় করতে পারে না। সমর্বেত স্মুক্ত লোককে
সন্বোধন ক'রে ভরত বললেন, ভোমদ্মা কিছুই বলছ না কেন? প্রেবাসী
ও জনপদ্বাসী প্রজারা উত্তর দিলে, আপনি রামকে যা বলেছেন তা ন্যাষা,
আর রাম বে পিতৃসত্য রক্ষা করবেন তাও ন্যাষা; এজন্য আমরা কর্তব্য ক্ষির করতে পার্রাছ না। রাম বললেন, ভরত, এইসকল ধর্মভ্রু
নৃত্যুল্পলের অভিমত তো শ্নেলে, এখন বিচার ক'রে নিজ কর্তব্য প্রির

ভরত কুললব্যা থেকে উঠে প্রলম্পর্ণ করে বললেন, যদিরগণ ও সভালা সকলে শ্নান, আমি পিতৃরাজা চাই নি, মাতাকেও পরামর্শ দিই নি, পরমধর্ম রামের সংকল্পও জানতাম না। ইনি যদি নিতান্তই শিতৃসতা রক্ষা করতে চান তবে আমিই এ'র প্রতিনিধি হয়ে চতুর্দশ বর্ষ ফন বাস করে।

ভরতের কথার বিশ্বিত হয়ে রাম সকলের দিকে চেয়ে বললেন, বাবিত থাকতে পিতা যা ক্রয়-বিক্রয় বা বন্ধকর্পে নাস্ত করেছেন তার বন্যাথা করা আমার বা ভরতের সাধ্য নয়, একারণে বনবাসের নিমিত প্রতিনিধি-নিরোল হ'তে পারে না। কৈকেয়ীর বরপ্রার্থনা য্রিসংগত, পিতা যা করেছেন তার সংকার্য। ভরতকে জানি, ইনি ক্রমানীল, ব্রিক্রের মানরক্র। আমি বন থেকে ফিরে গিয়ে দ্রাতার সংকাই

⁽३) श्वना एनखा।

রাজা হয়ে প্থিবী ভোগ করব। আমি কৈকেয়ীর কথা রেখেছি, এখন ভরত পিতার প্রতিশ্রুতি পালন ক'রে তাঁকে ঋণমন্ত কর্ন।

२९। ভরতের প্রভ্যাবর্তন

দেববি ও মহবিগণ প্রচ্ছন্ন থেকে রাম-ভরতের মিলন দেখছিলেন।
তারা দ্ই দ্রাতার কথা শ্নে বিস্মিত হয়ে প্রশংসা করতে লাগলেন।
রাবণের নিধন কামনা করে তারা ভরতকে বললেন, তুমি সংকুলে জাত
ক্রানী ও যশস্বী। পিতার মুখরক্ষার্থ রামের কথা তোমার শোনা
উচিত। রাম পিতৃ-ঋণ থেকে মুক্ত হান এই আমাদের ইচ্ছা। ইনি
পিতার প্রতিশ্রুতি পালনের ভার নিয়েছেন, সেজনাই দশর্থ কৈকেয়ীর
কাছে অঞ্চলী হয়ে স্বর্গে গেছেন। এই কথা বলে ঋষিগণ প্রস্থান
করলেন।

শ্যামবর্ণ পদ্মপলাশলোচন রাম মন্ত হংসের ন্যার কলকণ্ঠে বললেন, বংস, তুমি প্থিবী শাসন করতে সমর্থ, এখন অমাত্য স্হৃদ ও বৃদ্ধিমান মন্তিগণের মন্ত্রণ অনুসারে রাজ্যপালন কর।—

লক্ষ্মীণ্চন্দ্রদেশেয়াস্ বা হিমবান্ বা হিমং ত্যাতেং। অতীয়াৎ সাগরো বেলাং ন প্রতিক্ষামহং পিতৃঃ ॥ (১১২।১৮)

— চন্দ্রের শোভা অপনীত হ'তে পারে, হিমালর ছিম ত্যাগ করতে পারেন, কিন্তু পিতার প্রতিজ্ঞা আমি লখ্যন করতে পারব না।

ভরত বললেন, আর্য, আপনার হেমভূষিত পাদ্কান্বর দিন, তারাই রাজ্যের ষোগক্ষেম বিধান করবে। আমি জটাচীরধারী ফলম্লালী হয়ে আপনার প্রতীক্ষায় চতুর্দল বর্ষ নগরের বাইরে বাস করব, সমস্ত রাজকার্য আপনার পাদ্কাকে নিবেদন করে সম্পাদন করব। চতুর্দল বর্ষ সম্পাদন করব। চতুর্দল

ভরত-শগ্রহাকে আ**লিশ্যন ক'রে রাম বললেন, তাই হবে। আ**মার আর সীতার শপথ, তুমি মাতা কৈকেয়ীর উপর রু**ণ্ট খেকো** না। সেই অলংকৃত উল্জ্বল পাদ্কাশ্বর এক উত্তম হস্তীর মস্তকে স্থাপন ক'রে ভরত রামকে প্রদক্ষিণ করলেন। গরের্জনকে প্রণাম ক'রে রাম মন্ত্রিগণ, প্রজ্ঞাগণ ও দ্রাভ্য্বরকে বিদায় দিলেন। মাতৃগণ বাষ্পাক্ল-কশ্বে কিছুই বলতে পারলেন না। রাম তাঁদের অভিবাদন ক'রে সরোদনে কুটীরে প্রবেশ করলেন।

ভরত সদলবলে যাত্রা করলেন এবং পথিমধ্যে ভরম্বাজকে সকল বৃত্তান্ত জানিয়ে শ্রুগবেরপত্ন হয়ে অযোধ্যায় উপস্থিত হলেন।

ভরতের রথ দিনশ্বগদ্ভীর রবে অযোধ্যায় প্রবেশ করলে। তিনি দেখলেন, বিড়াল ও পেচক বিচরণ করছে, সমস্ত গৃহম্বার বাধ, তিমিরাচ্ছয় নিশার ন্যায় নগর নিশ্পভ্ত হয়ে আছে। মাতৃগণকে রাজভবনে রেখে ভরত বিশিষ্ঠাদিকে বললেন, আমি নন্দিগ্রামে বাস করব, রামের বিরহ সেইখানেই ভোগ করব এবং রাজা প্রতাপণের নিমিত্ত প্রতীক্ষায় থাকব। বিশিষ্ঠ ও মন্দ্রিগণ অনুমোদন করলে ভরত রথারোহণে নন্দিগ্রামে বালা করলেন। প্রোহিত ও মন্দ্রিগণ সংগ্ণ গেলেন, বহু নগরবাসী ও সৈনাও অনাহত হয়ে গেল। রামের পাদ্বাম মন্তকে নিয়ে ভরত নন্দিগ্রামে উপস্থিত হলেন এবং প্রজাগণকে বললেন, তোমরা শীঘ্র এই পাদ্বার উপর ছত্র ধারণ কর। এই রাজা রাম আমাকে ন্যাস রূপে দিয়েছেন, পাদ্বা তার প্রতিনিধি, তিনি ফিরে এলে তার চরণে এই পাদ্বা পরিরে রাজ্য সমপ্রণ করে আমি গতপাপ হব।

२४। बाट्यत हिन्द्र है-छाल — जनि-जनन्ता

ভরত চ'লে যাবার পর রাম একদিন দেখলেন, যেসকল তপদ্বী তাঁর কাছে চিত্রকটে বাস করছিলেন তাঁরা উদ্বিশ্ন হয়ে আছেন এবং তাঁকে নিদেশ ক'রে পরস্পর সভরে কথা বলছেন। রাম কৃতাঞ্জলিপটে তাঁদের কুলপতিকে জিল্লাসা করলেন, ভগবান, আপনাদের অপ্রীতিকর কোনও কার্য কি আমি করেছি? প্রমাদবলে লক্ষ্মণ কি কোনও অন্যার করেছেন? আপনাদের সেবায় সীতার কি অবহেলা হরেছে?

অতিশয় জরাগ্রন্থ একজন তপদ্বী কম্পিতদেহে বললেন, বংস, আমাদের সেবাকার্বে কল্যাণী সীতার কিছুমান্ত নুটি হয় নি, তোমাদেরও অপরাধ নেই। রাবণের কনিন্ট ধর নামে এক রাক্ষ্য এখানে থাকে, সে জনন্ধান (১) বাসী তপন্বীদের উপর উৎপীড়ন করছে, তোমার প্রতিও তার আক্রোশ আছে। সে আমাদের উপর অশ্বচি বন্ধু নিক্ষেপ করে, দুর্বল তপন্বীদের হত্যা করে, যজ্ঞসামগ্রী নন্ট করে। একারণে থাষিগণ অন্য যাবার জন্য বাগ্র হয়েছেন। এখান থেকে অলপ দুরে অন্ব-মুনির আশ্রম আছে, সেখানে প্রচুর ফলমলে পাওয়া বার, আমরা সেখানে যাছি। তোমাদেরও সেখানে যাওয়া উচিত।

কুলপতির সপ্যে থাষণণ প্রদ্থান করলেন। রামের আর চিত্রক্টে থাকতে ইচ্ছা হ'ল না। তিনি এইর্প ভাবতে লাগলেন—এখানে মাতৃগণ ও অযোধ্যাবাসীদের সপ্যে ভরত এসেছিলেন, তাঁদের শোকের স্মৃতি আমার পক্ষে কণ্টকর। তা ছাড়া ভরতের শিবির-সামিবেশের ফলে অন্ব ও হস্তার মলে এই স্থান দ্বিত হয়েছে। অতএব আমরা অন্যে বাব।

এইর্প বিবেচনা করে সীতা ও লক্ষ্যণের সংগ্রাম অতি মুনির আশ্রমে একো। ভগবান অতি তাদের পরম দেনহে আতিথ্য করলেন এবং তার পত্নী অনস্য়াকে বললেন, বৈদেহীকে গ্রহণ কর। অনন্তর তিনি রামকে নিজ পত্নীর সম্বর্ণেধ বললেন, বংস, যখন দশ বংসর অনাব্দির ফলে লোকে দশ্ধ হচ্ছিল তখন ইনি উল্ল তপস্যার প্রভাবে ফলম্ল উংপল্ল এবং জাহুবাকৈ প্রবাহিত করে ক্ষিদের তপোবিঘ্য দ্র করেছিলেন। একৈ তোমার মাতার তুল্য জ্ঞান ক'রো।

অচির পদ্মী অনস্য়া অতিশয় বৃষ্ধা, তাঁর শরীর বলিরেখান্বিত ও শিখিল, কেশ শ্রুবর্ণ, বায়প্রবাহে কদলী তর্র ন্যায় তাঁর অধ্য সর্বদা কম্পিত হচ্ছে। সীতা প্রণাম করলে অনস্য়া বললেন, তোমার ধর্মজ্ঞান

⁽১) দ-ডকারণ্যের অংশ, পশুবটীর নিকট।

আছে, তুমি আত্মীয়াল্ডন ও অভিমান ত্যাগ করে রামের সংগ্রা বনে এসেছ। স্বামী নগরবাস। বা বনবাসী, অনুক্লে ও প্রতিক্লি, যাই হ'ন, যে দ্বী তাঁকে প্রিয় জ্ঞান করে তারই এপবর্গ লাভ হর।

সীতা উত্তর দিলেন, আর্যা, পতি যে নারীর গ্রের্ তা আমার সানা আছে। আমার স্বামী যদি দ্বংশীল ও নির্ধান হতেন তথাপি বিনা দিবধার আমি তাঁর অনুগামিনী হতাম। বিনি গ্রেগবান দরালা, জিতেলির ধর্মাত্মা, আমার প্রতি যাঁর অবিচল অনুরাগ, যিনি পিতৃমাতৃপ্রির, তাঁর সম্বর্ধে আর কথা কি। দশরখের সকল পদ্মীকেই রাম কোশল্যার তুল্য জান করেন, যে নারীর প্রতি রাজা একবার মাত্র দ্বিউপাত করেছেন, রাম তাঁকেও মাতৃবং জ্ঞান করেন। এই ভয়াবহ বিজন বনে আসবার সময় আমার শবশ্রু যে উপদেশ দিরোছিলেন, বিবাহকালে আগনর সময়ে আমার জননী যা বলেছিলেন, সে সমস্তই আমার হৃদ্রে লিখিত আছে।

অনস্রা হৃষ্ট হয়ে সীতার মাণ্ড আছাণ কারে বললেন, আমি নিয়ম পালন কারে বহা ওপঃসঞ্য করেছি, শেই ওপোবলৈ আমি তোমাকে বৃষ্ দেব। তোমার প্রিয়কার্য কি করব বল। সীতা বললেন, আপনি তো তা করেছেন। অনস্থা অধিকতর প্রীত হয়ে বললেন, সীতা, এই দিব্য বর্মালা বৃদ্ধা আভরণ অধ্যারাগ ও ধহার্য গন্ধান্লেপন তোমাকে দিছি, এ সমসত ধারণ কারে দ্বান্তিক শ্রীমাণ্ডিত কর, লক্ষ্মী যেমন বিষ্কৃকে করেন। এইস্কল দুবা তোমাই যেগা, নিতা উপডেলগও লান হয় না।

সীতা সেইসকল দান এইণ করে অনস্যার অন্ব্রাধে নিজেব করা ও স্বাংবরের ইতিহাস বর্গন করলেন। অনস্যা তাঁকে আলিখ্যন করে বললেন, মধ্রভাষিণী তুমি মনোচৰ দানক তেমার স্বয়ংবরবৃত্তালর বললে। এখন স্থা অসল্পতি হারেছেন সংক্রিণ এইল অন্বেষণ থেকে ফিরে এসে নিয়ার সাধ্যে কলাইছিন ক ছে। ম্মিন্থণ জলাক বিজন কলাইছির এসে নিয়ার সাধ্যে কলাইছির একে কলাইছির একে নিয়ার সাধ্যে কলাইছির একে কলাইছির একে নিয়ার সাধ্যে কলাইছির কলাইছির

অর্ণবর্ণ (১) ধ্ম উঠছে। তপোবনের ম্গগণ বেদীর উপর শ্রেছে।
নক্ষরভূষিতা নিশা উপস্থিত। এখন তুমি রামের কাছে বাও। আমার
সমক্ষেই তুমি ভূষিত হও, দিব্যালংক ল শোভিত হয়ে আমাকে প্রীত
কর।

স্বক্ষার ন্যায় র্পণত গাঁল বেশভূষায় শোভিত হয়ে অনস্যাকে প্রথম কারে রামের কাছে গেলেন এবং বসন-আভবণ-মাল্যাদি দেখালেন। রাম-লক্ষ্যুণ অভ্যাত প্রতি হলেন।

অতিব আশুনে প্রতিযাপন করে রাম প্রভাতে অন্য বনে যাবার জন্য প্রদত্ত হলেন। অধিবার বসলেন, রাঘব, এই মহারণ্যে নানার্প নরখাদক বাক্ষম এবং বছপায়া হিংসা প্রাণটি বাস করে। তুমি তাদের উপদ্রব নিবারণ করে বাপ্যাগণেক তাপ করে। মহাধিরি, এই পথে ফল সংগ্রহ করতে যান তুমি এই পথ দিয়ে দ্র্গমি অরণ্যে থেতে পার্বে।

ত্রসংগির ১৯৯৪ এর শর্জান। সাহা যেয়ন মেয়**মাডলে প্রবেশ** করেন সেইব্রাম সালি ও লক্ষ্যের সংগ্রিমিড্ **অরণাপ্রনেশে যাতা** করেন।

⁽১) বৃষ্ণার্থার ।

অরণ্যকাগু

১। দ'ডকারণ্য -- বিরাধ-বধ

'সগ ১-8]

দশ্তকারণ্যে প্রবেশ করে রাম তপদ্বীদের অনেক আশ্রম দেখতে পেলেন। সেই দ্থান রাহন্ত্রী দ্রীর অধিদ্ঠান জন্য তেজামায় এবং বহু মৃত্যাকার আশ্রয়। ফলম্লাহারী চীর-অজিন-ধারী তেজদ্বী রহ্মজ্ঞ বৃদ্ধ মুনিগণ দেখানে বাস করেন। তাঁদের আশ্রম পরিক্ষর প্রাণগণ ও বিশাল অশ্নিহোরগাহে শ্যোভিত। যজ্ঞের নানা উপকরণ, কুল-চীর মুস্তম্ম, জলকলস, ফলম্ল প্রভৃতি সেখানে সঞ্চিত আছে এবং নিয়ত হোম ও বেদধর্নি হছে। ধন্ থেকে গ্রণ খুলে ফেলে রাম আশ্রমবাসী মহার্যদের নিকটে এলেন। তাঁরা প্রতিমনে রাম সীতা ও লক্ষ্মণথে অভার্থনা করলেন। রামের রূপ দ্রী স্কুমারতা ও স্ব্বেশ লেখে এ শ্রেকিসত হলেন এবং অনিমিষনয়নে রাম-সীতা-লক্ষ্মণের দিকে তেরে মইলেন। তার পর এক পর্ণশালার নিয়ে গিয়ে তাঁদের বসালেন এবং পরম আনন্দে ফল মুল প্রণ্ণ জল উপহার দিকে ক্রজেলি হয়ে বললেন,

ধর্মপালো জনস্যাস্য শরণ্ড মহাযশাঃ।
প্র্নীয়ণ্চ মান্ডের রাজা দুওধরো গ্র্ঃ।
ইন্দুস্বৈ চতুর্জাগঃ প্রজা রক্ষতি রাঘব॥
রাজা তস্মাদ্ বরান্ ভোগান্ রম্যান্ ভূঙ্রে নমস্কুতঃ।
তে বয়ং ভবতা বক্ষা ভবদ্বিষয়বাসিনঃ।
নগরস্থো বনস্থো বা জং নো রাজা জনেশ্বরঃ॥
নাসকদ্ভা বয়ং রাজন্ জিতকোধা জিতেশ্রিয়াঃ।
রক্ষণীয়াস্থ্যা শশবদ্ গর্ভভ্তাস্ত্পোধনাঃ॥ (১।১৮-২১)

— রাম, তুমি লোকের ধর্মরক্ষক, শরণ্য, বলন্ধী, প্রানীর, মানা, দশ্ভধর রাজা ও গ্রেন্। রাজা ইল্যের চতুর্থালে ন্বর্গ এবং প্রজা রক্ষা করেন, একারণে তিনি উত্তম উপভোগ্য বন্দুসকল ভোগ করেন এবং প্রজিত হন। নগরে বা বনে যেখানেই থাক, তুমি আমাদের অধিপতি রাজা, আমরা তোমার অধিকারে বাস করছি, অতএব আমরা তোমার রক্ষণীয়। আমরা দশ্ভদানে বিম্প, জিতকোধ, জিতেনিয়ের; সেজন্য গর্ভন্থ শিশ্রের তুলা সর্বদা আমাদের রক্ষা করা তোমার কর্তব্য।

এই কথা ব'লে তপস্বিগণ ফলপ্রশোদ ও বনজাত আহার্য উপহার দিয়ে রাম-সীতা-লক্ষ্মণের সংকার করলেন।

পর্যাদন সূর্যোদয় হ'লে রাম মুনিগণের নিকট বিদায় নিয়ে সীতা ও লক্ষ্মণের সংগ্য অরণ্যথে যাত্রা করলেন। সেখানে নানাপ্রকার মৃগ ভপ্লকে ও ব্যাঘ্র বিচরণ করছে, বৃক্ষ জতা গক্তম বিধন্ধত, জলাশয় সকল আবিল, ঝিল্লীর রব হচ্ছে, পক্ষীরা কলরব করছে। সেই ভয়ংকর স্থানে তাঁরা এক নরথাদক রাক্ষসকে দেখতে পেপেন। সে গিরিল্ডেগর ন্যায় প্রকান্ড, তার কণ্ঠদ্বর আঁত উচ্চ, চক্ষ্ম গভীর, মুখ বিস্তৃত, উদর বিকট। এই বীভংস ঘোরদর্শন রাক্ষ্স বসা-রুংধর-ক্রিণ্ড ব্য**ন্থচর্ম পারে** আছে এবং তিন সিংহ, চার ব্যাঘ্ত, দুই বৃক্(১), দুশ হরিণ ও দুশ্তযুক্ত একটি বৃহৎ গঞ্জমান্ড লোহশলে বিষ্ধ করে চিংকার করছে। সীতা-লক্ষ্মণকে দেখে সে ভীষণ শব্দে কুতান্তের নায়ে ধাবিত হ'ল এবং সহসা সীতাকে কোলে তুলে নিয়ে সারে গিয়ে বললে, ওরে এটাচরিধারী ক্ষীণজ্ঞীকী, তোমরা দ্বজনে তপস্কার বেশে সন্দ্রত্যে এক ভাষার সাংখ্যা দশ্ভকারণ্যে পাপাচরণ করতে এসেছ কেন 🐫 আমি বিরাধ রাক্ষস, এই সংগমি বনে সম্পের বৈচরণ করি, নিত্য অধিমাংস থাই। এই বরারোজ। নারা প্রামার ভাষা। **হবে। আফি ফুল্ধ কারে** তেলেকার **রুধির পান** 700

ব্যক্ষের গবিভি ব্যক্ত শন্তে সাঁতা বায়ন্তেগে কদলাতর্য ন্যায়

⁽১) গেকছে বাব।

কাশতে লাগলেন। রাম শ্বেক মুখে লক্ষ্মণাক বললেন, সিনি রাজা জনকের কন্যা ও আমার ভাষা সেই সাতা বিরাধের লোড়ে। লক্ষ্মণ, কৈকেয়া কেবল প্রের জন্য রাজা চেয়েই তুন্ট হন নি, আমাকেও বনে পাঠিরেছেন। সেই দ্রুদার্শনীর মনস্কামনা আজ সিম্ধ হ'ল। বৈদেহীর প্রপ্রেষদ্পর্শে যে দ্বেধ পেরেছি তা পিতার মৃত্যু ও রাজানাশ অপেকাও অধিক।

লক্ষাণ সজলনয়নে র্ম্থ হসতীর ন্যায় প্রবশ্ব নিঃশ্বাস ফেলে বললেন, আপনি ইন্দের তুল্য শক্তিশালী, আমি আপনার আজ্ঞাবহ, তবে কেন অনাম্বের ন্যায় শোক করছেন? আমি শরাঘাতে এই রাক্ষসকে বধ করব। রাজ্যলোভী ভরতের উপর আমার বে ক্রোধ হরেছিল তা বিরাধের প্রতি বাস্তের ন্যায় নিক্ষেপ করব।

বিরাধ জিল্ঞাসা করলে তোমরা কে, কোথার ধাবে? রাম বললেন, আমরা ইক্ষাকুবংশীর সক্তরিত্র কৃতির, এখন বনে এসেছি। তুমি কে? বিরাধ উত্তর দিলে, আমি ববের পত্তে, শতহুদা আমার মাতা। রহমার বরে আমাকে কেউ অস্তে ছেদন করে মারতে পারবে না, অতএব তোমরা এই নারীর আশা তাাগ করে শীঘ্র দ্র হও।

রাম সাতটি তীক্ষা শর বিরাধের প্রতি নিক্ষেপ করলেন, সেই শর তার দেহ ভেদ-করে শোণিতান্ত হয়ে ভূমিতে পড়ল। বিরাধ তথন সীতাকে তাাগ করে এক বিশাল শলে নিয়ে আক্রমণ করলে। রাম-লক্ষাণ শরবর্ষণ করতে লাগলেন। বিরাধ হেসে হাই তুললে, তথনই তার দেহ থেকে শর খসে গেল। রাম দুই শরে তার শ্লে তেন করলেন এবং লক্ষ্মণের সংগ্র কৃষ্ণসপেরি ন্যায় ভীষণ খড়াগ নিয়ে তান আঘাত করতে লাগলেন। তথন বিরাধ রাম-লক্ষ্মণকে সকলে ধারে ক্ষাণের অরণ্যে প্রবেশ করলে। রাম বললেন, এই রাক্ষ্ম আমাদের অভীদ্য পথেই যাচ্ছে, অত্এব একে যেতে দাও।

সীতা উচৈচঃ স্বরে বললেন, রাক্ষস রাম-লক্ষ্মণকে ধরে নিয়ে যাছে,
এপন ব্যান্তভাকোদি আমাকে থেয়ে ফেলবে। রাক্ষসোত্তম, ভোমাকে
নমস্কার করি, আমাকে নিয়ে ওঁদের ছেড়ে দাও।

সীতার এই কথা শ্লে রাম-লক্ষাণ রাক্ষসের দুই বাহ্ তেঙে ফেললেন। বল্লে ভণ্ন পর্বতের ন্যায় বিরাধ ম্ছিতি হয়ে প'ড়ে গেল। রাম-লক্ষাণ তাকে ম্ছিউপ্রহার ও পদাঘাত করতে লাগলেন। তথাপি সে মরল না দেখে রাম বললেন, এই রাক্ষস তপঃসিম্ধ, অক্ষাঘাতে মরবে না, একে ভূমিতে প্রোথিত ক'রে মারতে হবে। এর শরীর হসতীর তুলা, তুমি একটি বৃহৎ গর্ত করে। লক্ষ্যণকে এই কথা ব'লে রাম পা দিয়ে বিরাধের গলা চেপে রইলেন।

তখন বিরাধ বললে, পরের্ষশ্রেষ্ঠ, মোহবশে তোমাকে চিনতে পারি
নি, এখন ব্রেছি তুমি কৌশল্যার প্ত রাম, ইনি মহাভাগা বৈদেহী,
ইনি মহাবশা লক্ষ্মণ। আমি তুশ্ব্রে নামক গন্ধর্ব, রশ্ভার প্রতি
আসন্তির জন্য আমি কর্তব্যকালে অনুপশ্ধিত ছিলাম, সেকারণে
কুবেরের শাপে রাক্ষস হয়েছি। আমি অন্নয় করলে কুবের বলেছিলেন,
দাশরথি রাম তোমাকে বধ করলে নিজ রূপ ফিরে পেয়ে শ্বর্গলাভ করবে।
আজ আমি তোমার প্রসাদে শাপম্ভ হয়েছি। এখান খেকে সার্ধ যোজন
দ্বে মহর্ষি শরভশ্য বাস করেন, তুমি তাঁর কাছে যাও, তোমার মান্ধল
হবে। আমাকে গর্তে নিক্ষেপ কর, মৃত রাক্ষসের অন্ত্যেভিটার এই
সনাতন রীতি।

লক্ষ্মণ গর্ত খাড়ে তার মধ্যে বিরংধকে ফেললেন, সে মহাশব্দে বন নিনাদিত কারে প্রাণত্যাগ করলে।

২। শরভণ্য ও স্তীক্ষা কষি

(अर्ग d-- ४°

সীতাকে সাশ্বনা দিয়ে রাম লক্ষাণকে বললেন, এই বন অত্যত দ্বমি, আমরা এর পথ জানি না, অতএব মহর্ষি শরভগের আশ্রমে ধাই চল।

শরভন্গের আশ্রমে এসে তাঁরা এক আশ্চর্য ব্যাপার দেখলেন। দেবরাজ ইন্দ্র হরিদ্বর্গ-অশ্ব-ব্যোজত রূপে ব'সে আছেন, সেই রূপ ভূমি স্পর্গ করছে না। অনেক দেবতা তাঁর সংগ্য আছেন। তাঁর ছব শ্রে মেঘ বা চন্দ্রমাডলের নায়। তিনি মহর্ষি শরভগের সংগ্য আলাপ করছেন, দ্বই বরনারী তাঁর মাতকের উপর স্বর্ণদাভয়ন্ত চামর দোলাচ্ছে। রাম বললেন, লক্ষ্মণ, দেখ এই রথ কি আশ্চর্য দীপিতময় ও স্বানর, আমরা প্রে ইন্দের অশ্বের যে বর্ণনা শ্রেনছিলাম, এইসকল অশ্তরীক্ষাপ্থ অশ্ব সেইপ্রকার। চারিদিকে যেসকল কুডলধারী খড়াগপারী বিশালক্ষা রন্তবসন যুবা রয়েছেন তাঁরা দেখতে পর্ণচিশ-বংসর-বয়নেকর নায়ে, দেবগণ চিরকাল এই বয়সেই থাকেন। রথের উপর যে দ্বিতমান প্রেষ রয়েছেন তিনি কে আমি জেনে আসছি, ততক্ষণ বৈদেহীর কাছে থাক।

রাম আসছেন দেখে ইন্দ্র ভার সংগী দেবগণকে বললেন, রুম এখানে আসবার আগেই আমর। অন্তর হাই চল। একে দুক্তর কর্মা সর্ভানি হবে, যখন ইনি কৃতকার্যা ও জায়ী হবেন তথন আমি এর সংগ্রা এনা করব। এই কথা ব'লে ইন্দ্র শরভংগকে অভিবানন করে সালা নিজে গোলেন।

শরভাগ অণিবহার গৃহে ছিলেন, রাম সাঁতা ও লাকাণ সেখানে গিরে তাঁর পাদবদনা করলেন। শরভাগ তাঁদের অভিযান বাবস্থা করলেন। রাম ইন্দের আগ্রমনের কাবণ জিল্লাসা করলে শরভাগ কলজেন, আমি উগ্র তপসারে বারা রহালোক অধিকার করেছি, ইন্দু আমাকে সেখানে নিয়ে যেতে এসেছিলেন। তুমি শান্ত এখনে আসাব তা আমি জানতাম, তোমার ন্যায় প্রিয় অতিথিকে না দেখে অতি রহালোলে খব না। নরভাঠ, আমি তপেবেলে বহা লোক(১) আমত করেছি, এম আমার কাছ থেকে সেসব নাও।

রাম বললেন, মহামানি, আমি স্বয়ং সর্বলোক আহরণ করব।

আপনি ব'লে দিন এই বনে কোথায় আমাদের আবাসযোগ্য স্থান আছে।

সমভাগ বললেন, এখানে স্তীক্ষা নামে এক মহাতেজা ধার্মিক ক্ষিষ বাস

⁽১) **ভূঃ ভূবঃ স্বঃ প্রভৃতি** জোকে বাদের অধিকার।

করেন। তুমি মন্দাকিনীর স্রোতের বিপরীত দিকে গেলে তাঁর কাছে প্রেছিবে। বংস, এখন তুমি মৃহ্ত্কাল অপেক্ষা কর, ভূজণা যেমন তার জীর্ণ ত্বক মোচন করে সেইর্প আমি আমার দেহ ত্যাগ করব, তুমি তা দেখ। এই ব'লে শরভণ্য মন্দ্রোচ্চারণ করে প্রজ্জালিত অন্নির্ভে আহ্বতি দিয়ে তাতে প্রবেশ করলেন। তাঁর রোম, কেশ, জীর্ণ ত্বক, অন্থি, মাংস ও শোণিত ভঙ্ম হয়ে গেল, তিনি অনলসংকাশ কুমারের র্প লাভ করে অন্নি থেকে উবিত হলেন এবং আহিতান্নি খবিগণের লোক ও দেবলোক অতিক্রম করে রহম্বলোকে আরোহণ করলেন।

শরভংগ স্বর্গে গেলে বৈখনেস বালখিলা সংপ্রক্ষাল প্রভৃতি বহু শ্বিষ রামের কাছে এসে বললেন, ভূমি ইঞ্চনাকুকুলের প্রধান, প্রথিবীর রক্ষক, ভোমার যশ ও বিক্রম রিলোকে খ্যাত। আমরা প্রার্থী হ'রে ভোমার কাছে খা বলছি তার জন্য ক্ষমা করে। যে রাজা প্রজারক্ষা করেন না অথচ যতিভাগ কর নেন তার মহা অধর্ম হয়। যিনি প্রজাগণকে নিজ প্রাণের তুলা বা প্রাণাধিক প্রতের তুলা দেখেন তিনি চিরম্থায়ী কীর্তি ও ব্রহ্মালোক লাভ করেন। ফলম্লাহারী ম্নিগণ যে প্র্ণ্য অর্জন করেন তারও চতুর্থভাগ প্রজাপালক রাজার প্রাপা। এই অরণ্যে বহু বানপ্রস্থ বাহমণ বাস করেন, তারা রাক্ষসের হস্তে নিহত হচ্ছেন, তুমি তাদের মৃতদেহ দেখতে পাবে। পম্পা ও মন্দাকিনীর তীরে এবং চিরক্টে রাক্ষসগণ অত্যাত উৎপীড়ন করছে, আমরা আর সইতে পারছি না, সেজন্য তোমার শরণাপন্ন হয়েছি।

রাম বললেন, আমি আপনাদের আজ্ঞাধীন, আমি পিতৃসত্য পালনের জন্য বনে এসেছি, রাক্ষসরা যে উপদূব করছে তারও আমি প্রতিকার করব, তাতে আমার বনবাস সার্থক হবে। শ্ববিদের এইর্পে আশ্বাস দিয়ে রাম তাদের সংখ্যে স্তীক্ষ্যের আশ্রমে যাত্রা করলেন।

বহুদ্র গিয়ে তাঁরা স্তীক্ষ্যের আশ্রমে উপস্থিত হলেন। স্তীক্ষ্য রামকে আলিণ্যন ক'রে বললেন, রঘ্শ্রেষ্ঠ, তোমার আগমনে এই আশ্রম সনাথ হ'ল। তুমি রাজ্যপ্রষ্ট হয়ে চিত্রক্টে বাস কর্রছিলে তা আমি শ্নেছি। আমি প্রারক্তে সর্বলোক জয় করেছি, দেবরাজ ইন্দ্র এখানে এসেছিলেন, কিন্তু আমি তোমার প্রতীক্ষার দেহত্যাগ করে দেবলোকে বাই নি। সীতা ও লক্ষ্যদের সপ্রে তুমি আমার তপোলব্ধ লোকে বিহার কর, তাতেই আমার তৃশ্তি হবে। রাম বললেন, মহাম্নি, আমি দ্বয়ং এইসকল লোক অর্জন করব। এখন এই অরণ্যে আমার জন্য একটি বাসন্থান নির্দিষ্ট করে দিন।

মহর্ষি স্ভীক্ষা হ্ন্ট হয়ে বললেন, তুমি আমারই আশ্রমে থাক, এখানে বহু ঋষি আছেন, ফলমলেও পাওয়া যার। এখানে ম্পের দল আসে, তারা কারও হানি করে না, কেবল প্রলোভন দেখিয়ে নির্ভয়ে চ'লে বার। এ ভিন্ন তাদের অন্য দোষ নেই। রাম বললেন, আমি যদি তীক্ষা শরে সেইসকল মৃগ বধ করি তবে আপনি কন্ট পাবেন, তা অত্যান্ত দ্ঃথের বিষয় হবে। এই আশ্রমে আমি দীর্ঘকাল বাস করতে পারব না।

স্তীক্ষাের আশ্রমে রাতিষাপন ক'রে রাম প্রভাতকালে সীতার সংগো পদ্মগাধী স্থাতিল জলে স্নান এবং যথাবিধি হোম ও দেবপ্জা করলেন। তার পর স্তীক্ষাকে অভিবাদন ক'রে বললেন, ভগবান, এখানে স্থে রাতিবাস করেছি. এখন আমরা, দ'ডকারণ্যবাসী প্রাণীল খবিগাণের আশ্রমসমূহ দেখবার জনা বাগ্র হয়েছি।—

অবিষহ্যতপো থাবং স্থো নাতিবিরাজতে।
অমার্গেণাগতাং লক্ষ্যীং প্রাপ্যেবান্বয়বজিতিং॥
তাবদিচ্ছামহে গন্তুমিত্যুক্তনা চরণো ম্নেং।
ববন্দে সহসৌমিতিং সীতয়া সহ রাঘবং. (৮।৮-৯)

— নীচ লোকে অসং উপায়ে লক্ষ্যীলাভ করলে যেমন হয়, স্য সেইর্প অসহ্য হবার আগেই আমরা যেতে ইচ্ছা করি। এই ব'লে রাম সীতা ও লক্ষ্যণের সঙ্গে সৃতীক্ষ্য মুনির চরণ বন্দনা করলেন।

রাম-লক্ষ্যণকে সদেনহে গাড় আলিখ্যন করে স্তীক্ষা বললেন, তোমরা নিবিঘ্যে যাত্রা কর, ঋষিদের আশ্রম এবং ফলপ্ডপসমন্বিত ম্গপক্ষিশোভিত কানন প্রভৃতি দেখে আবার এখানে ফিরে-এস।

৩। সীত্যে অহিংসা — ইন্বল-বাত্তাপির কথা

[저야 3-55]

স্তীক্ষেরে আশ্রম থেকে যাতাকালে সাঁতা মনোহর স্নিশ্ব বাকের রামকে বললেন, মিথ্যাকথন পরদারগমন ও অকারণে রোদ্রতা (১)—এই তিন কামজ বাসন থেকে ল্যাকে অধ্যাগ্রহত হয়। রাঘব, প্রথম দ্ই দােষ তামার প্রেও ছিল না পরেও হবে না, কিন্তু তৃতীয় ব্যসন এখন তামার সম্মুখে উপস্থিত হয়েছে। খ্যিদের রক্ষার নিমিত্ত তুমি রক্ষেসবধের অংগীকার করেছ সেজন্য আমার মন চিন্তাকুল হয়েছে। প্রাকালে এক পবিক্রহতাব খ্যি শান্তিময় বনে তপস্যা করতেন। ইন্দ্র তার তপস্যার বিঘা করবার উদ্দেশ্যে তাঁর কাছে এক খড়্গ গাছিত রেখে যান। নাস্ত বস্তু গাছে অপহত্ত হয় এই আশ্রুকায় তপস্বী সর্বদা সেই খড়্গ সাংগ্র রাখতেন। খড়্গের সংস্থর্গ ক্ষমণ তাঁর ন্বভাব হিংদ্র হয়ে উঠল, অবশেষে তিনি নরকে গেলেন।—

ক্ষিয়াণামিহ ধন্হ তোশসোদ্ধনানি চ।
সমীপতঃ স্থিতং তেজাে বলম্ভুয়তে ভ্ৰম্ম (১।১৫)
ক্ষিয়াণাং তু বীরাণাং বনেষ্ নিয়তাস্থনাম্।
ধন্ষা কার্যমেতাবদার্তানামভিরক্ষণম্

ক চ শক্ষং ক চ বনং ক চ ক্ষাত্রং তপা ক চ।
ব্যাবিস্থামদমক্ষাভিদেশিধ্যক্তি প্জাতাম্
কদর্ষকল্যা ব্রিস্থায়ে ক্ষেয়তে শক্ষাসেবনাং।
প্নগ্রা স্থােষ্যায়াং ক্ষেয়ার ক্ষেয়াস (১।২৬-২৮)
নিত্যং শ্রুচিমতিঃ সৌমা চর ধর্মং তপােবনে।
সর্বং তু বিদিতং তুভাং গ্রেলাকা্মণি তত্ত্বাঃ॥ (১।০২)

— ক্ষতিয়ের ধন, এবং আন্দর ইন্ধন, সমীপবতা হ'লেই তেজের অত্যত বৃদ্ধি করে। ক্ষরিয় বীরগণের এইমার কর্তব্য—বনবাসী তপস্বিগণ বিপান হ'লে তাঁদের রক্ষা করা। কোথার অন্য আর কার ধর্ম, কোথার

⁽১) ফ্রোধ ও হিংস্রতা।

বন আর তপস্যা! পরস্পরবিরোধী বিষয়ে আমাদের লিশ্ত হওয়। অনুচিত, যে দেশে আছি সেই তপোবনের ধর্মই আমাদের পালনীয়। অক্ষশন্তের সংসর্গে বৃশ্ধি কদর্য ও কল্প্রিত হয়, তুমি অথাধ্যায় ফিরে গিয়ে ক্ষরধর্মের চর্চা ক'রো। সোম্যা, তুমি এই তপোবনে শৃশ্ধন্বভাব হয়ে নিত্য ধর্মাচরণ কর, তিলোকের সমস্ত কর্তব্যই তো তোমার জানা আছে।

রাম বললেন, দেবী, তুমি যা বলেছ তা আমার কুলধর্মের উপষ্ত ।
'আর্ড' এই লব্দ ধাতে না থাকে সেই জন্যই ক্ষতিয় ধন্ধারণ করে।
দ'ডকারণ্যের ম্নিগণ আর্ত হয়েই আমার শরণাপল হয়েছেন, আমিও
তাদের রক্ষার প্রতিশ্রুতি দিয়েছি। আমি সর্বদা নত্যনিষ্ঠ, লক্ষ্মণকে
এবং তোমাকেও ত্যাগ করতে পারি কিন্তু ভাহ্মণদের কাছে যে প্রতিজ্ঞা
করেছি তার লব্ঘন আমার অসাধ্য। তাঁরা প্রার্থনা না করলেও যা করতাম,
অন্বর্শ হয়ে প্রতিশ্রুতি দিয়ে কি ক'রে তার অন্যথাচরণ করব? তুমি
আমার প্রাণাপেকা প্রিয়, যা বলেছ তাতে আমি পরিতৃষ্ট হয়েছি, তুমি
আমার সহধর্মচারিণী হও।

অগ্রে রাম, মধ্যে সীতা, পশ্চাতে লক্ষ্মণ—এই ভাবে তাঁরা চলতে লাগলেন। বহু পর্বত, বন, নদী, সারস-চক্রবাকাদি জলচর পক্ষী সমন্বিত পদ্মভূষিত সরোবর, হরিণের দল, মহিষ হস্তী বরাহ প্রভৃতি দেখতে দেখতে তাঁরা স্থাস্তকালে এক তড়াগের নিকট উপস্থিত হলেন। সেই তড়াগ এক যোজন বিস্তৃত, তার জল অতি নির্মাল, ভিতর থেকে গাঁতবাদ্যের ধরনি শোনা যাছে। রাম জিল্ডাসা করলে ধর্মভূত লামে এক মর্নান বললেন, এর নাম পঞ্চাস্সর সরোবর। মহাম্নান মান্ত্রকাণি এই জলাশয়ের মধ্যে দশ সহস্র বংসর কঠোর তপস্যা করেছিলেন। তাঁর বিষা করবার জন্য দেবগণ পাঁচজন বিদ্যুৎকান্তি অস্সরা পাঠিয়ে দেন। মান্ত্রকাণি তাদের বিবাহ করলেন। এই সরোবরের জলমধ্যে এক গৃহ নির্মাণ করে তিনি এখন পঞ্চপরীসহ সেখানে বাস করছেন। তোমরা সেই অস্সরাদের সংগাঁত লামছ।

রাম-সীতা-লক্ষাণ নানা আশ্রমে পর্যটন করতে লাগলেন। কোথাও কয়েক মাস, কোথাও এক বংসর বাস করে ক্রমে দশ বংসর অতিবাহিত হ'ল। তারা স্তীক্ষার আশ্রমে ফিরে এসে সেখানেও কিছ্কাল বাস করলেন। একদিন রাম স্তীক্ষাকে বললেন, ভগবান, শ্নেছি এই অরণ্যে অগস্তা ম্নির আশ্রম আছে, কিন্তু কোথায় তা জানি না। তার কাছে যাবার আমার আন্তরিক বাসনা আছে।

স্তীক্ষ্য বললেন, আমিও তাঁর কথা তোমাকে বলব মনে করেছিলাম। এখান থেকে দক্ষিণে চার ষোজন গেলে অগস্তোর দ্রাতার আশ্রমে উপস্থিত হবে। সেই স্থান বহু পাদপে শোভিত এবং অতি রমণীয়। রাম সেই দিনেই যাত্রা কর**লে**ন এবং বহুদূরে অতিক্রম ক'রে এক স্থানে এসে লক্ষ্মণকে বলসেন, এই বোধ হয় অগস্তা-দ্রাতার আশ্রম, কারণ স্তীক্ষের বর্ণনার সপেগ মিলে ধাচ্ছে। মহর্ষি অগস্তা একদা এই স্থানে লোকহিতকামনায় অস্ত্রর বধ করেছিলেন, তার ফলে এই দক্ষিণ প্রদেশ লোকের বাসযোগ্য হয়েছে। বাত্যপি ও ইন্বল নামে দুই কুরে মহাসার এখানে থাকত। ইল্বল <u>রাহা, ণেরে র</u>ংপ ধারণ ক**রে সংস্কৃত** বাক্য ব'লে শ্রান্থের ছলে বিপ্রগণকে নিমন্ত্রণ ক'রে আনত। বাতাপি মেষর্প ধারণ করত এবং ইল্বল তাকে কেটে পাক ক'রে নিমন্তিভগণকে থাওয়াত। ভোজন শেষ হ'লে ইন্বল উচ্চৈঃস্বরে বলত—বাতাপি, নিজ্ঞাত হও। তথন বাতাপি মেষের রব ক'রে ব্রাহমণদের শরীর ভেদ করে নির্গত হ'ত। এইর্পে বহ**ু সহস্র রাহাুণ নিহত হয়েছিলেন**। অবশেষে একদিন দেবগণের অনুরোধে মহর্ষি অগস্তা ভ্রাম্থে নিমন্তিত হয়ে বাতাপিকে ভক্ষণ কর**লেন। ইন্দল পূর্ববং বললে** — বাতাপি, নিজ্ঞানত হও। অগস্তা **হেসে বললেন, তোমার ভ্রাতার বেরিয়ে আসবা**র শন্তি নেই, সে জীৰ্ণ হয়ে যমালয়ে গেছে। তথন ইন্বল কুম্খ হয়ে আক্রমণ করলে, কিন্তু অগনেত্যর **অনলতুল্য দৃষ্টিপাতে ভস্ম হরে গেল**। সেই অর্বাধ রাক্ষসরা এই দক্ষিণ প্রদেশে সভয়ে দুফিপাত করে, কিন্তু আসতে পারে না। বিশ্বা পর্বত স্থের প্ররোধ করবার জন্য বর্ষিত হচ্ছিল, কিন্তু অগস্ত্যের আদেশে তাকে নিব্রুত হ'তে হ**রেছে**।

সম্যাকালে রাম-সীতা-লক্ষাণ অগস্তা-দ্রাতার আশ্রমে এলেন এবং সাদরে সংবধিত হয়ে সেখানে রাহিষাপন করলেন। পর্যাদন স্বোদয় হ'লে তারা অগস্ত্য-আশ্রমের অভিমন্থে যাত্রা করলেন।

৪। অগতেত্যর আত্রম — জটায়;

[अर्ग ३२-३८ :

আশ্রমের নিকট এসে রাম বললেন, লক্ষ্মণ, তুমি আগে গিয়ে মহবিকে আমাদের আগমনসংবাদ দাও। লক্ষ্মণ আশ্রমে প্রবেশ করে অগনেতার এক শিষ্যকে বললেন, রাজা দশর্থের জ্যোষ্ঠ পরে রাম তাঁর ভার্যা সাঁতার সংগ্য এসেছেন, আমি তাঁর কনিন্ট দ্রাতা লক্ষ্মণ। আমরা র্ভগবান অগনেতার সংগ্য দেখা করতে চাই। শিষ্য সংবাদ দিলে অগনতা বললেন, আমি রামের আগমন কামনা করছিলাম, তুমি এখনই তাঁদের নিয়ে এস।

রাম-সীত্য-লক্ষ্মণ আশ্রমে এসে দেখলেন, শান্তন্বভাব হরিণগণ সেখানে বিচরণ করছে এবং রহমা বিষয় মহেন্দ্র বিবদবান প্রভৃতির প্রভা-স্থান সন্ধিত রয়েছে। শিশ্যপরিবৃত হয়ে অগস্তা রামকে সংবর্ধনা করতে এলেন। রাম তাঁর চরণবন্দনা করে সাঁতা ও লক্ষ্মণের সংগ্ কৃতাঞ্চলি হয়ে দাঁড়িয়ে রইলেন। অগস্তা তাঁদের পদে, আসন এবং বানপ্রস্থ ধর্মা অনুসারে ভোগদুরা দিয়ে বললেন, কাকুংস্থ, তপস্বী সাঁত্য অতিথির উপযান্ত সংকার না করেন তবে পরলোকে গিয়ে দ্বুট সাক্ষাত্র নাম নিজের মাংস ভক্ষণ করেন। তার পর অগস্তা বহু ফল মান শংপ উপহার দিয়ে বামকে বললেন, বিশ্বকর্মা-নির্মিত এই স্বর্ণতিবিক ভূষিত দিবা বৈষ্ণ, ধন্ম, রহ্মদণ্ড নামক এই সার্যসংকাশ অমোহ শব শক্ষ্ম শরপর্ণে এই ত্লীর, এবং দ্বর্গমিষ কোষে এই অসি ইন্দ্র আমাকে দিয়েছিলেন। এ সমস্ত নিয়ে ভূমি য্নেধ বিজ্য়ী হও। তোমরা এখন শধ্রমে ক্লান্ত হয়েছ, জানকীরও বিশ্বামের প্রয়োজন। এই সাকুমারী পূর্বে কন্ট সহ্য করেন নি, কেবল পতিপ্রেমের বলে বনে এসেছেন, ইনি যাতে সূথ পান তা কর।—

এষা হি প্রকৃতিঃ স্থানামান্তে রঘ্নন্দন।
সমস্থমন্রজ্যতে বিষমস্থং তাজান্ত চা।
শতহদানাং লোলছং শস্তাণাং তীক্ষাতাং তথা।
গর্ডানিলয়োঃ শৈঘ্রমন্গচ্ছান্ত যোষিতঃ॥
ইয়ং তু ভবতো ভাষা দোষেরেতৈবিবিজিতা॥
শলাঘ্যা চ বাপস্থোয়া চ যথা দেবেশ্বর্নধতী॥
অলংক্তোহ্যং শেশ্চ যত সোমিতিগ সহ।
বৈদেহ্যা চান্য়া রাম বংসাসি স্মারিন্দম ॥ (১৩।৫০৮)

— রঘ্নন্দন, স্থিতির তাগি থেকে স্থাজাতির এই স্বভাব, যে তারা সম্পন্ন ব্যক্তির অন্রক্ত হয় এবং বিপন্নকৈ ত্যাগ করে। তাদের চপলতা বিদান্তের ন্যায়, তাক্ষ্মতা(১) অস্তের ন্যায় এবং শীঘ্রতা(২) গর্ড় ও বায়রে ন্যায়। বিশ্ব তোমার ভাষার এইসকল দোষ নেই, দেবতাগণের মধ্যে যেমন অর্পেটা, ইনি সেইরুপে শ্লাঘনীয়া ও অপ্রগণ্যা। রাম, এই দেশ অলংকৃত হবে যদি তুমি সেইমিটি ও বৈদেহীর সংগ্যে এখানে বাস কর।

রাম বললেন, মুগিপ্রেণ্ঠ, অপনার বাকে আমি ধন্য ও পরিতৃষ্ট হয়েছি। আমাকে এমন একটি স্থান শলৈ দিন যেখানে জল স্থলভ এবং বহা কানন আছে, যেখানে আশ্রম নির্মাণ করে স্থে বাস করতে পারি! মহুত্রকাল ভিতা করে অগস্তা বললেন, এখান থেকে দুই যোজন দ্বে পশ্বেটী (৩) নামে বিখ্যাত এক স্থান আছে, সেখানে প্রচুর কল মাল আর জল পাবে, ম্গত সেখানে অনেক। সেই স্থান অতি রমণীয় ও গোদাবরীর নিকটে, সেখানে তুমি সুখে বাস এবং ভপ্স্বীদের রক্ষা

[ি] চনত টি কারের ব্যাধান। তা বহুকারগত ক্ষেত্রগর ছেদনে; (২) নিক্রীয় কার্ম করণে। বোধ হয় ডীক্ষাতা — মর্মাডেদী কথা বল্যে শাহিত কেটকের মাধায় কিছু করায়। খাদশ পরিছেদে লক্ষ্যাবের ভংসনা ভুলনীয়

০০০ নিজ্যম-রাজের বিদর **জেলার, মতাশ্তরে ন্যসিকের নি**জ্ঞা।

করতে পারবে। ওই যে মধ্ক(১)বন দেখা যাচেছ, তুমি তার উত্তর দিরে নাল্লোধ-আশ্রম লক্ষ্য ক'রে গোলে কনহীন স্থানে একটি পর্বত দেখতে পাবে, তার নিকটেই পশুবটী।

অগদ্যের কাছে বিদরে নিয়ে রাম-সীতা-লক্ষ্মণ পণ্ডবটীর অভিমন্থে যাত্রা করলেন। যেতে যেতে তাঁরা এক মহাকায় ভীমপরাক্রম পক্ষী দেখতে পেলেন। তাকে রাক্ষদ মনে ক'রে রাম-লক্ষ্মণ জিজ্ঞাসা করলেন, তুমি কে? পক্ষী মধ্বে বাক্যে উত্তর দিলে, বংস, আমি তোমাদের পিতারে বয়স্য। রাম তথন তাকে অভিনন্দন ক'রে পরিচয় জিজ্ঞাসা করলেন।

পক্ষী বললে, প্রথম প্রজাপতির নাম কর্ণম, তার পর বিকৃত প্রভৃতি শ্বাদশ জন, তার পর দক্ষ, বিবহবান. অরিন্টনেমি ও কদাপ। দক্ষের বাট কন্যা, কদাপ তাঁদের আটটিকে বিবাহ করেন— আদিতি দিতি দন্ কালকা তামা কোধবশা মন্ ও অনলা। আদিতির গর্ভে আদিতা বস্থার দ্রুদ্ধ আশ্বনীকুমার প্রভৃতি তেরিশ দেবতা, এবং দিতির গর্ভে দৈতাগন জন্মগ্রহণ করেন। বন ও সাগর সমেত এই বস্থমতী প্রাকালে দৈতাগণের অধিকৃত ছিল। দন্ধ থেকে অশ্বগ্রীব, কালকা থেকে নরক ও কালক, এবং তাম থেকে কৌন্টী শ্রুকী প্রভৃতি পাঁচ কন্যা উৎপার হয়: শ্রুকীর কন্যা নতা, নতার কন্যা বিনতা। জোধবশার গর্ভেও মুগা প্রভৃতি দশ কন্যা জন্মায়। কশাপের এইসকল দ্বিতা ও দৌহিলী থেকে নালাভাতীর পক্ষী পদ্শেসপ ও মন্যা উৎপার হয়েছে। শ্রুকীর দেটিলী বিন্তার গর্ভে গর্ম্ব ও অর্ণ জন্মগ্রহণ করেন। আমি অব্বের পরে, নাম কটায়্ব। আমার অগ্রজের নাম সম্পাতি। বংস, তুলি গানি চাও তবে এই বনে আমি তোমার সহায় হব, তুমি আর লক্ষ্যণ অন্যত্র গুলে আমি সীতাকে রক্ষ্যা করব।

রাম জটারকে প্রথাম ও জালিজান কারে এবং স্থান্তার রক্ষার ভার তাকে দিয়ে পশ্বরটীতে এলেন।

⁽১) মহ_ম্যা ।

৫। পরবর্টী

[সগ ১৫-১৬]

রাম পশ্বটীতে এসে আশ্রমনির্মাণের উপযুক্ত একটি দ্থান মনোনীত করে লক্ষ্মণের হাত ধরে বললেন, এই দ্থান সমতল এবং প্রদিপত তর্তে বেন্টিভ, এখানেই আশ্রম নির্মাণ কর। নিকটেই পদ্মশোভিত সরোবর রয়েছে। ওই দেখ গোদাবরী নদী অধিক দ্রে নয়, অতি নিকটেও নয়। এই নদী হংস-কারণ্ডব-চক্রবাকে শোভিত, তার তীরে কুস্মিত বৃক্ষশ্রেণী। কন্দরময় পর্বত দেখা যাচ্ছে, তাতে স্বর্ণ রক্ষত ও তায় থাকায় চিত্তিত হস্তীর নয়য় বোধ হচ্ছে। শাল তাল তমাল থজর্ পন্স প্রমণ আয় অশোক চন্পক চন্দন প্রভৃতি বহ্মপ্রতার বৃক্ষ রয়েছে, ম্গ-প্রতাণ প্রচুর, আমরা এই রমণীয় স্থানে জটায়্র সহি বেস করব।

মাটি, বড় বাঁশ, শমীশাখা, কুশ কাশ পর প্রভৃতি দিয়ে লক্ষাণ এক বিশাল পর্ণশালা নির্মাণ করলেন। তার পর রাম-লক্ষাণ গোদবেরীর স্থান ক'রে পথ্য আর ফল নিয়ে এলেন এবং প্রথমবাল দিয়ে বাস্তৃশাণিও করলেন। রাম অতি প্রতি হয়ে পরম দেনহে লক্ষ্মণকে বললেন, তুমি হং ধর্ম সম্পন্ন করেছ, তার প্রতিদান স্বর্প তোমাকে আলিংগন করিছ। তুমি ভাবজ্ঞ, কৃতজ্ঞ, ধর্মজ্ঞ, তোমাকে প্রর্পে লাভ করে অমাকেশ পিতা ক্ষার হয়েছেন।

সাঁতা ও শক্ষাণৰ সংগ্ৰান্ত **পণ্ড**বলীয়ে **স্থে বাস করতে** লাগদেন। শবংক ও অতীত ইয়ে ক্ষেত্ৰ আগত হ'ল। একদিন প্রভাতকালে বাম গোলবরীয়েও দনান করতে গোলেন, তাঁৰ প্রদানত সাঁতা এবং কলস্থানের গ্রাণ্ডলালেন। লক্ষ্মণ রামকে বললেন,

অয়ং সংক্রাং সংপ্রাণ্ডঃ প্রিয়া যদেও প্রিয়ংবদ।
একংকু: ইবাভাতি যেন সংবংসবং শভঃঃ (১৬।৭)
প্রকৃতি শতিভাগেশোরি হিম্বিশ্বন্ধ সন্প্রম্।
প্রতি প্রিয়েশ বায়ঃ কালে শ্বিম্পানীতলঃ।

বাশেক্ষান্যবিশানি ধবলাধ্যবদিত চ।
শোভন্তেহভূদিতে স্থে নদদ্ভিঃ ক্রোণসারসৈঃ॥
ধর্জবৃপ্পাকৃতিভিঃ লিরোভিঃ প্রণতিপুলৈঃ।
শোভন্তে কিঞ্চালন্যঃ শালয়ঃ কনকপ্রভাঃ॥ (১৬।১৫-১৭)
অবশায়েনিপাতেন কিঞ্চিপ্রক্রিলাশ্বলা।
বনানাং শোভতে ভূমিনিবিশ্তর্গাতপা॥ (১৬।২০)
এতে হি সম্পাসীনা বিহগা জলচারিগঃ।
নাবগাহন্তি সলিলমপ্রগল্ভা ইবাহবম্॥ (১৬।২২)

— প্রিয়ংবদ, যে ঋতু আপনার প্রিয় তা এখন উপস্থিত, এর আগমনে সংবংসর যেন মধ্যলময় ও অলংকৃত হয়েছে। পশ্চিম বায় স্বভাবত লাতলস্পর্ল, এখন হিমের জন্য ন্বিগ্রে লাতল হয়ে প্রবাহিত হছে। অরণ্যসকল বাজে আছেল, যব ও গোধ্ম উৎপল্ল হয়েছে, স্যোদয়ে লোর ও সারস কলরব করছে। ত ভূলপূর্ণ কনকবর্ণ ধানোর শার্ম ধর্জরেপ্রেপর ন্যায় কিঞিং নত হয়ে শোভা পাছে। নীহারপাতে করং আর্ল হরিদ্বর্ণ ত্রময় স্থানে তর্ণ স্যোকিরণ পড়ায় বনভূমি লোভিত হয়েছে। ভীর্জন ফেমন ফ্রেশ নামে না, এইসকল জলচর বিহণ্য সেইর্প জলের নিকটে থেকেও অবগাহন করছে না।

লক্ষ্মণ তার পর বললেন, ধর্মান্মা ভরত রাজ্য মান ও ভোগ পরিহার করে এখন শতিল ভূমিতলে শয়ন করেন। তিনিও হয়তো এই প্রভাতকালে সর্যুতে স্নান করতে গেছেন। তিনি স্কুমার, হিমশীভল জলে কি করে অধ্যায়ন করবেন। প্রবাদ আছে, লোকে মাতৃস্বভাব পায়, কিল্পু ভরত তার অন্যথ্য করেছেন। দশর্থ যার স্বামী, ভরত মার প্রে সেই কৈকেয়া কি করে জ্বেম্ডি হলেন।

িবের বাদ প্রস্থান সইতে না পেরে রাম বললেন, বংস, মধামা (১)
নিত্র নি ক্রি করেন সইতে না ভরতের কথা বল। তার জন্য আমার
মন ক্রি প্রস্তুত্ব জানি না আবাদ করে আমাদের মিলন হবে।

⁽১) বিশ্বু আংশাবাশ ১৪-পরিক্রেদ কোবালীকে ব্যালিনী কেনিজী। **এবং ২৩-পরিক্রেদ সামিশ্যকে মধা**মা করা হারকে।

७। म्प्नियां दश्यमतिनाय

[मर्ग 39-२0]

গোদাবরীতে স্নান ক'রে সীতা ও লক্ষ্মণের সপ্যে রাম আশ্রমে ফিরে এলেন এবং পর্ণশালায়ে উপবিষ্ট হয়ে লক্ষ্মণের সপ্যে বিবিধ কথা কইতে লাগলেন। এমন সময় এক রাক্ষ্সী বদ্ছাক্রমে বিচরণ করতে করতে তাঁদের কাছে এল। দেবতুলা রুপবান মহাবাহ্ম জটাম ডলধারী স্কুমার রাজলক্ষণব্র কন্দর্পকান্তি রামকে দেখে সেই কুর্পা লন্বোদরী তামকেশা কর্কশক ঠী বৃষ্ধা রাক্ষ্সী কামমোহিত হয়ে বললে, তুমি তপস্বীর বেশে ধন্বাণহস্তে ভার্যার সপ্যে কেন এই রাক্ষ্সসেবিত দেশে এসেছ? রাম সরলভাবে নিজের সকল ব্তান্ত জানিয়ে জিজ্ঞাসা করলেন, তুমি কে, তোমাকে রাক্ষ্সী মনে হচ্ছে, এখানে কেন এসেছ?

রাক্ষসী বললে, আমি কামর্পিণী রাক্ষসী শ্পণিথা, এই বনে একাকী বিচরণ করি, সকলে আমাকে ভর করে। রাবণের নাম শন্নে থাকবে, তিনি আমার ভ্রাতা। নিদ্রাসক মহাবল কুম্ভকর্ণ, ধর্মাত্মা বিভীষণ—যাঁর স্বভাব রাক্ষসোচিত নর, এবং বিখ্যাত যোম্ধা খর ও দ্বেণ— এ'রাও আমার ভ্রাতা। তোমাকে দেখেই আমি মোহিত হয়েছি। আমি প্রভাবশালিনী, সর্বপ্র ইচ্ছামত বেতে পারি, তুমি আমার ভর্তা হও। সীতাকে নিয়ে কি করবে, ও বিকৃতা কুর্পা, তোমার যোগ্য নয়। আমিই তোমার অন্রপ ভার্যা। এই কুংসিত অসতী ভয়ংকরী কুশোদরী সীতাকে আর তোমার ভ্রাতাকে আমি ভক্ষণ করব। তুমি আমার সংগ্য দাওকারণাের সর্বপ্র যথেচ্ছা বিচরণ করবে।

রাম একট্ হেসে বললেন, আমি কৃতদার, ইনি আমার প্রিয়া পত্নী। তোমার মত নারীদের পক্ষে সপত্নীর সপ্যে থাকা কন্টকর হবে। আমার এই কনিন্ঠ দ্রাতা লক্ষ্মণ সচ্চরিত্ত ও প্রিয়দর্শন, ইনি অবিবাহিত, রূপে তোমারই তুলা। বিশালাক্ষী, তুমি একেই ভজনা কর।

রাক্ষসী রামকে ছেড়ে লক্ষ্মণকে বললে, তোমার যে র্প তা আমারই যোগ্য। তুমি আমাকে বিবাহ ক'রে আমার সঙ্গে দণ্ডকারণ্যের সর্বত্ত স্থে বিচরণ করবে। লক্ষ্যণ সহাস্যে উত্তর দিলেন, আমি আমার অগ্রজের দাস, তুমি দাসী-ভার্বা হ'তে চাচ্ছ কেন? তুমি রামেরই কনিস্ঠা পদ্মী হও, রাম এই বির্পো অসতী করালদর্শনা বৃষ্ণাকে ত্যাগ ক'রে তোমারই ভজনা করবেন।

লক্ষাণের পরিহাস ব্ঝতে না পেরে শ্পণিখা রামকে বললে, তুমি তোমার এই কুর্পা ভার্যাকে ত্যাগ ক'রে আমার আদর করছ না। দেখ, আমি এখনই একে ভক্ষণ করছি। এই ব'লে সে ক্রুম্থ হরে সীতার দিকে ধাবমান হ'ল, যেন মহা উল্কা রোহিণী নক্ষত্রের দিকে খাছে। তখন রাম বললেন, সৌমিত্রি, এই ক্রপ্রপ্রতি অনার্যার সম্গে পরিহাস করা উচিত নয়, দেখ, সীতা যেন মৃতপ্রায় হয়েছেন। তুমি এই প্রমন্তা অসতীকে বির্পে ক'রে দাও।

লক্ষাণ তথনই খড়্গাঘাতে শ্পণিথার নাসাকর্ণ ছেদন করলোন। বর্ষার মেঘের ন্যায় গর্জন করতে করতে সেই রাক্ষসী লোগিতান্তদেহে মহাবনে চলে গেল।

শ্পণিখা জনপথানে(১) গিয়ে তার দ্রাতা(২) খরের কাছে গগনচ্যত অপনির ন্যায় ভূমিতে পতিত হ'ল। তাকে বির্পেও পোর্যতান্ত দেখে জোধে আকুল হয়ে খর বললে, ওঠ, মোহ ত্যাগ ক'রে বল কি হয়েছে, কে তোমাকে বির্পিত করেছে?—

কঃ কৃষ্ণসর্গাসনিমাশীবিষমনাগসম্।
তুদত্যভিসমাপরমঙ্গলোগ্রেণ লীলয়া॥ (১৯।৩)
দেবগন্ধবভিতানাম্ধীগাং ৮ মহাম্মনাম্।
কোহয়মেবং মহাবীর্যক্ষাং বির্পাং চকার হ॥ (১৯।৬)
নিহতস্য ময়া সংখ্যে শরসংকৃত্তমর্মণঃ।
সফেনং র্ধিরং কদ্য মেদিনী পাত্মিচ্ছতি॥ (১৯।১০)
উপলভ্য শনৈঃ সংজ্ঞাং তং মে শংসিত্মহিস।
যেন মং দ্বিনীতেন বনে বিক্রম্য নিজিতা॥ (১৯।১২)

⁽**১) পদ্মবটীর নিকট**।

⁽২) উত্তরকাশ্ডে অন্টম শরিক্ষেদে আছে, বর শ্পণিধার মাসতুতো ভাই।

— সম্মুখে শয়ান নিরপরাধ বিষধর কৃষ্ণসপ্তে কে হেলাভরে অশ্যালির আঘাতে ব্যথিত করেছে? দেব গদ্ধব ভূত(১) এবং মহাম্মা থাষিগণের মধ্যে কে এমন মহাবলশালী আছে যে তোমাকে বিরুপ করেছে? আমি যুদ্ধে শরাঘাতে কার মর্মা ভেদ করব, কার সফেন রুধির পান করতে মেদিনীর ইচ্ছা হয়েছে? তুমি ধারে সংজ্ঞালাভ ক'রে বল, এই বনে কোন্ দ্বিনীত বলপ্রয়োগে ভোমাকে নিগৃহীত করেছে?

শ্পণিধা বান্পাকুল কঠে বললে, দশরখের দুই প্রে রাম-লক্ষ্মণ এই বনে এসেছে, তারা তর্ণ র্পবান মহাবল এবং তপস্বীর বেশধারী। তাদের সপো এক তর্ণী র্পবতী সর্বাভরণভূষিতা নারী আছে, তার নিমিন্তই অনাথা অসতীর তুল্য আমার এই দশা করেছে। আমি রণস্থলে সেই তিনজনের সফেন র্ধির পান করতে চাই, আমার এই ইচ্ছা তোমাক্ষে প্রণ করতে হবে।

চতুর্দশ মহাবল রাক্ষসকে ডেকে খর আজ্ঞা দিলে, এই অরণ্যে এক নারীর সম্পোদ্ধন মান্য এসেছে, তোমরা তাদের সংহার কর, আমার ভাগনী তাদের রক্ত পান করবেন।

শ্পণিখা রাক্ষসদের সংগ্য রামের আশ্রমে এল। রাম তাদের দেখে লক্ষ্মণকে বললেন, তুমি ক্ষণকাল সাঁতার কাছে থাক, আমি ওদের বধ করছি। স্বর্ণভূষিত ধন্তে জ্যা রোপণ করে রাম রাক্ষসদের বললেন, আমরা দশরথের পরে রাম-লক্ষ্মণ, সাঁতার সংগ্য দশুকারণ্যে বাস করছি। আমরা রহ্মচারী তাপস, আমাদের হিংসা করতে কেন এসেছ? তোমরা পাপাত্মা, খাষদের উৎপীড়ন কর, তোমাদের নিধনের নিমিত্ত তাঁরা আমাকে নিযুক্ত করেছেন। যদি প্রাণের মায়া থাকে তবে ফিরে যাও।

রাক্ষসরা বললে, তুমি আমাদের প্রভু খরকে জুন্ধ করেছ। তুমি একাকী, আমরা অনেক, যুন্ধ করা দ্রে থাক আমাদের সম্মুখে তোমার দাঁড়াবারও শক্তি নেই। এই বলে তারা রামের অভিমুখে চতুর্দ শ শ্ল নিক্ষেপ করলে। রাম শ্রাঘাতে সমস্ত শ্ল ছেবন করে চতুর্দ শ শানিত

⁽১) পিশাচাদি।

নারাচ(১) অস্থা মোচন করলেন। সেইসকল অস্থা রাক্ষসদের বক্ষ ভেদ ক'রে রুমিরান্ত হরে ভূমিতে প্রবিশ্ট হ'ল। রাক্ষসরা নিহত হরে ছিল-মূল ব্যক্ষর নাার প'ড়ে সেল।

শ্পণিথা আবার খরের কাছে গিরে ভূপতিত হরে কাদতে লাগল। তথন তার ক্ষতম্থানের রম্ভ কিঞিং শুক্ত হয়েছে।

৭। খর-ব্ৰবের সহিত রামের ব্যব

[সর্গ ২১--২৬]

খর বললে, তোমার অভীতসাধনের জনা আমি মহাবল রাক্ষসদের পাঠিরেছিলাম, তবে আবার কাঁদছ কেন? সপের ন্যার ভূমিতে ল্লিণ্ডত হয়ো না, ওঠ, কি হয়েছে বল। ল্পেণখা বললে, তুমি বে চোল্দ জন রাক্ষস পাঠিরেছিলে রাম তাদের সকলকেই বধ করেছে। আমার মনে হয় তুমি সসৈন্য গেলেও যুল্খে তার সংশ্যে পারবে না।—

> जनवार जनवानाञ्चित्रकः मह्यान्थवः। क्षित्र पर मयद्य यूपानाथा कृ कुमभारमन॥ यान्द्रवौ रको न भद्रकावि इन्कृर देव द्रायमक्यार्थो। निश्मकुमान्भवीर्यमा वामस्क कीम्मन्यिश॥ (२১।১৮-১১)

— মৃত কুলকলন্দ, অবিলন্ধে জনস্থান ছেড়ে সবান্ধবে চ'লে যাও, নয়তো সমরে শত্বেধ কর। যদি রাম-লক্ষ্মণ এই দৃই মান্ধকে বধ করতে না পার তবে তোমার ন্যায় শক্তিশীন অন্প্রীর্য এখানে কি ক'রে বল করবে?

অত্যন্ত ক্রুন্থ হয়ে খর বললে, ত্যেয়ার অপমানজনক বাক্য ক্রুন্থানে লবণজলের ন্যার অসহা। তুমি অগ্রন্থ সংবরণ কর, আমি রাম-লক্ষ্যণকে বমালয়ে পাঠাছি। রাক্ষ্সী, তুমি রামের উক্তরন্ত পান করবে।

ধর তার সেনাপতি দ্যগকে বললে, তুমি আন্ত বলবতী চতুদ'ল

⁽১) লোহমর বাপ।

সহস্র অপরাজেয় নীলমেঘবর্ণ রাক্ষসকে হ্রন্থের জন্য সন্জিত কর এবং আমার ধন্বোণ, থড়্গ, শানিত শক্তি(১) ও রথ নিয়ে এস।

মন্শার পঢ়িশ (২) শ্লে পরশন্ খড়গা প্রভৃতি অদ্যধারী চোদ্দ হাজার রাক্ষসের সপ্যে ধর স্বর্ণমন্ডিত উদ্জন্ম রুখে চ'ড়ে যান্রা করলে। পথে নানাপ্রকার অশন্ত লক্ষণ দেখা গোল। গদ্ভিবর্ণ মেঘ থেকে রক্তবৃদ্ধি হ'ল, রথের ঘোড়া প'ড়ে যেতে লাগল, স্ফের্র সামকটে শ্যামবর্ণ রক্তপ্রান্ত অধ্যারচক্রের ন্যায় মন্ডল দেখা গোল, মহাকায় ভয়ংকর গ্রেষ্ঠ রথের স্বর্ণধনজে বসল, উল্কাপাত ও ভূমিকন্প হ'তে লাগল। খর তার অন্ট্রদের বললে, আমি এইসকল উৎপাত গ্রাহ্য করি না, রামলক্ষ্মণকে বধ না করে আমি ফিরব না।

বৃন্ধ দেখবার জন্য থাষি দেবতা গন্ধর্ব প্রভৃতি সেখানে এসে বলতে লাগলেন, গো ব্রাহমণ এবং লোকমান্য মহাম্মাদের মণ্গল হ'ক, ষ্বন্ধে রাম নিশাচরদের বধ কর্ন।

থর আশ্রমের নিকটে এলে রাম লক্ষ্মণতে বললেন, ওই দে আকালে গর্দভবর্ণ মেঘ গর্জন করছে এবং ব্রুধিরধারা বর্ষণ হচ্ছে। আমার সমসত শর থেকে ধ্ম নিগত হচ্ছে, ধন্ম কম্পিত হচ্ছে, আমার দক্ষিণ বাহ্ম বার বার স্পন্দন করছে। এইসকল লক্ষ্ম থেকে বোঝা যাছে যে আমাদের জয় আর শত্রুর পরাজর আসার। রাক্ষ্মদের গর্জন আর ভেরীধর্নি শোনা যাছে। বংস, ভূমি শীঘ্র ধন্বগণ নিয়ে বৈদেহীর সংগে দ্র্গম গিরিগ্রহায় আশ্রয় নাও, আমার কথার অন্যথা ক'রো না। ভূমি এই রাক্ষ্মদের বধ করতে সমর্থ তাতে আমার সংশয় নেই, কিন্তু আমি স্বয়ং এদের মারতে চাই।

লক্ষ্মণ সীতাকে নিয়ে গিরিগ্রেয় আশ্রম নিলেন। তখন রাম অণ্নতুল্য উল্জ্বাল কবচে লোভিত হয়ে জ্যানির্বোবে চতুর্দিক নাদিত ক'রে ক্রম্থ রুদ্রের ন্যায় দাড়িয়ে রইলেন। নানাপ্রহরণধারী সাগরসম রাক্ষসসৈন্যের সপ্যে থরের রখ রামের অভিমাধে ধাবমান হল। সহস্র

⁽১) কেলদীয় লোহদন্ড বা বৰ্ণা বিৰেব।

⁽२) न्विधाद थए ग विटनव।

শর নিক্ষেপ ক'রে ধর সিংহনাদ করতে লাগল। রাম অস্তাহত হরেও বাখিত হলেন না, সান্ধ্য মেঘে আবৃত দিবাকরের ন্যায় রক্তাক হয়ে নিরশ্তর শরবর্ষণ করতে লাগলেন। ধরের বহু সৈনা রখ সার্থি অন্ব ও গজ বিন্দট হল। অবশিদ্ট রাক্ষসরা বিষম হয়ে ধরের কাছে আশ্রয়ের জন্য গোল, দ্যণ তাদের আন্বাস দিয়ে ফিরিয়ে এনে ক্রুম্ব কৃতান্তের ন্যায় রামের দিকে ধাবমান হ'ল। রাম ভৈরব নাদ ক'রে জ্যোতিম'য় গান্ধর্বাদ্য যোজনা করলেন, তা থেকে বহু সহস্র শর নির্গত হতে লাগল, রাক্ষস-সেনা ছিল্ল ভিল্ল হয়ে গোল।

তখন দ্যণের আদেশে পাঁচ হাজার দুর্ধর্য রাক্ষসসৈন্য অগ্রসর হয়ে রামের অভিমন্থে নানা অস্ত্র নিক্ষেপ করতে লাগল। রাম তাদের উপর শরবর্ষণ করতে লাগলেন এবং ক্ষ্রধার লর ন্বারা দ্যণের বৃহৎ ধন্, চার অন্ব, এবং সার্রধির মদতক ছেদন করে তিন শরে দ্যণের বক্ষ বিশ্ব করলেন। দ্যণ এক ভয়ংকর পরিষ(১) নিয়ে ধাবমান হ'ল, রাম তার দুই বাহ্ম ছেদন করলেন। দ্যণ নিহত হয়ে ভূপতিত হ'ল। তখন মহাকপাল, স্থলাক্ষ ও প্রমাথী নামক তিন রাক্ষস সেনাপতি রামকে আক্রমণ করতে এল, রাম তাদের বধ করে দ্যণের পাঁচ হাজার সৈন্য ধর্সে করলেন।

দ্বেণ প্রভৃতির নিধনসংবাদ শনে ধর আরও স্বাদশ সেনাপতিকে সসৈন্যে পাঠিয়ে দিলে, কিন্তু রামের শরাঘাতে তারাও নিহত হ'ল। রাম পদাতি হয়ে একাকী চতুর্দশ সহস্র রাক্ষস সংহার করলেন, কেবল খর এবং তার এক সেনাপতি তিশিরা অবশিষ্ট রইল।

। हिमित्रा ७ भटता निधन

[সর্গ ২৭-৩০]

থর রামের সম্পে যুস্ধ করতে যাচ্ছে দেখে গ্রিশিরা তাকে বললে, আপনি যাবেন না, আমাকেই পাঠান, অস্ত্র স্পর্শ ক'রে প্রতিজ্ঞা করছি

⁽১) লোহম্খ বা লোহক-টকময় স্দ্গর।

আমি রামকে বধ করব। যদি রাম মরে তবে আপনি হৃষ্টচিত্তে জনস্থানে ফিরবেন, আর যদি আমি মরি তবে আপনি স্বর্গং যুম্থে যাবেন। ধর সম্মত হ'লে গ্রিশিরা উল্জাল রথে চ'ড়ে গ্রিশৃংগ পর্বতের ন্যায় রামের প্রতি ধাবমান হ'ল এবং তাঁর ললাটে তিন শর নিক্ষেপ করলে। রাম বললেন, অহাে, মহাবার রাক্ষসের কিবা বল, আমার ললাটে যেন প্রেপের আঘাত হ'ল। এই ব'লে তিনি চােন্দ শরে তার বক্ষ বিশ্ব করলেন এবং তার চার অন্ব, সারথি ও ধ্রজ বিনন্ট করলেন। গ্রিশিরা রথ থেকে নামলে রাম নিরন্তর শরক্ষেপ করতে লাগলেন। গ্রিশিরা জড়বং দাঁড়িয়ে রইল, তখন রাম তিন শরে তার তিন মন্তক ছেদন করলেন। হতাবিশিন্ট রাক্ষসসৈনা রণে ভাগ দিয়ে দ্র্তবেগে পালিয়ে গেল।

দ্যণ আর বিশিররে মৃত্যুতে ধর বিষয় ও ভীত হল। সে
নারাচ(১) প্রভৃতি বহু শর নিক্ষেপ করে রামকে আক্রমণ করলে।
রামের শরজালে আকাশ মেঘাচ্চমের নারে হল। ধর রামের হত্তথ্ত
ধন্বাণ এবং অংগরে কবচ ছিল্ল করে গর্জন করতে সাগস। রামের
দেহ থেকে কবচ স্থালত হল, তিনি শর্রবিশ্ব এবং অতিশয় ক্রুম্ব হয়ে
অগস্তা-প্রদত্ত বৈষ্ণব ধন্তে শর্রোজনা করলেন এবং খরের রথধ্যজ্ব
কেটে ফেললেন। ধর চার শরে রামের বন্ধ বিশ্ব করলে, তখন রাম
নারাচ অন্তে খরের ধন্বাণ রথ অন্ব ও সার্রথি বিন্দু করে তাকে
শর্বিশ্ব করলেন। থর গদাহস্তে লম্ফ দিয়ে ভূমিতে নামল।

রাম তাকে বললেন, যে নৃশংস পাপী লোককে ক্রেশ দেয় সে

তিলোকের অধীশ্বর হ'লেও রক্ষা পায় না। রাক্ষস, দ'ডকারণাবাসী

তাপসগণকে হত্যা ক'রে তোমার কি লাভ হরেছে? আজু আমি তোমার

ম'ড তালফলের ন্যায় ভূপাতিত করব। খর উত্তর দিলে, তোমার তুলা

নীচ ক্ষতিয়রাই গর্ব করে। আমার অনেক বলবার আছে কিন্তু সময়

নেই, স্বান্ত হ'লে য্দেধর বিদ্যু হবে। আজু তোমাকে বধ ক'রে

⁽১) লোহমর বাল।

চোন্দ হাজার রাক্ষসদের পরিবারবর্গের নর্মজল মৃন্ছিয়ে দেব। এই ব'লে সে রামের প্রতি প্রদীন্ত অশনির ন্যার গদা নিক্ষেপ করলে, রাম তা শরাঘাতে খণ্ড খণ্ড ক'রে ফেললেন।

তথন খর ওন্ঠ দংশন ক'রে এক বৃহৎ শালবৃক্ষ উৎপাটিত করলে এবং রামের প্রতি ধাবমান হ'ল। রাম তা শরাঘাতে কেটে ফেললেন এবং ইন্দ্রপ্রদন্ত ব্রহ্মদণ্ডতৃল্য বালে খরের বক্ষ ভেদ করলেন। দেবগণ প্রপেব্দিট ও দৃন্দ্রভিধননি করতে লাগলেন। অগস্ত্যাদি মানিগণ হ'ল হয়ে বললেন, দশরথাত্মজ্ঞ, এইসকল রাক্ষসদের বধের উন্দেশ্যেই ইন্দ্র শরভণ্গের আশ্রমে এসেছিলেন এবং ঝাষগণ তোমাকে এই দেশে এনেছেন। তুমি আমাদের কামনা প্রণ করেছ।

৯। অকম্পন ও শ্পেশিখার বার্ডা

[সর্গ ৩১—৩৪]

অকম্পন নামে এক রাক্ষস দ্রুতবেগে লম্কার গিয়ে রাবণকে জানালে বৈ ধর এবং জনস্থানবাসী সমস্ত রাক্ষস যুম্ধে নিহত হয়েছে। রাবণ টোধে রস্কাক্ষ্ হয়ে বললেন, কোন্ মরণকামী জনস্থান নদ্ট করেছে? আমার অনিষ্ট করে ইন্দ্র কুবের যম বিষ্ট্র কেউ স্থাধ থাকতে পারে না। অকম্পন কৃতাঞ্চলি হয়ে অভয় প্রার্থনা করলে। রাবণ অভয় দিলে সে বললে, রাম নামে দশরথের এক মহাবল পরে আছে, সে তার দ্রাতা লক্ষ্মণের সপ্রে জনস্থানে এসেছে। রামের বাণ পঞ্চম্থ সর্প হয়ে রাক্ষসদের ভক্ষণ করে, রাক্ষসরা যে দিকে পালায় সেই দিকেই রামকে সম্মুখে দেখে। এই রাম ধর-দ্রণ এবং জনস্থানের সমস্ত রাক্ষসকে বধ করেছে।

রাবণ বললেন, আমি রাম-লক্ষাণকে মারতে যাব। অকম্পন বললে, মহারাজ, আপনি বা দেবাসার কারও এমন শক্তি নেই যে রামকে যামে পরাজিত করেন। আমি তার বধের উপায় বলছি শান্ন। তার সীতা নামে এক ভার্যা আছে, সে স্থীরস্ক, দেবী গন্ধবী অস্পরা কেউ তার তুল্য নয়। আপনি অরণ্যমধ্যে রামকে মোহগ্রস্ত ক'রে সীতাকে হরণ কর্ন। সীতার বিরহে রাম বাঁচবে না। রাবণ উত্তর দিলেন, তাই হবে, আমি কালই কেবল সার্যথির সংখ্যা গিয়ে বৈদেহীকে লক্ষাপ্রীতে নিয়ে আসব।

রাবণ থর (১)- যোজিত উল্জন্ম রখে আরোহণ করে মারীচের আলমে উপস্থিত হলেন। মারীচ তাঁকে পাদা আসন ও দ্র্লেভ ভোজা উপহার দিয়ে জিজ্ঞাসা করলে, রাক্ষসরাজ, সকলের কুশল তো? আপনাকে সহসা আসতে দেখে আমার আশশ্বা হচ্ছে। রাবণ বললেন, বংস, রাম জনস্থানের সমস্ত রাক্ষস এবং তাদের রক্ষকদের যুম্থে বধ করেছে। আমি তার ভার্যাকে অপহরণ করব সেজনা তোমার সাহায্য চাই। মারীচ বললে, যে আপনাকে সীতার কথা বলেছে সে আপনার শত্র, আপনাকে দিয়ে সপের মুখ থেকে দশ্ত উৎপাতিত করতে চার। লঙ্কেশ্বর, আপনি লঙ্কায় ফিরে বান, নিজের পত্নীতেই তুল্ট থাকুন, রামকেও তাঁর পত্নীর সঙ্গে বাস করতে দিন। মারীচের কথা শুনে রাবণ লঙ্কায় ফিরে গেলেন।

চোদ্দ হাজার রাক্ষস এবং খর দ্যা ও চিদিরাকে নিহত দেখে শ্পেণথা উদ্বিশন হয়ে লংকায় রাবণের কাছে গেল। রাবণ সচিবগণে বেন্টিত হয়ে স্বর্ণাসনে উপবিষ্ট ছিলেন। তাঁর বিংশতি ভূজ, দশ মস্তক, বিশাল বক্ষ, শক্ষে দশন, বৃহৎ মুখ। অংগ রাজলক্ষণ বর্তমান, কান্তি বৈদ্যোর ন্যায় শ্যাম, ভূষণ স্বর্ণময়, পরিচ্ছদ স্দৃশ্য। তাঁর দেহে বিষ্কৃচক এবং অন্যান্য অস্তের আঘাতচিক্ষ রয়েছে। তিনি স্বর্ণগণের উৎপীড়ক, ধর্মের উচ্ছেদক এবং যজ্ঞের বিঘাকারী। ভোগবতী প্রীতে গিয়ে বাস্কৃতিকে পরাস্ত করে তিনি তক্ষকের প্রিয়া ভাষাকে হরণ করেছিলেন, কৈলাস পর্বতে ক্রের্কে জয় করে তাঁর প্রপক রথ এনেছিলেন, এবং রহ্মাকে তপস্যায় তৃষ্ট করে এই বর পেয়েছিলেন যে

⁽১) অশ্বতর, mule, কিংবা গর্মত। গ্রীক ইতিহাসকার হিরোডোটস লিখেছেন, পারসারাজ জর্কসিজের ব্যহিনীতে বে ভারতীয় সৈন্যদল ছিল তারা বৃহৎ জ্বাতীয় গর্মভযোজিত রথে বৃশ্ধ করত।

মান্য ভিন্ন দেব-দানব-গশ্ধবাদি তাঁকে বধ করতে পারবে না। তিনি জ্রকর্মা, কর্কশ, নির্দয়, সর্বলোক তাঁকে ভয় করে।

শ্পণিখা সক্রোধে রাবণকে বললে,

প্রমন্তঃ কামভোগেষ্ট্র শৈবরবৃত্তা নির্পৃত্যঃ।
সম্পেলং ভরং ঘোরং বোশ্বরাং নাবব্ধাসে॥ (৩০।২)
সং তু বালস্বভাবশ্চ বৃশ্বিহীনশ্চ রাক্ষ্স।
ভ্রোতবাং তং ন জানীষে কথং রাজা ভবিষ্যাসি॥ (৩০।৮)
অযুক্তারং মন্যে সং প্রাকৃতিঃ সচিবৈর্য্তঃ।
স্বজনং চ যতঃ স্থানং নিহতং নাবব্ধাসে॥
চতুর্দশসহস্রাণি রক্ষ্সাং ভীমকর্মণাম্।
হতান্যেকেন রামেণ খরশ্চ সহদ্যাণঃ॥ (৩০।১১-১২)

— তুমি কামভোগে প্রমন্ত, স্বেচ্ছাচারী, নিরপ্কুণ; তোমার বোঝা উচিত বে ঘোর ভর উপস্থিত হয়েছে, তথাপি তুমি ব্রুছ না। রাক্ষদ, তুমি বালস্বভাব ব্রুখিহীন, বা জ্ঞাতব্য তা জান না, কি করে রাজত্ব করবে? বোধ হয় তোমার চর নেই, তোমার সচিবরাও ম্র্, তাই জান না যে তোমার স্বজন এবং তাদের বাসস্থান ধ্রুসে হয়েছে। রাম একাই চোন্দ হাজার রাক্ষস আর ধর-দ্বেগকে বধ করেছে।

রাবণ রুন্ধ হয়ে জিজ্ঞাসা করলেন, কে রাম? তার পরাক্তম আর রুপ কিপ্রকার? দশ্ভকারণাে কেন এসেছে? তার অস্ত্র কির্প? কে তােমাকে বিরুপ করেছে? শ্রপণিথা বললে, রাম দশরথের প্ত, সে দীর্ঘবাহা, আয়তনেত্র, চীর-অজিন-ধারী, রুপে কন্দর্পসদ্শ। ইন্দ্রধন্তুলা কনকবলয়মন্তিত ধন্ থেকে সে মহাবিষ সর্পের ন্যায় নারাচ নিক্ষেপ করে। সে কথন শর নেয়, কথন মাচন করে, কথন জ্যাকর্ষণ করে, কিছুই দেখা যায় না, কেবল সৈন্য ধর্পে হচ্ছে এই দেখা যায়। সে তিন দশ্ড কালের মধ্যে চোন্দ হাজার রাক্ষ্য এবং খর-দ্যাক্তে বধ করেছে, কেবল স্ত্রীহত্যা-পাপের ভরে আমাকে বিকলাগ্য করে ছেড়ে দিয়েছে। লক্ষ্যণ নামে রামের এক অন্বেক্ত দ্রাতা আছে, সেও পরাজান্ত। রামেব সর্পো তার প্রিয়া পয়ী সাতা আছে, সেও বিশালাক্ষী, প্র্ণচন্দ্রাননা,

স্কেশী এবং তশ্তকাশ্বনবর্ণা। তার নথ রক্তাভ ও উল্লেড। দেবী গান্ধবর্ণী যক্ষী বা কিল্লরী—ভূতলে সীতার সমান কোনও নারী আমি দেখি না। সে ধার ভার্যা হবে, ধাকে আলিক্সন করবে, সে প্রেন্দরের চেয়েও দীর্ঘজীবী হবে। সীতা তোমারই যোগা, তাকে আমি আনতে চেন্টা করেছিলাম তাই লক্ষ্মণ আমাকে বিরূপ করে দিয়েছে। তাকে দেখলেই তুমি মন্মথশরে আহত হবে। ধাদ তাকে চাও তবে এখনই দক্ষিণ পদ অগ্রসর করে ধাতা কর।

১०। बाबन-भागीठ-जरवाम

[本町 04-85]

রাবণ মন্দ্রীদের সংগ্য পরামর্শ ক'রে সাঁর্রাথকে গোপনে রথ প্রস্টুত করতে বললেন। এই রথ স্বর্ণময় ও রক্ষভূষিত, তার বাহন পিশাচবদন থর। রাবণ সম্দ্রতীরে উপস্থিত হলেন। সেখানে পর্বত, স্বচ্ছ জলপ্রণ সরোবর, এবং শাল তাল তমাল কদলী নারিকেল প্রভৃতি নানা বৃক্ষ সমন্বিত অনেক আশ্রম আছে। বহু খবি সেখানে তপস্যা করেন এবং দিব্যাভরণভূষিতা অপসরা ও দেবপদ্বীগণ সেখানে ক্রীড়া করেন। চন্দন, অগ্রের্, স্বর্গথ তক্ষোল(১) ও জাতিফলের(২) বনে এবং মরিচের গ্রেম সেই স্থান স্পোভিত। সম্মুত্রীরে বহু ম্বা শৃষ্ক হচ্ছে, প্রবাল বিকীর্ণ আছে, স্থানে স্থানে স্বর্ণরোপ্তময় পর্বত রয়েছে।

রাবণ যেতে থেতে এক বটবৃক্ষ দেখতে পেলেন। প্রাকালে গর্ড় গজকচ্চপকে নিয়ে তার এক শাখায় বসেছিলেন, কিন্তু শাখা ভেঙে গেল। বৈখানস বালখিলা প্রভৃতি বহু কষি নিদ্দে তপস্যা করছিলেন, তাদের প্রতি দয়াপরবশ হয়ে গর্ড় শাখা নিয়ে উন্ডীন হয়ে গজকচ্প ভক্ষণ করেন। তার পর স্বিগ্ল বলশালী হয়ে তিনি শাখার আঘাতে

বোধ হয় কজেল, কাবাবচিনি জাতীয়।

⁽२) स्नात्रक्तः।

নিষাদদেশ ধর্পে করেন এবং ইন্দ্রভবনের লোহজাল ছিন্ন ক'রে অমৃত হরণ করেন।

সাগর পার হরে রাবণ মারীচের আশ্রমে এলেন। মারীচ তাঁকে
সম্মান ক'রে বললে, রাক্ষসরাজ, এত দীয় আবার কেন এসেছেন?
রাবণ বললেন, বংস, আমি বিপদাপত্র, তুমিই আমার পরম সহার।
তুমি জনম্বান জান, সেখানে আমার হ্রাতা খর-দ্রুণ, ভাগনী
শ্পণিখা, এবং বিশিরা প্রভৃতি চোল্দ হাজার রাক্ষস বাস করত। রাম
তাদের সকলকে বধ করেছে এবং শ্পণিখার নাসাকর্ণ ছেদন করেছে।
আমি রামের পত্নী সীতাকে হরণ করব, তুমি আমার সহার হও। বিজমে
এবং উপায়নির্ণায়ে তোমার তুল্য কেউ নেই, তুমি মহা মায়াবিশারদ। এখন
কি করতে হবে শোন। তুমি রামের আশ্রমে যাও, রজতবিন্দর্নচিতিত
স্বর্ণম্বা হয়ে সীতার সম্মুখে বিচরণ কর। সীতা নিশ্চয় রাম-লক্ষ্মণকে
বলবেন—ওই হরিণকে ধর। রাম-লক্ষ্মণ চ'লে গেলে আমি সীতাকে
অবাধে হরণ করব। পত্নীর বিরহে রাম কৃশ হয়ে যাবে, তখন আমি
সনায়াসে তাকে বধ করব।

রাবণের কথা শানে মারীচ ভয়ার্ত হয়ে শাক্ষম্থে ওণ্ঠ লেহন ক'রে রাবণের দিকে অনিমেষনেত্রে চেয়ে রইল। অবশেষে কৃতাঞ্জলি হয়ে বললে,

স্লভাঃ প্র্যা রাজন্ সততং প্রিয়বাদিনঃ।
অপ্রিস্য চ পথাস্য বস্থা ভোজা চ দ্লভিঃ।
ন ন্নং ব্ধাসে রামং মহাবীর্যগ্রেলায়তম্।
অধ্রচারচপলো মহেন্দ্রবর্গোপমম্॥ (৩৭ ৷২-৩)
কথং ন্ তস্য বৈদেহীং রক্ষিতাং দেবন তেজসা।
ইচ্চসে প্রসভং হতুং প্রভামিব বিবদ্বতঃ॥ (৩৭ ৷১৪)
কিম্দামং ব্যথমিমং কৃষা তে রাক্ষসাধিপ।
দ্রুটেচভুং রুণে তেন তদ্দতম্পজীবিত্য্॥ (৩৭ ৷২১)

নাজা, ধারা সতত প্রিয় কথা বলে এমন লোক অনেক আছে, কিন্তু
অপ্রিয় অথচ হিতকর বাক্যের বস্তা ও প্রোতা দ্বর্লভ। আপনি চপল-

শ্বভাব, চর নিষ্ত্ত করেন না, তাই মহেন্দ্র ও বর্ণের তুলা মহাবল মহাগ্রশালী রামকে জানেন না। বৈদেহী রাম কর্তৃক নিজ তেজে রক্ষিতা, তাঁকে সবলে হরণ করতে আপনি কেন ইচ্ছা করেন? স্বর্ধের প্রভা কি হরণ করা যায়? রাক্ষসাধিপ, এই ব্যর্থ চেন্টা করে আপনার কি লাভ হবে? রাম আপনাকে রণস্থলে দেখলেই আপনার আর্ শেষ হবে।

বিশ্বামিরের সংগে প্রমণকালে অংশবয়ক্ষ রাম কি করে তার নিগ্রহ করেছিলেন সেই প্র ইতিহাস বর্ণনা করে মারীচ বললে, সম্প্রতি বা ঘটেছে শ্ন্ন। একদা আমি ম্গর্পধারী দ্ই রাক্ষসের সংগে দণ্ডকারণ্যে গিরে খবিহত্যা করে তাঁদের রক্তমাংস ভোজন করছিলাম এমন সময় রাম-সীতা-লক্ষ্মণকে দেখতে পেলাম। তখন প্রেঘটনা সমরণ করে আমার প্রতিশোধের ইচ্ছা হ'ল, আমি তীক্ষ্মণ্ণা ম্গর্পে তাঁদের প্রতি ধাবমান হলাম। রাম তিন বাণ নিক্ষেপ করলেন। আমি রামের বিক্রম জানতাম সেজন্য সরে গিয়ে প্রাণ রক্ষা করলাম, কিন্তু অপর দ্ই রাক্ষস বিনন্ট হ'ল। সেই অর্বাধ আমি তপন্বী হয়ে এখানে বাস করিছি। এখন আমি বক্ষে বৃক্ষে চীর-অজিন-ধারী ধন্ধের রামকে পাশহন্ত কৃতান্তের ন্যায় দেখতে পাই, সমন্ত অরণ্য রাম্ময় বোধ হয়, ন্বণেন তাঁকে দেখে চমকে উঠি, রত্ন রথ প্রভৃতি রকারাদ্য নামেও আমার তাস হয়। আমি আপনার হিতাথোঁ হয়ে যা বললাম তা যদি না শোনেন তবে আপনাকে স্বান্ধ্বে মরতে হবে।

মুম্ধ্ যেমন ঔষধ সেবন করে না সেইর্পে রাবণ মারীচের হিতবাকা
শ্নলেন না। কঠোর বাকো বললেন, মারীচ, তুমি দ্ভকুলজাত, উষর
ক্ষেত্রে পতিত বাজের ন্যায় তোমার বাকা নিষ্ফল। যে সামান্য স্হীলোকের
কথায় রাজ্য মাতা পিতা ও স্হৃদ্বর্গকে ছেড়ে বনে যায় সেই রামের
প্রিয়া সীতাকে আমি তোমার সমক্ষেই হরণ করব। এই সংকল্প থেকে
কেউ আমাকে নিব্ত করতে পারবে না। কোনও কর্ম করতে গিয়ে
সংশয়গ্রস্ত হয়ে যদি তোমার পরামর্শ চাইতাম তবে তুমি তোমার মতামত বলতে পারতে। আমার সংক্রিপত কার্মের দোষগাণ তোমাকে জিল্ঞাসা

করি নি, কেবল তোমার সাহাষ্যই চের্মেছি। মারীচ, তোমাকে আমি অর্ধ রাজ্য দিচ্ছি, আমার অভীষ্ট কার্য কর। যদি না কর তবে আজই তোমাকে বধ করব।

মারীচ নির্ভায়ে বললে, কোন্ পাপী আপনাকে এই পরামর্শ দিয়েছে? এর ফলে আপনার পতে রাজ্য অমাত্য সমস্তই বিনন্ধ হবে। স্পেছাচারী রাজ্য যদি কুপথে চলেন তবে সংস্বভাব মন্দ্রনীদের উচিত তাকৈ সর্বপ্রকারে নিব্ত করা। আপনার জন্য আমার মরণ হবে তা আমি ভাবছি না, আপনি সসৈন্যে মরবেন এজনাই আমার শোক হচ্ছে। রামের হাতে মরলে আমি কৃতার্থ হব, কিন্তু তিনি অচিরে আপনাকেও বধ করবেন।

১১। भाषाम्य - भारतीहरू

[সর্গ ৪২-৪৪]

অবশেষে মারটি রাবণের ভয়ে বললে, তবে আমরা বাই চলনে।
রাবণ হুন্ট হরে তাকে আলিখ্যন করে বললেন, এইবারে তুমি আমার
বশে এসে বীরের যোগ্য কথা বলেছ, এখন তোমাকে মারটি বোধ হচ্ছে,
এতকণ খেন অন্য রাক্ষস ছিলে। তুমি আমার সংগ্য এই আকাশগামী
রাষে চল।

রাবণের বিমান বহ, বন পর্বত নদী নগরাদি অতিক্রম ক'রে দশ্ভকারণ্যে রামের আশ্রমের কাছে এল। রথ থেকে নেমে রাবণ মারীচের হাত ধরে বললেন, কদলীতর্বেণ্টিত ওই রামের আশ্রম দেখা যাছে, এখন বেজন্য এসেছি তা দীঘ্র কর। তখন মারীচ এক অভ্তুত ম্গেব রূপ ধরে আশ্রমের সম্মুখে বিচরণ করতে লাগল।—

মণিপ্রবরশ্পাগ্রঃ সিতাসিতম্থাকৃতিঃ।
রক্তপশ্মেশপলম্থ ইন্দ্রনীলোংপলগ্রাঃ।
কিণিদত্যমতগ্রীব ইন্দ্রনীলনিভোদরঃ।
মধ্কনিভপাশ্বশ্চ কল্লকিজনকস্মিতঃ॥

বৈদ্যসিংকাশখ্রস্তন্জ্বঃ স্সংহতঃ। ইন্দায়্ধস্বর্গেন প্রেছনোধর্বং বিরাজ্তিঃ॥ মনোহর্গিনাধ্বর্গে রক্তেনানাবিধৈব্তিঃ। ক্ষণেন রাক্ষ্যো জাতো মৃগঃ প্রমশোভনঃ॥ (৪২।১৬-১৯)

— তার শ্ংগাগ্র উৎকৃত্ব মণির তুলা, মন্থমণ্ডল কোষাও শ্বেত কোথাও কৃষ্ণ, বদন রক্ত পদ্ম ও উৎপলের ন্যায়, কর্ণ ইন্দ্রনীল মণি ও নীলোৎপল তুলা। তার গ্রীবা কিঞিৎ উন্নত, উদর ইন্দ্রনীলবর্ণ, পার্দ্ধে মধ্কে-প্রেপের ন্যায় পদ্মরাগবর্ণ। খ্রে বৈদ্যেতুলা, জংঘা ক্ষীণ ও দ্যু, প্রেছ ইন্দ্রধন্বর্ণ এবং উদ্বিত। তার বর্ণ ক্ষিণ্ধ ও মনোহর, যেন নানাবিধ রঙ্গে ভূষিত। ক্ষণমধ্যে রাক্ষস মারীচ অতি শোভামায় ম্গের রুপে ধারণ করলে।

এই মনোহর মৃগ শত শত রোপ্যবিদ্দৃতে চিত্রিত। সীতাকে প্রলোভিত করবার জন্য সে ঘাস ও পাতা থেতে খেতে কদলীবন থেকে কার্ণরবনে গেল। সে একবার এক দিকে আবার অন্য দিকে যায়, দ্রুতবেগে গিয়ে আবার স্থির হয়, কখনও ক্রীড়া করে, কখনও বসে, কখনও মৃগ্যুথের পিছনে গিয়ে আবার ফিরে আসে। অন্যান্য মৃগ তাকে দেখে কাছে যায় কিন্তু গা শৃথেই পালায়।

সীতা প্ৰপচয়ন কর্রছিলেন এমন সময় সেই রশ্বময় বিচিতাপা মৃগ তাঁর দৃশ্টিপথে পড়ল। তিনি বিশ্বিত হয়ে উৎফল্লেনয়নে সন্দেহে তাকে দেখতে লাগলেন এবং রামকে আইনান করে বললেন, আর্যপত্ত, শীঘুলকানের সপেগ এদিকে এন। রাম-লক্ষাণ সেথানে এসে মৃগটিকে দেখলেন। লক্ষাণ সন্দিশধ হয়ে বললেন, আমার মনে হয় মাহানী মার্নিচই এই মৃগ হয়েছে। যেসব রাজারা মৃগয়া করতে আসেন, এই পাপানা তাঁদের বধ করে। জগতে এমন রশ্ববিচিত্তিত মৃগ থাকতে পারে না, এ যে মায়া তাতে জামার সন্দেহ নেই।

মায়াম্গ দেখে সীতা জ্ঞানহীন হয়েছিলেন। তিনি লক্ষ্যণকৈ বাধা দিয়ে রামকে বললেন, আর্যপিতে, এই স্কুর হরিণ আমার মনেহবণ করছে, তুমি ওকে নিয়ে এস, আমরা ওকে নিয়ে খেলা করব। আমাদের এই আশ্রমে বহাপ্রকার সন্দর মৃগ চমর ভল্লক বানর ও কিলর আছে, কিল্তু এর তুলা কেউ নর। আহা, এর কি র্প, কি শোভা, কি কণ্ঠন্বর! যদি জীবনত ধরে আনতে পার তবে বনবাসের পরে একে রাজধানীতে নিয়ে যাব, অন্তঃপ্রের শোভা হয়ে থাকবে, আমার ন্বশ্রনাণের, ভরতের, তোমার ও আমার বিক্ময় জন্মাবে। যদি জীবনত ধরা না যায় তবে ত্ণাসনের উপর এর ন্বর্ণময় চর্ম বিছিয়ে আমি বসব। নিজের কামনা প্রেণের জন্য এর্প অন্রোধ করা স্তীর পক্ষে অন্তিত, কিন্তু এই হরিণের র্প দেখে আমি বিক্ময়ে মৃশ্র হয়েছি।

রামও হরিণ দেখে বিশ্যিত ইয়েছিলেন। তিনি প্রাতাকে বললেন, লক্ষ্মণ, এই মৃগ পাবার জন্য সীতার অত্যন্ত ইচ্ছা হয়েছে। কুবেরের চৈত্ররথ বনেও এমন প্রাণী নেই, একে দেখলে কে না লক্ষ্ম হয়? এই মৃগের কাণ্ডনচর্মে বৈদেহী আমার সংগ্য বসতে ইচ্ছা করেছেন, অনা কোনও পদার চর্ম বোধ হয় এমন স্কেম্পর্ম হবে না। আর যদি এই মৃগ রাক্ষ্মী মায়া হয় তবে একে বধ করাই আমার কর্তব্য। আমি দীঘ্রই মৃগ নিয়ে ফিরে আসছি, তুমি তক্তক্ষণ সর্ববিষয়ে সতর্ক হয়ে জানকীর সংশ্য আশ্রমে থাক। মহাবল ব্যাশ্বমান জটায়া তোমার সহায় হবেন।

ব্রশ্যর-ম্থিত-যুক্ত থড়গ, তিবিনত (১) ধন্ এবং দ্ই ত্ণার নিয়ে রাম চললেন। তাঁকে দেখে হরিণ ভয়ে অন্তহিত হ'ল, আবার দ্থিপথে এল। সে র্পের প্রভায় বন যেন আলোকিত ক'রে ছ্টতে লাগল, রামও তার পশ্চাতে দ্রতগতিতে চললেন। ক্রমণ সে রামকে আশ্রম থেকে বহুদ্রে নিয়ে গেল। রাম শ্রান্ত ও জুন্ধ হয়ে তাকে মারবার জন্য দ্ট্প্রতিজ্ঞ হলেন এবং বহুমার নিমিত স্থ্রিন্মিত্লা দাঁতি বাণ ধন্তে সন্ধান ও সবলে আকর্ষণ করে মোচন করলেন। জ্বলত সপ্রে ন্যায় সেই বাণ ম্গর্শী মারীচের বক্ষ ভেদ করলে, সে তালব্ক্ষ-প্রমাণ লম্ফ দিয়ে আর্তনাদ করে উঠল। মৃত্যুকালে সে নিজর্প ধরলে এবং রাবণের উপদেশ সমরণ করে লক্ষ্যণকে সরাবার

⁽১) যার দুই প্রান্ত ও মধ্যভাগ অবনত।

উন্দেশ্যে রামের কণ্ঠন্থর অন্করণ করে 'হা সীতা হা লক্ষ্মণ' ব'লে চিংকার ক'রে উঠল। তার ভূল্মণিঠত দেহ দেখে রাম ব্রুলেন যে লক্ষ্মণ যথার্থ আশব্দা করেছিলেন। রাক্ষসের আর্তরের শ্নে সীতা ও লক্ষ্মণের কি অবন্ধা হবে এই ভেবে তিনি শিউরে উঠলেন। তার পর অন্য মৃগ বধ ক'রে মাংস নিয়ে সন্থর আগ্রমের দিকে চললেন।

১২। সীতার মতিভ্রম

[সর্গ ৪৫]

রামকণ্ঠের অন্রত্থ আর্তান্বর শনে সীতা লক্ষ্মণকে বললেন, তুমি গিয়ে দেখ রাঘবের কি হ'ল, আমি তাঁর আর্তান্বর প্পণ্ট শনেলাম। আমার মন প্রাণ ব্যাকুল হয়েছে, তিনি নিশ্চয় রাক্ষসের হাতে প'ড়ে রক্ষা পাবার জন্য ডাকছেন।

রামের আন্তা শ্বরণ করে লক্ষ্মণ যেতে চাইলেন না। সাঁতা ক্ষ্মণ হয়ে বললেন, সোঁমিরি, তুমি তোমার দ্রাতার মিন্তর্পী শাল্ল, সেঞ্জন্য এ অবস্থাতেও তাঁর কাছে বাচ্ছ না। তুমি আমাকে পাবং লেন্ডের তাঁর মৃত্যুকামনা করছ, তোমার দ্রাতৃদ্দেহ নেই। খাঁর অন্যা ভূমি এখানে এসেছ তাঁর প্রাণসংশর হয়েছে, আমার রক্ষার জন্য তেনার এখানে থাকবার কি প্রয়োজন? লক্ষ্মণ তাঁকে সাণ্ডনা দিয়ে বললেন, দেবী, এমন কথা বলা আপনার অন্যচিত। দেব দানব গশ্বর্শ রাক্ষস কেউ রামাকে পরাস্ত করতে পারে না, তিনি সমরে অবধা। আসনি মন শাল্ড কর্ল, আপনার স্বামী শীঘ্রই সেই মৃগ নিয়ে ফিরে আসবেন। খা শ্নেছেন তা রামের স্বর নয়, কোনও দেবতারও নয়, এই আতধির্নি গশ্বর্থ নগর (১) তুলা রাক্ষসী মায়া। রাম আপনাকে আমার তত্ত্বাবধানে রেখে গেছেন. আমি আপনাকে ছেড়ে যেতে পারি না।

⁽১) মরীচিকা বিশেব।

সীতা ক্রম্প হয়ে আরম্ভলোচনে কঠোর বাক্যে বললেন,

অহং তব প্রিয়ং মন্যে রামসা বাসনং মহং।
রামস্য বাসনং দৃষ্ট্রা তেনৈতানি প্রভাষসে।
নৈব চিত্রং সপত্নেষ্ পাপং লক্ষ্যণ যদ্ভবেং।
ছদ্বিধেষ্ নৃশংসেষ্ নিতাং প্রচ্ছলচারিষ্যা
স্দৃষ্টস্থং বনে রাম্মেক্মেকোহন্গছ্সি।
মম হেতোঃ প্রতিছ্লঃ প্রযুদ্ধো ভরতন বা।।
তল্ল সিধাতি সৌমিত্রে তবাপি ভরতসা বা।
কথ্যিন্দ্বির্শ্যামং রামং পন্যনিভেক্ষণম্।
উপসংগ্রিতা ভর্তারং কাম্যেয়ং প্রগ্জনম্।
সমক্ষং তব সৌমিত্র প্রাগংশতাক্ষ্যাসাসংশ্রম্॥ (৪৫।২২-২৬)

— আমার মনে হচ্ছে রামের মহা বিপদ তোমার কামা, তাই এমন কথা বলছ। লক্ষ্মণ, তোমার ন্যায় নির্দয় কপটাচারী জ্ঞাতিগত, যে পাপকার্য করবে তা বিচিত্র নয়। তুমি অতি দুষ্ট, তাই আমার জন্য অথবা ভরতের প্ররোচনায় একাকী প্রচ্ছন্নভাবে (২) রামের সংগ্য বনে এসেছ। সৌমিত্রি, তোমার বা ভরতের অভিপ্রায় সিন্ধ হবে না, ইন্দীবরশ্যাম পশ্মচক্ষ্ম রামকে শতির্পে ভোগ করে কি করে নীচ জনকে কামনা করব? তোমার সমক্ষেই আমি নিশ্চয় প্রাণত্যাগ করব।

লক্ষ্মণ কৃতাঞ্জলি হয়ে বললেন,

উত্তরং নোৎসহে বস্তঃ দৈবতং ভবতী মম।।
বাকামপ্রতির পং তু ন চিত্রং দ্বীষ্ মৈথিলি।
বভাবদেশ্ব নারীণামেষ্ লোকেষ্ দ্বাতে।।
বিম্রেধর্শিচপলাস্তীক্ষা ভেদ্দুরাই ক্রিয়ঃ।
ন সহে হীদৃশং বাকাং বৈদেহি উত্রক্তমাজে।।
ভোল্যোরভ্যোর্থিয়ে তংলাবাচসলিভ্রা।
উপশ্পন্ত মে সবে সাক্ষিণা হি বনেচরঃ॥

⁽২) অভিপ্রায় প্রজন্ম রেখে।

ন্যায়বাদী যথা বাক্যমন্কোহহং পর্ষং দ্য়া।

থিক্ দামদ্য বিনশ্যুক্তীং যন্মামের বিশুক্ষসেয়।

শ্বীদাদন্দ্যকভাবেন গরের্বাক্যে ব্যবস্থিতম্।
গচ্ছামি যা কাকুংস্থঃ স্বস্তি তেহসতু বরাননেয় (৪৫।২৮-৩৩)

— আপনি আমার দেবতার তুলা, আপনার কথার উত্তর দিতে আমার প্রবৃত্তি হচ্ছে না। মৈথিলী, অধােগ্য কথা বলা স্টালােকের পক্ষে বিচিত্র নয়, তাদের স্বভাবই এইপ্রকার দেখা যায়। স্টালাতি ধর্ম-জানশনা, চপল, নির্দয়, তারা আত্মীয়ের মধ্যে ভেদ স্ভি করে। আপনার কঠাের বাক্য আমার সহ্য হচ্ছে না, আমার দৃই কর্ণে বেন তগত লােহবাণ প্রবেশ করছে। বনদেবতারা শন্নন, তারা সাক্ষী, আমার ন্যায়্য কথার উত্তরে আপনি কঠাের বাক্য বলেছেন। রাম আমার স্বের্জন, আমি তার আজ্ঞা পালন করছিলাম, আপনি স্টাস্লভ দৃষ্ট স্বভাবের বশে আমাকেও আশাঞ্চা করেন! ধিক আপনাকে, আপনার সর্বনাশ আসম। কাকুৎপথ বেখানে আছেন সেখানে আমি যাচিছ, আপনার মঞ্চাল হ'ক।

পরিশেষে লক্ষ্মণ বললেন, আমি দ্র্লক্ষণ দেখছি, বনদেবতারা আপনাকে রক্ষা কর্ন, রামের সঙ্গে ফিরে এসে যেন আপনাকে দেখতে পাই।

সীতা সরোদনে বললেন, লক্ষাণ, রামের বিরহে আমি গোদাবরীতে বা উদ্বন্ধনে বা তীক্ষ্য বিষপানে বা অন্নিতে প্রাণত্যাগ করব, কিন্তু অন্য পরেষ দপর্শ করব না। এই ব'লে তিনি শোকাকুল হয়ে উদরে কর্যাত করতে লাগলেন।

লক্ষ্মণ আশ্বাস দেবার চেন্টা করলেন, কিন্তু সীতা উত্তর দিলেন না। তখন কৃতাঞ্চলি হয়ে কিন্তিং(১) প্রণাম করে তাঁর দিকে বার বার দ্'ন্টিপাত করে লক্ষ্মণ চ'লে গেলেন।

⁽১) লক্ষ্যণ রেগেছিলেন সেঞ্চন্য 'কিন্তিং'।

১০। সীতাহরণ

[সর্গ ৪৬--৪৯]

তথন রাবণ পরিব্রাজকের রূপ ধরে সীতার কাছে এলেন, যেন মহাতম স্বৈচন্দ্রীন সন্ধ্যার সন্নিহিত হ'ল। তাঁর পরিধানে স্ক্রা কাষায়
বন্দ্র, মন্তকে শিখা, হন্তে ছত্ত, পদে পাদ্কা, বাম ন্কন্ধে যথি ও
কমন্ডল্ল। তাঁকে দেখে বৃক্ষনকল নিন্পন্দ হ'ল, বায়্পুবাহ রুন্ধ হ'ল,
শীঘ্রশ্রোতা গোদাবরী নদী ভয়ে নিন্তব্ধ হয়ে চলতে লাগল। সীতা
সজ্জনমনে পর্ণশালায়ে ব'সে ছিলেন। তাঁকে দেখে রাবণ মৃণ্ধ হলেন
এবং বেদবাকা উচ্চারণ ক'রে বললেন, হে রৌপাকাণ্ডনবর্ণা, তোমাকে
পান্দ্রনীর ন্যায় দেখছি, তুমি কি হ্রী শ্রী ক্রীতি লক্ষ্মী অংসরা অন্ট্রিসন্ধি,
না নৈবরচারিণী রতি?—

সমাঃ শিখরিণঃ দ্নিংধাঃ পাশ্চুরা দশনাস্ত্র।
বিশালে বিমলে নেতে রস্তান্তে কৃষ্ণতারকে॥
বিশালং জঘনং পানমুর্ করিকরোপমো।
এতাব্পচিতো ব্রো সংহতো সংপ্রগল্ভিতো॥
পানােমতমুখো কান্তো দ্নিংধতালফলােপমো।
মণিপ্রবেকাভরণাে রুচিরো তো প্রোধরােম (৪৬।১৮-২০)
বরং মালাং বরং গন্ধং বরং বন্ধঃ চ শোভনে॥
ভতারং চ বরং মানাে স্বন্ধ্রমাসতেক্ষ্ণে। (৪৬।২৬-২৭)
কাসি কস্য কৃত্নচ স্থং কিং নিমিতাং চ দণ্ডকান্ম
একা চরসি কল্যাণি ঘারান্ রাক্ষসস্যেবিতান্ম (৪৬।৫১-৩১

— তোমার দশনরাজি সমান স্গঠিত চিক্কণ ও শ্রে। নের নির্নিত্য আয়ত, অপাধ্য রক্তাভ, তারকা কৃষ্ণবর্ণ। নিত্যব বিশ্যল ও পথ্ল, উর্বিবর হাস্তিশ্বের ন্যায়। তোমার ওই উচ্চ বর্তুল দৃঢ় ও লোভজনক স্তনব্যল উত্তম মণিময় আভরণে ভূষিত। তাদের মুখ পানোলত, গঠন স্নিশ্ব তালফলের তুলা স্কের। অসিতনয়না, মালা গন্ধ বস্প সবই তোমার অধ্যস্পর্শে শলাঘা হয়েছে, তোমার পতিকেও ধন্য

মনে করি। তুমি কে, করে নারী, কোথা থেকে এসেছ? কল্যাণী, তুমি কিজন্য এই রাক্ষসর্সেবিত থেরে দশ্ডকবনে একাকী রয়েছ?

সাঁতা ব্রাহাণ মনে ক'রে রাবণকে উপেক্ষা করতে পারলেন না, তাঁকে আসন পাদ্য ও ভোজ্য দিয়ে সংবর্ধনা করলেন। তিনি বার বার বনের দিকে চাইতে লাগলেন কিন্তু রাম-লক্ষ্মণকে দেখতে পেলেন না। তখন তিনি রাবণের প্রশ্নের উত্তরে নিজের পরিচয় দিলেন এবং প্রের ঘটনা বিবৃত ক'রে বললেন পিতৃসত্যপালনের জন্য আমার স্বামী অবোধ্যা ত্যাগ ক'রে বনে আসেন, তখন তাঁর বয়স পর্ণচন্দ এবং আমার আঠার বন্দের(১)। লক্ষ্মণ তাঁর বৈমাত দ্রাতা, তিনিও ব্রহ্মচারী হয়ে জোডেঠর অনুসরণ করেছেন। দ্বিজন্মেন্ঠ, আপনি ক্ষণকাল বিশ্রাম কর্মন, আমার স্বামী লীয়ই র্ব্ব(২) গোধা(৩) ব্রাহ প্রভৃতি পদ্ম বধ ক'রে মাংস নিয়ে আসবেন। আপনার নাম গোত ও কুল বল্মন। এই বনে একাকী বিচরণ করছেন কেন?

রাবণ বললেন, সীতা, দেবাস্র ও মান্য যার জন্য সন্তত, আমি সেই রাক্ষসরাজ রাবণ। তোমাকে দেখে আমার নিজ পত্নীদের উপর আর অনুরাগ নেই। আমি বহু দ্ধান থেকে বহু উত্তম দ্বাী সংগ্রহ করেছি, তুমি তাদের সকলের উপরে আমার প্রধানা মহিষী হও। লব্দা নামে আমার মহাপ্রী আছে, তা সাগরে বেল্টিড এবং পর্বতের উপর অবন্ধিত। তুমি সেখানকার কাননে আমার সপো বিচরণ করবে। আমার ভার্যা হ'লে পাঁচ হাজার স্বেশা দাসী তোমার পরিচর্যার নিষ্কু ধাকবে।

সীতা কুপিত হয়ে উত্তর দিলেন, যিনি মহাগিরির ন্যায় স্থির, মহাসমুদ্রের ন্যায় গশ্ভীর, সেই মহেন্দ্রসদৃশ রামের আমি পতিরতা

⁽১) সীতার এই উল্লিয় সংশ্যে অধ্যোধাকাণেডর সংভ্যা পরিছেদে কৌশলা। কবিত রামের বরস মেলে না। অরশাকাণেডর ভৃতীর পরিছেদে আছে—দ-ভকারণো দশবংসর অতিবাহিত হরেছে। তদন্সারে এখন রামের বরস ৩৫, সীতার ২৮। রাম-সীতার বরস সম্বশ্ধে নানা মত আছে।

⁽২) হরিণ বিলেব। (৩) লোসাপ।

পত্নী। তুমি শ্গাল হয়ে সিংহীকে কামনা করছ। রাক্ষস, তুমি ক্ষিত সিংহ ও সপেরি মৃখ থেকে দল্ত উৎপাটন করতে ইচ্ছা করেছ, স্চী শ্বারা চক্ষ্মার্জন এবং জিহ্না শ্বারা ক্ষ্র লেহন করতে চাচ্ছ। মাক্ষকা ঘৃত ভোজন করলে ঘৃত জীর্ণ হয় না, মাক্ষকাই মরে; রাম বিদামানে আমাকে হরণ করলে তোমার সেই দশা হবে। এই কথা বলে সীতা বায়ুতাভিত কদলী তরুর ন্যায় কিম্পত হতে লাগলেন।

রাবণ দ্র্কুটি করে বললেন, আমি কুবেরের বৈমাত দ্রাতা মহা-প্রতাপশালী রাবণ। লোকে আমাকে মৃত্যুর তুল্য ভয় করে। আমি কুবেরের আকাশগামী প্রশেকরথ সবলে হরণ করেছি, আমার রুট মৃথ দেখলে ইন্দ্রাদি সকল দেবতা ভয়ে পলায়ন করেন। রাজাদ্রন্ট নির্বোধ তপন্বী রামকে নিয়ে তুমি কি করেব, আমার সংগ্য লংকায় চল। আমাকে প্রত্যাখ্যান করলে তোমাকে অনুতাপ করতে হবে।

সীতা বললেন, সকল দেবতার প্জা কুবেরের দ্রাতা হয়ে তুমি তাঁর অপকার করেছ। তুমি নিষ্ঠ্র দ্বৃত্থি ইন্দ্রাসম্ভ। যাদের তুমি রাজ্য সেই সমস্ত রাক্ষস বিনষ্ট হবে, রামের ভার্যাকে হরণ করলে তুমি নিস্তার পাবে না।

তখন রাবণ ক্রাধে হলত নিম্পীড়ন করে নিজ ম্তি ধারণ করলেন।
তার বিরাট দেহ, দশ মুখ, বিংশতি ভূজ, নীল মেঘের ন্যায় বর্ণ,
পরিধানে রক্তবাস, অংগ স্বর্ণালংকার। তিনি সীতাকে বললেন, যদি
তিলোকবিখ্যতে ভর্তা চাও তো আমাকে ভজনা কর। মুঢ়া পশ্ডিতমানিনী(১), তুমি কোন্ গ্রেণে অল্পায়্ রামের প্রতি অন্রক্ত? এই
ব'লে রাবণ বাম হল্তে সীতার কেশ এবং দক্ষিণ হল্তে উর্ন্থ্য
ধরলেন। বনদেবতারা ভয়ে পলায়ন করলেন। রাবণের মায়াময় দিবারথ সেখানে উপস্থিত হ'ল, সীতাকে ক্রোড়ে নিয়ে কঠোর স্বরে তর্জন
ক'রে রাবণ রথে উঠলেন। মুক্তি পাবার জন্য সীতা ছটফট করতে
লাগলেন, রথ আকাশে উঠল।

⁽১) বে নিজেকে ব্নিষয়তী মনে করে।

সীতা উদ্মন্তের ন্যায় উদ্প্রান্ত হয়ে বিলাপ করতে লাগলেন — হা মহাবাহ্ব লক্ষ্মণ, রাক্ষস আমাকে নিয়ে যাচ্ছে তুমি জানতে পারছ না। হা রাম, তুমি ধর্মের জন্য সমস্ত ত্যাগ করেছ, অধর্ম স্বর্ম রাবণ আমাকে হরণ করছে তুমি দেখছ না। বীর, তুমি দ্বর্তিদের শাসক, তবে রাবণকে শাস্তি দিছে না কেন? হে জনস্থানের প্রতিপত কর্ণিকার তর্ম, তোমাদের ডাকছি, গোদাবরী নদী, ব্ক্ষম্প বনদেবতাগণ, তোমাদের নমস্কার করছি, এখানে যত মৃগ পক্ষী আছে সকলের শরণ নিছি — শীঘ্র রামকে জানাও, রাবণ তাঁর প্রাণাধিকা সীতাকে হরণ করছে।

এমন সময় সীতা এক বৃক্ষের উপর জ্ঞায়কে দেখতে পেলেন। সীতা বললেন, আর্য জ্ঞায়, দেখন এই পাপাত্মা রাবণ আমাকে অনাথার ন্যায় হরণ করছে। এই অস্তথারী রাক্ষসকে নিবারণ করা আপনার সাধ্য নয়, আপনি রাম-লক্ষ্মণকে জ্ঞানান।

১৪। खडोग्रद्ध পदास्य

[**मर्ग 60-65**]

জটায় নিদ্রিত ছিলেন, সীতার কথা শানে জেগে উঠলেন। তিনি রাবণকে বললেন, দ্রাতা দশানন, তোমার এই নিন্দিত কর্ম করা উচিত নয়। রাম সকলের রাজা, সকলের হিতকামী, এই সীতা তাঁর ভার্যা। নিজ পত্নীর নাায় অন্যের স্থাকেও, বিশেষত রাজপত্নীকে, ধর্ষণ থেকে রক্ষা করা উচিত। ধর্মাথা রাম তোমার রাজাের কোনও অনিন্দু করেন নি, তবে তুমি কেন তাঁর শত্রতা করছ? শ্রপণিথার জন্য থর অন্যায় আচরণ করেছিল, সেই কারণেই রাম তাকে বধ করেছেন, এতে তাঁর দােষ কি? শীঘ্র সীতাকে ছেড়ে দাও, নয়তাে রামের কোপে দশ্ধ হবে। সেই ভারই বহনীয় যা অবসল্ল করে না, সেই অলই ভোজনীয় যা জীর্ণ হয়। যাতে ধর্ম কীর্তি যশ কিছুই নেই, কেবল শ্রীরের ক্লেশ, এমন কর্ম কেন করছ? রাবণ, আমি গা্ধরাজ জটায়া, ষাট হাজার বংসরের

বৃন্ধ, আর তুমি রখার্চ বর্মধারী সশস্য যুবা। তথাপি আমি জীবিত থাকতে সীতাকে হরণ করতে দেব না, যথাসাধ্য যুগ্ধ করব।

রাবণ ক্র্ম হয়ে জটায়্র প্রতি ধাবমান হলেন। দ্রুলনে ঘার বৃদ্ধ হ'তে লাগল। রাবণ নানাপ্রকার বাণ বর্ষণ করতে লাগলেন, জটায়্ সেই অস্টাঘাত সহা ক'রে নথ ও চরণের আঘাতে রাবণকে জর্জর করলেন। রাবণ মৃত্যুদণ্ড তুল্য ভীষণ দশটি শর নিক্ষেপ করলেন। জটায়্ তা অগ্রাহ্য ক'রে রথস্থা সজলনয়না সীতার দিকে চেয়ে রাবণের প্রতি ধাবমান হলেন এবং পদাঘাতে তার ধন্বাণ ভেঙে ফেললেন। রাবণ অন্য ধন্বাণ নিয়ে বৃদ্ধ করতে লাগলেন, জটায়্ চরণ ও চণ্ট্র আঘাতে বাহন সমেত রথ চ্ণ করলেন। সীতাকে জায়্ রাবণের প্রতি পাতত হয়ে তার দশ বাম হস্ত বিচ্ছিল্ল করলেন। কটায়্ রাবণের প্রেঠ পাতত হয়ে তার দশ বাম হস্ত বিচ্ছিল্ল করলেন। বন্দীক থেকে যেমন স্পানিগতি হয়, রাবণের বাম স্কম্ম থেকে সেইর্প দশ হস্ত প্রনির্ণিত হলে। তথন সীতাকে নামিয়ে রাবণ থকাঘাতে জটায়্র পক্ষ চরণ ও পার্শবিদ্ধ ছিল্ল করলেন, গ্রহ্বাঞ্জ মৃতপ্রায় হয়ে ভূপতিত হলেন।

১৫। রাবদের হল্ডে সীতা

জ্ঞানকৈ ভূপতিত দেখে সীতা বিলাপ করতে লাগলেন—আমার জন্য ম্গপক্ষিগণ নানা দিকে ধাবিত হয়ে অশ্বভ স্চনা করছে কিন্তু রাম তা জানতে পারছেন না। যে বিহণ্গরাজ কৃপা ক'রে আমাকে রক্ষা করতে এসেছিলেন তিনিও ভাগ্যদোষে নিহত হলেন। হা রাম, হা লক্ষ্মণ, আমাকে ত্যাণ কর।

তাঁকে ধরবার জন্য রাবণ আবার আসছেন দেখে সীতা একটি বৃক্ষকে লতার ন্যায় জড়িয়ে রইলেন। রাবণ সবলে তাঁর কেশ গ্রহণ করে আকাশে উত্থিত হলেন। তথন চরাচর জগতে বিপর্যায় দেখা গোল। চতুর্দিক তমসাচ্ছন্ন, বায় স্তব্ধ ও স্থিনিত্প্রভ হ'ল। পিতামহ বহা দিবানেতে সীতার নিগ্রহ দেখে বললেন, এইবার আমরা কৃতকার্য হব। দ'ডকারণ্যবাসী মহর্ষিগণ রাবণবধের স্চনায় তৃষ্ট হলেন, আবার সীতার অবস্থা দেখে ব্যথিতও হলেন।

ত'তকান্তনবর্ণা পীতকোষেয়বসনা সীতাকে রাবণ আকাশপথে নিয়ে যাছেন, বোধ হ'ল যেন অণ্নদশিত পর্বত, সন্ধ্যারাগরাঞ্জত মেঘ, কান্তনকান্তীভূষিত নীল হস্তী। সীতা নিরন্তর রোদন করতে লাগলেন, তাঁর অংগ থেকে মণিময় ন্পার রক্ষহার প্রভৃতি অলংকার স্থালত হয়ে ভূপতিত হ'ল। বৃক্ষসকল শাখা-পল্লব কম্পিত করে পক্ষীর কলরবছলে তাঁকে যেন অভয় দিলে। সরোবরের পদ্ম ও মংস্যকুল চন্তনহয়ে স্থাতুল্য সীতার জন্য যেন শোক প্রকাশ করতে লাগল। চতুদিক থেকে সিংহ ব্যাঘ্র পক্ষী এসে সীতার ছায়ার পশ্চাতে ধাবমান হ'ল। বনদেবতাগণ ভয়ার্তনয়নে বার বার দেখে কাপতে লাগলেন।

সীতা ভীত ও উদ্বিশ্ন হয়ে সরোদনে রাবণকে বললেন, তুমি
নীচপ্রকৃতি ভীর্, আমাকে একলা পেয়ে অপহরণ করে পালাছ তাতে
তোমার লজ্জা নেই। মায়াম্গ র্পে আমার পতিকে সরিয়েছ, আমার
শবশ্রের সথা বৃশ্ধ জটায়ুকেও বধ করেছ। রাক্ষসাধম, তুমি মহাবীর,
তাই আমাকে যুদ্ধে জয় না করেই হরণ করেছ! ধিক তোমার শোর্ম
বীর্য যার তুমি গৌরব করছিলে। যদি নিজের মধ্যল চাও তো আমাকে
মুক্ত কর, নয়তো রাম-লক্ষ্মণ তোমাকে বধ করকেন। যিনি একাকী
চতুদ্শি সহস্র রাক্ষ্ম নিমেষের মধ্যে সংহার করেছেন সেই দ্র্যান্তবিশারদ
রামের তীক্ষ্ম শর থেকে তোমার নিস্তার নেই।

জনশ্ন্য স্বন্যপ্রদেশের মধ্য দিয়ে যেতে যেতে সীতা একটি পর্বতশ্ভেগ পাঁচটি বানর দেখতে পেলেন। তারা রামকে সংবাদ দেবে এই আশায় তিনি তাঁর কনকবর্ণ উত্তরীয় ও আভরণসকল ফেলে দিলেন, রাবণ তা জানতে পারলেন না। পিশ্যালনয়ন বানরগণ রোর্দ্যমানা সীতাকে অনিমেষনয়নে দেখতে লাগল।

আকাশপথে মহাবেগে অনেক বন পর্বত নদী সরোবর অতিক্রম ক'রে রাবণ সম্দুতীরে এলেন এবং পার হয়ে লঙ্কাপ্রীতে প্রবেশ করলেন। তিনি দীতাকে অন্তঃপরে রেখে ঘোরদর্শনা রাক্ষ্যীদের আজ্ঞা দিলেন, আমার আদেশ বিনা কোনও স্থানিপরেষ সীতাকে ধেন না দেখে। ইনি মণিমরে বাবসনভূষণ বা চাইবেন দেবে, অজ্ঞাতসারে বা জ্ঞাতসারে যে একে অপ্রিয় বাকা বলবে তাকে আমি বধ করব। তার পর রাবণ আট জন মহাবল রাক্ষ্যকে বললেন, তোমরা সম্পর্য হয়ে জনস্থানে গিয়ে বাস করবে এবং রাম কি করছে সেই সংবাদ আমাকে জানাবে। রাবণের আজ্ঞা পেয়ে রাক্ষ্যরা গোপনে জনস্থানে চলে গেল।

তার পর রাবণ অন্তঃপর্রে গিয়ে দেখলেন, কুক্করীবেন্টিতা য্থদ্রও। হরিণীর ন্যায় সীতা রাক্ষসীলের মধ্যে রয়েছেন। রাবণ তাঁকে নিজের ঐশ্বর্য দেখাতে লাগলেন। তাঁর প্রাসাদে সহস্র স্থাী এবং নানা মৃগ-পক্ষী বাস করে। তার সতম্ভসকল গজদন্ত স্বর্ণ স্ফটিক রোপ্য হীরক ও বৈদ্যে নিমিতি, গৰাক্ষ স্বৰেগের জালে আচ্ছাদিত। দ্বন্ধ্যিতনাদিত স্বৰ্ণময় সোপান দিয়ে রাবণ সীতাকে প্রাসাদে নিয়ে এলেন এবং **প্রলোভনের** জন্য বললেন, সীতা, আমি বালক-বৃ**ন্ধ ব্যতীত ব**িচ্ছ কোটি রাক্ষসের প্রভু। তুমি আমার প্রাগাপেকা প্রিয়, আমার রাজ্য ও **জীবন তোমারই।** এই শতযোজন পরিমিত লঞ্চা সমুদ্রে বেণ্টিত, সুর বা অস্র কেউ একে জয় করতে পারে না। রাজ্যদ্রত্ট দীন পাদচারী অম্পায়, রামকে নিয়ে তুমি কি করবে, আমিই তোমার যোগ্য ভর্তা। বৈবিন অনিত্যা, তুমি আমার সণেগ স্থভোগ কর, রামকে দেখবার আশা **ছাড়, সৈ মনে** মনেও এখানে আসতে পারবে না। তুমি এই বিশাল **ল•কারাজ্য পালন** কর, আমি তোমার আজ্ঞাবহ হয়ে থাকব। সমুস্ত রাক্ষস ও দেবগণ তোমার সেবক হবে। তুমি পূর্বে যে পাপ করেছিলে তা বনবাসে ক্ষয় হয়ে গেছে, যা প্ণ্য করেছিলে এখন তার ফল ভোগ কর।

সীতা বন্দের অশ্বলে মুখ ঢেকে অগ্রন্পাত করতে লাগলেন। রাবণ বললেন, সীতা, আর লম্জার প্রয়োজন কি, আমাদের দ্জনের মিলন ধর্মবিহিত। তোমার চরণে মুস্তক রাথছি, আমি তোমার দাস, প্রসার হও। রাবণ আর নিজের মধ্যে একটি তৃণ রেখে সীতা নির্ভয়ে বললেন, তুমি দেবাস্বরের অবধ্য হ'লেও রামের শান্তা ক'রে রক্ষা পাবে না। আমি ধর্মাত্মা রামের পতিব্রতা ধর্মপত্নী, তুমি পাপী, আমাকে স্পর্শ করতে পারবে না। রাক্ষস, আমার সংজ্ঞাহীন দেহকে তুমি বন্ধন বা বধ কর, আমি আমার দেহ-প্রাণ রক্ষার চেন্টা করব না, অসতীত্বের অপবাদও হ'তে দেব না।

ভয় দেখাবার জন্য রাবণ বললেন, শোন মৈথিলা, যদি দ্বাদশ মাদের
মধ্যে তুমি আমার অনুগত না হও তবে আমার প্রাতরাশের জন্য পাচকেরা
তোমাকে খণ্ড খণ্ড করবে। তার পর তিনি ঘোরদর্শনা রাক্ষসীদের
বললেন, তোমরা শীঘ্র এর দর্প চূর্ণ কর। রাক্ষসীরা কৃতাঞ্জলি হয়ে
সীতাকে বেন্টন করলে। তখন পাদক্ষেপে মেদিনী যেন বিদীর্ণ করে
রাবণ আজ্ঞা দিলেন, তোমরা সীতাকে গোপনে রক্ষা কর, কখনও তর্জন
করে কখনও সান্থনা দিয়ে বন্য করিগীর ন্যায় একে বলে আনবার
চেন্টা কর।

১৬। সীতা-অন্বেশ্বৰ — রামের বিলাপ

[সর্গ ৫৭—৬৩]

ম্গর্পী মারীচকে বধ করে রাম আশ্রমের দিকে চললেন। অশ্ভ-স্চক শৃগালরব শ্নে তিনি শব্দিত হয়ে ভাবলেন, নিশ্চয় কোনও বিপদ্ ঘটেছে, রাক্ষসরা কি সীতাকে ভক্ষণ করলে? মারীচ আমার স্বর অন্করণ করে চিংকার করেছিল, তা শ্নে লক্ষ্মণ হয়তো সীতাকে ছেড়ে এখানে আসবেন, কিংবা সীতাই তাঁকে পাঠাবেন। জনস্থানের যুদ্ধের পর থেকে রাক্ষসদের সংগ্র আমার শত্মতা হয়েছে। জ্ঞানি না সীতা নিরাপদে আছেন কিনা।

ম্গপক্ষিগণ রামের বাম দিকে ঘোর রবে ডাকতে লাগল। রাম দেখলেন বিষম হয়ে লক্ষ্মণ আসেছেন। রাম তাঁর বাঁ হাত ধারে মিষ্ট ভর্ণসনা কারে বললেন, লক্ষ্মণ, রাক্ষসসমাকৃল বিজন বনে সীতাকে একলা রেখে তোমার চালৈ আসা গহিত হয়েছে। আমি চারিদিকে দ্রাক্ষণ দেশছি, আমার বাম চক্ষ্ম প্রশিষত হচ্ছে, নিশ্চর সীতা নেই, তিনি অপহাতা হয়েছেন বা মরেছেন বা পথে পথে ভ্রমণ করছেন।—

কচ্চিন্দ্রীবৃতি বৈদেহী প্রাণ্ডৈ প্রিয়তরা মম।
কচ্চিৎ প্রজনং বীর ন মে মিথ্যা ভবিষাতি॥ (৫৮।৬)
বিদ মামাশ্রমগতং বৈদেহী নাভিভাষতে।
প্রেঃ প্রহাসতা সীতা বিনশিষ্যামি লক্ষ্মণ॥
রুহি লক্ষ্মণ বৈদেহী বদি জীবতি বা ন বা।
ছির্মি প্রমন্তে রক্ষোভিভক্ষিতা বা তপ্যিবনী॥ (৫৮।১০-১১)

— আমার প্রাণাপেক্ষা প্রিয়তরা বৈদেহী কি জীবিত আছেন? আমার বনবাস কি মিথ্যা হবে? লক্ষ্মণ, আমি আশ্রমে গেলে সীতা যদি সম্মুখে এসে হাস্যমুখে কথা না বলেন তবে আমি মরব। বল লক্ষ্মণ, সীতা বেচে আছেন কিনা, তোমার অসাবধানতার ফলে রাক্ষ্সরা কি সেই দ্বংখিনীকে খেয়ে ফেলেছে?

লক্ষাণ বললেন, আমি দ্বেচ্ছায় চ'লে আমি নি, আপনার আর্তান্বর শননে ভয় পেয়ে সাঁতা সরোদনে আমাকে বললেন, শাঁঘ্র যাও। আমি তাঁকে আশ্বাস দিয়ে বললাম, রামের ভয়ের কারণ হ'তে পারে এমন রাক্ষস দেখি না, আপনি নিশ্চিন্ত হ'ন, রামকে যুন্থে জয় করতে পারে বিলোকে এমন কেউ নেই। বৈদেহী মোহগ্রন্ত হয়ে আমাকে এই দার্গ বাক্য বললেন— দ্রাতা বিনন্ত হ'লে আমাকে পাবে, এই তোমার দৃষ্ট অভিপ্রায়: তুমি নিশ্চয় ভরতের সংকেতে রামের সংগ্য এসেছ, তুমি প্রচ্ছয় শার্, শেজনা রামের আর্তারব শননেও যাচ্ছ না। সীতার এই ক্যায় আমার অত্যন্ত জ্বোধ হ'ল, আমি আশ্রম থেকে চ'লে এলাম।

রাম দৃঃথিত হয়ে বললেন, সৌম্য, যথন তুমি জান যে আমি রাক্ষসদের পরাভূত করতে পারি, তখন সীতার ক্লোধবাক্য শ্নেও তোমার চ'লে আসা উচিত হয় নি। ক্লুখা নারীর পর্য বাক্য শ্নে তুমি আমার আদেশ লখ্যন করেছ এজন্য আমি অসম্ভুক্ত হয়েছি।

এইর্পে কথা বলতে বলতে তাঁরা দ্রতপদে আশ্রমে এসে দেখলেন সীতা নেই। তাঁদের কুটীর হেমন্তকালে পদ্মহীন সরোবরের ন্যার শ্রীহীন, বৃক্ষসকল যেন রোদন করছে, মৃগপক্ষী কাতর, বনদেবতারা যেন আশ্রম ছেড়ে চ'লে গেছেন। শোকে রক্তনেত্র ও উক্ষত্ত হয়ে রাম সর্বত্র অন্বেষণ করতে লাগলেন এবং বিভিন্ন বৃক্ষকে সন্বোধন করে বললেন,

অস্তি কচ্চিত্রয় দৃষ্টা সা কদ্বপ্রিয়া প্রিয়া।
কদ্ব যদি জানীষে শংস সীতাং শৃভাননাম্॥ (৬০।১২)
অশোক শোকাপন্দ শোকোপহতচেতনম্।
তল্লামানং কুর্ ক্ষিপ্রং প্রিয়াসন্দর্শনেন মাম্॥ (৬০।১৭)
অহো দং কণিকারাদা প্রিপতঃ শোভসে ভূলম্।
কণিকারপ্রয়ং সাধনীং শংস দৃষ্টা যদি প্রিয়া॥ (৬০।২০)

— কদন্ব, আমার প্রিয়া তোমাকে ভালবাসেন, তাঁকে দেখেছ? সন্ম্বী সীতা কোথায় যদি জান তো বল। অশোক, আমি শোকে চেতনাহীন হয়েছি, তুমি আমার শোক দ্র কর, প্রিয়াকে দেখিয়ে শীঘ্র আমাকে অশোক কর। কণিকার, তুমি আজ পর্নিপত হয়ে অতিশয় শোভিত হয়েছ, তুমি আমার প্রিয়ার প্রিয়, সেই সাধনীকে যদি দেখে থাক তো্বল।

রাম এইপ্রকারে মূগ হস্তী ব্যাঘ্র প্রভৃতি পশ্কেও প্রশ্ন করতে লাগলেন। সীতাকে দেখতে পেয়েছেন মনে করে তিনি উদ্দ্রাস্ত হয়ে বললেন,

> কিং ধাবসি প্রিয়ে ন্নং দৃষ্টাসি ক্মলেকণে। বৃক্টেরাচ্ছাদ্য চাত্মানং কিং মাং ন প্রতিভাষসে॥ তিষ্ঠ তিষ্ঠ বরারোহে ন তেহদিত কর্ণা ময়ি। নাত্যর্থং হাস্যশীলাসি কিমর্থং মাম্পেক্ষসে॥ (৬০ ।২৬-২৭)

— কমলনয়না প্রিয়া, কেন দৌড়ে যাচ্ছ, আমি যে তোমাকে দেখেছি, গাছের আড়ালে থেকে কেন আমার কথার উত্তর দিচ্ছ না? বরারোহা, থাম, থাম, আমার উপর তোমার কর্না নেই, তুমি তো অত্যন্ত পরিহাস-প্রিয়া নও, তবে কেন আমাকে উপেক্ষা করছ?

বন পর্বত নদী প্রস্রবণ প্রভৃতি নানা স্থানে রাম বেগে শ্রমণ ক'রে সীতাকে ধ'্রজতে লাগলেন। লক্ষ্মণকে বললেন, সীতার বিরহে আমি বাঁচব না, পিতা আমাকে পরক্যাকে দেখে ধিক্কার দিয়ে বলবেন — তুমি আমার প্রতিষ্কা পালনের ভার নির্দ্ধেছিলে, তবে বনবাসের কাল পূর্ণ না হ'তেই এখানে এলে কেন? শোকমণন রামকে সান্থনা দিয়ে লক্ষ্মণ বললেন, আপনি বিষাদগ্রন্ত হবেন না, আসন্ন দ্বজনে অন্সন্ধান করি। মৈথিলী বনে বিচরণ করতে ভালবাসেন, হয়তো তিনি বনে বা কমলভূষিত সরোবরে বা মংস্যবহৃদ্ধ নদীর নিকট গেছেন, কিংবা আমাদের ভয় দেখাবার জন্য ল্কিয়ে আছেন।

দশ্ভকারণ্যের বহা স্থানে ভ্রমণ ক'রেও সীতাকে পাওয়া গেল না।

সক্ষাণ নানা প্রকারে প্রবাধ দিন্তে লাগলেন, কিন্তু রাম শান্ত হলেন না।

বললেন, বোধ হয় প্থিবীতে আমার নায়য় পাপী আর কেউ নেই, তাই

শোকের পর শোক আমার হ্দয় মন বিদীর্গ করছে। আমার রাজ্যনাশ

শবজনবিচ্ছেদ মাত্বিরহ ও পিতৃবিয়োগ হয়েছে। বনে এসে শান্তি

পেরোছলাম, কিন্তু সীতার বিরহে সমস্ত দ্বয়খ অশ্নিতে কাষ্ঠ্যোগের

নায় প্রদীপত হয়ে উঠেছে। রাক্ষসরা যখন সীতাকে হরণ করে তখন

তিনি ভয়ে কতই কেশিছেন। হয়তো তাঁর হারভ্বিত গ্রীবা ছিয় ক'রে

রাক্ষসরা র্থের পান করছে। হয়তো তাঁর হারভ্বিত গ্রীবা ছিয় ক'রে

রাক্ষসরা র্থের পান করছে। হয়তো তিনি গোদাবরীতে গেছেন, অথবা

পদ্ম আনতে কোনও সরোবরে গেছেন, এস আমরা খ্রেজ দেখি। না,

তিনি অতি ভারা, একাকী বনে যাকেন না। হে আদিতা, তুমি লোকের

সমস্ত কার্য জনে, তুমি সত্যাসত্যের সাক্ষী, আমার প্রথা কোথায় গেছেন,

অথবা কে তাঁকে হরণ করেছে বল। বায়, তুমি বল, তিনি মৃতা না

অপহতো অথবা তাঁকে পথে কোথাও দেখেছ।

১৭। রামের জোধ

[সর্গ ৬৪—৬৬]

রাম গোদাবরী নদীর কাছে গিয়ে জিজ্ঞাসা করলেন, সীতা কোথায়? প্রাণিগণ অন্থোধ করতে লাগল, কিন্তু রাবণের ভয়ে নদী উত্তর দিলে না। বাম হতাশ হয়ে বললেন, জক্ষাণ, আমি সীতাকে হারিয়ে রাজা জনক এবং আমার মাতাকে কি ক'রে অপ্রিয় সংবাদ দেব? এখন মন্দাকিনী নদী, জনস্থান এবং এই প্রস্লবর্গারি সর্বত্তই অন্সন্ধান করব। ওই হরিণরা বার বার আমাকে দেখছে, যেন কিছু বলতে চাচ্ছে।

রাম বাৎপাক্লকণ্ঠে জিপ্তাসা করলেন, কোথার সীতা? হরিণরা সহসা উত্থিত হয়ে দক্ষিণ আকাশের দিকে চাইতে লাগল এবং সীতা যে পথে অপহ্তা হয়েছিলেন সেই দিকে স'রে গেল। লক্ষ্মণ তাদের ইণিগত ব্যথে রামকে বললেন, চল্মন আমরা দক্ষিণ দিকে ধাই। কিছ্ম দ্রে গিয়ে তাঁরা ভূমিতে নিপতিত পর্ভপ দেখতে পেলেন। রাম বললেন, আমি এইসকল পর্ভপ বৈদেহীকে দিয়েছিলাম, তিনি এগ্রাল কবরীতে পরেছিলেন।

রাম আকুল হয়ে প্রস্রবণ-গিরিকে বললেন, পর্বতপতি, তুমি এক সর্বাণগস্করী রমণীকে এই বনে দেখেছ? আমি তাঁকে হারিরেছি। সেই হেমবর্ণা সাঁতাকে দেখাও, নয়তো তোমার সাঁধ ধ্বংস করব। এই নদাঁও যাদ সাঁতার সংবাদ না বলে তবে একেও শৃক্ষ করে ফেলব। এমন সময় রাম ভূমিতে রাক্ষসের ও সাঁতার পদচিহ্ন দেখতে পেলেন। তার নিকটে ভান ধন্, ত্ণীর এবং বহু খণ্ডে বিক্ষিণ্ড রথও পড়ে আছে। রাম বললেন, এই দেখ লক্ষ্মণ, সাঁতার অলংকার ও বিবিধ মালা বিকীর্ণ রয়েছে, ধরণীতল শোণিতবিন্দ্রতে আবৃত, বোধ হয় রাক্ষসরা ভাকে খণ্ড খণ্ড করে থেয়েছে। দ্কুন রাক্ষস তাঁর জন্য ঘোর যুখ্ধ করেছে, এই দেখ রঙ্গুচিত মহাধন্, কাগ্যনময় বর্মা, শতশলাকাময় ছত্র ভেঙে পড়ে রয়েছে। এই অংনতুলা দ্বিতমান ধ্বল্ধ, যুখ্বরথ, এইসকল ম্বর্ণকবচাব্ত পিশাচবদন নিহত খর, ঘোরদর্শন বাণসমূহ, নিহত সার্থি— এই সমন্ত কার, রাক্ষস না দেবতার? দৃহ্ণিনী সাঁতা এই মহাবনে অপহৃত বা নিহত বা ভক্ষিত হয়েছেন, ধর্মা ভাকে রক্ষা করলেন না, কেউ আমার সহায় হলেন না।—

কর্তারমপি লোকানাং শ্রং কর্ণবেদিনম্। অজ্ঞানাদবমন্যেরন্ সর্বভূতানি লক্ষ্যাণ॥ মৃদ্ধ লোকহিতে ব্রুং পাতং কর্ণবেদিনম্।
নিবার্থ ইতি মন্দেত ন্নং মাং তিদশেকরাঃ॥
মাং প্রাপ্ত হি গ্রেণা দোষঃ সংবৃত্তঃ পশ্য লক্ষ্যুণ।
অদ্যৈব সর্বভূতানাং রক্ষসামভবায় চ॥
সংহৃত্ত্যব শশিজ্যোৎস্নাং মহান্ সূর্ব ইবোদিতঃ।
সংহৃত্ত্যব গ্রান্ সর্বান্ মম তেজঃ প্রকাশতে॥ (৬৪।৫৪-৫৭)
বথা জরা বথা মৃত্যুর্যথা কালো যথা বিধিঃ।
নিত্যং ন প্রতিহন্যুক্ত সর্বভূতেষ্ লক্ষ্যুণ।
তথাহং জোধসংখ্রো ন নিবার্থোহস্যুসংশয়ম্॥ (৬৪।৭৫)

— লক্ষ্মণ, বিনি সর্বলোকের কর্তা ও বীর, তিনিও যদি কর্ণশ্বভাব হন তবে অক্ষানবংশ লোকে তাঁকে অবজ্ঞা করতে পারে। আমি মৃদ্দ্বভাব, লোকহিতে রত, সংধতেন্দ্রিয় ও কর্বাশীল, সেজন্য দেবগণ নিশ্চর আমাকে নিবাঁর্য মনে করেন। আমার গ্র্ণই দোষ হরে পড়েছে। দেখ লক্ষ্মণ, প্রলয়ের মহাস্থা যেমন চন্দ্রের জ্যোৎদনা সংহার কারে উদিত হন, সেইর্প সর্বভূতের ও রাক্ষসদের বিনাশের নিমিত্ত আজ আমার তেজ সকল গ্রণ লাক্ত কারে প্রকাশিত হবে। জরা মৃত্যু কাল ও দৈবকে যেমন কেউ কখনও প্রতিহত করতে পারে না, সেইর্প কোধাপন্ন আমাকেও কেউ নিবারণ করতে পারের না।

প্রলয়কালে রুদ্রের ন্যায় লোকসংহারে উদ্যত রামের অদৃষ্টপূর্ব জুন্ধ মৃতি দেশ্বে লক্ষাণ কৃতাঞ্চলি হয়ে বললেন, আপনি সর্বভূতের হিতকারী, লোধের বলবতাঁ হয়ে নিজ দ্বভাব বিসর্জন দেবেন না। এখানে ঘার বৃদ্ধ হয়েছিল তার লক্ষণ দেখছি, কিন্তু এক জনেরই য়্ম্প, বহু, সৈন্যের পদচিক দেখছি না। আপনি আমার সংগ্য এবং প্রষিগণের সহায়তায় সমৃত্র পর্বত বন গাহা এবং দেবলোক গণ্ধবলোক সর্বত অন্সম্পান কর্ন। বাদ দেবগণ সীতার সম্পান না দেন তবে আপনার দ্বর্ণপূর্ণ্থ বছ্রতুলা শরে সমৃত্র উৎসাদিত করবেন। আপনি আশ্বন্ত হ'ন, বিপদ কার না হয়, সকল লোকের পক্ষেই এ দ্বাভাবিক ঘটনা। সীতা বদি বিনশ্ট হয়ে থাকেন তা হ'লেও সামান্য লোকের ন্যায় আপনার শোক করা

উচিত নয়। আপনি লোকিক ও অলোকিক শান্তর অধিকারী, এখন তারই প্রয়োগ স্বারা শত্রধের উদ্ধোস কর্ন।

५४। क्षेत्रज्ञ भृक्

[সর্গ ৬৭—৬৮]

রাম ক্রোধ সংবরণ ক'রে তাঁর ধন্তে ভর দিয়ে লক্ষ্যণকে বললেন, বংস, এখন আমরা কি করব, কোথার যাব, কোন্ উপায়ে সীতাকে দেখতে পাব, তার উপায় চিন্তা কর। লক্ষ্যণ বললেন, এই জনন্থানে বহু রাক্ষস থাকে, এখানকার গিরিদ্বর্গ কন্দর গহুহা সমস্তই আমরা খ্রুজে দেখব চল্লে।

ষেতে যেতে একস্থানে রাম দেখলেন, গিরিশ্পোর ন্যায় জটার, রন্ধান্তদেহে প'ড়ে আছেন। ধনুতে ক্ষুরধার শর সম্থান ক'রে রাম বললেন, এই পক্ষির্পধারী রাক্ষসই সীতাকে থেয়েছে তাতে সন্দেহ নেই, একে আমি বধ করছি। জটারা সন্দেন রাধির বমন করতে করতে অতি দীন বাক্যে বললেন, আরুত্মান, তুমি যাকে থাজেছ সেই দেবীকে রাবণ হরণ করেছে, আমার প্রাণ্ড হরণ করেছে। অসহায়া সীতাকে রাবণ নিয়ে যাছে দেখে আমি তার সন্গে যুক্ষ ক'রে তাকে ভূপাতিত করেছি, তার ধন্ শর রখ ও ছত্ত চ্র্ণ করেছি, সার্থাকেও বধ করেছি। অবশেষে আমাকে পরিল্লান্ড দেখে রাবণ থড়্গাঘাতে আমার পক্ষ ছেদন ক'রে সীতাকে আকাশমার্গে নিয়ে গেছে। রাক্ষস আমাকে মেরে রেখেছে, তুমি আবার মেরো না।

ধন্ ফেলে দিয়ে রাম সরোদনে জটার্কে আলিপ্যন ক'রে লক্ষ্যণকৈ বললেন, রাজ্যনাশ বনবাস সীতাবিয়াগ জটার্র মরণ সবই আমার ভাগ্যে হ'ল, আমার অলক্ষ্যী অন্নিকেও দশ্য করতে সাগরকেও শৃক্ষ করতে পারে। এই মহাবল গৃপ্তরাজ পিতৃবয়স্য জটার্ও মরণাপম ফালেনেনা ছিন্নপৃক্ষ রক্তান্তদেহ জ্ঞার্কে ধরে ভূপতিত হরে রাম বললেন, আমার প্রাণসমা বৈদেহী কোমার? জ্ঞার, বাদ তোমার কথা বলবার দার থাকে তবে সীতার বাতা বল। তোমার নিধন কেন হ'ল? আমার কোন্ অপরাধে রাবণ সীতাকে হরণ করেছে? সীতার স্কুলর মুখ তখন কেমন দেখাচ্ছিল? তিনি কি বললেন? রাবণের বীর্য ও র্প কিপ্রকার, সে কোথার থাকে? জ্ঞার, অস্ফুট স্বরে উত্তর দিলেন, দ্রাত্মা রাক্ষসরাজ রাবণ মায়াবলে মেঘ ও ঝটিকা স্ঘিট ক'রে সীতাকে আকাশপথে নিরে গেছে। আমি পরিশ্রান্ত হরেছিলাম, আমার পক্ষ ছেদন ক'রে রাবণ দক্ষিণদিকে চ'লে গেছে। বংস, আমার প্রাণ ক'ঠাগত হয়েছে, দ্বিট উদ্ভান্ত হয়েছে, আমি মরণের প্র্লিক্ষণ দেখতে পাচ্ছি। যে মৃহুতের্ত রাবণ সীতাকে নিয়ে যায় তার নাম বিন্দ, এই বিন্দ-মৃহুতের্ত যে ধন অপহতে হয় তা শীঘ্র ফিরে আসে, অপহারকও বিনন্ট হয়। ভূমি দৃঃখার্ত হয়ে না, শীঘ্রই জানকীকে পাবে।

জটারার মাখ থেকে সমাংস রাধির নিগতি হ'তে লাগল। 'বিশ্রবার পরে, কুবেরের দ্রাতা'—এই কথা বলেই তিনি প্রাণত্যাগ করলেন। রাম কৃতাঞ্চলি হ'লে বললেন—'এল বল', কিন্তু জটারার মন্তক তথন ভূলা ঠিত হ'ল, তিনি চরণ প্রসারিত ক'রে শয়ন করলেন।

মতে জটায়নুর জন্য রাম বহু বিলাপ করলেন। তাঁর আদেশে লক্ষ্মণ কাঠ নিয়ে এলে রাম চিতা রচনা ক'রে গ্রুপ্তরাজকে দাহ করলেন। তার পর ম্গমাংসের পিন্ড দিয়ে হরিদ্বর্ণ তৃগময় ক্ষেত্রে পক্ষীদের ভোজন করালেন এবং দ্ই ভ্রাতা গোদাবরীতে গিয়ে তপ্ণ করলেন।

১১। **अरसम्ब**्भी—कवन्य

[সগ ৬৯—৭৩]

জ্ঞাররে প্রেতকৃতা শেষ করে রাম-লক্ষাণ পশ্চিম দিকে কিছ্নদ্র গিয়ে দক্ষিণ দিকে যাত্রা করলেন। এক ভয়ংকর গহন বন অতিক্রম করে জনস্থান থেকে তিন ক্রোশ দ্বে তারা ক্রোন্যারণ্যে উপস্থিত হলেন। সেখানে বিশ্রাম ক'রে প্র্বিদিকে তিন ক্রোশ গিয়ে মতপাশ্রমে এলেন। এই স্থান বহু বৃক্ষে সমাকীর্ণ, বিবিধ হিস্তে পদ্ধ পক্ষী সেখানে বিচরণ করে। পাতালতুল্য গভীর ও অন্ধকারময় এক গিরিকন্দরের কাছে তাঁরা এক বিকৃতাননা রাক্ষসাকে দেখতে পেলেন। সেই ভীমাকৃতি লন্বোদরী তীক্ষ্মদশনা ম্রুকেশী রাক্ষসী হরিণ খেতে খেতে লক্ষ্মণের কাছে এসে তাঁকে আলিখ্যন করে বললে, আমার নাম অয়োম্খী, তুমি আমার প্রিয় পতি, চল আমরা দ্বর্গম পর্বতে ও নদীপ্রলিনে গিয়ে বিহার করি। কক্ষ্মণ কুপিত হয়ে খড়গাঘাতে ভার কর্ণ নাসিকা ও স্তন কেটে ফেললেন। অয়োম্খী বিকট চিংকার করতে করতে প্যালিয়ে গেল।

তার পর এক নিবিড় বন দিয়ে যেতে যেতে লক্ষ্যণ বললেন, আমার বাহ্ম প্রশিদত এবং মন উদ্বিশ্ন হচ্ছে, আমি নান্য দ্বিনিমিত্ত দেখছি। আর্য, সতর্ক থাকুন, আমার কথায় অবহেলা করবেন না। ওই দার্গ বঞ্জাক পক্ষী ভাকছে, তাতে মনে হয় যুদ্ধে আমাদের জয় হবে।

এমন সময় সেই বন যেন বায়্প্রবাহে ভগন ও প্র্ণ করে এক বিপ্রে

শব্দ হ'ল। রাম খড়্গহস্তে লক্ষ্মণের সপ্রে এগিয়ে গিয়ে এক মহাকার
রাক্ষস দেখতে পেলেন। সে ম্বড়গ্রীবাহীন কবন্ধ, তার উদরে ম্বখ এবং
তাতে একটিমার চক্ষ্ম অগিনশিখার ন্যায় জয়লছে। সে যোজনপ্রমাণ দীর্ঘ
হস্তে বিবিধ ম্যা ভল্লকে পক্ষা. প্রভৃতি ধরে কখনও খাছে কখনও
আকর্ষণ করে দ্রে নিক্ষেপ করছে। এই রাক্ষস সহসা রাম-লক্ষ্মণকে
সবলে জড়িয়ে ধরলে। রাম অধীর হলেন না, কিন্তু অল্পবয়স্ক লক্ষ্মণ
ভয় পেয়ে বললেন, আমি রাক্ষসের হাতে বিবশ হয়েছি, আমাকে বলিবর্প দিয়ে আপনি পালিয়ে যান: সীতা ও পৈতৃক রাজ্য ফিরে পেয়ে
আমাকে সর্বদা স্মরণ করবেন। রাম বললেন, বীর, ব্যা ভয় পেয়ো না,
তোমার ন্যায় প্রের্বের বিষাদগ্রস্ত হওয়া উচিত নয়।

কবন্ধ বললে, থড়গ-ধন্ধর ব্যক্ত ধ্বা তোমরা কে? কেন এখানে এসেছ? আমি ক্ষ্যার্ত, ভাগ্যক্তমে তোমরা আমার কাছে উপস্থিত হয়েছ। তখন যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে লক্ষ্যণ রামকে বললেন, এই রাক্ষস শীঘ্রই আমাদের অভিভূত করবে, অতএব আমরা খড়্গাঘাতে এর
দ্বেই বাহ্ কেটে ফেলি। এ নিরস্ত, বাহ্বলই এর সম্বল, একে পশ্রে
নায়ে হত্যা করা ক্ষাত্রের উচিত হবে না। এই কথা শ্রেন রাক্ষস অতাশ্ত কুপিত হয়ে ম্থ বাাদান করে রাম-লক্ষ্মণকে মাবার চেন্টা করতে লাগল।
তথন তাঁরা থড়্গাঘাতে তার দ্ব বাহ্ব ছেদন করলেন।

মেঘতুল্য গর্জনে আকাশ প্থিবী ও সর্বাদক প্রতিধননিত করে ব্যক্ষিপ শোণিতান্তদেহে ভূপতিত হ'ল। তার পর সে দীনভাবে জিজ্ঞাসা করলে, বীর, তোমরা কে? লক্ষ্মণ নিজেদের পরিচয় দিয়ে অবশেষে বললেন, এক রাক্ষম রংমের ভার্যাকে অপহরণ করেছে, আমরা তারই অন্বেষণে এসেছি। তুমি কে? তোমার মুখ বক্ষে প্রদীণত হয়ে রয়েছে, তোমার জগ্যান্বর ভণন। তুমি কবন্ধর্পে এই বনে বিচরণ করছ কেন?

কবন্ধ বললে, ভাগ্যক্তমে আমি তোমাদের দর্শন পেয়েছি। প্রে আমার রূপ চন্দ্র সূর্য ও ইন্দ্রের ন্যায় প্রাসিণ্ধ ছিল, কিন্তু আমি রাক্ষস-র্পে বনবাসী ক্ষিদের ভয় দেখাতাম। একদা স্থ্রসাশরা নামক এক থবির আহ,ত ফলম্লাদি আমি কেড়ে নির্মেছিলাম, তাঁর অভিশাপে আমার রূপ কুংসিত হ'ল। শাপের অবসানের নিমিত্ত আমি প্রার্থনা করলে তিনি বললেন, যখন রাম তোমার বাহ, ছেদন কুরে বিজন বনে তোমাকে দশ্ধ করবেন তথন নিজ রূপ ফিরে পাবে। আমি দ্রী-নামক দানবের পত্র দন্। আমার কঠোর তপস্যায় প্রীত হয়ে বহুয়া আমাকে দীর্ঘ আয়, দান করেন। আমি গবিতি হয়ে ভাবলাম, ইন্দ্র আমার কি করতে পারেন। এই মনে ক'রে আমি ইন্দের সঞ্গে যুন্ধ করতে গেলাম। তিনি ব্ছ্রাঘাতে আমার দুই উর্ ও মস্তক শরীরে প্রবিষ্ট ক'রে দিলেন। আমি অন্নয় করে বলস্ম, এই ভান উর্ ও মদ্তকে কি করে অনাহারে প্রাণধারণ করব? তথন ইন্দ্র আমাকে যোজনপ্রমাণ দুই বাহ্ দিলেন এবং উদরে তীক্ষাদন্ত মুখ নিবেশিত করলেন। তিনি আরও বললেন, রাম-লক্ষ্মণ তোমার বাহ্ন ছেদন করলে তুমি স্বর্গে যাবে। সেই থেকে আমি এই বনে বিচরণ করি এবং দীর্ঘ বাহঃ স্বারা সিংহ ব্যাঘ্র ম্গাদি ধ'রে ধ'রে ভক্ষণ করি। রাম, এখন মহর্ষি স্থা্লশিরার বাক্য অনুসারে তুমি আমার অন্নিসংস্কার কর, আমিও তোমাকে সংপরামর্শ এবং মিত্রের সন্ধান দেব।

রাম বললেন, রাবণ আমার ভার্যা সীতাকে হরণ করেছে। আমি সেই রাক্ষ্পের কেবল নামই জানি, তার রূপ নিবাস শক্তি কিছুই জানি না। আমরা শোকার্ত হয়ে অনাথের ন্যায় ভ্রমণ করিছ, তুমি কর্ণা করে বল সীতাকে কোন্ ব্যক্তি কোথায় নিয়ে গেছে। আমরা করিশ্বভেশন শক্ষে কাণ্ঠ সংগ্রহ করে এনে এখানে বৃহৎ গর্ত করে তোমার অণিন-সংশ্কার করব।

দন্ বললেন, আমি সীতার বিষয় জানি না, আমার দিবাজ্ঞানও এখন নেই। আমার দাহের পর প্রের্প ফিরে পাব, তখন তোমাকে জানাব কার কাছে গেলে তুমি রবেণের পরিচয় পাবে। যাঁর কথা বলাছি তিনি ন্যায়পরায়ণ, এককালে সমস্ত প্রিবী পর্যটন করেছিলেন। তাঁর সংগ্য বন্ধ্য ক'রো, তিনি তোমাকে সাহায্য করবেন। এখন স্থাস্তের প্রেই আমার দাহ শেষ কর।

প্রজন্দিত চিতা থেকে দন্ধ্রর্পে উপিত হলেন। তিনি দিবা বসনভ্বণে শোভিত হয়ে হংসমেজিত উল্জন্ম রথে অন্তরীক্ষে উঠে বললেন, রাম, তুমি আর লক্ষাণ বিপান্ন ও দ্র্দশাগ্রন্থত হয়েছ, এখন অন্রপ্ দশাগ্রন্থত লোকের সপ্পেই তোমার মিন্ততা করা উচিত, এ ভিন্ন অন্য উপায় দেখছি না। স্থাবি নামে এক বানর আছেন, তিনি ফক্ষরজার (১) ক্ষেন্তজ্ঞ এবং স্থেরি উরস প্র। তিনি তাঁর জাতা ইন্দ্রণার বালী কর্তৃক বিতাড়িত হয়ে পম্পাতীরবর্তী ঋষাম্ক পর্বতে চারজন বানরের সপ্পে বাস করছেন। স্থাবি মহাবলশালী তেজম্বী সতাপ্রতিক্ত ধার ও দক্ষ। সাঁতা-অন্বেষণে তিনিই তোমার সহায় ও মিত্র হবেন। তুমি শীঘ্র গিয়ে অন্নিসাক্ষী করে স্থাবের সপ্পে মিন্ততা কর. তিনি বানরের অধিপতি ব'লে অবজ্ঞা করো না। স্থাবি কামর্পী, কৃতক্ত, তিনিও সাহাযাপ্রাথাণী। তোমার ভার্যার অন্সম্ধানের জন্য তিনি

⁽১) উত্তরকাণ্ডে চয়োদশ পরিচ্ছেদে থক্ষরজার কথা আছে।

মহাকার বানরদের চতুর্দিকে পাঠাবেন এবং মের্শ্বেণ বা পাতালে গিয়েও রাক্ষস বধ ক'রে সীতাকে তোমার হস্তে দেবেন।

তার পর দন্ব রামকে বললেন, পশ্চিম দিকে যেখানে বহু পর্বিপত বৃক্ষ দেখা যাচ্ছে সেখান দিয়েই তোমার যাত্রার উত্তম পথ। যেতে যেতে তোমরা ফলভারে অবনত অনেক মহাবৃক্ষ দেখবে, শাখা নমিত করে তাদের অমৃততুল্য ফল ভক্ষণ ক'রো। পর্বত থেকে পর্বতে এবং বন থেকে বনে গিয়ে পম্পা (১)র তীরে উপস্থিত হবে। এই পঞ্করিণীতে কম্কর ও শৈবাল নেই, তলদেশ বাল্কাময় অপিচ্ছিল, তার জল কমল ও উৎপলে শোভিত। তার তীরে বহাপ্রকার পক্ষী ক্জেন করে, তারা মান্যকে ভয় করে না। তোমরা সেই সকল ঘ্তপিশ্ডতুল্য স্থ্র পক্ষী ভক্ষণ করো। পদ্পার জলে এককণ্টক উৎকৃষ্ট রোহিত চক্ততুণ্ড ও নলমীন মহস্য আছে, লক্ষ্মণ **শরাঘাতে তাদের মেরে হক ও শব্দ ছাড়িয়ে শ্***লপক ক'রে দেবেন***।** তোমার ভোজন হ'লে লক্ষ্মণ তোমাকে পদ্মপতে পদ্পার নির্মাল জল এনে দেবেন। ওখানকার বনে মত্জ্য মুনির শিষ্যগণ বাস করতেন। ফলম্ল আহরণের শ্রমে তাঁদের দেহ হ'তে যে স্বেদবিন্দর পড়ত তা থেকে বিবিধ প্ৰেপ উৎপন্ন হয়েছে, এইসকল প্ৰুপ কখনও শীৰ্ণ বা স্পান হয় না। তাঁরা এখন গত হয়েছেন, কেবল তাঁদের পরিচারিণী শবরী নামে এক শ্রমণী ওথানে আছেন। এই ধর্মশীলা সম্নাসিনী তোমাকে দর্শন করে **স্বর্গলোকে যাবেন। রাম, ভূমি পশ্পার পশ্চিম তীর দিয়ে গেলে মত**ণ্গ ক্ষির আগ্রম দেখতে পাবে। সেই রমণীয় প্থানের নাম মতপা বন। হস্তীরা সেখানে ষেতে পারে না। তার অদ্রেই রহ্মার রচিত ঋষাম্ক (২) পর্বত। লোকে তার শিখরে শ্রেয় নিদ্রাবস্থায় যত ধনের স্বন্দ দেখে, জাগ্রত হ'লে ততই পায়। এই পর্বতে এক দৃষ্প্রবেশ্য গ্রেহা আছে, স্গ্রীব তাঁর সহচর বানরদের সঞ্জে তার মধ্যে বাস করেন, সময়ে সময়ে পর্ব তের উপরেও থাকেন।

⁽১) পদ্পা কোথাও নদীর্পে কোথাও সরসী বা প্র্করিণী অর্থাৎ চুদর্পে বর্ষিত হয়েছে। বেংধ হয় নদীরই এক অংশ হুদ:

⁽২) মূল অর্থ — যেখানে ঝহা (মূগ) মূক (লাস্ড)।

দিব্যর্পধারী কবন্ধ এইর্প নির্দেশ দিলে রাম-লক্ষ্মণ বললেন, তুমি এখন প্রালোকে প্রদ্থান কর। কবন্ধ উত্তর দিলেন, তোমরাও স্বকার্য সাধনের জন্য যাও।

২০। শবরীর ইন্টলাভ

[সর্গ ৭৪--৭৫]

কবশের প্রদর্শিত পথে যাত্রা করে রাম-লক্ষ্মণ পশ্পার পশ্চিম তীরে শবরীর আশ্রমে উপস্থিত হলেন। সিন্ধা শবরী তাঁদের চরণবন্দনা করে পাদ্য আচমনীয় প্রভৃতি দিয়ে সম্মান করলেন। রাম তাঁকে জিল্পাসা করলেন, চার্ভাষিণী, আপনার কোনও বিঘা নেই তো? আপনার তপস্যার বৃদ্ধি হচ্ছে? কোপ ও আহার সংযত করতে পেরেছেন? আপনি নিয়ম পালন করছেন? মনে স্থ পেয়েছেন? আপনার গ্র্ব-সেবা সফল হয়েছে?

র্শ্ধা শবরী রামের সম্মুখে এসে উত্তর দিলেন,
আদ্য প্রাশ্তা তপঃসিশ্চিদ্তব সদ্দর্শনাল্ময়া।
আদ্য মে সফলং জন্ম গ্রেবন্চ স্প্রিজতাঃ॥
আদ্য মে সফলং তপতং স্বর্গন্ডেব ভবিষ্যতি
থিয় দেববরে রাম প্রিতে প্র্র্ষর্শভ।
তবহেং চক্ষ্যা সৌমার প্তা সৌম্যেন মানদ।
গমিষ্যাম্যক্ষয়ালোকাংস্কংপ্রসাদাদরিক্ষম॥ (৭৪।১১-১৩)

— আজ তোমাকে দেখে আমার তপস্যায় সিন্দ্রিলাভ হ'ল, আজ আমার জন্ম সফল, গ্রেকেবাও সার্থক। নরভেষ্ঠ রাম, তুমি দেবগণেরও শ্রেষ্ঠ, আজ তোমার প্জা করে আমার তপস্যার ফলন্বর্প ন্বর্গলাভ হবে। মানদ, তোমার সৌম্দ্রিটতে আমি প্ত হয়েছি। অরিন্দম, তোমার প্রসাদে আমি অক্ষয় লোক লাভ করব।

তার পর শবরী বললেন, আমি যেসকল তপদ্বীর সেবা করতাম, তুমি চিত্রকটে আসবামাত্র তাঁরা এই আশ্রম থেকে দিবা বিমানে দ্বর্গা-রোহণ করেছেন। তাঁরা আমাকে বলেছিলেন, রাম তোমার এই প্রণা আশ্রমে আসবেন, তাঁকে ও লক্ষ্মণকৈ অতিথির পে সংবর্ধনা করে।
- রামের দর্শন পেলে তুমি অক্ষয় লোক লাভ করবে। তাঁদের এই কথা শ্রনে
আমি পম্পাতীরজ্ঞাত বিবিধ বন্য উপহার তোমার জনা সম্বয় ক'রে
রেখেছি।

রাম বললেন, আমি দন্র মৃথে সেই তপস্বীদের প্রভাবের কথা শ্নেছি। যদি আপনার মত হয় তবে তা প্রত্যক্ষ দেখতে ইচ্ছা করি। শবরী বললেন, এই দেখ নিবিড় মেঘবর্ণ মৃগপক্ষিসমাকুল বিখ্যাত মতংগ-বন। এই স্থানেই আয়ার গ্রুর্ শৃদ্ধান্তা মহর্ষিগণ মন্যোচ্চারণ করে আন্দিতে দেহ ভাহাতি দিয়েছিলেন। এই বেদীর নাম প্রতাক্স্থলী, এতে তারা কম্পিতহনেত প্রত্পাপহার দিতেন। উপবাসজনিত অবসাদে তারা কোখাও যেতে পারতেন না, এই দেখ তাঁদের ইচ্ছাবলেই সম্তসমৃদ্ধ এইখানে এসেছেন। তারা সনানান্তে যে বন্ধন বৃদ্ধে রাখতেন, বে প্রশেষ ক্রেতেন, তা এখনও অশ্বন্ধ অন্ধান রয়েছে। রাম, তুমি এই বন দেখলে, আয়ার কথাও সব শ্নলে। এখন আজ্ঞা দাও আমি কলেবর তাাগ করব।

রাম বললেন, আমরা যা দেখেছি তা আশ্চর্য। আপনি আমার সম্ভিত সম্মাননা করেছেন, এখন অভীষ্ট লোকে স্থে প্রস্থান কর্ন। তখন জ্টাবতী চীর-অজিন-ধারিণী শবরী অণ্নতে দেহ আহ্তি দিয়ে দিবার্পে দিবালেংকারভূষিতা হয়ে স্বর্গলোকে মহর্ষিগণের নিকট গ্মন

শবরীর স্বর্গারোহণের পর রাম বললেন, লক্ষাণ, এই আশ্রমের ম্গ ও শার্দ্দেরা বিশ্বস্ত, নানা পক্ষী এখানে বাস করে, বহু আশ্রহালনক পদার্থ এখানে আছে। সশ্তসমুদ্রে স্নান এবং পিতৃগণের তর্গণও করেছি, তাতে আমাদের অশ্ভ নত্ট হয়েছে, আমার মনও প্রফাল্ল হয়েছে। এখন আমরা পশ্পাতীরে যাব, যার নিকটবর্তী ক্ষাম্ক পর্বতে স্থাবি বাস করেন।

আভ্রম থেকে যাতা ক'রে রাম-লক্ষাণ নানাব্কশোভিত অতি রমণ্ীর পশানদীর তীরে উপস্থিত হলেন।

কি িক্সাকাণ্ড

১। প্রদ্রা

[সর্গ ১]

তারা বললেন, লক্ষ্মণ, তুমি বানরপতিকে এমন পর্ষ বাক্য ব'লো না। ইনি অকৃতজ্ঞ শঠ বা মিথ্যাবাদী নন, রাম এ'র জন্য যা করেছেন তা ভোলেন নি। কিন্তু প্রে অনেক দৃঃখ পেয়ে ইনি সম্প্রতি স্থভোগ করছেন, সেজন্য নিজের কর্তব্য যথাকালে বৃষ্ণতে পারেন নি। তোমার সৈন্যসংগ্রহের জন্য স্থাবি বানরপ্রধানদের চারিদিকে পাঠিয়েছেন। আজই সেই সমস্ত সৈন্যের এখানে আসবার কথা।

তথন কেদান্ত বন্দের ন্যায় ভয় ত্যাগ করে এবং কণ্ঠের বিচিত্র মালা ছি'ড়ে ফেলে দিয়ে স্থানি বললেন, রাজকুমার, আমি রামের প্রসাদে শ্রী কীতি ও রাজ্য লাভ করেছি, এই উপকারের আংশিক প্রতিদানও কে করতে পারে? তিনি আমাকে সহায়মাত্র করে নিজের তেজেই রাবণবধ ও সীতার উদ্ধার করবেন। আমি তাঁর আজ্ঞাবহ, যদি অপরাধ করে থাকি তবে ক্ষমা কর।

লক্ষ্মণ প্রতি ২০র ২০৫০ন, বানরেশ্বর, তুমি যখন সহায় তখন আমার ভাতা অনাথ নন, তোমার সাহায্যেই তিনি অচিরে শত্র্বধ করবেন। তুমি যা বললে তা তোমারই যোগ্য, তুমি তার রাম ছাড়া কে এমন ন্যায়া কথা বলতে পারে? তুমি বিক্তমে ও বলে রামের সদৃশ, দৈববলেই আমরা তোমাকে সহায় পেয়েছি। এখন আমার সভ্যে চল, রামকে সান্ধনা দাও। সখা, তোমাকে যে কট্ব কথা বলেছি তার জন্য ক্ষমা কর।

১৩। স্তাবৈর সৈন্যসংগ্রহ

. [সর্গ ৩৭—৩৯]

স্ত্রীব হন্মানকে আজ্ঞা দিলেন, তুমি শীঘ্র সকল দেশের বানরদের এখানে নিয়ে এস। মহেন্দ্র পর্বত এবং হিমালয় বিন্ধ্য কৈলাস মন্দর ধবল প্রভৃতি পর্বতে বারা থাকে, সম্দ্রের পরপারের পর্বতে, পশ্চিম দিকে, উদর ও অস্তাগিরিতে, পশ্মাচল ও অপ্তন পর্বতে যে সঁকল কৃষ্ণমেঘরণ বানর বাস করে, মহাশৈলের গ্রহাবাসী কনকবর্ণ বানরগণ, স্মের্র পার্শ্বে এবং ধ্যাচলে বারা থাকে, মহার্ণ পর্বতে নবার্ণবর্ণ যেসকল বানর মৈরেয়(১) মধ্ পান করে, এবং অন্যান্য স্থানের সমস্ত বানরদের ভূমি আনাও। এজন্য প্রে অনেক দ্ত পাঠানো হযেদে, তাদের ধ্রাম্বিত করবার জন্য মহাবল বানর আরও শাঠাও। যারা দশদিনের মধ্যে আসবে না তারা রাজ্যজ্ঞায় নিহত শ্বে।

সৈন্যসংগ্রহের জন্য হন্মান চতুর্দিকে দ্ত পাঠালেন। তারা অবিলন্দে কিন্দিকন্ধ্যায় ফিরে এসে স্থাবিকে বিবিধ ওয়ধি ও ফলম্ল উপহার দিয়ে বললে, আপনার আজ্ঞাক্তমে প্থিবীর সকল থানরই আসছে।

তার পর স্থাবৈ ও লক্ষাণ স্বর্গময় উল্জাল শিবিকায় আরোহণ ক'রে অস্থারী বহু সৈন্যের সংগ্ রামের কাছে গেলেন। রাম সেই বানরসেনা দেখে প্রীত হলেন এবং পদতলে পতিত স্থাবকে উঠিয়ে আলিখ্যান করলেন। স্থাবি উপবিষ্ট হ'লে রাম তাঁকে বললেন, যিনি সময় ভাগ ক'রে ধর্ম অর্থ আর কামের চর্চা করেন তিনিই প্রকৃত রাজা। ধর্ম আর অর্থ তাাগ ক'রে যে সর্বদা কামের সেবা করে সে ব্ক্ষাগ্রে স্কৃত ব্যক্তির তুলা, ভূপতিত হ'লেই তার জ্ঞান হয়। এখন আমাদের যুদ্ধের উদ্যোগ করবার সময় এসেছে, তুমি মল্লীদের সংগ্র সংপ্রাম্ন কর।

স্থাবি বললেন, দেব, তোমার ও লক্ষ্যণের প্রসাদে আমি ট্রী কীর্তি ও বানররাজা ফিরে পেয়েছি। উপকৃত হয়ে যে প্রত্যুপকার করে না সে অতি অধার্মিক। এই বানরম্থাগণ প্থিবীর সকল বানর ভল্লকে ও গোলাশ্যলে বীরগণকে নিয়ে এসেছেন। এরা দেবগণ্ধর্বজ্ঞাত, কামর্পী, বোরদর্শন, এবং বনকাশ্তারের রহসাজ্ঞ। নিজ নিজ সৈন্যে পরিবৃত

⁽১) ইক্রদ ধান্য প্রভৃতি বোগে প্রকৃত কামোন্দীপক মদ্য বিলেব।

হয়ে এরা পথে অপেক্ষা করছে। এই অসংখ্য সৈন্য তোমার সপো যুদ্ধ-যাত্রা করবে এবং রাবণবধ ক'রে মৈথিলীকে উদ্ধার করবে।

রাম বললেন, ইন্দ্র বারিবর্ষণ করেন, সূর্য আকাশের অন্ধরার দ্রে
করেন, চন্দ্র স্বপ্রভায় রজনীকে নির্মাল করেন—এ কিছুই বিচিত্র নয়।
সৌম্য, তোমার ন্যায় লোক যে মিতের প্রিয়কার্য করবেন এও আশ্চর্য
নয়। তুমি আমার সূহত্(১) ও মিত্র (২), তোমার সাহাষ্যে আমি
যুক্ষে সকল শত্র জয় করব।

এমন সময়ে সহসা ধ্লিজালে স্থ আচ্ছন্ন হ'ল, চতুদিক তমসাব্ত হ'ল, শৈল ও কানন সমেত প্থিবী কম্পিত হ'তে লাগল। নানা স্থান থেকে আগত নানা বর্ণের কোটি কোটি বানরসৈনা সমস্ত ভূমি পর্বত বন আব্ত ক'রে ফেললে। শতবলি স্থেগ তার কেশরী নল নীল গবয় গয় গবাক্ষ জান্ববান হন্মান অধ্যদ প্রভৃতি য্থপতিগণ সকলেই অসংখ্য সৈন্য নিয়ে উপস্থিত হলেন। স্থাবি কৃতাঞ্চলি হয়ে রামের কাছে তাদের পরিচয় দিয়ে বললেন, হে বানরপতিগণ, তোমরা ইচ্ছান্সারে পর্বতে নির্বারে বা বনে সৈন্যসমাবেশ ক'রে ষ্যাবিধি বলনিধারণ (৩) কর।

১৪। সাঁতা-অন্বেদনের উদ্যোগ

[সর্গ ৪০-৪৬]

স্থাবি রামকে বললেন, এইসকল বানরসৈনা তোমার বলবতাঁ, তুমি এদের আজ্ঞা কর। রাম উত্তর দিলেন, সৌম্যা, বৈদেহী জীবিত আছেন কিনা এবং রাবণ কোথায় বাস করে—এই দুই বিষয়ের তুমি সন্ধান কর, তার পর আমি তোমার সংগা কর্তব্য নির্পেণ করব। এই অন্বেষণকার্যে আমি বা লক্ষ্মণ আজ্ঞা দিতে পারি না, এ বিষয়ে তুমিই প্রভূ।

⁽১) স্বভাবত হিতাকা•কী। (২) একত্রির বা সহক্ষী।

⁽৩) সৈনাগণনা বা review,

তখন স্থাীৰ বিনত নামক য্থপতিকে আজ্ঞা দিলেন, তুমি শতসহস্ৰ বানর সঙ্গে নিয়ে পূর্বে দিকে গিয়ে সীতা ও রাবণের অন্বেষণ কর। ভাগারথী সর্যু কোশিকী শোণ যম্না সরস্বতী সিন্ধ প্রভৃতি নদী, ব্রহামাল বিদেহ মালব কাশী কোশল মগধ পশ্রে ও অঙ্গদেশ, যেখানে কীট থেকে কোষ উৎপন্ন হয় এবং যেখানে রজতের আকর আছে — সর্বত্র অন্বেষণ কর। সম্দ্রুম্থ পর্বত ও নগর এবং মন্দরীশ্বরুম্থ জনপদে ষাবে। যাদের কর্ণ বন্দের তুল্য এবং ওচ্ঠ পর্যন্ত বিস্তৃত, যারা লোহমুখ, যারা এক পায়ে দ্রুত চলে, যারা নরমাংস খার, দ্বীপবাসী হেমবর্ণ স্কুদর্শন কিরাত যারা কাঁচা মাছ খায়, যারা অর্ধনর অর্ধব্যান্ত, তাদের কাছে যাবে। স•তরাজ্যে শোভিত যবদীপে, এবং স্বর্ণ ও **রূপ্য দীপে** যাবে। তার পর ঘোর ইক্ষ্ব সম্দুদ্র পার হয়ে লোহিত সমুদ্রের তীরে গিয়ে এক বিশাল শালমলি বৃক্ষ ও বিশ্বকর্ম্য-নিমিতি গরুড়ের গৃহ দেখবে। সেখানে মন্দেহ নামক রাক্ষসগণ পর্ব তশৃঙ্গ থেকে ঝোলে, তারা স্থোদয়কালে বিনষ্ট হয়ে সমুদ্রে পড়ে, তার পর আবার ঞ্চীবিত হয়ে সম্বমান হয়। অনুশ্তর শ্বেতবর্ণ ক্ষীরোদ সাগর অতিক্রম ক'রে জলোদ সাগরে গিয়ে ভয়ংকর হয়মুখ(১) দেখবে। তার পর স্বাদ্দক সম্ভু, তার উত্তর তীরের পর্বতে সহস্রশীর্ষ নীলবসন অনস্ত-দৈব সমাসীন আছেন। তার পর হেমময় উদয় পর্বত। সেখানে স্বের উদয়ে ভুবনের প্রথম বা প্র্ব প্রকাশ হয়, সেজন্য সেই দিকের নাম পূর্ব দিক। তার পরে কি আছে আমরা জানি না। তোমরা **প্রেন্তি সকল স্থানে জানকীর সন্ধান করবে। এক মাসের মধ্যে যে ফিরবে না** তাকে বধ করা হবে।

দক্ষিণ দিকে অন্সন্ধানের জন্য স্থাবি অঙ্গদের নায়কত্বে নীল হন্মান জাশ্বন গয় গবাক্ষ প্রভৃতিকে নিযুক্ত ক'রে বললেন, তোমরা বিদ্যাগিরি, নমাদা গোদাবরী কৃষ্ণবেণী প্রভৃতি নদী, এবং উৎকল বিদর্ভা মংস্যা কলিঙ্গ দশার্ণ প্রস্তু কেরল মলয় প্রভৃতি দেশ অন্বেষণ করবে। তার পর তাম্র-

^(১) বেখান থেকে বড়বানল নিগতি হয়, সম্দ্রুম্থ আশ্নের গিরি।

পণী নদী পার হয়ে পাড়ে দেশে বাবে, তার পরেই সম্দ্র। সম্দ্রের অপর পারে শতবাজন বিস্তৃত এক দ্র্গম দ্বীপ আছে, সেখানে বিশেষর্পে সীতার অন্বেষণ করবে, সেখানেই দ্রান্থা রাবণের বাস। দক্ষিণ-সম্দ্রের মধ্যে অঙ্গারকা নামে এক রাক্ষসী আছে, ছায়া দ্বারা আকর্ষণ করে সে প্রাণীদের ভোজন করে। সেখান থেকে শতবোজন দ্রের সিদ্ধচারণসেবিত প্রভিপতক গিরি, তার পর কুঞ্জর ও থবত পর্বত। তার পরে প্রথবীর অন্তে ধমের রাজধানী, সেখানে কেউ থেতে পারে না। তোমরা প্রেরি সকল স্থানে অন্সম্ধান করবে। এক মাসের মধ্যে ফিরে এসে যে সীতার সম্থান দেবে সে আমার প্রাণাধিক বন্ধ্র হয়ে আমার তুলা স্থভাগ করবে।

পশ্চিম দিকে অনুসন্ধানের জনা সংগ্রীব সসম্মানে কৃতাঞ্চলি হরে তারার পিতা তাঁর শ্বশ্র সংবেশকে অনুরোধ করলেন এবং তাঁর সঙ্গে বাবার জন্য মহর্ষি মরীচির পরে মারীচ প্রভৃতি দুই লক্ষ বানরকে আদেশ দিরে বললেন, তোমরা সৌরাদ্ধী বাহ্যীক চম্দ্রচিত্র প্রভৃতি সম্প্র দেশে অন্বেষণ করে পশ্চিম সমুদ্রে যাবে। তার পর মুরচীপন্তন জটাপ্রে অবন্তী অঙ্গলেপা প্রভৃতি দেশ অতিক্রম করে সিন্ধন্দ ও সাগরের সংগমে উপস্পিত হবে। সেখানে শতশৃঙ্গ সোম পর্বতে সিহে নামক পক্ষী বাস করে, তারা তিমি ও হস্তী ধরে ধরে নিজের নীড়ে নিয়ে আসে। তার পর পারিষাত্র বছরান ও বরাহ পর্বত। বরাহ পর্বতে প্রাগ্রোভিষণ্র নামে এক স্বর্ণময় নগর আছে, সেখানে নরক নামে এক দ্রাঘা দানব বাস করে। তার পর ঘাট হাজার শৈলের মধ্যবর্তী স্মের্ পর্বত দেখবে, স্ব্র সেখান থেকে অস্তাচলে গমন করেন। অস্তাচলের পর কি আছে জানি না। তোমরা এক মাসের মধ্যে ফিরে আসবে, নতুবা বধদন্ড পাবে।

স্তাবি শতবল নামক বারি বানরকে বললেন, তুমি শতসহস্র অন্চব নিয়ে উত্তর দিকে যাও। স্লেচ্ছ পর্লিন্দ কাম্বোজ যবন প্রভৃতির রাজ্যে, প্রস্থল ভরত দক্ষিণ কুর্ত্ব ও মদ্রক দেশে, এবং হিমালয়ের বনে অস্বেষণ কর। স্দর্শন পর্বাত পার হয়ে তোমরা এক শ্ন্য স্থানে উপস্থিত হবে, সেখানে পর্বত নদী বুক্ক প্রাণী কিছাই নেই। তার পর শ্রে কৈলাস পর্বতে কুবেরভবন দেখবে। অনন্তর ব্রেক্তি পর্বতের দর্শম রদ্ধা দিয়ে মৈনাক পর্বতে
উপস্থিত হবে, সেখানে মর দানবের ভবন এবং অন্বমন্থী স্থাী দেখতে
পাবে। তার পর সিদ্ধাপ্রম পার হয়ে এক স্থানে আসবে সেখানে চন্দ্র
স্বা তারা নেই, মেঘও নেই। সেখানে যে দেবকলপ স্বরুত্পভ তপস্বিকল আছেন তাদের দেহের প্রভার সেই স্থান আলোকিত হয়। তার
পর উত্তর কুর্ অতিক্রম করে উত্তর সমন্ত্রে বাবে, তার মধ্যে হেমমর
সোমার্গার দেখবে। স্বা না থাকলেও এই দেল সোমার্গারর প্রভার
আলোকিত। সেখানে ভগবান বিশ্বাত্মা এক:দলর্দ্রাত্মক রহন্না রহন্নবিকালের সহিত বাস করেন। তার উত্তরে তোমরা যেতে পারবে না।
অন্বেশ্বণ লেষ করে তোমরা লীয় ফিরে এস, সীতার সংবাদ আনতে
পারলে রাম ও আমি অত্যন্ত প্রীত হব।

স্মৌব হন্মানকে বিলেষ ক'রে বললেন, বানরপ্রেণ্ঠ, ভূমি জল অন্তরীক্ষ অন্বর দেবলোক—কোষাও ভোমার গতি বাধা পার না, তোমার ভূলা তেজন্বীও কেউ নেই। ভূমি বলবান, পরাক্রান্ত, দেশকালয় ও নীতিবিশারদ। ভূমি সীতার উদ্ধারের উপার চিন্তা কর।

এই কথা শনে রাম ব্রালেন যে স্থাবি হন্মানকেই কার্যসাধনে সমর্থ মনে করেন। তিনি হন্ট হরে নিজের নাম্যান্তিত একটি অস্বার হন্মানকে দিয়ে বললেন, বানরপ্রেণ্ঠ, এই অভিজ্ঞান দেখে জানকী ব্রুবেন যে তুমি আমারই প্রেরিত। হন্মান কৃতাঞ্জিপটে অস্বার নিরে মনতকে ধারণ করে রামের চরণ বন্দনা করলেন।

সংগ্রীবের আদেশে বানরগণ পতঙ্গপালের ন্যায় মেগিনী আচ্চর ক'রে বালা করলে। সকলেই আস্ফালন ক'রে বলতে লাগল, আমি একাই বাবদ বধ ক'রে সীতার উদ্ধার করব।

বানররা চলে গেলে রাম স্থাবিকে জিল্লাসা করলেন, তুমি ভূম-ডলের সর্বস্থান কি করে জানলে? সংখ্যীব বললেন, বালী দ্ব্যুভি(১)কে

⁽১) টীকাকার বলেন, এখানে ব্ল্ডির অর্থ তংগ্র মারাবী।

বধ করে কিন্কিন্ধার ফিরে এলে আমি প্রাণভরে পলারন করি এবং বালী আমাকে মারবার জন্য অনুসরণ করেন। সেই সময়ে আমি সমস্ত প্রধিবী পর্যটন করেছিলাম। অবশেষে হনুমান আমাকে বলেন যে মতক মুনির শাপে তার আশ্রমের কাছে বালী আসতে পারেন না, তথন আমি মতকাশ্রমের নিকটবর্তী-ক্ষেম্ক পর্যতে আশ্রয় গ্রহণ করি।

১৫। তাপদী স্বরন্প্রতা—অলবের বিবাদ

[नग ं ८१-७७]

দেসকল বানর পূর্ব উত্তর ও পশ্চিম দিকে গিয়েছিল ভারা এক মাস পরে নিরাশ ও ভাত হয়ে ফিরে এসে স্ফ্রাবকে বললে, আমরা আপনার নির্দেশ অনুসারে সর্বত্র অন্বেবণ করেছি, কিন্তু সাতাকে কোথাও পাওয়া গেল না। সাতা যে দিকে আছেন হন্মান সেই দিকেই গেছেন, তিনি নিশ্চর সাতার সন্ধান পারেন।

তার ও অঙ্গদের সঙ্গে হন্মান দক্ষিণ দিকে গিরে বিদ্ধা (১) পর্ব তের গ্রে, নদী, গহন বন প্রভৃতি অন্বেষণ করলেন, কিন্তু দীতাকে পেলেন না। তাদের অন্চর বানরগণ বিচরণ করতে করতে এক স্থানে এল সেখানে বৃক্ষ পত্র পঙ্গে ফল নেই, নদীতে জল নেই, বনে কোনও পদ্পেকী নেই। প্রে সেখানে কন্তু নামে এক ক্রোধপ্রবণ মহর্ষি বাস করতেন। তার দলবংসরবরক্ষ প্রত্রের মৃত্যু হওয়ায় তিনি অভিশাপ দেন, তার ফলে সেই স্থানের এই দলা হয়েছে। সেখান থেকে যেতে বোনররা এক ভয়ংকর অস্ত্রেকে দেশতে সেলে। অস্বর মৃত্যু ত্লো আক্রমণ করতে এল। অক্স তাকে রাবদ মনে ক'রে করতলা দিরে প্রহার করে বধ করলেন।

বানরগণ অত্যন্ত প্রান্ত ও ভল্নোৎসাহ হয়ে এক ব্কের তলে বিশ্রাম করতে লাগল। অঙ্গদ তাদের সান্ধনা দিয়ে বললেন, আমরা অনেক বন

⁽১) এই বিদ্ধা মধ্যভারতের পর্বতমালা নর।

পর্বত নদী গ্রা প্রভৃতি অন্বেষণ করেছি কিন্তু জ্ঞানকীকে পাই নি। আমাদের সময় শেষ হয়ে আসছে, আর স্থাীবের শাসনও উগ্ন। অতএব এস আমরা আলস্য ও নিদ্রা ত্যাগ ক'রে প্নর্বার অনুসন্ধান করি। অঙ্গদের আদেশে বানরগণ চতুর্দিকে পর্যটন করতে করতে ক্ষ্রংপিপাসায় কাতর হয়ে ঋক্ষবিল নামক একটি প্রকান্ড গহ্বরের নিকট এল। হন্মান বললেন, এই গহরর থেকে হংস ক্রোণ্ড সারস জলার্দ্র হয়ে নির্গাত হচ্ছে, এর প্রান্তবর্তী বৃক্ষগর্বিও সরস, নিশ্চয় এখানে ক্পে বা হ্রদ আছে। তখন সকলে গহ_ৰরের ভিতরে গেল। তার অভ্যন্তর তিমিরাবৃত, কিন্তু ' সেজন্য বানরদের দুষ্টি বা বল ব্যাহত হ'ল না, তারা পরস্পরকে ধ'রে এক ষোজন পথ অগ্রসর হ'ল। অবশেষে তৃষ্ণা ও পরিশ্রমে অচেতনপ্রায় হয়ে তারা একটি আলোকিত বনে উপস্থিত হ'ল এবং সেখানে কাণ্ডনময় শাল তমাল চম্পক প্রভৃতি বৃক্ষ, বৈদ্যেমিয় বেদী, স্বৰ্ণুময় পদ্ম, মংস্য-কচ্ছপশোভিত সরোবর, স্বর্ণরোপ্যানিমিতি সপ্ততল ভবন, রত্নভূষিত শয্যা এবং নানাবিধ ভোজ্যবস্তু দেখতে পেলে। একজন চীরাজিনধারিণী তেজোমরী বৃদ্ধা তাপসীকে দেখে হন্মান কৃতাঞ্চলি হয়ে জিজাসা করন্দেন, আপনি কে, এই গহত্তর ভবন ভোজ্ঞাদ্রব্য রত্নাদি কার? আমরা পরিপ্রান্ত ও ক্ষ্ণিপাসায় কাতর হয়ে এখানে এসেছি।

তাপদী বললেন, ময় নামে এক মায়াবী দানব ছিলেন, তিনি দানবগলের বিশ্বকর্মা। ব্রহ্মার বরে মায়াবলে ময় এই হিরণমার অরণ্য ও
ভবনাদি নির্মাণ করেছেন। কিছুকাল এখানে বাস করার পর হেমা(১)
নামে এক অপ্সরার প্রতি তিনি আসন্ত হন, সে-কারণে ইন্দ্র তাঁকে
বন্ধাঘাতে বধ করেন। তখন ব্রহ্মা হেমাকে এইসমস্ত সম্পত্তি দান
করেন। আমি মের্সাবর্ণির কন্যা স্বয়্প্রভা, হেমা আমার সখী। তাঁর
অন্রোধে আমি এই বিশাল ভবন রক্ষা করাছ। আমি ফলম্লাদি
ভোজা আর পানীয় দিচ্ছি, তোমরা ভোজন ও পান করে বল কেন
এখানে এসেছ।

⁽১) উত্তরকান্ড ভৃতীর পরিক্রেদে আছে, হেমা মন্দোদরীর জননী।

সকল ব্তান্ত জানিয়ে হন্মান অবশেষে বললেন, আমাদের যে এক মাস সময় নির্ধারিত ছিল তা এই গহনুরে শ্রমণ করতে করতে অতিকান্ত হয়েছে। আমরা আপনার শরণাপশ্ল, এখান থেকে আমাদের উদ্ধার কর্ন, আমাদের মহৎ কর্ম সম্পাদন করতে হবে। তাপসী বললেন, এখানে এলে জাবিত ফিরে যাওয়া দ্বকর, কিন্তু আমি তপোবলে তোমাদের উদ্ধার করব, তোমরা চক্ষ্ম নিমালিত কর। বানররা হাত দিয়ে চোখ ঢাকলে নিমেষমধ্যে তাপসী তাদের গহনুরের বাইরে এনে বললেন, ওই বিদ্যাগির, ওই প্রশ্রবণ শৈল, ওই মহোদিধ। তোমাদের মঙ্গল হ'ক, আমি নিজ ভবনে ফিরে যাজিঃ।

বানররা দেখলে, তরঙ্গনমাকুল ঘোর সম্দ্র গর্জন করছে। বিদ্যা পর্বতের পাদদেশ্বে ব্রুলতাদি পশ্পভারাক্রান্ত, বসন্তকাল উপস্থিত হয়েছে। অঙ্গদ বললেন, আমরা কার্তিক মাসের শেষে বালা করেছি, স্থাবের নির্ধারিত কলে আত্রান্ত হয়ে গেছে। এখন কি করা উচিত ? আমরা অকৃতকার্য হয়েছি, আমালের মরণ নিশ্চিত, স্থানীবের আদেশ লক্ষন করে কে স্থে থাজতে পারে? আমাদের প্রায়োপবেশনে প্রাণত্যাগ করাই কর্তব্য। স্থাবি অতি কঠোরুগ্বভাব, আমাদের ক্ষমা করবেন না। তিনি আমাকে যৌবরাজা দেন নি, রামই দিয়েছেন। প্রে থেকেই আমার প্রতি তাঁর বৈর আছে, এখন আমার অপরাধ দেখলে নিশ্চয় বধদণ্ড দেবেন।

একদের কথা শনে ধ্থপতিগণ কর্ণদবরে বললো, স্থাবি নিন্ত্র-প্রকৃতি, আমাদের অকৃতকার্য লেখে নিশ্চর বধ করকো। যারা অপরাধী, প্রভূব কাছে তালের যাওয়া উচিত নয়। হয় সহিত্যর সংবাদ নিয়ে ফিরে যাব নয় তো এখানেই মরব।

তার ধললেন, বিধাদগ্রণত হয়ে না, যদি তোমাদের মত হয় তবে আমরা এই দ্র্রাম গহারেই বাদ করব, এখানে প্রচুর ভোজাপের আছে। ইন্দু রাম বা সাগ্রীব কারও ভয় এখানে নেই। বানর্গ্র এই আন্বাসবাক্য শ্রেন বললে, হাতে আমরা নিহত না হই সেই ব্যবস্থাই কর।

বহু, গুণের অধিকারী এবং বালীর বোগ্য পুত্র হয়েও অঙ্গদ তারের প্রস্থালা শ্নছেন—এই দেখে হন্মান ব্রুলেন যে কিছিক্স্যারাজ্য অপাদের করচ্যুত হয়েছে। বানরদের মধ্যে ভেদবৃন্দ্ধি জন্মাবার জন্য হন্মান কঠোরবাক্যে অঙ্গকে বললেন, তারার প্রে, তুমি তোমার পিতার চেয়ে ষ্দ্রপট্; কপিরাজ্যের ভার পিতার তুলাই বইতে পারবে। বানররা অতি অম্থিরমতি, এরা ধদি দ্যী পতে ছেড়ে এখানে বাস করে তবে কখনই তোমার বশে চলবে না। আমি সকলের সমক্ষে বলছি, তুমি সাম-দানাদি উপায়ে অথবা দশ্ডদ্বারা এই জাশ্ববান নীল সূহোত্র বা <mark>আমাকে</mark> কখনও স্থাীৰ থেকে বিচ্ছিন্ন করতে পারবে না। তারের কথা শনে তুমি মনে করেছ এই গহরুর নিরাপদ আশ্রয়, কিন্তু লক্ষ্মণের নিশিত বাণে এই স্থান পত্রপত্তির ন্যায় ভেঙে যাবে। তুমি এই গহত্তরে বাস করতে গেলেই বানররা তোমাকে ত্যাগ করে পালাবে, কারণ তারা দ্যী-প্রের বিরহে উদ্বিন্দ, বৃতুক্ষিত, এবং দৃঃবে অভিভূত। স্ত্দ্বব্রিত হয়ে লক্ষ্ণের তীক্ষ্য শরে প্রাণত্যাগ করবে। কিন্তু বদি আমাদের সঙ্গে বিনীতভাবে স্থাীবের কাছে যাও তবে তিনি তোমাকে উত্তরাধিকারী করবেন, কারণ তিনি ধার্মিক, তোমার প্রতি তাঁর ন্দেহ আছে, ভোমার মাতাকেও তিনি ভালবাসেন।

অক্সদ বললেন, স্থৈষ্য শৃত্তিতা অনুশংসতা বিক্তম ও ধৈর্য — এই-সকল গণে স্থাবির নেই। জ্যেণ্ঠ দ্রাতার পত্নী মাতৃত্বায়, কিন্তু দ্রাতার জীবন্দলাতে (১)ই তাঁকে গ্রহণ করে স্থাবি গরিত কর্ম করেছেন। বালী তাঁকে গহররদ্বারে অপেক্ষা করতে বলেছিলেন, কিন্তু স্থাবি সেই বার বন্ধ করে দিয়েছিলেন। রামের করম্পর্শ করে প্রতিজ্ঞা করেও তিনি ভূলে গিরেছিলেন। ধর্ম তরে নয়, কেবল লক্ষ্যণের ভয়েই স্থাবি আমাদের সীতার সন্ধানে পাঠিয়েছেন। এমন লোকের ধর্ম কোথাব? সেই চপল কৃত্যু পাশীকে তার কোনও আত্মীর বিশ্বাস করবে না। আমি তার ক্রেপ্ত, আমাকে রাজ্যও দেবে না বাঁচতেও দেবে না। অভএব

⁽১) বোধ হয় মারাবার সঙ্গে বালাত্র ক্ষকালে স্তাবৈ ভারাকে গ্রহণ করে-**হিলেন**।

প্রায়োপবেশনে প্রাণত্যাগ করাই আমার পক্ষে শ্রেয়। আমি কিন্দিকধ্যায় ফিরব না, তোমরা খ্রেতাত স্থাবিকে, রাম-লক্ষ্মণকে ও মাতা র্মাকে আমার প্রণাম জানিও, প্রবংসলা তারাকে সাম্থনা দিও।

অপ্রপূর্ণনয়নে বিষয়বদনে অঙ্গদ ত্থারে উপর শ্রের পড়লেন। বানররাও কাদতে কাদতে স্থাবির নিন্দা আর বালীর প্রশংসা করতে লাগল, এবং আচমন ক'রে প্রেম্থ হয়ে অঙ্গদকে বেণ্টন করে প্রায়োপ-বেশনে বসল।

১৬। সম্পাতি

[সর্গ ৫৬-৬০]

জটায়্র দ্রাতা চিরজীবী সম্পাতি বিশ্ব্যাগারতে বাস করতেন।
তিনি কন্দর থেকে বেরিয়ে এসে উপবিষ্ট বানরদের দেখে হুষ্ট হয়ে
বললেন, বিধির বিধানে বহুকাল পরে এইসব ভক্ষ্য আমার কাছে
উপস্থিত হয়েছে, এই বানররা ময়লে এদের আমি য়মে য়মে আহার
করব। সম্পাতির কথা শানে ভীত হয়ে অঙ্গদ হন্মানকে বললেন,
দেখ, পক্ষীর রুপ ধরে সাক্ষাং যম বানরদের বধ কয়তে এসেছেন।
রামের কার্য সম্পন্ন হ'ল না, স্ত্রীবের আদেশও পালিত হ'ল না, সহসা
এই অস্ক্রাতপূর্ব বিপত্তি উপস্থিত হয়েছে। গ্রেরাজ জটায়্র সীতাকে
রক্ষা করবার জন্য কি করেছিলেন তা সকলেই জানে। তির্যগ্রেমিন
পর্যন্ত প্রাণপণে রামের প্রিয়কার্য করেছে। আমরা রামের কার্যে
পরিশ্রান্ত হয়েছি, এখন জটায়্রর ন্যায় জীবন দেব।

তীক্ষাচন্দ্র সম্পাতি অস্পদের কথা শর্নে বললেন, আমার প্রাণাপেকা প্রিয় প্রতা জ্ঞার্র নিধনের কথা কে বলছে? বহুকাল পরে তাঁর নাম শ্নলাম। জনস্থানে রাক্ষসের সঙ্গে তাঁর কির্পে যুদ্ধ হয়েছিল? আমার পক্ষ স্বিকিরণে বস্থ হয়েছে, গমনের শক্তি নেই। বীরগণ, আমাকে এই পর্বতশৃত্ব থেকে নামাও।

সম্পাতিকে নামিয়ে এনে অঙ্গদ নিজের পরিচয় দিলেন এবং সীতা-

হরণ, জটায়্বধ, সীতাশ্বেষণে নিজের অকৃতকার্যতা ও প্রায়োপবেশনের সংকলপ সমস্ত বিবৃত করলেন। সম্পাতি বললেন, রাবণের সঙ্গে ধ্রুদ্ধে বিনি নিহত হয়েছেন সেই জটায়্ম আমার কনিষ্ঠ দ্রাতা। আমি বৃদ্ধ ও পক্ষহীন, সেজন্য প্রতিশোধ নেবার শক্তি আমার নেই। প্রাকালে ব্রাস্ক্রবধের পর জটায়্ম আরু আমি ইন্দ্রকে জয় করবার ইচ্ছায় আকাশ-মার্গে যাতা করি। মধ্যাহস্থের তাপে জটায়্ম অবসল্ল হয়ে পড়েন, স্নেহবশে আমি তাঁকে নিজের পক্ষ দিয়ে আচ্ছাদন করি। তাতে আমার পক্ষ দদ্ধ হয়ে গেল, আমি বিক্ষা পর্বতে নিপতিত হলাম। সেই অর্বাধ আমি এখানে আছি, দ্রাতার কোনও সংবাদ জানি না।

অঙ্গদ বললেন, জটায় বুষদি তোমার ভ্রাতা হন, আমার কথা ধ্যদি শ্বনে থাক, এবং রাবণের বাসস্থান যদি জান, তবে বল সেই রাক্ষসাধ্য দ্রে বা নিকটে কোথায় আছে। সম্পাতি বললেন, আমি নিবাঁষ, তথাপি কেবল বাক্যম্বারা রামকে সাহাষ্য করব। আমি বর**্ণলোক জানি**, বিবিক্তম বিষয় কর্তৃক আক্তান্ত হিলোক জানি, দেবাস্বরষ্ক, অম্তের নিমিত্ত সম্দ্রমন্থন, তাও জানি। আমি রামের কার্য অবশ্যই করতাম, কিন্তু জরাবলে নিস্তেজ হয়েছি। একদিন আমি দেখতে পাই দ্বাত্থা রাবণ একটি রূপবতী সর্বাভরণভূষিতা তর্নীকে হরণ ক'রে নিয়ে যাচ্ছে, তিনি 'হা রাম হা লক্ষ্মণ' ব'লে কাদছেন এবং অঙ্গ থেকে ভূষণ প্রেল ফেলে দিচ্ছেন। রামের নাম শানে বাঝলাম তিনিই সীতা। এখন রাবণের কথা বলছি শোন। সে বিশ্রবার পরে, কুবেরের ভাতা। এই সম্দ্রের অপর পারে শতযোজন দ্বে যে দ্বীপ আছে বিশ্বকর্মা সেখানে লম্কাপ্রী নির্মাণ করেছেন। রাবণ সেখানেই থাকে। লম্কার অস্তঃপ্রে সীতা অবর্দ্ধা আছেন, রাক্ষসীরা তাঁকে রক্ষা করছে। আমি দিব্য নেচের প্রভাবে এখান থেকেই রাবণ আর জ্ঞানকীকে দেখতে পাচ্ছি। জাতিগত কারণে এবং বিশেষপ্রকার খাদ্যের গ্রণে আমরা শতষোজনেরও অধিক দ্বে দেখতে পাই, আর যারা চরণ দিয়ে যুক্ষ করে(১) তাদের

⁽১) कृक्रोपि।

দ্খি বৃক্ষম্প পর্যশ্ত। এখন তোমরা সম্মূলব্দের উপায় দেখ। আমাকেও সম্মূতীরে নিয়ে চল, সেখানে স্বর্গত দ্রাতার উদ্দেশে তপ্ণ করব।

বানররা সম্পাতিকে সম্দ্রতীয়ে নিয়ে গিয়ে তপ'ণের পর ফিরিয়ে আনলে। তখন সম্পাতি এই পূৰ্বকথা বললেন।—আমি বিদ্যাপৰ্বতে পতিত হয়ে বহুকাল বাস করছি। স্পার্শ্ব নামে আমার একটি প্র আছে, সেই আমার খাদা এনে দেয়। একদিন সায়াহ্নকালে সে আমার আহার্য মাংস না নিয়েই ফিরে এল। আমি ভর্ৎসনা করলে সে বললে, পিতা, আহার আনবার জন্য আমি যথাকালে আকাশমার্গে গিয়ে মহেন্দ্র পর্বতের দ্বার আবৃত করি, সম্দুচারী বহু প্রাণী সেই পদ দিয়ে যাতায়াত করে। আমি তাদের পথরোধ করে <mark>অধোম্বৰে অপেকা</mark> করছিলাম এমন সময় দেখি, এক অঞ্চনবর্ণ পরুত্ব প্রাতঃসূর্যপ্রভা এক নারীকে নিয়ে যাচ্ছে। আমি স্থির করলাম, আহারের জন্য এদের ধরি, কিন্তু পরেষটি বিনীতবাক্যে পথভিক্ষা করলে আমি পথ ছেড়ে দিলমে, সে মহাবেগে আকাশপথে চলে গেল। তখন গগনচারী সিদ্ধগণ আমাকে বললেন. ভাগান্তমে ওরা বে'চে গেল। আমি জিজ্ঞাসা ক'রে জানলাম যে ওই পত্রেষই রাবণ এবং শোকাভিভূতা নারীই সীতা। পিতা, এই কারণে আমার বিলম্ব হ'ল। স্পাদেব'র কথা শ্নেও আমি কিন্তু করতে পারলাম না, কারণ আমার শক্তি নেই। এখন ব্যক্তিবলে এবং বাক্যমারা ভোমাদের সাহাষ্য করব।

সম্পতি তার পব আব একটি প্র্কিথা বললেন।— আমি দছপক হয়ে এখানে পতিত ইবার ছ দিন পরে সংশ্রালাভ করি। তার পর বিহলে হয়ে চতুদি কৈর গিরি নদী সম্দাদি দেখে ব্রুলাম যে এই স্থান দক্ষিণ সম্দ্রের তীরুস্থ বিষ্কাপর্বত। এই পর্বতে উগ্রতপা কষি নিশাকরের আশ্রম ছিল। তাঁর মৃত্যুর পরেও আমি আট হাজার বংসর এখানে বাস করছি। পূর্বে আমি আর জটায়ু প্রারই তাঁর পাদবন্দনা করতে বেতাম। অক্ষম হবার পর তাঁর দর্শনকামনার আমি অতি কণ্টে অগ্রসর হয়ে এক বৃক্ষম্লে অপেকা করতে লাগলাম। মহর্ষি সম্দু- দ্দানের পর ফিরে এসে আমাকে দেখে বললেন, সৌমা, তোমার বৈকল্য দেখে তোমাকে প্রথমে চিনতে পারি নি। প্রের্বামান বার্বেগগামী কামর্পী দৃটি পক্ষী দেখতাম, তুমি তাদের জ্যেষ্ঠ সম্পাতি, আর জ্ঞটার্ তোমার কনিষ্ঠ। তখন তোমরা মন্যার্পে আমার চরণবন্দনা করতে। তোমার এমন দশা হ'ল কেন? আমি সব কথা বললে মহর্ষি মৃহ্ত্র্কাল ধ্যান করে বললেন তোমার পক্ষ ও প্রপক্ষ(১) আবার উদ্গত হবে, দৃশ্টি এবং বলও বৃদ্ধি পাবে। তুমি এখানেই অপেক্ষা কর এবং লোকহিতে রত থাক। সেই অর্বাধ আমি এখানে আছি। আমি রাবণের বীর্ষ জানি, তথাপি আমার প্রে স্পাম্ব সাঁতাকে উদ্ধার করে নি বলে আমি তাকে তিরম্কার করেছি। দশর্পের প্রতি স্নেহের জন্য আমার বা করা উচিত ছিল আমার প্রে তা করে নি।

এই কথা বলতে বলতে সম্পাতির দেহে অর্ণবর্ণ পক্ষোদ্গম হ'ল।
তিনি হুন্ট হয়ে বললেন, মহার্ব নিশাকরের প্রসাদে আমি প্রের র্শ
ও সামর্থ্য ফিরে পেলাম। তোমরা সীতার উদ্ধারের জন্য সর্বতোভাবে
বন্ধ কর, নিশ্চর কৃতকার্য হবে। সম্পাতি এই ব'লে নিজের শক্তি
পরীকার জন্য আকালে উন্ভীন হলেন। বানরগণ হুন্ট ও উৎসাহিত
হয়ে সীতান্বেষণের জন্য দক্ষিণ দিকে গেল।

১৭। সাগ্রলন্মনের উপক্রম

[সর্গ ৬৪-৬৭]

বানরগণ দক্ষিণ সম্দ্রের তীরে এসে দেখলে—
প্রসাহ্রতমিব চানার ক্রীড়ন্তমিব চানাতঃ।
ক্রচিৎ পর্বতমাত্রেন্চ জলরানিভিরাব্তম্যা
সংকূলং দানবেন্দ্রেন্চ পাতালতলবাসিভিঃ।
রোমহ্ব করং দৃষ্ট্রা বিষেদ্রং ক্রিপক্সরাঃয়
আকাশমিব দৃষ্পারং সাগরং প্রেক্ষা বানরাঃ।
বিষেদ্রং সহিতাঃ সর্বে কম্বং কার্যমিতি ব্রবন্য (১৪ া৫-৭)

⁽১) ভানা ও পালব।

— সম্দ্র ষেন কোথাও প্রসন্ত, কোথাও ক্রীড়াচণ্ডল, কোথাও পর্বত-প্রমাণ জলরাশিতে আব্ত। পাতালতলবাসী দানবেন্দ্রগণের বিচরণস্থান এবং আকাশের ন্যায় অপার এই রোমহর্ষজনক সাগর দেখে বানরবীরগণ বিষাদগ্রসত হয়ে বলতে লাগল, এখন কি করা যায়?

অঙ্গদ তাদের আশ্বাস দিয়ে বৃদ্ধ বানরগণের সঙ্গে মন্ত্রণা করতে লাগলেন। যে বিশালে বানরবাহিনী তাঁকে বেন্টন ক'রে রইল তাকে দতন্ধ রাখা অঙ্গদ আর হন্মান ভিন্ন কারও সাধ্য ছিল না। অঙ্গদ সকলকে সন্বোধন ক'রে বললেন, তোমাদের মধ্যে কে এমন মহাবলশালী আছে যে এই শত্যোজন সাগর লন্দ্যন করবে? কে স্থাতীবের সত্যরক্ষা করবে? কার অন্থ্রহে আমরা রাম লক্ষ্যণ আর স্থাতীবের কাছে সহর্ষে ফিরতে পারব? তোমরা সকলেই বলবান, পরাক্ষান্ত, সংক্লজাত, সন্মানিত, তোমাদের সর্বন্ধ অবাধ্যতি। এখন বল, লন্দ্যনের শক্তি কার কত।

দলপতিগণ নিজ নিজ লম্ফের পরিমাণ জানালেন। গয় বললেন দল ষোজন, গবাক্ষ বিশ, শরভ হিশ, ঝষভ চল্লিশ, গরমাদন পণ্ডাশ, মৈন্দ ষাট, দ্বিবদ সত্তর, সংযোগ আশি। সর্বাপেক্ষা বৃদ্ধ জান্ববান বললেন, আমি এখন নন্দই ষোজন যেতে পারি, কিন্তু যৌবনকালে আমার শব্তি আরও অধিক ছিল। তখন অঙ্গদ বললেন, আমি এই শত্যোজন সাগর পার হ'তে পারি, কিন্তু ফিরে আসবার শক্তি আছে কিনা জানি না।

জান্বনন অঙ্গদকে বললেন, তুমি শতসহস্র যোজন গিরে ফিরে আসতে পার, কিন্তু বংস, তুমি আজ্ঞাদাতা, আমরা আজ্ঞাবহ। তুমি আমাদের প্রভু, প্রভূপরে ও আশ্রর, তোমার বাওয়া হ'তে পারে না। অঙ্গদ উত্তর দিলেন, যদি আমি না যাই এবং অন্যেও না যায় তবে আমাদের প্রায়োপবেশন করাই শ্রেয়। স্থাীবের আদেশ পালন না ক'রে যদি ফিরি তবে আমাদের প্রাণ যাবে। জান্ববান বললেন, তোমার কর্তব্যের কোনও হানি হবে না, আমাদের কার্যসাধনে যিনি সমর্থ তাঁকেই আমি নিয়োগ করছি।

তথন জাদ্ববান হন্মানকে বললেন, সর্বাদ্যক মহাবীর হন্মান, তুমি নীরব রয়েছ কেন? অস্বরাদের শ্রেষ্ঠা পর্বিভকস্থলা তোমার মাতা, যার অপর নাম অ**জনা। অভিন্যাপের ফলে** তিনি বানরেন্দ্র কুঙ্গরের দ্বহিতার্পে জন্মগ্রহণ করেন এবং কেশরীর সন্গে তাঁর বিবাহ হয়। একদা র্পযৌবনশালিনী কামর্পিণী অঞ্নাকে দেখে মৃদ্ধ হয়ে বার্ তাঁকে আলিঙ্গন করেন। পতিব্রতা অঞ্চনা ডংর্সনা করলে বায়্র বললেন, ষশস্বিনী, ভয় পেয়ো না, আমি তোমার অনিষ্ট করি নি, আমি মনে মনেই সংগত হয়েছি, তার ফলে তোমার একটি বীর্ষবান ব্যক্ষিমান মহাবলপরাক্তম আমারই সমান বেগবান পতে হবে। মহাবীর, অ**জ**না তুষ্ট হয়ে গ্রেমধ্যে তোমাকে প্রসব করলেন। তুমি মহারণ্যে নবোদিছ স্যে দেখে ফল মনে ক'রে ধরবার জন্য আকাশে তিন শত ষোভ্তন উঠেছিলে, কিন্তু ইন্দ্র ক্রন্ধ হয়ে তোমার উপর বন্ধ্র নিক্ষেপ করেন। তখন তুমি শৈল্পিখরে নিপতিত হও, তোমার বাম হন্ত ভন্ন হয়ে বায়, সেই অবধি তোমার নাম হন্মান। তোমাকে প্রহত দেখে বায়, অত্যান্ত ক্রান্ধ হন। অবশেষে ব্রহ্মা এই বর দিলেন যে তুমি অস্চে অবধ্য হবে। তুমি বক্সাঘাতেও জীবিত আছ দেখে ইন্দ্রও প্রীত হয়ে তোমাকে ন্বেচ্ছা-মৃত্যু বর দিলেন।(১) হে মহাতেজা সর্বগ্রাদ্বিত প্রনপ্র, আমরা হতাশ হরেছি, তুমি এখন তোমার বিক্রম প্রদর্শন কর, এই বানরবাহিনী তোমার বিক্রম দেখতে চায়।—

উত্তিত হরিশাদ্লি লক্ষ্যন মহার্থম।
পরা হি সর্ভূতানাং হন্মন্ধা গতিন্তব।
বিষয়া হরয়ঃ সর্বে হন্মন্ কিম্পেক্ষ্যে।
বিক্রমন্ব মহাবেগ বিক্রমানিব। (৬৬।৩৬-৩৭)

— বানরশ্রেষ্ঠ, ওঠ, মহাসাগর জন্মন কর, তোমার এই লব্দাগমন সর্ব-ভূতের মঙ্গলকর হবে। হন্মান, সমস্ত বানর বিষয় হয়ে রয়েছে, তাদের

⁽১) উত্তরকাশ্চের বাদল পরিক্ষেদে হন্মানের প্রবি্তালত আছে।

বাল্মীকি-রামারণ

উপেন্সা করম কেন? হে মহাবেদশালী, বিক্র তিন পাদক্ষেপের ন্যার পাদক্ষেপ করে তুমি অগ্রসর হও।

তখন হন্মান শতবোজন সমত্র লন্ধনের উপব্ত আকার ধারণ করে লাস্কল আম্ফালন করতে লাগলেন। তিনি বানরবৃদ্ধাণকে অভিবাদন করে বললেন, সকলে নিশ্চিন্ত হও, আমি বৈদেহীকে দেখব। এখানকার শিলাসমূহ আমার উল্লেখনের প্রতিঘাত ধারণ করতে পারবে না, আমি ওই মহেন্দ্র পর্বতের বিশাল স্থির শিধর থেকে লম্ফ দেব।

368

সুন্দরকাণ্ড

১। হন্মানের সাগরলম্ম

[সর্গ ১]

মহেন্দ্র পর্বতে এসে হন্মান কৃতাঞ্চলি হয়ে স্থাইনদ্র ও ভূতগণকে বন্দনা করলেন এবং প্রাস্থাইয়ে জন্মদাতা স্বয়ন্তু পবনদেবকে অর্চনা করে পর্বজালে(১) সম্দ্রের ন্যায় স্ফীত হ'তে লাগলেন। তার বাহ্ব ও চরণের নিপীড়নে পর্বত বিচলিত হয়ে মন্ত মাতশ্যের ন্যায় জলপ্রাব করতে লাগল। বৃক্ষ্চাত প্রপরাশিতে পর্বত প্রস্থাময় হল, বিশাল শিলাসকল স্থালিত হয়ে পড়ে গেল, গ্রোম্মত প্রাণিগণ বিকৃতস্বয়ে চিংকার ক'রে উঠল, স্বাস্তকচিহ্নিত ফ্লামর স্পাসকল অনল উদ্গার করে শিলা দংশন করতে লাগল। বিদ্যাধর্ষণ তাদের পানভূমির হিরণার আসন, পাত্র ও মাংসাদি বিবিধ ভোজা ত্যাগ ক'রে সালংকারা পরীদের সঙ্গে সক্লোতুকে এই আশ্চর্য ব্যাপার দেখতে এল।

হন্মান তার লোমাজ্জন কুণ্ডালিত লাস্ত্রল আস্ফালন করতে লাগলেন, যেন মহাসর্প নিয়ে গর্ড খেলা করছেন। তিনি বিশাল ভূজন্বয়ে পর্বতে ভর দিয়ে কটিদেল চরণ ও কর্ণ সংকৃচিত করলেন এবং প্রাণবায়্ব রোধ করে বানরদের বললেন, আমি রামের হস্তানিক্ষিত লরের ন্যায় লন্কায় য়বে, য়িদ জনকনিন্দনীকে সেঝানে না দেখি তবে সমান বেগেই স্রলোকে য়ব। য়িদ সেঝানেও তাঁকে না পাই তবে রাবণ সমেত লন্কাপরে উৎপাটিত করে নিয়ে আসব। এই ব'লে তিনি লক্ষ্ণ দিলেন।

বান্ধবগণ ষেমন দীর্ঘ পথষাত্রীর অনুগমন করে, সৈন্যদল ষেমন রাজার সঙ্গে যায়, সেইর্প পর্বতের সারবান বৃক্ষসকল উৎপাটিত হয়ে

⁽১) অমাবস্যা প্রিমা, বখন কটালের জোরার হয়।

হন্মানের সঙ্গে ধাবিত হ'ল এবং পর্ণপ বিকীণ ক'রে ক্রমণ সাগরজলে পড়তে লাগল। আকাশে প্রদারিত তাঁর দুই বাহ্ যেন গিরিশ্র থেকে নিগতি পশ্বম্থ সর্প, তিনি ষেন পিপাস্থ হয়ে উমিমিয় মহাসাগর ও আকাশ পান করছেন। তাঁর পিঙ্গল চক্ষ্ণ বিদ্যুতের ন্যায় উল্জ্বল, মুখ ও নাসিকা সান্ধা স্থের ন্যায় তামবর্ণ, লাঙ্গলে ইন্দ্রধ্বজের ন্যায় উধের্ব উত্থিত। তাঁর বাহ্মুশ্লে আবদ্ধ বায়্ব মেঘের ন্যায় গর্জন করতে লাগল। তাঁর গতিপথের নিদ্দুশ্থ জলরাশি উন্মত্তের ন্যায় তরঙ্গায়িত হ'ল।—

তস্য বেগসম্দ্য্ন্তং জলং সজলদং তদা।
অন্বরুপ্থং বিবদ্রাজে শরদ্দ্রমিবাততম্
।
তিমিনক্র্বাঃ ক্র্মা দ্শ্যুদ্তে বিবৃতাস্তদা।
বস্তাপক্র্যুণেনের শরীরাণি শরীর্ণাম্॥ (১।৭১-৭২)
দশ্যোজন্বিস্তীণা তিংশদ্যোজন্মায়তা।
ছায়া বানর্সিংহস্য জবে চার্ত্রাভবং॥ (১।৭৪)
শ্বুত্র স্মহাতেজা মহাকায়ো মহাক্পিঃ।
বার্মার্গে নিরাল্ভের পক্ষ্বানির প্র্ব্তঃ॥ (১।৭৬)

— তাঁর গমনের বেগে উধের্ব আকৃষ্ট জল মেঘলোকে এসে শারদীয় জলদের ন্যায় আকাশে ছড়িয়ে পড়ল। বস্তু আকর্ষণ করে নিলে যেমন মান্বের সকল অঙ্গ প্রকাশিত হয়, সেইর্প তিমি নক্ত মংস্য ক্র্মাদি অনাব্ত হয়ে দৃষ্টিগোতর হ'ল। সেই বানরসিংহের ছায়া দশ যোজন বিস্তৃত, ত্রিশ যোজন দীর্ঘ, দ্রুতগতির জন্য তা অতি স্কৃশ্য। সেই মহাতেজা মহাকায় মহাকপি বায়্মার্গে পক্ষয্ত পর্বতের ন্যায় শোভিত হলেন।

হন্মান মহাবেগে ধাবিত হচ্ছেন দেখে দেবতা গন্ধর্ব ও দানবগণ প্তপর্বান্ট করতে লাগলেন, স্থা তাপদানে বিরত হলেন, বায়, তাঁকে বীজন করতে লাগলেন। তখন সাগর এই চিন্তা করলেন—ইক্ষ্বাকৃ-কুলজাত সগরপ্তগণ আমাকে বিধিত করেছিলেন, এই হন্মান ইক্ষ্বাকৃবংশীর রামের সচিব, একে বদি সাহাষ্য না করি তবে আমি সকলের নিন্দাভাজন হব। এই ভেবে তিনি জলমণন মৈনাকপর্বতকে বললেন, গিরিবর, তুমি উত্থিত হও, ভীমকর্মা হন্মান গ্রান্ত হয়েছেন, তোমার উপর তিনি বিভাম করবেন।

বৃক্ষ ও লতায় আবৃত মৈনাক তখনই সাগরক্তল ভেদ ক'রে উখান করলেন। তাঁর কাশুনময় শ্লেগর প্রভায় অসিবর্গ আকাশ স্বর্ণাভ হ'ল। সাগর খেকে উদ্গত এই পর্বতকে হন্মান বিদ্যাস্বর্গ জ্ঞান করলেন এবং তাকে বক্ষের আঘাতে পাতিত ক'রে অগ্রসর হলেন। তখন মৈনাক নিজের শিখরে মান্যের রূপে আবিভূতি হয়ে বললেন, বানরোন্তম, তুমি দ্বক্ষর কর্মা করছ, এখন আমার শ্লেস ব'সে বিশ্রাম কর, তার পর আবার বেরো। তোমার সঙ্গে আমার কিছ্ সম্বন্ধ আছে। তুমি মার্তের পরে, আমি তোমার সেবা করলে মার্তেরও সেবা হবে। বংস, সত্যব্দে পর্বতদের পক্ষ ছিল, তারা সকল দিকে গর্ভের নাায় শ্রমণ করত। তাতে দেবতা ঋষি ও প্রাণিগণ সকলেই ভরে থাকতেন পাছে পর্বত নিপতিত হয়। ইন্দ্র বন্ধুখারা সমস্ত পর্বতের পক্ষছেদ করতে লাগলেন। তিনি বখন' আমার কাছে এলেন তখন তোমার পিতা পবনদেব আমাকে সম্দ্রকলে নিক্ষেপ করে রক্ষা করেন। মার্তি, এই কারণে তুমি আমার আদরণীয়, পিতৃসম্পর্কে আমিও ভোমার মান্য। তোমাকে দেখে প্রীত হয়েছি, তুমি এখানে শ্রান্ত দ্রে কর।

হন্মান উত্তর দিলেন, তোমার কথাতেই আমি আতিথা লাভ করেছি। দৃঃথিত হয়ে। না, আমার কার্যে বিলম্ব করা চলবে না, দিনও শেষ হয়ে এল, কোথাও বিশ্রাম করব না এই আমার প্রতিজ্ঞা। এই বলৈ একট্ হেসে মৈনাক পর্বতিকে হস্ত দারা স্পর্গ করে হন্মান আকাশে ধাবমান হলেন। ইন্দ্র প্রতি ইয়ে মৈনাককে বললেন, তোমার আচরণে সম্ভূণ্ট হরেছি, তোমাকে অভয় নিচ্ছি, এখন যেখানে ইচ্ছা যেতে পার। বরলাভ করে মৈনাক প্রত্বার সাগরে প্রবেশ করলেন।

অনন্তর দেবতা গন্ধর্ব সিদ্ধ ও মহর্ষিগণ নাগমাতা স্বমাকে বললেন, এই প্রননন্দন হন্মান সাগর লখ্যন করছেন, আমরা এ'র শক্তি

পরীক্ষা করতে চাই। তুমি ঘোর রাক্ষসর্প ধারণ ক'রে ক্ষণকাল এ'র বিঘা কর। স্রমা ভয়াবহ ম্তিতে হন্মানের পথ রোধ ক'রে বললেন, বানরশ্রেষ্ঠ, দেবতারা তোমাকে আমার ভক্ষার্পে নির্দেশ করেছেন, অতএব আমার মূখে প্রবেশ কর। এই ব'লে তিনি বিপলে মুখব্যাদান ক'রে রইলেন। হন্মান বললেন, আমি রামের দ্ত, সীতার কাছে যাচ্ছি। তুমি রামের অধিকারে বাস কর, তাঁকে সাহাষ্য করা তোমার উচিত। আমি কথা দিচ্ছি আমার কাজ শেষ হ'লে তোমার মূথে প্রবেশ করব। সূরুমা বললেন, আগে আমার মূথে এস তার পর অন্যত্র বেয়ো। হন্মান জুম্ধ হয়ে বললেন, তবে আমার আকারের অনুরূপ মুখবিস্তার কর। হনুমানের দেহ ক্রমশ দশ হিশ পঞাশ সত্তর ও নন্দাই যোজন হ'ল, স্কুর্মাও বিশ চল্লিশ খাট আশি ও শত ষোজন মুখব্যাদান করলেন। হনুমান মুহ্তমধ্যে অঙ্গুঠপ্রমাণ হয়ে স্রুমার মুখে প্রবেশ ক'রে আবার নিজ্ঞান্ত হলেন এবং অন্তরীক্ষে উঠে বললেন, দাক্ষারণী, নমস্কার, আমি ত্যেমার কথা রেখেছি, এখন সীতার কাছে যাচ্ছি। সূর্যা তখন স্বম্তি ধারণ ক'রে বললেন, সোমা, যেখানে ইচ্ছা যাও, রাম-সীতার মিলন ঘটাও।

সিংহিকা নামে এক কামর্পিণী রাক্ষসী ছিল। সে আকাশগামী হন্মানকে দেখে থাবার ইচ্ছায় তাঁকে ছায়া দ্বারা ধরলে। সহসা গতি-রোধ হওয়ার হন্মান চারিদিকে চাইতে লাগলেন এবং অবশেষে দেখলেন, লবণান্দ্র থেকে এক বিকটাননা রাক্ষসী উঠছে। হন্মান ব্যলেন, এই সেই ছায়াগ্রাহী জবি, স্থাবি যার কথা বলেছিলেন। তিনি বর্ষার মেঘের ন্যায় বর্ধিত হলেন, সিংহিকাও আকাশপাতালব্যাপী ম্থবিস্তার করলে। তখন হন্মান অতি ক্রেকায় হয়ে সিংহিকার শরীরে প্রবেশ করলেন এবং তীক্ষা নখাদ্বাতে মর্মস্থান ছিল্ল করে তাকে বধ করে আবার নিজ্ঞান্ত হলেন। আকাশচারী সিদ্ধচারণাদি বললেন, বানবেন্দ্র, তুমি ভীম কর্ম করেছ, তোমার হস্তে এই মহাবলা রাক্ষসী নিহত হয়েছে, এখন নির্বিদ্যে অভীন্ট সাধন কর।

মহাবেলে থেতে থেতে হন্মান সম্দ্রের পরপারে বনরাজী-সমন্বিত ৰীপ এবং তার উপক্লেম্থ বৃক্ষ নদী উপবন প্রভৃতি দেখতে পেলেন। তার বিশাল দেহ আর মহাবেগ দেখলে রাক্ষ্সরা কৌত্হলাবিন্ট হবে এই ভেবে তিনি স্বাভাবিক আকার ধারণ করলেন। তার পর তিনি মহাসাগর উত্তীর্ণ হয়ে কেতক উম্দালক(১) নারিকেল প্রভৃতি বৃক্ষে শোভিত লম্ব পর্বতে অবতরণ করলেন এবং সেখান থেকে অমরাবতীর ন্যায় লঞ্কাপ্রী দেখতে পেলেন।

२। जन्काभूडी

[সর্গ ২-৫]

তিক্ট পর্বতের উপর অবন্ধিত লঙ্কার অভিমুখে যেতে যেতে হন্মান হরিদ্বর্গ তৃগাচ্ছয় ভূমি, পর্নিগত বনরাজী, সরল কর্ণিকার কুটজ কদন্ব প্রভৃতি বৃক্ষ এবং হংস-কারণ্ডব-সমাকীর্ণ পদ্ম-উৎপল্লাভিত বহু সরোবর দেখতে পেলেন। পরিখা ও প্রাকারে বেন্টিত বিশ্বকর্মা-নির্মিত লঙ্কা আকাশন্ধ দেবপ্রবীর ন্যায় রমণীয়। এই মহাপ্রবীর গগনন্পশা উত্তরন্বারে এসে হন্মান ভাবলেন, বানরসেনার এখানে আসা নির্থক হবে, এই দ্বর্গম স্বরক্ষিত লঙ্কা জয় করা দেবগণেরও অসাধ্য। রাম এখানে এলেই বা কি করবেন? যাই হ'ক বৈদেহী জীবিত আছেন কিনা আগে জানি, তার পর কর্তব্য দ্পর

সন্ধাকালে হনুমান দেহ সংকৃতিত ক'রে মার্ক্সারপ্রমাণ হয়ে লখ্কা-প্রেরীতে প্রবেশ করলেন। সেখানে সম্দ্রবায়্ব প্রবাহিত হচ্ছে, কিংকিণীর ধর্নি সহকারে পতাকা উড়ছে, ময়্র ও রাজহংস বিচরণ করছে, ত্র্ব ও ভূষণের রব শোনা যাচ্ছে। হনুমান সবিদ্যায়ে দেখলেন, লখ্কার বারসমূহ স্বর্ণময়, সোপান বৈদ্র্বরিচত, সর্ব স্থান দীপালোকে ও জ্যোৎস্নায় উদ্ভাসিত।

⁽১) **শ্লেন্**মাতক, বহুবার বা বহুরারি।

স্বয়ং লম্কানগরী বিকটর্পে ম্তিমতী হয়ে ভীমরবে হন্মানকে বললে, বানর, তুমি কে, কেন এখানে এসেছ? সত্য বল, নতুবা তোমার প্রাণ যাবে। হন্মান বললেন, হে দার্ণা বির্পনয়না, তুমি কে? **ভ**ন্ম হয়ে আমাকে ভংসনা করছ কেন? কামর্পিণী লঞ্চা উত্তর দিলে, আমি রাক্ষসরাজ রাবণের আজ্ঞাপালিনী, এই নগরী রক্ষা কর্রছি, আমাকে অগ্রাহ্য করে কেউ এখানে আসতে পারে না। আমি স্বয়ং এই নগরী (১), আজু আমার হাতে তোমাকে মরতে হবে। হন্মান পর্বতের ন্যায় স্থির হয়ে বললেন, এই প্রাসাদ-প্রাকার-তোরণ-শ্যোভিত লক্ষাপরে দেখবার জন্য আমার কোত্হল হয়েছে তাই এখানে এসেছি। লঞ্কা বললে, মূর্খ, আমাকে জয় না ক'রে প্রবেশ করতে পারবে না। এই ব'লে সে ভীমরবে হন্মানকে চপেটাঘাত করলে। হন্মান অত্যন্ত ক্রুম্থ হলেন, কিন্তু লঙ্কা স্তালোক এজন্য তাকে ব্যম্ম**্**ষ্টির মৃদ**্ প্রহারে** ভূপাতিত করলেন। তখন লঙ্কা সবিনয়ে বললে, বানরোত্তম, প্রসন্ন হও। পূর্বে ব্রহ্মা আমাকে বলেছিলেন, যথন কোনও বানর তোমাকে পরাজিত করবে তখন জানবে যে রাক্ষসদের বিপদ আসন্ন। এখন ব্ঝলাম যে সীতার জন্য রাবণ ও সমুহত রাক্ষ্য ধর্ংস হবে। বানরেশ্বর, তুমি এই অভিশৃত প্রেরীতে স্বচ্ছন্দে প্রবেশ করে জানকীকে অন্বেষণ কর।

প্রীমধ্যে এসে হন্মান দেখলেন, লাংকার রাজপথ স্থাণত ও
কুস্মাকীর্ণ, ভবনসমূহ শ্রুমেঘবর্ণ এবং পদ্ম ও স্বাস্তিকের আকারে
নিমিত। কোথাও মধ্র সংগীত, কোথাও ভূষণের নিরূপ, কোথাও
সিংহনাদ, কোথাও বা বেদপাঠ হচ্ছে। একটি গৃহে বহু গৃহত্তর রয়েছে,
তাদের কেউ জটাধারী কেউ মুন্ডিত্মস্তক। বর্মধারী রাক্ষসরা বিবিধ
অস্ত্র নিয়ে ঘুরে বেড়াচ্ছে, তারা বিরূপ ও বহুর্প, স্রূপ ও তেজস্বী।
স্বারদেশে অন্বর্গ স্থোধন্নি করছে, রথ বিমান ও চতুদানত ন্বেতহস্তী
সাল্জত রয়েছে, মুগ্পক্ষী কলরব করছে।

⁽১) নগরীর অধিষ্ঠান্তী।

৩। বাৰণের ভবন

[সর্গ ৬--১১]

হন্মান বিচরণ করতে করতে রাবণের ভবনে উপস্থিত হলেন।
তার প্রাকার উচ্জাল রন্তবর্ণ, স্থানে স্থানে রোপ্যানিমিত স্বর্ণশাচত
তোরণ ও স্মান্জিত বিচিত্র প্রকোষ্ঠ। গজারোহী মহামার,(১) বেগবান
আন্ব ও র্থসহ সার্রথি, অক্লান্ডকর্মা বীরগণ এবং সালংকারা বরনারীগণ
সেখানে ররেছে। ভেরী মৃদ্ধ্য ও শৃত্য বাজছে এবং দেবতাদের নির্মান্ত
প্রা হচ্ছে। অনেক গৃহ ও উদ্যান অতিক্রম করে হন্মান ক্রমে প্রম্
প্রহন্ত মহাপান্ব কুল্ভকর্ণ বিভীষণ বির্পাক্ষ বিদ্যুক্মালী শৃক সারণ
ইন্দ্রজিং ধ্যাক্ষ প্রভৃতি রাক্ষসদের গৃহ দেখলেন। অবশেষে তিনি
রাবণের নিকেতনে উপস্থিত হলেন। সেখানে নানা আকারের শিবিকা
এবং লতাগৃহ চির্লালা ক্রীড়াগৃহ ক্রীড়াপ্রত কামগৃহ দিবাগৃহ ধন্শালা
প্রভৃতি দেখলেন।

ততো দদশোচ্ছিত্ৰ তমে বর্পং
মনোহরং কাঞ্চনচার্র্পম্।
রক্ষোধিপস্যাত্মবলান্র্পং
গ্রেত্তমং হাপ্রতির্পর্পম্॥
মহীতলৈ স্বর্গমিব প্রকীর্ণং
শ্রিয়া জনলন্তং বহ্র রকীর্ণম্।
নানাতর্ণাং কুস্মারকীর্ণং
গিরেরিবাত্তং রজসাবকীর্ণম্।
নারীপ্রবেকৈরিব দীপ্যমানং
তড়িদ্ভিরশ্ভোধরমর্চামানম্।
হংসপ্রবেকৈরিব বাহামানং
শ্রিয়া যুতং খে সুকৃতং বিমানম্॥ (৭।৫-৭)

— অনন্তর তিনি একটি সর্বোংকৃষ্ট গৃহ দেখলেন যা মেষের ন্যায় উন্নত, . কাঞ্চনে ভূষিত, মনোহর এবং রাক্ষসাধিপতির প্রতাপের অন্রূপ। দ্বর্গ

⁽১) भार,७।

বেন মহীতলৈ অবতীর্ণ হয়েছে, বহু রক্ষের দীপ্তিতে সেই গৃহ শোভান্বিত এবং গিরিলিখরের ন্যায় নানা তর্র কুস্মে ও রেণ্তে আকীর্ণ। মেঘ যেমন তড়িমালায় ভূষিত হয়, সেই গৃহ সেইর্প বহু বরনারীর সমাবেশে সম্ভেরল, যেন শ্রেণ্ঠ হংসবৃদ্দ একটি স্গঠিত শোভান্বিত বিমান আকাশে বহুন করছে।

হন্মান বহ্রপ্রভূষিত স্বর্ণগবাক্ষয়ন্ত রাবণের প্রশেক রথও দেখলেন। বিশ্বকর্মা কর্তৃক বহু আশ্চর্য বস্তুর সমবায়ে নির্মিত এই রথ বায়্পথে স্থের গতিমার্গ পর্যন্ত উঠতে পারে। কুবেরকে পরাস্ত ক'রে রাবণ এই রথ অধিকার করেছিলেন। এর হিরণায় স্তুম্ভর্গালির উপর সহাম্গের(১) প্রতিম্তি আছে। কুডলধারী বহুভোজী নিশাচর ভূতগণ ঘ্রিতনয়নে মহাবেগে এই রথ বহন(২) করে। হন্মান একবার তাতে চ'ড়ে দেখলেন।

রাবণের বাসগৃহ এক যোজন দীর্ঘ, অর্ধ যোজন বিস্তৃত। চতুর্দণ্ড ও বিদণ্ড মাতংগরা সেখানে মুক্ত হয়ে বিচরণ করছে, রক্ষকগণ অস্ত্র উদ্যত করে সর্বদা তাদের রক্ষা করছে। রাবণের রাক্ষসী পত্নীগণ এবং বলপ্রয়োগে সংগৃহীত রাজকন্যাগণ সেখানে বাস করেন। হন্মান রাবণের শয়নগৃহে এলেন। জননী যেমন পণ্ড ইন্দ্রিয়ের তৃষ্ঠিবিধান করেন, সেই গৃহ হন্মানকে সেইর্প পরিতৃষ্ঠ করলে। তিনি ভাবলেন, একি স্বর্গ, না ইন্দ্রপর্রী, না গান্ধর্বী মায়া? তথন অর্ধরার, কাণ্ডনস্তন্তের উপর প্রদীপ জরলছে, নানা বেশভ্ষাধারিণী সহস্ত্র বরনারী পানমন্ত হয়ে বিচিত্র আস্তরণের উপর নিঃশন্দে ঘ্রিয়ের আছে, বোধ হছে যেন হংস-দ্রমরের রবশ্না পদ্মবন। হন্মান ভাবলেন, প্রাক্ষর হ'লে যেসকল তারকা গগনচ্যুত হয় তারাই এখানে মিলিত হয়েছে। এইসকল নারীদের কেশপাশ মুক্ত, তিলক বিল্বুষ্ঠ, ন্পুর হার মালা কাণ্ডী ও বসন স্থালিত। তারা রাবণবোধে পরস্পরকে জড়িয়ে ধ'রে শ্রেম আছে।

⁽**১) ব্ক, নেকড়ে**।

⁽২) বৃষ্ণকাশ্ডে চতুদিরংশ পরিচ্ছেদে আছে, এই রথ হংসবাহিত।

সেই গ্রেছ হন্মান একটি স্ফটিকময় বেদী দেখলেন, তার উপরে হািন্তদনত ও কাঞ্চন নিমিতি বৈদ্ধাভূষিত পর্যাণক রাজেছে। তার এক প্রাণ্ডে দাশান্দন্দ্র রাজছের এবং চতুর্দিকে চামরহস্তা প্রতালকা বীজন করছে। এই পর্যাণক মহার্য আস্তরণের উপর রাবণ নির্দ্তি আছেন। তাঁর বর্ণ মেঘের ন্যায়, গাত্র স্থান্ধ রক্তচন্দনে চচিতি, পরিধানে স্বর্ণালংকৃত বন্দ্র। তিনি দিব্য আভরণে ভূষিত, কামর্পী ও স্বর্প। হন্মান প্রথম দর্শনে ভীত হয়ে কিঞ্চিং সারে গেলেন, তার পর বেদীর সোপান আরোহণ করে নিদ্রামণন মন্ত রাবণকে দেখতে লাগলেন। তাঁর চার দিকে চারটি কাঞ্চনদীপ জরলছে, পাদম্লে পত্নীরা শ্রেষ আছেন। একটি প্রক শ্যায়ে রাবণের প্রিয়া মহিষী অন্তঃপ্রেন্বরী কনকবর্ণা মন্দোদরী রয়েছেন, তাঁর সৌন্দর্যে সেই শ্য়নগৃহ যেন বিভূষিত হয়েছে। ইনিই সাঁতা এই ভেবে হন্মান

আন্ফোটয়ামাস চূচুন্ব প্ৰাক্তং ননন্দ চিক্ৰীড় জগো জগাম। স্তম্ভানবোহামপপাত ভূমো নিদশ্যন্ স্বাং প্ৰকৃতিং কপীনাম্॥ (১০ া৫৪)

— আনন্দে তাল ঠকে পক্ষে চুম্বন করে থেলতে লাগলেন, গান গাইলেন, স্তম্ভের কাছে এগিয়ে গেলেন এবং আরোহণ করে আবার ভূমিতে পড়লেন। এইর্পে তিনি নিজের বানরস্বভাব প্রদর্শন করলেন।

অনন্তর হন্মান স্থির হয়ে ভেবে দেখলেন, রামের বিরহে সীতা এইর্প বেশভ্ষা ধারণ করে মন্ত হয়ে শ্রে থাকতে পারেন না, ইনি নিশ্চয় অন্য কেউ। তার পর তিনি রাবণের পানভূমিতে গেলেন। সেখানে র্পলাবণ্যবতী স্ভূষিতা সহস্র অধ্যনা নৃত্য গাঁত বা ক্রীড়ায় ক্রান্ত এবং মদ্যপানে বিহন্ত হয়ে ঘ্মিয়ে আছে। হন্মান দেখলেন, সেই গ্রে বিশাল স্বর্ণপাত্রে অভ্যু ময়্র ও কুয়য়্ট মাংস, দধিলবণষ্ত্ত বরাহ ও বায়নিস(১) মাংস, শল্য(২), মৃগ ও ময়্রের মাংস, অর্ধভিক্ষিত

⁽১) পক্ষী, মতাস্তরে ছাগ বা ম্প বিশেব। (২) সঞ্জার:

কুকল (১), ছাগ ও শশকের মাংস, স্বৃপক্ষ মহিষ ও একশল্য মংস্যের থাড় এবং অম্ল লবণ মধ্র প্রভৃতি রসয্ত্ত বিবিধ ভোজ্য লেহা ও পেয় সাজ্জিত আছে। নারীদের অনেক শধ্যা শ্না রয়েছে, অনেক শধ্যায় তারা পরস্পর আলিংগন ক'রে শ্রের আছে। হন্মান ভাবলেন, এইসকল নিদ্রিত পরস্থীকে দেখার ফলে নিশ্চয় আমার ধর্মলোপ হবে। আমি এপর্যান্ত পরদার নিরীক্ষণ করি নি, অধিকস্তু এখানে পরদারপরায়ণ রাবণকেও দেখলাম। তিনি আবার ভাবলেন, রাবণের স্থানা বিশ্বস্তচিত্তে শ্রের আছে, এদের দেখে আমার মনে তো কোনও বিকার হচ্ছে না। মনই ইন্দ্রিয়গণকে পাপপ্রণ্যে প্রবৃত্তি করে। আর, বৈদেহী যখন নারী, তখন তাঁকে নারীর মধ্যেই খ্রুতে হবে, মৃগীর মধ্যে নয়। আমি শৃষ্পচিত্তেই এখানে অন্বেষণ করেছি।

81 अस्त्राक्यन

লতাগৃহ চিত্রগৃহ নিশাগৃহ কোথাও সীতাকে না পেরে হন্মান ভাবলেন, নিশ্চয় সেই ধর্মশীলা সতী জীবিত নেই, দ্রাচার রাবণ তাঁকে বধ করেছে। হয়তো বিকটদর্শনা রাক্ষ্সীদের দেখে তিনি ভয়ে প্রাণত্যাগ করেছেন। আমার পোর্ষ আর পরিশ্রম বৃধা হল, আমি ফিরে গিয়ে বানরদের কি বলব? বৃশ্ধ জাম্ববান আর অপ্সদই বা আমাকে কি বলবেন? এখন আমার প্রায়োপবেশন করাই শ্রেয়। কিশ্চু উদ্যমই সৌভাগ্যের মূল, তাতেই স্থা, তাতেই কার্যসিন্ধি হয়। অতএব য়েসকল প্রান এখনও দেখা হয় নি সেখানে আমার যাওয়া উচিত। হন্মান প্রবার অনুসন্ধান করতে লাগলেন, অন্তঃপ্র, প্রাকারসংলান গৃহবীথী, চৈত্য, গহরর, প্রকরণী সর্বত্ত দেখলেন, কিশ্চু কোথাও সীতাকে পেলেন না। তখন তিনি প্রাকারে আরোহণ করে এইর্প চিন্তা করতে লাগলেন—গ্রয়াভ সম্পাতি বলেছেন সীতা এখানেই

⁽১) পক্ষী বিলেব।

আছেন, তবে তাঁর দেখা পাছি না কেন? হয়তো হরণকালে রাবণের হাত থেকে সমন্দ্রে প'ড়ে গেছেন, হয়তো রাবণ বা তার দৃষ্টা পদ্দাগণ সীতাকে থেরে ফেলেছে। আমি যদি ফিরে গিয়ে রামকে এই দার্গ বাক্য বাল যে সীতাকে পাই নি তবে তিনি নিশ্চয় প্রাণত্যাগ করবেন। তখন প্রাত্তক্ত লক্ষ্মণ, ভরত-শ্রুঘ্য এবং কৌশল্যাদিও মরবেন। সতাসন্ধ কৃতক্ত সন্ত্রীব রামের বিরহে প্রাণত্যাগ করবেন, র্মা তারা এবং অপ্যাদও বাঁচবেন না। প্রভুর শোকে বানরগণ চপেটাঘাতে ও মনুষ্টিপ্রহারে নিজের নিজের মন্তক চ্বে করবে। আমি কিন্দিকন্ধ্যায় বাব না, সীতার সংবাদ না নিয়ে সন্ত্রীবের সংশ্য দেখা করতে পারব না। আমি না ফিরলে বরং রাম-লক্ষ্মণ ও সন্ত্রীবাদি আশায় আশায় প্রাণধারণ করবেন। এখানেই বানপ্রদেথ হয়ে বৃক্ষচাত ফল খেয়ে বৃক্ষম্লে বাস করব, অথবা সাগরতীরে চিতায় অন্নিপ্রবেশী করব। কিন্তু প্রাণনাশে বহু দোষ, জাবিত থাকলেই শাভ লাভ হয়, অতএব আমি প্রাণধারণ করব। রাবণকে বধ করব,

অথবৈনং সম্ংক্ষিপ্য উপয্পিরি সাগরম্। রামায়োপহরিষ্যামি পশ্বং পশ্বপতেরিব॥ (১৩।৪৮)

— অথবা তাকে সাগরের উপরে ছ্র্ডতে ছ্র্ডতে নিয়ে গিয়ে রামকে উপহার দেব—পশ্রপতিকে ধেমন পশ্র দেওয়া হয়।

হন্মান দিথর করলেন, যতক্ষণ সীতাকে না পাওয়া ষায় ততক্ষণ তিনি বার বার অন্বেষণ করবেন। একটি বৃহৎ অশোকবন দেখে তিনি ভাবলেন, ওই বন তো দেখা হয় নি, অতএব ওখানে আমি ষাই। তখন তিনি রাম লক্ষ্মণ সীতা রুদ্র যম অনিল চন্দ্র অণ্নি ও মরুদ্গণকে নমক্ষার ক'রে অশোকবনে এসে লম্ফ দিয়ে তার প্রাচীরে উঠলেন।

হন্মান হৃষ্ট হয়ে দেখলেন, সেই বনের বিবিধ বৃক্ষ সর্ব ঋতুর প্রেপ স্থােভিত, বহ্বপ্রকার ম্গপক্ষী বিচরণ করছে, কেনিকল ডাকছে, ভ্রমর গ্রেন করছে। স্থানে স্থানে মণিময়-সোপান-সমন্বিত সরোবর, হংস-সারস-নাদিত নদী, কুস্মিত লতা ও গ্রেম বৈষ্টিত উপবন, মেঘ- তুলা গিরি, শিলাগৃহ প্রভৃতি রয়েছে। জ্যামান্ত শরের নায় হন্মান লম্ফ দিয়ে সেই উদ্যানে প্রবেশ করলেন, তাঁর গমনের বেগে কম্পিত হয়ে বৃক্ষের পা ফল স্থলিত হয়ে পাড়ে গেল। দ্যুতক্রীড়ায় পরাজিত ধৃত (১) ষেমন বন্দ্র আর আভরণ হায়য়, বৃক্ষের সেইর্প দশা হ'ল। হন্মান তাঁর হন্ত পদ আর লাজ্গল দিয়ে সেই বন নল্ট করতে লাগলেন। তিনি একটি কান্তনবর্ণ শিংশপা(২) তয় দেখতে পেলেন, তার নীচে স্বর্ণময় বেদী আছে। সেই বৃক্ষে উঠে পত্রের অন্তরালে প্রচ্ছয় থেকে তিনি সর্বত্ত নিরীক্ষণ করতে লাগলেন।

সহসা হন্মান দেখতে পেলেন, সেই বৃক্ষের মূলে রাক্ষসীপরিবেন্টিত একটি রমণী বসে আছেন, তাঁর দেহ উপবাসে কৃন, রূপ
ধ্মজালমন্ডিত অণিনিন্থার ন্যায়, পরিধান একটিমান্র মালিন পাঁত বসন।
তিনি অগ্রপ্র্নিয়নে বিষয়বদনে বার বার দীর্ঘান্বাস ফেলছেন। তিনি
যেন সন্দেহাকুল স্মৃতি, নিপাঁতত সম্পিং, বিহত গ্রন্থা, প্রতিহত আশা,
মিখ্যা-অপবাদক্রন্ত কাঁতি। হন্মান অন্মান করলেন, ইনিই সাঁতা,
কারণ, রাম যে সকল ভ্ষণের কথা বলেছিলেন তা এর অংশ রয়েছে,
অন্যান্য ভূষণ ও উত্তরীয় যা ঋষামূকে ফেলে দিয়েছিলেন তা নেই।—

ইয়া কনকবর্ণাগ্গী রামস্য মহিষী প্রিয়া। প্রনন্দাপি সতী যস্য মনসো ন প্রণশাতি॥ (১৫।৪৮)

— এই কনকবর্ণাগাঁই রামের প্রিয়মহিষী, যিনি বিচ্ছিল্ল হয়েও পতির মন থেকে দ্রে হন নি।

বাপাকুলনয়নে হন্মান ভাবতে লাগলেন, স্বভাব বয়স ও আভিজাতো ইনি রামেরই যোগ্যা। এ'র জন্যই মহাবল বালী, কবন্ধ, বিরাধ, থর, দ্যাণ ও জনস্থানের চোন্দ হাজার রাক্ষস নিহত হয়েছে এবং স্থাব দ্র্লভ বানররাজ্য লাভ করেছেন। এ'র জন্যই আমি সাগর লন্দন করে এই লন্দাপ্রী দর্শন করছি। সীতার উন্ধারের নিমিত্ত রাম যদি সসাগরা প্রিবী বিপর্যস্ত করেন তাও উচিত হবে। সীতার

⁽১) বে জ্রা থেলে। (২- শিশ্র গাছ।

অংশমাত্রের সন্পেও তিলোকের সমস্ত রাজ্যের তুলনা হয় না। ইনি মেদিনী ভেদ ক'রে হলকর্ষিত ক্ষের থেকে পদ্মরেণ্,তুল্য পবিত্র ধ্লি মেখে উন্থিত হয়েছিলেন। ইনি রাজা দশরথের জ্যোষ্ঠা প্রবর্ধ, ভত্তিনহের বলে সর্বপ্রকার ভোগ বিসর্জন দিয়ে সকল কণ্ট তুচ্ছ জ্ঞান ক'রে নির্জন বনে এসেছিলেন। পিপাসিত জন যেমন সরোবর দেখতে চায়, রাম সেইর্শে এ'কে দেখবার জন্য উৎকণ্ঠিত হয়ে আছেন।

হন্মান দেখলেন, সীতার অদ্রে ঘোরদর্শনা রাক্ষসীরা রয়েছে।
কারও এক চক্ষ্ম এক কর্ণ, কেউ কর্ণহীন, কারও নাসিকা মস্তকের
উপরে, কারও গ্রীবা অতি দীর্ঘ, কারও দেহ কন্বলের ন্যায় লোমশ।
হুন্দ্র, দীর্ঘ, কুন্জ, বামন, পিশ্সল, কৃষ্ণ, শ্কেরম্থী, ব্যাঘ্রম্থী প্রভৃতি
নানা ম্তির রাক্ষসী সেই শিংশপা বৃক্ষ বেন্টন করে আছে। তারা
সতত স্বাপান করছে আর মাংস খাছে। সীতা তাদের মধ্যে বসে
আছেন, তার বদন বিষয় কিন্তু ভত্তিজে তার হৃদয় অক্ষ্ম্প।

৫। সাঁতা-সকালে রাবণ

[সর্গ ১৮—২২]

রাহিশেষে বড়গাবেদবিং রহারাক্ষসগণের বেদধর্নন ও মণ্গলবাদ্যের মনোহর রব শোনা গেল। রাবণ জাগ্রত হয়ে সীতার চিন্তা করতে লাগলেন। তাঁর মাল্য ও বসন প্রস্ত। তিনি সীতাকে দেখবার লোভ সংবরণ করতে পারলেন না, তখনই অশোকবনের অভিমুখে চললেন। তাঁর সংগ্য স্বর্ণপ্রদীপ, তালবৃত্ত(১), স্বর্ণভৃগ্যার, গোলাকার আসন, স্রাপানের পাত্র, রাজচ্ছত্র প্রভৃতি নিয়ে অনেক নারী গোল। রাবণের ভাষারাও তাঁর অনুসরণ করলেন। তিনি কাম দর্প ও মদ্যে বিহরল, তাঁর চক্ষ্ব বন্ধ ও আরম্ভ, হন্তে শরাসন নেই, অংগ অম্তফেনতুলা শ্রে স্বর্গভিত বন্দ্য, তা বার বার স্থলিত হয়ে বাহ্ভ্ষণে বেধে যাচ্ছে আর

⁽১) भाषा।

তিনি মৃত্ত করছেন। হন্মান বৃঝলেন, ইনিই সেই মহাবাহ্ রাবণ যাঁকে প্রে গ্রেমধ্যে স্থত দেখেছিলেন। রাবণের তেজে অভিভূত হয়ে হন্মান লম্ফ দিয়ে বৃক্ষের অগ্রশাখায় উঠলেন এবং প্রচ্ছন্ন হয়ে রইলেন।

রাবণকে দেখে সীতা বাতাহত কদলীতর্র ন্যায় কাঁপতে লাগলেন।
তাঁর কাছে গিয়ে রাবণ বললেন, স্ক্রেরী, আমাকে দেখে তুমি দতন আর
উদর গোপন ক'রে ভয়ে অদ্শ্য হ'তে চাচ্ছ। বিশালাক্ষী, তুমি সর্বাজ্যস্ক্রেরী সর্বলোকমনোহরা, তোমাকে আমি কামনা কর্রাছ, আমার মান
রাখ। পরস্বীহরণ আর পরস্বীগমন রাক্ষসদের স্বধর্ম, কিন্তু তোমার
অনিচ্ছায় আমি তোমাকে দপর্শ করতে চাই না'। দেবী, ভয় পেয়ো না,
আমাকে বিশ্বাস কর, আমাকে গ্রহণ করে সর্বপ্রকার স্ক্রেলাভ কর,
মহার্য বসন ভূষণ শয্যা আসন, মদ্য ন্তাগাঁত বাদ্য প্রভৃতি উপভোগ
কর।—

ইদং তে চার্ন সঞ্চাতং ষোবনং হ্যাতবর্ততে।

যদতীতং প্নেনৈতি স্লোতঃ স্লোতফিবনামিব॥

ঘাং কুছোপরতো মন্যে র্পকর্তা স বিশ্বকং।

ন হি র্পোপমা হ্যন্যা ত্বাস্তি শ্ভদর্শনে॥

ঘাং সমাসাদ্য বৈদেহি র্পষোবনশালিনীম্।

কঃ প্নেন্তিবর্তেত সাক্ষাদ্পি পিতামহঃ॥ (২০।১২-১৪)

— তোমার এই চার্ ধোবন উংপন্ন হয়ে ক্রমেই অতিক্রান্ত হচ্ছে, নদীর স্রোতের ন্যায় চলৈ গেলে আর ফিরে আসবে না। হে শ্ভদর্শনা, আমার মনে হয় রূপকর্তা বিশ্বনির্মাতা তোমাকে স্থিট ক'রেই নিব্ত হয়েছেন, তাই তেমার রূপের আর উপমা নেই। বৈদেহী, রূপধোবন-শালিনী তোমাকে পেয়ে কে স্থির থাকতে পারে? স্বয়ং পিতামহ বহুয়াও নয়।

রাবণ আর নিজের মধ্যে ব্যবধানস্বরূপ একটি তৃণ রেখে সীতা বললেন, তুমি আমাকে কামনা না ক'রে নিজের ভার্যায় মন দাও। পাপকারী যেমন সিন্ধিলাভ করে না সেইরূপ তুমিও আমাকে পাবে না। তার পর রাবণের দিকে পিছন ফিরে সীতা বললেন, রাক্ষস, শানি সাধনী পরপত্নী, নিজস্মীকে যেমন রক্ষা করতে চাও সেইর্প পরস্মাকেও রক্ষণীয় জ্ঞান করবে। আপন ভার্যায় যে সন্তুষ্ট নয় সে সাধ্যমাজে ধিক্কৃত হয়। তোমার বৃদ্ধি সদাচারবহিত্তি, লংকায় বোধ হয় সুস্প প্রব্ধ নেই, থাকলেও তৃমি তাঁদের অন্বর্তী নও। দ্নীতিপরারণ রাজার ঐশ্বর্য আর রান্দ্র সমস্তই নন্ট হয়। তোমার অপরপ্রে এই ধন-রক্ষণালিনী লংকা অচিরে বিনন্দ্র হবে। বজ্ল তোমাকে আঘাত করতে না পারে, কৃতান্ত তোমাকে ছাড়তে পারেন, কিন্তু জুন্ধ লোকনাথ রাঘব তোমাকে নিক্কৃতি দেবেন না। ইন্দ্রের অন্নিনির্যোধের ন্যায় রামের জ্যানির্যোধ তুমি দ্নেতে পাবে, অন্নিম্প সপের ন্যায় রাম-লক্ষ্মণের শরজাল শীয়ই এখানে নিক্ষিণ্ড হবে।

রাবণ বললেন, পরেষে যত মনোরঞ্জন করে নারী ততই তার বশে আসে, কিন্তু আমি তোমাকে যত প্রিয়বাকা বলেছি ততই তুমি আমাকে তিরস্কার করেছ। নিপ্ণে সার্রাথ যেমন বিপথগামী অন্বকে সংযত করে, সেইর্প কাম আমার ক্রোধকে কমন করে রেখেছে। কামের ফলে ব্যক্তিত রমণীর প্রতি স্নেহ আর দয়া উৎপল্ল হয়। মৈথিলী, তুমি আমাকে যেসব কঠোর বাক্য বলেছ তার জনা তোমাকে বধ করাই উচিত। আমি আর দ্ব মাস অপেক্ষা করব, তার পর তুমি যদি অন্মার শ্রায় না এস তবে পাচকরা আমার প্রতিরাধের জনা তোমাকে খণ্ড খণ্ড করবে।

য়েসকল দেবকন্যা ও গন্ধবকিনা।(১) রাবণের সংগ্রা সেখনে এসেছিলেন তাঁরা বিষম হয়ে ওপ্ঠ নেত্র ও ম্থভগ্যার ইণ্গিতে সাঁতাকে আশ্বাস দিলেন। সাঁতা সগর্বে রাবণকে বললেন, লংকায় বোধ হয় তোমার হিতকামী কেউ নেই যে বিগহিতি কর্ম থেকে তোমাকে নিব্তু করে। 'হুমি আমাকে যেসকল পাপকথা বললে তার ফল থেকে কোথায় গিয়ে মুদ্ধি পাবে? তুমি আমাকে অপহরণ করে কদাপি রাখতে পারবে

⁽১) রাবণ এ'দের জয় ক'রে বা অপহরণ করে অল্ডঃপ্রে রেখেছেন। উত্তর-কাশ্ডে অণ্টম পরিচ্ছেদে এ'দের কথা আছে।

না, এর ফলে তোমার অবশ্য মরণ হবে। কুবেরের দ্রাতা ও বীরপরেষ হয়ে কি জন্য রামের ভার্যাকে চুরি করেছ?

রাবণ মহাক্রোধে আরক্তনয়নে ভূজদেগর ন্যায় নিঃশ্বাস ফেলে বললেন, তুমি কাণ্ডজ্ঞানশন্না, তোমার সংকলপ অর্থহীন। স্ব বেমন সম্থারে অম্থকার নন্ট করেন, আমি সেইর্প আজ তোমাকে বধ করব। তার পর তিনি ভয়ংকরী রাক্ষসীদের বললেন, তোমরা প্রত্যেকে বা একবোগে সীতাকে শীঘ্র আমার বলে নিয়ে এস। তার জন্য অন্ক্লে বা প্রতিক্ল যেকোনও উপায় অবলদ্বন কর। এই বলে রাবণ কাম আর ক্লেধের বশে গর্জন করতে লাগলেন।

তথন ধান্যমাধিনী নামে একজন রাক্ষসী রাবণকে আলিগ্যন করে বললে, মহারাজ, আমার সণ্যে জীড়া কর, এই বিবর্ণা দীনা মান্বী সীতাকে কি প্রয়োজন? দেবতারা এর ভাগ্যে ভোগ দেন নি। যে তোমাকে চার না তাকে তুমি চাচ্ছ এতে আমার গাত্র দন্ধ হচ্ছে। বে দ্যী ইচ্ছ্কে তার সণ্যেই প্রণয় প্রীতিকর। ধান্যমালিনী এই ব'লে রাবণকে টেনে নিয়ে এল। রাবণ সহাস্যো সদলে মেদিনী কন্পিত করে স্প্তবনে প্রস্থান করলেন।

७। विक्रकेष ज्वन्य

[मर्ग २७--२৯]

রাবণ চ'লে গেলে একজটা হরিজটা বিকটা দ্ম্খি প্রভৃতি রাক্ষ্যা-গণ সাতাকে বললে, ব্রহ্মার মানসপ্র প্রজাপতি প্লেস্তা থার পিতামহ, মহার্ষা বিপ্রবা থার পিতা, সেই মহাত্মা দশল্লীব রাবণের ভার্যা হওয়া কি গোরবের বিষয় মনে কর না? যিনি ইন্দ্রাদি তেলিশ দেবতাকে পরাজিত করেছেন, তার ভার্ষা হওয়া অবশ্যই তোমার উচিত। রাবণ তার সর্বাপেক্ষা প্রিয় পদ্লীকেও ত্যাগ ক'রে তোমার অন্রক্ত হবেন। নাগ গন্ধর্ব ও দানবগণকে যিনি বহুবার পরাজিত করেছেন তিনিই প্রণয়-প্রাম্থী হয়ে তোমার কাছে এসেছিলেন। থার ভয়ে সূর্য তাপ দেন না, বায়্ম প্রবাহিত হন না, তর্ম প্রশ্বেণ্টি করে, দৈলে ও মেঘ বারিদান করে, সেই রাজাধিরাজের পরী হ'তে তোমার ইচ্ছা হয় না? আমরা তোমাকে ভাল কথা বর্লাছ শোন, নয়তো তোমাকে মগ্রতে হবে।

সীতা বললেন, মান্ধী কখনও রাক্ষসের ভাষা হ'তে পারে না।
তামরা বরং আমাকে ভক্ষণ কর, তোমাদের কথা আমি শ্নব না।
রাক্ষসীরা ক্রােধে পরশন্(১) উদাত করে লান্বিত ওঠি লেহন করতে
করতে বললে, রাক্ষসপতি রাবেণের ভাষা হবার যোগ্য এ নর। বিনতা
নামে এক করালদর্শনা লন্বােদরী রাক্ষসী বললে, সীতা, তুমি যথেন্ট
পতিপ্রেম দেখিয়েছ, সকল বিষয়েরই অতিব্রিশ্ব হ'লে বিপদ হয়। তুমি
মান্ধের যা কর্তব্য তা করেছ, তাতে আমরা সন্তুন্ট। এখন আমাদের
হিতবাক্য শোন, রাবণকে পতির্পে ভক্ষনা কর, সর্বলােকের অধীন্বরী
হও, দীন গতায়্ব রামকে নিয়ে কি হবে? যদি আমাদের কথা না রাখ
তবে এই মহুত্তেই আমরা তােমাকে খেয়ে ফেলব।

ধান্বিতদ্তনী বিকটা মন্থি তুলে বললে, মৈথিলা, আমরা দরা করে তোমার অনেক অন্যার কথা সরেছি, এখন আমাদের হিতবাক্য যদি না শোন তো ভাল হবে না। দ্র্গম সম্দ্র পার করে তোমাকে এখানে আনা হয়েছে, আমরা তোমাকে পাহারা দিচ্ছি, ন্বরং প্রেল্বও তোমাকে পরিত্রাণ করতে পারবেন না। আর অগ্রহণাত করে না, শোক ত্যাগ কর, যৌবন থাকতে থাকতেই রাবণের প্রিয়া হয়ে হর্ব সূথ ভোগ কর। যদি কথা না শোন তবে তোমার হংপিত্ত উৎপাটন করে ভক্ষণ করব।

চশ্ডোদরী তার শ্ল ঘ্রিয়ে বললে অন্যার সাধ হচ্ছে এর যক্ৎ
শ্লীহা বন্ধ মৃণ্ড সম্পতই থাই। গ্রন্থা বললে, আমরা একে গলা টিপে
মারব। অজ্যমুখী বললে, বিব্যদের প্রয়োজন কি, এস আমরা স্বাই
এর মাংস ভাগ করে থাই। শ্র্পণখা(২) বললে, আমারও সেই
মত,—

স্রা চানীয়তাং ক্ষিপ্রং সর্বশোকবিনাশিনী॥ মান্বং মাংসমাসাদ্য নৃত্যামোহথ নিকুদ্ভিলাম্। (২৪।৪৪-৪৫)

⁽১) होजिंग।

⁽২) 'তিলক' টীকাকার বলেন, এ রাবণ্ডগিনী নয়।

— সর্বলোকবিনালিনী সরো শীঘ্র নিয়ে এস, আমরা মান্ষের মাংস থেয়ে নিকুশ্ভিলার(১) কাছে নাচব।

শোকে উন্ময়ের ন্যায় হয়ে সীতা বিলাপ করতে লাগলেন — আমার হৃদয় লোহনিমিত অজর অমর, তাই এত দ্বংখেও বিদীর্ণ হচ্ছে না। থিক, আমি অনার্থা অসতী, সেজন্য রামের বিরহেও এই পাপজীবন ধারণ করে আছি। রাক্ষসীগণ, কেন প্রলাপ বকছ, ছিল্ল ভিল্ল বা দশ্ম করলেও আমি রাবণের কথা শন্নব না। আমি এখানে অবর্থে আছি জানলেই রাম এই লংকাপ্রী ধ্বংস করবেন, রাক্ষসীরা অনাথা হয়ে গ্হে গ্হে আমার মতই রোদন করবে।

ব্রাক্ষসীরা অত্যন্ত কুন্ধ হয়ে বললে, সীতা, আর এক মাস অপেকা কর, তার পর আমরা মনের সুখে তোমার মাংস খাব। এমন সময় বিজ্ঞটা নামে এক বৃন্ধা রাক্ষসী নিদ্রা থেকে উঠে বললে, তোমরা এই জনকতনয়া দলরপপ্রবধ্ সীতাকে না খেয়ে পরস্পরকে খাও। আমি আজ রোমহর্ষকর দার্ণ স্বংন দেখেছি বে রাক্ষসদের ধর্সে হবে, সীতাপতির জয় হবে।

রাক্ষণীরা স্বংনব্তান্ত জিল্ঞাসা করলে বিজ্ঞটা বললে, আমি দেখলাম, সহস্ত-অন্ব-যোজিত আকাশগামী দিব্য যানে রাম-লক্ষ্মণ চলেছেন, তাঁদের গলায় শক্তু মাল্য, পরিধানে শক্তু বসন। সম্দ্রবেদ্িত ক্বেত পর্বতে ক্বেতবসনা সীতা বাসে আছেন, তাঁর সঞ্জে রামের মিলন হ'ল। আবার দেখলাম, লক্ষ্মণের সঞ্জে রাম এক চতুদ্নিত পর্বতাকার মহাগজে চ'ড়ে সীতার কাছে এলেন, সাঁতা রামের জ্লোড় থেকে উঠে হস্তীর স্কন্থে ব'সে হাত দিয়ে চন্দ্র স্থা স্পর্ল করলেন। আবার দেখলাম, রাম-লক্ষ্মণ অল্ট-ক্বেত-ব্যক্ত-বাহিত রূখে চ'ড়ে লন্দ্রায় সীতার কাছে এলেন এবং তাঁকে প্রুপক রূখে নিয়ে উত্তর দিকে গোলেন। রাবণের মৃত্তক ম্যুন্ডিত ও তৈলার, তিনি রক্ত বসন্ পারে করবীর মালা গলার দিয়ে উন্মন্ত হয়ে প্রুপক রূখে থেকে ভূতলে পাড়ে গেছেন। আবার,

⁽১) লম্কার এক দেবী; বে গহোর তার মন্দির তারও এই নাম।

তিনি কৃষ্ণ বসন প'রে রক্তচন্দনে চর্চিত হয়ে খর-বাহিত রথে ব'সে আছেন, এক রমণী তাঁকে টানছে। রাবণ উদ্দ্রান্ত হয়ে তৈলপান কর**ছে**ন, হাসছেন আর নাচছেন, এবং গর্দভে চড়ে দক্ষিণ দিকে যাঞ্চেন। তিনি ভয়াকুল হয়ে মাথা নীচু ক'রে গর্দভ থেকে প'ড়ে গিয়ে আবার উঠলেন। তার পর তিনি উষ্মত্ত ও বিবঙ্গু হয়ে দুর্বাক্য বলতে বলতে নরকতুলা ঘোর অন্ধকার দুর্গম মলপন্কে নিমণ্ন হলেন এবং তা থেকে উঠে দক্ষিণ দিকে এক অকর্দম হুদে এলেন। একজন রক্তবসনা কৃষ্ণবর্ণা নারী কর্দমান্ত দেহে এল এবং দশাননের গলায় দড়ি বে'ধে তাঁকে দক্ষিণ দিকে টেনে নিয়ে চলল। আরও দেখলাম, কুম্ভকর্ণ এবং রাবণের সকল পত্ন মুণ্ডিভমুদ্তকে তৈল মেখেছেন, রাবণ ইন্দ্রাজিং আর কুদ্ভকর্ণ যথাক্রমে বরাহ শিশনুমার(১) আর উম্থে চড়ে দক্ষিণ দিকে ষাচ্ছেন। বিভীষণের মুস্তকে শ্বেত ছত্র, তিনি চার জন সচিবের সপো আকাশে উঠেছেন, তাঁর সম্মুখে মহাসভায় গীতবাদোর রব হচ্ছে। রমণীয় লৎকাপরী চূর্ণ হয়ে দাগরে পতিত হয়েছে, ভঙ্গীভূত লৎকার রাক্ষ্সীরা তৈলপান ক'রে বিকট হাস্য করছে, কুদ্ভকর্ণাদি সকলেই রক্তবাস প'রে গোময়হ্রদে প্রবিষ্ট হয়েছেন। রাক্ষসীগণ, তোমরা পালাও, সীতাকে উম্থার করে রাম তোমাদের সকলকে মারবেন, তোমরা তাঁর প্রিয়া বৈদেহীকে তর্জন আর ভংসনা করেছ, রাম তা সইবেন না। যে স্বণন দেখেছি তাতে সীতার সমস্ত দৃঃখের অবসান এবং অভীন্টলাভ স্চিত হচ্ছে। এখন একে সান্থনা দাও, ক্ষমা চাও, প্রাণপাত করে প্রসন্ন কর, ইনিই তোমাদের তাণ করবেন। এই দেখ, এ'র পদ্মপলাশতুল্য আয়ত বাম নেত্র স্ফর্রিত হচ্ছে, বাম বাহ্ম রোম্যাণ্ডিত হচ্ছে, বাম উর্ব্ন স্পন্দন করছে, পক্ষীরা শাখায় ব'সে শাল্ড স্বরে ডেকে ধেন রামাগমনের সংকেড করছে।

লক্ষাবতী সীতা হৃষ্ট হয়ে বললেন, তোমার কথা যদি সত্য হয় তবে আমি তোমাদের রক্ষা করব।

⁽১) न्न्र्र।

সা বীতশোকা ব্যপনীততন্ত্রা শান্তজন্ত্রা হয় বিবন্ধসভা। অশোভতার্বা বদনেন শন্কে শীতাংশনো রালিরিবোদিতেন॥(২৯ ৮)

—সীতার শোক জড়তা ও মনস্তাপ দরে হ'ল, তিনি আনন্দে উদ্বন্ধ হয়ে শক্তপক্ষে চন্দ্রকিরণে উদ্ভাসিত রজনীর ন্যায় প্রফল্লবদনে শোভিত হলেন।

৭। সীতা-হন্মান-সংবাদ

[तर्ग 00-80]

হন্মান প্রজ্ঞ থেকে সমুহতই শ্নছিলেন। তিনি এখন ভাবতে লাগলেন, অসংখ্য বানর যাঁকে সর্ব দিকে অনুসন্ধান করছে তাঁকে আমি পেয়েছি। এই শোকাতুরা সতাঁকে যদি আশ্বাস না দিয়ে ফিরে যাই তবে আমার দোষ হবে। এই রাত্রিশেষেই এ'কে আশ্বদত করতে হবে নতুবা ইনি শোকে প্রাণত্যাগ করবেন। রাক্ষসীরা একট্র অসতর্ক হ'লেই আমি সীতার সংগে দেখা করব। যদিও আমি বানর এবং আমার দেহ এখন অতি ক্ষ্যু, তথাপি আমি মান্ধের ন্যায় সংস্কৃত ভাষা বলব। কিন্তু ন্বিজাতির ন্যায় সংস্কৃত বললে সীতা আমাকে রাবণ মনে ক'রে ভয় পেয়ে চিংকার করবেন, তখন রাক্ষসীরা ছুটে আসবে, সশস্ত প্রহরীরা এসে আমাকে আক্রমণ করবে, আমিও রাক্ষস সৈন্য সংহার করব। সীতা আমার আসবার উদ্দেশ্যই জানতে পারবেন না, হয়তো হিংস্র রাক্ষসগণ তাঁকে বধ করবে। ধদি রাক্ষসরা আমাকে বন্ধন করে তবে রামের কার্য সাধিত হবে না। আমি ডিল্ল আর কেউ এই শতযোজনবিস্তীর্ণ সাগর পার হ'তে পারে না। আমি যুন্থে বহুসহস্র রাক্ষস মারতে পারি, কিন্তু শ্রান্ত হ'লে সম্দ্রের পরপারে আর ফিরতে পারব না। তথাপি সীতার সঙ্গে আমার ক**দা কইতেই হবে। ইনি রামের চি**শ্তায় নিমণন হয়ে আছেন, এখন ধদি আমি রুমের গ্রেকীতনি করি তবে ইনি ভয় পাবেন না।

হন্মান মধ্র বাক্যে বলতে লাগলেন — দলরথ নামে এক ইক্রাকৃ-বংশীয় কীতিমান রাজা ছিলেন, রাম তাঁর প্রিয় জ্যেন্ট প্র । বৃশ্ধ পিতার সত্যরক্ষার নিমিত্ত রাম তাঁর ভার্যা আর দ্রাতার সপ্যে বনবাসে এসেছিলেন। তিনি জনস্থানের বহু রাক্ষ্স বধ করেন। তাতে রাবণ ক্রেণ্ধ হয়ে মায়াম্গের সাহায়ের রামকে বঞ্চনা করে সীতাকে হরণ করে নিয়ে যান। কপিরাজ স্থাবৈর সঙ্গে রামের মৈত্রী হয় এবং সীতার অল্বেষণের জন্য স্থাবি বহু বানর চতুর্দিকে পাঠান। সম্পাতির ম্থে সংবাদ পেয়ে আমি সেই বিশালাক্ষী সীতার সম্থানে সাগর লগ্দন করে এখানে এসেছি। সীতার যে রূপ, যে বর্ণ, যে লক্ষ্ণ রামের কাছে শুনুর্দিছ তাতে মনে হয় এখন তাঁরই দেশ্য পেয়েছি।

হন্মানের কথা শানে সীতা উপরে নীচে এবং সর্বাদিকে চাইতে লাগলেন। তখন উদীয়মান স্থের ন্যায় কান্তিমান প্রননন্দন তাঁর নয়নগোচর হলেন। সীতা চমকিত হয়ে দেখলেন, হন্মানের বর্ণ ফ্রের আশোকপ্রভেগর ন্যায়, তাঁর চক্ষ্ণ ন্বর্ণাভ, তিনি দেবত কন্ম পরে বৃক্ষণাখায় প্রচ্ছেল হয়ে কলৈ আছেন। হন্মান শাখা থেকে কিছ্ নেমে এলেন এবং প্রণাম করে মন্তকে অঞ্জলি রেখে বিনীতবাক্যে বললেন, পদমপলাশাক্ষী, তুমি কে? তোমার চক্ষ্ণ থেকে অগ্র্বের্ষণ হচ্ছে কেন? তোমার পিতা প্র দ্রাতা ভর্তা কে, কার জন্য তুমি শোক করছ? তোমার রোদন দীর্ঘণবাস ও ভূমিদপর্শ (১) দেখে অন্মান করছি তুমি দেবী নও, তোমার লক্ষণ দেখে বোধ হচ্ছে তুমি রাজমহিষী ও রাজকন্যা। রাবণ যাঁকে জনস্থান থেকে হরণ করেছেন তুমি যদি সেই সীতা হও তবে আমার কথার উত্তর দাও।

সীতা বললেন, আমি দশরথের স্ন্যা, জনকের কন্যা, রামের পদ্নী, আমার নাম সীতা। আমি স্বাদশ বংসর(২) স্বশ্রালয়ে স্থে বাস

⁽১) প্রবাদ আছে, দেবতারা কাঁদেন না, নিঃশ্বাস ফেলেন না, তাঁদের দেহ মাটিতে ঠেকে না।

⁽২) অরণাকাশের চরোদশ পরিচ্ছেদে সীতা রাবণকে বলেছেন, অবোধ্যাত্যাগের সময় তাঁর বয়স ১৮। এখন বলেছেন, শ্বশ্রালয়ে আস্বার ১২ বংসর পরে রামের

করবার পর হয়েদেশ বংসরে রাজা দশরথ রামকে বৌবরাজাে অভিষিত্ত
করতে ইচ্ছা করেন। রামের বিমাতা কৈকেয়ী এক প্রপ্রতিজ্ञত বরের
কথা মনে করিয়ে দিরে দশরঘকে বললেন, যদি রামের অভিষেক হয়
তবে আমি পানাহার তাাগা ক'রে মরব। তখন সতাবাক স্থাবির দশরথ
সরোদনে জােণ্ঠ প্রের নিকট বৌবরাজা ভিক্ষা করলেন। রাম নিজ
জননীর কাছে আমাকে রেখে বনে বাবার জনা প্রস্তুত হলেন। কিস্তু
আমি তাঁকে ছেড়ে স্বর্গেও বাস করতে চাই না, সেজন্য তাঁর সম্পো বনে
এলাম, স্নিয়ানন্দন লক্ষ্মণও এলেন। দশ্ডকারণাে বাসকালে দ্রাথাা
রাবণ আমাকে অপহরণ করলে। সে আমাকে দ্ব মাস সময় দিয়েছে,
তার পর আমাকে যরতে হবে।

হন্মান বললেন, দেবী, আমি রামের বার্তা নিয়ে এসেছি, তিনি কুশলে আছেন, তোমার কুশল জিন্দ্রাসা করেছেন। লক্ষ্মণ নতমস্তকে তোমাকে প্রণাম জানিরেছেন। রাম-লক্ষ্মণের কুশল জেনে সীতা অত্যত প্রীত হলেন। হন্মান আরও নীচে নেমে এলেন, তখন সীতা ভয় পেয়ে বললেন, মায়াবী নিশাচর, তুমি জনস্থানে পরিব্রাক্তকর্পে আমার কাছে এসেছিলে। আমি উপবাসে কৃশ এবং দ্বংখে কাতর, কেন আমাকে প্নবার সদতাপ দিছে? কিন্তু তোমাকে দেখে আমার আনন্দ হছে, যদি তুমি প্রকৃতই রামের দ্ত হও তবে তোমার মণ্যল হ'ক, তুমি রামের বার্তা বল। তোমার কথার আমার চিত্ত উদ্দ্রান্ত হছে। হায়, স্বন্দ কি স্থের, যার ফলে আমি রামের এই বনচর দ্তকে দেখছি। দ্বশেও ধদি আমি রাম-লক্ষ্মণকে দেখতে পাই তবে আমি অবসল্ল হ'ই না। একি আমার মনের শুম, বায়ার কিয়া, উন্মাদের বিকার, না মণ্যত্ষিকা?

হন্মান বললেন, আমি রামের দ্ত, তিনি শোকার্তচিত্তে তোমার কুশল জিল্ডাসা করেছেন। মহাতেজা লক্ষ্মণ এবং রামের সখা বানররাজ স্থাবিও তোমার কুশল জিল্ডাসা করেছেন। আমি স্থাবৈর সচিব হন্মান, মহাসম্দ্র লভ্যন ক'রে নিজ পরাক্রমে দ্রাত্মা রাবণের মস্তকে

অভিষেক্তর আয়োজন (এবং নির্বাসন) হয়। অর্থাং প্রার ৬ বংসর বরুসে সীতার বিবাহ হরেছিল।

পদন্যাস ক'রে তোমাকে দেখতে এসেছি। দেবী, আমাকে সন্দেহ ক'রো না, আমার কথায় বিশ্বাস কর।

সীতা সান্ধনা লাভ করে জিল্জাসা করলেন, রাম-লক্ষ্মণের সংগ তোমার ও অন্যান্য বানরদের সংসর্গ কি করে হ'ল? তুমি রাম-লক্ষ্মণের লক্ষণাবলী বল, তাতে আমার শোক দ্র হবে। হন্মান রাম-লক্ষ্মণের রূপ গ্ল সবিস্তারে বললেন এবং সীতাহরণের পরবর্তী সমস্ত ঘটনা বিবৃত ক'রে বললেন, মৈথিলী, তুমি আশ্বস্ত হও, আমাকে কি করতে হবে, তুমি কি চাও, তা বল। তোমার প্রতায়ের জন্য রাম তাঁর নামাঙ্কিত এই অণগ্রীয় দিয়েছেন দেখ।

সীতা অংগ্রেয় নিয়ে দেখতে লাগলেন, আনন্দে তাঁর মুখ রাহ্মান্ত চন্দের ন্যায় উল্জন্ধ হ'ল। তিনি বললেন, বানরপ্রেণ্ঠ, তুমি মহাবীর কর্মপট্ ও ব্রিথমান, তাই এই শত্যোজন সাগর গোপ্পদের ন্যায় উত্তীর্ণ হয়েছ। আমি তোমাকে সামান্য মনে করি না, তুমি রাবণকেও ভয় কয় না। রাম যদি নিরাপদে থাকেন তবে এই সাগরমেখলা প্রিবী ক্রোধাণিনতে দংধ করছেন না কেন? আমাকে উম্পারের জন্য তিনি চেল্টা করছেন তো? দ্রাত্বংসল ভরত কি তাঁর অক্ষোহিণী সেনা আর মন্দ্রিগণকে পাঠাবেন? বানরাধিপতি দ্রীমান স্ফ্রীব কি তাঁর সৈন্যদের নিয়ে এখানে আসবেন? অক্ষবিশারদ বীর লক্ষ্মণ কি অক্ষজালে রাক্ষসদের বধ করবেন? আমি কি শীঘ্র দেখতে পাব ষে রামের দার্গ অক্ষাঘাতে রাবণ স্বান্ধ্বে মরেছে? রামের হেমকান্তি মুখ কি আমার বিরহে শত্তুক হয়েছে? দতে, আমার তুলা ক্লেহের পার তাঁর আর কেউ নেই, যত কাল তাঁর সংবাদ পাব তত কালই আমার জীবন।

হন্মান বললেন, তুমি যে এখানে আছ রাম তা জানেন না, এখন আমার কাছে সংবাদ পেয়ে শীঘ্রই মহতী সেনা নিয়ে আসবেন এবং শরাঘাতে সমৃদ্র দক্তব্য ক'রে লঙ্কাপ্রী রাক্ষসশ্না করবেন। আমি শপথ ক'রে বলছি, শীঘ্রই তুমি প্রস্তবন পর্বতে রামের চন্দ্রমূখ দেখতে পাবে। তোমার অদর্শনে রাম শোক্ষণন হয়ে আছেন, তিনি মাসে খান না, মদা পান করেন না, কেবল বিহিত বনা ফলম্ল খান। তিনি তোমার ধ্যানে নিমন্দ থেকে মশক কীট ও সরীস্পের দংশনও জানতে পারেন না। রমণীয় প্রিয় কোনও ফল প্রুপ বা আর কিছু দেখলেই তিনি হা প্রিয়া ব'লে শোক করেন।

সীতা বললেন, তোমার কথা বিষমিত্রিত অম্তের তুল্য। তিনি যে অনন্যমনা এই বাক্য অমৃত, তাঁর শোকের সংবাদ বিষ। তুমি তাঁকে বরা করতে বল, এখন বংসরের দশম মাস চলছে, আর দ্ মাস আমি জীবিত থাকব। আমাকে মৃত্তি দেবার জন্য বিভীষণ অন্নয় করেছিলেন, কিন্তু তাঁর কথা রাবণ শোনেন নি। বিভীষণের জ্যোন্ঠা কন্যা ক্লা তার মাতার আজ্ঞায় আমার কাছে এসেছিল। তার কাছে আমি শ্নেছি যে অবিন্ধ্য নামক এক বৃদ্ধ সংস্বভাব রাক্ষস রাবণকে সদ্পদেশ দিয়েছিলেন কিন্তু রাবণ তা গ্রাহা করেন নি।

হন্মান বললেন, আমার নিকট তোমার সংবাদ পেলেই রাম বানর-ভল্লকের বিরাট সৈন্দল নিয়ে এখানে আসবেন। অথবা আজই আমি তোমাকে উন্ধার করতে পারি, তোমাকে পিঠে নিয়ে সাগর পার হব। রাবণ সমেত লঙ্কাপ্রী নিয়ে যাবার শক্তিও আমার আছে। ইন্দ্র বেমন অন্নিকে হবা প্রদান করেন সেইর্প আমি রামের হস্তে তোমাকে সমর্পণ করব।

সীতা হ্ন্ট ও বিশ্বিত হয়ে বললেন, হন্মান, তুমি ক্ষ্দুকার, আমাকে কি করে নিয়ে যাবে? তুমি ভোমার বানরবৃদ্ধি প্রকাশ করছ। হন্মান মনে করলেন, সীতার এই ধারণা আমার পক্ষে ন্তন পরাভব, ইনি আমার শক্তি জানেন না। তথন তিনি বৃক্ষ থেকে নেমে এসে সীতার বিশ্বাস উৎপাদনের জন্য বৃদ্ধি পেতে লাগলেন এবং মের্মন্দর তুলা অশ্নিকল্প বিশাল দেহ ধারণ করে সীতার সম্মুখে দাঁড়িয়ে বললেন, দেবী, পর্বত বন প্রাসাদ প্রাকার ও ভোরণ সমেত এই লংকা এবং এর প্রভু রাবণকে নিয়ে যাবার শক্তি আমার আছে। তুমি আমার সংগ গিয়ে রাম-লক্ষ্মণের শোক দ্ব কর। সীতা বললেন আমি তোমার শক্তি-সামথ্য ব্যুক্তাম, আমাকে নিয়ে যেতে পার তাও বিশ্বাস করি। কিন্তু তোমার গমনের বেগে বিমোহিত হয়ে আমি সমন্ত্রে পড়ে যেতে

পারি। তুমি আমাকে নিয়ে গেলে রাক্ষসরা অন্সরণ করে তোমাকে আক্রমণ করে, তুমি নিরন্দ্র হয়ে একাকী আকাশে কি করে আমাকে রক্ষা করে? যুক্ষে জয়-পরাজয়ের স্পিরতা নেই। সমস্ত রাক্ষসদের বধ করে যদিও তুমি জয়ী হও, তাতে রামের যশোহানি হবে। রামের সপ্যে তুমি এখানে এস, তাতেই মহং ফল হবে। আমি রাম ভিন্ন অন্য পর্যুষকে স্পর্শ করতে চাই না, সেকারণে তোমার সঙ্গে যেতে পারি না। রাবণ আমাকে স্পর্শ করেছিল বটে, কিন্তু কি করব, তখন আমি অনাথা বিবশা ছিলাম।—

যদি রামো দশগ্রীবমিহ হয়া সরাক্ষসম্। মামিতো গ্হা গচ্ছেত তত্তস্য সদৃশং ভবেং॥ (৩৭।৬৪)

— যদি রাম এখানে এসে দশানন ও অন্য রাক্ষসদের বধ করে আমাকে এখান থেকে নিয়ে যান তবেই তাঁর যোগ্য কান্ধ হবে।

হন্মান বললেন, দেবী, তুমি ন্যাষ্য কথাই বলেছ। যদি আমার সন্দো না যাও তবে এমন অভিজ্ঞান দাও যাতে রামের বিশ্বাস হয় যে আমি তোমার সন্দো দেখা করেছি। সীতা বান্দাদ্দদ কণ্ঠে বললেন, তুমি আমার প্রিরপতিকে এই শ্রেন্ঠ অভিজ্ঞান জানিও।—একদিন চিত্রক্ট পর্বতের উপবনে জলঙ্গীড়ার পর আমরা আর্দ্রদেহে উপবিষ্ট ছিলাম, এমন সময় এক বায়স আমাকে চণ্ট্রুশ্বারা আন্তমণ করলে। আমি লোম্ম তুলে তাকে নিবারণের চেন্টা করি, তথাপি সে নিরুত হ'ল না। আমার প্রলিত বসন দেখে তুমি (১) হেসেছিলে, তাতে আমার জ্ঞোধ আর লক্জা হয়। তুমি আমাকে সান্মনা দিলে, আমি শ্রান্ত হয়ে বহ্কণ তোমার জ্রোড় নিদ্রিত রইলাম। তার পর আমি জাগ্রত হ'লে সেই বায়স আবার এসে আমার দতন বিদীর্ণ করে দিলে। তুমি ভ্রুম্ব হয়ে চারি-দিকে চেয়ে সেই কাককে দেখতে পেলে। সে ইন্দ্রের পত্র (২), তার গতি বায়্র তুল্য। তথন তুমি একটি তুল নিয়ে মন্ট্রুলারা তাতে বহ্মান্ট যোজনা করলে এবং সেই জ্বলন্ত তুল কাকের প্রতি নিক্ষেপ করলে। কাক

⁽১) রাম। (২) জরুত।

উন্তীন হয়ে সর্বলোকে গেল, তৃণও তার পশ্চাতে ধাবিত হ'ল। ইন্দ্র ও মহর্ষিগণ কেউ তাকে রক্ষা করলেন না, তখন সে তোমার শরণাপম হ'ল। তুমি কৃপাবিষ্ট হয়ে তার প্রাণ রক্ষা করলে, কিন্তু অব্যর্থ ব্রহ্মান্দ্রর্থ সেই তৃণের আঘাতে তার দক্ষিণ চক্ষ্য নন্দ্র হ'ল। তোমাকে আর রাজা দশরথকে নমন্দ্রার ক'রে সে নিজের আলয়ে ফিরে গেল।

তার পর সীতা বললেন, তুমি আমার হয়ে রামকে প্রণাম করে তাঁকে কুশল প্রশন করো।—

প্রজ্ঞান প্রিয়া যাশ্চ বরাণগনাঃ॥
ঐশবর্থং চ বিশালায়াং প্রথিবাামপি দ্বর্লভম্।
পিতরং মাতরং চৈব সম্মান্যাভিপ্রসাদা চ॥
অন্প্রজিতো রামং স্মিতা যেন স্প্রজাঃ।
আন্ক্লোন ধর্মাআ তাজ্বা স্থেমন্ত্রমম্॥
অনুগচ্ছতি কাকুংশ্থং প্রাতরং পালয়ন্ বনে।
সিংহ্লকেশা মহাবাহ্মনম্বী প্রিয়দর্শনাঃ॥
পিতৃবদ্ বর্ততে রামে মাতৃবন্মাং সমাচরং।
প্রিয়মাণাং তদা বীরো ন তু মাং বেদ লক্ষ্মণঃ॥
ব্রেধাপনেবী লক্ষ্মীবাঞ্শক্তো ন বহ্ভাষিতা।
রাজপ্তেপ্রিয়প্রেষ্ঠাঃ সদৃশাং শ্বদ্রসা মে॥
মতঃ প্রিয়ত্রো নিতাং প্রতা রামসা লক্ষ্মণঃ।
ন যুল্ভো ধ্রির যস্যাং তু তাম্দ্বহতি বীর্ষবান্॥
যং দৃষ্ট্রা রাঘবো নৈব ব্রুষার্যমন্ক্ররং।
স মমার্থায় কুশলং বস্তব্যা বচনান্ মম॥ (৩৮।৫৪-৬১)

— যিনি মাল্যাদি ভূষণ, সর্ব রক্ষ, প্রিয়া বরাজ্যনা ও প্রিববীর দ্র্লভি ঐশ্বর্য ত্যাগ করেছেন, যিনি পিতা-মাতাকে সম্মানিত ও প্রসম করে দ্রাতার অন্গমন করেছেন, যার জন্য স্থিমিলা স্থ্রেবর্তা, যে ধর্মাম্মা অভ্যক্তম স্থ ত্যাগ করে দ্রাত্তপ্রেমের বশে বনে এসেছেন, যিনি সিংহস্কল্ধ মহাবাহ্ব মনস্বী প্রিয়দর্শন, যিনি রামের সজ্গে পিতৃবং এবং আমার সজ্গে মাতৃবং আচরণ করেন, যে বীর লক্ষ্মণ আমার অপহরণ জানতে পারেন নি, যিনি বৃদ্ধগণের সেবা করেন, যিনি লক্ষ্মীবান কার্য-

পট্ ও অল্পভাষী, যিনি রাজপ্ত রামের সর্বাপেক্ষা প্রিয়, যিনি আমার শ্বশ্রের সদৃশ, যিনি আমার অপেক্ষাও রামের প্রিয়, যিনি দৃক্কর কর্মের ভার বহন করতে পারেন, যাঁকে দেখে রাম মৃত পিতাকেও চিন্তা করেন না, তাঁকে তুমি আমার হয়ে কুশলপ্রশন করবে।(১)

তার পর তাঁর বন্দ্র থেকে একটি দিবা চ্ডামণি(২) বার করে হন্মানকে দিয়ে সীতা বললেন, রাঘবকে এটি দিও, তিনি এই অভিজ্ঞান জানেন, এটি দেখলেই তাঁর তিনজনকৈ মনে পড়বে — আমাকে, আমার জননাকৈ এবং রাজা দশরথকে। বীর, প্রস্থানের প্রের্ব তুমি এখানকার কোনও নিভ্ত প্থানে একদিন বিশ্রাম কর, তুমি নিকটে থাকলে এই অভাগিনীর শোক কিছ্কালের জন্য শানত হবে। এই দ্বুপার মহোদ্ধি পার হয়ে বানর-ভল্লক্ক-সেনা নিয়ে দুই রাজকুমার কি করে এখানে আসবেন জানি না। তুমি কার্যপিট্র, এই দ্বুক্তর কার্য সাধনের কি উপায় দিথর করেছ? তুমি একাই কার্য সাধন করতে পার তা জানি, কিন্তু রাম বদি সসৈন্যে এসে রাবণকে ব্বুন্ধে প্রাজিত করে আমাকে উন্ধার করেন তবেই তাঁর উচিত কার্য করা হবে।

হন্মান বললেন, তুমি আশ্বন্ত হও, অসংখ্য বানরসৈন্যের সংশ্য রাম লক্ষ্মণ আর স্ফ্রীব শীঘ্রই এখানে আসবেন। স্ফ্রীবের পার্শ্বের অনেক বানর আছে যারা আমার চেয়ে বলবান বা সমান, কিল্ডু আমার চেয়ে হীনবল কেউ নেই। দেবী, রোদন করো না, ভয় ত্যাগ কর, ইন্দের সংশ্য শচীর ন্যায় তুমি শীঘ্রই রামের সংশ্য মিলিত হবে। রাম আর লক্ষ্মণের চেয়ে বীর আর কে আছে? এই রাক্ষ্মের দেশে তোমাকে আর অধিক দিন থাকতে হবে না।

সীতাকে প্রণাম ক'রে হন্মান গমনের জন্য প্রস্তুত হলেন। অগ্রস্থ গদ্গদ কণ্ঠে সীতা বললেন, হন্মান, রাম লক্ষ্মণ এবং অমাত্য

⁽১) পূর্বে লক্ষ্যণকে কট্রাক। ব'লে সীতা বে অপরাধ করেছিলেন এখন প্রশংসা বারা তার কালন করছেন।

 ⁽২) 'তিলক'-টীকাকার বলেন, সীতার বিবাহকালে তাঁর জননীর কাছ থেকে
নিয়ে জনক এই মণি দশরখের হাতে দিয়েছিলেন।

সহ স্থাবিকে আমার হয়ে কুশল জিল্ডাসা করো, রাম ধেন শীঘ্র আমাকে এই দ্বঃখসাগর থেকে উম্ধার করেন।

৮। হন্মানের রাকসসংহার

[मर्ग 85-84]

প্রস্থানকালে হন্মান ভাবলেন, আমি সীতার দেখা পেরেছি, আমার অন্য কর্তব্য অলপই অর্থান্দট আছে। এখন শুত্রসক্ষের বলাবল নির্ণয়ের জন্য সাম দান ভেদ এই তিন উপায়ে বর্জন করে চতুর্থ উপায় দণ্ড অবলম্বন করতে হবে।—

> ন সাম রক্ষঃসহ গ্রেণায় কলপতে ন দানমধোপচিতেষ্ যুক্তাতে। ন ভেদসাধ্যা বঙ্গদিপিতা জনাঃ পরাক্রমক্ষেষ মমেহ রোচতে॥ (৪১ 1৩)

— রাক্ষসদের প্রতি সাম(১) নীতি প্রয়োগ করলে ফল হবে না, দানও যুক্তিসংগত নয় কারণ এরা সমূন্ধ! বলদপিত জনের মধ্যে ভেদ উৎপাদনও অসাধ্য। অতএব এ ক্ষেত্রে বলপ্রয়োগই উচিত মনে করি।

হন্মান আরও ভাবলেন, প্রধান কর্মা সীতার দর্শন যথন সম্পত্ন হয়েছে তথন তার অবিরোধী অতিরিক্ত কার্যা করলে দোষ হবে না। শত্রুর যুম্পর্শান্ত জেনে নিয়ে যদি বানররাজ স্থানির কাছে ফিরতে পারি তবেই তার আজ্ঞা যথার্থভাবে পালন করা হবে। এই অশোকবন আমি নষ্ট করব, তাতে রাবণ ক্তিত হয়ে সমস্ত সৈন্যদল পাঠাবে, ঘোর যুম্প হবে, আমি রাক্ষসদের বধ কারে স্থানীবের কাছে ফিরব।

হন্মান অশোকবন ধরংস করতে লাগলেন। পক্ষীর কোলাহলে এবং বৃক্ষভগেগর শব্দে লংকাবাসী সন্দ্রত হ'ল। রাক্ষসীরা নিদ্রা থেকে উঠে দেখলে, হন্মান গিরিসংকাশ ভয়াবহ ম্তিতি বিরাজ করছেন। তারা জানকীকে জিজ্ঞাসা করলে, এ কে, কোথা থেকে কেন এখানে

⁽১) সন্ধি বা তোষ্ণ।

এসেছে? তোমার সপ্যে কি কথা বলছিল? সীতা উত্তর দিলেন, আমার সাধ্য কি যে কামর্পী রাক্ষসদের কথা বৃঝি,

> য্য়মেবাস্য জানীত যোহয়ং যদ্ বা করিষাতি। অহিরেব অহেঃ পাদান্ বিজ্ঞানিতি ন সংশয়ঃ॥ (৪২।৯)

— তোমরাই জান এ কে আর কি করতে এসেছে। সাপের পা সাপই চিনতে পারে তাতে সন্দেহ নেই।

রাক্ষসীরা রাবণের কৃছে গিয়ে বললে, মহারাজ, এক ভীমকায় বানর আশোকবনে এসে সীতার সংগ্য কথা কয়েছে। আমরা সীতাকে প্রশন করলেও তিনি বললেন না সে কে। এই অন্ভতমূতি বানর বোধ হয় ইন্দের বা কুবেরের বা রামের দৃত। সে অশোকবন নন্ট করেছে, কেবল সীতা যে শিংশপা বৃক্ষের তলে থাকেন তা ভাঙে নি। আপনি ভার শান্তির বাবন্ধা কর্ন। আপনার মনোনীতা সীতার সংগ্য যে কথা বলতে সাহস করে তার জীবনের মমতা নেই।

রাবণ চিতাণিনর ন্যায় ক্রাধে জালে উঠলেন। প্রদীপত দীপ থেকে যেমন জালত তৈলবিলা ক্ষরিত হয়, সেইর্প তাঁর ঘ্রিত নেত থেকে অপ্রাবিলা পতিত হল। হন্মানের নিগ্রহের জন্য তিনি আশি হাজার ঘোরদর্শন মহাবল কিংকরকে আজ্ঞা দিলেন। হন্মান তোরণের উপর উপবিষ্ট ছিলেন। পতংগ যেমন পাবকের দিকে ধাবনান হয় কিংকরগণ সেইর্প হন্মানের কাছে বিবিধ অস্থা নিয়ে গেল। পর্বতপ্রমাণ প্রকাণ্ড দেহধারী হন্মান লংকা ধানিত ক'বে লাংগ্লে আফেট শগতে লাগলেন, সেই প্রচন্ড নিনাদে বিহংগগণ আকাশ থেকে নিপতিত হ'ল। হন্মান উচ্চকণ্ঠে ঘোষণা করলেন—

জয়ত্যতিবলো রামো লক্ষ্মণণ্ট মহাবলঃ।
রাজা জয়তি স্থাবো রাঘবেণাভিপালিতঃ॥
দাসোহহং কোশলেন্দ্র্য রামস্যাক্রিউকর্মণঃ।
হন্মাঞ্শন্সৈন্যানাং নিহন্তা মার্তামজঃ॥
ন রাবণসহস্রং মে ফ্রেধ প্রতিবলং ভবেং।
দিলাভিন্ট প্রহরতঃ পাদপৈন্ট সহস্রশঃ॥ (৪২ ১৩৩-৩৫)

—মহাবল রামের জয়, লক্ষ্মণের জয়, রাঘবের আগ্রিত রাজা স্থাবির জয়! আমি অযোধ্যাপতি অক্লিণ্টকর্মা রামের দাস, শয়্টেসন্যের নিহন্তা পবননন্দন হন্মান। আমি যখন সহস্র সহস্র শিলা আর বৃক্ষ নিয়ে প্রহার করব তখন সহস্র রাবণও যুশ্ধে আমার সমকক্ষ হবে না।

হন্মান তোরণ থেকে প্রকাশ্ত লোহময় পরিষ(১) খ্লে নিলেন এবং ইন্দ্র যেমন বজ্লাঘাতে দৈতা বধ করেছিলেন সেইর্প তিনি পরিষের প্রহারে কিংকরগণকে বিনন্ধ করলেন। তার পর তিনি লম্ফ দিয়ে মের্-শ্রেগর নাায় উচ্চ চৈতাপ্রাসাদের (২) উপর উঠে মহাশব্দে বাহনাম্ফোট (৩) ও জয়ধর্নি করতে লাগলেন। চৈতাপালগণ নানা অস্ম নিয়ে তাঁকে আক্রমণ করতে এল। প্রাসাদের একটি বৃহৎ শতধার (৪) ন্বর্ণভূষিত ন্তম্ভ উৎপাটিত করে হন্মান মহাবেগে ঘোরাতে লাগলেন, তাতে আন্ন উৎপত্র হয়ে প্রাসাদ দেশ হয়ে গেল। তথন রাবণের আদেশে প্রহন্তপ্র মহাবীর জন্বমালী থর্যত্ত রথে চাড়ে যুম্ধ করতে এলেন এবং হন্মানের দেহে শরবর্ষণ করতে লাগলেন। হন্মান তাঁর হন্তধ্ত পরিষ মহাবেগে ঘ্রণত করে জন্বমালীর বক্ষে নিক্ষেপ করলেন। জন্বমালী নিহত হয়ে ছিল্ল ব্রেক্ষর ন্যায় পতিত হলেন।

রাবণের আদেশে মন্তিপ্তগণ বহা সৈনা নিয়ে যাখ করতে এলেন।
হন্মান আকাশ থেকে আক্তমণ ক'রে তাঁদেরও বধ করলেন এবং প্র্বং
তারণের উপর বসলেন। সংবাদ পেয়ে রাবণ বির্পাক্ষ যাপাক্ষ দ্ধর্য প্রথম ও ভাসকর্ণ এই পাঁচজন সেনাপতিকে বললেন, তোমরা হস্তী অশ্ব ও রথ নিয়ে যাখে যাও এবং দেশকাল বাঝে কার্য ক'রো। এই শত্রকে আমি সামান্য বানর মনে করি না, বোধ হয় ইন্দ্র একে তপোবলে স্থি করেছেন। আমি বালী স্তাবি জান্ববান নীল দ্বিবদ প্রভৃতি বিপ্লেবিক্রম অনেক বানর দেখেছি, কিন্তু তাদের গতিশক্তি পরাক্তম ব্রিধ

⁽১) অর্গল বা হুড়কো। (২) রাক্ষসকুলদ্বেতার মন্দির। (৩) তাল ঠোকা।

⁽৪) একল পল কাটা।

উৎসাহ আর আকার এর ভূল্য নর। অন্য কোনও মহাবল প্রাণী বানরের রূপ ধ'রে এখানে এসেছে, সতএব তোমরা একে জয় করবার জন্য বিশেষ চেষ্টা করবে।

সেনাপতিগণ সসৈন্যে তোরণার্ড হন্মানের কাছে গেলেন এবং শর
শ্ল পট্টিশ প্রভৃতি অন্য দিয়ে তাঁকে আঘাত করতে লাগলেন। হন্মান
এক গিরিশ্পা উৎপাটিত ক'রে তার আঘাতে পণ্ড সেনাপতি বধ করলেন
এখং অন্ব ন্বারা অন্ব, হস্তী ন্বারা হস্তী, সৈন্য ন্বারা সৈন্য ধ্বংস
করলেন। তার পর তিনি কৃতান্তের ন্যায় প্রবার তোরণে উপবিষ্ট
হলেন।

সসৈন্য পঞ্চ সেনাপতির নিধনসংবাদ পেয়ে রাবণ কুমার অক্ষের দিকে চাইলেন। রাবণের দৃষ্টিপাত মাত্র মহাবীর অক্ষ যুদ্ধের জন্য উৎসাহিত হলেন এবং অষ্ট-অম্ব-বাহিত আকাশগামী স্বৰ্ণভূষিত রথে সসৈন্যে যাত্রা করলেন। যুগ্যুস্তকারী প্রলয়াগ্নির ন্যায় হন্মানের প্রতি রাবণপত্তে অক্ষ সবিস্ময়ে ও সসম্ভয়ে দৃষ্টিপাত করলেন এবং তিন শর নিক্ষেপ ক'রে তাঁকে ষ্কেধ আহত্বান করলেন। এই দুই বীরের সমাগমে · স্বাস্ব বৃহত হলেন, প্রাণিগণ আর্তনাদ ক'রে উঠল, স্থ[া] তাপদানে বিরত হলেন, বায়্ব নিশ্চল হলেন, পর্বত বিচলিত হ'ল, অন্তরীক্ষে মেঘ-গর্জন হ'ল, সম্দ্র বিক্ষ্ম হয়ে উঠলেন। হন্মান সসম্মানে অক্ষকে নিরীক্ষণ কর্ছালেন এমন সময় এক ভীষণ শরে তাঁর বক্ষ বিষ্ণ হল। হন্মান ভাবলেন নবোদিত স্ধেরি ন্যায় কাশ্তিমান এই অল্পবয়স্ক রাবণ-পরে প্রোঢ়ের সমান বীরত্ব দেখাচ্ছে, একে মারতে আমার ইচ্ছা হচ্ছে না। কিন্তু এর বিক্রম ক্রমেই বাড়ছে, বর্ধমান অণ্নিকে উপেক্ষা করা উচিত নয়। এইর্প চিশ্তা ক'রে হন্মান মহাবেগে ধাবিত হলেন এবং চপেটাঘাতে অক্ষের অন্ট অন্ব বধ কর্লেন। অক্ষ রথ থেকে ধন্ ও থড়্গ নিয়ে আকাশে উঠলেন, তখন হন্মান তাঁর দুই চরণ দ্ঢ়ভাবে ধরলেন এবং সহস্রবার ঘ্রিয়ে বেগে নিক্ষেপ করলেন। বিচ্ণিতদেহে অক ভূপতিত হলেন। হন্মান আবার তোরণে বসলেন।

১। इन्यादनत बन्धन

[সর্গ ৪৮]

কুমার অক্ষের নিধনসংবাদ পেয়ে রাবণ ধৈর্য অবলম্বন করে ইন্দ্রজিংকে ডেকে বললেন, তুমি অন্তবিশারদগণের গ্রেণ্ঠ, স্বরাস্বরকে তুমি
নিজিতি করেছ, পিতামহ রহমার কাছে তুমি রহমান্য লাভ করেছ।
তুমি নিজ ভূজবলে ও তপোবলে রক্ষিত, দেশকালজ্ঞ ও ব্রশ্বিমান।
কিংকরগণ, জন্ব্যালী, মন্তিপ্তগণ, পণ্ড সেনাপতি ও কুমার অক্ষ
সকলেই নিহত হয়েছে। এদের উপর আমার তত নির্ভার ছিল না যত
তোমার উপর আছে। এখন তুমি সেই বানরের শক্তি ও নিজের পরাক্রম
ব্বে যথোচিত যুদ্ধের উদ্যোগ কর। বীর, তুমি সেনা সপ্তেগ নিও
না, তারা দলে দলে বৃথা বিনষ্ট হবে। তীক্ষ্য অন্তও নিও না, কারণ
এই বার্গতি অণ্নিত্বা তেজন্বী বানর সাধারণ অন্তের অবধ্য। তুমি
দিব্য অন্তের সাহায্য নাও এবং ন্বয়ং অক্ষত থেকে কার্য সম্পাদন কর।

ইন্দুজিং পিতাকে প্রদক্ষিণ ক'রে সম্বর যুদ্ধের জন্য প্রস্তুত হলেন এবং মহাবেগগামী তীক্ষাদনত চতুর্জুজগারাহিত রথে চ'ড়ে যাত্রা করলেন। তাঁর রথের শব্দ আর ধন্কের টংকার শ্নেন হন্মান হুন্ট হলেন। তথন সর্বাদিক অন্ধকারাচ্ছল্ল হ'ল, শ্বাপদ প্রাণিগণ চিংকার করতে লাগল, নাগ যক্ষ মহর্ষি সিন্ধ ও আকাশচরুচারী গ্রহণণ দেখতে এলেন, পদ্ধীরা উচ্চ রব ক'রে উঠল। ইন্দুজিতের রথ দেখে হন্মান তাঁর দেহ আরও বিধিত ক'রে সিংহনাদ করলেন। তাঁকে লক্ষ্য ক'রে ইন্দুজিং নিরন্তর শ্রক্ষেপণ করতে লাগলেন, কিন্তু হন্মান ক্ষিপ্রগতিতে ফাঁকে ফাঁকে বিচরণ ক'রে শ্রাঘাত ব্যর্থ ক'রে দিলেন। তথন ইন্দুজিং তাঁর শ্রাসনে বহ্মান্দ্র সংধান করলেন, কিন্তু হন্মান বহ্মান্দেরও অবধ্য এই তেবে কেবল বন্ধনের জন্য তা নিক্ষেপ করলেন।

হন্মান নিশ্চেণ্ট হয়ে প'ড়ে গেলেন। ব্রহ্মার কাছে তিনি বে বর পেয়েছিলেন তা স্মরণ ক'রে তিনি নির্ভায় হলেন, কিন্তু ব্রালেন যে মূকু হবার শক্তি তাঁর নেই, কিছুকাল এই বন্ধনদশা সইতেই হবে। তিনি ভাবলেন, যদি আমাকে রাবণের কাছে নিয়ে যায় তবে ভালই হবে, তাঁর সংগ্য আমার কথাবার্তা হ'তে পারবে। রাক্ষসরা কট্বাক্য বলতে বলতে শণ ও বল্কলের রক্জ্ম দিয়ে তাঁকে বে'ধে ফেললে, হন্মান নিশ্চেট হয়ে চিংকার করতে লাগলেন। ইন্দুজিং দেখলেন, হন্মান সহসা রহ্মান্য থেকে মন্ত হয়েছেন, কারণ মন্তের বন্ধন অন্যবিধ বন্ধনের সংগ্য থাকতে পারে না। ইন্দুজিং ভাবলেন, আমার সমন্ত কর্ম নিরপ্কি হ'ল, রাক্ষসরা মন্তের শক্তি ব্যক্ত না। বহ্মান্তের পর অন্য অন্য প্রয়োগ করলে ফল হয় না।

হন্মান ব্রহ্মান্তের বন্ধন থেকে মৃত্ত হয়েও তার লক্ষণ প্রকাশ করলেন না। রাক্ষসরা তাঁকে প্রহার করতে করতে রাবণের সভায় টেনে নিয়ে গেল। শৃত্থলবন্ধ মন্ত মাততেগর ন্যায় হন্মানকে দেখে রাক্ষসরা বলতে লাগল, এ কে? কোথা থেকে কি জন্য এখানে এসেছে? কেউ বললে একে মেরে ফেল, কেউ বললে পোড়াও, কেউ বললে থেয়ে ফেল।

১০। রাবণ-সভার হন্মান

[Aut 82-62]

রাবণ ম্ক্রাজালমন্ডিত মৃক্ট ও হীরকাদি মহার্হ মণিসমন্বিত স্বর্ণাভরণ ধারণ করে সভার বাসে আছেন। তাঁর দেহ রক্তচন্দনে চার্চাত, পরিধানে
মহার্ঘ ক্ষোম বসন। তাঁর চক্ষা রক্তবর্ণ, দনত তাঁক্ষা বৃহৎ ও উজ্জ্বল, ওণ্ঠ
লান্বিত। বহুনিখরধারী মন্দর পর্বতের ন্যায় তিনি দশমস্তকে
শোভিত। তাঁর বর্ণ নীলাঞ্জনের তুলা, মেঘের উপর বলাকাশ্রেণীর ন্যায়
তাঁর বক্ষে প্রেচন্দ্রন্তি বক্স রক্তহার। বাহুতে কেয়্র ও পঞ্চশীর্ষ
সপ্রে ন্যায় অংগদ। তাঁর বৃহৎ আসন স্ফটিকনির্মিত ও রক্সনি-ডত,
তার উপর উত্তম আস্তরণ। চতুর্দিকে সালংকারা প্রমদাগণ চামরহস্তে
তাঁকে বীজন করছে। দৃধ্রে, প্রহস্ত, মহাপান্ব ও নিকৃষ্ণ এই চার

মন্ত্রী নিকটে ব'সে আছেন। হন্মান বন্ধনের ফলে ক্লিড হ'লেও রাবণকে দেখে মোহিত হয়ে ভাবলেন,

> অহো রূপমহো ধৈর্যমহো সত্মহো দ্যতিঃ। অহো রাক্ষসরাজস্য সর্বলক্ষণযুক্তা॥ যদ্যমর্মা ন বলবান্ স্যাদয়ং রাক্ষসেশ্বরঃ। সাদয়ং স্রলোকস্য সশক্ষ্যাপি রক্ষিতা॥ (৪৯।১৭-১৮)

— ওঃ, কি র্প, কি ধৈর্য, কি শক্তি, কি দ্যতি! রাক্ষসরাজের সর্বাপ্যে কি স্কেক্ষণ! যদি এ'র অধর্ম প্রবল না হ'ত তবে ইনি ইন্দ্রসমেত স্বলোকের রক্ষক হতেন।

মহাবাহ্ পিজালচক্ষ্ হন্মানকে দেখে রাবণ ভাবলেন, ইনি কি ভগবান নন্দী যিনি আমার উপহাসে রুষ্ট হয়ে কৈলাসে আমাকে অভিদাপ দিরেছিলেন(১), না অস্বপতি বাণ? হন্মানকে প্রদন্
করবার জন্য রাবণ মন্দ্রী প্রহুষ্ঠকে আজ্ঞা দিলেন। প্রহুষ্ঠ বললেন, বানর, তোমার ভয় নেই। ইন্দু কি তোমাকে এখানে পাঠিয়েছেন, না কুবের ষম বা বর্ণ? তুমি কি বিস্কৃর দ্ত? তোমার রূপ বানরের ন্যায় কিন্তু তেজ অন্যপ্রকার। সত্য কথা বল, মৃত্তি পাবে, মিথ্যা বললে প্রাণ হারাবে।

হন্মান রাবণকে বললেন, আমি ইন্দু ধম বর্ণ বা কুবেরের চর
নই, বিঞ্ব আমাকে পাঠান নি। আমি বানরই, রাক্ষসরাজকে দেখতে
এসেছি। তোমার দর্শন দ্র্লভ, সেজন্য অশোকবন নত্ট করে রাক্ষসদের
সভ্যে ধৃশ্ব করেছি। রহমার বরে দেবাস্বেও আমাকে অস্ত্রপাশে বন্ধ
করতে পারে না, তোমাকে দেখবার জন্যই বন্ধ হয়েছি। আমি মহাবল
রাঘবের দ্ত, তাঁর কার্য সম্পাদনের জন্য এখানে এসেছি। তোমার
মণ্যলের নিমিত্ত যা বলছি শোন। রাক্ষসরাজ, স্ব্রোবের আদেশে আমি
তোমার কাছে এসেছি। তোমার ভ্রাতা স্ব্রোব কৃশল জিল্লাসা করে
তোমার ঐহিক ও পার্রিক শ্ভকামনায় এই কথা বলেছেন।— রাজা

⁽১) উত্তরকাশেড চতুর্থ পরিচ্ছেদে এর বিবরণ আছে।

দশরথের পূত্র রাম তাঁর ভাষা সীতা ও দ্রাতা লক্ষ্মণের সপ্পে দশ্ভকারণো এসেছিলেন। বিদেহরাজ জনকের কন্যা সীতা জনস্থানে অপহ্তা হয়েছেন। তাঁকে খ্রুড়তে খ্রুড়তে রাম-লক্ষ্মণ খ্যুমাকে এসেছেন, এবং বালীকে বধ ক'রে স্থাবিকে বনেররাজ্যের অধীশ্বর করেছেন। মহাবীর য়ালীকে তুমি জান, রাম তাঁকে এক শরেই নিহত করেছেন। স্থাীবের আদেশে অসংখ্য বানর সর্বাদিকে সীতার অন্বেষণ করছে। আমি মার্তের ঔরস প্র হন্মান, সীতার সন্ধানে শতধোজন সাগর লম্বন ক'রে এখানে এসেছি এবং ভ্রমণ করতে করতে তোমার আলম্নে জনক-নন্দিনীকে দেৰ্খেছি। তুমি ধর্মজ্ঞ, তপস্যাতেও সিম্পিলাভ করেছ, পরপত্নীকে অবর্ত্যধ রাখা তোমার উচিত নয়। ধর্মবির্ত্য অনর্থকর কর্মে তোমার ন্যায় ব্রিখ্মান ব্যক্তি প্রবৃত্ত হন না। রাজা, গ্রিলাকে এমন কেউ নেই যে রামের অনিষ্ট ক'রে সূখে থাকতে পারে, অতএব তুমি জানকীকে রামের হচ্তে সমর্পণ কর। আমি সীতার দ্বর্গভ দর্শন পেয়েছি, তিনি অতি শোকার্তা, পঞ্চমুখী ভুজ্ঞাীর ন্যায় তোমার কাছে আছেন তা তুমি ব্ৰুছ না। বিষমিপ্ৰিত অল্ল যেমন জীৰ্ণ করা যায় না, সেইর্প সীতাকে সুরাসুর কেউ অধিকার করতে পারে না। তুমি তপস্যার ফলে যা লাভ করেছ অধর্ম করে তা নন্ট করে। তপঃ-প্রভাবে তুমি দেবতা আর অস্বরের অবধা, কিন্তু স্থাীব দেব বা ষক্ষ বা রাক্ষস নন, রামও মান্ত্র, তাঁদের হাতে তুমি কি ক'রে রক্ষা পাবে? জনস্থানে বহর রাক্ষস মরেছে, বালীও মরেছেন, সর্গ্রীবের সপো রামের সখা হয়েছে, এখন তোমার কিসে স্বণ্গল হয় তা ভেবে দেখ। আমি একাকীই গজবাজিরথ সমেত লখ্কা ধ্বংস করতে পারি, কিন্তু রাম সের্প আজ্ঞা দেন নি, সীতার অপহারক শুত্রকে তিনি স্বয়ং সংহার করবেন এই প্রতিজ্ঞা করেছেন। যাঁকে তুমি সীতা ব'লে জ্ঞান, যিনি তোমার আলয়ে বাস করছেন, তিনি সর্বলম্কাবিনাশিনী কালরাতি। সীতার্পী মৃত্যুপাশ তুমি নিজের স্কম্থে রেখো না, নিজের মুখ্যুল চিশ্তা কর। রাক্ষসরাজেন্দ্র, তুমি রামদাস রামদ্ত বানরের সত্য কথা শোন — রাম চরাচর সমেত সর্বল্যেক সংহার করে আবার তা সৃষ্টি

করতে পারেন। তাঁর পরক্রেম বিষ্ণুর তুলা, দেবাস্র মন্ধ্য যক রক্ষ কেউ নেই যে রামের প্রতিযোখা হ'তে পারে। স্বয়স্তু রহ্মা, তিপ্রোস্তক র্দু বা স্রপতি মহেন্দ্র কেউ রামের সম্পে যুস্থ করতে পারেন না।

১১। विक्रीयद्यम छेशस्य

[সর্গ ৪২]

হন্মানের কথা শ্নে রাবণ অত্যন্ত জ্বন্ধ হয়ে বললেন, একে বধ কর। বিভাষণ এই আদেশ উচিত মনে করলেন না। তিনি তাঁর অন্তজকে বললেন, রাক্ষ্যেন্দ্র, ক্ষান্ত হও, রোষ ত্যাগ কর, প্রসম হয়ে আমার কথা শোন। বে রাজারা ন্যায় ও অন্যায় বোঝেন তাঁরা দ্তকে বধ করেন না। এই কার্য ধর্ম বিরুম্ধ এবং লোকব্যবহারে গহিত গণ্য হয়। তুমি ধর্মজ্ঞ কার্যজ্ঞ রাজধ্ম বিশারদ ও বিচক্ষণ, যদি জোধের বশীভূত হও তবে তোমার শাস্তজ্ঞান বৃথা হবে। অতএব শান্তচিত্তে উচিত অনুচিত বিচার করে এই দ্তকে দক্ত দাও।

রাবণ বললেন, পাপীকে বধ করলে পাপ হর না, অতএব আমি এই পাপাচারী বানরকে বধ করব। রাবণের এই ধর্মবির্দ্ধ অনার্যেচিত বাকা শনে বান্ধিমান বিভীষণ বললেন, লভেকন্বর, প্রসম্ন হও, ধর্মসংগত কথা শোন। সাধ্য লোকে বলেন, দ্ত সর্ব সমরে অবধা। তোমার এই শার্ম অতিশর প্রবল এবং এ অনেক আনন্দ করেছে তা সতা, তথাপি এ দ্ত, সেজনা বধা নয়। দ্তের জনা বহুবিধ দণ্ড বিহিত আছে, বধা অন্গের বির্পতা, কশাঘাত, মস্তকম্ণ্ডন, কিন্তু বধদণ্ডের বিধান শোনা বায় না। ধর্মবিচারে বা লোকবাবহারে বা শাস্চার্থনির্পণে তোমার সমান কেউ নেই। এই বানরকে বধ করলে তোমার কোনও লাভ হবে না, বে একে পাঠিয়েছে তাকেই দণ্ড দেওয়া উচিত। এই দ্ত ন্যাষা বা অন্যাষ্য ধাই ব'লে থাকুক, এ পরাধীন এবং পরের কথাই বলেছে। একে ধদি বধ করা হয় তবে আর কাকেও দেখছি না বে

ফিরে গিয়ে তোমার শন্ত্র দ্বিশীত দ্ই রাজপ্রেকে যুম্থে প্ররোচিত করবে। রাক্ষসপতি, তোমার অন্রক্ত রাক্ষসরা যুম্থের জন্য উৎস্ক হয়ে আছে, তাদের নির্পসাহ করা উচিত নয়। এরা বীর, তোমার বশীভূত, সংকুলজাত, গ্রেবান, ব্যিথমান, শাস্ত্রবিশারদ, কোপনস্বভাব এবং তোমার বেতনে সম্ভূত। এদের কয়েক জনকে আজ্ঞা দাও, সেই দ্ই মৃঢ় রাজপ্রকে বে'ধে নিয়ে আস্বৃক।

५२। जम्कानार

[मर्ग ७०-७७]

বিভীষণের দেশকালোচিত বাক্য শ্নে দশানন বললেন, তোমার কথা ঠিক, দ্তকে বধ করা উচিত নয়, কিন্তু এর নিগ্রহ করতে হবে। লাগ্যলেই বানরদের প্রিয় ভূষণ, অতএব এর লাগ্যলে দশ্ধ কর, তাই নিয়ে এ ফিরে যাক, আত্মীয়স্বজন একে দ্বর্দশাপন্ন বিকলাগ্য দেখুক। লাগ্যলে অশিন দিয়ে একে নগরের চম্বরে এবং সর্বত্ত নিয়ে বেড়াও।

রাবণের আদেশ শুনে রাক্ষসরা হন্মানের লাগালে জীর্ণ কার্পাস বদ্য জড়িরে তৈলাক্ত করে তাতে অগিন দিলে। হন্মান তাঁর দেহ বিধিত করে জন্মশত লাগালে দিয়ে রাক্ষসদের তাড়না করতে লাগলেন। আবালবৃশ্ধ রাক্ষস-রাক্ষসীরা সকোতৃকে এই ব্যাপার দেখতে এল। হন্মান ভাবলেন, আমি এখনই বন্ধনমন্ত হয়ে এদের বধ করতে পারি, কিন্তু রামের হিতসাধনের জন্য এই বন্ধনদশা সইব, এরা আমাকে নিয়ে লন্দার ঘরে বেড়াক। আমি রান্তিতে এখানকার দ্র্গম স্থান দেখতে পাই নি, এখন দিবালোকে সমস্তই দেখব। রাক্ষসরা আমার উপর পীড়ন করছে বটে, কিন্তু আমার মন অবসল হয় নি।

প্রাক্ষসরা হৃষ্টাচন্তে শধ্ধ ও ভেরী বাজাতে বাজাতে হন্মানকে নিয়ে বিশাল লক্ষ্পন্রীতে পর্যটন করতে লাগল। তিনি বিচিত্র বিমান, প্রাচীরবেষ্টিত ভূমি, স্নবিভক্ত চম্বর, গৃহপ্রোণীতে শ্যোভিত পথ, চতুষ্পথ, রাজমার্গ প্রভৃতি দেখতে দেখতে চললেন। রাক্ষসরা ঘোষণা করতে লাগল—চরের শাস্তি দেখ।

সেই সময়ে রাক্ষসীরা সীতাকে সংবাদ দিলে, তুমি যে তামম্থ বানরের সংগ্য কথা বলেছিলে তার লাগ্যলে আঁশন দিয়ে তাকে নগর-দ্রমণ করানো হচ্ছে। বৈদেহী অত্যন্ত শোকাবিন্টা হয়ে হন্মানের মগ্যলকামনায় হ্তাশনের উদ্দেশে প্রার্থনা করলেন—যদি আমি পতি-সেবা আর তপশ্চর্যা ক'রে থাকি, যদি আমি পতিব্রতা হই, তবে তোমার দপর্শ যেন হন্মানের অংশ্য শীতল হয়। তখন প্রথর আঁশন দক্ষিণ শিখায় জ্বলতে লাগলেন, অণ্নদীপক বায়্ তুষারশীতল ও স্বশ্বদ্পর্শ হয়ে প্রবাহিত হলেন।

হন্মান ভাবলেন, আমার লাগ্যলে আগন জবলছে কিন্তু আমার অগ্য তো দণ্ধ হচ্ছে না! এই আগন তুষারপাতের ন্যায় বোধ হচ্ছে কেন? বোধ হয়, এ রামের প্রভাব, যার জন্য সাগ্যরলক্ষনকালে মৈনাক পর্বত আবিভূতি হয়েছিলেন। সীতার দয়া, রাঘবের তেজ এবং আমার পিতা পরনের দেনহ, এইসকল কারণে আগন আমাকে দণ্ধ করছেন না। হন্মান আবার ভাবলেন, নীচ রাক্ষসরা আমাকে বন্ধন করেছে, এর প্রতিফল দেওয়া কর্তব্য। তখন তিনি পাশ ছিল্ল করে লম্ফ দিয়ে ঘোর নিনাদে পর্বতিশৃশ্য তুলা উচ্চ প্রশ্বারে উপন্থিত হলেন এবং দেহ সংকৃচিত করে বন্ধনরক্জ্য দ্ধলিত করেলেন। তার পর আবার পর্বতাকার হয়ে তোরণের অর্গল খলে নিয়ে তার আঘাতে রক্ষিগণকে বধ করলেন।

অনন্তর হন্মান এক গ্রের উপর থেকে অন্য গ্রের উপরে এবং বহু প্রাসাদ ও উদ্যানে অন্নিবিস্তার করে বেড়াতে লাগলেন। প্রহুত মহাপার্শ্ব বছ্রদংশ্র শ্ক সারণ ইন্দ্রজিং কুম্ভকর্ণ প্রভৃতির ভবন দক্ষ হ'ল, কিন্তু হন্মান বিভীষণের গৃহ ছেড়ে দিলেন। তার পর তিনি নানা রাছে বিভূষিত মের্মন্দর তুল্য উচ্চ রাবণের নিকেতনে অন্নিসংযোগ করে প্রসামেষের নায়ে গর্জন করতে লাগলেন। সেই অন্নি বায়্ম্বারা বিধিত হয়ে কালানলের ন্যায় মহাবেগে সর্বন্ন ব্যাশ্ত হ'ল। কাঞ্চনজাল-

সমন্বিত মণিম্রামর বিশাল ভবনসম্হ ভান হরে ভূমিতলৈ পড়তে লাগল, ধাবমান রাক্ষসদের ভূম্বল আর্তনাদ উঠল। নিজ নিজ গৃহ রক্ষার আশা ত্যাগ ক'রে তারা বললে, হা, ন্বরং আন্দ কপির্পে এখানে এসেছেন। আন্নপরিবেদিত রমগীগদ স্তন্যপানরত শিশ্বকে বক্ষে নিয়ে কাদতে কাদতে ম্রেকেশে সহসা প্রাসাদ থেকে নিপতিত হ'ল, বেন মেঘ থেকে সৌদামিনী নিগতি হছে। জ্বলন্ত গৃহ থেকে ন্বর্ণরজ্ঞাদি ধাতু বিগলিত হয়ে পড়তে লাগল।

ততঃ স লঞ্চাপ্রপর্বতাগ্রে
সম্বিতা ভীমপরাক্তমোহিশিঃ।
প্রসার্য চ্ডাবলয়ং প্রদীশেতা
হন্মতা কেগবতোপস্ভঃ॥
য্গাণ্ডকালানলতুলার্পঃ
স মার্তোহিশনব্ব্ধে দিবস্প্ক্।
বিধ্যরণমর্ভবনেষ্ সদ্যো
রক্ষঃশরীরাজ্যসম্পিতাচিঃ॥
আদিতাকোটীসদ্শঃ স্তেজা
লঞ্কাং সমস্তাং পরিবার্য তিন্ঠন্।
শক্ষেরনেকৈর্শনিপ্রর্ট্ণভিশেলিবান্ডং প্রব্ভৌ মহাশিনঃ॥ (৫৪ ১০১-৩৩)

— হন্মান কর্তৃক বিকীণ সেই প্রচণ্ড অণিন লংকার পর্বত (১) শিখরে উত্থিত হয়ে শিখামণ্ডল প্রসারিত করে প্রদীণ্ড হল। যুগান্তকালীন অনলের ন্যায় সেই নিধ্মি অণিন গৃহে গৃহে রাক্ষসদেহরূপ হবি বারা পুন্ট এবং বায়্সংযোগে উদ্দীপিত হয়ে আকাশ স্পর্শ করলে। কোটি স্থের ন্যায় উল্ভাল সেই মহাণিন সমন্ত লংকা বেন্টন করে রইল, এবং বন্ধনাদের ন্যায় প্রচণ্ড শব্দে হেন ব্রহ্মাণ্ড বিদীণ করতে লাগল।

দেব ঝাষ গন্ধর্ব বিদ্যাধর প্রভৃতি প্রীত হয়ে হন্মানের স্তৃতি করতে লাগলেন। সমস্ত লঞ্চায় উপদ্রব কারে অনুশেষে হন্মান তার

⁽५) विक्रो।

লাপন্লের অণিন সম্ভূজলে নির্বাপিত করলেন। তখন তাঁর এই দ্বিদ্নতা হ'ল — লজ্কা দংধ ক'রে আমি এ কি করেছি! এমন অকার্য নেই যা লোকে ক্লোধের বশে করে না। ধিক, আমি অতি ম্প্রিনর্পক্ষ পাপী, তাই সাঁতার কথা না ভেবেই লজ্কায় অণিনদান করেছি। অজ্ঞানবশে আমি প্রভূর অনিষ্ঠ করেছি, সীতা নিশ্চর দংধ হয়েছেন। এখন আমি অণিনপ্রবেশ করব অথবা সাগরে দেহ বিসর্জন দিয়ে জলচর প্রাণীদের ভক্ষ্য হব। সমস্ত কার্য পণ্ড ক'রে আমি কোন্ ম্থে স্কুত্রীব আর রাম-লক্ষ্যণের কাছে যাব? তিলোকে সকলেই জানে যে বানরজাতি অস্থিরমতি, আমি কোধাবিষ্ট হয়ে সেই জাতিগত স্বভাব দেখিয়েছি। হন্মান আবার ভাবলেন, সর্বাজ্যস্প্রদাকী সীতা নিশ্চয় নিজ তেজেই রক্ষিত আছেন, অণিন কখনও অণিনকে দংধ করেন না। রামের প্রভাবে ও সাতার প্রণ্য আমি দংধ হই নি, রামের প্রিয়া সাঁতাও দংধ হবেন না। আণন সমস্তই দংধ করতে পারেন, কিন্তু তিনি আমার লাগ্যনের হানি করেন নি, সাঁতাকেই বা কেন বিনন্থ করবেন?

এমন সময় হন্মান শ্নলেন, চারণরা বলছে — ওঃ, হন্মান কি ভয়ানক কার্য করেছে! লঙ্কার লক্ষ্মী পালিয়েছেন, অধিবাসীরা রোদন করছে, প্রাসাদ-প্রাকার-তোরণ-সমেত এই লঙ্কানগরী দণ্ধ হয়েছে, কিন্তু আশ্চর্য এই যে জানকী রক্ষা পেয়েছেন। হন্মান এই অম্তোপম বাক্য শনে অভিশয় হৃষ্ট হলেন এবং সীতাকে আবার দেখতে গেলেন।

১৩। হন্মানের প্রত্যাবর্তন

[সর্গ ৫৬-৫৯]

শিংশপা বৃক্ষের মূলে উপবিষ্ট জানকীর কাছে গিয়ে হন্মান অভিবাদন করে বললেন, দেবী, ভাগ্যক্তমে তোমাকে এখানে নিরাপদে দেখছি। হন্মান বিদায় নিতে এসেছেন ব্রেম সীতা তার প্রতি বার বার দ্বিপাত করে সন্দেহে বললেন, বংস, যদি ভাল মনে কর তবে একদিনের জন্যও এখানে কোনও বিজন প্রদেশে বিশ্রাম করে তবে বেরো। তুমি নিকটে বাকলে এই অলপভাগিনীর অসীম শোকের কিছ্
লাঘব হয়। বীর, ভোমার অসপনে আবার আমি লোকে বিদীর্ণ হব।
আমার মনে এই সংশয় আছে—বানর-ভল্লকের বিরাট সৈন্যদল নিরে
রাম-লক্ষ্মণ কি ক'রে এই দ্মতর সাগার পার হবেন? কেবল তিন জন
এই কার্ষে সমর্থ — তুমি, বার্ম ও বিনভাপত্র গর্মড়। তুমি একাই কর্ম
সম্পাদন করতে পারে তা জানি, কিন্তু রাম বদি সসৈন্যে এসে লক্ষ্ম করে আমাকে উন্থার করেন তবেই তাঁর যোগ্য কর্ম হবে। রাম যাতে
তাঁর পরাক্তমের উপযুক্ত কার্য করেতে পারেন তার উদ্যোগ তুমি কর।

হন্মান উত্তর দিলেন, দেবী, স্থাবৈ প্রতিজ্ঞা করেছেন যে শীঘ্রই রাম-লক্ষ্মণ ও সৈন্যদলের সপে এখানে আসবেন। তুমি থৈর্য ধর, রাম শীঘ্রই রাবণকে প্রে-অমাত্য-বান্ধব-সহ বধ করবেন। শশান্কের সপো রোহিণীর ন্যায় তুমি রামের সপো মিলিত হবে।

হন্মানের কর্তব্য শেষ হল। তিনি সীতাকে আশ্বাস দিয়েছেন, নিজের নাম বোষিত করেছেন, পরাক্রম দেখিয়েছেন, লঞ্চানগরী আকুল করেছেন, রাবণকে বন্ধনা করেছেন। এখন তিনি সীতাকে প্রণাম করে ফেরবার উদ্বোগ করেলেন। পন্নবার সাগরলন্ধনের উদ্দেশ্যে তিনি আরিষ্ট পর্বতে উঠলেন। এই পর্বতের নিদ্দেশ্য নীল বনরাজী ষেন তার ক্রমন, শৃংগমধ্যে লন্ধিত মেঘ ষেন উত্তরীয়। স্বৈকিরণে অরিষ্ট পর্বত ষেন উদ্বৃশ্ধ হয়ে আছে, উল্জ্বল ধাতুসম্হ ষেন তার চক্ষ্য, নির্মারের গল্ভীর ধর্নি করে ষেন সে অধ্যয়নে রত আছে। হন্মান পর্বতে আরোহণ করে দেহ বিধিত করলেন। তার পদভরে পর্বত নিপাঁড়িত হ'ল, শিলা চ্ণিতি হ'ল, বিবিধ প্রাণী ক্রম্ত হয়ে রসাতলে প্রবেশ করলে। ক্রমনভূষণে মৃছিতি হয়ে পড়ে গেল। কিন্তার গল্ধব্য ফ্রছ বিদ্যাধ্র পর্বত ত্যাগ করে আকাশে আশ্রয় নিলে। দশ ষোজন বিস্তৃত বিশ ষোজন উচ্চ অরিষ্ট পর্বত হন্মানের পদপ্রীড়নে ভূপ্রবিষ্ট হ'ল, তিনি সাগর-লন্ধনের জন্য লম্ফ দিয়ে আকাশে উঠলেন।

শ্বেত অর্ণ নীল লোহিত হরিং প্রভৃতি বর্ণের মেম্প্রাল আকর্ষণ ক'রে হন্মান আকাশপথে প্রত্বেগে চললেন। তিনি চলের ন্যার এক একবার মেম্বের অন্তরালে অদৃশ্য হয়ে আবার প্রকাশিত হ'তে লাগলেন। সম্প্রের মধ্যদেশে এসে মৈনাক পর্বতকে স্পর্শ ক'রে হন্মান জ্যাম্ব্র নারাচের ন্যার মহাবেগে ধাবিত হলেন। আরও কিছুদ্র গিয়ে তিনি মেম্বর্ণকাশ মহেন্দ্র পর্বত দেখতে পেলেন এবং শীঘ্রই স্হৃদ্গণের দর্শন পাবেন এই ভেবে লাশ্ব্রল কম্পিত ক'রে উচ্চ নিনাদ করতে লাগলেন। বানরগণ তাকৈ দেখবার জন্য পর্ব থেকেই সম্প্রের উত্তরতীরে অপেক্ষা কর্মিল, এখন তারা মেম্বর্ধানির ন্যায় হন্মানের গর্জন শ্নতে পেলে। জান্বনন বললেন, হন্মান সর্বাংশে কৃতাকার্য হয়ে ফিরে আসছেন তাতে সংশর নেই, নতুবা এপ্রকার নিনাদ করতেন না। তখন বানরগণ মহান্দেশ লম্ফ দিয়ে ব্লেকর এক শাখা থেকে অন্য শাখার এবং পর্বতের এক শাখা থেকে অন্য শাখার এবং সর্বতের উচ্চ শাখার ব'সে শ্ব্রুর বন্ধ আন্দোলিত করলে।

তমদ্রদাসংকাশমাপত্তং মহাকপিম্।
দৃষ্টনা তে বানরাঃ সর্বে তম্প্রঃ প্রাঞ্জন্মস্তদা॥
তত্তস্তু বেগবান্ ধীরো গিরোগরিনিভঃ কপিঃ
নিসসতে গিরেস্তস্য শিখরে পাদপাক্লে॥
হর্ষেণাপ্রমাণোহসৌ রুম্যে পর্বতনিশ্রে।
ছিল্লপক্ষ ইবাকাশাং পপাত ধর্ণীধরঃ॥ (৫৭।২৮-৩০)

— নিবিড় মেঘবর্ণ হন্মান নামছেন দেখে বানরগণ কৃতাঞ্চলি হয়ে রইল।
তথন সেই বেগবান পর্বতাকার বীর এক পর্বত(১) থেকে যাত্রা ক'রে
বৃক্ষসমাকীর্ণ অপর পর্বতের(২) শিখরে অবতরণ করলেন। তিনি
হর্ষে প্রণ হয়ে মহেন্দ্র পর্বতের রমণীর নির্বরপ্রদেশে ছিল্লপক্ষ পর্বতের
ন্যায় আকাশ থেকে পতিত হলেন।

⁽১) অরিন্ট পর্বত। (২) মহেন্দ্র পর্বত।

বানররা মহাহর্ষে হন্মানকে ঘিরে দাঁড়াল এবং নানাবিধ ফলম্ল উপহার দিলে। কেউ আনন্দে কিলকিলা রব করতে লাগল, কেউ তাঁর বসবার জন্য বৃক্ষণাথা ভেঙে এনে দিলে। হন্মান তথন জান্ববান প্রভৃতি বৃষ্ধ গ্রেজন এবং অভ্যদকে প্রথম করলেন এবং অন্যান্য বানর কর্তৃক প্রজিত হলেন। তার পর তিনি অভ্যদের হাত ধরে মহেন্দ্র পর্বতের রমণীয় বনপ্রদেশে উপবিষ্ট হয়ে বললেন, আমি অশোকবনে জনকনন্দিনীকে দেখেছি, ঘোরাকৃতি রাক্ষসীগণ তাঁকে রক্ষা করছে, তিনি উপবাসে কৃশ হয়ে মলিন বেশে মন্তকে জটিল(১) একবেণী(২) ধারণ করে রামদর্শন-লালসায় কাতর হয়ে আছেন।

. এই অমৃতত্ত্ব্য সংবাদ পেরে বানরগণ আনন্দে অস্থির হয়ে উঠল।
অপাদ বললেন, বানরোত্তম, বলবীর্দে তোমার সমকক্ষ আমাদের মধ্যে
কেউ নেই, তুমি এই বিশাল সাগর লন্দন ক'রে আবার ফিরে এসেছ,
তুমি আমাদের জীবনদাতা। তোমার প্রসাদে আমরা কৃতকার্ম হয়ে
রামের কাছে যেতে পারব। আন্চর্ম তোমার প্রভূভান্ত বীর্ম ও ধৈর্ম!
ভাগ্যবলে তুমি রামপত্নী বশস্থিনী সীতাকে দেখেছ, ভাগ্যবলে রাম
সীতাবিরহের শোক থেকে মৃত্ত হবেন।

সমসত ব্তাশত শোনবার জন্য বানররা উদ্প্রীব ও কৃতাঞ্চলি হরে হন্মানের দিকে চেয়ে বিশাল শিলাতলে উপবিষ্ট হ'ল। জাম্ববান প্রশন করলেন, তুমি কি ক'রে সীতাকে দেখলে? তিনি কেমন আছেন? করে দশানন তার সংখ্য কির্পে আচরণ করে? তুমি কোন্ উপারে তার সম্থান পেলে? তোমাকে তিনি কি বললেন? আমরা ফিরে গিরে রামকে কি জানাব এবং কি গোপন(৩) রাখব তা বল। তোমার ব্তাশ্ত শ্নলে আমাদের কর্তব্য স্থির করব।

হন্মান লঞ্চার সমস্ত ব্যাপার আদ্যোপান্ত বর্ণনা করলেন। অবশেষে বললেন, সীতার স্বভাব দেখে আমি ব্রেছি যে রামের উদ্যম আর স্ত্রীবের বাস্ততা দুইই সার্থক হবে। সীতার চরিত অতি মহৎ,

⁽১) জটা-পড়া। (২) রিরহিশীর লক্ষণ। (৩) কোনও কলক্ষের কথা।

তিনি চিলোক রক্ষা করতে পারেন এবং ক্রম্ম হ'লে দশ্য করতেও পারেন। রাবণের সোভাগ্য যে সে সীতার গাত্রস্পর্শ ক'রেও বিনন্ট হয় নি। বলদপিত রাবণকে সীতা গ্রাহ্য করেন না, প্রলোমদর্হিতা শচী ষেমন ইন্দের, সীতা সেইর্প রামের একান্ত অন্রোগিণী, রাম ভিল্ল তার অন্য চিন্তা নেই। তার প্রভাবই রাবণকে ধর্সে করবে, রাম নিমিত্ত মাত্র হবেন।

১৪। बानबद्यनात अध्यान

[সর্গ ৬০-৬২]

অপাদ বললেন, মৈন্দ আর ন্বিবদ এই দুই অন্বিপ্তে অত্যাত বেগবান ও বলবান এবং ব্রহ্মার বরে সকলের অবধ্য। এরা এককালে দেবগণের বিপ্ল সেনা পরাজিত করে অমৃতপান করেছিলেন। বানরগণ, তোমরা সকলে এখানেই থাক, মৈন্দ আর ন্বিবিদ লন্দা ধর্মে করে আস্নুন। আমিও একাকী রাবণকে বধ করে লন্দা উৎসন্ন করতে পারি, এইসকল বলবান বীরগণ যদি আমার সন্ধো থাকেন তবে তো কথাই নেই। হন্মান লঞ্চা দংখ করেছেন, দেবী জানকীকে দেখেছেন, তথাপি তাঁকে নিয়ে আসেন নি—তোমরা বীরপ্রেষ হয়ে এই কথা রামকে কি করে বলবে? এখন চল, আমরা লন্দা জয় করে রাবণকে মেরে সীতাকে উন্ধার করে নিয়ে অসি। হন্মান তো রাক্ষ্যদের প্রায় নিঃশেষ করেছেন, এখন জানকীকে আনা ছাড়া আর কি করবার আছে? ধেন্সকল বানর অন্যা সীতাকে খ্রেতে গেছে তাদের সন্ধো নেবার প্রয়োজন নেই।

জ্ঞান্ববান বললেন, হে বৃণিধমান মহাকপি, তুমি যে বৃণিধ দিলে তা গ্রহণীয় নয়। দক্ষিণ দিকে সীতার অন্বেষণ করতে হবে — আমরা এই আজ্ঞাই পেয়েছি, রাম বা স্থাবি সীতাকে নিয়ে আসতে বলেন নি। যদি আমরা কোনও উপায়ে তাঁকে উন্ধার করে আনতে পারি তবে তা প্রীতিকর হবে না। নৃপণ্ডেষ্ঠ রাম স্বয়ং সীতার উন্ধার করবেন এই প্রতিজ্ঞা করেছেন, তার বিরুষ্ণাচরণ করা আমাদের উচিত নয়। অতএব চল, এখন আমরা রাম-লক্ষ্মণ আর স্ফ্রীবের কাছে গিয়ে সমস্ত সংবাদ জানাই।

মহেন্দ্র পর্বত থেকে নেমে বানরগণ কিন্দিক্ধ্যার অভিমুখে ধারা করলে। মহাবীর হন্মানকে সসম্মানে তারা যেন চোখে চোখে বহন ক'রে নিয়ে চলল। ক্রমে তারা নন্দনকানন তুলা রমণীয় মধ্বন নামক এক কাননে উপস্থিত হ'ল। এই বন স্গ্রীবের অধিকৃত এবং তাঁর মাতুল মহাবীর দিধমুখ কর্তৃক রক্ষিত। বানরগণ সেখানে গিয়ে কুমার অক্যাদের কাছে মধ্পানের অনুমতি প্রার্থনা করলে। জাম্বনান প্রভৃতি বৃষ্ণগণের মত নিয়ে অক্যাদ মধ্পানের আন্ত্রা দিলেন। তখন বানরগণ হৃষ্টিচিত্তে মধ্পান এবং স্কান্ধ ফলম্ল ভক্ষণ করতে লাগল। তারা মধ্পানে (১) উন্মত্ত হয়ে

মহাতলাং কেচিদ্দাণিবেগা
মহাদ্মান্তাগ্যভিসংপতান্ত।
গায়ন্তমনাঃ প্রহেসন্পতি
র্দন্তমনাঃ প্রহেদন্পতি॥
তুদন্তমনাঃ প্রত্দন্পতি।
তুদন্তমনাঃ প্রত্দন্পতি।
সমাকুলং তং কপিসেনামাসাং।
ন চাত্র কন্চিল্ল বভূব দ্বতা।
ন চাত্র কন্চিল্ল বভূব দ্বতা। (৬১।১৮-১৯)

— কেউ মহাবেগে ভূতল থেকে লম্ফ দিয়ে উচ্চ বৃক্ষের অগ্রশাখায় উঠল। কেউ গান করছে দেখে অনা কেউ হাসতে হাসতে তার কাছে গেল। একজন কাদছে দেখে আর একজন কাদতে কাদতে তার কাছে উপস্থিত হ'ল। একজন খোঁচা দিচ্ছিল, আর একজন তাকে পালটা খোঁচা দিতে লাগল।

⁽১) 'মধ্'র এক অর' মিণ্ট মদা। সম্ভবত এই বনে মধ্ থেকে মদ্য (মাধনী বা মধ্মাধনী) প্রস্তুত হ'ত, বনেররা তাই খেরে মত হংয়ছিল।

বানরসৈন্যগণ এইর্পে অম্পির হয়ে উঠল। এমন কেউ রইল না বে মত্ত আর দৃশ্ত(১) নয়।

মধ্বন নতা হচ্ছে দেখে তার রক্ষক বৃশ্ধ দিধম্থ রুশ্ধ হয়ে নিবারণ করতে এলেন, কিন্তু বানররা তাঁকে ভংসনা করতে লাগল। তথন তিনি কাকেও কট্বাক্য বললেন, কাকেও দ্বঁল দেখে চপেটাঘাত করলেন, কারও সংগ্য কলহ করতে লাগলেন, কাকেও বা মাৃদ্ বাক্যে শানত করবার চেণ্টা করলেন। বানররা নির্ভায়ে দিধমুখকে নথ দন্ত হন্ত পদ বারা প্রহার করতে লাগল।

হন্মান বানরদের বললেন, তোমরা নিশ্চিন্ত হয়ে মধ্পান কর, তোমাদের যাতে বাধা না হয় তা আমি দেখব। অপ্সদ বললেন, হন্মান কৃতকার্য হয়ে ফিরে এসেছেন, ইনি যা করতে বলবেন তা অকার্য হলেও আমাকে করতে হবে, মধ্পান তো সামান্য কথা। অপ্সদের কথা শ্নেবানররা 'সাধ্ সাধ্' বলে নদীবেগের ন্যায় মধ্বনে ধাবমান হ'ল এবং বলপ্রয়োগে বনরক্ষকদের অভিভূত ক'রে মধ্পান ও ফলভক্ষণ করতে লাগল। তারা উপ্মত্ত হয়ে পরস্পরকে প্রহার করতে লাগল, কেউ পর্ণশ্যা করে শ্রের পড়ল, কেউ পদস্ধলিত হয়ে পড়ে গেল, কেউ পার্থি ডাকতে লাগল। বনরক্ষকগণ নির্বাতিত হয়ে দধিম্পুকে বললে,

হন্মতা দশুবরৈহতিং মধ্বনং বলাং। বয়ং চ জান্ভিঘ্টা দেবমার্গং চ দশিতাঃ॥ (৬২।১৭)

— হন্মানের আদেশ পেয়ে বানরগণ মধ্বন সবলে নন্দ করেছে, জান্ ঘর্ষণ ক'রে আমাদের দেবমার্গ'(২) দেখিয়েছে।

দিধম্খ তাঁর অন্চরদের সংগ্যে এক বৃহৎ বৃক্ষ নিয়ে বানরদের মারতে এলেন, বানররাও শিলা আর বৃক্ষ নিয়ে অগ্রসর হ'ল। অধ্পদ

⁽১) উম্ধত।

⁽২) পার্শ্বার। 'তিলক' টীকাকারের ব্যাখ্যা—পা ধরে উধের্ন প্রক্ষিপত করেছে, অথবা মতাশ্তরে কনে ধরে উধের্ন তুলেছে। জ্বান্ঘর্ষণ করে দেবমার্গ দেখানো—এর প্রকৃত অর্থ ব্যেধ হল্ন দশ্তনীয় ব্যক্তিকে হাঁট্ গাড়িয়ে উব্ভ করা।

ক্রম্থ হয়ে বলুলেন, এই আর্ষ (১) দিখনুখ মদগবিত, আমাদের প্রতি এর দেনহ নেই। এই ব'লে তিনি দিখনুখকে ভূমিতে ফেলে নিজ্পিট রেলেন। শোণিতার ও ভন্নান্দা হয়ে দিখনুখ কিছুক্ষণ বিহরল হয়ে প'ড়ে রইলেন, তারপর বানরদের হাত থেকে নিস্কৃতি পেয়ে ভ্তাদের বললেন, চল, আমরা স্থাবৈর কাছে গিয়ে অল্গদের দ্বুকার্য জানাই। তিনি অতি ক্রোধী, তাঁর পিতৃপিতামহক্রমে লখ্য দেবদ্বর্শভ মধ্বন নন্ট হনেছে শ্নলে নিশ্চয় এই বানরদের বধ করবেন। এই কথা ব'লে তিনি অন্চরদের নিয়ে আকাশমার্গে যাত্রা করলেন, এবং ষেখানে স্থাবীব ও রাম-লক্ষ্মণ ছিলেন সেখানে সম্বর উপস্থিত হলেন।

১৫। হনুমানের বার্তা

[अर्ग ७०-७४]

দধিম্থ স্থাবৈর কাছে গিয়ে ভূমিতে মাথা রেখে পতিত হলেন।
স্থাবি ব্যুস্ত হয়ে বললেন, ওঠ ওঠ, আমার পায়ে পড়ছ কেন, অভয়
দিচ্ছি, সত্য কথা বল। মধ্বনের মণ্যল তো?

দধিম্ব বললেন, মহারাজ, তুমি বা বালী কখনও বানরদের মধ্বনে যেতে দাও নি, কিন্তু এখন তারা সেখানে পানভোজন আর উপদ্রব ক'রে বন নষ্ট করেছে। আমার নিষেধ তারা গ্রাহ্য করে নি, দ্র্কৃটি দেখিয়ে আমাদের প্রহার করেছে।

দক্ষাণ স্থাবিকে জিল্ঞাসা করলেন, এই বনরক্ষক বানর কেন এখানে এসেছেন, ইনি দৃঃখিতমনে তোমাকে কি বলছেন? স্থাবি বললেন, দিধম্খ বলছেন যে অধ্যদপ্রমাখ বীর বানরগণ মধ্বনে এসে মধ্পান করেছে। তারা বনরক্ষকগণকে নির্ধাতিত করেছে, দিধম্খকেও নিষ্কৃতি দের নি। যারা অকৃতকার্য হয় তারা এমন অসংযত আচরণ করে না। নিশ্চয় হন্মান দেবী জানকীর দর্শন পেয়ে ফিরে এসেছেন। জান্ববান আর অধ্যদ যেখানে নেতা, হন্মান যেখানে অধ্যক্ষ, সেখানে অন্য কিছ্ম

⁽১) গ্র্জন, অক্সদের পিতামহীর দ্রাতা।

হ'তে পারে না। সীতার দেখা না পাওয়া গেলে বানররা কখনও ওই দেবদন্ত মধ্বনে উপদ্রব করত না।

স্থাবৈর কথায় রাম-লক্ষ্যণ অতিশয় হৃন্ট হলেন। দিখিম্থকে স্থাব বললেন, বানররা কৃতকার্য হয়ে ফিরে এসে মধ্বনে পানভোজন আর উপদ্রব করেছে তাতে আমি প্রতি হয়েছি। তুমি শীঘ্র ফিরে গিয়ে মধ্বন রক্ষা কর এবং হন্মানপ্রম্থ সমস্ত বানরকে এখানে পাঠিয়ে দাও।

দিধমুখ প্রতি হয়ে রাম-লক্ষ্মণ ও স্থাবিকে অভিবাদন করে অন্চরসহ অতি শীঘ্র মধ্বনে ফিরে গেলেন। গিয়ে দেখলেন, বানরদের মত্তা আর উণ্ধতভাব দ্র হয়েছে, তাদের ম্তের সপে মধ্জল নির্গত হছে। তিনি কৃতাঞ্জলি হয়ে অপ্যদকে বললেন, সোম্যা, অজ্ঞানবশে আমরা তোমাদের বাধা দিয়েছিলাম, রোম ত্যাগ কর। তুমি য্বরাজ, এই বনের ঈশ্বর, প্রাশ্ত হয়ে দ্র থেকে এসেছ, স্বাছ্দেদ মধ্পান কর। আমি তোমার পিতৃব্য স্থাবিকে সকল সংবাদ দিয়েছি, তিনি রুখ না হয়ে হ,য়ই হয়েছেন এবং শীঘ্র তোমাদের পাঠিরে দিতে বলেছেন।

অংগদ বললেন, য্থপতিগণ, দিধেম্থের হর্ষ দেখে বাধ হছে রাম আমাদের কথা শ্নেছেন। আমরা এখানে অনেক অত্যাচার করেছি, এখন স্থাবৈর কাছে যাওয়াই উচিত মনে করি। তোমরা যা বলবে আমি তাই করব, য্বরাজ হ'লেও আমি তোমাদের আজ্ঞা দিতে পারি না। বানরপ্রধানগণ উত্তর দিলেন, য্বরাজ, প্রভূ হয়ে তোমার ন্যায় বিনীত কথা কে বলতে পারে? আমরাও স্থাবৈর কাছে যাবার জন্য ব্রেছি।

অখ্যদ আর হন্মানকে প্রোবতী ক'রে ধন্যাংকিশত শিলাখণ্ডের নাায় মহাবেগে বানরগণ আকাশপথে বান্তা করলে। তাদের গর্জন শ্নতে পেয়ে স্থাবি রামকে বললেন, সৌমা, আশ্বদত হও, এরা দেবীকে দেখেছে তাতে সন্দেহ নেই, নয়তো নির্ধারিত সময় অতিক্রম ক'রে এখানে আসতে সাহস করত না। আমি ব্ররাজ অখ্যদের হর্ষধর্নি শ্নতে পাছি, বিফলমনোরথ হ'লে ইনি আমার কাছে ফিরে আসতেন না। আমার বিশ্বাস হন্মানই এই কার্য সাধন করেছেন, তাঁর তুল্য উদ্যমশীল ও বিম্বান আর কেউ নেই।

বানরদের কিলাকিলা রব ক্রমশ শোনা গেল। স্থাবি হৃষ্ট হয়ে তার লাওগ্লে প্রসারিত ক'রে দিলেন। অভগদ আর হন্মানকৈ অগ্রবতী^{*} ক'রে বানরবীরগণে রাম ও স্থাবির নিকটে এসে প্রণাম করলেন। দেবীকে দেখেছি, তিনি অক্ষত দেহে রতাচরণ করছেন'—— হন্মানের মুখে এই অমুতোপম বাক্য শুনে রাম-লক্ষ্যণ পরম প্রীতিলাভ করলেন।

অনন্তর সকলে প্রস্তবণ গিরিতে গেলেন। সীতা বে কাঞ্চনাবন্ধ দীপামান দিব্য মণি অভিজ্ঞান স্বর্প দিয়েছিলেন তা রামকে দিয়ে হন্মান লক্ষার সমস্ত ঘটনা ও সীতার বার্ডা আন্পর্ট্রিক বিবৃত্ত করলেন। সেই মণি বক্ষে ধারণ করে রাম সরোদনে বললেন, বংস দেখলে ধেন্ বেমন স্নেহার্দ্র হয়, এই মণি দেখে আমার হৃদয় সেইয়্প হয়েছে। রাজ্যি জনক বজাকালে ইন্দের নিকট এই জলসম্ভূত দেবগণের আদৃত মণি পেয়েছিলেন। আমার শ্বন্র বিবাহকালে শিরোভূষণর্পে বৈদেহীকে এটি দেন। এই মণি দেখে আমার পিতা ও রাজ্যি জনককে মনে পড়ছে এবং বোধ হজে যেন সাক্ষাং জ্ঞানকীকেই পেয়েছি।

সীতার কথা রাম বার বার জিপ্তাসা করতে লাগলেন এবং হন্মানও
সবিস্তারে বিবৃত করলেন। পরিশেষে হন্মান বললেন, দেবী জানকী
বলেছেন, রাম যেন শীঘ্র তাঁর সমস্ত সৈনাসহ লঞ্চায় এসে রাবণকে
যুশ্ধে বধ করেন এবং আমাকে উন্ধার করে স্বভবনে নিয়ে যান। এই
কমই তাঁর অনুরূপ হবে। আমিও তাঁকে এই আশ্বাস দির্মোছ —
দেবী, শোক ত্যাগ কর, তুমি শীঘ্রই অরিন্দম রাম ও ধন্ধারী লক্ষ্মণকে
লঞ্চার শ্বারে দেখতে পাবে, তাঁদের সন্ধ্যে সিংহ-শার্দ্লের ন্যায় বিক্রান্ত
তীক্ষ্মনখদংখ্রীধর বানরসৈন্যও দেখবে, তুমি অচিরে লঞ্চার গিরিশিখরে
যুখপতিগণের গর্জন শ্বাতে পাবে। বনবাস থেকে তোমার সন্ধ্যে
অযোধ্যায় ফিরে গিয়ে রাম অভিবিক্ত হবেন— এও তুমি শীঘ্র দেখবে।
আমার এই আশ্বাসবাকা শ্বনে শোকার্তা সীতা শান্তিলাভ করেছেন।

যুদ্ধকাণ্ড

वृत्यवाता

[**সগ** 5-৫]

হন্মানের বার্তা শ্নে রাম অতিশয় প্রীত হয়ে বললেন, প্রথিবীতে অন্য লোকে যে কার্য মনে মনেও করতে পারে না হন্মান তা সম্পন্ন করেছেন। গর্ড় বায়্ত্ ও হন্মান ভিন্ন আর কাকেও দেখি না বিনি মহাসাগর পার হ'তে পারেন। দেব দানব ষক্ষ গন্ধর্ব ষেখানে ষেতে পারেন না সেই রাবণরক্ষিত লঙ্কাপরীতে প্রবেশ ক'রে কে জীবন্ত ফিরে আসতে পারে? হন্মান তাঁর বলবিক্তম প্রয়োগ ক'রে যে মহৎ কার্য করেছেন তা স্থাতিবর ভূত্যেরই যোগ্য। স্বন্ধর কর্ম সম্পাদন ক'রে যে ভূতা প্রভুর প্রীতিকর অতিরিক্ত কোনও কর্ম করে তাকে উত্তম পরুষ বলা হয়। যে কেবল আদিন্ট কর্ম করে কিন্তু শক্তি থাকলেও অতিরিক্ত কিছু করে না সে মধ্যম। আর, আদিষ্ট কর্ম ও যে মন দিয়ে করে না সে অধম। হন্মান তাঁর কর্তব্য পাপন ক'রে বিজয়ী হয়ে ফিরে এসে স্থাবিকে তুণ্ট করেছেন, বৈদেহীর সমাচার এনে আমাদেরও প্রাণরক্ষা করেছেন। আমার দৃঃখ এই যে এ'কে প্রীতি জানাবার আমার কোনও ক্ষমতা নেই, কেবল আলিশানই আমার সর্বস্ব। এই ব'লে রাম রোমাণ্ডিতদেহে হন্মানকে আলিশ্যন করলেন। তার পর তিনি বললেন, সীতার অন্বেষণ সফল হয়েছে, কিন্তু এই দ্বন্পার সম্দ্রের দক্ষিণ পারে বানরদৈন্যগণ কোন্ উপায়ে যাবে?

রামকে দর্শিচনতাগ্রন্থ দেখে স্থানি বললেন, বার, তুমি সামান্য লোকের ন্যার ব্যাকুল হচ্ছ কেন? আমরা এই নক্রসমাকুল সম্দ্র লন্দন ক'রে লন্দার গিয়ে তোমার শত্র বধ করব। এইসকল ব্রপতি বানর তোমার প্রিরসাধনের জন্য অন্নিতেও প্রবেশ করতে প্রস্তুত আছে। এখন সম্দ্রে সেতৃবন্ধন ক'রে যাতে আমরা লণ্কায় গিয়ে পাপকর্মা রাবণকে বধ করতে পারি তার উপায় স্থির কর। তুমি অতিশয় বৃদ্ধিমান ও সর্বশাস্তব্জ, আমার তুল্য সচিবগণ তোমার সহায়, তুমি ধন্ ধারণ করলে তিলোকের কেউ যুক্ষে তোমার সম্মুখে দাঁড়াতে পারবে না।—

> তদলং শোকমালন্ব্য ক্লোধমালন্ব ভূপতে। নিশ্চেণ্টাঃ ক্ষরিয়া মন্দাঃ সর্বে চন্ডস্য বিভাতি॥ (২।১৯)

—অতএব, ভূপতি, তুমি শোক ত্যাগ করে ক্রোধ আশ্রয় কর। শান্তপ্রকৃতি ক্ষত্রিয়রা অকর্মণ্য হয়, ক্রুম্ধ ব্যক্তিকেই সকলে ভয় করে।

স্থাবৈর যুক্তিসংগত বংক্য দ্বীকার ক'রে রাম হনুমানকে বললেন, তপোবলে বা সেতুবন্ধনে বা সাগর শুক্ত ক'রে আমি পরপারে যেতে পারব। এখন আমি জানতে চাই—লঙ্কার দুর্গ কতগর্লা, সৈনাদলের পরিমাণ কি, প্রেশ্বার দৃষ্পবেশ্য কিনা, রক্ষার ব্যবদ্ধা কি আছে, রাক্ষসদের ভবন কিপ্রকার।

হন্মান বললেন, লংকাপ্রী হস্তী ও রথে পরিপ্রে, তার কপাটসকল দ্যুবন্ধ এবং বৃহৎ অর্গল যুক্ত। চারটি বিশাল প্রবেশ্বারে শর
ও উপল ক্ষেপণের যক্তসকল নিবেশিত আছে, তার আঘাতে শর্টেসন্য
আসবামার নিবারিত হয়। শত শত ভীষণ লোহময় শতঘানী(১)ও
সফ্তিত আছে। লংকার চতুর্দিকে মণিম্কামন্তিত স্বর্ণময় দ্র্লাণ্য
প্রচীর, তার বাইরে অগ্যাধ হিমজলময় কুম্ভীরাদিপ্রে ভীষণ পরিষা।
প্রত্যেক শ্বারে ইন্টযুক্ত বিস্তৃত সেতু আছে, শর্টেসনা তার উপরে এলে
ফল্রবলে পরিষায় নিক্ষিণ্ত হয়। একটি সেতু অতি বৃহৎ, স্কৃত্ এবং
কাঞ্চনময় স্কুল্ভ ও বেদিকায় শোভিত। রাবণ যুম্ধপ্রিয় কিন্তু ধীরপ্রকৃতি, তিনি স্বয়ং অবহিত হয়ে তাঁর সৈন্য পরিদর্শন করে থাকেন।
লঙ্কাপ্রী অতি দ্র্গম গিরিশিখরে প্রতিষ্ঠিত, সেখানে নদীদ্র্গা
পর্বতদ্র্গা এবং আরও চত্রিধ কৃত্রিম দ্ব্র্গা আছে। এই প্রবী দ্বুপার

⁽১) লোহকণ্টকাচ্ছল বৃহৎ ক্ষেপণীয় অদ্য বিশেষ।

সম্দ্রের দ্রপারে অবস্থিত, নৌকাষোগে সেখানে যাবার পথ নেই, তার চতুর্দিক অজ্ঞাত। অসংখ্য সমস্ত রাক্ষস চতুর্রাপাণী সেনা সহ লঞ্চার চতুর্বার রক্ষা করছে। শতসহস্ত রখারোহী ও অশ্বারোহী প্রেরীর মধাবতী শিবিরে সমবেত আছে। আমি স্বারের সেতুসকল ভান করে পরিখা প্রণ করেছি, লঞ্চা দশ্ধ করেছি, প্রাকার ভূমিসাং করেছি। এখন যেকোনও উপায়ে সাগর পরে হয়ে সেখানে গেলেই আমাদের জয় হবে।

রাম বললেন, আজ উত্তরফাল্গনী নক্ষ্ণ, কাল হস্তার সংগ্য চন্দ্রের ষোগ হবে। স্ত্রীব, এই শ্ভক্ষণেই আমরা সসৈন্যে ঘাতা করব। সেনাপতি নীল, তুমি পথ পর্রাক্ষার জন্য শতসহস্র দ্রুতগামী বানরসৈন্য নিয়ে আগে আগে যাও। ষেখানে প্রচুর ফলম্ল শীতল জল ও মধ্ পাওয়া যার এমন পথ দিয়ে তুমি সৈন্য নিরে চল। সতর্ক হয়ে ষেয়ো, যেন রাক্ষসরা ফলম্ল বা জল বিষদ্প্ট না করে। বানররা দ্র্গম বনে গিয়ে গ্রুত শত্রেসন্য অন্সন্ধান কর্ক। যারা দ্র্বল তারা এখানেই থাকুক। মহাবল গজ গবয় ও গবাক্ষ অগ্রভাগে যান, থযভ ও গন্ধমাদন দক্ষিণ ও বাম পাশ্ব রক্ষা কর্ন। সৈন্যদলের মধ্যভাগে আমি হন্মানের ক্রেণেধ এবং লক্ষ্মণ অণ্যদের ক্রন্থে আরোহণ করে যাব। জান্বনান স্বেণ্ধ ও বেগদশী পশ্চাদ্ভাগ রক্ষা কর্ন।

তথন স্থাবৈর আদেশে বিপ্লে বানরবাহিনী মহা উৎসাহে যাত্রা আরম্ভ করলে। রাম-লক্ষাণ থেতে থেতে নানাবিধ শ্ভলক্ষণ দেখতে পেলেন। রামের শাসনে সৈন্যগণ নগর ও জনপদ বর্জন ক'রে চলল। জমে তাঁরা সহ্য ও মলর পর্বত অতিক্রম কৃরে মহেন্দ্র পর্বতে আরোহণ করে সমৃদ্র দেখতে পেলেন। পর্বত থেকে অবতরণ করে বেলাবনে(১) এসে রাম স্থাবিকে বললেন, আমরা সমৃদ্রের তীরে এসেছি, এইখানেই সেনাসিম্নবেশ কর, নিজ্ঞ নিজ্ঞ দল ছেড়ে কেউ থেন অন্যত্র না যায়। রামের আদেশ অন্সারে স্থাবি ও লক্ষ্যণ বৃক্ষসমাকীর্ণ সাগরতীরে সেনা-নিবেশ স্থাপন করলেন।

⁽১) সম্দ্রতীরবতা বন, বেমন স্করবন।

বানরসৈন্যের পদশৃব্দে সামরের তর্পাধননি অস্তহিত হ'ল। তারা বিস্মিত হয়ে মহার্ণব দেখতে লাগল—

হসন্তমিব ফেনোফৈন্ত্যন্তমিব চোমিভিঃ॥
চন্দ্রেদয়ে সম্দ্ভতং প্রতিচন্দ্রসমাকুলম্। (৪।১১০-১১১)
মকরৈনাগভাগৈন্চ বিগাঢ়া বাতলোলিতাঃ।
উৎপেতৃন্চ নিপেতৃন্চ প্রহ্ন্তা জলরাশয়ঃ॥ (৪।১১০)
সাগরং চান্বরপ্রথামন্বরং সাগরোপমম্।
সাগরং চান্বরং চেতি নির্নিশ্বমদ্শাত॥ (৪।১১৫)
অন্যোনেরেহতাঃ সক্তাঃ সন্বন্তামিনিন্বনাঃ।
ভর্ময়ঃ সিন্ধ্রাজস্য মহাভেশ ইবান্বরে॥ (৪।১১৮)

— ফেনপ্রের যেন হাসছে, তরংগভণেগ যেন নৃত্য করছে। চন্দ্রোদরে, সাগর স্ফীত হয়েছে, তার উপর অসংখ্য চন্দ্রের প্রতিবিদ্ব পড়েছে। মকর-সপাদি-সমাকুল বায়ন্চালিত জলরাশি যেন সহর্ষে উপ্রিত ও নিপতিত হচ্ছে। সাগর অন্বরের তুল্য এবং অন্বর সাগরের তুল্য, সাগর ও অন্বরে ভেদ দেখা যাচ্ছে না। উমিমালার পরস্পর সংঘর্ষে নিরুত্র শব্দ হচ্ছে, আকাশে যেন ভীমরবে মহাভেরী বাক্তছে।

২। রাবদের মদ্যণা

[সগ ৬-১৩]

হন্মান লঞ্চার যে ভয়বহ কাণ্ড করেছিলেন তাতে লভ্জিত হয়ে রাবণ কিঞিং অবনতম্থে রাক্ষসদের বললেন, একটা বানর এখানে এসে প্রী নন্ট করেছে, সীতার সন্গে দেখা করেছে, বহু রাক্ষস বদ করেছে। এখন কি কর্তব্য তা স্থির কর। যে মন্ত্রণায় সকলে একমত হয় তাই সর্বোক্তম। যাতে প্রথমে মতভেদ হয় কিন্তু শেষে মতৈক্য হয় তা মধ্যম। আর, যদি সকলেই পৃথক বৃদ্ধিতে চলেন তবে পরিশেষে মতেক্য হ'লেও তা প্রেয়ন্কর হয় না, এমন মন্ত্রণা অধম গণ্য হয়। রাম অসংখ্য বানর- সৈন্য নিয়ে লঞ্কা আরুমণ করতে আসছে, তার প্রতিবিধানের জন্য যা কর্তব্য তা তামেরা সকলে একমত হয়ে স্থির কর।

নীতিজ্ঞানশ্ন্য অস্তঃ রাক্ষসগণ বিপক্ষের শান্ত না ব্থে রাবণকে বললে, মহারাজ, আপনার অস্ত্রসম্ভার আর সৈন্যবল প্রচুর আছে, বিষম হচ্ছেন কেন? আপনি ভোগবতীতে(১) গিয়ে নাগগণকে নিজিতি করেছেন, কৈলাস্থিববাসী কুবেরকে পরাস্ত করে তাঁর প্রুপক রথ নিয়ে এসেছেন, দানবরাজ ময় ভয় পেয়ে নিজ দর্হিতা মন্দোদরীকে সম্প্রদান করে আপনার সংগ্য সন্ধি করেছেন, বর্ণের প্রচ্গণও আপনার নিকট পরাস্ত হয়েছেন। আপনি যমলোকে জয়লাভ করে গ্রুত্য রোধ করেছেন, ইন্দ্রত্লা বিক্রমশালী বহু ক্ষতিয় বীরকে যুদ্ধে বধ করেছেন। আপনার শ্রমস্বীকারে প্রয়োজন কি, ইন্দ্রজিৎ একাই বানরদের বধ করবেন। তিনি যক্ত করে মহেশ্বরের নিকট পরম দর্লভ বর লাভ করেছেন, আপনি তাঁকেই যুদ্ধে নিয়োগ কর্ন।

নীলমেঘবর্ণ সেনাপতি প্রহুত কৃতাঞ্চলি হয়ে বললেন, দেব দানব গণধর্ব পিশাচ নাগ সকলকেই আমি পরাস্ত করতে পারি, রাম-লক্ষাণ তো তুচ্ছ। আমরা অসন্দিশ্ধচিতে মত হয়ে ছিলাম, সেই স্যোগে হন্মান আমাদের বণ্ডনা করতে পেরেছে। আমি জ্যাবিত থাকতে সে আর প্রাণ নিয়ে ফিরবে না। আপনি আজ্ঞা দিন, আমি এই শৈলকানন-পূর্ণ সাগরবেষ্টিত ভূমি বানরশ্না করব।

তার পর দ্মর্থ, বজুদংপ্ট, কুল্ভকর্ণপ্ত নিকুল্ভ, মহাকায় বজুহন্, ইন্দুজিং, প্রহন্ত প্রভৃতি রাক্ষসবীরগণ আস্ফালন করে বললেন, আপনি নিশ্চিন্ত থাকুন, আমরা রাম লক্ষ্মণ স্থাব হন্মান সমেত সমস্ত বানরসৈন্য ধরংস করব।

্এইসকল উৎসাহী রাক্ষসগণকে থামিয়ে এবং বসিয়ে দিয়ে বিভীষণ কৃতাঞ্জলিপ্টে বললেন, আর্য, সাম-দান-ভেদ এই তিন উপায়ে যা পাওয়া যায় না তার জনাই বলপ্রয়োগ বিধেয়। যে শত্র অসাবধান, অন্য কর্তৃক আক্রান্ত বা দৈববশে বিপন্ন, অবস্থা ব্বে তাকেই আক্রমণ করতে হয়। কিন্তু রাম এপ্রকার নন, কোন্ সাহসে ভার সঙ্গে যুন্ধ করবে? কে

⁽১) পাতালম্ব নাগপ্রী।

আগে ভেবেছিল যে সাগর লাঘন করে হন্মান এখানে আসবে? যে শার্র বলবীর্যের পরিমাণ করা যায় না তাকে অবজ্ঞা করা কদাপি উচিত নয়। রাক্ষসরাজের কি অপকার রাম করেছিলেন যায় জন্য তার ভার্যাকে অপহরণ করা হয়েছে? খর নিজের অধিকার লাঘন করেছিল তাই রাম তাকে মেরেছেন, কারণ সকলেরই যথাশান্ত আত্মরক্ষা কর্তবা। বৈদেহীকে হরণের ফলে আমাদের মহা বিপদ হবে, তাঁকে মান্তি দেওয়াই উচিত। মহারাজ, রামের সংগ্য অনর্থক শার্তা করো না, আমি প্রাত্দেনহবশে অন্বরোধ করছি, রামের পত্নীকে ফিরিয়ের দাও, নতুবা সমস্ত রাক্ষস সমেত লাক্ষপর্বী ধরণে হবে। তুমি প্রসম্ম হও, ক্রোধ ত্যাগ কর, ধর্ম আগ্রয় কর।

রাবণ সভা ভঞ্গ করে স্বভবনে চলে গেলেন। পরদিন প্রত্যুবে বিভীষণ রাবণের প্রাসাদে উপস্থিত হয়ে অভিবাদন করে বললেন, বৈদেহী এখানে আসবার পর থেকেই নানাপ্রকার দুর্নিমিন্ত লক্ষিত হছে। হোমের অণিন ভাল করে জনলে না, ধ্ম আর স্ফুর্লিঞ্গ হয়, পাকশালা হোমগৃহ ও রহমুম্থলীতে সরীসৃপ এবং হব্য দ্রব্যে পিপীলিকা দেখা যাচ্ছে। ধেনুর দুশ্ধ হয় না, হস্তীর মদপ্রাব নেই, অন্ব কাতরকণ্ঠে হৈষারব করছে, উপ্ট অন্বতর প্রভৃতি অগ্রুপাত করছে, দলবন্ধ বায়সগণ কর্মশকণ্ঠে ডাকছে, গ্রের উপর গৃধি বসে আছে, শ্গালের রব শোনা যাছে। এই বিপদ শান্তির জন্য সীতাকে রামের হস্তে প্রত্যোপণ কর। মহারাজ, যদি আমি লোভ বা মোহবশে কিছু বলে থাকি তবে দোষ নিও না। মন্দ্রীদের কেউ তোমাকে উচিত মন্দ্রণা দেয় নি, কিন্তু আমি যেমন দেখেছি আর শ্রেনছি তা অবশাই বলব। য়া ন্যায়সন্ম এ ও হিতকর তাই তুমি কর।

রাবণ সরোধে উত্তর দিলেন, আমি ভরের কোনও কারণ দেখছি না। রাম কখনই সীতাকে ফিরে পাবে না, সে যদি ইন্দাদি দেবগণকেও সপো নিয়ে আসে তথাপি যুদ্ধে আমার সম্মুখে দাঁড়াতে পাববে না।

সীতার চিন্তায়, আত্মীয়স্বজনের নিকট সম্মানের হানি হওয়ায় এবং নিজ পাপকমের কানিতে রাবণ ক্রিন্ট হ'তে লাগলেন। তিনি রথারোহণে রাজসভায় এসে দ্তদের আজ্ঞা দিলেন, শীঘ্র রাক্ষসগণকে এখানে ডেকে আন, বৃষ্ণসংক্রান্ত প্রয়োজনীয় কর্ম আছে। আদেশ পেয়ে পারিষ্দবর্গ অবিলম্বে রাজসভায় উপস্থিত বিভীষণও এলেন। তখন রাবণ প্রহুস্তকে বললেন, তোমার অধীন **যে** স**্থিকিত চতুরণ্গ বল আছে তাদের নগররক্ষা**র নিষ**্ত** কর। তার পর তিনি স্হৃদ্গণকৈ বললেন, সংকটকলে উপস্থিত হ'লে প্রিয় অপ্রিয়, সুখ দুঃখ, লাভ অলাভ, হিত অহিত সমস্তই তোমাদের জানা কর্তব্য। তোমরা মন্ত্রণা ক'রে যে কার্য' আরম্ভ কর তা কখনও বিফল হয় না, তোমাদের ষত্নেই আমি সমৃন্ধি লভে করেছি। এখন আমি তোমাদের সকলের সাহায্য চাচ্ছি। মহাবল কুম্ভকর্ণ ছ মাস স্কৃত ছিলেন সেজন্য তাঁকে কিছ্ম জানাই নি, এখন তিনি জাগরিত হয়েছেন। আমি দশ্ডকারণ্য থেকে রামের প্রিয়া মহিষীকে হরণ করে এনেছি, কিন্তু সেই অলসগামিনী আমার শ্যায় আসতে চান না। তাঁর তুল্য রূপবতী আমি গ্রিলোকে দেখি নি, তাঁর জন্য আমি অনস্গতাপে পীড়িত হয়ে আছি। তিনি রামের প্রতীক্ষায় এক বংসর সময় চেয়েছেন, আমিও তাতে সম্মতি দিয়েছি। রাম তার বানরসেনা নিয়ে কি ক'রে সাগর পার হয়ে আসবে? কিন্তু কার্ষের গতি বোঝা দৃঃসাধা, একটা মাত্র বানর এখানে এসে আমাদের মহা ক্ষতি ক'রে গেছে। মান্য থেকে আমাদের কোনও ভয় নেই, তথাপি তোমরা বিচার ক'রে কর্তব্য স্থির এমন মন্দ্রণা কর যাতে সীতাকে ফিরিয়ে দিতে না হয় এবং দশরত্বের দুই পরেও নিহত হয়।

কৃষ্ভকর্ণ জ্বাহ্ম হয়ে বললেন, তুমি যখন একবার দেখেই মোহিত হয়ে সীতাকে রামের কাছ খেকে হরণ করেছ তখন আর বিচার করে লাভ কি। মহারাজ, তুমি বা করেছ, তা তোমার অবোগ্য। যদি প্রে আমাদের জানাতে তবে আমরা এর প্রতিবিধান করতাম। যে রাজা মন্ত্রণান্দ্রারা কর্তব্য নির্ণায় করে ন্যায়সংগত কার্য করেন তাঁকে অন্তাপ করতে হয় না। তুমি পরিশাম না ছেবে এই অন্যায় কার্য ক্রেছ, বিষ-মিল্লিত মাবেদের নাায় রাম যে এখনও তেমাকে বিনন্ট করেন নি তা তোমার ভাগা। বাই হ'ক, তুমি বে দ্বেকর কর্ম আরক্ত করেছ তার সম্পাদনে আমি সহায় হব, তোমার শাত্র, সংহার করব। তুমি আম্বন্ত হও, রাম প্রথম শারের পর ন্বিতীর শার নিক্ষেপ করবার প্রেই আমি তার র্থির পান করব। রাম-লক্ষ্মণকে বধ ক'রে সমস্ত বানর-ব্যাদ পতিদের খেয়ে ফেলব। তুমি নিশ্চিন্ত হয়ে থাক, মদাপান কর, আমি রামকে ব্যালয়ে পাঠালেই সীতা তোমার বলে আসবে।

মহাবল মহাপার্শ ক্ষণকাল চিন্তা করে বললেন, ন্বাপদসংকূল বনে প্রবেশ করেও যে মধ্পান করে না সে ম্খ। মহারাজ, আপনিই সকলের প্রভু, আপনার আবার প্রভু কে? আপনি শত্রে মাথার পা দিয়ে বৈদেহীকে ভোগ কর্ন, কুরুটবৃত্তি অবলন্দন করে সীতাকে বার বার সবলে আক্রমণ কর্ন। আপনার কামনা পূর্ণ হ'লে আর কিসের ভয়, যাই ঘট্ক অনায়াসে তার প্রতিবিধান করতে পারবেন। কুল্ডকর্ণ আর ইন্দ্রজিং বন্ধুধারী ইন্দ্রকেও নিবারণ করতে সমর্থ। সাম দান ভেদ এই তিন উপায় বর্জন করে দণ্ডকেই আমরা শ্রেষ্ঠ উপায় মনে করি।

মহাপাশ্বের প্রশংসা করে রাবণ বললেন, একটি প্রকিষা বলছি শোন। প্রিকেশ্বলা নামে এক অপ্সরা আকালমার্গে পিতামহ ব্রহ্মার কাছে যাচ্ছিল। আমি তাকে সবলে ধরে বিবসনা করি। তখন সে দলিত নলিনীর ন্যায় ব্রহ্মার কাছে গিয়ে অভিযোগ করলে। ব্রহ্মা ক্র্ম হরে আমাকে অভিশাপ দিলেন— আজ থেকে তুমি বদি বলপ্রেক অন্য নারীর সংগম কর তবে তোমার মুল্তক শতধা বিদীর্ণ হবে। এই কারণে আমি সীতার প্রতি বলপ্রয়োগ করতে পারছি না। রাম আমার পরাক্রম জানে না তাই এখানে আসছে, ক্রম্ম কৃতান্তের ন্যার যে সিংহ গিরিগ্রেয় শ্রেষ আছে তাকে সে জাগাতে ইচ্ছা করছে।

०। विकीयत्तव रामगरक भवन

[मर्ग 28-22]

বিভীষণ রাবণকে বললেন, সীতা তীক্ষাবিষধরী ভূঞগাী, তাঁকে তুমি কেন কাছে রেখেছ? রাম লম্কা আক্রমণ করবার প্রেই সীতাকে প্রত্যপণি কর। কুম্ভকর্ণ ইন্দ্রজিং বা অন্য কোনও রাক্ষসবীর ঘ্রেষ রাঘবের সম্মুখে দাঁড়াতে পারবে না। তুমি যদি সবিতা বা মর্দ্গণের শরণাপন্ন হও, ইন্দ্র বা ধমের জ্রোড়ে আশ্রয় নাও, আকাশে বা পাতালে প্রবিষ্ট হও, তথাপি রামের কাছে নিস্তার পাবে না।

প্রহন্ত বিভীষণকে বললেন, আমরা দেব দান্য যক্ষ গন্ধর্ব উরগ কাকেও ভয় করি না, রামকেই বা ভয় করব কেন? বিভীষণ উত্তর দিলেন, অধামিকের যেমন ন্বর্গলাভ হয় না সেইরূপ তোমাদের অভীষ্ট পূর্ণ হবে না। রামকে বধ করা তোমার বা আমার বা অন্য কোনও রাক্ষসের সাধ্য নয়। প্রহন্ত, রামের তীক্ষ্য বাণ এখনও তোমার দরীর ভেদ করে নি তাই তুমি গর্বিত কথা বলছ। এই রাক্ষসরাজ কামবাসনে অভিভূত, ইনি উগ্নপ্রকৃতি অবিবেচক। তোমরা এর মিচরূপী শত্র, রাক্ষসকুলের নালের নিমিত্ত তোমরা এর মতে মত দিচ্ছ। ভীমপরাক্রম সহস্রশীর্ষ নাগ একে বেষ্টন করেছে, ইনি রাঘবসাগরে নিমন্তজ্ঞান, তোমরা এর কেশগ্রহণ করে উন্ধার কর। রাক্ষসরাজ এবং স্কৃত্পণের হিতের জন্য আমি স্পষ্ট করে বলছি—রামের হন্তে সীতাকে অপ্রণ কর। যিনি স্বপক্ষ আর বিপক্ষের বলবেল ও ক্ষতিবৃণ্ধি বিচার করে প্রভূকে উপদেশ দেন তিনিই প্রকৃত মন্দ্রী।

বৃহস্পতিতুল্য জ্ঞানবান বিভীষণের উপদেশ শুনে ইন্দ্রজিং বললেন, কনিষ্ঠ তাত, আপনি অত্যত ভীত ব্যক্তির নাায় কি অর্থহীন বাক্য বলছেন? এই রাক্ষ্যকুলে যে জন্মগ্রহণ করে নি সেও এমন কথা বলবে না। আমাদের কুলে কেবল আপনারই বল বার্য ধৈর্য আর তেজ নেই। রাম-লক্ষ্যণকে যেকোনও রাক্ষ্য বধ করতে পারে, আপনি আমাদের অনর্থক ভয় দেখাছেন। আমি গ্রিলোকনাথ ইন্দ্রকে পরাজিত করেছি, ঐরাবতের দত্ত উৎপাটিত করেছি, সেই দ্বই সামান্য রাজপ্রকে ভয় করব কেন?

বিভীষণ উত্তর দিলেন, বংস, তুমি অপকর্নিধ বালক তাই আত্মনাশ-কর অর্থহীন প্রলাপ বক্ছ। তুমি কেবল নামেই রাবণের প্র জাই তার বিপদের কথা শ্নেও তাঁকে নিবারণ করছ না। তুমি দ্ব্িশি হঠকারী বালক, যে তোমাকে এই মল্যণাসভায় এনেছে সে আর তুমি উভয়েই নিহত হবে।

রাবণ পর্ষবাক্যে বললেন, শত্র আর জ্বংধ সপের সপ্তেও বাস করা ভাল, কিন্তু শত্রে পক্ষপাতী মিত্রনামধর্মের সপ্তে বাস করা উচিত নয়। জ্ঞাতির স্বভাব আমার কানা আছে, এক জ্ঞাতি অপর জ্ঞাতির বিপদে হ্ন্ট হয়, বংশের যে প্রধান এবং সর্ব বিষয়ে শ্রেন্ঠ তার অপমান ও পরাভবের চেন্টা করে। পাশধারী মান্ষদের দেখে পন্মবনের হস্তীরা কি বলেছিল শোন—

> নাণিনর্নান্যানি শক্ষাণি ন নঃ পাশা ভয়াবহাঃ। ঘোরাঃ স্বার্থপ্রযুক্তাস্তু জ্ঞানুয়ো নো ভয়াবহাঃ॥ (১৬।৭)

— অন্দি অস্থাসন্ত্র বা পাশ অফ্যাদের পক্ষে ভয়ংকর নয়, ঘোর স্বার্থপর জ্ঞাতিরাই আমাদের ভয়ের কারণ।(১)

রাবণ আরও বললেন, বিভীষণ, আমি লোকপ্জা ঐশ্বর্যপালী ও শত্র্দলনকারী—এ তোমার সহা হচ্ছে না। তুমি প্রাত্দেনহহীন অনার্য। মধ্কর যেমন রসপান ক'রে পলায়ন করে, অনার্যের সৌহাদিও সেইর্প। হস্তী যেমন স্নানের পর শত্রুড ধ্লি নিয়ে দেহ কল্বিড করে, অনার্যের সৌহাদিও সেইর্প। কুলাগ্গার, তোমাকে ধিক, তুমি যা বলেছ আর কেউ তা বললে এই মৃহ্তেই তার প্রাণ যেত।

এই কঠোর বাকা শ্নে বিভীষণ গদাহদেত চার জন রাক্ষদের সংগ্র অন্তর্গাক্ষে উঠলেন এবং রাবণকে সক্রোধে বললেন, রাজা, তুমি আমার জ্যেষ্ঠ এবং পিতৃত্বা মানা, কিন্তু ভ্রান্ত ও ধর্ম দ্রুট। তোমার পর্য বাকা আমি সহা করতে পারছি না। তোমার হিতের নিমিত্ত আমি ন্যায়া কথাই বলেছি, কিন্তু যার বিনাশ আসল্ল সে হিত্রাকা শোনে না। তুমি আমার গ্রু, তোমার শৃভকামনার যা বলেছি তা ক্ষমা কর, নিজেকে

⁽১) খাদ্যের লোভে মানুষের বশবতী হয়ে বনাহস্তীর কথনে সাহাষ্য করে।

এবং রাক্ষস সমেত এই লঙ্কাপ্রেী সর্বপ্রকারে রক্ষা-কর। তোমার মঙ্গল হ'ক, আমি ব্যক্তি, তুমি স্থী হও।

বিভীষণ মুহ্তবিল মধ্যে রাম-লক্ষ্মণ বেখানে সসৈন্যে ছিলেন সেখানে উপস্থিত হলেন। মের্পর্বতাকার বিদ্যুংকান্তি বিভীষণ এবং তার চার জন সশস্য স্ভূষিত বর্মধারী অন্চরকে দেখে স্থাবি বললেন, এরা নিশ্চয় আমাদের হত্যা করতে আসছে। বানররা শালব্দ ও শিলা উদ্যত করে বললে, আপনি আজ্ঞা দিন, ওই অন্প্রাণ দ্রান্থাদের এখনই বধ করব।

সম্দ্রের উত্তর তারে এসে বিভাষণ নির্ভারে গদ্ভীর স্বরে বললেন, রাবণ নামে এক দ্বৃত্তি রাক্ষসরাজ আছেন, আমি তার কনিষ্ঠ প্রাতা বিভাষণ। রাবণ জটার্কে বধ করে সীতাকে হরণ করে অবরোধে রেখেছেন। আমি তাঁকে যুর্ত্তিসংগত বাকো বার বার বলোছে— রামের হাতে সীতাকে অর্পণ কর, কিন্তু আমার হিত্বাক্যে তিনি অসম্ভূন্ট হয়ে আমাকে কট্ কথা বলেছেন এবং দাসের নায় অপমানিত করেছেন। আমি স্বীপ্র তাাগ করে রামের শরণাগত হয়েছি, শীঘ্র তাঁকে জানাও বে বিভাষণ এসেছেন।

স্থাবি রাম-লক্ষ্যণের কাছে গিয়ে বললেন, শহুদৈন্য অভবিশ্তে এখানে প্রবেশ করেছে। রাক্ষসরা কামর্পী, তাদের বিশ্বাস করা উচিত নয়। বোধ হয় রাবণের চর আমাদের মধ্যে ভেদ উৎপাদন করতে এসেছে। মিগ্রপ্রেরিত অর্থাবাসী সৈন্য অথবা বিশ্বস্ত ব্যক্তির ভূতা যদি আসে তবে তাদের স্বপক্ষে গ্রহণ করা উচিত, কিন্তু শহুদেন্য অবলাই বর্জনীয়। আমাদের শহু রাবণের ভ্রাতা বিভীষণ চার জন রাক্ষসের সংগ্য এখানে এসেছে, এদের বধ করাই উচিত মনে হয়।

হন্মানপ্রম্প বানরগণকে রাম বললেন, তোমরা কপিরাজ স্থাীবের কথা শ্নলে, এখন আমাকে উপদেশ দাও। বানরপ্রধানগণ বললেন, রাম, তোমার, অজ্ঞাত কিছ্ই নেই, তুমি আমাদের স্হৃৎ জ্ঞান কর তাই সম্মানের জন্য আমাদের মত জানতে চাচ্ছ। তোমার যেসব ব্যিখান কর্মপিট্ সচিব রয়েছেন তাঁরাই একে একে মত প্রকাশ কর্ন। অগগদ বললেন, বিভীষণকৈ সহসা বিশ্বাস করা উচিত নয়। যদি তার কোনও মহং দোষ থাকে তবে তাঁকে ত্যাগ কর, আর যদি তাঁর বহ্ গ্ণ থাকে তবে তাঁকে আমাদের পক্ষে নাও। শরভ বললেন, চর পাঠিয়ে তাঁকে পরীক্ষা করা হ'ক। জান্ববান বললেন, বিভীষণ আমাদের শত্র কাছ থেকে অসময়ে অস্থানে এসেছেন সেজনা তিনি শশ্বার পাত। মৈশ্ব বললেন, তাঁকে মিশ্ববাক্যে প্রশন ক'রে জানা হ'ক তাঁর অভিসন্ধি ভাল কি মন্দ।

হন্মান বললেন, রাম, তোমার সচিবরা যা বললেন, আমি তার সমর্থন করি না। যিনি স্বরং উপস্থিত তাঁর কাছে চর পাঠানো বৃধা। বৃদ্ধিমান ব্যন্তি অপরিচিত চরের প্রশ্নে লাগ্কিত হন, তিনি যদি মিত্রভাবে এসে থাকেন তবে মিখ্যা প্রশ্নে তাঁর অসক্তোষ হবে। বিভাষণ অসময়ে বা অস্থানে আসেন নি, রাবণের দোরাখ্য আর তোমার বিক্রম বিচার করেই রাজ্যকামনায় তোমার কাছে এসেছেন। তাঁর ভাবভণ্গাী সন্দেহজনক নয়, তাঁকে আমানের দলে নেওয়াই উচিত মনে করি।

স্থাব বললেন, বিভাষণ দৃষ্ট বা অদৃষ্ট ষাই হন, যখন বিপংকালে প্রাতাকে ত্যাগ করে এসেছেন তখন তাঁকে পরিহার করাই কর্তব্য। তখন রাম ঈষং হাস্য করে বললেন, স্থাতীবের শাস্তজ্ঞান আছে, বৃশজ্জনের উপদেশ ইনি সেয়েছেন, নতুবা এমন কথা বলতে পারতেন না। কিন্তু আমি জানি, প্রত্যক্ষ লোকিক স্ক্রে কারণে রাজাদের মধ্যে প্রাত্বিরোধ হয়। জ্ঞাতি ও নিকটবতা দেশবাসী এই দৃই প্রকার শান্ত্র সংকট উপস্থিত হলেই হানির চেন্টা করে। বিভাষণের সপ্যে আমাদের আতিশন্তা নেই, তিনি লক্ষারাজ্য লাভ করতে চান, এই কারণেই তিনি এখানে এসেছেন। সকলেই ভরতের তুলা প্রাতা বা আমার তুল্য প্রে বা তোমার তুল্য স্কুং হয় না।

স্থাীব বললেন, বিভাষণ রাবণের চর, বিশ্বাস উৎপাদন ক'রে সে আমাদের মারতে এসেছে। প্রম'বললেন, বিভাষণ সং বা অসং ধাই হ'ন আমাদের লেশমাত হানি করতে পারবেন না। ুশত্যু যদি শরণ ভিক্ষা করে তবে তাকে রক্ষা করা কর্তব্য। তুমি বিভীষণকে অভয় দিয়ে নিয়ে এস।—

> সকৃদেব প্রপন্নায় তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্বভূতেভ্যো দদামোতদ্ ব্রতং মম॥ (১৮।৩৩)

— কেউ যদি শরণাগত হয়ে একবার মাত্র বলে—আমি তোমার, তবে আমি তাকে সর্বপ্রাণী থেকে অভয় দান করি, এই আমার ব্রত।

বিভীষণ তাঁর অন্চরদের সংগ্যে আকাশ থেকে ভূমিতে নেমে এলেন এবং রামের চরণে পতিত হয়ে বললেন, আমি রাবণের অন্জ, তিনি আমার অপমান করেছেন, সেজন্য আমি লঙ্কা ধনসম্পত্তি ও আত্মীয়বর্গ ত্যাগ করে তোমার শরণাগত হরেছি। আমার রাজ্য জীবন আর স্থ সমস্তই তোমার অধীন। রাম তাঁকে সাম্বনা দিয়ে এবং সম্বেহ নিরীক্ষণ করে বললেন, ভূমি রাক্ষসদের বলাবল বর্ণনা কর।

বিভাষণ বললেন, রাজপত্ত, আমার জোপ্ত প্রাত্য রাবণ ব্রহ্মার বরে
সর্বপ্রাণীর অবধ্য। দিবতীয় প্রাত্য কুল্ভকর্ণ যুদ্ধে ইন্দের সমকক্ষ।
রাবণের সেনাপতি প্রহুত কৈলাসে মণিভদ্রকে পরাহত করেছিলেন।
রাবণপত্ত ইন্দ্রজিং গোধাচমের অংগ্রালিচাণ, অভেদ্য কবচ ও ধন্বাণ
ধারণ করে অণিনদেবের বরে যুদ্ধকালে অদৃশা হয়ে শত্বধ করেন।
মহোদর মহাপার্শ্ব ও অকম্পন রাবণের উপসেনাপতি। রাবণের সৈন্যসংখ্যা দশসহস্রকোটি, তারা মাংসন্থোণিতভোজী কামর্পী রাক্ষস।

রাম বললেন, বিভাষণ, আমি দশাননকে সবংশে বধ করে তোমাকে রাজ। করব। আমার তিন প্রাভার নাম নিয়ে শপথ করছি — রসাতলে বা পাতালে বা বহুয়ার আলয়ে যেখানেই থাকুক, রাবণকে বধ না করে অযোধাায় ফিরব না। বিভাষণ প্রথম করে বললেন, আমি রাক্ষসবধে এবং লক্ষাজ্য়ে তোমার সাহাষ্য করব।

রাম বিভীষণকে আলিখ্যান ক'রে লক্ষ্মণকে বললেন, আমি এ'র প্রতি প্রসন্ন হয়েছি, তুমি শীঘ্র সমন্দ্র থেকে জল এনে মহাপ্রাক্ত বিভীষণের অভিষেক সম্পন্ন কর। রামের আজ্ঞান্সারে লক্ষ্মণ বানরপ্রধানদের সমক্ষে বিভীষণকে রাক্ষসরাজপদে অভিষিক্ত করলেন, সকলে সাধ্য সাধ্য বলে আনন্দধর্নি করতে লগেল।

তার পর রাম বললেন, আমরা কি করে সসৈন্যে সম্দ্রে পার হব তার উপায় নিধারণ কর। বিভাষণ উত্তর দিলেন, রাম সম্দ্রের শরণ নিন। ইক্ষ্যাকুবংশীয় সগরপ্রেগণ সাগর খনন করেছিলেন, সেই সম্পর্কে সাগর অবশাই রামকে সাহায্য করনেন।

স্থাবি ও লক্ষ্যণ বললেন, বিভাষণ কাল্যোচত সংপ্রামশ দিয়েছেন। সেতুবন্ধন বিনা এই সাগর পার হয়ে লব্দায় যাওয়া স্রাস্বেরও অসাধ্য। অতএব কালবিলম্ব না করে রাম সাগরের নিকট প্রার্থনা কর্ন।

রাম তথনই সম্দ্রতীরে কুশাসনে উপবিষ্ট হয়ে সম্দ্রের আরাধনায় প্রবৃত্ত হলেন।

৪। শ্কের দৌত্য — সম্দ্রশাসন — সেতুবন্ধন সগাঁ ২০—২১ ;

শার্দনে নামে রাবণের এক চর স্থাবিরক্ষিত রামসেনা দেখে বেগে লংকায় গিয়ে রাবণকে বললে, মহারাজ, সাগরের নায় অগ্রাধ ও অপ্রয়ের বানর-ভল্লাক-দৈনা রাম-লক্ষ্মণের সংগ্র লংকা আক্রমণ করতে আসছে, তারা সাগরতীরে দশযোজন বিস্তৃত স্থানে সলিবিট্ট হয়েছে। এখন আপনি শীঘ্র দতে পাঠিয়ে সকল তত্ত্ব জাননে এবং সামদানাদি উপায় অবলম্বন কর্ন।

রাবণ শ্ক নাম সমস্টাকে বললেন, তুমি সহর স্থাতির কাছে গিয়ে মিটবাকে। আমার এই বার্তা জানাও—বানরপতি, রাজকুলে তোমার জন্ম, তুমি মহাবীর ও ঋক্ষরজার প্রে। তুমি আমার ভাতৃসম। এই বৃদ্ধে তোমার লাভ বা ক্ষতি কিছুই নেই। আমি রামের পদ্ধীকে হরণ করেছি তাতে তোমার কি? তুমি কিন্তিন্ধ্যায় ফিরে যাও।

শৃক পশ্চির্প ধরেণ করে স্থাতির কাছে গিয়ে আকাশ থেকে রাবণের বার্তা জানালেন। বানররা লম্ফ দিয়ে তাঁকে ধরে ম্থিপ্রহার করতে লাগল। শৃক কাতর হয়ে বললেন, রাম, দৃত অবধ্য, তুমি বানরদের নিবারণ কর। যে দৃত প্রভুর আদিষ্ট বাক্য না ব'লে নিজের মতে কথা বলে সে অন্ত্রবাদী, তাকেই বধ করা উচিত।

রাম দয়াপরবশ হয়ে বানরদের নিবারণ করলেন। শক্ আবার আকাশে উঠে বললেন, স্থাবি, আমি ফিরে গিয়ে রাবণকে কি বলব? স্থাবি উত্তর দিলেন, তুমি এই কথা জানিও।— রাক্ষসরাজ, তুমি আমার মিচ উপকারক বা প্রিয় নও, দয়ার পাতও নও। তুমি রামের আরি, বালীর ন্যায় বধযোগ্য। আমরা তোমাকে সবাদ্ধবে বধ করব, লংকাপ্রী ভদ্ম করে ফেলব। তিলাকে এমন কেউ নেই যে তোমাকে রক্ষা করতে পারে।

অধ্যাদ বললেন, আমার বোধ হয় এ দ্ত নয়, গৃংশ্চর, জামাদের সৈনাবল জানতে এসেছে। একে ধর, যেন লংকায় ফিরে না ছায়। অধ্যাদের কথায় বানররা আবার শৃককে ধরে পাড়িন করতে লাগল। তিনি কাতরকণ্ঠে রামকে বললেন, বানররা আমার পক্ষ উৎপাটন করছে, চক্ষ্ম ভেদ করছে। এরা যদি আমাকে হত্যা করে তবে আমি জন্ম থেকে মরণ পর্যাশ্ত যত পাপ করেছি সব তোমার হবে। রামাণ্ডখন শৃককে নিষ্কৃতি দিলেন।

রাম সাগরতারে কুশ বিছিয়ে প্রবিদকে ম্থ করে শয়ন করলেন।
তিনি অজালি বন্ধ করে বাহাতে মন্তক রেখে সংকলপ করলেন—হয়
সাগর পার হব নতুবা সাগর লাক্ত করব। তিনি তিরাত আরাধনা
করলেন, কিন্তু সাগর দর্শনি দিলেন না। তথন রাম ক্রাণ্ধ হয়ে সমীপ্রথ
লক্ষ্যণকে বললেন, সম্দ্রের গর্ব হয়েছে তাই দেখা দিছেনে না। গ্রাণ
হীন ধৃষ্ট ব্যক্তি শান্তভাব ক্ষমা সরলতা প্রিয়বাদিতা প্রভৃতি সদ্গাণকে
উপেক্ষা করে। লোকে দক্ষাতাকেই সন্মান করে, ভোষণনীতিতে
কীতি যশ কয় কিছাই লাভ হয় না। সৌমিতি, তুমি আমার ধনা ও

আশীবিষ তুল্য শর নিয়ে এস, আমি সম্দ্র শুস্ক করব, বানররা পদরজে পার হবে।

রাম জগৎ কম্পিত করে বস্তুনাদে শর মোচন করলেন। সেই জ্বলন্ত শরসম্বের প্রচন্ড আঘাতে সম্দ্রে মহাতরণ্য উৎপতিত হ'ল, জলচর প্রাণিকুল চতুদিকে বিক্ষিণ্ত হয়ে পড়ল। লক্ষ্মণ রামের ধন্ গ্রহণ ক'রে বললেন, এমন করবেন না, সম্দ্রকে এ প্রকারে ক্ষোভিত না ক'রে তন্য উপায় অবলম্বন কর্ন।

রাম কঠোর বাক্যে সাগরকে বললেন, আজ আমি পাতাল সমেত মহার্ণব শুক্ত করে ফেলব, তোমার গর্ভ থেকে ধ্লি উন্তান হবে। এই কথা বলে তিনি ধন্তে ব্রহ্মান্ত যোজনা করে জ্যা আকর্ষণ করলেন। সহসা আকাশ যেন বিদীর্ণ হ'ল, পর্বত বিকন্পিত ও চতুদিক তমসাচ্ছর হ'ল, চন্দ্র সূর্য নক্ষর তির্যক মার্গে চলতে লাগল, মহোদি ভীমবেগে বেলা অভিক্রম করে এক থোজন স্থান শ্লাবিত করলে। তথন উদ্যাচল থেকে দিবাকরের ন্যায় জলরাশি ভেদ করে সাগর স্বর্যং ম্তিমান হয়ে উথিত হলেন। তার বর্ণ দিনশ্ব বৈদ্যে মণির ন্যায়, অংগ স্বর্ণাভরণ, কণ্ঠে রম্বহার, মন্তকে সর্বপর্শপময়ী মালা। তিনি কৃতাজাল হয়ে রামকে বললেন, সৌম্য, প্রথিবী বার্ আকাশ জল জ্যোতি এই পশ্বভূত চিরকাল স্বাভাবিক মার্গেই অবস্থান করে। আমি স্বভাবত অগাধ ও অতরণীর, কামনা লোভ তয় বা অনুরাগের বেশে জলরাশি দতন্তিত করতে পারি না। তুমি যেপ্রকারে উত্তীর্ণ হবে তা বলছি শোন। বানর-সেনা যথন পার হবে তথন আমি স্থলের ন্যায় স্থির থাকব, হিংপ্র জলজন্ত্রাও আক্রমণ করবে না।

রাম বললেন, আমার এই মহাবাণ আমাঘ, কোথায় একে নিক্ষেপ করব? সম্দ্র বললেন, আমার উত্তর দিকে দুম্কুল্য নামক স্থান আছে, সেখানে উগ্রদর্শন আভীর প্রভৃতি দসাগেণ আমার জল পান করে, সেই পাপীদের স্পর্শ আমি সইতে পারি না। সেইখানেই তোমার শর নিক্ষেপ কর। তখন রাম বক্তুতুলা সেই স্বর মোচন করলেন। যেখানে শর পতিত হ'ল সেই স্থান মর্কান্তার নামে খ্যাত হ'ল। শর্বিদীর্ণ গহ্বর- মংখে রসাতল থেকে জল উঠতে লাগল, সেজনা তার নাম হ'ল রণক্প। রামের বরে মর্কান্ডার অতি উর্বর উত্তম স্থানরূপে প্রসিন্ধ হ'ল।

তার পর সাগর বললেন, এই নল বিশ্বকর্মার প্রে, ইনি পিতার নিকট লখ্প বরের প্রভাবে আমার বক্ষে সেতু নির্মাণ কর্ন, আমি তা ধারণ করব। এই বলৈ সাগর অস্তহিতি হলেন।

নল বললেন, সম্দ্র সতা কথাই বলেছেন, আমি বিশ্বকর্মার বরে সেতুনির্মাণ কততে পারব। আমাকে কিছু জিল্ঞাসা করা হয় নি সেজন্য আমি নিজের গ্রের কথা বলি নি।

রামের আদেশে শাল কুটজ অজনে তাল আয় প্রভৃতি রাশি রাশি বৃক্ষ সংগৃহীত হল এবং

> হাস্ত্যাতান্ মহাকায়াঃ পাষাণাংশ্চ মহাবলাঃ। পর্বতাংশ্চ সম্ংপাটা যকৈঃ পরিবহ্নিত চয় (২২।৫৬)

—মহাকায় মহাবল বানরগণ হস্তার তুলা বৃহৎ পাষাণ ও পর্ব ড উৎপাচিত করে যদ্যযোগে বহন করে নিয়ে এল।

নল সেত্রচনা আরম্ভ করলেন। সহকাবী ধানরদের কেউ স্ত (১) কেউ মানদণ্ড ধারণ করলে, কেউ বৃদ্ধান্দলাদ বয়ে আনতে লাগল। প্রথম দিনে সেতুর চোদদ যোজন, দ্বিতীয় দিনে বিশ, তৃতীয় দিনে একুশ, চতুর্থ দিনে বাইশ এবং পশুম দিনে অবশিষ্ঠ তেইশ যোজন শেষ হ'ল। এই শত্যোজন দীর্ঘ দশ্যোজন বিদ্ভৃত নলকৃত সেতু অন্বরদ্ধ ছায়া-পথের ন্যায় শোভং পেতে লাগল। দেব গন্ধর্ব সিন্ধ মহর্ষি প্রভৃতি নলের অন্তর্ত কীতি দেখবার জন্য আকাশে উঠলেন। সমুদ্রের উপর সমিন্তরেখার ন্যায় শোভমান এই সেতুপথে সহস্র কোটি বানর লাফাতে লাফাতে সগর্জনে পার হ'তে লাগল। শত্র প্রতিরোধ নিবারণের জন্য বিভাষণ তাঁর চারজন সচিবের সঞ্জে অপর পারে গিয়ে গদাহদত সতর্ক হয়ে রইলেন। রাম হন্মানের দ্বন্ধে এবং লক্ষ্মণ অংগদের দ্বন্ধে

⁽১) সেতু সোজা হচ্ছে কিনা দেখবার জনা।*

আরোহণ ক'রে সসৈন্যে সমৃদ্র উত্তীর্ণ হলেন। পরপারে এসে স্ফৌব প্রচুর ফলম্লজল-সমন্বিত স্থানে সেনা সন্নিবেশ করলেন।

६। अत्राद्यक्त सम्मात्रना-नर्यन

[সগ ২০-৩০]

শাদ্যবিহিত পর্যাতিতে সৈন্যবিভাগ ক'রে রাম আজ্ঞা দিলেন, নীলের সন্ধো অংগদ এই বানরবাহিনীর মধ্যভাগে থাকবেন, ঝবভ ও গন্ধমাদন দক্ষিণ ও বাম পার্শ্ব রক্ষা করবেন, আমি আর লক্ষ্মণ অগ্রভাগে থাকব, জান্ববান স্বাধেণ ও বেগদশী এই তিন জন অভ্যন্তরভাগ রক্ষা করবেন, কপিরাজ সম্থাব পশ্চাদ্ভাগো থাকবেন। এইর্পে সৈনাবিভাগ সম্পূর্ণ হ'লে রাম স্থাবিকে বললেন, শুখন শ্বুককে মাজি দাও।

শ্ব ম্বিলাভ বরই ক্রম্ত হয়ে নাবদের কাছে উপস্থিত হলেন। রাবণ তাঁকে দেখে একট্ হেসে বল্লেন, তোমার দ্ই পক্ষ কি বন্ধ রয়েছে? ছিল্লের ন্যায় দেখাছে কেন? তুমি কি চন্দলমতি বানরদের হাতে পড়েছিলে?

ুক্ত উত্তর দিলেন, আমি সাগরের উত্তর তাঁকে গিয়ে আপনার বার্তা সন্মানকৈ মিন্টবাক্যে জানিয়েছি, কিন্তু বানররা আমাকে দেখেই লম্ম দিয়ে ধারে পকছেদন ও মন্থিপ্রহারে উদাত হ'ল। রাক্ষসরাজ, এই বানররা শ্বভাবত ক্রোধপ্রবণ ও উগ্র, তাদের সন্থো আলাপ বা বিচার করা অসম্ভব। রাম সেতু নির্মাণ ক'রে সাগর পার হয়ে সসৈন্যে এখানে এসেছেন। পর্বতাকার ভল্লকে ও মেঘবর্ণ বানর সৈনে। বস্থের। আছলে হয়েছে। দেব-দানবের মধ্যে ঘেমন সন্থি হয় না সেইর্প রাক্ষস-বানরের মধ্যেও সন্ধি অসম্ভব। তারা নগরপ্রাকারে উপস্থিত হবার প্রেই যা হয় দ্পির কর্ন, সাতাকে ফিরিয়ে দিন, না হয় যুখ্য কর্ন।

ভোধে রক্তনের হয়ে রাবণ বললেন, দেব দানব গশ্ধর্বও যদি যুখে কবতে আসে তথাপি সীতাকে দেব না। রাম জানে না যে আমার বেগ বিংক্তির সাধ্য বল মারুতের ন্যায়, তাই যুখ্ধ করতে এসেছে। তার পর তিনি শ্রুক ও সারণ দুই অমাত্যকে বললেন, রাম সেতৃবন্ধন করেছে আর বানরসৈন্য সাগর পার হয়েছে এ কথা অশ্রশ্বের। যাই হ'ক, তোমরা প্রচ্ছন্নভাবে বানরসৈন্যের মধ্যে প্রবেশ ক'রে তাদের সমস্ত সংবাদ জেনে এস।

শ্ক-সারণ বানরের র্প ধারণ ক'রে বানরসৈন্যে প্রবেশ করলেন।
বিভীষণ এই দ্ই ছম্মবেশী রাক্ষসকে চিনতে পেরে রামের কাছে ধ'রে
নিয়ে গেলেন। শ্ক-সারণ জীবনের আশা ত্যাগ ক'রে সভয়ে কৃতাঞ্জলিপ্রেট রামকে বললেন, রঘ্নন্দন, আমরা রাবণের আজ্ঞার আপনার
সৈনাবল জানতে এসেছি। রাম সহাস্যে বললেন, বদি সবই দেখে থাক
এবং বা জানবার জেনে থাক তবে স্বজ্ঞান্দে ফিরে বাও। যদি কিছু অদেখা
থাকে অথবা আবার দেখতে ইচ্ছা কর তবে বিভীষণ তোমাদের দেখিরে
দেবেন। তোমরা গ্রুত্চর, আমাদের মধ্যে ভেদ উৎপাদন করতে এসেছ,
তথাপি তোমাদের বধ করব না। রাক্ষসরাজকে আমার এই কথা
জানিও—বে শান্ততে নির্ভার ক'রে তুমি সীতাকে হরণ করেছ, এখন
সসৈন্যে সবান্থবে সেই শান্ত আমাকে দেখাও। কাল প্রাতেই আমার
শরজালে লক্ষ্যপরী ও রাক্ষসসৈন্য বিধন্তত হবে।

মৃত্যি পেয়ে শ্ক-সারণ জয় জয় শব্দে রামকে অভিনন্দিত ক'রে লক্ষাপ্রীতে ফিরে গেলেন। তাঁরা রবেণকে সমস্ত সংবাদ দিয়ে অবশেষে বললেন, মহারাজ, রাম-লক্ষ্মণ আর স্মানি যে বাহিনীর রক্ষক তাকে স্রাস্ত্র কেউ জয় করতে পারে না। আপনি বিরোধ ত্যাগ করে মৈথিলীকে রামের হস্তে সমর্পণ কর্ন।

ক্সবেণ এই উপদেশে কর্ণপাত করলেন না। রামের সৈন্য পরিদর্শনের জন্য তিনি অতি উচ্চ প্রাসাদশিখরে আরোহণ করলেন, শ্ক-সারণ তাঁকে স্থাবি অপাদ নল নীল জান্ববান হন্মান প্রভৃতি বানরপ্রধান এবং রাম-লক্ষ্মণকে দেখিয়ে প্রত্যেকের বিক্রম ও কীর্তি সবিস্তারে বর্ণনা করলেন। রাবণ কিণ্ডিং উদ্বিশ্ন হয়ে রোষগদ্গদ বাক্যে শ্ক-সারণকে বললেন, ষ্লকালে রাজার অপ্রিয় কোনও কথা বলা সচিবের অকর্তব্য। যে শত্র আমাদের সম্মুখে ধ্রুশের জন্য উপ। ২২ হয়েছে তোমরা তাদেরই স্তৃতি করছ। তোমরা রাজনীতি জান না। তোমাদের ন্যায় মূখ সাচব নিয়ে যে আমি রাজ্য চালাচ্ছি তা কেবল আমার ভাগ্যবল। তোমাদের কি মৃত্যুভর নেই তাই আমাকে অপ্রিয় কথা শোনাচ্ছ?—

অপধ্বংসত নশ্যধ্বং সন্নিকর্ষাদিতো মম। নহি বাং হস্ত্মিচ্ছামি স্মরাম্বাপকৃতানি বাম্। হতাবেব কৃতধ্যো শ্বো ময়ি স্নেহপরাশ্বশো॥ (২৯।১৪)

— নিপাত যাও, আমার কাছ থেকে দ্রে হও। প্রের উপকার স্মরণ করে তোমাদের হত্যা করতে ইচ্ছা করি না। তোমরা দ্ই কৃত্যা আমার প্রতি স্নেহশ্ন্য হয়ে মারেই গেছ।

শ্ব-সারণ লন্ডিত হয়ে রাবণের জয় উচ্চারণ করে চলে গেলেন।
তার পর রাবণ শাদ্লি প্রভৃতি কয়েকজন চরকে আজ্ঞা দিলেন, ভোমরা
রাম ও তার মন্দ্রীদের সমস্ত কার্যের সন্ধান নাও। রাম কি প্রকারে
শোর, কি প্রকারে জাগে, আজ সে কি করবে, সবই জেনে এস।

শাদ্ধি ও তার সংগীরা প্রচ্ছন্নভাবে গিয়ে দেখলে, রাম লক্ষ্মণ স্থাবি ও বিভীষণ স্বেল পবাতের নিকট রয়েছেন। বিভীষণ এই রাক্ষসদের ধরে ফেললেন, বানররা তাদের মারতে মারতে রামের কাছে নিয়ে এল। দরালা রাম তাদের মারি দিলেন। শাদ্ধি তার সংগীদের নিয়ে হাপাতে হাপাতে রাবের কাছে গিয়ে নিজেদের নিত্তরে কথা জানালে।

৬। রামের মারাম্বভ

[সর্গ ৩১-৩২]

রাবণ উদ্বিশন হয়ে মন্ত্রীদের সভেগ কিছুকাল পরামর্শ করলেন, তার পর স্বভবনে গিয়ে বিদান্নিজহ্ব নামক মায়াবলী রাক্ষসকে ডেকে আনালেন। রাবণ তাকে বললেন, তুমি মায়াবলে রামের মন্ড এবং বৃহৎ ধন্বিণি প্রস্তুত করে নিয়ে এস। বিদ্যুদ্জিহ্ব আজ্ঞা পালন করলে রাবণ প্রতি হয়ে তাকে ভূষণ পরুষ্কার দিলেন। তার পর তিনি অশোক বনে গিয়ে দেখলেন সীতা অধোম্থে শোক্ষণন হয়ে ব'সে আছেন, রাক্ষসীরা তাঁকে ঘিরে রয়েছে।

রাবণ বললেন, সীতা, আমি তোমাকে তুণ্ট করবার চেণ্টা করেছি কিন্তু তুমি আইট অবমাননা করেছ। যার উপর তোমার নির্ভার, সেই .২৮০ বন, বুটাই নহও ইয়েছে। তোমার মূল উচ্ছিন্ন হয়েছে, দপ্ত ্র হয়েছে, এমন আমার ভাষা হও। তোমার স্বামীর বধের ব্রাস্ত শোন । স্থাস্তকালে রাম সম্দ্রের উত্তর তীরে সৈন্যসমাবেশ করছিল। **মধ্যরাত্রে যখন সকলে পরিপ্রান্ত হয়ে নিদ্রিত ছিল তখন আমার সেনাপতি** ্রহুস্থ সসৈন্যে গিয়ে রাম-লক্ষ্মণের নিকটপথ বানরসৈন্য বিনষ্ট করেন। রাম নিদ্রিত ছিল, প্রহুস্ত তার **শিরুস্ছেদন করেছেন। বিভীষণ প্যালয়ে**-ছিল, কিন্তু ধরা পড়েছে। লক্ষ্মণ বানরদের সঞ্গে কোথায় চ'লে গেছে। স্থাবৈর গ্রীবা ভণ্ন হয়েছে। হন্মানের হন্ন চূর্ণ হয়েছে, সে রাক্ষসদের হাতে মরেছে 🗀 পট্টিশের (১) আঘাতে জান্ববান বৃক্ষের ন্যায় খণ্ড খণ্ড হয়ে গেছে। মৈন্দ আর ন্বিবিদ র্মাধরাক্ত হয়ে রোদন কর্নায়ন, তার। অসির আঘাতে নিহত হয়েছে। অঞ্সদ শরজালে আচ্ছন্ন হয়ে 💥 ১ উদ্গার হ'রে ভূতলে প'ড়ে আছে। বানরগণ হস্তীর পদ ও রুল্লের চক্রে মথিত হয়ে বায়**্বেগে ছিল্ল মেঘের ন্যায় বিক্ষিণ্**ত **হয়েছে।** ্যানার সেনা তোমার প্রামীকে সমৈন্যে বধ করেছে।

চক্ষ্ম মুখবর্ণ কেশ ললাত ও চ্ড়ামণি দেখে বিদ্রানত হ'য়ে সীতা কম্পিতদেহে ছিল্ল কদলীতর্রন্যায় ভূপতিত হলেন। তার পরচেতনা লাভ

[🖎] শ্বিধার অভূত্য বিলেষ।

করে বিলাপ করতে লাগলেন—হা মহাবাহ্ সতাব্রত বীর আমার চরম দ্র্দণা হল, আমি বিধবা হয়েছি! আমি পতিত্রতা তথাপি আমার অগ্রে তুমি গেলে। আমি শোকসাগরে নিমন্দ, যিনি আমাকে ত্রাণ করবেন তিনিও বিনন্দ হলেন। তুমি নীতিশাস্তব্ধে, বিপদ্বারণের উপার জান, তবে কেন তোমার মৃত্যু হল? পিতা দশরেথ এবং পিতৃগণের সপ্ণে তুমি স্বর্গে মিলিত হয়েছ, যে বংশ মহৎ কর্ম ন্বারা আকাশে নক্ষররূপে স্থান পেরেছে, সেই আপন রাজ্যর্থিবংশ উপেক্ষা করে চলে গেলে কেন? পাণিগহণকালে তুমি প্রতিব্ধা করেছিলে যে আমার সন্ধেগ ধর্মাচরণ করবে, তা স্মরণ করে দ্বংখিনী আমাকেও সপ্তেগ নাও। তুমি অন্নিন্দৌমাদি যজের অনুষ্ঠান করেছিলে, তবে যজানিতে কেন তোমার অন্ত্যোম্টিজয়া হ'ল না? আমরা তিন জন বনগমন করেছিলাম, এখন শোকাকুলা কৌশল্যা কক্ষ্যাণকে একাকী দেখবেন। আমি অনার্যা, নিম্পাপ বীর্যবান র্যম আমার জন্য সাগর পার হয়ে অবশেষে গ্যোম্পদে হত হলেন! রাবণ, আমাকে রামের দেহের উপর রেখে বধ কর, পতিপক্ষীকে একত করে দাও, আমি তাঁর অনুগমন করব।

এমন সময়ে একজন স্বারপাল এসে যুক্তকরে প্রণাম ক'রে বললে, মহারাজ, সেনাপতি প্রহুল্ড এবং অমাত্যগণ আপনার দর্শনপ্রাথী হয়ে এখানে আসছেন। রাবণ অশোকবন ত্যাগ ভারে প্রকাদের সপ্রোমনাসভার প্রস্থান করলেন, রামের সায়াস্থাত স্থান করলেন স্থান স

२ . न्युषा

[সগ্ ৩৩-৩৪]

বিভীষণপদ্ধী সরমা রাবণের আদেশে সীতাকে রক্ষা ক্রত্যা নাতাল প্রিয়সখী সীতার কাছে এসে তাঁকে সন্দেহে সাম্পনা নার কলাক তোমাদের কথাবার্তা সমস্তই আমি অন্তরাল খেকে শ্রেনিছি। বিসালাক তোমার হিতাপে আমি রাবণকে ভয় করি না। তিনি যে কলাক হয়ে চলে গেলেন তাও আমি জেনেছি। রাম স্কুত অবস্থায় নিহত হয়েছেন — এ অসম্ভব। মহাবল ধন্ধর রাম বানরগণকে রক্ষা করছেন, তারা বৃক্ষ নিয়ে যুম্ধ করে, তাদেরও বধ করা অসাধ্য। দুমতি রাবণ মায়াপ্রভাবে তোমাকে বিমোহিত করেছে। তোমার শোক বিগত এবং সর্বকল্যাণ উপস্থিত হয়েছে, তোমাকে শ্ভসমাচার দিচ্ছি শোন। রাম বানরসেনাসহ সম্দ্রের দক্ষিণ তীরে এসেছেন। রাবণের দ্তরা এই সংবাদ এনেছে, সেই কারণেই তিনি সচিবদের সঙ্গে মন্ত্রণা করতে চলে গেছেন। ওই শোন, মেঘগর্জনের ন্যায় ভেরীরব হচ্ছে। ওই দেখ, মত্ত মাত্রণ সন্থিত এবং রথে অশ্ব যোজিত হচ্ছে, বহু সহস্র অশ্বারোহী প্রাসহস্তে উপস্থিত হয়েছে, অশ্ভ্তদর্শন সৈন্যে রাজমার্গ প্র্ণ হয়েছে। এখন ভাগান্ত্রী তোমার উপর প্রসন্ন, রাক্ষসদের ভয় উপস্থিত। তোমার ভর্তা কমলপ্রাক্ষ রাম সমরে বিজয়ী হয়ে রাবণকে বধ করে তোমার সঙ্গে মিলিত হবেন। দেবী, আমি শীন্তই দেখব তুমি রামের জ্বেড়ে ব'সে তাঁর বক্ষে অশ্রেকিকর্ফন করছ, তিনি তোমার নিত্রশ্বস্প্রণী একবেণী বহু মাস পরে উন্মন্ত করে দিচ্ছেন।

তাপদৃশ্ধ ধরণী যেমন জলধারাপাতে তৃণ্ত হয়, সরমার কথায় সীতা সেইর্প হৃষ্ট হলেন। সরমা তাঁকে স্মিত্ম্থে বললেন, আমি প্রজ্লভ্লাবে রামের কাছে গিয়ে তোমার কুশল জানিয়ে আবার ফিরে আসতে পারি। আমি যখন আকাশমার্গে যাব তখন পবন বা গর্ড়ও আমাকে অনুসরণ করতে পারবেন না। সীতা বললেন, তুগি সর্গত্ত পার তা জানি, কিন্তু যদি আমার প্রিয়কার্য করতে চাও তবে রাবন কি করছেন কি বলছেন তা জেনে এস।

সীতার অগ্রনিস্ত মুখ মুছিয়ে দিয়ে সরমা তথনই প্রপ্থান করলেন এবং কিছুকাল পরে ফিরে এসে বললেন, বৈদেহী, রাক্ষসরাজের জননী এবং হিতাকাঙ্কী বৃদ্ধ মন্ত্রিগণ রাবণকে বলছেন — সীতাকে সসন্মানে রামের হস্তে প্রত্যপণি কর। জনন্ধানের ব্যাপারে রামের শক্তির প্রচুর পরিচয় পাওয়া গৈছে। হনুমান সমুদ্রলঙ্ঘন সীতাদর্শন ও রাক্ষসবধ করেছে। এপ্রকার বিপক্ষকে যুদ্ধে কে বধ করতে পারে? কিন্তু রাবণ এই উপদেশ শ্নলেন না, কৃপণ বেমন অর্থ ত্যাগ করতে চার না তিনিও সেইর্প তোমাকে মৃত্তি দেবেন না। দ্বৃত্তিশ্বর বংগ তিনি সবাশ্ববৈ নিহত হবেন, কিন্তু ভর পেরে তোমাকে ছাড়বেন না। রাবণকে বৃদ্ধে বধ ক'রে রাম তোমাকে অযোধ্যায় নিয়ে যাবেন।

এমন সময় ভেরী ও শংগ্রে নিনাদ শোনা গেল। লব্দায় আগত রামসেনার গর্জনে প্থিবী যেন কম্পিত হ'তে লাগল।

৮। সাল্যবানের উপদেশ

[সর্গ ৩৫--৩৬]

সেই তুম্ব শব্দ শ্নে রাবণ ক্ষণকাল চিন্তা করে সচিবগণকৈ বললেন, রামের সাগর উত্তরণ ও বলবিক্তমের কথা তোমরা বা বললে তা শ্নেছি। তোমরা ব্বেশ মহাবল এই আমি জানি, এখন নীরবে পরস্পরের দিকে তাকাছ কেন?

রাবণের মাতামহ মহাপ্রাপ্ত মাশ্যবান (১) বললেন, বে রাজা বিদ্যাবান ও নীতিপরারণ তিনি ঐশ্বর্যশালী হন, শতন্ত শাসন করেন। রাজা যদি শতনের অপেক্ষা অধিক বলশালী হন তবেই যুন্ধ করতে পারেন, যদি হীনবল বা তুল্যবল হন তবে সন্ধি করাই কর্তব্য। রাবণ, রামের সংগ্রে সন্ধি করাই আমি ভাল মনে করি, সীতাকে ফিরিরে দাও। তুমি তিলোকে বিচরণকালে ধর্ম বিনশ্ট করে অধর্ম আন্তর্ম করেছ, সেজন্যই তোমার শতনেরা প্রবল হয়েছে। তুমি বিষয়াসন্ত ও ষর্ঘেছাচারী, অণিনকল্প খ্যিগণকে তুমি উদ্বিশন করেছিলে, তাঁদেরই তাঁর তপস্যার প্রভাবে রাক্ষসগণ সন্তাপিত হচ্ছে। বরলাভ করে তুমি দেব দানব যক্ষের অবধ্য হয়েছ, কিন্তু যে দ্যুবিক্তম শত্ত্বগণ এখানে এসে গর্জন করছে তারা মান্ম, বানর, ভাল্লক ও গোলাগ্যনে। আমি নানাপ্রকার অশ্ভ লক্ষণ দেখছি। মেঘ শোণিতবর্ষণ করছে, অন্ব ও হস্তা অগ্রন্থাত করছে, শ্বপদ ও গ্রেধ

⁽১) মাতামহ স্মালীর অগ্রজ।

ভীষণ রব করছে, শ্বেতদশনা কালিকাগণ স্বাদ্যাগে সম্মাথে এসে অপ্রিয় কথা ব'লে হাসছে, কুরুরগণ প্জার উপকরণ স্পর্শ করছে। মাণ্ডিতমস্তক করালদশন কৃষ্ণিগণল কালপ্রেষ সকলের গৃহে দ্ণি-পাত করছে। এইসকল দানিমিত বিবেচনা করে তুমি কর্তব্য স্থির কর, যাতে পরিণামে মণ্যল হয়।

রাবণ সক্রোধে প্র্কৃতি করে বললেন, আমার হিতকামনায় শত্পেশ্বে বাড়িয়ে আপনি যে অহিতবাক্য বললেন সের্প আমি প্রের্ব কথনও শর্নি নি। পিতা যাকে নির্বাসিত করেছেন, কেবল বানর যার সহায়, সেই দীন মন্যা রামকে আপনি ক্ষমতাশালী মনে করছেন কেন? আমি রাক্ষসগণের অধীশ্বর, দেবগণের ভয়প্রদ, সর্ববিষয়ে পরাক্রান্ত, আমাকে হীন ভাবছেন কেন? বোধ হয় আমার উপর আপনার বিশ্বেষ আছে, অথবা আপনি শত্রের পক্ষপাতী, অথবা আমাকে যুশেধ উৎসাহিত করাই আপনার অভিপ্রায়, তাই এমন কট্কেথা বলছেন। দৈবগতিকে রাম সেতৃবন্ধন করে এখানে এসেছে, তাতে বিক্ষয় বা ভয়ের কারণ কি আছে? আমি প্রতিজ্ঞা করছি সে প্রাণ নিয়ে ফিরবে না।

রাবণকে রুণ্ট দেখে মাল্যবান লজ্জিত হয়ে আন উত্তর দিলেন না, জয়াশীর্বাদ করে স্বভবনে চ'লে গেলেন। তথন রাবণ অমাত্যদের ক্রিন্থ মন্দ্রণা করে লঙ্কা রক্ষার জন্য এইরুপ আজ্ঞা দিলেন।— প্রহুত পূর্ব ম্বারে, মহাপার্শ্ব ও মহোদর দক্ষিণ ম্বারে, ইন্দুজিং পশ্চিম ম্বারে এবং শ্কে-সারণ উত্তর ম্বারে থাকবেন। তার পর আবার বললেন, না, আমি স্বয়ং উত্তর ম্বারে থাকব। বির্পাক্ষ বহু সৈনা সহ লঞ্কার মধ্যভাগ রক্ষা করবেন। এইপ্রকার ব্যবস্থার পর সভা ভঙ্গ হ'ল।

। मृशीय-बाबर्थक स्थ्यं

[দৰ্গ ৩৭-৪০]

স্থাবি প্রভৃতি রামের সেনাধ্যক্ষগণ শগ্ররাজ্যে প্রবেশ ক'রে দ্রাক্তম্য লঙ্কাপ্রী দেখতে পেলেন। বিভীষণ বললেন, আমি আমার চার অমাত্য অনল, পনস, সম্পাতি ও প্রমতিকে শত্রিসন্য পরিদর্শনের জন্য লম্কার পাঠিরেছিলাম, তাঁরা পক্ষার রূপ ধরে সেখানে গিয়ে আবার কিরে এসেছেন। প্রহস্ত, মহাপার্শ্ব-মহোদর, ইন্দুজিং এবং স্বরং রাবণ বধাক্রমে লঞ্চার পূর্ব দক্ষিণ পশ্চিম ও উত্তর দ্বারে রয়েছেন। বিরূপাক্ষ নগরের মধ্যভাগ রক্ষা করছেন। দশ সহস্র গজ, অযুত রথ, দুই অযুত অশ্ব এবং এক কোটিরও অধিক রাক্ষস যোগ্য তাদের সঞ্গে আছে।

তার পর বিভীষণ রামকে বললেন, রাবণ যখন কুবেরের সংগ্য যুন্ধ করতে তান তখন ঘাট লক্ষ রাক্ষস তার সংগ্য গিয়েছিল। রাম, আমি শাসুবলের যে বর্ণনা ব বছি তাতে তুমি কুন্ধ হয়ো না। আমি ভয় দেখাবার জন্য বলছি না, তোমাজে ডর্ডেন্ডিন্ট করবার জন্যই বলছি। তুমি তোমার বানরসৈন্য নিয়ে বাহে রচনা কর, এরা রাজনের চত্র শতাক নিশ্চয় ধরংস করবে।

রাম বললেন, নীল পূর্ব দ্বারে প্রহলেতর সঙ্গে যুক্থ কর্ন, অগ্রণ দক্ষিণ দ্বারে মহাপাদ্ব-মহোদরকে আক্রমণ কর্ন, হন্মান পশ্চিম দ্বারে যান। সর্বলোকের উৎপীড়ক দ্রান্তা রাবণকে বধ করবার জন্য আমি দ্বাং লক্ষ্মণের সংশা উত্তর দ্বারে প্রবেশ করব। স্ক্রীব, জাদ্ববান ও বিভীষণ মধ্যদ্ধান আক্রমণ কর্ন। আমাদের এই নিয়ম থাকুক যে বানররা মান্থের রূপে ধারণ করবে না, তাদের বানরর্প দেখেই আমরা দ্বজন বলে চিনর। কেবল সাত জন মান্থের রূপে যুক্থ করব — আমি, লক্ষ্মণ, স্বা বিভীষণ ও তাঁর চার অমাত্য এইরাপ ব্যবদ্ধা করে রাম তার অমাত্যগণের সংশা স্বাবন প্রতি রাহি দাপন জ্বলেন।

পর্যদিন স্থাবি ও তাঁর অন্চরদের সংগে রাম স্বেল পর্বতের শাসনা উঠে ত্রিকটোশিথরস্থ লঞ্চা নিরীক্ষণ করতে লাগলের সামান্ত সামান্ত পেলেন, লঞ্চার শোশ্বের শাঁরের স্বাথং রাক্ষসরাজ রয়েছেন। তাঁর পাশ্বে শ্বেত চামর, মস্ত্রে বিজয়জ্ত, অঞ্চের রক্তাভরণ। তাঁর কান্তি নীল মেঘের ন্যায়, পরিধেয় স্বর্ণখাচিত বসন, উত্তরীয় শশ্লোণিতত্লা লোহিত।

🕝 🖖 🕝 তেওঁ 🥙 শ্রাীর সহসা উত্তেজিত হয়ে **লম্ফ** দিয়ে তাঁব

কাছে গিয়ে বললেন, রাক্ষস, আমি লোকনাথ রামের সখা ও দাস, আজ আমার হাতে তোমার নিস্তার নেই। এই ব'লে তিনি রাবণের উপরে পড়লেন এবং তার মুকুট কেড়ে নিয়ে ভূতলে ফেলে দিলেন। রাবণ বললেন, যে পর্যন্ত তোমাকে দেখি নি সে পর্যন্ত তুমি স্ফ্রীব ছিলে, এখন হীনগ্রীব (১) হবে।

তথন দ্জনে প্রচণ্ড থান্ধ আরশ্ভ হ'ল, তাঁরা স্বেদাক্ত ও শােণিতাক্ত দেহে পরস্পরকে মািণ্ডপ্রহার ও চপেটাঘাত ক'রে ব্যায়ামের বহা কােশল দেখাতে লাগলেন। কিছাকাল এইর্প যাুশ্খের পর রাবণ মায়াবল প্রয়ােগের উপক্রম করলেন। তা বাঝতে পেরে সা্গ্রীব লম্ফ দিয়ে আকাশে উঠলেন। তিনি শ্বাসকন্ট বা ক্রান্তি কিছাই বােধ করলেন না, রাবণকে বিশ্বত ও পরিশ্রান্ত ক'রে রামের কাছে উপস্থিত হলেন।

১০। ब्राय-ब्रायन-स्मनात यान्य

[সর্গ ৪১-৪৪]

স্থাবিকে আলিশ্যন করে রাম বললেন, তুমি আমার সশ্যে মন্ত্রণা না করেই যে দ্বঃসাহসের কার্য করেছ তা রাজ্ঞাদের পক্ষে অন্তিত। তোমার যদি বিপদ ঘটে তবে সীতাকে পেয়েই বা আমার কি হবে? স্থাবি বললেন, রাঘব, আমি নিজের শক্তি বৃঝি, তোমার ভার্যাপহারক রাবণকে দেখে আমি কি করে জ্রোধ সংবরণ করব?

স্বেল পর্বত থেকে নেমে রাম দ্ধর্ষ বানরসেনা পরিদর্শন করলেন এবং স্থাবৈর সাহায়ে তাদের ব্যহিত করে শৃভকালে ষ্ম্পযাত্রার আদেশ দিলেন। তিনি নিজেও ধন্বাণহদেত লম্কার দিকে
চললেন, লক্ষ্মণ স্থাবৈ বিভীষণ হন্মান প্রভৃতি তাঁর অন্গমন
করলেন, পশ্চাতে বিশাল বানর-ভল্লক-বাহিনী চলল। রাম-লক্ষ্মণ

⁽১) গ্রীবাহীন।

লক্ষাপ্রীর উত্তর শ্বার আক্রমণ করলেন। নীল মৈন্দ-ন্থিবিদের সহিত প্র শ্বার, অধ্যদ ঋষভ-গজ-গবয়-গবাক্ষের সহিত দক্ষিণ শ্বার, হন্মান পশ্চিম শ্বার, এবং প্রজ্জা-তরস প্রভৃতির সধ্গে স্ত্রীব মধাদেশ অবরোধ করলেন। কোটি কোটি বানর তাঁদের সধ্গে গেল। সাগরকল্লোলের ন্যায় মহাশন্দে লক্ষ্যর প্রাকার তোরণ শৈল কানন সমস্ত কন্পিত হতে লাগল।

্ অনশ্তর রামের আজ্ঞায় অঞ্চদ আকাশপথে যাত্রা করে মৃহত্র্কাল
মধ্যে ম্তিমান অণিনর ন্যায় রাবণের কাছে উপস্থিত হলেন। অমাতাবেষ্টিত রাবণকে অঞ্চদ বললেন, আমি কোশলরাজ রামের দতে বালিপত্র
অঞ্চদ, আমার নাম শত্ত্বনে থাকবে। রাম তোমাকে এই বলেছেন —
নিন্দুর, তুমি বেরিয়ে এসে আমার সঞ্চে যুন্ধ কর, পত্রুষ হও।
অমাত্য পত্র জ্ঞাতি বান্ধব সহ তোমাকে আমি বধ করব, তুমি হত হ'লে
তিলোক নির্দ্বিশন হবে। তুমি দেব দানব যক্ষ গণধর্বাদির শত্ত্ব,
থাবিগণের কণ্টক। যদি প্রণিপাত করে বৈদেহীকে সসম্মানে সমর্পণ
না কর তবে তুমি নিহত হবে, তোমার ঐশ্বর্য বিভীষণ পাবেন।

রাবণ ক্রন্থ হয়ে সচিবদের বললেন, এই দ্র্যতিকে ধরে বধ কর।
চার জন রাক্ষস তখনই অংগদকে ধরলে। বাহ্নেণন পতংগার ন্যায় তাদের
নিয়ে অংগদ প্রাসাদের উপর লম্ফ দিয়ে উঠলেন, রাক্ষসরা স্থালিত হয়ে
পড়ে গেল। তার পর প্রাসাদিশিখর চ্র্ণ করে এবং নিজের নাম ঘোষণা
করে অংগদ আকাশে উঠলেন এবং রামের কাছে ফিরে এলেন।

যাকার ও তারণ ভেঙে পরিখা পূর্ণ করতে লাগল। য্থপতিগণ রামের নির্দেশ অনুসারে লঞ্চার বিভিন্ন শ্বার অবরোধ করলেন। দুই পক্ষে ভীষণ যুদ্ধ আরুভ হ'ল। ইন্দ্রজিতের সহিত অঞ্গদ, জুন্মালীর সহিত হন্মান, নিকুন্ভের সহিত নীল, প্রঘসের সহিত সন্গ্রীব, বির্পাক্ষের সহিত লক্ষ্মণ, এবং অন্নিকেতৃ প্রভৃতি চার জন রাক্ষ্মের সহিত রাম যুদ্ধ করতে লাগলেন। ইন্দ্রজিং অঞ্গদকে গদাঘাত করলেন, অঞ্গদ সেই গদা দিয়েই ইন্দ্রজিতের রথ অন্ব সার্গথ বিন্দ্র করলেন। জন্মালী হন্মানের হস্তে নিহত হলেন। স্থীব প্রথমকে ব্কের আঘাতে বধ করলেন। বির্পাক্ষ লক্ষ্যণের শরে ধরাশায়ী হলেন। রাম তার প্রতিযোগ্ধা চার রাক্ষদের শিরক্ছেদ কবলেন। নিকুন্ডের সার্রাপ নীলের হস্তে নিহত হ'ল। স্বেণ বিদ্যুক্ষালীকে বধ করলেন।

স্থ অসত গোলে নিশায়্থ আরুত হ'ল, অথকারে বানর-রাক্ষস
চিংকার ক'রে পরস্পরকে মারতে লাগল। রাক্ষসরা শরবর্ষণ করে
রামের দিকে অগ্রসর হ'ল। রাম ছয় শর নিক্ষেপ করলেন, তার আঘাতে
যজ্ঞশার্, মহাপার্শ্ব, মহোদর, বঞ্জদংশ্রী, শ্রুক ও সারণ মৃতকল্প হ'য়ে
পলায়ন করলেন। অংগদের হস্তে পরাজিত হয়ে ইন্দ্রজিং অতান্ত জ্ব্যু
হলেন, তিনি অদ্শা হয়ে রাম-লক্ষ্মণকে শরবিশ্ব করতে লাগলেন।
সন্ম্যুখ্যুশ্বে জয়লাভ অসন্ভব জেনে ক্ট্যোন্ধা দ্রাত্মা ইন্দ্রজিং মারাবল
এয়েন করলেন।

১১। नागभारम दाध-लक्ष्माम

[**मर्ग** 94-40]

রাম ইন্দ্রজিংকে থেজিবার জন্য নীল অপ্যাদ হন্মান প্রভৃতি দশ গ্রপতিকৈ আজা দিলেন। তাঁরা বৃহৎ বৃক্ষ উদ্যত করে অনুসন্ধানের লগ্ন প্রেরণে উঠলেন, ইন্দ্রজিংও অদ্শা হরে শরবর্ষণ করতে লাগলেন।

া লগ্ন প্রের্থিকা এ র্ন্ধিরাক্ত হ'ল। প্রিলত-অস্তন-কান্তি াদের বললেন, আমা ১ ব আক্ষা হবে স্থাধ া লাভিক প্রের্থিকা রাজ্য হ'ল। প্রিলত-অস্তন-কান্তি াদের বললেন, আমা ১ ব আক্ষা হবে স্থাধ তাদের আমাকে লেখতে পান না।
তোদ্যের আমি শরাঘাতে যমালেয়ে পাঠাছিছ।

সর্বাধ্যে শ্ববিদ্ধ হয়ে রাম-লক্ষাণ রক্জ্যের ইন্দুধ্যজের ন্যায় কিন্দিন্দেহে ভূপতিত হলেন। নাগপাশে বন্ধ হয়ে তাঁরা কিছ্ইে দেখতে পেলেন না, তাঁদের গাতে অধ্যালিপ্তমাণ স্থানও অক্ষত রইল না। গাতের মন্ত্রি নির্থিল হয়ে গেল, কার্মক হস্তচ্যুত হ'ল, তিনি বীর-

শয্যায় শয়ান হলেন। লক্ষ্মণ তাঁর জীবনের আশা ত্যাগ করলেন, বানরগণ শোকাকুল হয়ে রোদন করতে লাগল।

এমন সময় সূত্রীব ও বিভীষণ এবং কিছুক্কণ পরে নীল অপগদ স্বেণ হন্মান প্রভৃতি সেখানে উপস্থিত হলেন। রাম-লক্ষ্মণ নিশ্চেণ্ট হয়ে পড়ে আছেন দেখে তাঁরা কাতর হয়ে ইন্দ্রজিতের সন্ধানে সর্বাদিক ও আকাশ নিরীক্ষণ করতে লাগলেন। কেবল বিভীষণ তাঁর মায়াবলে ইন্দ্রজিংকে দেখতে পেলেন। ইন্দ্রজিং বললেন, যারা খর-দ্যাণকে বধ করেছিল সেই রাম-লক্ষ্মণ আমার শরে বিনষ্ট হ'ল। স্বাস্ত্রর ও খ্যাগণ কেউ এদের বন্ধন থেকে ম্বান্ত দিতে পারবেন না। যার জন্য আমার পিতা চিন্তান্বিত ও শোকার্ত হয়ে শ্যাস্পর্শ না ক'রে রাত্রিয়াপন করেন, যার ভয়ে সমন্ত লংকা বর্ষাকালের নদীর ন্যায় আকুল, সকল অনর্থের সেই ম্লেকে আজ আমি দ্ব করেছি।

নীল অগ্যদ হন্মান প্রভৃতিকে শর্রবিশ্ব করতে করতে ইন্দ্রজিং হাস্য করে বললেন, রাক্ষসগণ, দেখ, আমি এই দ্বৈ প্রতিকে ঘোর শরবন্ধনে বন্ধ করেছি। এই কথা শ্নে রাক্ষসরা বিষ্ময়ে ও আনন্দে গর্জন করতে লাগল। রাম-লক্ষ্মণ নিস্পন্দ হ'য়ে প'ড়ে আছেন দেখে তাদের নিহত মনে ক'রে ইন্দ্রজিং সহর্ষে লঙ্কাপ্রীতে প্রবেশ করলেন।

শোকাকুল স্থাবিকে বিভাষণ বললেন, তুমি ভাত হয়ো না, মশ্রমংবরণ কর, মৃশেধ সর্বদা জয়লাভ হয় না। আমাদের ভাগ্যে ধদি থাকে তথে এদের মোহাবেশ দ্র হবে, যাঁরা সভাধর্মপরায়ণ ভাঁদের মৃত্যুভয় নেই। তুমি আশ্বস্ত হও, আমি অনাথ, আমাকেও আশ্বাস দাও। বিভাষণ অঞ্জলিতে জল নিয়ে মল্রপাঠ করে স্থাতীবের মৃথ মার্জন স্কুলিয়ে বললেন বানরবাজ ও গোকাকুল হবার সময় ন্যা এই সংকটকালে আহিস্নেহও মরণের কারণ হয়। রাম ষতক্ষণ সংজ্ঞানা করেন ততক্ষণ তাঁকে রক্ষা কর, রাম-লক্ষ্যণ সচেতন হ'লেই আমাদের ভয় দ্র হবে। তোমার সৈন্যদের শান্ত কর, এরা ভয়ে চক্ষ্য বিস্ফারিত ক'বে প্রস্কুলের কানে বস্তা কি বলহে। এই ব'লে বিভাষণ বানরদের আশ্বস্ত করতে গোলেন।

মায়াবী ইন্দ্রজিং রাবণের কাছে গিয়ে প্রণাম করে জানালেন যে রামলক্ষ্মণ নিহত হয়েছেন। রাবণ তাঁর আসন থেকে উঠে প্রকে
আলিংগন করলেন এবং অতি হুন্ট হয়ে সকল সংবাদ শ্নলেন। তার
পর তিনি সীতার রক্ষিত্রী ত্রিজটা প্রভৃতি রাক্ষ্সীদের ডেকে আনিয়ে
বললেন, বৈদেহীকে জানাও যে রাম-লক্ষ্মণ ইন্দ্রজিতের হস্তে নিহত
হয়েছে। তাঁকে প্রন্পক রথে রণক্ষেত্রে নিস্নে গিয়ে দেখিয়ে আন। এখন
আমাকে ভজনা করা ভিয় সীতার অন্য শতি নেই।

রাম-লক্ষ্মণের বধসংবাদ লঞ্চার সংগ্র ঘোষিত হ'ল। ভর্থশাকে বিহরলা সীতাকে গ্রিজটা পর্পেক রথে ক্রাক্ষেরে নিয়ে গেল। সীতা দেখলেন, বহু বানরসৈন্য হত হয়েছে, রাক্ষ্মত্ত হর্ষপ্রকাশ করছে, রামলক্ষ্মণের বর্ম বিদীর্গ, ধন্ম হস্তচ্যুত, সর্বাধ্য শর্মাক্ষ্মত্ত তারা সংজ্ঞাহীন হয়ে প'ড়ে আছেন।

লোকাঞ্চালত সীতাকে ত্রিজ্ঞটা বললে, দেবী, বিলাপ করো না, রামলক্ষ্মণ জ্বীবিত আছেন। তোমার শ্বামী মৃত হ'লে এইসকল বোশ্বার
ম্থ কোপান্বিত অথচ উৎস্ক দেখাত না, এই দিব্যর্থও তোমাকে বহন
করত না। আশ্বন্দত হও, আমি অন্মানে ব্রুছি রাম-লক্ষ্মণ মরেন
নি। তুমি চরিত্রগ্ণে আমার হুদর অধিকার করেছ, পূর্বে তোমাকে
কখনও মিথ্যা বলি নি, এখনও বলছি না। মৈথিলী, দেখ কি আশ্চর্ষ,
এ'রা শরাঘাতে সংজ্ঞাহীন হয়ে পাড়ে আছেন অথচ এ'দের ম্খন্তী নন্ট
হয় নি। মানুষ মরলে মুখের বিকৃতি দেখা বার। তুমি শোক দৃঃখ
মোহ ত্যাগ কর। ত্রিজ্ঞটার কথা শুনে সীতা কৃতাঞ্জলি হয়ে বললেন,
তুমি যা বলছ তাই যেন সত্য হয়। তার পর তারা অশোকবনে ফিরে
গেলেন।

নাগপাশে বন্ধ রাম-লক্ষাণ রুধিরান্তদেহে শরান হয়ে ভূজত্গের ন্যায় নিঃশ্বাস ফেলছেন, স্থাবাদি তাঁদের বেণ্টন করে আছেন, এমন সময় রাম সংজ্ঞালাভ করলেন। তিনি লক্ষাণকে অচৈতনা দেখে বললেন প্রাতা লক্ষাণকে যখন যুগ্ধে নিহত দেখছি তথন আমার সীতায় বা জীবনে কি প্রয়োজন। অন্বেষণ করলে মর্ত্যালোকে সীতার সমান নারী পাওয়া যেতে পারে, কিন্তু লক্ষ্মণের তুল্য দ্রাতা সহায় ও যোশ্যা পাব না। ইনি যদি মৃত হন তবে আমিও প্রাণ ত্যাগ করব। আমি যদি একাকী অযোধাায় ফিরে যাই তবে সন্তানহীনা মাতা স্মিতাকে কি ব'লে প্রবোধ দেব? আমি তাঁর ভংসনা সইতে পারব না, অতএব এখানেই আমি দেহত্যাগ করব। স্থাবি, তুমি তোমার সৈন্য নিয়ে ফিরে যাও। আমার জন্য তোমরা সকলেই যথাসাধ্য করেছ, কিন্তু দৈবকে কেউ অতিক্রম করতে পারে না।

এমন সময় নীলাঞ্জনকান্তি গদাপাণি বিভীষণকে আসতে দেখে বানররা ইন্দুজিং মনে করে ভরে পালাতে লাগল। বিভীষণ এসে রাম ও স্ফ্রীবকে জয়াশীর্বাদ করলেন। জান্ববান বানরদের আন্বাস দিয়ে ফিরিরে আনলেন। বিভীষণ জলার্দ্রহন্তে রাম-লক্ষ্মণের চক্ষ্ম মুছিয়ে দিয়ে শোকাকুলচিত্তে বললেন, আমার ভ্রাতৃপত্ত দ্রাত্মা ইন্দুজিং কুটিল উপারে এ'দের এই দলা করেছে। যাদের বিক্তমে নির্ভার ক'রে আমি প্রতিষ্ঠালাভের আলা করেছিলাম তাঁরা এখন মৃত্যুপব্যায় শয়ান। আমি এখন বিপম, আমার রাজ্যের আলা দ্র হয়েছে, রাবণের সংকল্প সিন্ধ হয়েছে।

বিভীষণকৈ আলিখনন করে স্থাবি বললেন ধর্মজ্ঞ, তুমি লখ্কারাজ্ঞা পাবে, রাবণেব ইচ্ছা পূর্ণ হবে না। রাম-লক্ষ্মণ গর্ডের আহিত, এ'রা মূর্ছা থেকে মূল্ত হরে রাবণকে স্বান্ধ্যে যুশ্ধে বধ করবেন। তার পর স্থাবি পার্শ্বে শ্বশ্রে স্থেণকে বললেন, রাম-লক্ষ্মণ যুতক্ষণ অচেতন থাকেন ততক্ষণ আপনি এ'দের কিন্দিক্ধ্যায় নিয়ে গিয়ে রাখ্ন। বানরবীরগণও আপনার সভেগ যান। আমিই রাবণকে স্বংশে বধ করে সীতার উন্ধার করব।

স্থেগ বললেন, প্রাকালে আমি দেবাস্বের সংগ্রাম দেখেছি, অদ্যবিদারদ দানবগণ প্রচ্য়ে থেকে দেবগণকে বধ করত। দেবগ্রের ব্যুস্থিত মদ্য ও এধিধ ব্যারা সংজ্ঞাহীন দেবগণের চিকিৎসা করতেন। সেই দিব্য ওর্ষধির নাম মৃতসঞ্জীবনী বিশ্বায়। যেখানে অমৃতমন্ধন

হয়েছিল সেই ক্ষীরোদ সাগরে চন্দ্র ও দ্রোগ নামে দৃই পর্বত(১) আছে, প্রননন্দন সেথান থেকে সেই প্রমৌষধি নিয়ে আস্কুন।

অমন সময় সহসা আকালে সবিদাং মেঘের উদয় হ'ল, সাগরে তরশা উঠল। পক্ষের আন্দোলনজনিত বায়াতে বৃক্ষসকল ভান হয়ে সম্ট্রে পড়তে লাগল। সপসকল চেত এবং জলজনতুগণ সমা্রজলে নিমান্দ হ'ল। মাহার্তমধ্যে জালনত পাবকের নাায় দীতিমান মহাবল বৈনতের গর্ড় আবিভূতি হলেন। তাঁকে দেখে রাম-লক্ষাণের পালর্গী সপস্পকল ভয়ে পালিয়ে গেল। গর্ড় অভিনন্দন ক'য়ে তাঁদের মা্থ মাছিয়ে দিলেন। তাঁর স্পর্শমান্ত রাম-লক্ষাণের কত দ্র হল, কান্তি বীর্ষ উৎসাহ বান্ধি ক্ষাতি ন্বিগণে হ'ল। গর্ড় তাঁদের উঠিয়ে আলিংগন করলেন।

রাম হৃষ্ট হয়ে গর্ভৃকে বললেন, আপনার প্রসাদে আমরা মহাবিপদ থেকে মৃত্ত হয়েছি এবং প্রবলও ফিরে পেরেছি। পিতা দলরম ও পিতামহ অজকে দেখলে বেমন হয় দেইর্প আপনাকে দেখে আমার হৃদর প্রসাম হছে। দিবামাল্যধর দিব্যাভরণভূষিত র্পবান আপনি কে? পিছিরাজ গর্ভৃ প্রতি হয়ে উত্তর দিলেন, কাকুংল্খ, আমি তোমার লখা গর্ড়। তুমি আমার বহিষ্চর প্রাণতৃলা, তোমাদের দৃজনকে সাহাব্য করবার জন্য এখানে এদেছি। ইল্রজিং মায়াবলে যে নাগবাণে তোমাদের পাশবন্ধ করেছিল, স্রাস্র কেউ তা থেকে মৃত্তি দিতে পারে না। এইসকল তীক্ষাদক্ত মহাবিষ নাগ রাক্ষদী মায়ার দরর্প ধারণ করেছিল। ভাগারুমে আমি তোমাদের বন্ধনের সংবাদ পেরেছিলাম তাই দাঁঘি এসে তোমাদের মৃত্তি দিরেছি। রাক্ষসরা ক্ট্রোন্থা, আর সবলতাই তোমাদের বল। রাক্ষসদের কথনও বিশ্বাস ক'রো না। রাম, ভূমি ধর্মজ্ঞা শত্তেও অনুগ্রহ কর। এখন অনুমতি দাও, আমি গেনেল করিব কোমার প্রতি আমার স্থাভাব কেন হ'ল তা জানতে বেতিত্তলী হলে লাবলে প্রতি আমার স্থাভাব কেন হ'ল তা জানতে

⁽১) উনবিলে সম্ভূতি ল ক্ষেত্ৰতে লাম্ববান-ক্ষিত কছাত প্ৰতেক অফ্ছেটি হিমালয়ের উত্তরে।

রামকে আলিজ্যন ও প্রদক্ষিণ ক'রে গর্ড প্রস্থান করলেন। রাম-লক্ষ্মণ নীরোগ হয়েছেন দেখে বানরসেনা নিদাঘান্তে মেঘধর্নির ন্যায় তুম্বল গর্জন ক'রে উঠল।

১२। श्याक-वक्षरभे-अकम्भन-श्रहण्ड-वर्ष

[मर्ग ७५-७४]

সেই গর্জন শন্নে রবেণ তাঁর সচিবদের বললেন, রাম-লক্ষাণ তীক্ষালরজালে বন্ধ হয়ে আছে, তবে বানররা আনন্দধনি করছে কেন? আমার শক্ষা হছে। রাবণের আদেশে কয়েকজন রাক্ষস প্রাকারের উপর থেকে নিরাক্ষণ করে বিষয়বদনে রাবণকে বললে, ইন্দ্রজিং যাঁদের নিশ্চেণ্ট করেছিলেন সেই রাম-লক্ষাণ এখন পাশম্ভ হয়েছেন। রাবণ বিবর্ণ-মন্থে চিন্তাকুল হয়ে বললেন, যে শরে ইন্দ্রজিং আমার শত্রদের প্রাণহরণ করেছিলেন তাও নিজ্জল হয়ে গেল! তার পর তিনি মহাজোধে ধ্যাক্ষকে আজ্ঞা দিলেন, তুমি প্রচুর সৈন্য নিয়ে রাম আর তার বানরদের বধ করতে যাও।

শ্লে মৃদ্গর গদা পটিশ ভিন্দিপাল (১) পরশ্ব প্রভৃতি নানা অদ্যধারী রাক্ষসসৈন্য নিয়ে ধ্যাক্ষ যুন্ধ্যাত্তা করলেন। তার রথশীর্ষে একটি ভয়ংকর গা্ধ দেখা গেল, বহাপ্রকার অশ্বভস্তক উৎপাতও হ'তে লাগল। রাক্ষসদের অদ্যপ্রহারে অনেক বানর নিহত হ'ল, বানররাও রাক্ষসদের মৃথ তীক্ষ্য নথ দিয়ে বিদীর্ণ করে দিলে। রাক্ষসরা লোগিত-গণ্ধে মৃছিত হয়ে ভূপতিত হ'ল। ধ্যাক্ষ বহা বানর বধ করছেন দেখে হন্মান তার প্রতি এক বিপাল শিলা নিক্ষেপ করলেন। ধ্যাক্ষ গদাহদেত রথ থেকে নেমে পড়লেন, শিলাঘাতে রথ চ্ব হ'ল। তার পর তিনি তার কণ্টক্মর গদা হন্মানের মৃত্তক লক্ষ্য ক'রে নিক্ষেপ

⁽১) ক্ষেপণীয় অদ্য বিলেষ ।

করলেন। হন্মান গদাপ্রহার গ্রাহ্য করলেন না, এক গিরিশ্থেগর আঘাতে ধ্যাক্ষের মস্তক চ্র্ণ ক'রে দিলেন। হতার্বশিষ্ট রাক্ষসরা গ্রুত হয়ে পালিয়ে গেল।

ধ্যাক্ষ নিহত হয়েছেন শ্নে রাবণ ক্রোধে ভূজণের ন্যায় নিঃশ্বাস ফেলে বছ্রদংশ্মকৈ য্তেধ যেতে আদেশ দিলেন। মারাবী বছ্রদংশ্ম বহ্ হৃতী উপ্ম পর এবং অস্ত্রধারী পদাতি সৈন্য নিয়ে লঞ্চ্বার দক্ষিণ শ্বারে অঞ্চাদের নিকট উপস্থিত হলেন। রাক্ষ্যগণ বানরদের শিলার প্রহারে ম্ছিত হ'তে লাগল। পাশহস্ত কৃতান্তের ন্যায় বছ্রদংশ্ম বিবিধ অস্ত্রের আঘাতে বানরসংহারে প্রবৃত্ত হলেন। অঞ্চাদ শোণিতান্তদেহে বছ্রদংশ্মের নিকটে এসে তাঁকে লক্ষ্য করে এক বৃক্ষ নিক্ষেপ করলেন। বছ্রদংশ্ম শরাঘাতে তা পশ্ভিত করলেন, অঞ্চাদ শিলাঘাতে প্রতিপক্ষের রখ চ্প্রিক্তে তা পশ্ভিত করলেন, অঞ্চাদ শিলাঘাতে প্রতিপক্ষের রখ চ্প্রক্রেন। তার পর তাঁরা কিছ্কোল ম্থিতিবৃশ্ধ করে পড়্গাবৃশ্ধ আরশ্ভ করলেন। পড়্গাঘাতে তাঁদের সর্বাঞ্চা ক্রতিবক্ষত হ'ল, তাঁরা ভূমিতে জান্ রেখে ব'সে পড়লেন। নিমেষের মধ্যে দশ্ভাহত সর্পের ন্যায় উব্যিত হয়ে অগ্ণদ তীক্ষ্য পড়্গোর আঘাতে শ্রের ম্পুড্ছেদ করলেন।

তার পর রাবণের আদেশে সর্বাদ্যবিশারদ অকল্পন বহু সৈন্য নিয়ে স্বর্ণভূষিত রখে বৃশ্ধ যাত্রা করলেন। রাক্ষস আর বানরের চরণোখিত পাটলবর্ণ ধ্লিতে সর্বাদিক অল্থকারাছ্ম হ'ল, ধ্রুজ পতাকা অল্ব কিছুই দেখা গোল না, বানর ও রাক্ষস সপক্ষকেই বধ করতে লাগল। রগস্থল ক্ষমণ মৃতদেহে আছ্মে এবং রক্তপাতে পন্ধিকল হয়ে উঠল, অবশেষে ধ্লিজাল অপস্ত হ'ল। তথন উভয় পক্ষ পরস্পরকে আক্রমণ করলে। বানররা অকল্পনের শ্রাঘাত সইতে না পেরে পালাতে লাগল। হন্মান এক শৈল উৎপাতিত ক'রে অকল্পনের নিক্ষে ধাবমান হলেন। অকল্পন অর্থচন্দ্র বালে সেই শৈল ধান্ডত করলেন। তথন হন্মান ক্রোন্দ্র বালে সেই শৈল ধান্ডত করলেন। তথন হন্মান ক্রোনে জ্যানশ্ন্য হয়ে এক বিশাল অল্বকর্ণ বৃক্ষ উৎপাতন ক'রে সবেগে ঘ্রিরের নিক্ষেপ করলেন। বৃক্ষের আঘাতে অকল্পনের মুক্তক চূর্ণ হয়ে গেল।

অকল্পনের নিধন শনে রাবণ বৃশ্ধবিশারদ প্রহস্তকে বললেন, লক্ষাপ্রী শত্রেশন্য আক্রান্ত হয়েছে, এই প্রবল বিপক্ষকে বিনষ্ট করবার ভার আমি, কুল্ডকর্ণ, তুমি, ইন্দ্রান্তং অথবা নিকুল্ড ভিন্ন আর কেউ নিতে পারে না। তুমি শান্তি সসৈন্যে গিয়ে বানরবাহিনী ধরংস কর। বৃশ্ধে মৃত্যুর আশক্ষা আছে বটে, কিন্তু তোমার জয়লাভে সন্দেহ নেই।

প্রহন্ত বললেন, মহারাজ, বিচক্ষণ মন্ত্রিগণ প্রেই এ বিষয়ে বিতর্ক করেছেন। সীতাকে প্রতার্পণ করাই শ্রেয়, না করলে যুন্ধ অনিবার্ধ — এ আমরা প্রেই দ্পির করেছি। আপনার কাছে আমি সর্বদা দান ও সম্মান পেরোছ, আপনার হিতকার্য অবশ্যই করব। আমি নিজের জীবন স্থাপিতে বা ধন কামনা করি না। যুন্ধ ধখন উপস্থিত হয়েছে তখন আপনার জন্য আমি প্রাণ দিতে প্রস্তুত।

প্রহণত বিপ্লে সৈন্য নিয়ে যাত্রা করলেন। রাম তাঁকে দেখে স্মিতমাথে বিভীষণকে জিজ্ঞাসা করলেন, বহু সৈন্য নিয়ে যে মহাবীর দ্রতগতিতে আসছেন উনি কে? বিভীষণ উত্তর দিলেন, ইনি বীর্ষবান
অদ্যবিশারদ সেনাপতি প্রহণত, লংকার রাবণের যত সৈন্য আছে তার
একত্তীরাংশ এর সংখ্যে আসছে।

রাক্ষসরা বিবিধ অন্য এবং বানররা বৃক্ষ ও শিলা নিয়ে বৃন্ধ করতে লাগল। প্রহন্তের সংশ্য তার চার সচিব ছিলেন, তাদের শরাঘাতে বহ্ বানর হত হল। ন্বিবিদ দুর্ম ব্ধ জান্ববান ও তার বৃক্ষ ও শিলার প্রহারে সেই সচিবদের বধ করলেন। প্রহন্ত জ্বন্ধ হয়ে বানর সংহার করতে লাগলেন। রগভূমি রক্তবর্ণ হল, যেন বৈশাধ মাসে পর্নিপত পলাশ তর্তে আচ্ছয় হয়েছে। নিহত সেনার শোণিত মেদ ষকৃৎ শলীহা অন্য দেহ মন্তক প্রভৃতি মিলিত হয়ে যে বমসাগরগামিনী (১) নদী উৎপল্ল হ'ল কাপ্রেষের পক্ষে তা পার হওয়া দ্বংসাধ্য।

নীল ও প্রহম্প পরম্পরকে আক্তমণ করলেন। প্রহম্পের শরজালে নীল বিষ্ণ হলেন, নীলের বৃক্তপ্রহারে প্রহম্পের অধ্বসকল বিন্দট হ'ল।

⁽১) যুভুার্প সাগরের অভিম্বে বার গতি।

প্রহস্ত ম্যলহস্তে রথ থেকে নেমে পড়লেন, তার পর সিংহ-শার্দ লের ন্যায় তারা দদত দ্বারা পরস্পরকে দংশন করতে লাগলেন। অবশেষে প্রহস্ত নীলের ললাটে ম্যলাঘাত করলেন, নীল শোণিতান্তদেহে এক বৃহৎ শিলা তুলে নিয়ে বিপক্ষের মুস্তক চূর্ণ করলেন। রাক্ষসসেনা নির্দাম ও বিবশ হয়ে লঙ্কাপ্রীতে পালিয়ে গেল।

১०। बारत्व याय

[সর্গ ৫১]

প্রহাস্তর মৃত্যু শানে রাবণ বললেন, এই শানুকে অবজ্ঞা করা চলবে না, আমি স্বশ্নং গিয়ে তাদের বিনষ্ট করব।

বিপলে সৈন্য নিয়ে রাবণ যাল্থবাত্তা করলেন, তাঁর সন্ধ্যে ইন্দ্রজিৎ
অতিকায় মহোদর কুম্ভ নিকুম্ভ নরান্তক প্রভৃতি রাক্ষসবীরগণও
চললেন। রাবণ অন্যান্য মহাবল রাক্ষসদের বললেন, তোমরা লম্কায়
পরেম্বারে রাজপথে এবং তোরণসংলগন প্রাসাদে নিঃলম্ক হয়ে অবস্থান
কর, সকলেই আমার সপ্যে থাকলে বানররা ছিদ্র পেয়ে প্রেমীতে প্রবেশ
করবে। সচিবগণ পরেমী রক্ষার জন্য চলে গেলে রাবণ বানরসৈনার
মধ্যে প্রবেশ করলেন।

রাবণকে লক্ষ্য ক'রে স্থানি বহু বৃক্ষ সমেত এক গিরিল্পা নিকেপ করলেন। রাবণ শরাঘাতে সেই গিরিল্পা থান্ডত করলেন এবং অলান-তুলা জনলন্ড বাণে স্থানৈর দেহ ডেদ করলেন। স্থানিকে অচেতন ও ধরাশারী দেখে স্বেণ নল গবর গবাক প্রভৃতি শৈল নিয়ে রাবণকে আক্রমণ করতে গোলেন, কিন্তু রাক্ষসপতির তীক্ষ্য শরে তারা আহত ও বিতাড়িত হলেন। তথন লক্ষ্যণ যুন্থে অবতীর্ণ হবার জনা রামের অনুমতি চাইলেন। রাম তাঁকে আলিপ্যন ক'রে বললেন, রাবণের পরাক্রম আন্চর্য, তুমি তার ছিদ্র লক্ষ্য ক'রে যুন্থ ক'রো এবং চক্ষ্য ও ধন্ ন্বারা আত্মরক্ষার অবহিত থেকো। রাবণের শরবর্ষণে বহু বানর বিনষ্ট হচ্ছে দেখে হনুমান তাঁর রথের কাছে গিয়ে বললেন, তুমি দেব দানব গণ্ধর্ব যক্ষ রাক্ষসের অবধ্য, কিন্তু বানরের কাছে তোমার ভর আছে। আমি এই পণ্ডাণগ্র্লিয়ন্ত দক্ষিণ হন্ত উদ্যত করছি; এর শ্বারাই তোমার দেহ থেকে প্রাণ বার ক'রে নেব। আমি তোমার পত্র অক্ষকে বধ করেছি তা স্মরণ কর। এই কথা শ্বেন রাবণ হনুমানের বক্ষে চপেটাঘাত করলেন। প্রহারবেগে হনুমান অস্থির হলেন, তার পর প্রকৃতিস্থ হয়ে সক্রোধে রাবণকে চপেটাঘাত করলেন। ভূমিকশ্পে পর্বতের ন্যায় বিচলিত হয়ে দশানন বললেন, সাধ্ব সাধ্ব, বানর, ভূমি আমার শ্লাঘনীয় প্রতিশ্বন্ধী।

হন্মান বললেন, রাবণ, তুমি এখনও জীবিত আছ, আমার বীর্ষকে ধিক! নিৰ্বোধ, এখন গৰ্ব ত্যাগ ক'রে আমাকে প্রহার ক'রে দেখ, তার পর আমার মুন্তি তোমাকে যমালয়ে পাঠাবে। রাবণ ক্রোধে অধীর হয়ে হন্মানের বিশাল বক্ষে বেগে মুন্টিপ্রহার করলেন। হন্মানকে বিহ**্ল** দেখে রাবণ নীলের কাছে গিয়ে তাঁর সন্গে যুস্ধ করতে লাগ**লেন**, এমন সময় হন্মান সুস্থ হয়ে রাবণকে বললেন, তুমি অন্যের সংখ্য ঘৃষ্ণ করছ, অতএব এখন আমি আক্তমণ করব না। নীল তখন 🖦 पুর দেহ ধারণ ক'রে রাব্ণের ধরজশীর্ষে, ধনুর অতাে ও কিরীটের উপর বিচরণ করতে লাগলেন। রাবণ ক্রুম্ধ হয়ে তাঁর প্রতি অণ্নিবাণ নিক্ষেপ করলেন। নীল জানুতে ভর দিয়ে ভূতলে অচেতন হয়ে পড়লেন। তথন রাবণ লক্ষ্মণের দিকে অগ্রসর হলেন এবং উভয়ে স্পর্ধাবাক্য ব'লে পরস্পরের প্রতি শরক্ষেপণ করতে লাগলেন। অবশেষে রাবণ স্বয়স্ভূপ্রদত্ত অনলসংকাশ ভয়ংকর শক্তি অদ্য নিক্ষেপ করলেন। লক্ষ্যণ মধ্যপথে বাণ ম্বারা প্রতিহত করলেন, তথাপি সেই অদ্য তাঁর বক্ষে পাঁতত হ'ল, তিনি বিহ্বল হয়ে ভূমিতে পড়ে গেলেন। রাবণ তাঁকে ভুজম্বয়ে বেন্টন করে ধরে তুলতে গেলেন, কিন্তু পারলেন না, কারণ সেই সময়ে লক্ষ্মণ স্মরণ করলেন যে তিনি বিস্কৃর অংশ।

তথন হন্মান দ্রতবেগে গিয়ে রাবণের বক্ষে বক্তের ন্যায় ম্বিট প্রহার করকেন। রাবণ ম্বিতদেহে সংজ্ঞাহীন হয়ে পড়ে গেলেন, তার মুখ চক্ষ্ ও কর্ণ দিয়ে রক্তপ্রাব হ'তে লাগল। হন্মান লক্ষ্যণকৈ দুই হস্তে তুলে রামের কাছে নিয়ে গেলেন, শক্তি অশ্বও লক্ষ্যণকৈ ত্যাগ ক'রে রাবদের রুখে যথাস্থানে ফিরে গেল। ক্রমশ রাবণ সংজ্ঞালাভ করলেন, লক্ষ্যণও স্ক্রে হলেন।

রাবণ পন্ধর্বির শরবর্ষণে বানরসৈন্য বধ করছেন দেখে রাম শ্বরং তাঁর সন্ধ্যে বৃদ্ধ করতে ইচ্ছা করজেন। হন্মান বললেন, গর্ডের প্রেঠ বিষ্ট্র ন্যার তুমি আমার প্রেঠ আরোহণ করে রাবণকে শাসন কর। রাম হন্মানের প্রেঠ উঠে ধন্তে বক্লুতুলা টংকার দিয়ে রাবণকে বললেন, রাক্ষসরাজ, থাম, থাম, আমার অনিশ্ট করে কোথার গিয়ে রক্ষা পাবে? ইন্দ্র যম ভাষ্কর শ্রহ্ভু বৈশ্বানর শংক্ষা যাঁর কাছেই যাও তোমার নিস্তার নেই। তুমি লক্ষ্মণকে শক্তির আঘাতে পাঁড়িত করেছ, আমার শরে তুমি পতে পোঁত সহ সমরে বিনন্ট হবে।

হন্মানের ম্থিপ্রহার স্মরণ করে রাবণ তাঁকে অণ্নিশিষাতুল্য শরে বিশ্ব করলেন। রাম ক্রুম্ব হয়ে রাবদের রম্ব অন্ব সার্রাধ্ব শ্লে ও শুড়্গ ছেদন করে তাঁর বক্ষে শরাঘাত করলেন। রাবণ মোহগ্রস্ত হলেন, তাঁর হাত থেকে ধন্ প'ড়ে গেল। রাম তখন অর্ধচন্দ্র বালে তাঁর উল্জ্বল কিরীট ছেদন করে বললেন,

> কৃতং ছরা কর্ম নহং স্ভীনং হতপ্রবীরণ্ট কৃতস্থ্রাহম্। তঙ্গাং পরিপ্রাণ্ট ইতি বাবস্য ন ছাং শরৈম্ভাবশং নরামি॥ প্রবাহি জানামি রণাদি তঙ্গং প্রবিশ্য রাগ্রিম্বরাজ লঞ্চাম্। আশ্বন্ধ নির্বাহি রখী সধন্বী তদা বলং প্রেক্ষ্যাস মে রখন্ধঃ॥ (৫৯।১৪০-১৪১)

— তুমি ভীষণ যুন্ধ করেছ, আমার অনেক বীর যোন্ধা তোমার হস্তে হত হয়েছে। তুমি পরিপ্রান্ত এই বিবেচনা করে আমি তোমাকে শরাঘাতে বধ করলাম না। নিশাচররাজ, প্রস্থান কর। আমি জানি তুমি রণক্লান্ত। লম্কার গিরে বিপ্রাম কর। পরে ধন্ধরিদের সপ্সে রথারোহণে ফিরে এসে আমার বল দেখো।

১৪। कृष्टकर्पात निप्रार्कण

[नग ७०]

কাঞ্চনময় সিংহাসনে উপবিষ্ট হয়ে রাবণ সভাস্থ্গণ**কে বললেন**, আমি বৃথা তপস্যা করেছিলাম, মহেন্দ্রের সমান হয়েও আমি মনুষ্যহক্তে নিজিত হয়েছি। ব্রহ্মা আমাকে এই ঘোর বাকা বলেছিলেন — কেবল মানুষের কাছেই ভোমার ভয়। দেব-দানব-গণ্ধর্বাদির হস্তে আমার মৃত্যু হবে না এই বরই ভামি চেয়েছিলাম। এই দশরথপত্র রামই বোধ হয় সেই মান্য যে আলকে বধ করবে। প্রকালে ইক্ষাকুবংশীর অনরণা (১) আমাকে অভিশাপ দিয়েছিলেন — রাক্ষসাধ্য, আমার বংশে একজন জম্মগ্রহণ করবেন যার হস্তে তোমার সবংশে নিধন হবে। আমি বেদবতী (১) কে ধর্ষণ করেছিলাম, তিনি আমাকে অভিশাপ দিয়েছিলেন। তিনিই বোধ হয় জনকর্নান্দনী রূপে জন্মেছেন। উমা, নন্দীন্বর, রম্ভা, বর্ণকন্যা প্রিঞ্জকপ্রাল, এ'রাও আমাকে শাপ দিয়েছিলেন। ঋষিরা যা বলেছিলেন তা মিখ্যা হবে না। রাক্ষসগণ, তোমরা এই বিপদবারণের জন্য ষত্রবান হও। দেবদানবের দপহারী মহাবল কুম্ভকর্ণ ব্রহ্মার শাপে নিদ্রিত আছেন, তাঁকে জাগরিত কর। তিনি কামাবিষ্ট ও নিশ্চিন্ত হরে বহু মাস নিদ্রায় বাপন করছেন। এই বিপদে বদি আমাকে সাহাষ্য না করেন তবে তাঁর ইন্দুতুল্য বিক্রমে আমার কি লাভ হবে?

রাবণের আদেশ পেরে রাক্ষসরা গন্ধদ্রব্য মাল্য ও উন্তম ভোজ্য নিয়ে কুল্ভকর্ণের আবাসগৃহায় গেল। এই রমণীয় গৃহা চতুর্দিকে এক যোজন বিস্তৃত এবং প্রুপগন্থে আমোদিত। রাক্ষসরা কুল্ভকর্ণের নিঃশ্বাসে নিক্ষিশ্ত হ'তে হ'তে অতি কন্টে নিকটম্প হয়ে দেখলে, তিনি বিস্তৃত পর্বতের ন্যায় শৃরয়ে আছেন, তাঁর লোম উধের্নাখিত, নাসপেটে

⁽১) উত্তরকাশ্তে পঞ্চম পরিক্ছেদে এ'দের কথা আছে।

ভীষণ, মৃথগহার পাতালের ন্যায়, সর্বাদেশ মেদ ও র্বিরের গন্ধ। তাঁর নিদ্রাভণ্গের জন্য রাক্ষসরা রাশি রাশি মৃগ-মহিষ-বরাহ-মাংস এবং শোণিতপূর্ণ কলস এনে সম্মুখে রাখলে, দেহে চন্দন লেপন করে স্গন্ধ মাল্য পরিয়ে দিলে, এবং বাহ্বাস্ফোট ও তুম্বল চিংকার করতে লাগল। কেউ কেউ মৃদ্গর ম্যুল প্রস্তর গদা ও মৃদ্দি বারা তাঁর বক্ষে আঘাত করতে গেল, কিন্তু তাঁর নিঃম্বাসবায়র তাড়নে সম্মুখে দাঁড়াতে পারল না। তারা অন্ব উত্থা গর্দাভ ও হস্তী এনে অন্কুশাঘাতে কুল্ভকর্ণের দেহের উপর চালিত করলে, প্রচন্ড রবে ভেরী শুল্খ মৃদ্দ্র বাজাতে লাগল, এবং প্রাণপণে মৃদ্গরাদি দিয়ে তাঁকে আঘাত করতে লাগল। কেউ তাঁর কর্ণ দংলন করলে, কেউ ক্র্যুরেম্ব শতকুল্ভ জল ঢাললে, কেউ শতহাী ন্বারা প্রহার করতে লাগল, কিন্তু কুল্ভকর্ণের নিদ্রাভণ্গ হ'ল না। তার পর তাঁর দেহের উপর সহস্র হস্তী ধাবিত করানো হ'ল, সেই স্ব্যুস্পর্শে তিনি জাগারিত হলেন এবং ক্ষ্যার্ত হয়ে মৃথ্যাদান করলেন।

প্রচুর মাংস থেয়ে এবং শোণিত ও মদ্য পান ক'রে তৃশ্ত হয়ে কুশ্তকর্ণ বললেন, তোমরা কেন আমাকে জাগিয়েছ? রাজার কুশল তো? কোনও ভয় উপস্থিত হয়েছে? তখন সচিব য়্পাক্ষ য়্য়করে সমস্ত ঘটনা বিবৃত করলেন। কুশ্তকর্ণ বললেন, আমি আরুই রাম-লক্ষ্মণকে সসৈনো বধ ক'রে তাদের রক্তমাংস খাব তার পর রাবণের সন্পো দেখা করব। সচিব মহোদর বললেন, তুমি আগে রাবণের বন্ধব্য শোন, তার পর ষ্থা-কর্তব্য করবে।

কুম্ভকর্ণ শধ্যা ত্যাগ করে মুখ প্রকালন ও স্নান করলেন এবং দুই সহস্র কলস মদ্য পান করে ঈষং মত্ত হয়ে রাবণের কাছে যাত্রা করলেন।

১৫। कुण्ठकर्पवर

[সর্গ ৬১-৬৭]

রাম বিভীষণকে জিজ্ঞাসা করলেন, ওই পর্বতাকার বীর ষাঁকে দেখে বানররা ভয়ে পালাচ্ছে, উনি কে? বিভীষণ বললেন, ইনি বিশ্রবার প্র রাবণের প্রাতা কুম্ভকর্ণ। জন্মগ্রহণ করেই ইনি ক্ষ্ধার্ত হয়ে সহস্র
প্রজা খেয়ে ফেলেছিলেন, সেজনা ইন্দ্র এ'কে বজ্রাঘাত করেন। তখন
রহ্মা কুম্ভকর্ণের কাছে গিয়ে তাঁকে দেখে ভয় পেয়ে বললেন, নিশ্চয়
লোকবিনাশের জনাই তুমি জন্মেছ, তুমি আল খেকে মৃতকর্ণ হয়ে শ্রে
থাকবে। এই অভিশাপ শ্রেন রাবণ বললেন, প্রভু, যে কাঞ্চনবৃক্ষ বৃদ্ধি
পাছে তাকে ফলোংপত্রিকালে কেন ছেদন করছেন? ইনি আপনার
পোর, এ'কে এমন শাপ দেওয়া আপনার অন্যায়। তখন রহ্মা বললেন,
কুম্ভকর্ণ ছ মাস নিদ্রিত থেকে এক দিন জাগবেন এবং সেই দিনে
বৃত্কিত হয়ে লোকভক্ষণ করবেন। রাম, তোমার পরাক্রমে ভীত হয়ে
রাবণ কুম্ভকর্ণকৈ জাগিয়েছেন। এ'কে বাধা দেওয়া বানরদের সাধ্য নয়।
তুমি সকলকে বল যে এই মৃতি রাক্ষস নয়, একটা যক্ষ্য, তাতে বানরয়া
নিভার হবে। রামের আদেশে নীল এই কথা প্রচারিত করলেন।

কুম্ভকর্ণ রাবণের কাছে এসে প্রণাম করলে রাবণ তাঁকে লব্দার বিপদের কথা জানালেন। কুম্ভকর্ণ হাসা করে বললেন, পর্বে মন্দ্রণা-কালেই আমরা এই বিপদের আশব্দা করেছিলাম, কিন্তু তুমি হিতবাকা গ্রাহ্য কর নি, বলগবেণ পরিণাম না ভেবে সপেকর্ম করেছ। রাজার উচিত, অর্থাতত্ত্বজ্ঞ বৃষ্ণিজ্ঞবিশী সচিবদের পরামর্শ নিয়ে এমন কার্যের অনুষ্ঠান করা যার পরিণাম হিতকর। বে রাজা শহুকে অবজ্ঞা করে আত্মরক্ষার ব্যবস্থা করেন না, তাঁর অনর্থা ঘটে। মন্দোদবী ও বিভীষণ পর্বে যা বলেছিলেন তদন্সারে চললে আমাদের মধ্যল হ'ত।

রাবণ দ্রকৃটি করে বললেন, আমি তোমার মাননীয় গ্রেজন, আমাকে কি উপদেশ দিচ্ছ? দ্রম মোহ বলগর্ব — যে কারণেই হ'ক, প্রের্বি যা অস্বীকার করেছি এখন তার প্রনর্ত্তি বৃথা। যদি তোমার দ্রাত্তিন্দর আর বিক্রম থাকে তবে আমার উপস্থিত বিপদ নিবারণ কর। অগ্রজকে ক্ষুম্ব দেখে কুল্ভকর্ণ সাল্যনা দিয়ে বললেন, রাজা, রোষ ত্যাগ কর, যে তোমার দ্রংথের কারণ তাকে আমি অবশ্যই বিন্দুট করব। রাম

লক্ষ্মণ স্ত্ৰীৰ এবং সেই লক্ষ্মানহক হন্মান স্কলেই আমার হাতে নিহত হৰে। আমি একাকীই সমস্ত শুচু ধ্বসে করব।

মন্দ্রী মহোদর বললেন, কৃষ্ণকর্ণ, তুমি সংকৃলে জাত, কিন্তু অহংকৃত ও ন্ধ্লব্দি, সকল ক্ষেত্রে কর্তব্য ন্ধির করতে পার না। আমাদের রাজা কার্যাকার্য বিলক্ষণ বোঝেন। তুমি বাল্যকাল থেকেই অধিক কথা বলতে ভালবাস। তুমি কোন্ সাহসে রামের ন্যায় অপ্রতিম্বন্দ্রী বোষ্ণার সহিত একাকী বৃষ্ধ করতে চাও? তার পর মহোদর রাবণকে বললেন, মহারাজ, আপনার উচিত সাত্যকে লাম্ম বদ্দে আনা, তার উপায় বলছি শ্নান্। আমি এবং আর চার জন বার বৃষ্ধ করতে যাব। যদি রামকে জয় করতে পারি ভালই, বদি না পারি তবে রামনামান্দিত লরে আহত হয়ে রক্তান্তদেহে ফিরে এসে বলব যে আমর্য রাম-লক্ষ্মণকৈ ভক্ষণ করে এসেছি। আপনি এই কথা লক্ষ্যের প্রচারিত করবেন এবং যেন প্রতিহয়ে ভৃতাগণকে প্রক্রের দেবেন, নিজেও মদাপান করবেন। তার পর আশোকবনে সাত্যর কাছে গিয়ে রামের মৃত্যুসংবাদ জানাবেন এবং সাম্বনা দিয়ে বহা ধনরত্বের লোভ দেখাবেন। এই উপায়ে তিনি নিম্চয় আপনার বশে আস্বেন।

কুল্ভকর্ণ বললেন, মহোদর, বে রাজা অক্ষম ও নির্বোধ তাঁর কাছেই তোমার কথা রুচিকর হবে। তোমাদের ন্যায় ষ্পেবিম্থ কাপ্রেষরা রাজার সকল কার্য পণ্ড করে। লল্কার বহা সৈন্য বিনন্ট হয়েছে, রাজ্জ কোষ ক্ষীণ হয়েছে, তোমরা রাজাকে আগ্রয় করে মিগ্রপে তাঁর শগ্রতা করছ। তোমাদের এই দ্নীতির অবসান করতে আমি আজই যুদ্ধে গিয়ে শগ্রু জয় করব।

রাবণ সহাস্যে বললেন, মহোদর নিশ্চর রামের বিক্রম শন্নে সন্দ্রত হয়েছেন সেজনা ব্রুম্ম এ'র রুচিকর নয়। কুল্ডকর্ণ, তোমার তুলা সহ্দ এবং বলবান সহায় আমার কেউ নেই। রাক্ষসদের বিপদ উপস্থিত হয়েছে এই কারণেই তোমাকে জার্গারত করেছি। এখন তুমি পাশহস্ত কৃতান্তের ন্যায় রণক্ষেত্রে যাও এবং দুই রাজপ্ত ও কানরগণকে ভক্ষণ করে এস। কান্তন্ত্বিত তীক্ষা লোহন্ত্র নিয়ে কুল্ডকর্ণ ব্লের জনা প্রস্তৃত হলেন। তিনি এককৌ বেতে চাইলেন, কিন্তু রাবণ তাকে সৈন্যপরিবৃত্ত হরে বেতে বললেন এবং ন্বরং তাকে মণিমর হার অপাদ অপান্ত্রীর প্রভৃতি আভরণে সন্জিত করে দিলেন। রাবণকে প্রণাম ও প্রদক্ষিণ করে শৃত্যদ্বন্দ্রভিষ্কনিতে সমাদৃত হয়ে কুল্ডকর্ণ ব্লেষাতা করলেন, তার সৈন্যদল হস্তী অন্ব রথ সর্প উদ্ম ধর সিংহ মৃগ ও পক্ষীতে আরোহণ করে চলল। তিনি তার অন্কর্দের সহাস্যে বললেন, আণ্ন বেমন পত্রণ দশ্য করে সেইর্প আমি আজ বানরদের দশ্য করব। কিন্তু বনচর বানরদের অপরাধ কি, তারা আমাদের উদ্যানের অলংকার ন্বর্প। রাম-লক্ষ্মণই লঞ্কা অব্রোধের ম্ল, তাদের ব্য করলে সকলেই বিন্দ্র্ট

সম্দ্র প্রতিধানিত ও পর্বাত কম্পিত ক'রে কুম্ভকর্ণ বন্ধানিবোরত্বা মহানিনাদ কর্মেন। বানররা ভয়ে পালাছে দেখে অপ্যদ বললেন, তোমরা নিজের বীর্ষ ও আভিজ্ঞাত্য বিস্মৃত হয়ে কোথায় থাবিত হছে? এই বিভীষিকাকে আমরা বধ করব। বানররা কিঞ্চিং আম্বস্ত হয়ে যুম্ধাক্ষেত্র থিরে এল। বৃক্ষ ও শিলার আঘাত অগ্রাহা ক'রে কুম্ভকর্ণ বানরসেনা মধন করতে লাগলেন। হন্মান এক প্রকাণ্ড পর্যাত দিয়ে কুম্ভকর্ণকৈ প্রহার করলেন, কুম্ভকর্ণও স্থলের আঘাতে হন্মানের বক্ষ বিদার্গ করলেন। হন্মান বিহন্দ হয়ে রম্ভবমন ও প্রলয়মেঘের ন্যায় গর্জন করতে লাগলেন। তখন নীল শরভ গবাক্ষ অপ্যদ প্রভৃতি বানরবারগণ কুম্ভকর্ণের স্থেগ যুম্ধ করতে এলেন, কিন্তু তারাও নিজিতি হলেন।

স্থাবি কুম্ভকর্ণকৈ বললেন, তুমি অনেক বারকে নিপ্যাতিত করে এবং বহু বানর ভক্ষণ করে পরম যশ লাভ করেছ, এখন এই পর্বতের প্রার সহ্য কর। স্থাবি কর্তৃক নিক্ষিণত পর্বত কুম্ভকর্ণের বক্ষে চ্র্প হয়ে গেল। কুম্ভকর্ণ শ্লহদেত স্থাবিকে বধ করতে এলেন, কিম্তু হন্মান লম্ফ দিয়ে শ্লে ধরে ভেঙে ফেললেন। তখন কুম্ভকর্ণ গিরি-

শ্রেণার আঘাতে স্থাবিকে সংজ্ঞাহীন ক'রে তাঁকে লন্কার ধ'রে নিয়ে চললেন। প্রবাদিগণ মহানন্দে প্রুপ ও লাজ বর্ষণ করতে লাগল। লাজগন্ধে এবং রাজপথের শীতল বায়্র স্পর্শে স্থাবি ক্রমণ চৈতন্যলাভ করলেন এবং সহসা নথ ও দল্ড শ্বারা কুল্ভকর্ণের নাসাকর্ণ ছেদন ক'রে পদপ্রহারে পার্শ্বন্ধ বিদীর্ণ ক'রে দিলেন। রক্তান্ত কুল্ভকর্ণের হাত থেকে মুক্তি পেয়ে তিনি কন্দ্বত্বা বেগে রামের কাছে চলে এলেন।

কুম্ভকর্ণ এক ভীষণ মুদ্গর নিয়ে আবার যুম্পপানে গোলেন।
লক্ষ্মণ তাঁকে শরাঘাত করতে লাগলেন। কুম্ভকর্ণ বললেন, সৌমিতি,
আমি যুক্ষে যমরাজকেও পরাস্ত করেছি, তুমি যে নির্ভরে আমার
সম্মুখীন হয়েছ এতেই তোমার বীরত্ব প্রতিষ্ঠিত হয়েছে। তুমি বালক,
তোমার পরাজম দেখে আমি তুল্ট হয়েছি, এখন অনুমতি দাও আমি
রামের কাছে যাব। লক্ষ্মণের বাধা অতিক্রম করে কুম্ভকর্ণ অগ্রসর
হলেন। রাম তাঁর বক্ষ তীক্ষা রুদ্রবাণে বিম্প করলেন। কুম্ভকর্ণের গদা
হস্তচ্যুত হল, তিনি শরাঘাতে ক্ষতবিক্ষত ও শোণিতগর্ণেধ জ্ঞানশ্না
হয়ে নির্বিচারে বানর রাক্ষস ভল্লন্ক ভক্ষণ করতে লাগলেন। লক্ষ্মণের
আদেশে বানরগণ কুম্ভকর্ণের দেহের উপর উঠে বসল, কুম্ভকর্ণ তাদের
ফেলে দেবার জন্য দৃষ্ট হস্তীর ন্যায় দেহ ক্ষিপ্ত করতে লাগলেন।
রামকে সম্মুখে দেখে তিনি বললেন, আমি বিরাধ নই, মারীচ খর কবন্ধ
বা বালীও নই, আমি স্বয়ং কুম্ভকর্ণ। আমি এখন নাসাকর্ণহীন,
তথাপি অবজ্ঞেয় নই, আমার বিরুষ দেখ।

যেসকল শরে রাম সম্তশালভেদ এবং বালিবধ করেছিলেন তার আঘাতে কুম্ভকর্ণ বিচলিত হলেন না। তথন রাম বায়ব্য অদ্যে কুম্ভকর্ণের গদা ও বারা বিচিত্র করলেন। কুম্ভকর্ণ অপর হস্তে তালবাক্ষ উৎপাটন করে ধাবমান হলেন, রাম ঐশ্যাস্কে সেই হস্ত এবং অর্ধচন্দ্র বাণে পদম্বয় ছেদন করলেন।

> নিকৃত্তবাহ্মবি নিকৃত্তপাদো বিদাৰ্য বস্তাঃ বড়বামন্থাভম্।

দ্দ্রবে রামং সহসাভিগর্জন্ রাহ্মথা চন্দ্রমিবান্তরীক্ষে॥ (৬৭।১৬২) অথাদদে স্ম্মরীচিকল্পং স রহ্মদাভান্তককালকল্পম্। অরিন্টমৈন্দ্রং নিশিতং স্প্রথং রামঃ শরং মার্তভুল্যবেগম্॥ (৬৭।১৬৪) স তন্মহাপর্বতক্টসাল্লভং স্বৃত্তদংশ্রং চলচার্কুভলম্। চকত রক্ষোধিপতেঃ শির্দ্তদা বধৈব ব্রুস্য প্রো প্রেন্দরঃ॥ (৬৭।১৬৭)

— রাহ্ যেমন আকাশে চন্দ্রের অভিমন্থে যায় সেইর্প কুল্ভকণ ছিলবাহ্ব ছিলপদ হয়ে বড়বার ন্যায় ম্খব্যাদান করে সগর্জনে রামের প্রতি
ধাবমান হলেন। তখন রাম স্তীক্ষা স্পৃত্থ বায়্বেগগামী মৃত্যাচহকর্পে ঐন্দ্র শর যোগ করলেন। এই শর স্যাকিরণতুল্য উন্জ্বল,
বহাদাভ ও কালাল্ডক ব্যের ন্যায় ভীষণ। প্রাকালে প্রশার যেমন
ব্রাস্বের শিরশ্ছেদন করেছিলেন, সেইর্প রাম রাক্ষ্যপ্রেণ্ঠ কুল্ভকর্ণের
বৃহৎ দখন ও চণ্ডল কুভল সমন্বিত পর্বতিচ্ডাকার মন্ডক ছেদন
করলেন।

কুল্ডকর্ণের প্রকাত দেহ সমন্ত্রে পতিত হ'ল এবং কুল্ডীর মংস্য ভূজাপা প্রভৃতি জলচর প্রাণী মর্দন ক'রে তলপ্রবিদ্ট হ'ল।

১৬। नदाण्डक-रमवाण्डक-यरहामद्र-दिनिदा-महाभार्य-वर्

[সগ ৬৮—৭০]

কুল্ডকর্ণের মৃত্যুসংবাদে রাবণ লোকে হতজ্ঞান হলেন। দেবাল্ডক, নরাল্ডক, ত্রিলিরা ও অডিকায়(১) পিতৃবোর জন্য রোদন করতে লাগলেন। মহোদর ও মহাপার্লে(২) দ্রাতার মৃত্যুতে শোকাক্রাল্ড

⁽১) এই চার জন রাবদের প্র। (২) 'তিলক'-টীকাকার বলেন, এই দ্জন রাবদের বৈমায় প্রাতা। এ'দের অপর নাম উন্মন্ত ও মন্ত।

হলেন। সংজ্ঞালাভ করে রাবণ বিলাপ করতে লাগলেন — হা শত্রদর্পহারী মহাবল কুল্ভকর্ণ, তুমি আমার শল্য উন্ধার না করেই ধমসদনে
গেলে! এখন দেবগণ তোমাকে নিহত দেখে হৃষ্ট হবে, বানরসৈন্য
লক্ষাপ্রীতে প্রবেশ করবে। কুল্ভকর্ণবিহীন রাজ্যে আর জীবনে
আমার কি প্রয়োজন, সীতাকে নিয়েই বা কি করব? আমি অজ্ঞানবশে
বিভীষণের হিতবাক্য অগ্রাহ্য করেছিলাম, এখন তারই ফল আমাকে
দার্ণ লক্ষা দিচ্ছে।

তিশিরা প্রবোধ দিয়ে বললেন, মহারাজ, আপনার ন্যায় বাঁরের এর্প বিলাপ করা অনুচিত। গরুড় বেমন সর্পনাশ করেন সেইর্প আমি আপনার শত্ত্বকে ষ্থে নিপাতিত করব। তিশিরার বাক্য শ্লেন দেবাতক নরাত্তক ও অতিকায় ষ্থের জন্য উৎস্ক হলেন। রাবণ তাঁদের সন্দেহে আলিকান করে ষাত্রার অনুমতি দিলেন এবং মহোদর ও মহা-পার্শবকে সপো যেতে বললেন। তথন বহু সৈন্য নিয়ে সকলে যুক্ষ্যাত্রা করলেন।

রাক্ষসগণ বিবিধ অন্ত নিয়ে এবং বানরগণ বৃক্ষ শিলা নিয়ে যুশ্ধে প্রবৃত্ত হ'ল। নরান্তক বায়ুগতি অন্বে আরোহণ ক'রে শুরুসৈনামধ্যে প্রবেশ করলেন এবং প্রাসের আঘাতে বানরগণকে বিধানত করতে লাগলেন। মহানীর অঞ্সদ তাঁকে বললেন, তুমি সামান্য বানরের সঞ্জে যুন্ধ করছ কেন, তোমার বন্ধুতুলা প্রাস আমার বক্ষে নিক্ষেপ কর। নরান্তকের প্রাস অভ্যাদের বক্ষে চ্র্ণিত হয়ে গেল। অঞ্যদ চপেটাঘাতে অন্ব বিন্দু করে মুঞ্জিপ্রহারে নরান্তক্কে ব্য করলেন।

তথন দেবাশ্তক তিশিরা ও মহোদর অশাদকে আক্রমণ করসেন।
অশাদ মহোদরের হস্তাকৈ চপেটাঘাতে বধ করে তার দশ্ত উৎপাটিত
করলেন এবং সেই দশ্ত শ্বারা দেবাশ্তককে প্রহার করলেন। দেবাশ্তক
রক্তান্ত হয়ে অশাদের প্রতি পরিষ নিক্ষেপ করলেন। অশাদের বিপদ দেখে
হন্মান লম্ফ দিয়ে দেবাশ্তকের মশ্তকে বন্ধুতুল্য ম্থিপ্রহার করলেন।
চক্ষ্য উদ্গত ও জিহ্বা লন্বিত করে দেবাশ্তক গতাস্য হলেন।

মহোদর নীলের প্রতি শরবর্ষণ করতে লাগলেন। নীল এক পর্বত উৎপাটিত করে মহাবেগে নিক্ষেপ করলেন, তার আঘাতে মহোদর বিনণ্ট হলেন। তিশিরা হন্মানের সংগ্য তুম্ল ষ্থ করছিলেন। তার অব্বহন্মানের নথাঘাতে বিদীর্ণ হ'লে তিশিরা মহাবেগে শক্তি অন্ত নিক্ষেপ করলেন। হন্মান তা ভেঙে ফেলে গর্জন করতে লাগলেন। তিশিরা ক্রম্থ হয়ে খড়্গাঘাত করলেন। তখন হন্মান চপেটাঘাতে তিশিরাকে পাতিত করলেন এবং খঙ্গা কেড়ে নিয়ে তার তিন মৃত্য কেটে ফেলনেন।

মহাপাশ্ব তার লোহগদা নিয়ে ঝখভের বক্ষে আঘাত করলেন।
মহাবীর ঋষভের বক্ষ বিদীর্ণ হয়ে রক্তস্তাব হ'তে লাগল। কিছ্কেণ
পরে তিনি সংজ্ঞালাভ ক'রে মহাপাশ্ব'কে ভূপাতিত করলেন এবং গদা
কেড়ে নিয়ে তার আঘাতে মহাপাশ্বের বক্ষ চ্প'করলেন।

১৭। অতিকারবধ

তিন দ্রাতা ও দুই পিতৃব্যের নিধনে অতিকায় ক্র্ম্ম হয়ে যুন্ধযাতা করলেন। তাঁকে দেখে বিস্মিত হয়ে রাম বিভীষণকে প্রণন করলেন, এই পর্বতসংকাশ ধন্ধর যিনি সহস্তব্যুক্তর্যাহিত বিশাল রথে আসছেন ইনি কে? বিভীষণ বললেন, ইনি রাবণপত্ত অতিকায়, সর্বাদ্যবিশারদ, ২স্তী ও অণব চালনার এবং সামদানাদি প্রয়োগে স্কুক্ষ। ধান্যমালিনী এর জননী। ব্রহ্মার বরে ইনি স্বাস্ত্রের অবধা। তুমি শীঘ্র একে বিনন্ট কর, নতুবা ইনি বানরসৈনা ধ্রুসে করবেন।

মহাবল অতিকায় নীল মৈন্দ ন্বিবিদ প্রভৃতি বীরগণকে শ্রাঘাতে নিজিতি করে সগর্বে বললেন,

> রথে স্থিতোহহং শরচাপপাণি-ন প্রাকৃতং কণ্ডন ধোধরামি। বস্যাস্তি শক্তিববিসারব্জা দদাতু মে শীন্তমিহাদা বৃষ্ণম্যা (৭১।৪৫)

— আমি ধন্বাণ হস্তে রথে রয়েছি, সামান্য জনের সঞ্গে আমি ষ্ম্থ করব না। যার শক্তি আর উদাম আছে সে শীন্ত এসে আমার সঞ্গে ষ্ম্থ কর্ক।

লক্ষাণ রুখে হয়ে অতিকায়ের সম্মুখে ধন্র জ্যা আকর্ষণ করে ভয়ংকর শব্দ করতে লাগলেন। অতিকায় বললেন, সৌমিতি, তুমি বালক, যুখের অভিজ্ঞতা তোমার নেই। ফিরে যাও, কেন কৃতান্ততুল্য বিপক্ষের সম্মুখীন হয়েছ? দেখছি তোমার নিব্ত হবার ইচ্ছা নেই। তবে থাক, প্রাণ তাগে করে বমালয়ে যাও। লক্ষ্মণ উত্তর দিলেন, কেবল কথায় বীর্ষপ্রকাশ হয় না, আমি ধন্বাণহন্তে সম্মুখে রইলাম, তুমি নিজের বিক্রম দেখাও।

অতিকার ও লক্ষ্মণ পরস্পরের প্রতি শরক্ষেপণ করতে লাগলেন।
বিদ্যাধর ভূত দেব দৈত্য ও মহর্ষিগণ বৃদ্ধ দেখতে এলেন। অতিকারের হীরকভূষিত অভেদ্য বর্মে লক্ষ্মণের সকল বাণ প্রতিহত হ'ল। তখন পবনদেব লক্ষ্মণকে বললেন, ইনি ব্রহ্মার প্রদত্ত অভেদ্য কবচে আবৃত, ভূমি ব্রহ্মান্দ্র প্রয়োগ কর, অন্য অন্দ্রে কিছ্ম হবে না। তখন লক্ষ্মণ ধন্তে ব্রহ্মান্দ্র যোজনা করে অতিকারের প্রতি নিক্ষেপ করলেন। গদা কুঠার শ্লে লর প্রভৃতির আঘাতে অতিকার ব্রহ্মান্দ্র খণ্ডন করবার চেন্টা করলেন, কিন্তু সেই প্রদীশত কালকল্প বাল সকল বাধা বার্থ ক'রে অতিকারের কিরীটলোভিত মুন্ত দেহচ্যুত ক'রে ভূমিতে ফেললে।

১৮। ইন্দ্ৰজিতের বৃষ্ণ

[সগ ৭৩]

দেবাল্ডক তিলিরা অতিকায় প্রস্কৃতির মৃত্যুসংবাদে রাবণ অতিলয় কাতর হলেন। ইন্দুজিং তাঁকে বললেন, পিতা, আমি জীবিত থাকতে আপনি লোকবিহনে হবেন না। প্রেষ্কার ও দৈবের উপর নির্ভার করে প্রতিজ্ঞা কর্মছ, আমি আজই রাম-লক্ষ্যণকে অব্যর্থ শরে বিনণ্ট করব। বার্ত্লা দ্তগামী ধরবাহিত রথে ইন্দুজিং বালা করলেন। হন্তী অন্ব ব্যাল্ল ব্নিক মার্জার উদ্ধা ভূজগা বরাহ সিংহ শূগাল কাক হংস ও মর্র আরোহণ করে বহু রাক্ষস তার সংগ্য চলল। ব্নশ্ভূমিতে(১) এসে ইন্দুজিং রথের চতুর্দিকে সৈন্য সলিবেশ করলেন, তার পর ব্যান্তিবিধ হবি লাজ মাল্য গন্ধদ্ব্য শন্ত সমিধ, লোহিত বসন, লোহমর দ্রব(২) প্রভৃতি উপচারে হোম আরন্ভ করলেন। একটি কৃষ্ণবর্ণ সন্ধাব ছাগকে গলদেশে গ্রহণ করে তিনি আহ্তিত দিলেন। হোমকুত থেকে নিধ্ম আন্নিশিখা উত্থিত হ'ল এবং জয়স্চক নানা লক্ষণ দেখা সেল। অনন্তর তাতকাঞ্চনসলিভ ম্তিমান পাবক ন্বরং উত্থিত হয়ে দক্ষিণাবর্ত শিখায় হবি গ্রহণ করলেন। ব্যহ্মন্ত্রিশারদ ইন্দুজিং তার ধন্ব রথ প্রভৃতি সমন্ত ব্রেখাপকরণ মন্ত্রিশ্ব করে নিলেন।

তার পর ইন্দ্রজিং ধ্রজপতাকানোভিত অন্ব রশ্ব ও নানা অস্য সমন্বিত রাক্ষসসৈন্যকে যুন্ধের আদেশ দিলেন। তিনি নালীক নারাচ গদা ও মুখল ন্বারা বানর বধ করতে লাগলেন। বানররা রামের জন্য জীবনের মায়া ত্যাগ করে শিলা আর বৃক্ষ নিয়ে যথাসাধ্য প্রতিরোধের চেন্টা করলে। ইন্দ্রজিং অদৃশ্য হয়ে শরবর্ষণ করতে লাগলেন, তাঁর মায়াবলে অভিভূত বানরগণ আর্তরব করতে করতে ভূপতিত হল। তিনি মন্ত্র-সিন্ধ প্রাস শ্লেও তীক্ষ্য বাণে হন্মান স্থাবি অন্ধাদ জান্ববান স্থেণ প্রভৃতি বানরম্খ্যগণকে বিন্ধ করে রাম-লক্ষ্যণের প্রতি শরবর্ষণ করতে লাগলেন।

রাম লক্ষ্মণকে বললেন, এই ইন্দ্রণত্র ভীমকার রাক্ষসরাজপত্র রহমার নিকট বরলাভ করেছেন। ইনি অন্তর্হিত হরে মহাস্তবলে আমাদের সৈন্যানিপাত করছেন, এ'কে যুদ্ধে বধ করা অসন্ভব। মনে হয় অচিন্তা-প্রভাব ভগবান স্বয়ন্ত্র অস্তই আমাদের উপর নিক্ষিত হচ্ছে। এই

⁽১) 'তিলক' টীকাকার **ব্যাভূ**মির অর্থ' করেছেন — ব্যাধকর-সম্পাদক হোম-সাধন-ভূমি, নিকুম্ভিলাস্থান।

⁽২) <mark>যজ্ঞানতে ঘৃতনিক্ষেপের হাতা।</mark>

বাশবর্ষণ আমাদের স্থির হয়ে সহা করতে হবে। বানররাজ স্থাবৈর বীর যোশগোণ নিষ্প্রভ হয়ে ভূপতিত হয়েছেন। এখন আমরাও হর্ষরোষ ত্যাগ করে নিশ্চেষ্ট হয়ে পড়ে থাকি, ইন্দ্রজিং জয়শ্রী লাভ করে লম্কাপরীতে প্রস্থান কর্ম।

রাম-লক্ষাণ ইন্দ্রভিতের অস্তভালে অভিভূত হলেন। বানরসৈন্যকে বিষাদে নিমন্ন করে ইন্দ্রজিং পিতার কাছে ফিরে গেলেন এবং সহর্ষে বিজয়সংবাদ বিবৃত করলেন।

১১। হনুমানের ওববি আনমন

[সর্গ ৭৪]

রাম-লক্ষ্মণকে নিশ্চেণ্ট এবং স্থাবি নীল অণ্যদ প্রভৃতিকে মোহ-গ্রুস্ত দেখে বিভাষণ বানরবারগণকে আশ্বাস দিয়ে বললেন, তোমরা ভয় পেয়ো না, ইন্দ্রজিংকে স্বয়ন্ত্র যে অমোঘ ব্যাহ্ম অস্ত্র দিয়েছিলেন তারই মানরক্ষার জন্য রাম-লক্ষ্মণ বিবশ হয়েছেন। ব্রহ্মান্তের প্রতি সম্মান দেখিয়ে হন্মান বললেন, আমাদের সৈন্যদের মধ্যে যারা জীবিত আছে তাদের আশ্বস্ত করতে হবে।

সেই রাত্তিতে হন্মান ও বিভীষণ উল্কা(১) হল্ডে বিচরণ করে দেখলেন, রণভূমি পর্বতাকার বানরসৈন্যে এবং নিক্ষিণ্ড অল্ফে আচ্ছন্ন। অনেকের লাখালে হল্ড পদ অখালি ক'ঠ ছিল্ল, তারা রক্তপ্রাব ও ম্ত্রত্যাগ করছে। স্ত্রীব অখাদ নীল জান্ববান স্থেণ মৈন্দ ন্বিবিদ প্রভৃতি হতপ্রার হয়ে পড়ে আছেন। সেই দিবসের শেষ পঞ্চম ভাগে সাতধটি কোটি বানর রহ্মান্তের আঘাতে নিহত হয়েছিল। শর্রবিশ্ধ জরাগ্রন্ড জান্ববানকে দেখতে পেরে বিভীষণ বললেন, আর্য, আপনি নিহত হন নি তো? জান্ববান অতি কন্টে উত্তর দিলেন, রাক্ষসরাজ,

⁽১) ম**লাল।** •

আমি তোমাকে দেখতে পাচ্ছি না, কেবল কণ্ঠশ্বরে চিনেছি। হন্মান
ভীবিত আছেন? বিভীষণ বললেন, রাম স্থাবি আর অপাদের উল্লেখ
না করে হন্মানের নাম করছেন কেন? জান্ববান বললেন, হন্মান
যদি জীবিত থাকেন তবে আমাদের সৈন্য মৃত হ'লেও বাঁচবে, তিনি
যদি মৃত হন তবে আমরা জীবিত থাকলেও মৃত।

হন্মান সবিনয়ে জান্ববানের পাদস্পর্শ করে অভিবাদন করলেন। জান্ববান যেন প্নর্ভাবন লাভ করে বললেন, এস বানরশ্রেষ্ঠ, তোমার পরাঞ্চম দেখাবার সময় উপদ্থিত হয়েছে, তোমার চেয়ে শক্তিমান কাকেও দেখছি না। তুমি রাম-লক্ষ্মণের শলা উন্ধার করে বানর-ভল্লাক সৈনাকে হুল্ট কর। বীর, তুমি সাগর অতিক্রম করে সন্দ্র হিমালয় পর্বতে 'যাও, সেখান থেকে গিয়ে কান্তনময় অবভ পর্বত এবং কৈলাস পর্বত দেখবে। এই দুই পর্বতিশিখরের মধ্যে সর্বেষিধিষ্ক দীশ্তিমান ওবিধি পর্বত আছে, তার শীর্ষদেশে তুমি মৃতসঞ্জীবনী, বিশল্যকরণী, সাবর্ণাকরণী ও সন্ধানী এই চার প্রকার মহোষ্ধি পাবে, তাদের প্রভায় দশদিক আলোকিত হয়ে আছে। তুমি শীত্ব এইসকল ওবিধি নিয়ে এসে বানরদের প্রাণ দান কর।

মার্তাগাল হন্মান তাঁর দেহ প্যতি করে বিক্ট পর্বত থেকে
মহাবেগে প্রম্ফ দিলেন। তিনি সম্দূর্কে প্রগাম করে বিশ্বর করাগ্রনিক্ষিপত
চক্তের ন্যায় মহাবেগে আকাশপথে ধাবিত হয়ে অচিরে হিমালয় পর্বতে
উপস্থিত হলেন। তার পর ধহা প্র্যাস্থান ও কৈলাসগিরি অতিক্রম
করে ওর্ষধ পর্বতে এসে ওর্ষধর অন্বেষণ করতে লাগলেন। তাঁকে
দেখে ও্যধিসকল সহসা অদৃশ্য হ'ল। হন্মান অত্যুক্ত ক্রম্ধ হয়ে
বললেন, নগেল্ড, তোমার এ কির্প আচরণ যে রামের প্রতি অন্কম্পা
করছ না? আমি এখনই তোমাকে বাহ্বলে বিক্ষিপ্ত করব।

বৃক্ষ হস্তী ও স্বর্ণাদি বিবিধ ধাতু সমেত ওর্ষধশ্পা উৎপাটিত করে হন্মান মহাবেগে আকাশপথে লম্কার ফিরে এসে বানরপ্রধানদের প্রণাম এবং বিভীষণকে আলিশ্যন করলেন। ওর্ষধির গন্ধ আদ্বাণ করে রাম-লক্ষ্মণ শলামকে হলেন, বানররাও স্ক্রে হল। স্কুত জন বেমন নিশাশ্তে জাগরিত হয় সেইর্প সমস্ত মৃত বানর ওর্ষাধর গণ্ধে প্নজ়ীবিত হ'ল।—

যদাপ্রভৃতি লব্দায়াং ব্ধান্তে হরিরাক্ষসাঃ।
তদাপ্রভৃতি মানার্থমাজ্ঞরা রাবণসা চ॥
যে হনান্তে রণে তহ রাক্ষসাঃ কপিকুঞ্জরৈঃ।
হতা হতাস্তু ক্ষিপ্যান্তে সর্ব এব তু সাগরে॥ (৭৪।৭১-৭২)

— যে দিন থেকে লঙ্কায় বানর-রাক্ষসের যুস্থ চলছিল সে দিন থেকে যত রাক্ষস বানরের হাতে মরেছে, সকলকেই রাবণের আজ্ঞার সাগরে নিক্ষেপ করা হয়, পাছে কেউ তাদের গণনা করে।(১)

তার পর হন্মান ওর্ষাধ পর্বত যথাস্থানে রেখে দিয়ে আবার রামের কাছে ফিরে এলেন।

২০। কম্পন-প্রজ্ঞ-দেশেক্তাক্ষ-ব্যাক্ষ-কূম্চ-নিকূম্চ-বর [সর্গাণের—৭৭]

স্থাবি হন্মানকে বললেন, কুল্ভকর্ণ হত হয়েছেন, রাবণের অনেক প্রেও বিনন্দ হয়েছেন, এখন রাবণ কির্পে প্ররক্ষা করবেন? চল আমরা লঞ্চা আক্রমণ করি। স্থান্তের পর বানরগণ উল্কাহন্তে অগ্রসর হ'ল, তাদের দেখে লঞ্চার শ্বাররক্ষকগণ ভয়ে পালিয়ে গেল। তখন বানরগণ হৃষ্টচিন্তে ভোরণপ্রাসাদাদিতে অণিন নিক্ষেপ করলে। অল্পকাল মধ্যে সেই অণিন প্রবল হয়ে সর্বত্র ব্যাশ্ত হ'ল, লঞ্চার বহর্ ঐশ্বর্য ভঙ্ম হয়ে গেল, রাক্ষসগণ দ্যাপত্র সহ ব্যাকুল হয়ে পালাতে লাগল। ষেসকল রাক্ষস দাধদেহে বেরিয়ে এল, বানররা সহসা তাদের

⁽১) অর্থাং ওর্ষাধর গণের মৃত রক্ষেসদের বে'চে ওঠবার সম্ভাবনা ছিল না।
'মানার্থাং'এর সরল অর্থা— পরিমাণ বা গণনার নিমিন্ত। কিন্তু সংস্কৃত অভিধান
অন্সারে 'অর্থা' নিব্যান্তবাচীও হয়। তপন্সারে 'তিলক'-টীকাকার 'মানার্থা'
বাাখ্যা করেছেন— বিপক্ষ বাতে গণনা করতে না পারে।

আক্রমণ করলে। রাম-লক্ষাণ ধন্তে টকোর দিতে লাগলেন। স্থাবি বানরদের আজ্ঞা দিলেন, তোমরা তোমাদের নিকটম্থ প্রেম্বারে থেকে বৃন্ধ করবে, যে পালাবে সে রাজদ্রোহী, তোমরা তাকে বধ করবে।

উল্কাধারী বানরগণ লক্ষার স্বারে সমবেত হয়েছে দেখে রাবণ কুল্ভকর্ণপ্র কুল্ভ ও নিকুল্ভকে যুন্থ করতে পাঠালেন। তারা যুপাক্ষ, শোণিতাক্ষ, প্রজন্ম, কল্পন এবং বহু সশস্ত্র রাক্ষসসৈনা নিয়ে অগ্রসর হলেন। অল্গদ কল্পনকে শিলাপ্রহারে বধ করলেন। শোণিতাক্ষ অসিচর্মা নিয়ে বৃন্ধ করতে এলেন, অল্গদ অসি কেড়ে নিয়ে তার স্কল্থে আঘাত করলেন। শোণিতাক্ষকে রক্ষা করবার জন্য লোহগদা নিয়ে যুপাক্ষ ও প্রজন্ম এলেন, মৈন্দ-ন্বিবদও ভাগিনেয় অল্গদের সাহায্যার্থে উপন্থিত হলেন। অনেকক্ষণ যুন্ধের পর অল্গদ মুন্টিপ্রহারে প্রজন্মের মন্তক চুর্ণ করে দিলেন। ন্বিবিদ শোণিতাক্ষের মুখ নখ স্বারা বিদীর্ণ করে তাঁকে ভূমিতে পেষণ করে বধ করলেন। যুপাক্ষ মৈন্দের হলেত নিপীড়িত হয়ে নিহত হলেন।

তখন তেজদবী কুদ্ভ নির্ংসাহ রাক্ষসসৈন্যকে আদ্বাস দিয়ে বানরগণের প্রতি শরবর্ষণ করতে লাগলেন। তাঁর বাণে ক্ষতবিক্ষত হয়ে অধ্পদ ধরাশায়ী হলেন। শ্রীব কুদ্ভকে বললেন, তোমার নিক্ষিত বাণের বেগ অতি অন্তৃত, তুমি তোমার পিতা কুদ্ভকর্ণের তুল্য বলবান। তোমাকে পরিপ্রান্ত অবন্ধায় বধ করে নিন্দাভাজন হ'তে চাই না, বিপ্রাম্ম করে নাও, তার পর আমার বল দেখতে পাবে। কুদ্ভ কুদ্ধ হয়ে স্ত্রীবকে দ্বই বাহ্ম দিয়ে জড়িয়ে ধরলেন, স্ত্রীব তাঁকে সবলে সম্ত্রে নিক্ষেপ করলেন। জল থেকে উঠে এসে কুদ্ভ স্ত্রীবকে ভূপাতিত করে তাঁর বক্ষে প্রচন্ড মুন্ট্যাঘাত করলেন। স্ত্রীব রক্তান্তদেহে উঠে বক্সতুলা মুন্ট্রিপ্রহারে কুদ্ভের বক্ষ চ্বা করে দিলেন।

দ্রাতাকে নিহত দেখে নিকৃদ্ভ যমদন্ডতুল্য পরিষ ঘ্রণিত ক'রে ষ্মুদ্ করতে এলেন। হন্মানকে সম্মুখে দেখে তিনি তাঁর বক্ষে পরিষ নিক্ষেপ করলেন। পরিষ চ্রণ হয়ে গেল। হন্মান নিকৃদ্ভের বক্ষে প্রচন্ড মন্থিপ্রহার করলেন। নিকুশ্ভের বন্ধ বিদীর্ণ হয়ে রক্তমাব হ'তে লাগল। কিছুক্ষণ পরে তিনি প্রকৃতিপথ হয়ে হন্মানকে ধ'রে লজার দিকে চললেন। তখন হন্মান নিকুশ্ভকে ভূমিতে ফেলে নিজেপিষত করলেন এবং ব্কের উপর উঠে দুই হাতে তার গলায় পাক দিয়ে মৃত্ত উৎপাটিত করলেন।

२५। भक्त्राक्रवध

খরের পর্ত মকরাক্ষকে ডেকে রাবণ বললেন, বংস, তুমি সসৈনো বৃদ্ধে গিয়ে রাম-লক্ষ্মণ আর বানরগণকে বধ করে এস। মকরাক্ষ বিবিধ অস্তধারী সৈনা নিয়ে মহা উৎসাহে ধ্যুন্ধক্ষেত্র গেলেন। শরবর্ষণে বানরগণকে নিপীড়িত করে তিনি রামকে বললেন, আজ আমার সংগ্য তোমার ন্যুন্ধ হবে, তীক্ষ্ম শরাঘাতে তোমার প্রাণ হরণ করব। তুমি দশ্ডকারণ্যে আমার পিতাকে বধ করেছিলে, তা মনে করে আমার রোধ প্রবল হচ্ছে। ভাগ্যক্রমে তুমি আমার সন্মুন্ধে এসেছ, ক্ষ্মার্ত সিংহ যেমন ইতর মৃগকে চায়, আমিও সেইর্প তোমাকে চাই। অস্ত

রাম সহাস্যে বললেন, বৃথা গর্ব করছ কেন, বাক্যবলে যুন্ধ করা যায় না। দক্তকবনে তোমার পিতা, দ্বণ, চিশিরা আর চোন্দ হাজার রাক্ষস আমার হস্তে নিহত হয়েছে। আজ তোমার মাংসে গ্র-শ্লাল-বায়সাদি তৃশ্ত হবে।

দ্রন্ধর ঘার ষ্মে হ'তে লাগল। রাম শরাঘাতে মকরাক্ষের ধন্ব রথ ও অশ্ব নম্ট করলেন। র্দ্রনত মহাশ্ল নিয়ে মকরাক্ষ ভূমিতে নেমে এলেন। রাম চার শরে শ্ল খণ্ডিত ক'রে পাবকাশ্য নিক্ষেপ করলেন। মকরাক্ষের বক্ষ বিদীর্ণ হ'ল, তিনি নিহত হয়ে ভূপতিত হলেন।

২২। মারাসীকা

[मर्ग bo-b8]

মকরাক হত হরেছেন শ্নে রেধে দশত কটকট করে রাবণ ইন্দ্রজিংকে বললেন, বীর, তুমি দৃশ্য বা অদৃশ্য ধের্পেই ষ্শ কর তোমার বল সকলের অপেকা অধিক। তুমি রাম-লক্ষ্যণকে বধ করে এস।

ইন্দুজিং বজ্ঞভূমিতে খেলেন এবং করেকজন রক্ত-উঞ্চীব-ধারিণী স্থার সহারতার নানা উপচারে আরাধনা করে আগনতে কৃষ্ণ ছাগ আহ্তি দিলেন। আগন প্র্বং ম্তিমান হয়ে আহ্তি গ্রহণ করলেন। হোমান্তে দেব-দানব-রাক্ষসকে তৃণ্ড করে ইন্দুজিং অদৃশ্য রথে যুন্ধ-ক্ষেত্র এলেন এবং ব্রিটমান মেথের ন্যায় শরবর্ষণ করতে লাগলেন। তার মারাবলে আকাশ ও স্বাদিক ধ্মান্ধকারে আচ্ছার হল। রাম-লক্ষ্মণ ইন্দুজিতের নিক্ষিণ্ড লর লক্ষ্য করে শরত্যাগ করতে লাগলেন, তাদের শর অদৃশ্য শগ্রুকে আহত করে রক্তাক হয়ে পড়তে লাগল। ইন্দুজিতের নিরন্তর শরবর্ষণে বহু বানর হত হল, রাম-লক্ষ্মণও ক্ষত্রিক্ষত হলেন।

ইন্দ্রজিং লাক্ষার ফিরে গোলেন এবং একটি মারামরী সীতার ম্তির রথে স্থাপন করে পনের্বার বৃশ্বভূমিতে এলেন। হন্মান তাঁকে আক্রমণ করতে এসে দেখলেন, রথের উপরে একবেণীধরা সীতা রয়েছেন, তিনি দ্বংখে আর্ত, উপবাসে কৃপ। হন্মান ইন্দ্রজিতের প্রতি ধাবিত হলেন। তথন ইন্দ্রজিং কোবমন্ত শুড়াগ হতে মারাসীতার কেলাকর্ষণ করে সকলের সমক্ষে প্রহার করতে লাগলেন। মারাম্তি 'হা রাম' ব'লে রোদন করতে লাগল। হন্মান কঠোর বাকো বললেন, দ্রাম্মা, রহার্বির কুলে জন্মেও তুমি রাক্ষসবোনি পেয়েছ, তুমি অতি ন্শংস নীচ দ্বৃত্তি, পাপকর্মে তোমার ঘৃণা নেই,

> ষে চ দাীঘাতিনাং লোকা লোকবগৈন্চ কুংসিতা:। ইহ জীবিতম্ংস্জা প্রেতা তান্ প্রতি লংত্যসে॥ (৮১।২২)

— বধযোগ্য পাপীরাও যে স্থানের নিন্দা করে, তুমি মরণান্তে সেই দ্যীহত্যাকারীদের নরকে যাবে।

ইন্দ্রজিং উত্তর দিলেন, বানর, যার জন্য রাম-লক্ষ্মণ আর স্থাবির সঞ্চো তোমরা এখানে এসেছ সেই সীতাকে তোমাদের সমক্ষেই হত্যা করব, তার পর তোমাদেরও মারব। স্থাইত্যার কথা যা বললে তার উত্তর এই—যে কার্য শত্রর পাঁড়াদারক তাই করণার। এই বলে ইন্দ্রজিং রোর্দ্যমানা মায়াসীতাকে তীক্ষ্মধার খড়্গের আঘাতে বিনষ্ট করলেন। শোকে অভিভূত হয়ে হন্মান ইন্দ্রজিতের রখে এক প্রকাশ্ড শিলা নিক্ষেপ করলেন, অন্যান্য বানররাও আক্রমণ করতে গেল। ইন্দ্রজিং শ্লে খড়্গ পাঁটুশ মুদ্গর প্রভৃতি অস্ট শ্রারা বানর বধ করতে লাগলেন। তখন হন্মান বানরদের বললেন, তোমরা নিব্ত হও, ষার জন্য আমরা প্রাণের মায়া ত্যাগ করে ব্রুধ করছি সেই সীতাই হত হয়েছেন। এখন রাম ও স্থাবিকে জানাবে চল। এই ব'লে হন্মান স্সৈন্যে প্রস্থান করলেন, ইন্দ্রজিংও নিকুন্ভিলার যম্ভভূমিতে হোম করতে গোলেন।

সীতা হত হয়েছেন শনে ছিল্লম্ল ব্বের ন্যায় রাম ভূপতিত হলেন। বানররা তাঁর দেহে পদ্মগন্ধ জল সেচন করতে লাগল। লক্ষ্মণ তাঁকে আলিংগন করে শোকাকুল হয়ে বললেন,

শ্ভে বর্জনি তিণ্ঠন্তং দ্বামার্য বিজিতেন্দ্রিম্।
অন্থেভ্যে ন শক্ষোতি তাতৃং ধর্মো নির্থকঃ॥ (৮৩।১৪)
যদ্ধর্মো ভবেদ্ভূতো রাবণো নরকং রজেং।
ভবাংদ্চ ধর্মসংঘ্রেল নৈব ব্যসন্মাণন্যাং॥ (৮৩।১৭)
হথেভ্যেহথ প্রবৃদ্ধেভাঃ সংবৃত্তেভাস্ততস্ততঃ।
কিরাঃ সর্বাঃ প্রবর্তন্তে পর্বতেভা ইবাপগাঃ॥ (৮৩।৩২)
যসন্থাঃ স চ বিক্রান্তে যস্যার্থাঃ স চ বৃদ্ধিমান্।
যস্যথাঃ স মহাবাহ্র্যস্যার্থাঃ স গ্লাধিকঃ॥
অর্থসৈতে পরিতাগে দোবাঃ প্রব্যাহ্তা ময়া।
রাজ্যম্ংস্কতা ধীর যেন বৃদ্ধিস্বা কৃতা॥ (৮৩।৩৬-৩৭)
দ্বি প্রজিতে বীর গ্রোণ্ট বচনে স্থিতে।
রক্ষ্মাপহ্তা ভাষা প্রাণঃ প্রিয়তরা তব॥

তদদ্য বিপ্লেং বীর দৃঃখমিদ্যজ্ঞিতা কৃতম্। কর্মণা ব্যপনেষ্যামি তম্মাদ্যক্তিষ্ঠ রাঘব॥ (৮৩।৪১-৪২)

— আর্য, আপনি ধর্মনিষ্ঠ জিতেন্দ্রিয়, কিন্তু ধর্ম আপনাকে অমধ্পল থেকে রক্ষা করতে পারছে না, অতএব ধর্ম নির্থক। অধ্যের ফল যদি সতাই দ্বংখ্যয় হ'ত তবে রাবণ নরকে যেত আর ধর্মশালৈ আপনি দ্বংখ্য পেতেন না। পর্বত থেকে ষেমন নদী নির্গত হয় সেইর্প আহ্ত ও বিধিত অর্থ থেকেই সমন্ত কার্য আরক্ষ হয়। য়র অর্থ আছে সেই বিক্রমশালী বৃদ্ধিমান মহাবল ও গ্র্ণিশ্রেষ্ঠ। অর্থহীনতার দোষ আমি বললাম, জানি না কেন আপনার রাজ্য বিসর্জনের বৃদ্ধি হয়েছিল। আপনি পিতার বাক্য রক্ষা ক'রে বনে এলেন, রাক্ষ্য আপনার প্রাণাধিক প্রিয়া পত্নীকে হরণ করলে। বীর, ইন্দ্রজিং আজ যে বিপলে দ্বংখ্য দিয়েছে তা আমি পোর্ব দ্বারা খন্ডন করব। রাষ্ব, আপনি উঠনে।

অমন সময় বিভাষণ এসে দেখলেন রাম শোকসন্তণত হয়ে লক্ষ্মণের ক্রোড়ে শ্রের আছেন, বানররা বান্পাকুলনয়নে রোদন করছে। বিভাষণ দ্বংথিতমনে জিল্ডাসা করলেন, কি হয়েছে? লক্ষ্মণ উত্তর দিলেন, হন্মান রাঘবকে বলেছেন যে ইন্দ্রজিং সীতাকে বধ করেছে। লক্ষ্মণের বাক্য শেয় না হতেই বিভাষণ বললেন, হন্মান যা বলেছেন তা সম্দ্রশোধণের নাায় অসন্তব। রাবণ কখনও সীতাকে বধ করতে দেবেন না। ইন্দ্রজিং বানরগণকে মায়ায় মোহিত করেছে, হন্মান যা দেখেছেন তা মায়ায়য়ী সীতা। আজ সে নিকৃষ্তিলা যজ্ঞাগারে হোম করুনে, সেখানে অন্ধি ও ইন্দ্রাদি দেবগণ গেছেন। এই যজ্ঞ সমাণ্ড হ'লে সে সংগ্রামে দ্বর্ধর্ম হবে, তার ফলে আমরা সকলেই তার হাতে মরব। পাছে যজ্ঞে কোনও বিদ্যা হয় সেজনা সে মায়াম্বায়া বানরদের বিমাহিত করেছে। রাম, তুমি মিথ্যা শোক ত্যাগ করে এখানেই থাক, আমরা সসৈন্যে নিকৃষ্তিলায় যাব, লক্ষ্মণ তীক্ষ্ম শরাঘাতে যজ্ঞ পণ্ড করবেন। ইন্দ্রজিংকে বরদানকালে ব্রহ্মা বলেছিলেন, নিকৃষ্তিলায় যজ্ঞান্ত্যানের প্রের্বিয়ে শত্রু তোমাকে আক্রমণ করবে তার হাতেই তোমার মৃত্যু।

২৩। নিকৃশ্ভিলার লক্ষ্যণ ও বিভীবণ

[मर्ग ba-ba]

বর্ম ধন্বাণ ও খড়্গ ধারণ ক'রে লক্ষ্যণ নিকৃষ্ণিলায় যাত্রা করলেন।
তার সংগ্য বহা সহস্র বানরসৈন্য নিয়ে হন্মান এবং চার জন অমাত্য
সহ বিভীষণ চললেন। রাক্ষসসৈন্যের নিকটম্ম হয়ে বিভীষণ লক্ষ্যণকে
বললেন, তুমি শীঘ্র এদের বিধন্ত ক'রে দাও, তা হ'লে আমরা ইন্দ্রজিংকে
দেখতে পাব।

লক্ষাণ শরবর্ষণ করতে লাগলেন, বানর-ভল্লাক ও রাক্ষস সৈন্যে তুম্বল বান্ধ আরদ্ভ হ'ল। নিজের সৈন্য বিধানত হচ্ছে শানে ইন্দ্রজিং নিকুম্ভিলা থেকে নিগতি হয়ে রথারোহণে এলেন এবং হন্মানকে দেখিরে সার্বিজক আজ্ঞা দিলেন, এই বানর বেখানে বান্ধ করছে সেখানে চল, ওকে উপোকা করলে আমাদের সৈন্যক্ষয় হবে। হন্মানের নিকটন্থ হয়ে ইন্দ্রজিং শর্ম খড়গ ও পরশা প্রহার করতে লাগলেন। তখন বিভীষণ লক্ষ্মণকে বললেন, ওই দেখ, বাসব্ধিজয়ী রাবণপাত্র হন্মানকে মারতে উদ্যত হয়েছে, তুমি প্রাণশ্ডকর শরে ইন্দ্রজিংকে সংহার কর।

বিভাষণ পক্ষাণকে নিয়ে দ্রতগতিতে এক মহাবনে উপস্থিত হলেন এবং নীলমেঘতুল্য ভীমদর্শন এক বটবৃক্ষ দেখিয়ে বললেন, ইন্দান্তিং এই স্থানে ভূতগণকে উপহার দেবার পর ষ্ম্প করতে যায় এবং অদ্না হয়ে শত্রদের বধ ও বন্ধন করে। এখনও সে এখানে উপস্থিত হয় নি, এই অবসরে তাকে সার্থির সহিত বধ কর।

ইন্দুজিং নিকটপথ হয়ে বিভীষণকে দেখে কঠোর বাকো বললেন, তুমি এইখানেই জন্মগ্রহণ করে বৃন্ধ হয়েছ, তুমি আমার পিতার দ্রাতা, পিত্বা হয়ে কি করে আমার শত্রতা করছ? দ্বর্শিখ, তুমি ন্বজন ত্যাগ করে পরের দাস হয়ে সাধ্জনের নিন্দাভাজন হয়েছ। যে ন্বপক্ষ ত্যাগ করে পরপক্ষে যায়, ন্বপক্ষ ক্ষীণ হলে পরপক্ষই তাকে বিন্দুট করে।

বিতীষণ উত্তর দিলেন, রাক্ষসরাজপত্ত, তুমি কি আমার স্বভাব জান না? যদিও আমি ক্রকর্মা রাক্ষসদের কুলে জন্মেছি তথাপি মান্ধের যা শ্রেষ্ঠ গ্রণ এবং রাক্ষ্সে যা ধ্রশন্ত সেই সত্ত্বগ্রেই আমার ব্রভাবগত। যে ব্যক্তি ধর্ম পথ থেকে প্রন্থ এবং পাপব্যুদ্ধ তাকে হস্তাস্থিত আশীবিষের ন্যায় ত্যাগ করাই প্রেয়। পরস্বাপহারী ও পরস্বীধর্মক ব্যক্তি প্রজন্মিত গ্রের ন্যায় ত্যাজ্য। মহর্ষিগণের হত্যা, দেবগণের সহিত বিরোধ, গর্ব, রোষ, শত্রুতা এবং হিতৈষীর প্রতিক্ষেতা—এইসকল দোষ আমার শ্রাতার জীবন ও ঐশ্বর্য নন্থ করছে। এই কারণেই তোমার পিতাকে আমি ত্যাগ করেছি। তুমি অতি গ্রিত, অন্পব্যুদ্ধ ও দ্বিনীত, কালপাশ তোমাকে বন্ধ করেছে, তুমি ষা ইচ্ছা হয় বল। আজ তুমি লক্ষ্মণের সংগ্র হন্ধ করে প্রাণ নিয়ে ফিরতে পারবে না।

२८। देन्द्राज्ञश-वश

ইন্দুজিং রথে এবং লক্ষাণ হন্মানের প্তেঠ আর্ড় হরে পরস্পরের সম্মুখীন হলেন এবং স্পর্ধিত বাকো প্রতিপক্ষকে ভংসনা করে যুম্ধ আরল্ভ করলেন। লক্ষাণের জ্যানির্ঘোষ শ্নেন ইন্দুজিং বিবর্ণম্থে চাইতে লাগলেন। বিভীবণ বললেন, লক্ষাণ, আমি রাবণপ্রের অশ্বভস্কে দ্র্লক্ষণ দেখতে পাছি, এর মৃত্যু আসম তাতে সংশয় নেই, ত্মি দ্বানিবত হও। লক্ষ্যণ তীক্ষাবিষ সপেরি নায়ে এক শর ইন্দুজিতের প্রতি নিক্ষেপ করলেন। মৃহ্তেকাল বিমোহিত ও অবসম হয়ে থেকে ইন্দুজিং বললেন, প্রের ব্রেণ তোমাকে আর রামকে নাগপাশে বল্ধ করেছিলাম তা কি মনে নেই তাই আবার যুম্ব করতে এসেছ? বোধ হয় তোমার যমালয়ে যাবার ইচ্ছা হয়েছে। এই বলে তিনি সাত বাণে শক্ষাণকে, দশ বাণে হন্মানকে এবং শত বাণে বিভীঘণকে বিশ্ব করলেন। শক্ষাণ সক্রোধে শরবর্ষণ করে ইন্দুজিতের স্বর্ণময় কবচ ছিল্ল করলেন। প্রমাবণ থেকে যেমন জলপ্রাব হয় সেইর্প উভয়ের দেহ থেকে উন্ধ শোণিত নিঃস্ত হ'ত লাগল। সম্ভ্রমানে যেমন রাশীকৃত প্রজন্নিত কুশ দেখা যায়, তাঁদের নিক্ষিত শর সেইর্প রণশ্বলে স্ত্র্পাকার হ'ল।

বিভীষণ ও তাঁর চার অন্চর শর শ্লে আঁস ও পঢ়িশের আঘাতে বহু রাক্ষস বধ করতে লাগলেন। বানরদের উৎসাহিত করবার জন্য বিভীষণ বললেন, রাবণের এখন একমাত্র অবলন্দন এই ইন্দ্রজিং, এই তাঁর শেষ বল। বীরগণ, তোমরা নিশ্চেষ্ট হয়ে আছ কেন? পাপাত্মা ইন্দ্রজিং নিহত হ'লে কেবল রাবণই অবশিষ্ট থাকবেন। ধ্যাক্ষ বক্লদংখ্র অকন্পন প্রহত্ত কুল্ভকর্ণ নরান্তক দেবান্তক মহোদর তিশিরা মহাপান্ব অতিকায় এবং আরও অনেক রাক্ষসবীর তোমাদের সংশ্যে বহুদং নিহত হয়েছেন। তোমরা বাহ্বলে সাগর লক্ষ্ম কর।

অযুত্তং নিধনং কর্তুং পরেস্য জনিত্র্য্য।
ঘ্ণামপাস্য রামার্থে নিহন্যাং ভাতুরাজ্ঞম্।
হস্তুকামস্য মে বাজ্পং চক্ষ্টেচ্ব নির্ধ্যতি।
তমেবৈষ মহাবাহালক্ষ্যাং শ্মরিষ্যতি॥ (৮১।১৭-১৮)

— ইন্দ্রজিং আমার প্রতুলা, আমি তার পিতৃতুলা, তাকে বধ করা আমার অনুচিত, তথাপি রামের জনা দয়া তাাগ করে তার বধসাধন করব। আমি তার মৃত্যুকামনা করি, কিন্তু অশ্র্রজলে আমার দ্ভি নির্মধ হচ্ছে, সেজনা মহাবাহ্ব লক্ষ্যুণই তাকে বধ করবেন।

বানররা বিভীষণের কথার উৎসাহিত হয়ে সহর্ষে লাগাল আস্ফালন এবং মেঘদর্শনে ময়্রের ন্যায় বিবিধ শব্দ করতে লাগাল। জান্ববানও তার ভল্লকসৈন্য নিয়ে উপস্থিত হলেন। রাক্ষসদের সংগ্য বানর-ভল্লকসৈন্যে তুমলে যুন্ধ হতে লাগাল। লক্ষ্মণকে পিঠ থেকে নামিয়ে দিয়ে হন্মান এক পর্বতশ্গ্য উৎপাটন করে স্বয়ং রাক্ষসবধে প্রবৃত্ত হলেন। লক্ষ্মণ ও ইন্দ্রজিতের শরজালে আকাশ তমসাবৃত হ'ল। সেই সময় স্থিও অস্তে গেলেন। সহস্রধারায় র্ধিরের নদী প্রবাহিত হ'ল, বায়্নিন্দল এবং অশ্নি নির্বাপিত হ'ল, মহর্ষিগ্য স্বৃত্তি স্বৃত্তিও লাগেলেন।

লক্ষ্মণ চার শরে ইন্দ্রজিতের কৃষ্ণবর্ণ চার অধ্ব বিশ্ব করে ভল্ল স্বারা

সার্রাধর শিরশ্ছেদ করলেন। ইন্দ্রাজ্ঞং স্বরং রথচালনা করতে লাগলেন।
তথন চার জন বানর বেগে আক্রমণ করে ইন্দ্রজিতের অব্ব বিন্দুট করলে।
রাক্ষসসেনাকে আব্বাস দিয়ে ইন্দ্রজিং বানরদের অজ্ঞাতসারে লঞ্কায়
গোলেন এবং উত্তম-অব্ব-যোজিত স্পান্জিত অন্য এক রথ ও সার্রাধ নিয়ে
প্নর্বার যুংধক্ষেত্রে এসে শরবর্ষণ করতে লাগলেন।

বিভীষণ গদাঘাতে ইন্দ্রজিতের অশ্ব ও সার্রাথ বধ করলেন। ইন্দ্রজিৎ রথ থেকে নেমে পিতৃব্যের প্রতি শক্তি অস্ত্র নিক্ষেপ করলে লক্ষ্মণ তা শরাঘাতে খণ্ডন করলেন। তার পর তাঁরা বার্ণ রৌদ্র আস্ত্রর প্রভৃতি নানাবিধ শর পরস্পরের প্রতি নিক্ষেপ করতে লাগলেন।

ঝিষগণ, পিতৃগণ, ইন্দ্রাদি দেবগণ এবং গন্ধর্ব প্রভৃতি লক্ষ্মণকে বক্ষা করবার জন্য যুন্ধক্ষেত্র এলেন। ইন্দ্রজিতের বধের নিমিত্ত লক্ষ্মণ এক স্মানিমিত অণিনস্পর্শ ভীষণ শর ধন্তে যোজনা করলেন। প্রের্বি দেবাস্বযুদ্ধে ইন্দ্র এই শরে দানবগণকে জয় করেছিলেন। লক্ষ্মণ সেই শরত্রেষ্ঠ ঐন্দ্রাস্ত্রকে বললেন,

ধর্মাত্মা সত্যসন্ধন্চ রামো দাশর্থিয়াদি। পৌরুষে চাপ্রতিন্ধন্দতদৈনং জহি রাবণিম্যা (১০।৬৯)

— যদি দশরপপ্ত রাম ধর্মাত্মা সভাসন্ধ এবং পোর্ষে অপ্রতিশ্বন্ধী হন তবে এই রাবণপ্তকে সংহার কর।

এই কথা ব'লে ধন্গ্ৰ্ণ আকৰ্ণ আকৰ্ষণ ক'বে লক্ষ্মণ ঐন্দ্ৰাণ মন্তু কবলেন। লিবস্থাণ ও উজ্জ্বল কুডলে ভূষিত ইন্দ্ৰজ্ঞিতের মুক্তক দেহচ্যুত হয়ে ভূতলে পড়ল। বাক্ষসসেনা উদ্ভাত হয়ে দিগ্বিদিকে পালিয়ে গেল, কেউ সম্দ্ৰে পড়ল, কেউ পৰ্বতে আশ্ৰয় নিলে। আকাশে দ্বন্ধ্বভিধ্বনি ও প্ৰশেব্দিট হল, গন্ধৰ্ব ও অস্প্ৰাৱা নৃত্যু আবদ্ভ করলে। বানবগণ গর্জন ক'বে, লম্ফ দিয়ে, লাম্প্রল আস্ফালন ক'বে, তাল ঠকে, পরস্প্রকে আলিক্ষন ক'বে এবং লক্ষ্মণকে ঘিরে তাঁর জ্য়-কীর্তন ক'বে আনন্দপ্রকাশ করতে লাগল।

२७। बाबरपद स्माफ

[সর্গ ৯১-৯৩]

রণপ্রাণত লক্ষ্মণ রস্তান্তদেহে বিভাষণ ও হন্মানের স্কণ্ধে ভর দিয়ে রামের কাছে এসে প্রণাম করলেন। বিভাষণের মুখে ইন্দুজিং-বধের সংবাদ শুনে রাম অত্যত হৃষ্ট হয়ে বললেন, লক্ষ্মণ, তুমি অতি দুক্তর কর্ম সম্পন্ন করেছ, রাবণপত্র যথন হত হয়েছে তথন আমাদের বিজয়লাভ স্নিশিচত। তুমি রাবণের দক্ষিণ হস্ত ছিল্ল করেছ। এই বলে রাম লঙ্জ্মান লক্ষ্মণকে সবলে কোলে নিয়ে আলিঙ্গন ও মস্তকান্তাণ করলেন। রামের আদেশে স্থেণ ঔষধ আদ্মাণ করিয়ে লক্ষ্মণের ব্যথা দ্রে করলেন। বিভাষণ এবং আহত বানরবীরগণও চিকিৎসায় স্ক্থ হলেন।

ইন্দুজিং নিহত হয়েছেন শানে রাবণ শোকে মাছিত হলেন। তার পর সংজ্ঞালাভ করে বিলাপ করতে লাগলেন — হা বংস বীরপ্রেণ্ঠ, তুমি ইন্দুকে জয় করেছিলে, আজ লক্ষ্মণের হাতে তোমার নিধন হ'ল কেন? তুমি যখন গত হয়েছ তখন আমারও ষমরাজের কাছে যাওয়া শ্রেয়। রাজার কার্যে নিহত হয়ে তুমি নিশ্চয় ন্বর্গলোক লাভ করেছ। আজ দেবগণ লোকপালগণ ও মহিষিণণ ইন্দুজিংকে নিহত দেখে নিভায়ে স্বাৰে নিদ্রা যাবেন। একমার ইন্দুজিতের বিরহে সকাননা সমদত প্থিবী ও গ্রিলোক আমার শ্না বোধ হছে। হা শার্জয়ী বীর, তুমি যৌবরাজ্য, লাক্র, রাক্ষসসমূহ, মাতা, ভাষা ও আমাকে ত্যাগ করে কোথায় গেছ? রাম লক্ষ্মণ স্ত্রীব জীবিত রয়েছে, তুমি আমার শল্য উন্ধার না করে কেন চলে গেলে?

রাবণ স্বভাবত জোধপ্রবণ, এখন প্রশোকে তার ক্রোধ গ্রীচ্মকালের স্বেরি ন্যায় প্রথর হ'ল। তিনি হাই তুলতে লাগলেন, তার আরক্ত নেত্র আরও রক্তবর্ণ হ'ল, প্রদীপ্ত দীপ থেকে যেমন জ্বলন্ত তৈলবিন্দ্র পড়ে সেইর্প তার চক্ষ্য থেকে অন্তর্গড়তে লাগল। ভরে কেউ তার কাছে যেতে সাহসী হ'ল না। রাক্ষসদের যুক্ষে উর্ত্তেজিত করবার জন্য তিনি বললেন, আমি সহস্র বর্ষ কঠোর তপস্যা করে ন্বয়-ভূর বরে স্বাস্বের অবধ্য হয়েছি। ব্রহ্মা আমাকে যে কবচ দিয়েছিলেন তা দেবাস্বয়ন্দেধর সংঘর্ষেও ছিল্ল হয় নি। সেই কবচ ধারণ করে আমি আজ যুদ্ধে গেলে ন্বয়ং প্রন্দরও আমার সম্মুখীন হ'তে পারবেন না। ব্রহ্মা প্রসল্ল হয়ে আমাকে যে ধন্বাণ দিয়েছিলেন তা তোমরা শত ত্যধ্বনির সহিত এখানে নিয়ে এস, আজ আমি রাম-লক্ষ্মণকে যুদ্ধে বধ করব। বানরদের বন্ধনা করবার জন্য আমার প্র সীতার মায়াম্তি বিন্দ্ট করেছিল, আজ আমি সভাই সীতাকে বধ করব।

এই কথা বলে রাবণ নির্মাল-আকাশ-বর্ণ থকা উদ্যত করে পদ্দী ও সচিবগণের সংগ্য সীতার কাছে গেলেন। সীতা দেখলেন, রাবণ মহাক্রোধে তাঁর কাছে আসছেন, হিতৈষী স্হৃদ্গণের বারণ গ্রাহ্য করছেন না। সীতা বললেন, এই দ্মতি আমাকে অনাথার ন্যায় বধ করতে আসছে। বােধ হয় আজ সে রাম-লক্ষ্যণকে যুদ্ধে নিহত করেছে অথবা তাঁদের জয় করতে না পেরে প্রশোকে জ্মুধ হয়ে আমাকেই হত্যা করতে আসছে। আমি দ্বর্ণিধ্বশে হন্মানের কথা শ্নি নি, যদি আমি তাঁর প্তেঠ আরোহণ করে পতির কাছে চলে যেতাম তবে এখন আমাকে খেদ করতে হ'ত না।

স্পার্শ্ব নামে মেধাবী সংগ্রভাব অমাতা তাঁর সংগীদের বারণ না শন্নে রাবণকে বললেন, দশানন, আপনি কুবেরের অন্জ, জোধের বশে ধর্ম বিসর্জন দিয়ে কেন বৈদেহীকে হত্যা করতে যাচ্ছেন? আপনি রহমুচর্য পালন করে গ্রেগ্র থেকে ফিরে এসে গ্রুশ্বের ধর্মে প্রবৃত্ত হয়েছেন, স্মীহত্যায় কেন আপনার ইচ্ছা হ'ল? এই র্পবতী সীতার জন্য আপনি রামের মৃত্যুকাল পর্যগত অপেক্ষা কর্ন। আজ কৃষ্ণপক্ষের চতুর্দশী, কাল অমাবস্যায় সসৈনো নিজ্ঞান্ত হয়ে রামকে বধ কর্ন, তার পর অবশাই মৈথিলীকে লাভ করবেন।

স্পাশ্বের কথা শানে রাবণ সাহ্দ্গণের সহিত সভাগ্হে ফিরে গেলেন।

२७। ब्राक्तरीविकाभ -- विद्राभाक-अरहाभव-अहाभार्ग-वव

[সর্গ ১৪--১৮]

আরোহী সমেত সহস্র সহস্র হস্তী অশ্ব রথ এবং অসংখ্য রাক্ষসবীর রামের সহিত বৃদ্ধে নিহত হয়েছে দেখে লঞ্কার অধিবাসিগণ চিম্তাকুল হ'ল। বিধবা প্রহীনা রাক্ষসীরা বিলাপ করতে লাগল — করালদর্শনা লম্বোদরী বৃষ্ধা শ্রপণ্থা কন্দপতিলা রামের কাছে কেন গিয়েছিল? রাম স্দর্শন, মহাবল, গণেবান, সর্বভূতের হিতে রত; সর্বগণেহীনা দ্মুখী রাক্ষসী তাঁকে কামনা করলে কেন? আমাদের ভাগ্য মন্দ তাই সেই লোলা•গী শক্তেকেশী বৃন্ধা সর্বলোকনিন্দিত হাস্যকর কুকার্য করেছিল। তার জন্যই রামের শত্রতা ক'রে রাবণ সীতাকে এনেছেন। বিরাধ, খর-দ্যুণ, ত্রিশিরা, জনস্থানের চোন্দ হাজার রাক্ষস, এবং বালী— এ'দের নিধনই রামের বিক্তমের পর্যাপ্ত নিদর্শন। রাবণ যদি বিভীষণের উপদেশ শুনতেন তবে লজ্কা দুঃখ্যয় শ্মশান হ'ত না। কুল্ভকর্ণ অতিকায় ও ইন্দ্রজিতের মৃত্যুতেও কি রাবণের চৈতন্য হ'ল না? আমার পরে আমার দ্রাতা আমার স্বামী যুম্থে হত হয়েছে – গ্রেহ রাক্ষসীদের এই বিলাপই শোনা যাচ্ছে। লক্ষা বারশ্না, আমাদের জীবনের আশা নেই, বিপদের অশ্ত নেই। রাবণের উৎপীড়নে আর্ত হয়ে দেবতারা যখন মহাদেবের শরণাপন্ন হন তথন তিনি বলেছিলেন, তোমাদের হিতার্থ এক নারী উৎপন্ন হবেন, তিনিই রাক্ষস ক্ষয় করবেন। পরাকালে দেবগণের নিয়োগে ক্ষর্থা যেমন দানবগণকে বিনষ্ট করেছিল সেইর্প এই সীতা রাবণ ও আমাদের সকলকে ভক্ষণ করবে।

লঞ্চার গৃহে গৃহে রাক্ষসীদের এইর্প বিলাপ শৃনে রাবণ দীর্ঘ-নিঃশ্বাস ফেলে ওণ্ঠদংশন করতে লাগলেন। তার পর ম্তিমান কালান্দির ন্যায় ভীষণ হয়ে সমীপদ্ধ রাক্ষসদের বললেন, সৈন্যদের শীঘ্র যুক্ষষাত্রা করতে বল। রাবণের আজ্ঞায় মহোদর (১) মহাপাশ্ব (১) ও

⁽১) এ'রা রাবদের অমাতা। এই নামের দ্বন রাবণদ্রাতা প্রেই মরেছেন, যোড়শ পরিচ্ছেদে দুন্দব্য।

বির্পাক বিপ্র বাহিনী সন্তিত করে কৃতাক্রিপ্টে প্রভূর সম্বর্থ উপস্থিত হলেন। অটুহাস্য করে রাবদ বললেন, আল আমি প্রলরস্বের ন্যার প্রদীপত বাদে রাম-লক্ষ্মণকে বমালরে পাঠিয়ে ধর, প্রহস্ত, কৃষ্টকর্ণ এ ইন্দ্রজিতের মৃত্যুর প্রতিশোধ নেব। বাদের ভ্রাতা বা প্রে হত হয়েছে শত্র সংহার করে তাদের অল্লেল ম্রিয়ে দেব। আল আমি কাক গ্র ও মাংসালী সকল প্রাণীকে শত্রুর মাংসে তপিত করব।

এক নিষ্ত রথ, তিন নিষ্ত হস্তী, ষাট কোটি অশ্ব, ৰাট কোটি বর ও উপা এবং অসংখা পদাতি নিয়ে রাবণ ব্যব্দানা করলেন। তিনি স্বরং দিব্যাস্থাসন্পান নানা অসংকারে ভূষিত অপ্টতুরস্গবাজিত রথে আরোহণ করে চললেন। রাক্ষস ও বানর সৈন্যে ভীষণ ব্যব্দ হ'তে লাগল এবং উত্তর পক্ষের বহু সৈনা নিহত হ'ল। বির্পাক্ষের খড়্গাঘাতে স্থাবি মৃছিতি হয়ে পড়লেন, পরে সংজ্ঞালাত করে বির্পাক্ষের ললাটে চপেটাঘাত করে তাঁকে বধ করলেন। তার পর মহোদরের সপো স্থাবি খড়্গাব্দের প্রবৃত্ত হলেন। মহেদির স্থাবির বর্মে প্রচাত আঘাত করবামান খড়্গা বর্মে আটকে গেল। মহোদর খড়্গা টেনে নিতে নিতে স্থাবি তাঁর শিরক্ছেদন করলেন। এহাবীর অশ্যাদ পরিষ নিক্ষেপ করে মহাপানের ধন্বাদ ও উষ্ণীষ ভূপাতিত করলেন, তার পর মৃথির আঘাতে বক্ষ চূর্ণ করলেন।

२०। जक्यात्वर पविद्यम

[77 22-202]

বির্পাক্ষ মহোদর ও মহাপার্শকে নিহত দেখে রাবণ তার সার্রাধকে বললেন, আমার অমাতাগণ হত হরেছেন, আমার নগরও অবর্শ হরেছে, রাম-লক্ষ্মণকে বধ ক'রে আমার দৃঃখ দ্র করব। সীতা বার প্লে ও কল, স্মার জাশ্বনান হন্মান অশাদ প্রভৃতি বানর বার প্রশাধা, সেই রামর্প ব্লকে আমি বৃশ্ধে উচ্ছিল্ল করব। রাবণ সম্মুখে এলে রাম হৃষ্ট হয়ে প্রচণ্ড জ্যানির্যোষ করলেন।
লক্ষ্মণ যুশ্ধ করবার জন্য অগ্রসর হলেন, কিন্তু রাবণ তাঁকে অতিক্রম
ক'রে রামের প্রতি শরক্ষেপণ করতে লাগলেন। রাবণের আস্র অদ্র
রামের পাবকালা শ্বরো খণ্ডিত হ'ল। রাবণ ময়-নিমিত মহাদ্যতি
রৌদ্রাল্য নিক্ষেপ করলেন, তা থেকে শ্ল গদা ময়্বল ময়্দ্র্গর পাশ অশ্নি
প্রভৃতি নির্গত হ'ল। রাম গণ্ধর্বান্দ্র এইসকল নিব্যারিত করলেন।
রাবণ মল্যোচ্যারণ ক'রে সৌরাল্য প্রয়োগ করলেন, তা থেকে প্রদীণ্ড
চক্রসম্হ নির্গত হয়ে চতুদিকে ধাবিত হ'ল। রাম শ্রাঘাতে সেইসকল
চক্র ছিল্ল করলেন।

লক্ষ্মণ শরাঘাতে রাবণের নরম্ব্ডলাঞ্চিত ধ্রুজ, ধন্ এবং সার্রাথর মদতক ছেদন করলেন, বিভীষণও গদাঘাতে রথের অন্ব বিনন্ট করলেন। রথ থেকে নেমে রাবণ তাঁর ভ্রাতার উদ্দেশে এক অন্যনিতৃল্য দান্তি নিক্ষেপ করলেন, লক্ষ্মণ তা শরাঘাতে ছেদন করলেন। তথন রাবণ আর একটি প্রকাক্ত শক্তি নিলেন যা কৃতান্তেরও দ্বংসহ। তিনি লক্ষ্মণকে বললেন, ওহে বলগবিত, তৃমি আমার অন্যাঘাত থেকে বিভীষণকে রক্ষা করেছ, এখন তাকে ছেড়ে তোমার প্রতিই শক্তি নিক্ষেপ করব, এই শত্রুশোণিত পায়ী অন্য তোমার হুদ্য় ভেদ করে প্রাণ নিয়ে নিগতি হবে।

এই ব'লে রাবণ শন্তি নিক্ষেপ করলেন। ময়দানবনিমিতি অন্ট্রণটাযক্ত সেই অস্ত্র বন্তুনিনাদে লক্ষ্যণের অভিম্থে ধাবিত হ'ল। রাম
বললেন, লক্ষ্যণের স্বস্তি হ'ক, শন্তি তুমি বার্থ হও। নাগরাজের
জিহ্নার ন্যায় দীপামান সেই শক্তি মহাবেশে পত্তিত হয়ে লক্ষ্যণের হ্দয়ে
প্রবিষ্ট হ'ল, তিনি ভূতলে প'ড়ে গেলেন।

এখন বিষাদের সময় নয় এই ভেবে রাম শোক রোধ ক'রে সর্বপ্রথরে রাবণবধের নিমিন্ত যালধ্ব করতে লাগলেন। বানররা লক্ষ্মণের বক্ষ থেকে শক্তি উন্ধারের চেণ্টা করলে কিন্তু রাবণের শরাঘাতে নিরস্ত হ'ল। তখন রাম দ্বৈ হস্তে শক্তি উৎপাটিত ক'রে ভেঙে ফেললেন। রাবণ মর্মভেদী শর বর্ষণ করতে লাগলেন, কিন্তু রাম বিচলিত না হয়ে লক্ষ্মণকে আলিশ্যন ক'রে স্ত্রীব ও হন্মানকে বললেন, তোমরা লক্ষ্মণকে বেন্টন

করে এইথানে থাক, এখন আমার বহুদিনের আকান্দিত পরাত্তম প্রকাশের সময় উপন্থিত। তোমরা শীঘ্রই দেখতে পাবে প্রথিবী অরাবণ বা অরাম হয়েছে। এই ব'লে রাম বৃষ্টিধারার ন্যায় শর নিক্ষেপ করতে লাগলেন, রাবণ নিপীড়িত হয়ে রণন্থল পরিত্যাগ করলেন।

তখন রাম স্থেণকে বললেন, আমার প্রাণাধিক প্রিয় দ্রাতা রক্কান্তদেহে ভূল্বিত, আমি কি জনা যুখ্ধ করব, আমার জীবনেই বা কি প্রয়োজন? বনষাত্রার সময় ইনি আমার সঞ্গে এসেছিলেন, যমলোকেও আমি এর সংগী হব।

দেশে দেশে কলতাণি দেশে দেশে চ বাশ্ধবাঃ।
তং তু দেশং ন পশ্যামি যত ভ্রাতা সহোদরঃ॥
কিং নু রাজ্যেন দুর্ধর্য লক্ষ্মণেন বিনা মম।
কথং বক্ষাম্যহং ছন্বাং সনুমিতাং প্তবংসলাম্॥ (১০১।১৪-১৫)
হা ভ্রাত্মনিক্ষেতি শ্রাণাং প্রবর প্রভো।
একাকী কিং নু মাং তান্তরা পরলোকায় গচ্ছসি॥ (১০১।১৯-২০)

— দেশে দেশে পত্নী পাওয়া যায়, দেশে দেশে বন্ধত্ব মেলে, কিন্তু এমন দেশ দেখি না যেখানে সহোদর ভাতা পাওয়া ষায়। বীর স্থেণ, লক্ষ্মণকে হারিয়ে আমার রাজ্যে কি প্রয়োজন, আমি প্রবংসলা মাতা স্মিত্রাকে কি বলব? হা নরশ্রেষ্ঠ বীরাগ্রগণ্য ভাতা, আমাকে ত্যাগ ক'রে কেন একাকী পরলোকে যাচ্ছ?

রামকে আশ্বাস দিয়ে স্কেণ বললেন, নরশাদ্লে, তুমি শোক ত্যাগ কর। লক্ষ্মণ মরেন নি, এর মুখ বিকৃত বা শ্যামবর্ণ হয় নি, এর হ্দয়ও স্পশ্দিত হচ্ছে। তার পর স্কেণ হন্মানকে বললেন, জাশ্ববান প্রে যে ওমধি পর্বতের কথা বলেছিলেন তার দক্ষিণ শিখর থেকে বিশল্যকরণী সাবণ্যকরণী সঙ্গীবকরণী ও সন্ধানী এই চার প্রকার মহৌষধি শীঘু নিয়ে এস।

হন্মান তখনই ওষধি পর্বতে গেলেন কিন্তু ওষধি খ্রেজ পেলেন না। বিলম্বে মহা বিশদ হ'তে পারে এই ভেবে তিনি পর্বতের দৃৎগ উৎপাটন করে নিয়ে এলেন। স্বেণ গুর্মাধ পেষণ করে লক্ষ্মণকে আদ্রাণ করালেন, লক্ষ্মণ অচিরে বিশলা ও নীরোগ হয়ে গালোখান করলেন। রাম তাঁকে আলিখ্যন করে বললেন, বীর, ভাগাল্লমে তোমাকে প্নজীবিত দেখছি, তুমি গত হ'লে সীতার উন্ধার বা বিজয়লাভ বা জীবনে আমার কি প্রয়েজন?

রামের শিথিল বাকো খিল হয়ে লক্ষ্মণ বললেন, আপনি শত্র-সংহারের যে প্রতিজ্ঞা করেছিলেন তা ভূলে গিয়ে দৌর্বল্য প্রকাশ করবেন না। আমার ইচ্ছা আজ স্থান্তের প্রেই আপনি দ্রান্ধা রাবণকে বধ কর্ন।

२४। बादनवय

[সর্গ ১০২-১০১]

রাবণ অন্য এক রথে রণভূমিতে ফিরে এসে রামের প্রতি শরবর্ষণ করতে লাগলেন। এই সময়ে দেব-গন্ধর্ব-কিল্লরগণ বলাবলি করতে লাগলেন, রাম ভূমিতে এবং রাবণ রথে রয়েছেন, এ'দের যুন্ধ অসমান। তখন ইন্দ্রের আজ্ঞায় মাতলি স্বর্গালংকত হরিদ্বর্গ-অন্ব-যোজিত রথ নিয়ে কশাহস্তে রামের কাছে এসে বললেন, কাকুৎস্থ, সহস্রাক্ষ ইন্দ্র আপনার বিজয়কামনায় এই রথ, ঐন্দ্র মহাধন্ব, শর, কবচ ও শান্তিরেছেন। আপনি এই রথে আরোহণ করে রাবণকে বধ কর্বন।

ইন্দ্রপ্রেরিত রথকে প্রদক্ষিণ ও অভিবাদন ক'রে রাম তাতে আরোহণ করলেন। রাম-রাবণের অন্তুত রোমহর্ষকর দৈবরথ' যুন্ধ আরুভ হ'ল, রাবণের গান্ধর্ব ও দৈব অন্ত রাম অনুরূপে অন্ত ল্বারা এবং সপান্ত গর্ডান্ত ন্বারা নিবারণ করতে লাগলেন। রাবণ শরাঘাতে মাত্লিকে নিপীড়িত ক'রে রামের ন্বর্গযুক্ত ও ঐন্তান্ব সকল বিন্তু করলেন। রামচন্দ্রকে রাবণরাহ্ কর্তৃক গ্রন্ত দেখে সিন্ধগণ মহর্ষিগণ এবং বিভীষণ-স্কাবিদি ব্যথিত হলেন। সম্ভ ধ্যে পরিব্যান্ত হ'ল, উত্তাল তরশা বেন স্ব স্পর্গ করতে লাগল। স্বেরি আলোক ক্ষীণ হ'ল, তার অক্কে করম্বচিক্ত ও ধ্যকেতু দেখা গেল। অস্বগণ বললেন— রাবণের জয়, দেবগণ বললেন—রামের জয়। রামের প্রতি রাবণ এক ভয়াবহ তীক্ষাগ্র অভ্যাতীয়ক মহাস্ল নিক্ষেপ করলেন, রাম ইন্দুদন্ত শক্তি অস্ত্র বারা সেই শ্লে থাণ্ডত করলেন।

রাবণকে রাম বললেন, রাক্ষসাধম, জনস্থানে আমার ভার্যাকে অসহায় দেখে হরণ করেছিলে, এতেই তুমি নিজেকে বরীর মনে কর? তুমি কুবেরের প্রাতা হয়ে অতি শ্লাঘনীয় কর্ম করেছ! দর্মতি, চোরের ন্যায় সীতাকে হরণ করে তোমার লক্জা হয় নি। আজ তীক্ষ্ম শরাঘাতে তোমাকে আমি যমালয়ে পাঠাব। এই প্রকারে রাবণকে ভংসনা করে রাম শরবর্ষণ করতে লাগলেন। তার বীর্য, ক্ষিপ্রতা ও অস্ক্রবল শ্বিগ্রুণ হ'ল। এইসকল শ্বভিচ্হ দেখে তিনি রাবণকে অধিকতর নিপাঁড়িত করতে লাগলেন। রাবণ অস্ক্রচালনায় অক্ষম ও মোহগ্রুস্ত হয়েছেন দেখে রাম তখন তাঁকে মারবার ইচ্ছা করলেন না। রাবণের অবস্থা ব্রে তাঁর সারবি ভাঁত হয়ে যুম্ধক্ষ্তে থেকে রথ সারিয়ে নিয়ে গেল।

কিছ্কণ পরে সংজ্ঞালাভ করে রাবণ তাঁর সার্যাথকে সক্রোধে বললেন, দ্বর্শিধ, আমার অভিপ্রায় না ব্রেথ কেন আমার রথ সরিয়ে এনেছ? আমার বল বাঁর্য তেজ নত করে তুমি শত্রের সমক্ষে আমাকে কাপ্রেষ প্রতিপান করেছ, নিশ্চয় শত্র তোমাকে উংকোচ দিয়েছে। সার্যাথ অন্নয় করে বললে, মহারাজ, আমি ভাঁত বা প্রমন্ত হয়ে বা উংকোচ নিয়ে এই কার্য করি নি, আপনার হিতকামনায় ও বশোরক্ষার নিমিন্তই করেছি। আপনি রণশ্রমে ক্লান্ড ও হানবল, রথের অশ্বসকল ঘর্মান্ত ও পরিপ্রান্ত, নানাপ্রকার দ্বিনিমন্তও দেখা যাচ্ছে, এইসকল কারণেই আমি রথ সরিয়ে এনেছি। সার্যাথর কথায় সম্ভূষ্ট হয়ে রাবণ তাকে নিজের হস্তাভরণ পারিতোষিক দিলেন এবং প্নর্বার রণস্থলে যেতে বললেন।

ভগবান অগস্তা দেবগণের সন্ধ্যে যুখ্ধ দেখতে এসেছিলেন। তিনি রামকে বললেন, মহাবাহ, আমি তোমাকে সর্বশাহ্যিনাশন সনাতন গৃহ্য আদিত্যহ্দয় স্তোর শিথিয়ে দিছি, এই মহাগ্রেসম্পন্ন স্তোর তিনবার জ্বপ করলে তুমি যুক্থে জয়লাভ করবে। অগস্ত্যের উপদেশ অন্সারে রাম আচমন করে শ্রিচ হয়ে স্বের উদ্দেশে তিনবার স্তোর পাঠ করলেন। স্বাধি তাঁকে বললেন, তুমি রাবণবধে স্বাদ্বিত হও।

রাম ও রাবণ রথারোহণে পরস্পরের সম্মুখীন হয়ে লোমহর্ষকর তুম্ল বৃদ্ধ করতে লাগলেন। গদা ম্বল পরিষ ও শরের শব্দে সাগর ক্ত্রিত হ'ল, শৈলকাননসহ মেদিনী কম্পিত হ'ল, স্বা নিম্প্রভ এবং বায়্ব নিম্চল হ'ল। দেবতা গম্বর্ব সিম্প ও মহর্ষিগণ বলতে লাগলেন, গো-রাহ্মণের মধ্যল হ'ক, তিলোক শাস্তিতে থাকুক, রাম রাবণকে জয় কর্ন। রাম তীক্ষা লরাঘাতে রাবণের কুন্ডলভূষিত মস্তক ছেদন করলেন। সকলে দেখলে, মস্তক ভূমিতে পড়ল, কিন্তু অনুর্প আর এক মস্তক তৎক্ষণাং রাবণের স্কম্থে উন্থিত হ'ল। রাম বার বার রাবণের শিরম্পেদন করলেন, কিন্তু ছেদনমাত্রই ন্তন মস্তক উদ্গত হ'ল। রাবণের জীবনের অন্ত নেই দেখে রাম ভাবলেন, যে শরে মারীচ ধর-দ্বণ বালী প্রভৃতি নিহত হরেছে সেইসকল শর রাবণের দেহে নিম্তেজ হচ্ছে কেন? মাতলি তাকৈ বললেন, বীর, তুমি বেন কিছ্ব জান না এমন কথা বলছ। পিতামহ রহ্মার প্রদত্ত অস্ত্র রাবণের প্রতি প্রয়োগ কর, তার বিনাশকাল এখন উপস্থিত হয়েছে।

রাম ব্রহান্ত গ্রহণ করকেন। এই অন্তের প্রেথ প্রন, ফলকে অণ্নি ও ভাল্কর, শরীরে আকাশ এবং ভারে মের্মন্দর অধিন্ঠান করেন। সধ্ম কালান্দি এবং দীল্ড আশীবিষের ন্যায় ভীষণ, সর্ব বাধা ভেদে সমর্ঘ, র্ধির ও মেদে লিল্ড এই ব্রহ্মান্ত দেখে বানরগণ উল্লিস্ত এবং রাক্ষসগণ অবসার হ'ল। বেদোন্ত বিধি অন্সারে মল্লপাঠ ক'রে রাম তার কার্মকে সেই ব্রহ্মবাণ সন্ধান করলেন। সর্বভূত সমেত বস্প্রা সন্ধান্ত ও চঞ্চল হলেন। রামের হল্ড থেকে মৃত্ত হয়ে সেই কৃতান্তসম অনিবার্ষ বাণ রাবণের হৃদয় ভেদ ও প্রাণ হয়ণ ক'রে র্ধিরাক্ত হয়ে ভূতলে প্রবিদ্ধ হ'ল এবং লকার্য সাধনের পর বিনীতের ন্যায় প্নর্বার ত্ণীরে ফিরে এল। রাবণকে নিহত দেখে হতাবশিষ্ট রাক্ষসগণ গ্রন্থত হরে চতুদিকে পালিয়ে গেল। বানরগণ মহানন্দে রামের জরধননি করতে লাগল। অন্তরীক্ষে দ্বদ্ভিধননি হল, দিবা গণ্ধ ও স্থাস্পর্শ বায়ন্ বইতে লাগল, রামের রথের উপর প্রপ্রবৃষ্টি হ'ল, দেবতারা সাধ্ সাধ্ ব'লে রামের স্তৃতি ক্রলেন।

প্রবেশপ্রতাপে থাতনামা নীতিজ্ঞ মহাবীর, মহার্ঘ শ্যা ত্যাগ ক'রে কেন ভূমিতে শ্রে আছে? আমার হিতবাক্য তোমার র্চিকর হয় নি, আমি বে আশুন্কা করেছিলাম এখন তাই হ'ল। তুমি ধরাশায়ী হওয়ায় আদিতা ভূপতিত, চন্দ্র তমসাবৃত, অণিন নির্বাপিত, কর্মপ্রবৃত্তি নির্দাম হয়েছে। তোমার মৃত্যুতে লগ্কা বীরশ্না হ'ল।

বিভীষণকৈ প্রবোধ দিয়ে রাম বললেন, এই মহাবীর নিশ্চেণ্ট হয়ে নিহত হন নি। ইনি নিঃশপ্ত মহোৎসাহী ষোম্ধা, ক্ষবিয়-ধর্ম পালন করে যুম্থে প্রাণ দিয়েছেন, এ'র জন্য শোক করা উচিত নয়। এখন এ'র অন্তিম কার্যের উদ্বোগ কর।—

> মরণাদ্তানি বৈরাণি নিব্তিং নঃ প্রয়োজনম্। ক্রিয়তামস্য সংস্কারো মমাপ্যেষ যথা তব্য (১০৯।২৫)

—মৃত্যুর পর সকল শূর্তার অবসান হয়। আমাদের প্রয়োজন সিম্থ হয়েছে। জুমি এ'র সংকার কর, ইনি বেমন তোমার স্বজন, আমারও সেইর্প।

২১। রাবপগরীদের লোক—রাবদের অন্ত্যেভি

[मर्ग 550-555]

রাবণের পত্নীগণ অন্তঃপর থেকে নিষ্কান্ত হয়ে ম্রেকেশে বিলাপ করতে করতে রণভূমিতে এলেন। তাঁরা সেই কবন্ধসমাকুল লোণিত-কর্দমময় স্থানে এসে 'হা নাথ হা আর্য পত্র' ব'লে অন্বেষণ করতে করতে দেখতে পেলেন, মহাকার মহাবার্ষ রাবণ নীলাজনস্ত,পের ন্যার ভূপতিত ররেছেন। তারা ছিল্ল বনলতার ন্যার রাবণের দেহে পতিত হলেন। কেউ তাঁকে আলিশ্যন ক'রে, কেউ কর-চরণ ধ'রে, কেউ অন্দেক মস্তক তুলে নিয়ে সরোদনে বিলাপে করতে লাগলেন—ইন্দ্র ও যম যাঁর জন্য ত্রুত, যিনি দেব-গণ্ধর্ব-খাষ্য্যণের ভ্রের কারণ, স্রোস্রের পল্লগাদি হ'তে যাঁর ভর ছিল না, তিনি আজ পাদচারী মান্য কর্তৃক নিহত হয়ে শরের আছেন! হা মহারাজ, তুমি হিতবাদী স্বহৃদ্গণের বাকা না শনে নিজের মরণের নিমিত্তই সীতাকে হরণ করেছিলে।

রাবণের প্রিয়া জ্যেষ্ঠা পর্য়ী মন্দোদরী বললেন, মহারাজ, তুমি জ্বুখ হ'লে ইন্দ্রও তোমার সম্মুখে দাঁড়াতে পারতেন না, সেই তুমি মান্য রাম কর্তৃক নির্জিত হ'লে! বোধ হয় কৃতান্ত ন্বয়ং রামর্পে অতর্কিতে এসে তোমার বিনাশের জন্য মায়া বিস্তার করেছেন। অথবা অনাদি পরমপরেষ শুরুষভের্যদাধর বিষ্ণু মান্ধের রূপ ধরে তিলোকের হিত-কামনায় বানরর্পী দেবগণের সহায়তায় তোমাকে বধ করেছেন। প্রের্ তুমি ইন্দ্রিয় জয় করে ত্রিভূবনবিজয়ী হয়েছিলে, এখন তোমার ইন্দ্রিয়গণই তোমাকে নিজিতি করেছে। তুমি সহসা সীতার প্রতি অভিলাষী হয়ে তাঁকৈ হরণ করেছিলে, এখন সেই পতিব্রতার অভিশাপেই দৃণ্ধ **হ'লে। সীতার কুলগোরব বা রূপগ্**র আমার অপেক্ষা অধিক নয়, **আমার সমানও নয়, তা তুমি মোহবণে ব্ঝলে** না। পুত ইন্দ্রজিতের বধে আমি তীর আঘাত পেয়েছি, আজ একবারে নিপাহিত হয়েছি। মারী**চ বিভীষণ কুম্ভকর্ণ এবং আমার পি**তার(১) বাকো তুমি কর্ণপার্ত কর নি, তার**ই এই ফল। তোমার বীরত্বের** অভিমান ছিল, তবে কেন তুচ্ছ নারীচোর্যে তোমার প্রবৃত্তি হ'ল? তুমি রণভূমিকে প্রিয়ার ন্যায় আলিশ্যন ক'রে কেন শুরে আছ, অপ্রিয়ার ন্যায় আমার সংগ্য কথা বলছ না কেন? আমার হৃদয়কে ধিক, তোমার বিরহে এখনও সহস্রধা न्पिरीप इ'न नाः

⁽১) सद शनवः।

রাম বিভীষণকে বললেন, তুমি এই স্থানৈর সান্দ্রনা দিয়ে দ্রাতার সংকার কর। বিভীষণ উত্তর দিলেন, রাবণ পরস্থাীপীড়ক এবং সর্ব-লোকের অহিতে রত ছিলেন, ইনি গ্রের্জন হ'লেও আমার প্রেনীয় নন, আমি এ'র সংকার করতে পারি না। লোকে আমাকে নৃশংস বলবে, কিন্তু রাবণের দৃষ্কর্মের কথা ন্নেলে আমার আচরণ সমর্থন করবে। রাম বললেন, রাবণ অধর্মচারী কিন্তু তেজস্বী, মহাবল এবং ইন্যাদি দেবগণেরও অজের ছিলেন। এ'র মরণে অস্ক্রাদের বৈরের অবসান ঘটেছে। এখন তুমি ধর্মান্সারে এ'র অন্নিসংক্রার কর, তাতে তোমার বশোলাভ হবে।

বিভীষণ রামের কথায় সম্মত হলেন এবং শকট, আন্ন, বাঞ্জক, চন্দন কান্ট, অগ্নুর প্রভৃতি গন্ধপ্রবা ও মণিম্কাপ্রবালাদি শমশানে পাঠিয়ে মাল্যবানকে দিয়ে কার্যারন্ড করলেন। রাবণকে কৌমবাস পরিয়ে ন্বর্ণমন্থ শিবিকায় দক্ষিণাভিম্থে নিয়ে বাওয়া হ'ল। বিভীষণ ও অধ্বর্থগণ অগ্রে এবং রোর্ণ্যমানা নারীয়া পন্চাতে গোলেন। দাহন্থানে এসে যথাবিধ পিত্মেধ যজ্জের পর বিভীষণ রাবণের অন্নিসংকার ও তর্পণ করলেন।

০০। বিভাষণের অভিবেক – সীতার ক্ষম

[अर्थ २२५-२२०]

রবেণবধের পর দেবগন্ধর্বদানবাদি নিজ নিজ প্রানে প্রস্থান করলেন, মাতলিও ইন্দের রথ নিয়ে ফিরে গেলেন। রাম লক্ষ্মণকে বললেন, এখন তুমি বিভীগণকে লক্ষ্মরাজ্যে অভিষিক্ত কর। লক্ষ্মণ হৃষ্ট হয়ে দ্বর্ণঘটে সম্দুজল আনালেন এবং বিভীষণকে উত্তম আসনে বসিয়ে যথাবিধি অভিষেক সম্পন্ন করলেন। পৌরজনের নিকট বিভীষণ যে শিধ লাজ মোদক প্রশ্ন প্রভৃতি উপহার পেলেন তা তিনি রাম-লক্ষ্মণকে নিবেদন করলেন। তার পর রাম হন্মানকে বললেন, সৌম্য, তুমি মহারাজ বিভীষণের আজ্ঞা নিয়ে লক্ষ্মপ্রীতে গিয়ে মৈখিলীকে কুশলজ্জিনা কর এবং আমাদেরও কুশল জানিয়ে বল যে রাবণ নিহত হয়েছেন। এই প্রিয়সংবাদ দিয়ে শীঘ্র তাঁর প্রত্যুত্তর নিয়ে এস।

হন্মান অশোকবনে গিয়ে সীতাকে রামের বার্তা জানালেন। অত্যতত হর্ষের জনা সীতার বাক্যস্ফ্তি হ'ল না। হন্মান বললেন, দেবী, কি চিন্তা করছ? সীতা বাল্পসদ্সদ্সবরে উত্তর দিলেন, মহাবীর, প্রিবীতে এমন কোনও ধনরত্ব দেখি না যা তোমাকে দান ক'রে স্থী হ'তে পারি। তিলোকের রাজাও তোমার সংবাদের উপয্ত প্রস্কার নয়। হন্মান বললেন, এমন স্নেহময় বাকা তোমার নয়য় ভর্তা বিজয়কাল্কিনী পতিরতারই যোগ্য। দেবী, এইসকল ঘোরর্পা ক্রেপ্রকৃতি রাক্ষ্সী তোমাকে তজন করত, যদি অন্মতি দাও তোম্বি বা ক্রেপ্রতার বা পদাঘাতে বা দংশন ক'রে বা নাসাকর্ণ ভক্ষণ করে বা কেলাকর্ষণ ক'রে এদের হত্যা করি।

সীতা বললেন, বানরশ্রেষ্ঠ, এরা রাজার আগ্রিত ও বলীভূত দাসীমাত, এদের উপর কে ক্রুম্থ হ'তে পারে? আমি ভাগ্যদোবে ও প্র্রজন্মের দ্বুক্তির ফলে দ্বুংখ পেরেছি। রাবণের এই দাসীদের আমি ক্ষমা করছি, এরা প্রভুর আদেশেই আমাকে তর্জন করত, এখন রাবণের মৃত্যুর পর আর করবে না। একটি প্রাচীন শ্লোক শোন—

ন পরঃ পাপমাদত্তে পরেষাং পাপকর্মণাম্।
সময়ো রক্ষিতব্যস্তু সন্তশ্চারিত্রভূষণাঃ॥
পাপানাং বা শভানাং বা বধাহণিক্ষথাপি বা।
কার্যং কার্ণামার্গেণ ন কণ্চিল্লাপরাধ্যতি॥ (১১৩।৪২-৪৩)

— পরের আদেশে যারা পাপ করে, প্রাক্ত ব্যক্তি তাদের উপর প্রতিশোধ নেন না; এই নিয়মই পালনীয়, কারণ চরিত্রই সাধ্দের ভূষণ। অপরাধী বা সদাচারী বা বধার্য সকলের প্রতিই সদয় ব্যবহার করা উচিত; অপরাধ করে না এমন কেউ নেই।

হন্মান বললেন, দেবী, তুমি রামেরই উপধ্র গ্ণান্বিতা ধর্মপত্নী। এখন অনুমতি দাও আমি ফিরে যাই।

৩১। রামের সীতা-প্রত্যাখ্যান

[五元 228-226]

রামকে অভিবাদন করে হন্মান বললেন, যাঁর জন্য আমাদের এই উদাম, যিনি আমাদের সমস্ত কর্মের ফলস্বর্প, সেই শোকসন্ত তা সীতাকে এখন তোমার দেখা উচিত। তিনি তোমার বিজয়সংবাদ শ্নে আকুলনয়নে আমাকে বলেছেন — আমি ভর্তাকে দেখতে ইচ্ছা করি।

রাম সহসা চিন্তান্বিত হলেন, তাঁর চক্ষ্ম সঞ্জল হ'ল। তিনি দীর্ঘনিঃশ্বাস ফেলে বিভীষণকে বললেন, তুমি সীতাকে শিরঃস্নান করিয়ে
দিব্য অংগরাগ ও দিব্য আভরণে ভূষিত করে শীঘ্র আমার কাছে নিয়ে
এস। বিভীষণ সীতার কাছে গিয়ে মন্তকে বন্ধাঞ্জাল স্থাপন করে
রামের ইছা জানালেন। সীতা বললেন, রাক্ষসরাজ, আমি স্নান না
কারেই স্বামীর্কে দেখতে চাই। বিভীষণ বললেন, তোমার ভর্তা রাম
বের্প বলেছেন সেইর্পই তোমার করা উচিত। তখন পতিব্রতা সাধ্বী
সীতা স্নান করে মহার্ঘ বেশভ্ষা ধারণ করে রাক্ষসবাহিত শিবিকায়
উঠে বিভীষণের সংগ্য রামের কাছে গেলেন।

সীতা এসেছেন শ্লে রাম ব্রগণং রোষ হর্ষ ও দৈনা অন্ভব করে বললেন, রাক্ষসরাজ, বৈদেহীকে শীঘ্র আমার কাছে নিয়ে এস। বিভীষণ তখনই সমবেত সকল লোককে সরিয়ে দেবার আজ্ঞা দিলেন। কণ্যুক-উন্ধারী প্র্যুবরা বেতহন্তে বানর ভল্ল্ক ও রাক্ষস যোগ্যগণকে অপসারিত করতে লাগল। রাম দয়ার্দ্র ও র্ল্ট হয়ে বারণ করলেন এবং জোধদীত নয়নে বিভীষণকে ভংসনা করে বললেন, তুমি কেন আমার মত না নিয়ে এই সকল লোককে কণ্ট দিছে? এদের উদ্বিশন করো না, এরা আমার স্বজন।

ন গৃহাণি ন কলাণি ন প্রাকারস্ভিরা।॥ নেদৃশা রাজসংকারা ব্ভমাবরণং শিল্যাঃ॥ ব্যসনেষ্ ন কৃচ্ছে যে ন যুদ্ধেষ্ স্বয়ংবরে।
ন ক্রতো নো বিবাহে বা দর্শনং দ্যাতে সিন্যাঃ॥
নৈষা বিপদ্গতা চৈব কৃচ্ছে ৭ চ সমন্বিতা।
দর্শনে নাস্তি দোষোহস্যা মংসমীপে বিশেষতঃ॥
বিস্ঞা নিবিকাং তৃত্যাৎ পদ্ভ্যামেবাপসপ্তু।
সমীপে মম বৈদেহীং পশ্চেতে বনৌকসঃ॥ (১১৪।২৭-৩০)

– গৃহ বন্দ্র প্রাচীর বা লোকাপসারণ, এসকল রাজকীয় আড়াবর নারীদের আবরণ নয়, চরিত্রই নারীর আবরণ। বিপদ, পীড়া, যুন্ধ, স্বয়ংবর, যজ্ঞ, এবং বিবাহে নারীকে দর্শন দ্যেণীয় নয়। সীতা বিপদ্-গ্রুস্ত ও কন্টে পত্তিত, এখন তাঁর দর্শনে দোষ হবে না, বিশেষত আমার সমীপে। অতএব উনি শিবিকা থেকে নেমে পদব্রজে আস্ক্রন, এই সমস্ত বনবাসী বানরভল্লকোদি আমার সমীপে সীতাকে দেখুক।

রামের কথায় চিন্তান্বিত হয়ে বিভীষণ সীতাকে সবিনয়ে নিয়ে এলেন। লক্ষ্যাণ স্থাবি হন্মানও ব্যথিত হলেন। লক্ষ্যায় যেন নিজের দেহে লীন হয়ে সীতা রামের সম্মুখে এসে বিস্ময়ে হর্ষে ও স্নেহে পতিমুখ নির্থাক্ষণ করলেন।

সীতাকে পাশ্বে দেখে রাম নিজের মনোগত ভাব ব্যক্ত করে বললেন, আমি যুন্দে শত্র জয় করে তোমাকে উন্ধার করেছি, পৌর্ষ ব্যারা যা করা যায় তা আমি করেছি। আমার ক্রোধ ও শত্র্কত অপমান দ্রে হয়েছে, প্রতিজ্ঞা পালিত হয়েছে। আমার অনুপশ্বিতিতে তুমি চপলমতি রাক্ষস কর্তৃক অপহত্ত হয়েছিলে তা দৈবকৃত দোষ, আমি মান্য হয়ে তা ক্লালন করেছি। যে নিজের শক্তিতে অপমানের গোধ নিতে পারে না তার পৌর্ষ বৃথা। আজ হন্মান স্ত্রীব ও বিভীষণের পরিশ্রম সার্থক হল।

রামের কথা শানে সীতা মুগীর ন্যায় বিস্ফারিত ও অপ্রপূর্ণ নয়নে চাইতে লাগলেন। সেই পত্মপলালাকী কৃষ্ণকৃষিতকেশা হৃদয়প্রিয়াকে দেখে রামের হৃদয় লোকনিদার ভরে ন্বিধা হ'ল। তিনি সকলের সমক্ষে বললেন,

> বিদিতশ্চাস্তু ভূদ্রং তে ষোহয়ং রণপরিশ্রম:। স্তীৰ্ণঃ স্হ্দাং বীৰ্ষাল্ল স্বৰ্থ ময়া কৃতঃ॥ রক্ষতা তু ময়া ব্রুমপবাদং চ সর্বতঃ। প্রখ্যাতস্যাত্মবংশস্য ন্যত্যং চ পরিমার্জতা ॥ প্রাত্তারিরসন্দেহা মম প্রতিমুখে স্থিতা। দীপো নেত্রত্বেরের প্রতিক্লাসি মে দ্ঢ়া॥ (১১৫।১৫-১৭) ब्रावनाष्कर्भार्दाक्रकोः मृष्णेः मृष्टेन ठक्क्या। কথং দ্বাং পনুরুরাদদ্যাং কুলং বাস্দিশন্ মহং॥ বদর্থং নিজিতা মে ত্বং সোহয়মাসাদিতো ময়া। নাশ্তি মে ত্বয়ভিষ্মশ্যো যথেষ্টং গমাতামিতি॥ তদদ্য ব্যাহ্তং ভদ্রে ময়ৈতং কৃতব্রিশ্বনা। লক্ষাণে বাথ ভরতে কুরু বৃন্থিং যথাস্থম্॥ শত্রব্যে বাথ সর্গ্রীবে রাক্ষদে বা বিভীষণে। নিবেশয় মনঃ সীতে যথা বা স্থ্যাত্মনঃ॥ न হি पार वावरना मुख्या मिकात्भार यत्नावयाय्। মর্বারতাচিরং সীতে স্বগ্হে পর্বান্থিতাম্॥ (১১৫।২০-২৪)

— তোমার মধ্যাল হ'ক। তুমি জেনো এই রণপরিশ্রম্ — স্হ্দ্গণের বাহ্বলে যা থেকে মৃত্ত হয়েছি — এ তোমার জন্য করা হয় নি। নিজের চরিত্র রক্ষা, সর্বত্ত অপবাদ খণ্ডন, এবং আমার বিখ্যাত বংশের শ্লানি দ্রে করবার জন্যই এই কার্য করেছি। তোমার চরিত্রে আমার সন্দেহ হয়েছে, নেত্রগোলীর সন্মানে যেমন দীপলিখা, আমার পক্ষে তুমি সেইর্প কন্টকর। তুমি রাবণের অন্কে নিপাঁড়িত হয়েছ, সে তোমাকে দৃষ্ট চক্ষে দেখেছে, এখন যদি তোমাকে প্নের্গ্রণ করি তবে কি ক'রে নিজের মহং বংশের পরিচয় দেব? যে উন্দেশো তোমাকে উন্ধার করেছি তা সিম্প হয়েছে, এখন আর তোমার প্রতি আমার আসন্তি নেই, তুমি যেখানে ইছ্যা যাও। আমি মতি স্থির ক'রে বলছি — লক্ষ্মণ ভরত শত্রাম্ব সার্গাব বা রাক্ষস বিভাষণ, যাঁকে ইছ্যা কর ভার কাছে যাও, অথবা তোমার যা

অভিরুচি তা কর। সীতা, তুমি দিবার্পা মনোরমা, তোমাকে স্বগ্হে পেয়ে রাবণ অধিককাল ধৈয়াবলম্বন করে নি।

৩২। সীতার অভিনপরীকা

[সর্গ ১১৬-১১৮]

বহু লোকের সমক্ষে রামের মুখে এই রোমহর্ষকর অল্লুতপূর্ব কথা শানে সীতা ঘার লজ্জায় যেন নিজের গাতে প্রবিষ্ট হলেন। তিনি অল্লুজল মুছে গদ্গদস্বরে বললেন, নীচ বুজি নীচ দ্বীলোককে যেমন বলে তুমি আমাকে সেইরুপে বলছ কেন? যখন হন্মানকে লঞ্চায় পাঠিয়েছিলে তখন আমাকে বর্জনের কথা জানাও নি কেন? আমি তখনই জীবন ত্যাগ করতাম, তোমাদের অনর্থক কণ্ট পেতে হ'ত না। পরাধীন বিবদ অবস্থায় রাবণ আমার গাত স্পর্ণ করেছিল, এই দোষ আমার ইচ্ছাকৃত নয়।—

মদধীনং তু য়ং তক্ষে হৃদয়ং ছয়ি বততে।
পরাধীনেষ্ গাতেষ্ কিং করিষ্যামানীশ্বরী ॥
সহ সংবৃশ্ধভাবেন সংসর্গেণ চ মানদ।
যদি তেহহং ন বিজ্ঞাতা হতা তেনাস্মি শাশ্বতম্ ॥ (১৬৬।৯-১০)
অপদেশো মে জনকাসোংপত্তির্স্থাতলাং।
মম ব্রং চ ব্রজ্ঞ বহু তে ন পর্রস্কৃতম্ ॥
ন প্রমাণীকৃতঃ প্রাণিবাল্যে মম নিপ্রীড়িতঃ।
মম ভক্তিশ্চ শীলং চ সর্বং তে পৃষ্ঠতঃ কৃত্য্ ॥ (১১৬।১৫-১৬)

— আমার অধীন ধে হ্দয় তা তোমারই ছিল; কিন্তু যখন আমি নিজের কর্যা নই তখন পরায়ত্ত দেহ সন্বন্ধে কি করতে পারি? আমাদের দীর্ঘ-কাল সংসর্গ হয়েছে, পরস্পরের প্রতি অনুরাগ বৃন্ধি পেয়েছে, এতেও য়িদ তুমি আমাকে না ব্ঝে থকে তবে আমার পক্ষে তা চিরম্তা। জনকের নামে আমার পরিচয়, বস্ধাতল থেকে আমার উৎপত্তি, এসব তুমি গ্রাহ্য করলে না; তুমি চরিগ্রক্ত, কিন্তু আমার মহৎ চরিত্রের সন্ধান করলে না।

বাল্যকালে তুমি আমার পাণিগ্রহণ করেছিলে, তাও মানলে না, আমার ভক্তি চরিত্র সবই পশ্চাতে ফেলে দিলে।

সীতা সরোদনে লক্ষ্মণকে বললেন, তুমি আমার চিতা প্রস্তৃত কর, স্বামী অপ্রতি হয়ে সর্বসমক্ষে আমাকে ত্যাগ করেছেন; আমি আন্নিপ্রবেশ প্রাণ বিসন্ধান দেব। লক্ষ্মণ সরোধে রামের প্রতি দ্ভিপাত করলেন, অবশেষে আকার ইণ্গিতে তাঁর মনোভাব ব্বে চিতা রচনা করলেন। সেখানে যাঁরা উপস্থিত ছিলেন তাঁরা কেউ কালান্তক যমতুলা রামকে অন্নয় করতে বা তাঁর দিকে চাইতে সাহসী হলেন না। অধােম্থে উপবিষ্ট রামকে প্রদক্ষিণ এবং দেবতা ও রাহ্মণকে প্রণাম করে সীতা যক্তেরে আন্নিকে বললেন, যদি আমার হ্দয় চিরকাল, রাঘবের প্রতি একনিষ্ঠ থাকে, ইনি যাকে দক্ষা মনে করেন সেই আমি যদি শক্ষেচারতা হই, তবে লােকসাক্ষী অন্নিদেব আমাকে রক্ষা কর্নে। এই বলে সীতা নিঃশঞ্চিত্তে আন্নিপ্রবেশ করলেন।

বালব্র্থ সকলেই আকুল হয়ে দেখলে, ত্রুতকাঞ্চনধর্ণা কাঞ্চনভূষণা সীতা সর্বসমক্ষে দীত হৃতাশনে প্রবেশ করলেন। সমবেত স্থাগণ আর্তুস্বরে রোদন করতে লাগল, রাক্ষ্য ও বানরগণ বিপ্লে নিনাদে হাহাকার করে উঠল। তথন কুবের, যম, পিতৃগণ, ইন্দু, বর্ণ, মহাদেব ও রহ্যা স্থাসাহাভ বিমানে লঙ্কার এলেন এবং আভরণভূষিত বিশাল হস্ত উত্তোলন ক'রে রামকে বললেন, তুমি সর্বলোকের কর্তা, জ্ঞানিগণের প্রেণ্ড, বস্গণের মধ্যে খতধামা, প্রজাপতি। তুমি অন্টম র্দু, পঞ্চম সাধা; অশ্বিত্বয় তোমার কর্ণ, চন্দ্রসূর্ব তোমার চক্ষ্য; আদি অন্ত ও মধ্যে তুমি বিদ্যমান। প্রাকৃত মন্ধ্যের ন্যায় কেন বৈদেহীকে উপেক্ষা করছ? রাম বললেন, আমি নিজেকে দশর্পপ্ত রাম বলেই জানি। ভগবান, আমি বাস্তবিক কে তা আপনারা বলনে। তথন ব্রহ্যা সবিস্তারে ব্রিষ্যে দিলেন যে রাম স্বয়ং শঙ্মচক্রগদাধর নারায়ণ।

ম্তিমান অণ্ন বালার্ণপ্রভা রক্তাম্বরধরা অম্লানমালাভূষিতা সীতাকে ক্রোড়ে নিয়ে চিতা থেকে উঠলেন এবং রামের হস্তে তাঁকে সমর্পণ ক'রে বললেন, রাম, এই তোমার বৈদেহী, ইনি বাক্য মন ব্রিশ্ব বা চক্ষ্ ন্বারা সংপথ থেকে প্রন্থ হন নি। ইনি যখন রাবণের অন্তঃপরে অবর্থ ছিলেন তখন রাক্ষসীরা একে বহু তর্জন করেছে এবং প্রলোভন দেখিরেছে, কিন্তু এর অন্তঃকরণ তোমাতেই নিবিণ্ট ছিল, রাবণকে ইনি চিন্তাও করেন নি। আমি তোমাকে আন্তঃ করিছ, এই নিন্পাপ বিশ্বেশ-ন্তাবা মৈথিলীকে অসংকাচে গ্রহণ কর।

রাম ক্ষণকাল চিন্তা ক'রে হর্ষোংফ্রেনয়নে বললেন, সীতা রাবণগ্রে
দীর্ঘকাল ছিলেন, সেজন্য এ'র দ্বিশ আবশ্যক, নতুবা লোকে বলবে
দশরবদ্যে রাম মূর্খ ও কাম্ক। আমি জেনেছি সীতা অনন্যহ্দয়া,
ইনি নিজের তেজেই রক্ষিতা, রাবণ এ'কে মনে মনেও ধর্ষণ করতে পারে
নি। নিজের কীর্তির ন্যায় সীতাকেও আমি ত্যাগ করতে পারি না।
আপনারা সকলে যে হিতবাকা বললেন তা অবশ্যই আমি পালন করব।

७०। मनतथत आविकान — वेरमूत वत

[সর্গ ১১১-১২০]

মহেল্বর রামকে বললেন, মহাবাহা, ভাগ্যন্তমে তুমি রাবণকে ধ্যে বিনন্দ ক'রে সর্বলোকের ভর দ্রে করেছ, সীতাকে প্নর্বার গ্রহণ করেছ। এখন তুমি অবোধ্যার গিরে ভরত, কৌশল্যাদি মাতৃগণ, এবং স্হৃদ্গণকে আনন্দিত কর। তার পর বংশরক্ষা, অশ্বমেধ যক্তে ঘশোলাভ এবং ব্যাহারণগণকে ধনদান করে স্বর্গলোকে যেয়ো। এই দেখ, তোমার পিতা দশর্থ ইন্দলোক থেকে র্থারোহণে এসেছেন।

রাম-লক্ষাণ বিমানস্থ পিতাকে প্রণাম করলেন। রামকে আলিখ্যান ক'রে দশরথ বললেন, রাম. তোমার বিরহে স্বর্গ ও আমার পক্ষে স্থকর হয় নি। তোমার নির্বাসনের জন্য কৈকেয়ী য়া বলেছিলেন তা আমার হৃদরে বিশ্ব রয়েছে। আজ তোমাকে আর লক্ষাণকে দেখে আমার দঃখ দ্রে হ'ল। এখন আমি দেবগণের কথার জেনেছি যে তুমি প্রেষোত্তম. রাবশবধের নিমিত্ত মন্যার্পে এসেছ। বনবাসের চতুর্দশ বর্ষ উত্তীর্ণ হরেছে, এখন অযোধ্যায় গিরে অভিষিত্ত হও, প্রাতৃগণের সঙ্গে রাজ্যভোগ কর, দীর্ঘায়, লাভ কর।

রাম কৃতাঞ্চলি হয়ে বললেন, ধর্মন্ত, আপনি কৈকেয়ী ও ভরতের প্রতি প্রসন্ন হ'ন। আপনি কৈকেয়ীকে বলেছিলেন — প্রে সমেত তোমাকে ত্যাগ করলাম। এই অভিশাপ যেন তাদের প্পর্শ না ক'রে। দলরথ অভিশাপ প্রত্যাহার করলেন এবং লক্ষ্মণকে আলিম্পন করে বললেন, দৌমা, রাম প্রসন্ন থাকলে তোমার ধর্ম বল ও ন্বর্গ লাভ হবে, তুমি সীতার সহিত এ'র সেবা কর। ইন্দ্রাদি দেবগণ, সিম্ধ ও মহর্ষিগণ এই ব্রহ্মন্বর্গ প্রেষোত্তমকে অর্চনা করেন।

সীতা কৃতাঞ্চলি হয়ে নিকটে দাঁড়িয়ে ছিলেন। দশরথ তাঁকে মধ্র বাক্যে বললেন, প্রেী, তুমি রামের উপর রুষ্ট হয়ো না, তোমার হিত-কামনার এবং শ্রন্থির নিমিত্তই ইনি তোমাকে ত্যাগের কথা বলেছিলেন। তুমি যে অসামান্য চরিত্রলক্ষণ দেখিয়েছ তাতে অন্য সকল নারীর যশ পরাভূত হবে। তোমাকে পতিসেবার উপদেশ দেওয়া অনাবশ্যক, তথাপি অবশ্য বলব — রাম তোমার পরম দেবতা।

দশরথ স্রলোকে প্রস্থান করলেন। ইন্দ্র রামকে বললেন, আমরা প্রতি হয়েছি, তোমার যদি কিছ্ অভীষ্ট থাকে তো বল। রাম বললেন, যদি প্রসম হয়ে থাকেন তবে আমার জন্য যে সকল বার মৃত্যু তুচ্ছ জ্ঞান করে যমলোকে গেছে তাদের প্রজাবিত ও দ্বাপ্তের সংগ্রে মিলিত কর্ন, তারা যেন নারোগ অক্ষত ও বললালা হয়, তাদের দেশে যেন অকালেও প্রচুর প্রুপ ফল মূল এবং বিমল নদার জল পাওয়া যায়। ইন্দ্র বললেন, বংস, তোমার প্রার্থনা প্রেণ করা দ্বকর, তথাপি আমি অপ্যাকার রক্ষা করব। তথন ইন্দ্রের বরপ্রভাবে নিহত বানর ভল্লাক ও গোলাপালেগণ অক্ষতদেহে জাবিত হল এবং যেন নিদ্রা থেকে উঠে বিক্ষিত হয়ে বলতে লাগল, এ কি!

তার পর ইন্দাদি দেবগণ রাম-লক্ষ্মগকে অভিনন্দন ক'রে বিমানা-রোহলে দেবলোকে চ'লে গেলেন।

৩৪। রামের প্রভ্যাবর্তন

[সর্গ ১২১-১২৩]

পর্যাদন প্রভাতকালে বিভাষণ রামকে বললেন, এইসকল পদ্মলোচনা প্রসাধননিপ্রণা নারী তোমার জন্য স্নানের উপকরণ, অধ্যরাগ, বস্তা, আভরণ, চন্দন, মাল্য প্রভৃতি নিয়ে এসেছে। রাম বললেন, তুমি কেবল স্মানীবাদিকে স্নানের নিমন্ত্রণ কর। ভরত আমার জন্য ব্রহ্মচারী হয়ে আছেন, এখন স্নান আর বেশভ্ষায় আমার রুচি নেই। আমরা যাতে দীঘ্র অবোধ্যায় বেতে পারি ভার উপায় দেখ, সেখানকার পথ অতি দুর্গম।

বিভীষণ বললেন, রাজপত্ত, এক দিনেই তোমাকে পেণিছিয়ে দেব, আমার প্রাতা কুবেরের পত্পক বিমান এখানে আছে, তাতে তুমি অনায়াসে অবোধ্যার বেতে পারবে। রাম, বদি আমার প্রতি তোমার দ্বেহ থাকে তবে লক্ষ্মণ আর বৈদেহীর সন্ধো এখানে সর্বপ্রকার সত্থাতোগ কর, সসৈনো আমাদের আতিখা গ্রহণ কর, তার পর অবোধ্যার বেয়ো। রাম উত্তর দিলেন, রাক্ষদেশ্বর, তোমার মন্দ্রিছ সৌহার্দ ও সর্বপ্রকার বৃন্ধ-চেণ্টা স্বারা আমি সংকৃত হয়েছি। তোমার অন্বরোধ রক্ষা করতে পারি না এমন নর, কিন্তু প্রাতা ভরতকে দেখবার জন্য আমার মন অন্থির হয়েছে। তিনি আমাকে ফেরাবার জন্য চিত্রক্টে এসে নতিশেরে প্রার্থনা করেছিলেন, কিন্তু তখন আমি তার অন্বরোধ রাখতে পারি নি। মাতৃগণ, আস্থার ও অবোধ্যার প্রভাবর্গকেও দেখবার জন্য আমি বাহা হয়েছি। সখা, দৃঃখিত হয়ো না, আমাকে গমনের অন্মতি গাও।

বিভীষণ মণিম্রাথচিত কাঞ্চনময় প্রপক রথ রামের কাছে নিয়ে এসে বললেন, রাঘব, আরু কি করব বল। রাম চিন্তা করে বললেন, বানরগণ অনেক করেছে, এদের জনাই আমরা কৃতকার্য হর্মোছ এবং তুমি রাজা পেরেছ। এদের ধনরত্ব দিয়ে সম্ভূষ্ট কর। বিভীষণ ধনদানে সকলকে আনন্দিত করেলেন। তখন রাম লক্ষমানা সীতাকে অন্কে নিয়ে লক্ষ্মণের সহিত বিমানে উঠে বললেন, বানরবীরগণ, তোমরা মিত্রের কার্য সম্প্রম

করেছ, এখন বেখানে ইচ্ছা যেতে পার। স্ফ্রীব, তুমি স্নেহপরারণ হিতৈষী বরস্যের কর্তব্য করেছ, এখন সসৈন্যে কিন্দিন্দ্যার বাও। বিভীষণ, এই লম্কারাজা তোমাকে দিরেছি, তুমি এখানে নির্ভরে বাস কর। এখন অনুমতি দাও আমি পিতার রাজধানী অবোধ্যার বাই।

বিভীষণ ও স্থাবাদি কৃতায়লি হয়ে বললেন, আমরা তোমার সপো অষোধ্যায় যাব, তোমার অভিষেক দেখে কৌশল্যা দেবীকে প্রণাম করে ফিরে আসব। রাম অতিশয় হ্ন্ট হয়ে বললেন, তোমরা শীল্ল এই রথে ওঠ। স্থাবি ও বিভীষণ তাদের অন্চর বানর ভল্লাক ও রাক্ষস-গণের সপো আরোহণ করে প্রশস্ত আসনে স্থে উপবিষ্ট হলেন। তথন সেই হংসবাহিত প্রপক রথ মহানাদে আকাশে উঠল।

আকাশমার্গে বেতে বেতে সীতাকে রাম বিবিধ স্থান দেখাতে লাগলেন— ওই দেখ হিকুটপর্বতন্থ লক্ষাপরী, ওই মাংসলাগিতকর্দম-পর্শ ব্যক্তিম, ওই নলনিমিত সেতু, তরণ্গনাদিত মহাসাগর, মৈনাক পর্বত, সমন্দ্রের উত্তর তীর ষেখানে বানরসেনার স্কন্ধাবার স্থাপিত হয়েছিল। ওই দেখ সেতুবন্ধ তীর্থ ষেখানে মহাদেব আমার প্রতি প্রসায় হয়েছিলন।

কিন্দিশ্যা দৃষ্টিগাচর হ'লে সীতা বললেন, আমার ইচ্ছা স্থাবৈর প্রিয়পদ্রী তারা এবং অন্যান্য বানরপ্রধানগণের পদ্মীদের অধ্যোধ্যায় নিয়ে ক্ষা সীতার ইচ্ছান্সারে কিন্দিশ্যার বিমান নামানো হ'ল। রামের অন্রোধে স্থাবি তার পদ্মী তারাকে বললেন, তুমি শীঘ্র বানরন্ধীদের নিয়ে এস, সীতা তাদের অধ্যোধ্যার নিয়ে বেতে চান। তথন বানরবধ্ন গণ বেশভ্ষা ক'রে তারার সম্পে এল এবং সীতাকে সাগ্রহে দর্শন ক'রে বিমানে উঠল।

ষেতে ষেতে রাম সীতাকে দেখাতে লাগলেন— এই দেখ ক্ষাম্ক পর্বত, পদ্পা সরোবর যার তীরে শবরীর সন্দো আমার দেখা হয়, এই জনস্থান, এই আমাদের পর্শলালা, গোদাবরী, ভগস্ত্যাশ্রম, শরভদ্গের আশ্রম, অগ্রির আশ্রম যেখানে তুমি তাপদী অনস্যাকে দেখেছিলে! এই চিত্রক্ট, এই যম্না, ভরস্বাজের আশ্রম। এই গশ্যা, শৃশ্যবেরপ্র। ওই আমার পিতার রাজধানী অধ্যেধ্যা(১)—বৈদেহী, তুমি ফিরে এসেছ প্রণাম কর।

বানর ও রাক্ষসগণ বার বার আসন থেকে উঠে মহাহর্ষে সেই ধবল সৌধশোভিত বিশাল রাজগণে বিভক্ত গজবাজিপূর্ণ অমরাবতীতৃল্য অযোধ্যাপরী দেখতে লাগল।

०৫। ७३७-६न्यान-नरवार

[मर्ग ১२৪-১२७]

চতুর্দশ বর্ষ প্রে হলে পঞ্চমী তিথিতে রাম ভরম্বাজের আশ্রমে এসে তাঁকে প্রণাম করে জিজ্ঞাসা করলেন, ভগবান, অবোধ্যার কুশল তো? ভরত ও মাতৃগণ জীবিত আছেন? ভরম্বাজ সহাস্যে বললেন, তোমার আজ্ঞাবহ ভরত জ্ঞা ধারণ করে তোমার পাদ্বকা সম্মুখে রেখে তোমার প্রতীক্ষার ররেছেন। তুমি যখন সর্ব ভোগ ত্যাগ করে বনবাসে গিরেছিলে তখন আমার দৃঃখ হয়েছিল, এখন তুমি শত্ব জয় করে ফিরে এসেছ দেখে অতিশর প্রতি হয়েছি। তোমার সৃখে দৃঃখ সমস্তই আমার জানা আছে। আমার শিষ্যগণ অযোধ্যার তোমার সংবাদ দিয়ে আসবে, আজ

রাম সানন্দে সম্মত হলেন। তার প্রার্থনায় ভরন্বাজের বরে অযোধ্যা পর্যক্ত তিন যোজন পথের ব্যক্ষসকল অকালে প্রতিপত ফলবান ও মধ্যাবী হ'ল, বানরগণ মহানন্দে যথেছে উপভোগ করতে লাগল।

রাম হন্মানকে বললেন, তুমি শীঘ্র অবোধ্যার গিরে সেখানকার কুশল জিল্লাসা কর। পথে শৃশাবেরপ্রে নিষাদরাজ গৃহকে আমার শৃভেচ্ছা জানিও এবং ভরতের কাছে গিয়ে সমস্ত ঘটনা বিবৃত ক'রে তাঁকে ব'লো বে আমরা বিভীষণ-স্থাীবাদি মিদ্রের সপ্যে অবোধ্যার বাচ্ছি। সংবাদ শ্নে ভরতের মনোভাব কি হয় তা তাঁর আকার ইপ্গিত ম্থবর্ণ প্রভৃতি লক্ষ্য ক'রে জেনে নিও। স্থেসমৃন্ধ পৈতৃক রাজ্য হস্তগত হ'লে কার

⁽১) 'তিলক'-টিকাকার বলেন, বিমান গুরুব্যক্তাশ্রমের নিকটে এলেই আকাল থেকে অবোধ্যা দৃশ্টিগোচর হরেছিল।

মনের পরিবর্তন না হয়? যদি তিনি রাজ্যাভিলাষী হন তবে স্বয়ং সমস্ত রাজ্য শাসন কর্ন। আমরা অবোধ্যায় উপস্থিত হবার প্রেই ভূমি তার মতিগতি জেনে শীঘ্র ফিরে এস।

হন্মান তখনই মন্ধ্যম্তি ধারণ ক'রে বেগে যাতা করলেন এবং গালাযমন্নাসংগম অতিক্রম ক'রে শৃশ্যবেরপ্রে এলে গা্হকে রামের বার্তা জানালেন। তার পর পরশ্রমতীর্থা, বাল্যকিনী বর্ষী ও গোমতী নদী, ভীম শালেবন, এবং বহু প্রজা সমন্বিত জনপদ সকল অতিক্রম ক'রে নন্দিগ্রামে উপস্থিত হলেন। অযোধ্যা থেকে এই স্থানের দ্রেষ এক কােশ মাতে। হন্মান দেখলেন, ভরত ভ্রাত্বিরহে কৃশ, তিনি মালিনদেহে জ্টাধারী হরে তপস্বীর বেশে ধর্মাচরণে রত আছেন এবং রামের পাদ্কা সম্মুখে রেখে রাজ্য পরিচালনা করছেন। তার অমাতা প্রোহিত ও সেনাপতিগণ কাষার বস্ত ধারণ ক'রে আছেন। হন্মান কৃতাঞ্চলি হরে রামের বার্তা জানালেন। ভরত হর্ষে বিহরল হরে হন্মানকে আলিশান এবং অভ্যুতে সিদ্ধ ক'রে বললেন, সােমা, তুমি দেবতা বা মান্য যেই হও, দরা ক'রে এখানে এসেছ। তুমি যে প্রির সংবাদ এনেছ তার জন্য আমি তোমাকে এক লক্ষ গো, এক শত গ্রাম, এবং ষােলাট সংকুলজাতা চন্দ্রাননা সালংকারা কন্যা দিচ্ছি।

তার পর রামের বনযান্তা থেকে আরশ্ভ করে রাবণবধ পর্যশত সমস্ত ঘটনা সবিস্তারে বিবৃত করে হন্মান ভরতকে বললেন, রাম এখন ভরশ্বাজান্ত্রমে আছেন, কাল শত্ভ প্রায় নক্ষ্যযোগে তুমি তাঁকে এখানে দেখতে পাবে। এই মধ্র সংবাদ শত্নে ভরত কৃতাঞ্জলি হয়ে বললেন, আমার মনোরথ এত দিনে পূর্ণ হ'ল।

৩৬। রামের অভিবেক — রামায়ব্যাহাস্তা

[मर्ग ১২৭-১২৮]

ভরত সহর্ষে শত্র্মাকে আজ্ঞা দিলেন যেন রামের সংবর্ধনার জন্য উপযুক্ত আয়োজন করা হয়। পর্রদিন শত্র্মাের আদেশে ধ্রিট, জয়ণ্ড, বিজয়, সমৃদ্য প্রভৃতি মন্দ্রিগণ এবং বহু বীর স্পান্জত হস্তী অব্ব ও রথে যাত্রা করলেন। বহু সহস্র অব্বারোহী ও পদাতিক সশস্ত হয়ে ধরজপতাকা সহ চলল। কৌশল্যা ও স্মিত্রাকে অগ্রে নিয়ে দশরথের পদ্মীগণ যানারোহণে গেলেন। মুখ্য ব্রাহ্মণাদি, বাণক এবং মাল্যমোদক-ধারী মন্দ্রিগণের সংখ্য ভরত যাত্রা করলেন। তার মস্তকে রামের পাদ্যকা, হস্তে শ্বেত ছত্র ও চামর। বন্দীরা স্তৃতিগান করতে লাগল, শংখ ও ভেরী নিনাদিত হ'ল, সমস্ত নন্দিগ্রামই যেন রামের সংবর্ধনার জন্য অগ্রসর হ'ল।

রামের বিমান দ্থিগৈচের হ'লে আবালব্যুধ্বনিতা সকলেই 'ওই
রাম' ব'লে হর্ষধ্বনি ক'রে উঠল। ভরত কৃতাঞ্চলি হয়ে পাদ্য অর্ঘ্য দিয়ে
রামকে প্রেল করে প্রথাম করলেন। বিমান ভূমিতলে অবতীর্ণ হ'লে
রাম ভরতকে ক্রাড়ে নিয়ে আলিংগন করলেন। তার পর ভরত সীতা ও
লক্ষ্মণকে অভিবাদন ক'রে সম্প্রীব জ্ঞান্ববান প্রভৃতিকে আলিংগন
করলেন। তিনি সম্প্রীবকে বললেন, তুমি আমাদের চার দ্রাতার পঞ্চম
দ্রাতা; সৌহার্দ খেকে মিত্রতা এবং অপকার খেকে শত্র্বতা হয়। ভরত
বিভীষণকে বললেন, ভাগান্তমে রাম তোমাকে সহায় র্পে পেয়েছিলেন
তাই দ্বুক্রর কর্ম সম্পন্ন করতে পেরেছেন।

অনশ্বর শত্রুদার রাম-সীতা-লক্ষ্যণকে অভিবাদন করলেন এবং রাম-সীতা-লক্ষ্যণ কোশল্যাদি মাতৃগণকে পাদবন্দনা করলেন। রামের চরণে পাদ্বলা পরিয়ে ভরত বললেন, এই রাজা আমি ন্যাস রূপে রক্ষা করে-ছিলাম, এখন আপনাকে প্রত্যপণি করছি। আজ আমার জন্ম সার্থক ও মনোরথ প্রণ হ'ল। আপনি ধনাগার গৃহ ও সৈন্যদল পরিদর্শন কর্ন, আপনার তেজঃপ্রভাবে সমস্তই আমি দশগুণ বিধিত করেছি।

ভরতের আশ্রমে এসে রাম পৃষ্পক বিমানকে বললেন, আমি আজ্ঞা দিছি তুমি ফিরে গিয়ে কুবেরকে বহন কর। বিমান তথনই উত্তর দিকে কুবেরালয়ে চ'লে গেল। তখন ভরত রামকে বললেন, আপনি আমার মাতার মান রক্ষা করেছিলেন, আমাকেও রাজ্য দিয়েছিলেন। এখন আপনার দান আমি প্রত্যপ্র করছি, এই রাজা শাসনের গ্রু ভার

আপনি বহন কর্ন, আজ্র সর্বলোক আপনার অভিষেক দেখ্ক। রাম উত্তর দিলেন, তাই হ'ক।

শর্ঘার আজ্ঞার নিপ্র শমশ্রেছেদক নাপিতের দল রামকে খিরে দাঁড়াল। ভরত লক্ষ্মণ স্থাবি ও বিভীষণের স্নান শেষ হ'লে রাম ক্ষোর ক'রে জটাম্ব হলেন এবং স্নানাস্তে মাল্যচন্দনাদি ও মহার্ঘ বসন ধারণ করলেন। শর্ঘা রাম-লক্ষ্মণকে সন্জিত ক'রে দিলেন এবং দশর্থপত্নী-গণ স্বহস্তে সীতার প্রসাধন করতে লাগলেন। কোশলা৷ স্বয়ং বানরী-দের বেশভ্ষার ভার নিলেন।

সার্থি স্মন্ত দিব্য রথ নিয়ে এলে রাম তাতে আরোহণ করে অধাধ্যায় বাত্তা করলেন। ভরত অধ্বের রণ্মি এবং শত্ত্বা ছত ধরলেন, লক্ষ্মণ বীজন করতে লাগলেন। শ্বেতচামরহদেত বিভীষণ পাশ্বে রইলেন। যেতে যেতে রাম মন্ত্রিগণকে স্ত্রীবের বন্ধ্র, হন্মানের বিক্রম ও অন্যান্য বানরের বীর্ষের কথা বলতে লাগলেন, তা শ্বে অযোধ্যাবাসিগণ বিস্মিত হ'ল।

শন্বা সন্তাবিকে বললেন, আপনি অভিষেকের জল আনবার জন্য দতে প্রেরণ কর্ন। সন্তাবের আন্তার হন্মান জাশ্বান বেগদশী ও থাষড় রম্ভূষিত শ্বপ্কলস নিয়ে মহাবেগে যাত্রা করলেন এবং শীল্প চতুঃ-সাগরের জল নিয়ে ফিরে এলেন। পাঁচ শ নদীর জলও আনা হ'ল। তার পর রাম সীতার সহিত রম্ময় পীঠে উপবিষ্ট হ'লে বৃষ্ধ বিশ্চঠ, বিজয়, জাবালি প্রভৃতি প্রোহিতগণ ষ্থাবিধি অভিষেক সম্পন্ন করলেন এবং রামের মস্তকে বংশপরম্পরাগত রহনার নিমিত রম্ময় কিরীট পরিয়ে দিলেন। রাম রাহন্নগণকে বহু ধেন্ বৃষ অশ্ব স্বর্ণ ও বস্তাদি দান করলেন। তিনি স্তাবিকে মণিময় কাঞ্চনহার, অংগদকে বৈদ্যেভ্ষিত অংগদ, এবং সীতাকে চন্দ্রমিমর ন্যায় উন্জন্ন মন্তাহার, দিব্য বসন ও অন্যান্য আভরণ দিলেন। সীতা হন্মানের দিকে চাইছেন দেখে রাম বললেন, তৃমি ধার প্রতি তৃষ্ট তাকেই হার দাও। তথন তেজ ধৈর্য ধশ দক্ষতা সামর্থা বিনয় নীতি পোর্ষ বিক্রম ও বৃষ্ণির আধার হন্মানকে সীতা সেই মৃদ্ধাহার উপহার দিলেন। অন্যান্য বানর এবং বিভীষণও যথাষোগ্য উপহার লাভ করলেন!

অভিষেকের পর স্থাবৈ ও বিভাষণ তাঁদের অন্চরদের সশো নিজ নিজ দেশে চলে গেলেন। উদারপ্রকৃতি ধর্মন্ত রাম রাজ্যভার গ্রহণ ক'রে লক্ষ্মণকে বললেন, আমাদের প্রেপ্রেষণা সসৈন্যে যে রাজ্য পালন করতেন, তুমি আমার সহিত সেই রাজ্যে অধিষ্ঠিত হও এবং খ্বরাজের পদ গ্রহণ কর। লক্ষ্মণ তাতে সম্মত হলেন না। তখন রাম ভরতকে যৌবরাজ্যে অভিষিক্ত করলেন।

রাজপদে প্রতিষ্ঠিত হয়ে রাম বিবিধ বস্তা করতে লাগলেন। তিনি
দশ সহস্র বংসর রাজ্যশাসন এবং দশ বার অন্বমেধ বস্তা করেন। তাঁর
রাজ্যকালে কোনও শ্রা বিধবা হয় নি, হিংস্র জন্তু ব্যাধি ও দসারে ভর
ছিল না, বৃশ্বকে অন্প বয়ন্কের অন্ত্যেষ্টিক্রিয়া করতে হ'ত না। সকলে
আনন্দচিত্তে বহু পরে সহ সহস্র বংসর জীবিত থাকত। বৃক্ষে প্রচুর পর্নপ
ফল মলে উংপশ্র হ'ত। রামরাজ্যের সকল প্রজ্যা নিজ নিজ কর্মে তুন্ট,
ধর্মপরায়ণ, সত্যবাদী ও স্লেক্ষণসম্পন্ন ছিল।

প্রাকালে খবি বাল্মীকি এই আদি কাব্য রচনা করেছিলেন। এই গ্রন্থ ধর্মপ্রদ, বশক্তর, আর্বর্ধক, এবং রাজাদের বিজয়সম্পাদক। প্রবাকরলে মান্য বীতপাপ হয়, প্রাথী প্র পার, ধনাথী ধনলাভ করে, নারীরা কৌশল্যা ও স্মিরার তুলা সংপ্রবতী হয়। বিনি প্রখাবান ও জিতলোধ হয়ে এই কাব্য শোনেন তাঁর বিঘা ও বিপদ দ্র হয়, তিনি রামের নিকট অভীন্ট বর লাভ করেন, দেবতারা তাঁর উপর প্রীত হন। গ্রিমিত উপদেবতাগণ শান্ত হয়, রাজা বিজয়ী হন, প্রবাসী স্থী হয়, রজন্বলা উত্তম প্র লাভ করে। এই প্রোতন ইতিহাস প্জা ও পাঠ করলে লোকে সর্ব পাপ থেকে মন্ত হয়, সনাতন বিফা্-হরি-নারায়ণ রাম

যুম্ধকা-ড

020

সতত প্রতি থাকেন। বিশ্বস্তচিত্তে উচ্চকণ্ঠে বল — বলং বিকোঃ প্রবর্ধতাম্ — বিষয়ের বল বৃশ্বি হ'ক। এই রামায়ণ গ্রহণ বা প্রবণ করলে দেবগণ ও পিতৃগণ তৃষ্ট হন। বিনি এই থাবিকৃত সংহিতা ভবিসহকারে লেখেন তাঁর স্বর্গলোক লাভ হয়।

উত্তরকাণ্ড

১। রাম-সকাশে অগস্ত্যাদি — বৈলবণের কথা

[সর্গ ১--৩]

রাক্ষসবধের পর রাম রাজ্যলাভ করলে তাঁকে অভিনন্দন করবার জন্য অগহতা কোশিক গার্গা কব্ব ধৌম্য এবং অতি কশ্যপ জমদন্দি ভরণ্বাজ প্রভৃতি সংত্র্যিগণ উপস্থিত হলৈন। রাম তাঁদের সসম্মানে গ্রহণ করে পাদ্য অর্ঘ আসনাদি নিবেদন করলেন। মহর্ষিগণ বললেন, রঘ্নন্দন, আমাদের সৌভাগ্যক্তমে তুমি রাবণকে সবংশে সংহার করে শত্রহীন হয়েছ এবং সীতা মাতৃগণ ও ভ্রাতৃগণের সন্ধ্যে মিলিত হয়ে কুশলে আছ। রাবণের পরাভব আশ্চর্যের বিষয় নয়, ইন্দুজিং ব্দুষ্যুন্ধে নিহত হয়েছে এই আমাদের পরম সৌভাগ্য, এইজনাই আমরা তোমাকে অভিনন্দন করছি।

রাম বিশ্মিত হয়ে বললেন, রাবণ কুদ্তকর্ণ মহোদর প্রহুদ্ত প্রভৃতি
মহাবল রাক্ষসগণের চেয়ে আপনারা ইন্দ্রজিংকে বড় বলছেন কেন?
পিতার অপেক্ষা পরে অধিক বলশালী কি ক'রে হ'ল?

রামের প্রশ্নের উত্তরে মহাতেজা জাগদতা বললেন, রাঘব, আমি প্রথমে রাবণের কুলব্তানত বর্ণনা করছি, তার পর ইন্দ্রজিতের কথা বলব। প্রাকালে সত্যযুগে প্লেদতা নামে এক ব্রহার্ষি ছিলেন, তিনি প্রজাপতি ব্রহার প্রে। সামের পর্বতের পাশের্ব রাজর্ষি তৃণবিন্দরে আশ্রমে তিনি তপসাা করতেন। সেখানে খবি নাগ ও রাজর্ষির কন্যা এবং অপ্রারা ক্রীড়া ও নৃত্যগতি করে তপস্যার বিদ্যু করত সেজন্য প্লেদতা রুখি হয়ে বললেন, যে আমার দৃষ্টিপথে পড়বে তার গর্ভ হবে। তৃণবিন্দরে কন্যা এই ব্রহাুশাপের কথা জানতেন না। একদ্য তিনি নির্ভর্গে আশ্রমে এসে প্লেদতাকে দেখছেন এবং তার বেদপাঠ শ্নছেন এমন সময়

সহসা তার গভঁসন্থার হ'ল। শারীরিক লক্ষণে উদ্বিশন হয়ে তিনি পিতার কাছে গেলেন। তৃণবিন্দর্বললেন, তোমার এমন দশা কেন হ'ল। কন্যা কৃতাঞ্জলিপ্টে বললেন, পিতা, আমি কিছুই জানি না, সখীদের খোঁকে আমি প্লেস্তার আশ্রমে গিরেছিলাম, সেখানে কাকেও দেখতে না পেরে মহর্ষির বেদপাঠ শ্নছিলাম, সহসা আমার এই পরিবর্তন হ'ল। তৃণবিন্দর্খানন্থ হয়ে সমস্ত ব্যাপার ব্রে কন্যার সহিত প্লেস্তার কিটে গিরে বললেন, ভগবান, আমার এই গ্রেণবতী কন্যাকে গ্রহণ কর্ন, আপনি তপঃশ্রান্ত হ'লে এ আপনার শ্রশ্র্ষা করবে। প্লেস্তা সম্মত হলেন এবং পত্নীর গ্লেবলী ও আচরণে তৃষ্ট হয়ে বললেন, দেবী, তৃমি আমার সদৃশ প্র লাভ করবে, সে পোলস্তা নামে খ্যাত হবে। বেদপাঠ শ্রণকালে তার উৎপত্তি সেজন্য তার অপর নাম বিশ্রবা হবে।

বিশ্রবা পিতার ন্যায় তপোনিরত ও ধর্ম পরায়ণ হলেন। মহামনি ভরন্বাজের কন্যা দেববর্গিনীর সন্ধো তাঁর বিবাহ হ'ল। এই বিবাহের ফলে বাঁর্যবান গণেসম্পল্ল বৈশ্রবণ জন্মগ্রহণ করলেন। পোত্রের শ্রেরম্করী বৃদ্ধি দেখে প্লেম্ভ্য বললেন, এই সম্ভান ধনাধ্যক্ষ হবে। বৈশ্রবণ মহাবনে গিয়ে ন্বিসহস্র বংসর তপস্যা করলেন। বহুয়া তৃষ্ট হয়ে তাঁকে বর দিলেন, বংস, ষম ইন্দ্র বর্ণ এই তিন লোকপাল আমি স্থিট করেছি, তৃমি আমার বরে চতৃষ্প লোকপাল ধনাধিপতি কৃবের হ'লে। এই স্থাসিল্লভ প্রশক বিমান ভোষাকে দিলাম, তৃমি স্বরগণের সমান হও।

বহাা চ'লে গৈলে বৈশ্রবণ পিতাকে বললেন, ব্রহ্মা আমার বাসন্থান নির্দেশ করেন নি, আপনি বলনে কোথায় আমি থাকব। বিশ্রবা বললেন, দক্ষিণ সম্বদ্ধের তীরে ত্রিক্ট নামে পর্বত আছে, তার উপরে বিশ্বকর্মা রাক্ষ্যদের জন্য অমরাবতীর তুল্য রমণীয় লঞ্চাপ্রী নির্মাণ করেছেন। বিশ্বর ভয়ে রাক্ষ্যরা সেই প্রী ত্যাগ করে রসাতলে আশ্রয় নিয়েছে, তুমি সেখানে স্বচ্ছদেদ বাস কর। পিতার নির্দেশ অন্সারে বৈশ্রবণ শ্ন্য লঞ্চাপ্রীতে অধিষ্ঠিত হলেন, বহু সহস্র রাক্ষ্যও তাঁর আশ্রয়ে বাস করতে লাগল।

২। রাকসমধের সহিত বিক্রে ব্যুদ

[거기^{*} 8—৮]

রাম বিশ্বিত হয়ে প্রশ্ন করলেন, বৈশ্রবণের পূর্বে লঞ্চায় রাক্ষসদের বাস ছিল এ কি ক'রে সম্ভবপর হয়? আমরা শ্নেছি রাক্ষসরা প্লেম্ডার বংশ থেকে উৎপন্ন হয়েছে, কিন্তু আপনি অন্যর্প বলছেন। এই প্রেবর্তী রাক্ষসরা কি রাবণ-কুম্ভকর্ণাদির চেয়েও বলবান ছিল? বিষয় কেন তাদের বিতাভিত করেন?

অগস্তা বললেন, প্রজ্ঞাপতি ব্রহ্মা প্রথমে জল স্মিট করেন। পর প্রাণিগণকে স্থি ক'রে বললেন, তোমরা সবত্নে এই জল রক্ষা কর। এক দল বললে, 'রক্ষামঃ' — আমরা রক্ষা করব; ব্রহ্মার আদেশে তারা রাক্ষস হ'ল ৷ আর একদল বললে, 'বক্ষামঃ' — আমরা প্জো করব : তারা যক্ষ হ'ল। রাক্ষসদের মধ্যে মধ্-কৈটভ তুল্য দুই ভ্রাতা হেতি ও প্রহেতি জন্মগ্রহণ করেন। ধার্মিক প্রহেতি তপোবনে গেলেন, হেতি যমের ভাগনী ভয়া নাদ্নী ভয়ংকরী কন্যাকে বিবাহ করলেন। এক পরে হ'ল, তাঁর নাম বিদ্যুংকেশ। রাক্ষসী সন্ধ্যার কন্যা সালকটং-কটার **সম্পে বিদ্যুৎকেশের বিবাহ হয়। কিছ্কাল পরে সালকটং**কটা গর্ভবতী হলেন এবং মন্দর পর্বতে গিয়ে গর্ডমোচন ক'রে স্বামীর কাছে ফিরে গেলেন ৷ শিব-পার্বতী ব্রভবাহনে বার্মার্গে যেতে যেতে সেই পরিত্যক্ত রাক্ষসশিলরে ক্রন্সন লনেতে পেলেন। পার্বতীর অন্রোধে শিব সেই শিশুকে বধিত ক'রে তার মাতার সমবরক ও অমর করলেন এবং তাকে আকাশশুমণের শক্তি দিলেন। পার্বতীও এই বর দিলেন যে রাক্ষসীগণ গর্ভধারণ মাত্রই সম্তান প্রস্ব করবে এবং সেই সম্তান মাতার সমবয়স্ক হবে। সেই রাক্ষসকুমারের নাম সুকেশ।

স্কেলের সপ্যে গ্রামণী নামক গন্ধর্বের র্পবতী কন্যা দেববতীর বিবাহ হ'ল। এ'দের তিন পত্রে হয়—মাল্যবান, স্মালী ও মালী। এই তিন রাক্ষসপ্তে উপেক্ষিত ব্যাধির ন্যায় বৃদ্ধি পেতে লাগলেন এবং অতাস্ত তেজস্বী ও উগ্রস্বভাব হলেন। পরে তাঁরা স্মের্ পর্বতে গিয়ে কঠোর তপস্যায় ব্রহ্মাকে তৃষ্ট করে বললেন, প্রভু, বর দিন যেন আমরা অজেয়, শত্রুক্তা, চিরজীবী, প্রভুষশালী ও পরস্পরের প্রতি অন্বরন্ত হই। ব্রহ্মার নিকট অভীষ্ট বর পেয়ে তাঁরা নির্ভাষে স্ব্রাস্বরের উপর উৎপীড়ন আরম্ভ করলেন। তাঁদের অন্বরোধে দেবিশিল্পী বিশ্বকর্মা তিক্ট পর্যতের উপর লক্ষাপ্রেয়ী নির্মাণ করলেন, তিন প্রাতা অন্চরদের নিয়ে সেখানে বাস করতে লাগলেন। নর্মদা নাদ্দা এক গন্ধবাঁর তিন কন্যা স্ক্রেমী, কেতুমতী ও বস্বার সক্ষো ষ্যাক্রমে মাল্যবান, স্ব্যালী ও মালীর বিবাহ হয়। স্ক্রেমীর গভে বির্পাক্ষ, মত প্রভৃতি প্রে, কেতুমতীর গর্ভে প্রক্র, অকম্পন, ধ্যাক্ষ প্রভৃতি প্রে জন্মগ্রহণ করে।

এইসকল রাক্ষসদের উৎপীড়নে আর্ত হয়ে দেব ও খাষগণ মহাদেবের শরণাপত্র হলেন। মহাদেব বললেন, এরা আমার অবধ্য, তোমরা নারায়ণের কাছে যাও। নারায়ণ বললেন, আমি এই রাক্ষসদের বা করব, তোমরা নির্ভয় হও।

স্মালী ও মালী তাঁদের অগ্রন্ধ মাল্যবানকে বললেন, আমাদের উপর বিশ্বর বিশ্বেষের কোনও কারণ নেই, দেবগণের দোষেই তাঁর মন বিচলিত হয়েছে, অতএব আমরা দেবগণকে আক্রমণ করব। রাক্ষসরা বিপলে সৈন্য নিরে নিগতি হল। দেবদ্তের নিকট সংবাদ পেয়ে গর্ডবাহন পীতাম্বর হরি শংখ চক্র গদা শাংগখিন, ও খড়গ নিয়ে যুম্খ করতে গেলেন। রাক্ষস সৈন্য বিধন্ত হয়ে পালাতে লাগল, মালী নিহত হলেন। তখন স্মালী ও মাল্যবান বিশ্বর সপের বৃশ্ধ করতে এলেন, কিন্তু অবদেষে পরাজিত হয়ে লংকা ত্যাগ করে সপদ্বীক পাতালে আশ্রয় নিলেন।

সালকটংকটার বংশজাত এই রাক্ষসরা রাবণ অপেক্ষাও বলবান।
নারায়ণ ভিন্ন আরু কেউ তাদের বধ করতে পারতেন না। রাম, তুমিই
সেই নারায়ণ। সম্মালী প্রভৃতি রসাতলে পলায়ন করলে ধনেশ্বর কুবের
লক্ষা অধিকার করেন।

৩। রাবদাদির প্রবিদ্যানত

[সর্গ ১--১৩]

কিছ্কাল পরে স্মালী তাঁর র্পবতী কন্যা কৈকসীর সঙ্গে রসাতল থেকে মত্যালোকে বেড়াতে এলেন। সেই সময়ে ধনেশ্বর কুবের প্রপক্ষর রথে বাচ্ছিলেন। তাঁকে দেখে স্মালী প্নর্বার রসাতলে ফিরে গিরে কৈকসীকে বললেন, প্রী, ভোমার বিবাহবোগ্য বৌবনকাল অতীত হচ্ছে, তুমি প্রশৃত্যাপ্র মন্নিবর বিশ্রবাকে পতিছে বরণ কর। কৈকসী তপোনিরত বিশ্রবার কাছে এসে অধ্যাম্থে অপ্যান্ত দিয়ে মাত্রিকার অঞ্কন করতে লাগলেন। উদারপ্রকৃতি বিশ্রবা প্রশন করলেন, তুমি কার কন্যা কৈকসী, পিতার আজ্ঞার এখানে এসেছি, আর্পনি নিজের প্রভাবে আমার অভিপ্রার ব্রে নিন। বিশ্রবা ধ্যানম্থ হয়ে বললেন, তোমার উদ্দেশ্য প্রলাভ, কিন্তু তুমি দার্ণ প্রদাবকালে এসেছ সেজনা তোমার প্রগণ দার্ণ জুরকর্মা রাক্ষস হবে। কৈকসী বললেন, ভগবান, আপনার কাছে আমি দ্বাচার প্র চাই না, আপনি দরা কর্ন। বিশ্রবা বললেন, তোমার তালার কাছে আমি দ্বাচার প্র চাই না, আপনি দরা কর্ন। বিশ্রবা বললেন, তোমার বেলান, তোমার শেষ প্র আমার বলোন্র্প ও ধর্মান্ধা হবে।

ষথাকালে কৈকসী (১) এক দার্থ রাক্ষস প্রসব করলেন, এই প্র দশগ্রীব বিংশতিহস্ত মহাদংশ্ব নীলাঞ্জনবর্ণ। ইনিই রাবণ। তার পর মহাবল কুল্ডকর্ণ, বিকৃতাননা শ্পেশখা এবং কনিন্দ্র প্রে ধর্মাদ্বা বিভীষণের জল্ম হ'ল। একদিন ধনেন্দ্রর কুবের প্রন্থক রথে চ'ড়ে পিতা বিশ্রবার কাছে এলেন। কৈকসী দশাননকে বললেন, প্রে, তোমার শ্রাতা তেজামর বৈশ্রবণ কুবেরকে দেখ, বাতে তার তুল্য হ'তে পার সেই চেন্টা কর। দশানন ঈর্যান্দ্রিত হয়ে বললেন, আমি প্রতিজ্ঞা কর্মছি শ্রাতার তুল্য বা ততোধিক হব, তুমি দৃঃশ ক'রো না। তার পর তিনি শ্রাতাদের সন্ধ্যে গোকর্ণ আশ্রমে গিয়ে অতি উগ্র তপস্যায় রহ্মাকে তুল্ট ক'রে বর চাইলেন— আমি বেন পক্ষী নাগ বক্ষ দৈত্য দানব রাক্ষস ও

⁽১) जना नाम निक्रा।

দেবগণের অবধ্য হই, অন্য প্রাণীদের কথা ভাবি না, মান্বকে আমি তৃণ-জ্ঞান করি। ব্রহ্মা ধললেন, তাই হবে। বিভীষণ বললেন, ভগবান, মহাবিপদেও যেন আমার ধর্মে মতি থাকে, শিক্ষা না পেয়েও যেন ব্রহ্ম-বিদ্যা লাভ হয়। বহুমা বললেন, বংস, তাই হবে; তুমি রাক্ষস হয়েও ধর্মিণ্ঠ সেজনা তোমাকে অমরত্ব দিলাম।

দেবগণ কৃতাঞ্চলি হয়ে ব্রহ্মাকে বললেন, আপনি কুল্ভকর্ণকে বর দেবেন না, এই দ্মতি সাতটি অপ্সরা, ইন্দের দশ অন্চর এবং অনেক খবি ও মান্য ভক্ষণ করেছে। বর পেলে সে তিভ্বন গ্রাস করবে। তথন দেবী সরন্বতীকে ব্রহ্মা বললেন, তুমি এই রাক্ষসের বাগ্দেবতা হও। সরন্বতীর প্রভাবে মোহগ্রন্ত হয়ে কুল্ভকর্ণ বর চাইলেন—দেব, আমার ইচ্ছা এই যে অনেক বংসর নিদ্ভিত থাকি। ব্রহ্মা তথাস্তু বলে দেবগণের সন্গে প্রন্থান করলেন। সরন্বতীর প্রভাব থেকে মৃত্ত হয়ে কুল্ভকর্ণ ভাবলেন, আমার মৃথ থেকে কেন এমন বাকা নির্গত হ'ল? মনে হয় দেবগণই আমাকে বিমোহিত করেছেন।

তিন দেহিত্র বর পেয়েছেন শন্নে স্মালী ভয় ত্যাগ করে অন্চরদের
সংগে রসাতল থেকে উঠে এসে দশাননকে বললেন, বংস, ভাগারুমে তুমি
বহ্মার নিকট বরলাভ করেছ। এখন সাম দান বা বলপ্রয়োগে তুমি
আমাদের লক্ষাপ্রৌ প্নেরধিকার কর, রাক্ষসগণের অধিপতি হও।
মাতামহ স্মালীকে দশানন বললেন, ধনেশ্বর কুবের আমাদের গ্রেজন,
তার সন্ধে শত্তা করা অন্তিত। স্মালী তখন নিরদ্ত হলেন। তার
পর একদিন প্রহুদত(১) রাবগকে ধললেন, বারদের আবার ভাতৃপ্রেম
কি? প্রাকালে দেবাস্বও ভাতৃদ্রেহ করেছিলেন। এই কথা শ্নে
রাবণ কিছ্কেণ চিন্তা করে বললেন, তাই হ'ক, তুমি কুবেরকে গিয়ে
বল — লক্ষা প্রে রাক্ষসদের ছিল, তোমার সেখানে বাস করা উচিত
নয়; তুমি এই প্রৌ আমাদের ফিরিয়ে দিয়ে ধর্ম রক্ষা কর। প্রহুদতকে
কুবের বললেন, আমার পিতা রাক্ষসগ্না লক্ষাপ্রী আমাকে

⁽১) রাবলের মামা।

দির্মেছিলেন, আমার বছে অনেক রাক্ষস এখানে বসতি করেছে। তৃষি রাবণকে বল, তিনি নিক্ষণকৈ এই রাজ্য ভোগ কর্ন।

কুবের তার পিতা বিশ্রবাকে এই কথা জানালেন। বিশ্রবা কালেন,
দ্মতি রাবণ প্রে আমার কাছে এই প্রস্তাব করেছিল। তাকে আমি
ভংগনা করেছিলাম, কিন্তু সে তার অভিলাব ছাড়ে নি। এখন সে
রহ্মার বরে প্রবল হরেছে, তার সপ্যে বিরোধ করা তোমার উচিত নয়।
তুমি লক্ষা ত্যাগ করে কৈলাসে গিরে বাস কর। পিতার উপদেশ
অনুসারে কুবের দ্যী পরে অমাতা বাহন ও ধনসম্পত্তি দিরে কৈলাসে
চ'লে গেলেন, রাবণও সদলবলে লক্ষা অধিকার করলেন।

রাজ্যলাভ করার পর প্রাতাদের সংশ্য পরামর্শ করে রাবণ দানবরাজ্ব বিদান্তিজহেরর সংশ্য ভগিনী শ্পেগিখার বিবাহ দিলেন। একদিন ম্যায়ার গিয়ে রাবণ দিতির পর ময়-দানব ও তাঁর কন্যাকে দেখতে পেলেন। পরিচয় জিজ্ঞাসা করলে ময় বললেন, আমার এই কন্যা হেমা নাম্নী অপ্সরার গর্ভজাত। মায়াবী ও দ্বুদর্ভি নামে আমার দর্টি পরেও আছে। দেবতার কার্বে হেমা চয়েয়দশ বংসর স্রলোকে আছেন। তাঁর বিরহে আমি মায়াবলে স্বর্ণ হীরক ও বৈদ্বের্ণ ভূষিত এক পরেরী(১) নির্মাণ করে সেখানে বাস করছিলাম, এখন এই কন্যার জন্য স্পোরের সন্ধান করছি।

রাবণও নিজের পরিচর দিলেন। তিনি মহর্ষি পৌলস্ত্যের তনর জেনে দানবরাজ ময় তাঁর হস্তে নিজ কন্যার হস্ত দিয়ে বললেন, আমার এই কন্যার নাম মন্দোদরী, তুমি একে পত্নীর্পে গ্রহণ কর। রাবণ তথ্নই অন্নি সাক্ষী করে মন্দোদরীকে বিবাহ করলেন। ময় তাঁকে তপোলস্থ অমোঘ শন্তি-অস্ত্র দানু করলেন, যার স্বারা লক্ষ্মণ প্রহত হয়েছিলেন। তার পর রাবণ লক্ষ্মায় ফিরে এসে বৈরোচনের দৌহিত্রী বছজনালার সন্দো কুম্ভকর্শের এবং গন্ধর্বরাজ লৈল্ফের কন্যা সরমার সন্ধোবিভীষণের বিবাহ দিলেন। মন্দোদরীর একটি পত্র হ'ল, ভূমিন্ট

⁽১) কিম্বিযাকাড পঞ্চল পরিছেদে এই প্রীর **উল্লে**খ আছে।

হয়েই সে মেঘধর্নির ন্যায় রোদন করতে লাগল, সেজন্য রাবণ তার নাম দিলেন মেঘনাদ, তাকেই তোমরা ইন্দ্রজিং বল।

রহাার আজ্ঞায় নিদ্রাদেবী কুল্ভকর্ণের কাছে এলেন। কুল্ভকর্ণ রাবণকে বললেন, আমি নিদ্রার অভিভূত হয়েছি, আমার জন্য শরনগৃহ নির্মাণ করে দাও। রাবণের আদেশে এক যোজন বিশ্তুত দুই ষোজন দীর্ঘ বহা রব্নভূষিত এক বিচিত্র ভবন প্রস্তুত হ'ল, কুল্ভকর্ণ তাতে নিদ্রামণ্য হয়ে রইলেন।

রাবণ নিরুক্ত হয়ে সকলের উপর অত্যাচার করছেন শ্নে কুবের তার কাছে দ্ত পাঠালেন। দ্ত সসম্মানে নিবেদন করলে, মহারাজ, আপনার প্রাতা কুবের বলেছেন — তুমি এযাবং বা দ্ভক্ম করেছ তাই পর্যাপ্ত, এখন যদি পার তো সচ্চরিত্র হয়ে ধর্মাচরণ কর। আমি তপস্যার জন্য হিমালয়ে গিরেছিলাম, সেখানে দেবী রুদ্রাণীকে দেখে ফেলি, তাতে আমার দক্ষিণ চক্ষ্ম দেখ এবং বাম চক্ষ্ম ধ্লিকলম্বিত ও পিগালবর্ণ হয়ে যায়। তার পর আমার বহুবর্ষব্যাপী কঠোর তপস্যার ফলে মহেশ্বর প্রতি হয়ে বললেন, তুমি আর আমি ভিন্ন এই দ্ভকর ছপস্যা কেউ করতে পারে না, তুমি আমার স্থা হলে। তোমার এক চক্ষ্ম নাই ও অন্য চক্ষ্ম পিগাল হয়েছে সেজনা তোমার নাম একাক্ষিণিগালী হবে। শংকরের সঞ্জিলাত ক'রে ফিরে এসে তোমার পাপাচারের কথা শ্নলাম। দেবতা ও খিদগণ তোমার বধের উপায় চিত্তা করছেন, তুমি কুলদোষজনক অধ্যাচরণ থেকে নিবৃত্ত হও।

দ্তের কথা শানে রাবণ জোধে রন্তলোচন হয়ে বললেন, তুমি আর বে তোমাকে পাঠিয়েছে আমার সেই দ্রাতা দ্রুলনেই মরবে। শংকরের সপো তার সখ্য হয়েছে এই কথা সেই মুর্খ আমাকে শোনাতে চায়! ভেবেছিলম জ্যেষ্ঠ দ্রাতা গানুর্জন, তাকে বধ করা অনাচিত, কিন্তু আর আমি ক্ষমা করব না। আমি রাহাবলে গ্রিলোক জয় করব, চার লোক-পালকেই যমালয়ে পাঠাক। এই বলে রাবণ খজ্গাঘাতে দ্তকে বধ করে তাকে ভক্ষণের জন্য রাক্ষসদের হাতে দিলেন।

शावरपद कृरवदक्त — वदारपरवत वत

[সর্গ ১৪--১৬]

প্রহলত মহোদর মারীচ শ্ব সারণ ও ধ্য়াক্ষ এই ছর সচিব ও সৈনাদল নিয়ে রাবণ ক্বেরের সভেগ যুন্ধ করতে কৈলাসে গেলেন। তাঁকে বাধা দেবার জন্য যক্ষণণ সন্দের হয়ে অগ্রসর হ'ল, কিন্তু পরাজিত হয়ে পলায়ন করলে। তথন ক্বেরের আজ্রায় তাঁর সেনাপতি মাণিডদ্র(১) সহস্র ফক্ষ নিয়ে যুন্ধকেরে এলেন। যক্ষণণ সরল পন্ধতিতে যুন্ধ করে, তারা মায়াবী রাক্ষসদের সমকক্ষ নয়। রাবণের হল্তে মাণিড্র পরাজিত হলেন। কুবের তাঁর দ্রাতা রাবণকে তিরুক্ষার ক'রে বললেন, দুর্মতি, তুমি আমার বারণ গ্রাহ্য কর নি, এর ফল নরকে গিরে ভোগ করবে। কুবের ও রাবণ প্রচন্ড যুন্ধ করতে লাগলেন, অবলেনে রাবণের গদাঘাতে কুবের ভূপতিত হলেন। তাঁর মন্দ্রীরা তাঁকে রণন্ধল থেকে সারিয়ে নিয়ে গোলেন।

কুবেরের পরাজরের পর তার প্রপক বিমান অধিকার ক'রে রাবণ কার্তিকেয়র জন্মন্থান শরবণে উপন্থিত হলেন। সেখানে প্রপকের গতি সহসা রুশ্ধ হ'ল। রাবণ বললেন, এই পর্বতে কেউ আছেন বিনি বাধা দিয়েছেন। মন্দ্রী মারীচ বললেন, এই বিমান কুবের ভিন্ন আর কাকেও বহন করে না সেইজনাই নিশ্চল হয়েছে।

ইতি বাক্যান্তরে তস্য করালঃ কৃষ্ণ শিশ্যলঃ।
বামনো বিকটো মন্ডী নন্দী ফুল্বভূজো বলী॥
ততঃ পার্ল্বম্পাগ্যয় ভবস্যান্তরোদ্রবাং। (১৬ ١৮-৯)
নিবর্তন্ব দশ্যীব শৈলে ক্রীড়তি শংকরঃ।
সন্পর্ণনাগ্যক্ষাণাং দেবগন্ধর্বরক্ষসাম্॥
সর্বেষামেব ভূতানামগ্যয়ঃ পর্বতঃ কৃতঃ। (১৬ ১০-১১)

— তারা এইরপে কথা বলছেন এমন সময় শিবের অন্চর নন্দী রাবণের পার্শ্বে এলেন। ইনি করালদর্শন, কৃষ্ণপিঙ্গলবর্ণ, বামন, বিকটাকার,

⁽১) বা মণিভদ্র।

ম্বিডতমুদ্তক, হুদ্ববাহ্, মহাবল। নন্দী বললেন, দশ্মীব, ফিরে বাও, এই পর্বতে শংকর জীড়া করেন। এই স্থান পক্ষী নাগ যক্ষ দেব গশ্বর্ব ও রাক্ষস সকলেরই অগম্য।

রাবণ ক্রুন্থ হয়ে প্রুপক থেকে নেমে বললেন, কে এই শংকর? তিনি অগ্রসর হয়ে কৈলাস পর্বতের পাদদেশে এসে দেখলেন, শংকরের অদ্রের ন্বিতীয় লংকরতুলা নন্দী প্রদীপত ল্লে ভর দিয়ে দাঁড়িয়ে রয়েছেন। নন্দীর বানরম্থ দেখে রাবণ অবজ্ঞার জলদগদভীর স্বরে হাস্য করলেন। ভগবান কন্দী ক্রুন্থ হয়ে বললেন, তুমি আমার রূপ দেখে হেসেছ, তোমার বংশ ধরুসে করবার জন্য আমার তুলা বানররা উৎপান হবে। নন্দীর অভিশাপ উপেক্ষা করে রাবণ বললেন, আমি এই পর্বত উন্মালিত করব। দংকর কিসের বলে এখানে নিতা রাজার ন্যায় বিহার করেন, তিনি কি জানেন না বে ভয়ের কারণ উপন্ধিত হয়েছে?

রাবণ তার ভূকবলে কৈলাস পর্বত ওঠাতে লাগলেন। পর্বতবাসী প্রমধাণ কন্পিত হ'ল, পার্বতী চপ্তল হরে মহেন্বরকে আলিশান করলেন। তথন মহামের পাদাপন্থ বারা চাপ দিলেন, তাতে রাবণের লিলাস্তল্ড ভূলা বাহ্ব নিপাঁড়িত হ'ল, তিনি চিলোক কন্পিত ক'রে গর্জন ক'রে উঠলেন। তার অমাতাগণ বললেন, দশানন, তুমি নালক'ঠ উমাপতি মহাদেবকে ভূন্ট কর, তিনি জ্জির তোমার জন্য গতি নেই। রাবণ প্রণত হরে সামগানে মহাদেবের স্তব ও রোদন করতে লাগলেন। সহস্র বংসর পরে মহাদেব পর্বতিল খেকে রাবণের হস্ত ম্রে ক'রে বললেন, দশানন, তোমার বারছে আমি প্রতি হর্মেছ, তুমি পর্বতের ভারে নিপাঁড়িত হরে দার্ণ রব করেছিলে, সেজন্য তোমার নাম রাবণ হবে। তুমি বেখানে ইচ্ছা স্বচ্ছদেশ বাও। রাবণ বললেন, মহাদেব, ষদি প্রতি হরে থাকেন তবে আমাকে বর দিন। আমি দেব দানব গন্ধর্ব প্রভৃতির অবধ্য, মান্যদের গ্রাহ্য করি না, ব্রহ্মার বরে আম্ম দীর্ঘার্ম হরেছি। এমন অস্ত্র আমাকে দিন যাতে আমার অবাশন্ট আয়্ব নিরাপদ হয়।

মহাদেব রাবণকে চন্দ্রসে নামক মহাদীপত ঝড়্গ দিয়ে বললেন, তোমার কামনা সিন্ধ হবে। এই অস্ত্রকে অবজ্ঞা করো না, যদি কর তবে আমার কাছে ফিরে আসবে। মহাদেবকে প্রণাম করে রাবণ প্রপেক রথে প্রপ্থান করলেন। তার পর তিনি প্রথিবী পর্যটন করে ক্ষতিয় বীরগণকৈ নিজিত করতে লাগলেন।

৫। বেদৰতী — মরুন্ত — অনরণ্য

[커介 59-55]

একদিন রাবণ বিচরণ করতে করতে দেখলেন, দেবতার ন্যায় র্পবতী'
এক কন্যা হিমালয়ের বনে তপ্স্যা করছেন। তাঁর মুহ্নতকে জ্ঞা, পরিধান
কৃষ্ণাজিন। রাবণ মৃণ্ধ হয়ে জিল্ঞাসা করলেন, স্কুদরী, তুমি কে?
তোমার র্প দেখলে মান্র উন্মন্ত হয়, যৌবনকালে তুমি তপ্স্যা করছ
কেন? সেই কন্যা রাবণের আতিথ্যসংকার করে বললেন, আমার পিতা
ব্হন্পতিপ্র মহর্ষি কুশধ্রজ। তাঁর বেদাভ্যাসকালে আমি বাঙ্ময়াী
মৃতিতে জন্মগ্রহণ করি, সেক্রন্য আমার নাম বেদবতী। দেব গাধ্ব যক্ষ
রাক্ষ্সাদি আমাকে বিবাহ করতে চেয়েছিলেন, কিন্তু পিতা সকলকেই
প্রত্যাখ্যান করেছেন, তাঁর ইচ্ছা বিস্কৃত্ব তাঁর জামাতা হন। দৈতারাজ শান্ত
কুশ্ধ হয়ে আমার পিতাকে হত্যা করলে আমার মাতাও তাঁর সংগ্রে
চিতারোহণ করেন। এখন বিস্কৃকে পতির্পে পাবার জন্য আমি তপ্স্যা
করিছ, সেই প্র্যোত্তম ভিল্ল আর কাকেও চাই না। পৌল্স্ত্যনন্দন,
তপোবলে আমি তোমাকে জানি, তুমি এখন যাও।

রাবণ বিমান থেকে নেমে বললেন, মৃগনয়না, তুমি বড় গবিত।
আমি লঙ্কাপতি দশগ্রীব, আমার পত্নী হয়ে সর্ব স্থা ভোগ কব। যাকে
তুমি নারায়ণ বলছ সে কে? কোনও বিষয়ে সে আমার সমকক্ষ নয়।
বেদবতী বললেন, তিনি হৈলোক্যের অধিপতি, তুমি ভিন্ন কোন্ ব্যিশ্যান
তাঁকে অবজ্ঞা করতে পারে? বাবণ তখন বেদবতীর কেশ গ্রহণ করলেন।

বেদবতীর হস্ত সহসা অসি হয়ে গেল, তা দিয়ে তিনি কেশপাশ ছেদন করলেন। অশ্নি প্রজন্তিত করে তিনি বললেন, অনার্য রাক্ষ্য, তোমার হস্তে ধর্ষিত হয়ে আমি জীবিত থাকতে চাই না। তোমার বধের নিমিন্ত আমি কোনও ধার্মিকের অযোনিজা কন্যা রূপে পন্নর্বার জন্মগ্রহণ করব। এই বলৈ তিনি জন্লুক্ত চিতার দেহ বিসর্জন দিলেন। রাম, সেই কন্যাই তোমার ভার্যা স্থীতা, আর তুমিই সনাতন বিষয়ে।

রাবণ পর্যটন করতে করতে উশীরবীজ দেশে এসে দেখলেন নৃপতি মর্ত্ত দেবগণের সহিত যজ্ঞ করছেন, বৃহস্পতির প্রাতা ব্রহার্ষি সংবর্ত তাঁর যাজক। দ্রুর্জয় রাবণকে দেখে দেবগণ ভয়ে তির্যগ্রানি রুপে আত্মগোপন করলেন, ইন্দ্র যম বর্ণ ও কুবের যথাক্রমে মর্র বার্ম হংস ও কুকলাস হলেন। অশ্রচি কুক্ত্রের ন্যায় বজ্ঞস্থলে এসে রাবণ মর্ত্তকৈ বললেন, যুন্ধ কর, নতুবা পরাজয় স্বীকার কর। মর্ত্ত কুম্ধ হয়ে ধন্বাণ নিয়ে যুন্ধের উপক্রম করলেন। মহর্ষি সংবর্ত তাঁকে সন্দেহে বাধা দিয়ে বললেন, এই মাহেশ্বর যজ্ঞ সমাণ্ড না হ'লে কুলক্ষর হবে। তুমি যজ্ঞে দীক্ষিত হয়েছ, তোমার পক্ষে যুন্ধ ও ক্রোধ অকর্তব্য। তা ছাড়া এই দ্রুর্জয় রাক্ষসকে তুমি পরাজিত করতে পারবে কিনা সন্দেহ। গ্রুর্র উপদেশে মর্ত্ত ধন্বাণ ছেড়ে যুক্তস্থলে ফিরে গেলেন। তিনি পরাজিত হয়েছেন এই স্থির ক'রে রাবণের মন্দ্রী শ্রু রাবণের জয় ঘোশণা করলেন। যজ্ঞে সমাণ্ড ঋষিগণকে ভক্ষণ ক'রে রাবণ চ'লে গেলেন।

তথন দেবতারা নিজ নিজ রূপ ধারণ করে আশ্রয়দাতা প্রাণিগণকে বর দিলেন। ইন্দ্র ময়ুরকে বললেন, ভোমার সপভিয় থাকবে না, নীলবর্ণ প্র্ছে সহস্র নেত্রে শোভিত হবে, আমি জলবর্ষণ করলে তুমি আনন্দিও হবে। ধর্মরাজ্ঞ যম বায়সকে বললেন, আমি অন্যান্য প্রাণীকে যেসকল রোগে পীড়িত করি তোমার তা হবে না, তোমার মাত্রাভয় থাকবে না, যত দিন মান্য তোমাকে না মারে তত দিন তুমি বাঁচবে, তুমি ভোজন করলে ক্রমার্ত সকল মানব সবান্থবে তৃশ্ত হবে। বর্ণ হংসকে বললেন, তোমার বর্ণ চন্দ্রমণ্ডল ও ফেনপ্রে তুল্য লা্ড ও মনোহর হবে। এই বরলাভের প্রে হংসের সর্বাধ্য লা্ড ছিল না, পক্ষের অগ্রভাগ

নীল এবং ক্লোড় শস্যামল ছিল। কুবের কুকলাসকে বললেন, তোমার বর্ণ স্বর্ণের ন্যার হবে এবং মুস্তক নিতা উল্জাল থাকবে।

শ্বাক্ত, স্বাধ্, গাখি, গাম, প্রবাবা প্রভৃতি রাজারা রাবণের কাছে পরাজর স্বীকার করলেন, কিন্তু অবোধ্যাপতি অনরণ্য সসৈন্যে বৃশ্ধ করতে এলেন। তার আক্রমণে মারীচ ল্কে সারণ ও প্রহুত্ত গ্রন্ত হরে পলারন করলেন। অবলেবে রাবণের করতলের আঘাতে অনরণ্য রথ থেকে প'ড়ে গেলেন। রাবণ হেসে বললেন, আমার সন্দেশ বৃশ্ধ ক'রে তোমার কি লাভ হ'ল? বোধ হর ভোগবিল্যাসে নিমন্দ থেকে তুমি আমার বিরুমের কথা কিছ্ই লোন নি। মৃতপ্রার অনরণ্য বললেন, রাক্ষ্স, আত্মপ্রশাস করো না, দ্বরতিক্রমণীর কালই আমাকে বিপার করেছে। যদি আমি দান হোম তপ ও প্রজ্ঞাপালন ক'রে থাকি, যদি সত্যবাদী হই, তবে এই ইক্ষ্মকুকুলে দালর্মাধ রাম জন্মগ্ররণ করে তোমার প্রাণহরণ করবেন। এই কথা ব'লে অনরল্য স্বর্গারোহণ করলেন।

। वय-तावटभन्न ब्यूच्य — निवाकक्षक — वद्युभभूती

[नर्ग २०-२०]

একদিন মন্নিপংগব নারদ মেঘে আরোহণ করে রাবণের কাছে এসে বললেন, বংস, তুমি বৃথা মান্য বধ করছ কেন, তাদের মৃত্যু তো অনিবার্য। তারা ক্ষ্ণিপোসা জরা লাকে প্রভৃতিতে ক্ষীরমাণ, কখনও নৃত্যগীতাদি কখনও রোদন করে, তারা স্বজনের স্নেহে মোহগ্রস্ত, তাদের কেল দিয়ে লাভ কি? সকল মান্যই বমালয়ে বাবে, অতএব তুমি বমকে জয় করে সর্বজয়ী হও। নারদের কথায় উৎসাহিত হয়ে রাবণ বমের সপো বৃথ্য করবার জন্য দক্ষিণ দিকে বাতা করলেন।

তথন নারদ দ্রতগতিতে ধমের কাছে এসে বললেন, রাক্ষস দশানন তোমাকে জয় করতে আসছে; দশ্ডধর ধম, আজ তোমার কি দশা হবে? এমন সময় দশ্তি স্বৈরি নাার উল্জব্ধ রাবণের বিমান ধমলোকে উপস্থিত হ'ল। রাবণ দেখলেন, প্রাণিগণ সক্তেও সক্ষেতের ফল ভোগ করছে। শাপীরা কৃষি ও কুর্র কর্তৃক ভক্তিত হরে চিংকার করছে, শোণিতমরী বৈতরণী বার বার পার হচ্ছে, তংও বাল্কার দংধ এবং অসিপ্রবনে ছিল হচ্ছে, রৌরব নরকে ক্রধারা কার-নদীতে ক্র্ধিত ও তৃষ্ণার্ত হরে পানীর ডিকা করছে। অন্যর ধার্মিকবা মনোরম প্রাসাদে প্রমদাগণের সংগ্রে বিবিধ স্থতোগে নিরত রয়েছেন। রাবণ পাপীদের ম্রুড়ি দিলেন। তখন স্বাদিকে কোলাহল উব্বিত হ'ল, প্রেতরক্ষকগণ জ্বাধ হ'বে রাবণকে আক্রমণ করলে। ব্যাসনা ও রাবণসেনার তুম্ল ব্যাধ হ'তে লাগল। রাবণের পাশ্রপত অল্যে ব্যার সৈন্যগণ দংধ হয়ে ভূপতিত হ'ল। তখন বৈবন্ধত বম স্বয়ং রথারোইণে রণস্থলে এলেন। তাঁর সন্মর্থে প্রাসম্দ্র্গরধারী ত্রিলোকসংহারক মৃত্যু, পাশ্রের জ্বলদাণনতূল্য ম্তিনিমান কালদণ্ড। রাবণের সচিবরা ভয়ে পালিয়ে গেলেন। ব্যামর সঞ্গে রাবণের সাত রাত্রি তুম্ল ব্যাধ চলল। মৃত্যু ব্যাক বললেন, তুমি আমাকে মোচন কর, আমি এই পাপী রাক্ষসকে বিনন্ট করব। বম বললেন, তুমি কর্মলেন।

তথন পিতামহ ব্রহ্মা আবির্ভূত হয়ে বললেন, মহাবাহ্ বৈবস্বত, এই নিশাচর তোমার বধযোগ্য নয়। তোমার কালদন্ডের প্রহারে রাবণ যদি মরে তবে আমি তাকে যে বর দির্মোছলাম তা মিধ্যা হবে। যদ বললেন, মরে তবে আমার সৃষ্ট এই অমোঘ কালদন্ড মিধ্যা হবে। যম বললেন, আপনি আমাদের প্রভূ, আপনার আজ্ঞার কালদন্ড সংবরণ করলাম। একে যদি মারতেই না পারি তবে রণক্ষেত্রে থেকে কি করব, আমি এই রাক্ষ্যের সম্মুধ্য থেকে সরে যাছি। যম চলে গেলেন, রাবণও বিজয় ঘোষণা করে যমলোক থেকে গ্রন্থনান করলেন।

রাবণ সদলবলে মহাসম্দ্রে প্রবেশ ক'রে ভোগবতী প্রীতে গিয়ে নাগগণকে বলে আনলেন, তার পর মণিময়ী প্রীতে গেলেন। সেখানে মহাবল পরাক্রান্ত নিবাতকবচ নামক দৈতাগণ বাস করে। রাবণসেনার সংশ্যে তাদের এক বংসর ঘোর বৃষ্ধ হ'ল কিন্তু কোনও পক্ষ জয়ী হ'ল না। তখন পিতামহ ব্রহায় এসে নিবাতকবচগণকে নিব্র করে বললেন, আমার বরে রাবণ ও তোমরা স্বাস্থিরের অজের। তোমরা রাবণের সংশ্য সখ্য স্থাপন করে সকল ঐশ্বর্ষ একষোগে ভোগ কর। রাবণ অশ্নিসাক্ষী করে নিবাতকবচদের সন্থো মিরতার আবন্ধ হলেন এবং তাদের সংশ্য এক বংসর স্থো বাস করে শত প্রকার মারা শিক্ষা করলেন। তার পর অশ্যুনগরে গিয়ে চার শত কালকের নামক দৈতাগণকে বধ করলেন। তাদের সংশ্য শ্রুপণিখার স্বামী বিদ্যুভিজহন্ত হত হলেন।

সেখান থেকে কৈলাসের ন্যার দীশ্তিমান বর্ণালরে গিয়ে রাবণ কামধেন, স্রভিকে দেখলেন, যার দ্বেধ থেকে ক্ষারোদ সাগর উৎপল হয়েছে। স্রভিকে প্রদক্ষিণ করে রাবণ শত জলধারার বেশ্টিত বর্ণের আবাসে প্রবেশ করলেন এবং রক্ষিগণকে পরাস্ত করে বললেন, তোমরা শীয় বর্ণকে জানাও যে রাবণ যুক্ষাথী হরে এসেছেন, বর্ণ হয় যুক্ষ কর্ন নতুবা কৃতাঞ্চলি হয়ে পরাজয় স্বীকার কর্ন।

বর্ণের পরে ও পৌরগণ এবং দুই সেনাপতি যুন্ধ করতে এলেন, কিন্তু প্রচণ্ড যুদ্ধের পর পরাজিত হয়ে চলে গেলেন। রাবণ তাঁদের বললেন, বর্ণেকে পাঠিয়ে দাও। বর্ণের মন্ত্রী প্রহাস উত্তর দিলেন, জলেন্বর বর্ণ রহালোকে গান শ্নতে গেছেন, তাঁর প্রেরাও পরাজিত হয়েছেন, এখন আর তোমার পরিশ্রমের প্রয়োজন কি?

৭। ৰাল স্বলোক আশাতা চন্দ্ৰলোক কপিল (প্ৰক্ষিণত ৫ সগ[্])

প্রত্যাবর্তনের পথে রাবণ অন্মনগরে বহ্ররক্তৃষিত এক আন্চর্য তবন দেখতে পেলেন। তিনি প্রহুল্ডকে বললেন, তুমি শীঘ্র জেনে এস এই ভবন কার। সাতটি কক্ষ পার হয়ে প্রহুল্ভ দেখলেন, অন্নিলিখার মধ্যে এক প্র্যুষ রয়েছেন, প্রহল্ডকে দেখে তিনি হাস্য করলেন। প্রহল্ড ভরে রোমাণ্ডিত হরে বেরিরে এসে রাবণকে সমস্ত জানালেন। তথন রাবণ সেই ভবনে গিয়ে দেখলেন, এক কল্পলবর্গ বিশালকায় প্র্যুষ ন্বার অবরোধ করে রয়েছেন, তাঁর ললাটে চল্পকলা, চল্ফু রছবর্ণ, মুখ ন্মল্পার, হল্ডে লোহম্যকা। তাঁকে দেখে রাবণ ভয়ে কাঁপতে লাগলেন। সেই ভীবণ প্র্যুষ বললেন, রাক্ষ্স, কি চিন্তা করছ বল, আমি বল্খ করতে প্রস্তুত আছি। তুমি কি বলির সন্থো বল্খ করতে চাও রাবণ কোনও প্রকারে থৈবাবলন্দ্রন করে বললেন, ওই গ্রে কে আছেন? তাঁর সপোই আমি বল্ধ করব। ন্বাররক্ষী প্রেয়ুষ উত্তর দিলেন, উনি বহুগুণান্বিত দানবেন্দ্র বলি, বন্ধ করতে চাও তো আমার সংখ্য এস।

রাবণ নিকটপথ হ'লে বলি হাস্য করে তাঁকে ফ্রোড়ে তুলে নিয়ে বললেন, দশানন, কি চাও বল। রাবণ বললেন, আমি শ্নেছি বিদ্ধাতোমাকে বশ্বন করেছেন, আমি তোমাকে মৃত্ত করতে পারি। বলি প্রবার হাস্য করে বললেন, যে কৃষ্ণবর্গ প্রের্থ আছেন তিনি প্রেবতী সকল দানবরাজকে বলীভূত করেছেন, ইনিই আমাকে বশ্বন করেছেন। ইনি কৃতান্তের ন্যায় দ্রতিক্রমণীয়, সর্বভূতের হতা প্রতা পালরিতা, ত্রিভ্রনে এ'র তুলা আশ্চর্য কেউ নেই। তোমাকে আমাকে এবং আমাদের প্রেবতী সকল বীরকে ইনি রক্জ্বেশ্ব পশ্বর ন্যায় আকর্ষণ করেতে পারেন। বৃত্ত দন্ শ্রুভ্ত নিশ্বভ প্রাহ্রাদি (১) বৈরোচন (২) কংস মধ্র কৈটভ প্রভৃতি মহাপরাক্রান্ত দৈত্যগণকেও এই বিদ্বা পরাজিত করেছেন।

তার পর বলি বললেন, এই যে দাঁত অনলতুলা কৃডল দেখা যাছে এটি তুমি আমার কাছে নিয়ে এস। রাবণ কৃডল তুলতে গিয়ে রক্তান্ত দেহে ভূপতিত হলেন। বলি বললেন, এই কৃডল আমার প্রিপিতামহ হিরণ্যকশিপ্র কণাভরণ ছিল, বহ্কাল থেকে এটি এখানে পড়ে আছে। তাঁর মৃকুট প্রতিশ্বেশ আছে। তাঁর মৃত্যু বা ব্যাধি ছিল না। একদা

⁽১) প্রহ্যাদপ্র বিরোচন। (২) বিরোচনপ্র বলি।

প্রহ্মাদের সপো তার দার্ণ বিতর্ক হয়, সেই সময়ে ন্সিংহর্ণী বিষ্
তাকৈ নখরাঘাতে বিদীর্ণ করেন। সেই নিরঞ্জন বাস্দেবই স্বারে
রয়েছেন।

রাবণ বললেন, আমি মৃত্যুর সহিত কৃতাশ্তকে দেখেছি, তাঁকে আমি পরাজিতও করেছি, আমার ভয় নেই। তোমার স্বারুশ্ব প্রেষ্কে আমি চিনি না, উনি কে? বিল বললেন, ইনি হিলোকের ধাতা হরিনারায়ণ, প্রেষোত্তম, ভত্তজনপ্রিয়, স্বাদেশেয়, স্বাভূতময়, স্বাজ্ঞানম্য, মোক্ষাথী ম্নিগণ এ'রই চিশ্তা করেন। রাবণ অস্য উদ্যত করে ধাবমান হলেন। তখন ম্যবলধারী হরি ভাবলেন, এই পাপীকে এখন বধ করব না। এই ভেবে তিনি অর্তাহিত হলেন। রাবণ সহর্ষে সংহনাদ করে সেখান থেকে প্রস্থান করলেন।

স্মের্শ্থেগ রাহিযাপন করে রাবণ স্থালোকে এসে প্রহম্ভকে বললেন, তুমি স্থাকে বল তিনি যুখ্ধ কর্ন নত্বা পরাজয় স্বীকার কর্ন। স্থের স্বারপাল দণ্ডীকে প্রহম্ভ রাবদের অভিপ্রায় জানালেন। স্থাদণ্ডীকে বললেন, তুমি যা ভাল বোঝু কর্ রাবণকে পরাজিত কর, নতুবা বল যে আমরা পরাজিত হয়েছি। দণ্ডীর নিকট স্থের উলি শ্নে রাবণ জয়ঘোষণা করে প্রপান করলেন।

তার পর রাবণ চন্দ্রলোকে চললেন। যেতে যেতে দেখলেন, একজন পরেষ রথারোহণে যাচ্ছেন, তিনি স্মান্তিত হয়ে অপ্সরাদের জ্রোড়ে দ্রে আছেন, তারা তাঁকে চ্ন্তুনন করে জাগাচ্ছে। দেবার্য পর্বতকে দেখতে পেরে রাবণ জিজ্ঞাসা করলেন, ওই নির্লেজ্ঞ লোকটি কে? দেখছি ওর ভয় নেই। পর্বত বললেন উনি রহ্যাকে তৃষ্ট করে দিব্যলোক লাভ করেছেন, এখন সোমপান করে উত্তম প্যানে যাচ্ছেন। আর একটি প্রেষ্কে দেখে রাবণ জিজ্ঞাসা করলেন, এই তেজপ্রী প্রেষ্টি কে বাঁকে কিল্লরগণ ন্তাগীত করে নিষে যাচ্ছে? পর্বত বললেন, ইনি মহাবীর, প্রত্র জন্য যুদ্ধে প্রহারে জর্জারিত হয়ে প্রাণ দিরেছেন, এখন ইন্দের অতিথি হয়ে যাচ্ছেন। আর একজনকে দেখে রাবল বললেন, স্বর্ণমর

त्रत्व व्यन्नत्रात्मत्र मत्भा वात्त्वन छ्ये त्र्भवान भृत्यवि कः? भवं छ वन्नतन्न, येनि वय् भृतवं मान करत्रद्यन, अथन मियात्नाक वात्वन ।

রাবণ বললেন, এই রাজারা কি কেউ আমার সংশ্য বৃন্ধ করবেন না? পর্বত উত্তর দিলেন, এ'রা স্বর্গার্থী, বৃন্ধার্থী নন। ধ্বনাশ্বের প্রেরাজা মান্ধাতা তোমার সংশ্য বৃন্ধ করবেন, তিনি সসাগর সপত স্বীপ জর করে এখানে আসছেন। স্বর্গময় রথে আর্ড অযোধ্যাপতি মান্ধাতাকে দে ওত পেরে রাবণ তাঁকে বৃশ্ধে আহ্বান করলেন। মান্ধাতা সহাস্যে বললেন, রাক্ষস, বদি বাঁচবার ইচ্ছা না থাকে তো বৃন্ধ কর। দ্রুলের ধ্যার বৃন্ধ আরম্ভ হ'ল, অস্থাঘাতে দ্রুলেই ক্ষতবিক্ষত হলেন। অবশেষে মহর্ষি প্রশৃত্য ও গালব এসে বৃন্ধ থামিয়ে রাবণ ও মান্ধাতার মধ্যে স্বাপন করলেন।

রাবণ বার্মার্গে বহু সহস্র যোজন উথের উঠলেন। তিনি ক্রমে ক্রমে হংসগণের বিচরণপথ, মেঘলোক, সিম্পচারণগণের স্থান, বিনারক ও ভূতগণের আবাস, গণ্গা ও দিগ্ গজদের স্থান, গর্ডমার্গা, সম্ভর্মিলোক এবং আকাশগণ্গা অভিক্রম করে অবশেষে অশীতি সহস্র যোজন উথের চন্দ্রমন্ডলে উপস্থিত হলেন। চন্দ্র রাবণকে শীতাণিন ন্বারা দহন করতে লাগালেন, রাবণও চন্দ্রকে নারাচ-প্রহারে আহত করলেন। তখন রহ্মা এসে রাবণকে নিব্রু করে বললেন, চন্দ্রকে নিপাীড়িত করো না, ইনি সর্বলোকের হিতৈবী। ভোমাকে আমি মহাদেবের অন্টায়িক শত নাম দিখিরে দিছি, প্রাণনালের আদ্ধনা হ'লে তুমি অক্রমালার ক্রপ করে।

রাবণ পশ্চিম সম্প্রের স্বীপে একজন ভীবণাকার অণ্নপ্রস্ত কাঞ্চনবর্ণ প্র্যুবকে দেখে তাঁকে আক্রমণ করলেন। সেই মহাপ্রের রাবণকে হতেও নিপাড়িত ক'রে ভূমিতে ফেলে দিলেন। রাবণ উঠে বললেন, সেই প্রেষ কোখার গেল? প্রহস্তাদি মন্ত্রীরা বললেন, তিনি এই গহরের অস্তহিত হয়েছেন। রাবণ নির্ভারে মহাবেগে গহরুরমধ্যে প্রবেশ ক'রে দেখলেন, সেখানে নীলাঞ্চনকাশ্তি কের্রধারী রন্ত্রমাল্য ও স্বর্ণালংকারে ভূষিত বীরগণ ররেছেন এবং তিন কোটি অনপপ্রভা শ্রী নৃত্য করছে। রাবণ প্রে যাঁকে দেখেছিলেন তাঁর অনুর্প চতুর্জ প্রুব্ আরও সেখানে আছেন। সেখান থেকে অন্যর গিয়ে রাবণ দেখলেন, শুদ্র শয়ার অণিনতে অবগ্রণিঠত হয়ে একজন প্রুষ্থ নিদ্রা বাচ্ছেন, তাঁর নিকটে লক্ষ্যীদেবী চামরহদেত ব'সে আছেন। রাবণ লক্ষ্যীকে ধরতে গেলেন। শ্রান প্রুষ্থ অটুহাস্য করলেন, রাবণ ছিল্ল্ম্ল ব্লেকর ন্যায় ভূপতিত হলেন। রাবণ ভয়ে রোমাণ্টিত হয়ে জিল্লাসা করলেন, কালানলস্ক্রিভ মহাবীর্বান আপনি কে? মেঘণভার স্বরে হাস্য করে সেই দিব্য প্রেষ্ বললেন, দশানন, আমি তোমাকে অচিরে বিনন্দ করবে না। রাবণ বললেন, রহ্যা আমাকে যে বর দিয়েছেন তা কেউ লণ্ডন করতে পারবে না। প্রভু, বিদি মরতে হয় তবে তোমার হস্তেই মরব, সে মৃত্যু আমার বশস্কর ও শ্লাঘনীয় হবে।

মহবি অগশ্তাকে রাম জিল্ঞাসা করলেন, সেই স্বীপদ্ধ প্র্য কে? অগশ্তা বললেন, ভগবান কপিল সেই প্র্যুষ, তাঁর অপর নাম নর। বে দ্যীগণ নৃত্য করছিলেন তাঁরা কপিলের স্বর। কপিল ক্রুখনেতে দেখেন নি, তা হ'লে রাবণ ভস্ম হয়ে যেতেন। তিনি বাক্য স্বারাই রাবণকে স্ত্রিভত করেছিলেন। দীর্ঘকাল পরে সংজ্ঞা লাভ ক'রে রাবণ তাঁর সচিবদের কাছে ফিরে গিয়েছিলেন।

४। प्रांचना - देखांजर - कृष्टीननी

[সর্গ ২৪-২৫]

